ডিসেম্বন্ন, ১৯৭১

বাএ ৯৮৭ পাণ্ডুলিপিঃ অনুবাদ বিভাগ, বাংলা একাডেমী, ঢাকা

প্রকাশক
ফজলে রাবিব
পরিচালক
প্রকাশন-মূদ্রণ-বিক্রয় বিভাগ,
বাংলা একাডেমী, ঢাকা

মুদাকর এস খান শাহজাহান প্রিন্টিং ওয়ার্কস ১৭'২, সিদ্দিক বাজার, ঢাকা—২

প্রচ্ছদ: কাইয়ুম চৌধুরী

স্ফীপত্ৰ

ই তি হা স

আধুনিকতার সংজ্ঞা। অলোকরঞ্জন দাশগুপ্ত ১
-রবীন্দ্রনাথ ও আধুনিক বাঙলা কবিতা। দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যার ১৭
প্রধানত তিরিশের কবি ও রবীন্দ্রনাথ। রমেন্দ্রকুমার আচার্যচৌধুরী ৬১
সদ্ধিক্ষণের কবিতা। অলোক রায় ৭৭
তিরিশের কবিতা। কিরণশঙ্কর সেনগুপ্ত ১০
চল্লিশের কবিতা। প্রণবেন্দু দাশগুপ্ত ১২০
পঞ্চাশ। দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যার ১৩৫
বাট-দশকের কবিতা। মণীন্দ্র গুপ্ত ১৬০
ভাষার মুদ্রা—আধুনিক কাব্য। সরোজ বন্দ্যোপাধ্যার ১৯০
বাঙলা ছন্দ: রবীন্দ্রনাথ এবং তারপর। দীপংকর দাশগুপ্ত ২০৬

ष रू र क

প্রথম-বিশ্বযুদ্ধোন্তর কাব্যপাঠক। স্থনীলকুমার মুখোপাধ্যার ২২৫
শব্দ, পুরাণ, মুখছেদ। অলোকরঞ্জন দাশগুপ্ত ২৩৭
সাহেত্য পরিভাষা। রঞ্জিত সিংহ ২৫২
আধুনিক বাঙলা কবিতা: অমুবাদচর্চা। অম্পকুমার ঘোষ ২৫৮
কাব্যনাট্য ও তার ভাষা। অশ্রুকুমার স্কিদার ২৭৮
কবিতার সাময়িকী ও আধুনিকতা। স্থবীর রায়চৌধুরী ২৯৬
সংকলন অমুবাদ পর্বালোচনা…: নির্বাচিত পঞ্জী। নচিকেতা ভর্মাক্র ৩০২

শেষক পরিচয়

- আৰু প কু মা ব থোব। 'আধুনিক বাংলা কবিতা পাঠ'এর প্রণেতা। ব্যন্তনা ভাষাসাহিত্যের অধ্যাপক, প্রেসিডেলি কলেজ, কলক্তি।
- अप त्या के त क्षा न हो न अप छ । अन्तिम कार्मानित हार्नवार्णक अच्छाडिक्षवामी । मण क्षक्ष्मिक कार्य "स्वरीतक जात्नद चरत नव स्वरण"।
- व्य ला क ता त । वादना जीवामहिर्द्धात थ्यान व्यानक, इतिन हार्ह करनज, कनकाजा।
- व्यक्त्रांत निक्तातः। वादना ভाषानाहिएछात्र व्यक्षान्तः, देखत्वक विविविधानतः।
- কি র ণ শ স্ক র সে ন শু শু। 'সাহিত্যচিস্তা'-পত্রিকার সম্পাদক। পশ্চিমবঙ্গ সেজেটিয়ারের সরকারি দপ্তর থেকে সম্প্রতি অবসরপ্রাপ্ত।
- मी পং क র দা শ ৩ গু। ভারত সরকারের নৃতত্ত্ব, বিভাগের সংযুক্ত ভাষাতত্ত্ববিং।
- ए वी थ ना ए व स्मा भा था द। मच्छि कवि क्षीवनानम पान-विवास अञ्चलनाइछ।
- न हि त्क छ। छ द षा छ। मछ व्यवमद्रशाश महरवांधै अञ्चानाद्रिक, ज्ञाननाम नाहै (बदि, कनकाछ।।
- বা ণ বে ল্পু দা শ গু গু। 'অলিন্দ'-কাব্যপত্তের সম্পাদক। তুলনামূলক সাহিত্য-বিষয়ের অধ্যাপক, যাদবপুর বিশ্ববিচ্যালয়।
- ৰ পী স্ৰা গু গু। 'পরমা'-কাবাপত্তের সম্পাদক। রাজ্য সরকারি দগুরের ইঞ্জিনীয়ার।
- র প্লি ত সিং হ। অধুনা-অপ্রচলিত 'এক বছরের শ্রেষ্ঠ কবিতা'র ,অক্ততম সম্পাদক। কোনো প্রাসিদ্ধ বিপান-সংস্থার উচ্চ পদে সংযুক্ত।
- त स्म ख क् मा त जा हा व रही । हैश्द्रिक माहिरछात थेशन जशांभक हम्मननवंद मदकाति करलक हमनि।
- স বো ল ব ন্যো পা খ্যার। সর্বশেষ, গ্রন্থ 'আলো, আঁখারের সেডু: রবীক্স,চিন্নকর্মা, বাজনা ভাষাসাহিত্যের অধ্যাপক, নৈহাট খ্যার্থিক কলেল, নৈহাটি।
- স্থ নী ল কু যা র মুখো পা খ্যা র। ইংরেজি সাহিত্যের অখ্যাপক, প্রেসিডেন্সি কলেজ, কলকাতা।
 স্থনীর রারচৌধুরী। সম্রুদ্ধি সাহিত্য-পরিবদের সাহিত্যসাধকচরিত্যালার জন্ত 'বুছদেন বহ'র
 জীবনী রচনা সম্পন্ন করেছেন। তুলনাসুলক সাহিত্য-বিষয়ের অখ্যাপক, বাদবপুর বিশবিভালর

ি ইতিহাস

আধুনিকডার সংজ্ঞা

অলোকরঞ্জন দাশগুপ্ত

প্রা চীন ও আ ধু নি ক ক বি তার প্রস্থানভূমির পার্থক্য যদি এক কথায় বলতে হব, এটুকু বললেই পর্যাপ্ত হবে, প্রাচীন কাব্যের মৃলস্ত্র রচয়িতার আত্মবিলুপ্তি এবং পরবর্তী কবিতার উপপাত্ত অভিমানী অহং। এই প্রভেদ সত্ত্বেও বাঙলা কবিতার আধুনিকতার চরিত্র ও মাত্রা সংক্রোন্ত আলোচনায মধুস্দন-পূর্ব অধ্যায়ের প্রবেশাধিকার অস্বাভাবিক নয়।

বাঙলা কবিতা যথন গীতিপরবশ ছিল, কবি নিজেব নাম অর্থাৎ আত্মপ্রসক নিয়ে অস্বস্থি অফুভব করতেন সবচেয়ে বেলি। যুরোপেও প্রায় গোটা মহাকাব্যের যুগ ও মধ্যযুগীয় দৃশ্রমঞ্চে ঐ সচেতন আত্মনিগ্রহের প্রবণতাকে Curtius 'veiled expression of the author's name' বলে উল্লেখ করেছেন। বাঙলা কবিতায় এই অনাত্মমগুল এত প্রতিষ্ঠিত হয়ে গিযেছিল যে আমাদেব জনৈক প্রাগাধুনিক আলংকারিক তথা ঐতিহাসিক এরকম অফুশাসন দিয়ে গেছেন:

আভোগেতে কবিনাযকের নাম হয।

—নরহরি চক্রবর্তী, ভক্তিরত্বাকর। অর্থাৎ গানের স্থায়ী, অন্তরা, কি সঞ্চারীতে নয়, সর্বাস্ত্য ঐ আভোগ-অংশে কবির নাম সন্নিবেশিত হবে।

সন্দেহ নেই, 'আধুনিক' শব্দটি উচ্চারণ করেছিলেন রঙ্গলাল; বিহারীলাল স্থপজ কঠে বলে উঠেছিলেন 'অন্তরেতে দৃষ্টি রাখে।'— তবু একদিন 'চতুর্দশপদী কবিতাবলী'র স্টেনায় মধুস্থনন যখন 'সেই আমি' শব্ধবন্ধটি মন্ত্রের জ্ঞাপন করলেন তখন থেকেই আমরা জেনেছি, কবিতার নামের মতোই জরুরি কবির নাম এবং সেই নাম কবিতার শেষে নয়, কবিতার প্রারম্ভে বিরাজ করবে।

বৈষ্ণব পদাবলীর স্বাভাবিকতা কালক্রমে ক্ষ্ হয়ে এসেছিল। উত্তরকালীন শাক্ত পদাবলীতে অবশুই নিঃশর্ভ স্বতঃ ফুর্তি ছিল, কিন্তু সেই স্বাভাবিকতা শিল্পিত নর। গতঃপর রামনিধি গুপ্তের ক্রোফ আবেগ নতুন উৎসম্থ উন্মোচিত করতে চাইলেও কবিওরালাদের সমবারী মন্ময়তার তা উপেক্ষিত হয়েছে। এবং সমবেত মন্ময়তা রুজিমজার নামান্তর। উনিশ-শতকী কবিসমাক্ষেও এই রোমন্থরত ক্লান্তিকর কুজিমতার ক্ষের স্করে সিরেছিল এবং ভারই প্রতিক্রিয়ার নবাংরোম্যান্টিক মনোজনি তথা ম্থার্থ আধুনিকতার পূর্বাভাস দেখা দিয়েছিল:

What is curious to note is that, in Bengal (as was the case in France in the last century), the illumination had led to mechanical subjectivity, and that has been the environment out of which the neo-romantic movement has taken its rise. For the genesis of that movement it is essential that there should be a transition from a mechanical to an egoistical subjectivity, and this transition has actually taken place in the imaginative and intellectual culture of Bengal.

—Brajendranath Seal, New Essays in Criticism, পৃ ৩১। কালক্রমে রবীন্দ্রনাথে এই নব্য-রোম্যান্টিকতা আয়ত আত্মহতা অর্জন করল। মধুস্থন দন্তের সলে রবীন্দ্রনাথের প্রধান সাদৃশ্র এইখানে যে তাঁরা ছজনেই অগতকে তদৃগত করে তুলেছেন। এবং কারুকার্থের অস্তরালে আপন-আপন আতিকেও তাঁরা লুকিরে রাখতে পেরেছিলেন। মধুস্থনের 'এই বর, হে বর্দে, মাগি শেব বারে,/জ্যোতির্ময় কর বলে—ভারতরতনে' এবং রবীন্দ্রনাথের 'হৃ:থের দিনে লেখনীকে বলি লক্ষা দিয়ো না'— ছটি উক্তিই চিরায়ত আত্মসংবরণের দৃষ্টান্ত। উভয় ক্লেক্রেই রোম্যান্টিক উদ্ধান ক্লাকি বীন্দ্রমন্ত্রে । ক্লাসিক বিতা, স্নতরাং, বিষয়বন্ধ নির্বাচনের উপর নির্ভর করে না, তা একাস্কভাবেই কারুক্তিসম্ভব। ল্যাওরের ভাষায়, 'the name is graven on the workmanship.'

ববীন্দ্রনাথের কথনো ধারণা হয়েছিল তিনি মধুস্পনের বিরুদ্ধে সক্ষত অনাস্থা এনেছেন। প্রকৃত প্রস্তাবে, মধুস্পনের কবিতা থেকে স্বতন্ত্র হওয়ার প্রয়োদ্ধনেই বয়ঃসদ্ধিক্ষণে তাঁর সেই মধুস্পন-হননের প্রয়োদ্ধন ঘটেছিল। অথচ মৃক্তক রীতির স্বীকরণে তিনি মধুস্পনের কাছেই ফিরে এসেছিলেন, যেমন কল্লোলীয় কবিরা স্বেচ্ছায় একদিন রবীন্দ্রনাথে প্রত্যাবৃত্ত হয়েছেন। স্বয়ংস্বতন্ত্র কবিসত্তা নির্মাণের আম্পৃহার রবীন্দ্রনাথ মধুস্পনের মতোই বিভিন্ন প্রভাব স্বীকরণ করে নিয়েছিলেন এবং নিল্পের চতুস্পার্শ্বে একটি গ্রুপণী পৃথিবী গভে তুলেছিলেন। অথচ, রবীন্দ্রনাথ একদিন যেমন মধুস্পনের গভা গ্রুব দেবায়তনের বিরুদ্ধে লোহাত্মক ধিকার উত্থাপন করেছিলেন, আধুনিক কবিরাও রবীন্দ্রনাথের বিরোধিতা করতে গিয়ে অন্তর্মপ বিল্লোহবৃদ্ধির উদাহরণ রেখেছিলেন।

সমস্তাটা কতকাংশে একই। স্বতন্ত্ৰ হয়ে উঠবার সমস্তা। জাতকের একটি গ্ল শ্রমক্ত জকরি। সোনালি একটি পাহাতে অনেক পাধি থাকত। কিছু পাহাতের সোনালিতে সব পাখিকেই একরকম দেখাত। তাই একদিন দেই পাহাড থেকে পাখিরা সব ছিটকে পডল যে যার আপন লক্ষ্যে। বাঙলা কবিতার রবীন্দ্রনাথ সেই কনকাচল, আধুনিক কবিরা যাকে একদিন সজোরে পরিত্যাগ করে এসেছিলেন।

সম্বর সিদ্ধান্ত প্রণয়নের উৎসাহে একটা কথা ভূলে যাওয়ার আশহা আছে। রবীন্দ্রনাথ তাঁর শেষ দশকে এক অর্থে নিজেই নিজের বিহ্নছে বিল্লোহ করেছিলেন। অর্থাৎ আধুনিকতার আন্দোলনে তিনিই প্রথম সেই পাথি, যাকে নিশ্চিন্ত ও প্রতিষ্ঠিত শেষান্ত্রি পরিহার করতে হয়েছিল। ম্যাণ্ আর্নন্ত-কথিত যে sanity বা হ্যমিতি চিয়ায়ত কবিতার বৈশিষ্ট্য রবীন্দ্রনাথ সেই সনাতন ভারসাম্যকে শেষ পর্বারে অতিক্রম করতে প্রল্ক না হলে কথনোই এরকম বাক্য নির্মাণ করতে পারতেন না বে 'নীরজার আক্রালকার মনধানা বাহুভের চঞ্চ্কত ফলের মতো'—অথবা 'কাটা-আগাছার মতো/ অমঞ্চল নাম নিরে আত্রের জন্মল উঠেছে/চারি দিকে সারি সারি জীর্ণ ভিতে ভেঙে পড়া অতীন্তের বিরূপ বিক্রতি/কাপুক্ষে করিছে বিক্রপ।'

কিন্ত, লক্ষ্য করতে হবে, ভগ্নভিত্তির এই বিদ্ধাপ কাপুক্ষকে হ্রভোন্থম করলেও পুক্ষকার তার ছারা নির্ফ্লিত নয়। এবং প্রযভান্থা রবীন্দ্রনাথের মান্দলিক পৌক্ষর উন্থাত ছংসময়ের ভয়াবহ প্রাচীরটি শেষ পর্যন্ত উন্ধান্তন করে গিয়েছিল। মান্দল্যপ্রবণ পাঠক-সমান্দ্র রবীন্দ্রনাথের 'পূরবী' পর্যন্ত তার শুভেচ্ছা বিছিয়ে দিয়েছে, কিন্তু অতঃপর আর অগ্রসর হতে সাহস পায় নি। হয়তো তাঁর অন্তিম দশকের কবিতা আত্যোপান্ত পডলে তার সিদ্ধ-রসের সংস্কার চুরমার হয়ে যেত না। সে ঝুঁকি তৎকালীন পাঠকসমান্দ্রনের নি। অতএব এটাই তথ্যের থাতিরে স্বীকার্য, রবীন্দ্রনাথ আর তাঁর পাঠকের মধ্যে দিদ্ধ-রসের যে অন্তব্ধ ও প্রশান্ত সামগ্রন্থ ছিল সেটি শেষ পর্বে ঈষং কেঁপে গিয়েছিল। এ পর্বেই প্রথম পর্যায়ের আধুনিক কবিরা সেই আসন্ধ বিপর্যাসের স্থযোগ নিয়েছিলেন। ষতীন্দ্রনাথ সেনগুপ্তের বির্তিতে সেই কথাটি স্পান্ত:

সম ও বিষম (positive and negative) তডিৎ যদি পরিবাহচক্রে (cycle) অব্যাহত ভাবে প্রবাহিত হইতে পারে তবেই তাডিংশক্তি প্রকাশ পায়, চক্রের মধ্যে অবচ্ছেদ (break) থাকিলে তাহা ব্যর্থ হয়। সেইরূপ কবিচিত্তধারা ও পাঠকচিত্তধারার অয়নচক্র যেখানে অব্যাহত থাকে, সেইথানেই আনন্দ উৎপাদিত হয়।

—কাব্যপরিমিতি, পৃ ৩৯।

তা হলে মরমী কবিতার রসও কি নিধিল পাঠকচিত্ত পরিগ্রহণ করতে পারে? এর উত্তরে ফতীক্সনাথ বলেছেন:

Mystic কবিতার চক্র সম্পূর্ণ করিতে mystic পাঠকচিত্তের প্রয়োজন; অ র্থা ৎ

বে পাঠক চি ছে দেই তেউ রের ভাব মৃতি একে বাবে ঘুমাই রা প ডে নাই এবং অক্সরপ তেউরের দোলাবে চিন্তকে আজিও মধ্যে মধ্যে নাড়া দেয়, দেই পাঠকচিত্ত সহকর্মী mystic কাব্যের রস গ্রহণ করিতে সফল হয়।

— 🔄, পু ১०२।

বিশ্লিষ্ট পংক্তিটিতে একটি ইন্ধিত প্রচ্ছয়। মিন্টিক কবিতার পাঠকসংখ্যা নিতান্ত নগণ্য। রবীন্দ্রনাথের মরমী-পর্বায়ের কবিতার অন্তর্লীন এশ্বর্য সম্পর্কে সন্দিহান না হয়েও নব্য-যাব্রাজ্মির যুগোপযোগিতা বিষয়ে যতীন্দ্রনাথ এই মর্মে নিশ্চিত ছিলেন যে বিশাবর্তে রবীন্দ্রমূহ্র্ভটি সেই মৃহুর্তে ঠিক ততোটা আর কার্যকরী নয়। অর্থাৎ যে-কারণে গ্যোয়েটের চেয়েও বায়রন একদা প্যোয়েটেরই করুণায় দিখিজ্জয়ী সাব্যন্ত হয়েছিলেন, সেই zeitgeist বা যুগচৈততালর ভূমিকা এখন সর্বাগ্রণ্য বলে স্বীকৃত হল দ্রক্রমাত্র অগ্রন্থ প্রমথ চৌধুরীই স্থনির্বাচিত শ্রোত্মগুলীর উপর জাের দিয়ে আধুনিকতার প্রথম যৌক্তিক ভিত্তিপাথরটি স্থাপন করতে চেয়েছিলেন এবং ঐ নির্বাচনে স্থচির ফারিরা বছলাংশত সহায়তা করেছিল। কিন্তু প্রমথ চৌধুরীর রচনার প্রাকরণিক যুক্তিবাদের বহির্ত্তে তিনি নিজে এবং তাঁর পাঠকেরা প্রতিহত হলেন। ফলত তাঁকে আমরা জানলাম নিছক বজ্রোক্তিজীবিত বাগীশ্বর বলে। কবি-ছান্দ্রিক সত্যেন্দ্রনাথ সমন্সাময়িকতার আকর্ষণী শক্তিতে উৎকেন্দ্রিক হতে থাকলেন, এবং যতীন্দ্রনাথ কিবো মোহিতলাল মনে করে বসলেন সভ্যমাত্রেই অপ্রিয়। কল্লোল-পর্বের নিষ্ঠাবান অথচ বহির্ম্থী যুগ-ভান্তকার প্রাসক্ষিক বিবরণী দিতে গিয়ে আধুনিকতার সেই পরিত্যক্ত সংজ্ঞাটির উপর হাত রেখেছেন:

মোহিতলালকে আমরা আধুনিকতার পুরোধা মনে করতাম। এক কথায়, তিনিই ছিলেন আধুনিকোন্তম। মনে হয়, যজন-যাজনের পাঠ আমরা তাঁর কাছ থেকেই প্রথম নিয়েছিলাম। আধুনিকতা যে অর্থে বলিষ্ঠতা, সত্যক্তায়িতা বা সংস্কাররাহিত্য তা আমরা খুঁজে পেয়েছিলাম তাঁর কবিতায়।

—करह्मान-यूग, পृ ১৩৩-७८।

অর্থাৎ সেই মৃহুর্তে অচিস্ত্যক্মারের কাছে সৌকুমার্ব, সৌজন্ম ও শ্রেয়োসংবিতের অনটনই যথার্থ আধুনিকতা। সতীন্ত্রনাথ সম্পর্কে তাঁর মৃল্যান্থনেও সেই উনাত্মক মনোভিন্নিই আধুনিক:

ভাবের আধুনিকতার দিক থেকে যতীক্রনাথের হঃথবাদ বাঙলা সাহিত্যে এক অভিনব অভিক্ষতা।

व, भू ३७३।

ভাবের আধুনিকতা বে প্রধানত আমদানি-করা-পণ্য নির্ভর, তার প্রমাশ প্যারডি-

প্রবণতা ও মানবিকতার বতীন্দ্রীয় ধাতুসংকর:

বছদিন পরে এলে মোর ঘরে
বন্ধু, পরম ক্ষণে,
কাল রজনীতে হয়ে গেছে ঝড
রজনীগন্ধা বনে।

—'দভ বিধবা'।

যতীন্দ্রনাথের কাকবদ্ধ্যা কবিতা অবশেষে গৃহীত পরাভবে যথন স্থলরের কাছে ফিরে এল তথন দেরি হয়ে গেছে। সেই সমর্পণের বিধুরিমা মোহিতলালে নেই, কিন্তু তাঁর দেহঘোষণা ও ক্ষণজীবনবোধ আজ বডো বেশি অবান্তর হয়ে গেছে, কেন না আজ আমরা ভাবের আধুনিকতায় বীতস্পৃহ। পক্ষান্তরে, রূপের আধুনিকতাই এই মূহুর্তে উপাশ্ত হয়ে উঠেছে।

ভাব থেকে রূপে আধুনিকতা যথন সঞ্জন্মাণ সেই মৃহুর্তে রবীন্দ্রনাথ একটি চিঠিতে লেখেন:

আমার সম্পর্কীয় একট। অপবাদ শুনেছি যে আমার নিজের ছাঁদের কবিতা ব্যৃহ বেঁধে আছে বাঙলা সাহিত্যকে ঘিরে। তারই বিরুদ্ধে বিদ্রোহী অসহিষ্ণৃতা প্রায় দেখতে পাওয়া যায়। সে বিদ্রোহ জয়ী হোক এ আমি অন্তরের সঙ্গে কামনা করি। তাই আমি আনন্দ পেয়েছি অমিয়চন্দ্রের কাব্যে তাঁর স্বকীয় স্বাতন্ত্রে। স্বকীয় স্বাতন্ত্র্য ভাব ও রূপের সামীপ্যে চিহ্নিত। রবীক্রনাথ সম্পর্কে বলতে গিয়ে অমিয় চক্রবর্তী দেখিয়েছেন, যথার্থ স্বকীয়ত্ব বা আধুনিকতা প্রমৃল্যসমূহের সোধম্যের নামান্তর:

In the poetry of the great modern, Rabindranath Tagore, a fine balance of values can be found; and that is so because his genius accepts the Age under the scrutiny of full poetic responsibility... Self-creation, according to Tagore, lies at the root of human existence, and the self-creative urge of man makes him use the materials of life by mastering the law of perfect being.

—Modern Tendencies in English Literature, ভূমিকা, পৃ ৯।
শীন্থচ স্বয়ংশুদ্ধ সন্তার দ্বারা জীবন থেকে আন্তত উপাদানপুঞ্জের পরিমার্জনা তংকালীন কবিদের পক্ষে সম্ভব ছিল না। তা সন্তেও রবার্ট ব্রিজেস একদিন যেমন হপ্কিন্সকে অন্তর্ম্পনী নবছের দাবিতে নতুন যুগের পাঠকের কাছে পরিচিত করিয়ে দিয়েছিলেন, রবীশ্রনাথও প্রকাশ্য স্বীক্রতি জানিরেছিলেন অমিয় চক্রবর্তীকে। রবীশ্রনাথ রবার্ট

বিজ্ঞেদের মতো অতীতপরারণ ছিলেন না। পিছুটান মৃছে নিজেকে তিনি অমির চক্রবর্তী তথা আধুনিক কাব্যপ্রবাহের সঙ্গে স্থান্তিই করতে পেরেছিলেন বলে 'এলোমেলো ছিন্নচেতন টুকরো কথার ঝাঁক' অথবা 'ছেডা মেবের আলো পডে দেউল চূডার ত্রিশূলে'—এই রকম হঃস্থপ্রজাগর পংক্তি রচনা করতে পেবেছিলেন।

তাই রবীশ্রনাথের আদি-মধ্য-অন্ত থেকে বারংবার কণ্ঠশ্বরের সাহায্য নেওয়ার দরকার পডল। কয়েকটি বিশ্বিপ্ত নজির:

গদ্ধ তোমার ঘিরে চারি ধার,
উডিছে আক্ল ক্স্তলভার,
নিথিল গগন কাঁপিছে তোমাব
পরশ্বসত্তরকে।
হাসিমাথা তব আনত দৃষ্টি
আমারে করিছে নৃতন স্বাষ্টি,
অঙ্গে অকে অমৃতবৃষ্টি
বরষি কঞ্লাভবে।

-- 'অন্তর্গামী,' চিত্রা।

ভোমারই কেশের প্রতিচ্ছায়ায় গোধ্লির মেঘ সোনা হযে যায় পাকা প্রাক্ষার অরাল লতায় ভোমারই তন্ত্ব মদিরা ভরা; পথপার্শ্বের অপরাজিতা, সে ভোমারই দৃষ্টি লক্ষ্যহরা।

- 'ठभमा,' व्यक्ति। इशीक्तनाथ पछ।

ওহে অস্তরতম,
 মিটেছে কি তব সকল তিয়াব
 আসি অস্তরে মম।

—'জীবনদেবতা,' চিত্ৰা।

অস্ত দ্বের মধ্যে কে আছ
আছ অস্তরে তব্;
তোমার নাগাল সহজ নর তো কভূ—
কল্লবিহীন স্ফুন ব্যথার শিল্পীকে শুধু বাচো।
—-'শিক্সিড', পারাপার। অমিষ চক্রবর্তী।

আধুনিকতার সংজ্ঞা

७. मूक २७ (इ इसरी।

ছিন্ন করো বঙিন কুয়াশা,

অবনত দৃষ্টির আবেশ,

এই অবৰুদ্ধ ভাষা,

এই অবগুঠিত প্রকাশ।

স্থত্ব লজ্জার ছায়া

তোমারে বেইন করি জড়ায়েছে অস্পষ্টের মায়া শতপাকে.

মোহ দিয়ে সৌন্দর্ধেরে করেছে আবিল; অপ্রকাশে হয়েছে অস্তৃতি।

তাই তোমার নিধিল

রেখেছে সরায়ে কোণে।

—'অপ্রকাশ,' বীথিকা।

তা হলে উজ্জ্বলতর করে। দীপ, মায়াবী টেবিলে সংকীর্ণ আলোর চক্রে ময় হও, যে-আলোর বীজ জন্ম দেয় স্থন্দরীর, যার গান সম্প্রের নীলে কাঁপায়, জোছনায় যার ঝিলিমিলি-স্বপ্লের শেমিজ দিখিজয়ী জাহাজেরে ভাঙে এনে পুরোনো পাথরে।

—'মায়াবী টেবিল', ক্রোপদীর শাড়ি। বুদ্ধদেব বস্থ।

প্রত্যক্ষ ও পরোক্ষ এই সমস্ত আহরণই সহজ উত্তরাধিকার। এবং চিরস্থনের ঝর্ণাতলা থেকে জল ভরে নিতে গিয়ে প্রত্যেকেই এঁরা নিজম্ব ভূঙ্গার ব্যবহার করেছেন। রবীন্দ্রনাথের সঙ্গে কৃত্তিম বিচ্ছেদ না রেখে তাঁরই স্বরায়তনের মধ্যে স্বাই আপনআপন স্বরায়ণ, intonation, খুঁজে পেয়েছেন, এবং স্বরায়ণের পার্থক্যে তাঁদের নিজ্ঞানজ কথাবস্ত পৃথক্ হয়ে গিয়েছে। কেন না রবীন্দ্রনাথ সেই অতীন্দ্রিয়, য়াকে ইন্দ্রিয়ে পরিণত করা যায়।

শ্বরাগ্নণের প্রভেদেই প্রদর্শের প্রভেদ। একই শব্দগুচ্ছ ব্যবহার করা সন্থেও 'তোমার আমার প্রেম প্রাকৃতিক, লিলি' (বিফু দে) এবং 'কিছু এর প্রাকৃতিক, কিছু এর প্রেম', (অমিয় চক্রবর্তী) আমেরু আলাদা। আবার, যতীন্দ্রনাথ সেনগুপ্তের 'তোমারে প্রণাম করি। ভোমাতেই লই ভরে অস্তরের ভালা' এবং বিষ্ণু দে-র 'সাগরে যে গ্র্মা আনি সে তোমারই আনন্দভৈরবী'—এই চুই উচ্চারণের প্রস্কৃত্ব এক হওয়া সন্থেও প্রথমোক্ত প্রপ্রাতির সঙ্গে শেষোক্ত আত্মপ্রতীতির

প্রভেদ তৃত্তর। স্থতরাং স্বরায়ণ অর্জনের প্রয়োজনে নিকট ও স্থাদ্র, আলো ও উপচ্ছায়া, সংধ্বনি ও প্রতিধ্বনির দিকে এই কবিরা চোথকান মেলে ধরেছেন। তাই বিষম উৎসক্তেও স্বরচিত পরিমঙলের চাহিদায় রূপান্তরিত করতে তাঁদের অস্থবিধা হয় নি। এরকম তৃটি দৃষ্টান্ত:

١. Man

And, all work done, dismisses all Out of intellect and sight And sinks at last into the night.

Echo

Into the night.

—ইয়েটদ।

মার্কিন ডাঙার বুকে ঝোডো অবদান গেল মিশে॥ অবদান গেল মিশে॥

— অমিয চক্রবর্তী।

Send my roots rain

---হপ কিন্স।

জল দাও আমার শিক্তে।

—विकु (म।

ইমেট্স ও অমিয় চক্রবর্তী, হপ্ কিন্স ও বিষ্ণু দে—এইরকম যুগোল্লেখ সম্ভব নয, কেন না, পরক্ষণেই পাঠক দেখবেন হপ্ কিন্সের 'my taste was me' অমিয চক্রবর্তীতে 'শরীরী চৈতত্তে বাঁগা আমার সংগ্রহ'য় অন্তরণিত, ইমেট্সের 'beauty tightened like a bow' বিষ্ণু দে-র হাতে রূপান্তরিত হযে 'আতত শরীর এই বুঝি দেবে টক্ষার'। স্রতরাং কোনো একজন আধুনিক বাঙালি কবিকে অপর একজন বিদেশি কবিতে নিমজ্জিত মনে করার কারণ নেই। উনিশ-শতকী প্রসংস্কারে প্রেমেন্দ্র মিক্রকে ছইটম্যানের সঙ্গে রেথায়িত করা যাবে না, স্থীক্রনাথকে মালার্মে অথবা বিষ্ণু দে-কে এলিয়টের সঙ্গে সমীকৃত করার প্রয়াসও অচিরেই অবাস্তর সাব্যন্ত হবে।

কলোল ও সভ-কলোলোত্তর যুগ প্রত্যেক কৃষিকে স্বীয় স্বরগ্রামে উপনীত হতে উদ্বুদ্ধ করেছিল। কেন না, 'if the style is the man it is also the age'. এই যুগ, নানায়তনিক যুদ্ধ বার একাধারে কবচ ও আয়ুধ, বিঁধেছিল এই ক্ষিলেরও, একাধিক নতন শর্ডে। অমিয় চক্রবর্তীর সংবেদনে তারও

অন্ত:সাক্ষ্য আছে:

Modern poetry is concerned with the exploration of causal links between nature and human will; a knowledge of unity (given by the revelations of science and by the extension of man's awareness in varied spheres of experience) has brought new responsibility to the artist. The cataclysm of civilization during periods of war and the continuing tragedies of an age have made the poets conscious of their function in a social system with which their thoughts and actions are inevitably allied.

—এ, ভূমিকা, প ১৩-১৪।

এই নতুন দায়িত্ববোধের স্বরূপ ব্যাখ্যা করতে গিয়ে আরো পরে সমর সেন রবীক্রাজিগ দিক্দিগন্তের কথা বলেছেন। ভারতীয় ও পশ্চিমী দর্শন, সংগীত ও চিত্রকলার সঙ্গে সামীপ্য সেই মৃহুর্তে কী রকম জকরি হয়ে উঠেছিল সেই প্রসঙ্গে এক নিশ্বাসে তিনি উচ্চারণ করেছেন আবহুল করিম খান, যামিনী রায়, বাখ, বোঠোভেন, মার্ক্স্বেলনিন, ফরাসী প্রতীকবাদী গোষ্ঠী, রিল্কে এবং কয়েকজন অগ্রণী রুশ শিল্পীর নাম। ভুধু রবীক্রনাথ আর শেলিই সেদিন পর্যাপ্ত ছিলেন না, সংস্কৃত সাহিত্যের ভিতরে যাওয়ার তাগিদ অহভব কর। যাভিছল, সমর সেন স্থতিচারণহত্তে এই সব কথা জানিয়েছেন। মনে রাখতে হবে, রবীক্রনাথ যে অর্থে সংস্কৃত সাহিত্যের ভূব্রি ছিলেন তার চেমে অক্ততর অয়েষার কথাই এখানে আভাসিত হয়েছে।

রবীন্দ্রনাথকে একই সঙ্গে প্রণিপাত ও পরিপ্রশ্ন করে নিজস্ব মননমুদ্রা প্রতিষ্ঠা করবার ছ্রুছ চাহিদায় এই কবিরা চতুর্দিকে যাতা করেছেন এবং অবশেষে নিজেদের কাছেই ফিরে এসেছেন। কিন্তু রবীন্দ্রনাথ ও জেম্স্ জয়েসের মৃত্যুর আগে তাঁরা কেউই স্থনিকেত হন নি। প্রায় সকলেই এঁরা বিবর্তনের অক্ততর চাবিকাঠি পেয়ে যাবার জক্ত উৎস্কক ছিলেন। সেই হিসেবে কল্লোল-পর্ব একটি উল্লেখযোগ্য পর্বাঙ্গ মাত্র। নৃতন Decembrist কিংবা Sturm and Drang আন্দোলনের স্বয়ম্পূর্ণ সাফল্যের সঙ্গে তার তুলনা অংশতই থাটে।

কিন্তু এ দব দত্তেও ববীক্রনাথের দকে তাঁদের সামান্ত লক্ষণ এক জায়গায়। সে হল বক্তব্যের অভিমুখিতা। প্রেম/অপ্রেম, ঈশ্বর/নান্তিকতা-প্রমুখ বর্গবৃাহগুলি পরম্পার-বিভাজিত হয়ে এঁদের কবিতায়—একমাত্র ব্যতিক্রম জীবনানন্দ—কাজ করে এদেছে। যেখানে তাঁরা ববীক্রবিরোধী বলে নিজেদের গণ্য করেছেন, দেখানে তাঁরা কখনো কথনো বিশেষভাবেই রবীক্রগোজীয়, তাঁদের অমুভূত প্রতীতি ও বক্তব্যের অমুভূল

বাগ্মিভার। কারো কারো কবিভার—যেমন অঞ্চিত দন্ত বা প্রেমেন্দ্র মিত্র—এই বাচ্যার্থস্পৃহা চোঝে পড়ে, উচ্চারণের সতেজ আভা সন্তেও, কবিভার উপরিতলেও। কারো কারো গীতিধর্মী রচনায়—অনস্থ উদাহরণ সঞ্জয় ভট্টাচার্য—শ্রোত্নিরপেক্ষ আত্মকথনের ঝুঁকি সন্তেও শেষ পর্যন্ত জনগোঞ্ঠীর হৃদয়ে পৌছবার জন্তেই বিবৃতিপ্রবণতা আচম্কা প্রকট হয়ে ওঠে। বৃদ্ধদেবের সহজাত লরেক্সধর্মী দেহাত্মবাদ বর্থন বোদ্লায়েরের প্রসাদ পেরেছে, তার পরেও, এমন কি যে-পর্বে তিনি রিল্কে-ঝন্ধ— দাঁডিয়ে থাকে একভিত্তিক বাচ্যার্থের মৃল্যেই, যদিও কবিত্বের অভাব সে ক্ষেত্রে কথনোই ঘটে না। বিষ্ণু দে-র কবিতায় বিবর্তন সবচেয়ে দৃশ্রত প্রকট। কিন্তু তিনিও প্রকৃতি ও ব্যক্তিস্থভাব, লোকায়ত এবং স্বায়ুভূতের বৈরথ পার হয়ে যান বৈঠকী সামাজিকতার আপেক্ষিক গুরুবত্ব। এবং অমিয় চক্রবর্তীর কাছেও শেষ পর্যন্ত বিবর্তনের অর্থ কাল-পর্যাহের মধ্য দিয়ে শুভময়ভায উত্তরণ।

একাধারে স্টোয়িক ও এপিক্যুরিয়ান কবি স্থীক্সনাথের কাব্যের বিদগ্ধম্থমশুনের ছলাকলা যতই ইক্রিয়স্ভগ হোক, দেখানেও কবিতা ও গতে একটি অভিন্ন, অবিভক্ত মনন অসামান্ত অথচ একম্থী সার্থকতায় শিল্পায়িত হয়েছে। তাই dissociation of sensibility বা 'বিবিক্ত বোধ' স্থীক্সনাথের কবিশ্বভাবে অমুপস্থিত এবং তাঁর কাব্য—প্রতীকী আন্দোলনের সঙ্গে ঘনিষ্ঠ সান্নিধ্য রক্ষা করেও – গতের রাজত্বেরই অপরপ্রান্তমীমারেখা হয়ে আছে।

দালকারা কবিতার পুরোহিত স্থান্তনাথের মৃগ্ধ পাঠক প্রাণাধুনিক অলংকারশান্তের করেকটি মৃহুর্তে প্রতাার্থন করতে বাধ্য। মধ্যযুগীয় ঘুরোপীয় কবিতায় expolitio, interpretatio, frequentio, suasoriae প্রভৃতি যে সমস্ত প্রকরণ নিতার্যবহার্ম ছিল সবই বক্তব্যবিষরকে স্পষ্ট করবার তাডনায়। Annominatio বা শব্দক্রীডাও ছিল, কিন্তু তাও বক্তব্যনির্ভর। মধ্যযুগীয় ভারতীয় কবিতায় জিপদী, ষট্পদী, ধবল, ওবী, চর্ষা প্রভৃতি যে সমস্ত রূপাল ছিল বলে জান। যায় তাদেরও প্রধান উদ্দেশ্য কোনো-না-কোনো বিষয়বস্তার অভিক্ষেপ। অর্থাৎ গল্পের রূপভেদ ছাডা মহত্তর কোনো সৌন্র্যস্থিটি এসব ক্ষেত্রে লক্ষ্যভুক্ত হয় নি। সে দিক থেকে আধুনিক বাঙলা কবিতা কি কোনো স্বাত্রা স্টিত করে নি ?

উল্লিখিত সকল কবিই সেই গভানিরপেক্ষ মহন্তকে কথনে। না কথনো স্পর্শ করেছেন, কিন্তু তার লাফর্গ্-কথিত বৈত্যতিক গহরের নিজেদের সমর্পণ করেন নি । জীবনানন্দই খুব সম্ভব অন্তবিশ্বত কাব্যজিজ্ঞাদাকে নিজের ভিতরে পরিপূর্ণভাবে অন্থীকার করে নিমেছিলেন।

১৮৯৯ : নজকল ইদলাম এবং জীবনান্দের জন্মবর্ষ। শুধু এই সহকালীনভাই কি

প্রথম-পর্বের জীবনানন্দের উপরে নজফলের প্রভাবশালিতার জন্ম দায়ী ? তার চেয়েও-গভীরতর কোনো প্রাথমিক সাযুজ্যস্ত্র ছিল:

নঞ্জকলের সাহায্য ছাডা সে দিন মুক্ত যৌবন তার ভাষা খুঁজে পায় নি ··· নির্বাধ, উদ্দেশ্রহীন, যুক্তিহীন যৌবনের প্রাণচঞ্চলতায় নজকল অপ্রতিছন্দী। আবেগঘন মন নিয়ে জীবনানন্দ যে নজকলের দিকেই ঝুঁকে পডবেন তাতে অবাক হবার কিছুনেই।

—সঞ্জয় ভট্টাচার্য, আধুনিক বাঙলা কবিতার ভূমিকা, পৃ ৩০।
নক্ষয়লের বাচংযম তাঁর যৌবনবিদারী গীতিগুছে, পত্যক্ষেনয়। ঐপছভাষণগুলি
মহতী জনসভার উদ্দেশে প্রদত্ত হলেও গানগুলি একাস্ভভাবেই স্বগতস্বনন। একযোগে
ইমেজপূজারী ও নিহিতার্থনিষ্ঠ (surrealist) জীবনানদের কবিতা ঐ স্বগত
স্বনন বা অস্তর্গীন মনোকথনে আপ্রিত। তুটি উদাহরণ দিয়ে কথাটা স্পষ্ট করতে চাই:

প্রকৃতির সব কার্য অতি ধীরে ধীরে

এক-এক শতাকীর সোপানে সোপানে

পৃথী সে শাস্তির পথে আসে নি এখনো,

কিন্তু এক দিন তাহা আসিবে নিশ্চয়।

-কবি-কাহিনী।

হাতেরনা, এই পথে আলো জেলে—এ পথেই পৃথিবীর ক্রমমৃক্তি হবে;
সে অনেক শতান্দীর মান্থবের কাজ;
এ বাতাস কি পরম স্থকরোজ্জল;
প্রায় ততদ্র ভালো মানবসমাজ
আমাদের মতো ক্লান্ত ক্লান্তিহীন নাবিকের হাতে
গতে দেবো, আজ নয ঢের দূর অন্তিম প্রভাতে।

—'স্চেতনা'।

রবীন্দ্রনাথের স্থির মূহুর্ত থেকে জীবনানন্দের সময় কতথানি সরে এসেছে এ ছটি শুবক তার আভ্যন্তর অভিজ্ঞান। প্রথম শুবকটিব অনতিজটিল প্রত্যক্ষতার বিকল্পে বিলম্বিত পয়ারের বিতীয় শুবকটিতে এসেছে শ্বভাবোক্তি ও বক্রোক্তির ইন্দ্রজাল এবং 'ক্লান্ড ক্লান্তিহীন' শন্দবৈতের হুজের্য অথচ অন্থভবগোচর oxymoron বা প্রতীপাভাস।

সমকালীন গছা থেকেও কবিতা কী ত্তর পার্থক্য নির্বাচন করে নিতে পারে, ভারও তৃটি উদাহরণ এথানে রাখা আবশুক:

১. ধানকাটা শেষ হইয়া গিয়াছে। চয়ে আর একটিও ধানগাছ নাই। সেধানে

এখন বর্ষার সাঁতার-জল। চাহিলে কারো মনেই হইবে না বে এখানে একটা চর ছিল শশুন্ত ভিটাগুলিতে গাছ-গাছডা হইরাছে। তাতে বাতাস লাগিরা সোঁ শেল হয়। সেখানে পডিয়া যারা মরিয়াছে, সেই শব্দে তারাই বৃঝি নিখাদ ফেলে।

—অহৈত মল্লবৰ্মণ, তিতাদ একটি নদীর নাম।

ধান কাটা হয়ে গেছে কবে যেন—ক্ষেতে মাঠে পডে আছে খড
পাতা কুটো ভাঙা ডিম—সাপের খোলদ নীড শীত।
এই সব উৎরায়ে ওইখানে মাঠের ভিতর
ঘুমাতেছে কয়েকটি পরিচিত লোক আজ—কেমন নিবিড।
ওইখানে একজন শুয়ে আছে—দিনরাত দেখা হত কতো কতো দিন,
হাদয়ের খেলা নিয়ে তার কাছে কয়েছি যে কতো অপরাধ।
শাস্তি তবু: গভীর সবুজ ঘাদ ঘাদের ফডিং
আজ ঢেকে আছে তার চিস্তা আর জিজ্ঞাদার অদ্ধকার স্বাদ।

—জীবনানন্দ দাশ, 'ধান কাটা হয়ে গেছে'। প্রদাদ ও ম্যুডের সাদৃগ্যবহ এই ছটি বর্ণনার একটি শ্রেষ্ঠ গছ ও অন্তটি শ্রেষ্ঠ কাব্যের দৃষ্টান্ত। কিন্তু শেষোক্ত অংশে যে-আমোঘ অনির্দিষ্টতা আছে তাকে সারসংকলনে নির্দ্ধীব করা যাবে না, প্রসঙ্গ উল্লেখ করতে বললেও ব্যাখ্যা করার অনুজ্ঞা জারি চলবেনা। অর্থাৎ জীবনানন্দ এসে কবিতাকে গছ থেকে সরিয়ে এনে তার স্বাধিকারে অধিষ্ঠান্ত্রী করে দিলেন।

কিন্তু থাদের আমর। চল্লিশের কবি বলে জানি তাঁরা, জীবনানল সম্পর্কে তুর্মর আকর্ষণ তাঁদের যতই প্রবৃত্তিনিহিত হোক না কেন, বিবৃত্তির অমোঘ মোহ এছাতে চান নি। কেন না, অরুণকুমার সরকারের মতো পাঠকপ্রিয় কবির সেই পর্বের রচনার দিকে তাকালেই চোথে পড়ে, তাঁদের দোলকের স্পৃষ্ট অন্ত প্রাস্তবিন্দৃটির নাম বাক্পটু স্থণীন্দ্রনাথ। এঁরা জানতেন, অবক্ষযের মধ্যেও কিছু মূল্যগোধের কথা অশোভন নয়। আর মূল্যবোধের থেকে বিচ্যুত সময়ের দ্রুছের পরিমাপ করাও নিঃসন্দেহে এথিক্সের এলাকা। সে দিক থেকে সমর সেন এবং তাঁর অন্তান্ত জনেক অন্ত্রতীর কবিতাই এক ধরনের ছ্ল্যবেশী নৈতিকতায় আক্রান্ত। স্থাটায়ারধর্মিতা এরই একটি আত্মক্ষী লক্ষণ। স্থভাষ মুখোপাধ্যায় এই পদ্ধতিটি এড়িয়ে গিয়েছেন আরো বহির্ভ সান্ত্রময় অভীন্সার। এই প্রদক্ষে স্তঃসিদ্ধের মতো এটি আমাদের বিদিত, সে মূগে উচ্চান্নিত তাঁর বসন্ত সভিট্ই আস্বের। কী দরকার এসে'—প্রভৃতি

স্থভাষের থেকে সম্পূর্ণ স্বতন্ত্রধর্মা রোম্যান্টিক কবিরা—অরুণ ভট্টাচার্য ও অন্তান্ত—সমবেত শ্রোতা-পাঠকের কথা মনে রেথে পথে নেমে পড়ে 'কবিতা পড়ুন' আন্দোলন মাতিরে দিয়েছিলেন। স্বাধীনতা-উত্তর প্রথম কবিসম্মেলনে এঁদের দায়িছই ছিল সর্বাগ্রে। এরই মধ্যে আমরা পেযে গিয়েছিলাম বীরেক্র চট্টোপাধ্যায়ের মতো বিবেকার্ত কবিকে, যিনি কোনো বহির্ঘটনা উপলক্ষেই থেমে থাকতে জানেন না। অন্ত মেরুর কবি নীরেক্রনাথ চক্রবর্তীও স্বপ্লপ্রয়াণে আপ্রিত নন, তাঁকেও ভাবায চতুম্পার্থের ঘূর্যোগ, কলমের মুথে জুগিয়ে দেয লোকধন্ত বচন, আর সে হিসেবে তাঁকেও অনুনক ক্ষেত্রে 'টপিক্যাল' বলতে অস্থবিধে নেই। এঁদের কাছ থেকে সরে গিয়েছিলেন মঙ্গলাচরণ চট্টোপাধ্যায় রাম বস্থ সিন্ধেশ্বর সেন-প্রমূথ মার্কস্বাদী কবি—বাঁদেব সঙ্গে স্থভায-কর্ষিত মার্কস্বাদের পার্থক্য ছন্তর—এবং তাঁরাও, স্বভাবতই, জনগণেব দিকে তাকিয়েই স্ক্তিচ্বা করেছেন। এই ছই ধারাব সমন্থ্য অরুণ মিত্র। অবশ্য তাঁর উত্বর্জনও সম্পন্ধতর হয়েছে পরবর্তী পঞ্চাশের পর্বান্তরে।

পঞ্চাশের কবিরা অবশ্য প্রথমে থেকেই সমস্ত প্রথাধার্য ক্যাটিগরিগুলি পাশ কাটিয়ে গেলেন। বিষয়বস্তু বা উপলক্ষের অভাব ছিল না। যেমন ধরা যাক 'ঈশ্বর'। ঈশ্বরকে নিয়েই কি এই কবিতাগুলি রচিত হয়েছিল ?

ঈশ্বর তোমার মতো আমিও নন্দিত।

—আলোক সরকার।

ব্লেকের মতো জানলা খুলে মৃথ দেখব ঈশ্ববের।

—ফুনীল গঙ্গোপাধ্যায়।

এ ছটি উক্তি ভূল করে সমধর্মী ছই কবির ঈশরস্থোত্তের অংশ বলে মনে হতে পারে। কিন্তু, এক, এই সমস্ত সংলাপের সলে পূর্বনির্ণীত কোনো প্রাতিষ্ঠানিক বিশ্বাসের সামাগ্রতম সংশ্রব ছিল না। এবং দিতীয়ত, এই ধরনের সংলাপে ছিল স্বাধীনতামুগ্ধ কবিস্বভাবের দাবি। এই কবিরা খুঁজেছিলেন বিশ্বাস, কিন্তু কোনোরকম মানসিক স্বাধীনতা জলাঞ্জলি দিয়ে নয়। এঁরা নিরীক্ষাভীক ছিলেন না। সম্ভবত তার ফলেই বিশ্বাস এবং স্বাধীনতার রেষারেষি এসেছিল এনের কবিতার আঙ্গিকে এবং বহিরঙ্গে। এঁদের পূর্বস্থিদের মধ্যে অনেকেই কবিতা লিখেছিলেন 'এই' অথবা 'ওই' তত্ত্ব নিয়ে। কিন্তু 'কৃত্তিবাস' অথবা 'শতভিষা'-কবিপত্তের সঙ্গে জড়িত এই কবিরা শুরু করে দিযেছিলেন অ-তাত্ত্বিক (non-ideational) কবিতা লিখতে। এঁদের সামনে কারুকার্যপ্রচিত স্বস্তের মতো বারা দাভিয়েছিলেন উাদের বৃহদংশই রবীন্দ্র-বিরোধিতার পথে গিয়েও অনেক বেশি ছক্ত্বনীয়া আইভিয়ার সডকে সম্ভর্গণে ফিরে এসেছিলেন। এই কবিরাই আধুনিক বাঙলা

কবিতার ইতিহাসে প্রথম 'কবিতা বাতলে দেবে না মানে, সে শুধু হয়ে উঠতে থাকবে' (আর্চিবল্ড ম্যাক্লিশ)—ধারণার কাছাকাছি থেকে কবিতা রচনা করতে চেয়েছেন। কবির সঙ্গে জায়মান কবিতার বিবর্তমান সম্পর্কই এখানে ছিল সাধ্য শর্ত। এই মহতী অনিশ্চিতির প্রসাদগুণেই আমরা পেয়েছি উৎপলক্মার বয় শহ্ম ঘোষ ও শক্তি চট্টোপাধ্যায়ের মতো কয়েকজন কবিকে। এঁদের কারো কবিতায় বিশ্বাসের ঘাটতি নেই, যদি কোনো অভাব থেকে থাকে তা হল গোঁডা তাত্তিক প্রত্যয়ের। কোনো একটি 'ব্যক্তিত্বে'র ছাঁচে কবিতাকে ঢালাই করেন নি বলেই এঁরা অনেক দিন পর্যন্ত এগিয়েছেন।

এই পালাবদলের একটি আম্বন্ধ প্রেরণা এমন কি পূর্বাচার্যদের উপরেও তুর্লক্ষ্য নয়। তাঁরাও আধুনিকভার অন্বেষণে এই পর্ব থেকেই অনেক নমনীয় হয়ে উঠেছেন, তাঁদের বাণীরচনায় এনেছে অনির্দেশ্যতার এষণা। পঞ্চাশের পরবর্তী একাধিক কবি-গোষ্ঠী এই নন্দনতত্বকে ভাঙবার চেষ্টা করেছেন। কিন্তু তাঁদের কবিতাও অনেক ক্ষেত্রেই নন্দিত হয়েছে এই অপীড়িত মুক্তিবোধে।

ব্যক্তিক চেতনার পরিণত প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে আধুনিকতার সংজ্ঞা-সন্ধানও এই মুহুর্তে স্বাভাবিক হয়ে এসেছে। অন্তত ১১৭০ খৃষ্টান্দ থেকে আজ পর্যন্ত নিরন্তর সকল যুগের কবিদল নিজেদের আধুনিক বলে অভিহিত করেছেন। ইতিমধ্যে মুগচেতনা কিংবা যুথচেতনাই আধুনিকতা—এই ধারণা চ্ডান্তভাবে ভেঙে নানা সময়ে কির্কেগার্ড, চেস্টরটন কি হেনরি জেম্সের মতো বিভিন্ন দৃষ্টিকোণের মান্ত্র 'নিঃসঙ্গ ব্যক্তির্থ'কে সেই অভিধায় বিধৃত করেছেন। রবীজ্ঞনাথ বলেছেন:

বৃক্ষ সে তো আধুনিক পুষ্প সে-ই অতি পুরাতন, আদিম প্রাণের বার্তা সে-ই আনে করিয়া বহন।

আবার, 'Modern poetry is every poem, whether written last year or five centuries ago, that has meaning for us still'—বলতে গিরে দেশিল ভে ল্যুইস একই চিস্তা আরেক শ্বরে আর্ত্তি করেছেন। শিলার, ভালেরি, এমন কি ক্রোচেও হয়তো—প্রায় সকলেই বক্ষ্যমাণ প্রসঙ্গে অতত্বলাঞ্চিত ছুটির প্রহরে থেলার কথা আমাদের বলেছেন। থেলাঞ্ছলেই আমাদের কবিরা আজ আয়্বাপনের শুক্তবপূর্ণ দায়িত্ব গ্রহণ করেছেন।

আধুনিক বাঙলা কবিতার আলোচিত তিন পর্বে কোন্ কোন্ লক্ষণ আপেকিক সম্বন্ধে সক্রিয় হয়ে উঠেছে, সেটি বোঝাতে গিয়ে গ্রাফিক নক্শার সাহায্য নেওয়া যেতে পারে।
এখানে এই স্থলে আমরা কয়েকটি প্রতীক ব্যবহার করব:

গ গ্ৰাহক বভা (Receptor)

সংকট (Crisis)

স^ৰ শ্ৰষ্টা (Creator)

আ আলম্বনবিভাব ('Objective Correlative')

প প্রকল্প (Programme)

স্ভ সাধারণীকরণ (Communication)

এথানে একটি পঞ্চায়তনিক পরিসর কন্ননা করা যেতে পারে। অক অক' (OX_1) , অক' (OX_2) , অক' (OX_3) , অক' (OX_4) , অক' (OX_5) একটি পঞ্জনী প্রক্রিয়া ও পরিণামী সাধারণীকরণ স্থচিত করে।

১ চতুর্থ দশকের কবি

সংকট লয়ের স্টনা করেছে। স্রষ্টা গ্রাহকসন্তা সম্পর্কে সচেতন হয়ে উঠছেন। স্রষ্টা শুঁজে নিছেন তাঁর উপযোগী আলম্বনবিভাব এবং সংকট ও গ্রাহক-সম্পর্কিত চৈতন্ত থেকে একটি প্রকল্প নির্বাব করছেন। সাধারণীকরণ এই লক্ষণপুঞ্জের পারস্পর ও পারস্পরসম্বন্ধের উপরেই নির্ভর করছে। স্ক্তরাং অক', অক', অক', অক', অক' বথাক্রমে উপস্থিত করছে স', গ, স', আ, প। দ্র' নক্ষা ১. (তিন অংশে রেথায়িত)।

২ পঞ্ম দশকের কবি


এখানে গ্রাহকদন্তাই মুখ্য ভূমিকা পরিগ্রহ করছে। স্থতরাং গ অক'-অক্ষ অধিকার করে আছে। এর পরেই গুরুত্ব পেয়েছে প। দ্র' নক্শা ২. (ভিন অংশে রেখায়িত)। পর্যায়ক্রম: গ, প, স', আ, স' নিরূপণ করছে স'।

৬ বঠ দশকের কবি

এই পর্বে সং প্রধান ভূমিকার বৃত। দ্র' নক্শা ৩. (তিন অংশে রেখায়িত)। প্রায়ক্তন: সং, সং, আ, প, গ নিয়ক্তিক ক্রমের বৃত্ত

উপস্থাপিত তিন পর্বের পঞ্চমাত্রিক তুলনা:

- ক. ন^১, গ, ন^২, আ, প>ন°
- থ. গ, প, দ^২, আ, দ^১>স^৩
- গ. স^২, স^১, আ, প, গ > স^৩



রবীন্ত্রনাথ ও আধুনিক বাঙলা কবিতা

দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়

অন্ত ত বিশ্ব ছর পরে ব ক দর্শন প জিকার পৃষ্ঠার মহামহোপাধ্যা হরপ্রসাদ শাস্ত্রী বে বইকে নতুন বাঙলা কবিতার উৎসম্বল বলে ঘোষণা করেছিলেন শ্বরণীয়, সেই 'তিলোভমাসম্ভব' প্রকাশম্ভূতেই 'অভিনব কাব্য' এই শ্লাঘা সহ মৃত্রিত হয়েছিল। 'মেঘনাদবধ কাব্য' প্রকাশিত হবার পরে কবিপ্রতিভার অভিনবত্বে বন্ধীয় ব্ধবর্গের সংশয়্ব আরো নিরসন হয়েছিল, 'আপনা হইতে একটি নৃতন সাহিত্য বাঙলা ভাষার আবিদ্ধত হইল'—বিভোৎসাহিনী সভার এই প্রশস্তি, সন্দেহ নেই ঐতিহাসিক শ্রীকৃতি হিসেবেও উল্লেখযোগ্য। এই কবি-সংবর্ধনার তিন্মাসকালের মধ্যে ববীক্রনাথ ঠাকুর জন্মগ্রহণ করেন।

আরও মাদতিনের মধ্যে জনৈক 'চিন্তাতরিন্ধনী'র কবি ভারতচন্দ্রের উত্তরাধিকার তুলে নিতে সদকোচে এগিয়ে এলেন। ছাবিশে বছর বয়য় দত্যিকার একয়ন বি. এ. য়য় উপর প্রায় পরক্ষণে 'মেঘনাদবধ' দিতীয় দংয়রণের ভাষ্য ও ভূমিকা লেধার দায়িছ অপিত হয়েছিল। মধুস্দনের মৃত্যুতে নবীনচন্দ্র সেন 'শৃশু হল আজি বলকবিসিংহাদন' বলে বে থেদ করেছিলেন তাও পোশাকী মনে হয় তথনকার সাহিত্যকর্ণধারের মন্তব্যে, 'মধুস্দনের ভেরী নীরব হইয়াছে, কিন্তু হেমচন্দ্রের বীণা অক্ষয় হউক', অন্তর্ত্ত্র 'ব্রজাকনা কাব্য'কে য়ীতিকবিতার পর্যায়ভুক্ত করলেও হেমচন্দ্রেই ছিলেন বিষমচন্দ্রের কাছে মীতি কবিতার আদর্শ, এবং 'হেমচন্দ্র থাকিতে বলমাতার ক্রোড় স্কবিশৃশু বলিয়া আমরা কথন রোদন করিব না'—এই দিলান্ত লিথে পার্য-পাঠকের পক্ষপাতকেও বােধ করি তিনি লিপিবন্ধ করেছিলেন।

বস্তত প্রথমবয়দে ববীক্রনাথও হেমচক্রকে জানতেন উজ্জ্বলতম কবিপ্রতিভা, বাল্যরচনায় যার প্রভাব তিনি বারণ করতে পারেন নি। 'কড়িও কোমলে'র জল্প ১৩৪৬ পোরে লেখা মন্তব্যে দেখতে পাওয়া যায় এই স্বীকৃতি : 'তখন হেম বাঁড় জ্জে এবং নবীন দেন ছাড়া এমন কোনো দেশপ্রসিদ্ধ কবি ছিলেন না যায়া নৃতন কবিদের কোনো একটা কাব্যরীতির বাঁধা পথে চালনা করতে পারতেন।' তিনিও ষে সম্পূর্ণ তাঁদের ভূলে ছিলেন না তার নজির মেলে ১২৮৯ ভাল্রের পুরোনো লেখায়। ভারতী পত্রিকার এই সেই প্রথম 'মেঘনাদবধ কাব্য' সমালোচনা : কবি ছিলেবে মধুস্দনের অকৃতি দেখাতে হেমচজ্রের তুলনাই তখন তাঁর সবচেম্বে কার্বকরী মনে হরেছিল।

হয়তো নবীন সেনও তাঁকে কিছু দিয়েছিলেন, ক্রমশ, ষেমন 'প্রভাস' অষ্টম সর্গের বিশ্বমানবভা, 'অবকাশরঞ্জিনীর' কোনো কবিতা থেকে 'বিদায় অভিশাপ'এ দেবধানীর শৃতিমন্থর ভাষা, অথবা 'কুরুক্ষেত্র' ঘাদশ সর্গে বৈরাগ্যবিমুখ, জীবনাশ্রয়ী মৃক্তিদাধনার আভাদ যা বিশেষ করে রবীন্দ্রীয়, ইত্যাদি,—কারো কারো এইরকম অভিমত। তবু ষেন হেমচন্দ্রেরই কাচ থেকে পেয়েছেন তিনি কবিতার বাজদণ্ড, তাঁর মধ্যবয়দেও যতুনাথ সরকার 'হুই রকম কবি' বোঝাতে রবীন্দ্রনাথের বিপরীতে হেমচন্দ্রকেই নির্বাচন করে নিয়েছিলেন, এবং সেই আলোচনাও যতদূর শ্রেণীসচেতন তার চাইতে কালাফুক্রমিক; 'ছেমচন্দ্র কত সামাজিক, রবীন্দ্র কত একক' এই কথা লিখে উভয়ের যে বিষমতা তিনি প্রতিপাদন করেছিলেন তা আসলে প্রথা আর নব্যতার ব্যবধান। আত্ম বিষাদ বৃত এই একাকিত্ব নিয়েই রবীজনাথ পূর্বস্থরির বরণমাল্য জিতেছিলেন, স্বয়ং বন্ধিমচক্র সেই পূর্বস্রি। তারও আগে কালীপ্রদন্ন ঘোষ 'উদযোমুধ কবি'র পরিচয় লিখতে গিয়ে লিখেছিলেন, 'তাঁহার সমগ্র কবিতাতেই একটুকু অপূর্ব ও অনস্তসাধারণ নৃতনত্ব আছে'। কালীপ্রসন্ধের ভাষায়, এই নতুনত্ব 'জ্যোৎস্বাশীল, সরল, কোমল ও মধুর' এবং 'অপরিক্টে সৌন্দর্যে' মণ্ডিত, রবীক্রনাথের আত্মপরিচয়-মতে 'অস্তরের রহস্যের মধ্যে' নিহিত এই নতুনত্বের মূল। অর্থাৎ অক্টতা, বা রহস্তমন্ত্রতা, অর্থহারা স্থরের দংক্রাম বা গীতলতা, আত্মঅমুগতির একধরনের অ-পূর্ব আধ্যাত্মিকতা হল দেই নতুনত্ব; আর ক-বছর পরে ব্রজেজ্রনাথ শীল বাঙলা সাহিত্যে নব্য-রোম্যাণ্টিক আন্দোলনের আলোচনায় রবীন্দ্রনাথকে পুরোভাগে রেখে কীভিত করেছিলেন সেই নতুনত্বকে, বার বীজরূপ আবার রবীন্দ্রনাথ নিজেই সোচ্ছাদে নিরূপণ করে গেছেন বিহারীলাল চক্রবর্তীর মধ্যে। কিন্তু বিহারীলালের পরিচিতি তাঁর নিজের যুগেও তত ছিল না। অতএব এই নতুনত্বের প্রথম ভাদ্ দেখতে পাওয়া গেল নব্যতর কবিরই মুখে। বলা বাছল্য, এই রবীন্দ্রীয় নতুনতে হেমচন্দ্র স্বস্থি বোধ করেন নি, নবীনচন্দ্র বিরাগ দেখিয়েছেন, আর নব্য-ভন্তের দেই উজান স্রোতের মুখে দাঁড়িরে আরো **অনেক দিন রবীন্দ্রনাথকে বিব্রত থাকতে হ**য়েছে আত্মপ্রতিষ্ঠার। অস্তত যতদিন না 'आनम विषाय' विशर्ष इर এवः विष्कृतनाम दाय श्रष्ट्र १८४ ।

ছিজেন্দ্রলাল এক দিকে রবীক্রনাথেরও পরেকার আধুনিকতা বহন করে এনেছিলেন। স্থামাজিক মেজাজ, আর আলগা গছপ্রথণ ছলে এক ধরনের গার্ছস্থ প্রত্যক্ষ তৈরি হয়েছিল তার কবিতায়। 'ইহা নৃতনতায় ঝলমল করিতেছে'—'মন্ত্র' কাব্যের উপলক্ষেরবীক্রনাথেরই এই স্বীকার। তবু অন্তরত তিনি বে পূর্ব প্রথার—হেম-নবীনেরই ধারাবাহী, রবীক্রনাথের প্রতি তার তিরস্কারে বে উপরস্ক ছল্মবিদ্ধনী সাহিত্যনীতিই ফুটে ক্রাঠ লো ঢাকা থাকে না। 'ছিজেললাল নানা দিকে বৃদ্ধিমচক্রের উদ্বর্থধিকারী'—এই

তথ্য শশাস্থনোহন সেনের চোথে প্রতিভাত হয়েছিল। বিজেল্রলালের অভিযোগ ছিল রবীন্দ্রনাব্যের অহন্ধার অস্পষ্টতা বিশেষত হুনীতির বিক্ত্বে—যে হুনীতিকলঙ্গ লেগেছিল বন্ধিমচন্দ্রকেও। পরে একদিন রবীন্দ্রনাথকেও দেখি বর্ম মানছেন এই শ্রেয়োভাবনাকে; তথন তিনি বৃষ্ট্রপতি। তথনো, বিজেল্রলালের পরে বিপিনচন্দ্র পাল-প্রমুখেরা নতুন আরেক অভিযোগ সংযোগ করেছেন অবান্তবতার। থানিক আধুনিক বটে এই স্বা, কিন্তু বিপিনচন্দ্রের কণ্ঠস্বরে সেই নবীনতা ছিল না; 'বৈষ্ণব কবিদিগের সাধনায় একটা বন্ধতন্ত্রতা ছিল, আমাদের এই নবীন যুগের প্রমুক্ত সাধনায় সে বন্ধতন্ত্রতা নাই'—এই 'বন্ধতন্ত্র' অস্ক্রাত আধুনিকদের 'বান্তব্রতা' নয় যদিও, 'উর্ণনাভ যেমন আপনার ভিতর ইইতে তল্ক বাহির করিয়া অন্তুত লাল বিশ্বার করে, রবীন্দ্রনাথও সেইরূপ আপনার অন্তর কাব্যসকল রচনা করিয়াছেন'—বিপিনচন্দ্রের এই 'অন্তেও' শক্ষটিতে পরবর্তী কালপ্র্যায়ের প্রশ্নাভা পড়েছে।

সেই পরবর্তীকাল, এসে ঢুকেছে রবীন্দ্রনাথের রাজসম্মানের প্রায় পিছন পিছন—প্রায় প্রথম মহাযুদ্ধের মতো। পথ ছিল উচাই—হয়তো বা সবুজপত্র অবধি। 'বলাকা'র যে যৌবনবন্দ্রনা, এবং প্রবীণ-নিগঞ্জনা: 'ওরা জীবন আঁকড়ে ধরে মরণ-সাধন সাধবে'—তাতে তাঁর আবার স্থান হয়ে ওঠে বিজোহী আধুনিকতার পুরোভাগে। কিন্তু তথন তিনি নিজেই স্থবিহিত প্রথা।

তা হলে আত্ম-সমর্থনের এই সওয়াল ? কেমন তবে সেই আত্ম-স্বরূপ ? মোহিতচন্দ্র সেন-সম্পাদিত 'কাব্যগ্রন্থাবলী'র জন্ম লেখা প্রবেশক-কয়টির মধ্যে দেখা যায় কবির সেই অকম্প্র আত্মপরিচয়। মোহিতচন্দ্রের ভূমিকায় যেন সেই বিশ্বাসেরই সহজ্ঞতর গতান্তর—

যাহা যথার্থ কবিতা, দি ব্য ক ল্প না যাহাকে জন্ম দিয়াছে, অক্কজিম ছন্দঃ-সেন্দর্থ তাহাকে বাহিরে ভূষিত করে এবং ভাবের গভীরতা তাহাকে অন্তরে পরিপূর্ণ করিয়া থাকে। তাহার আনন্দ কল্যাণকে আবাহন করে এবং সৌন্দর্যে জগতের নিত্যস্থলর অনির্বচনীয় পদার্থসমূহের সমত্ল হয়। যিনি জীবনের একটি সামান্তম সভ্যকে পরিক্ষৃটি ও স্থলর করিয়া তুলিতে পারেন তিনি কবি, কিন্তু উচ্চতর কবি তিনি—যাহার কবিতায় সমগ্র জীবনের স্থগন্তী র বিজয়গীতি শ্রুত হয়। অইথানেই রবীশ্রবাবুর কৃতিত্ব।

নিব্য কল্পনা' বা 'সমগ্রন্ধীবনে'র তাৎপর্য বুঝতে পড়ে নিতে হয় প্রায় সমসময়ে লেখা কবির জ্বানি, বা পিঠোপিঠি অজিতকুমার চক্রবর্তীর রবীক্রকাব্যগ্রন্থপাঠের ভূমিকা। এতদিনে তবে প্রত্নপিতামহুগণের দিব্যদৃষ্টির উত্তরাধিকার অস্থমান হয়েছে তাঁর, জানতে পেয়েছেন সমগ্র বিশ্বজগতের প্রকাশশক্তি ক্রিকে উপলক্ষ করে বাণীরূপে ব্যক্ত করছে আপনাকে। 'তাঁহার প্রকৃতি বার বার প্রবৃত্তির ক্ষুপ্র গণ্ডি অতিক্রম করিয়া তাহাকে বিশ্বের মধ্যে, সমগ্রের মধ্যে ব্যাপ্ত করিয়া দিয়াছে'—'বিশ্ববোধ' ও 'স্বাক্তভূতি'—রবীক্রব্যক্তিত্বের এই বে ঘটি যুগ্মতার কথা অজিতকুমার বলেছেন, তাও তাঁরই পরিভাষা ধার করে। অজিতকুমারের আলোচনা রবীক্রনাথের পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষে প্রকাশিত হয় প্রবাসীতে, ১৩১৮ সালে।

পর পর আত্মপরিচয় লেখার উৎসাহেও—যেন অত্যন্ত সহেতু—কবি ধরা দিয়েছিলেন।
১৯০৪এ 'বঙ্গভাষার লেখকে'র, ১৯১০ সালে পদ্মিনীমোহন নিয়োগীকে, ১৯১২য় যুগপৎ
'জীবনস্থতি' ও 'ছিয়পত্র'—জীবনের বাইরে-ভিতরের অন্যোক্তপুরক যে ছবিতে ভেসে আছে অতিমর্ত্য গ্রুবের গ্রুপদী, সেই সময়ের বিশ্বাবর্তের মাঝ্রধানে সেও যেদ এক হারানো আশ্বাস।

১৯১২য় ইংরেজ 'গীতাঞ্চলি' বেরোল কবি ইয়েট্সের ভূমিকা-সহ। 'দেখছ না, ঈশ্বরে নিমগ্ন হয়ে আছে মাম্বটা!'—ইয়েট্স লিথেছিলেন স্টার্জ ম্যুরকে। আরো নিধারণ করে রোটেনস্টাইনকে লিথেছিলেন ফ্রান্সেস কর্মফোর্ড: এই কবিকে দেখে এতদিনে তিনি কল্পনা করতে পারছেন কেমন ছিল শাস্ত শক্তিমান খৃষ্টের রূপ। টি. এল. এদ.-এর সমালোচক এই লেখা পড়তে দেখলেন তার কানে বাজছে খৃষ্টীয় পরমনীতের অম্বরণন। আর এখানে, ১৯১৩য় সভ-সম্মানিত কবিতার পরিচয় লিথতে রমাপ্রসাদ চল লিথলেন, 'রবীক্রনাথের গীতকাব্য অধিকাংশই মন্ত্রদাহিত্য; আধুনিক যুগের ঋবির দৃষ্ট নব-মন্ত্র-সংহিতা'। ততদিনে ব্রন্ধচাশ্রমের আচার্য হিসেবে এবং বৃদ্ধনিক গুহন্থ হিসেবে রবীক্রনাথের আসন স্থির হয়ে গেছে।

ર

এরই মধ্যে শুরু হল প্রথম মহাযুদ্ধ। যথাবিহিত, যুদ্ধের সংবাদ যথন এল তাঁর কাছে, এল তা প্রলম্ব-আভাদ বয়ে। তার মধ্যে দেখতে পেলেন তিনি রক্তবর্ণে লেখা পাপের প্রকাণ্ড মুর্তি। কুটনীতিক অব্যবস্থা নয়, তার মধ্যে দেখতে পেলেন তিনি ছোম্পিতার রোষ, অন্তায়দলনকারী ক্রেরের রূপ।

আদ পৃথিবীর প্রলম্বনাহের রুজ আলোকে, পিতা, তুমি দাঁড়িরে আছ। প্রলম্বন্ হাহাকারের উর্বে স্থাকার পাপকে দগ্ধ করে সেই দহনদীপ্তিতে তুমি প্রকাশ পাচ্ছ… মাহুষী নাগালের মধ্যেও কিছু আর নর এখন,

কোনো শ্বাক্তমন্ত্রী কৃটকৌশলজাল বিস্থার করে যে সে আগুন নেভাতে পারবে তা
নয়···

—২০ শ্রাবণ ১৩২১, 'শাস্তিনিকেতন'।

শান্তিনিকেতন-মন্দিরের উপাসনায় সমগ্র মানবজাতির কবিপুরোহিত হয়ে তিনি বিশ্ববিধাতার প্রসন্মতা প্রার্থনা করলেন:

মরছে মান্ত্র, বাঁচাও তাকে। · · · বিশ্বানি ছরিতানি পরাহ্ব। বিশ্বপাপের বেঁ মূর্তি আজ রক্তবর্ণে দেখা দিয়েছে সেই বিশ্বপাপকে দ্র করো। মা মা হিংসীঃ। বিনাশ থেকে রক্ষা করো।

—মা মা হিংসীঃ, 'শাস্তিনিকেতন'।

যাঁরা ছিলেন যুদ্ধেরই মধ্যে তাঁদেরও অনেকে এর ভিতর বৃহৎ বিশ্ববিধান প্রত্যক্ষ করেছিলেন। তাঁদের কেউ কেউ ছিলেন কবি। চার্লস সর্লি-র মতো তিক্ত তরুপ যিনি দেখেছিলেন 'the blind fight the blind', আর কিছু নয়। আর যাঁরা অর্থহীন এই নারকীয়তায় সোচ্চার হয়ে উঠেছিলেন যুদ্ধের ও যুদ্ধব্যবসায়ীদের বিরুদ্ধে, তাঁরা এই যুদ্ধের উত্তরার্ধের কবিশহীদ। উইলফ্রেড ওয়েন কিংবা সিগফ্রিড সম্থন। বাঙালি পন্টনও যুদ্ধে গিয়েছিল। কোনো হাবিলদার-কবির ভাষা যদি মিলত, কাছ থেকে দেখতে পাওয়া বেত এই যুদ্ধকে। যুদ্ধের থেকে শরীরী দ্রুছে ছিলেন রবীক্রনাথ। তথান ছিলেন নিজের পূর্ণতায় নিরুঢ়।

তব্, ঘূটি সত্য গোচর হয়েছিল তাঁর এর মধ্যে। এই বিরাট মৃত্যুযজ্ঞ উপলক্ষ করে তিনি দেখেছিলেন অপ্রত্যক্ষ দেবতার আবির্ভাব। এবং অমুক্তব করেছিলেন, 'মৃত্যু-দু:খ-বেদনার মধ্য দিয়ে বৃহৎ নবযুগের রক্তাভ অফণোদয় আসর।' এর মধ্যে তিনি ভরসা পেয়েছিলেন নতুন সছ-জীবনের, এবং নতুন শুভ-পৃথিবীর

> ধূলার 'পরে স্বর্গ তোমার গড়তে হবে। বিনা অস্ত্র বিনা সহায় লড়তে হবে।

į,

'গীতালি' ৩ সংখ্যক গান, ৪ ভাত্র ১৩২১।

বীরের এ রক্তশ্রোত, মাতার এ অশ্রধার। এর যত মূল্য সে কি ধরার ধূলার হবে হারা। স্বর্গ কি হবে না কেনা।

'বলাকা' ৩৭ সংখ্যক কবিতা, ২৩ কার্তিক ১৩২২।

এক বছরের ক্রমে দেখা যায় শুধু ঈবং-প্রশ্ন তাঁকে ছুঁরেছে।
স্বর্গ থাক বেখানেই, যৌবনের রাজপতাকা তুলে নিলেন কবি; পৌষের পাতাকর।

তপোবনে মেলা হল 'ফান্ধনী'র বসস্ত-নাট, স্থান নিয়ে দাঁডালেন তার নবযৌবনের দলের প্রধানতম যুবকটির মধ্যে।

অস্থান হয়েছিল এই নবযৌবনের দলেরই মতো অবিকল এক কবিক্ঞ পল্পবিত হয়ে উঠেছে তাঁকে ঘিরে ? তাঁর নিজেরই রচিত ? তাঁকে নিজেদের মধ্যে বেষ্টন করে রাখতে ব্যাপ্ত ? যতীক্রমোহন বাগচী লিখেছেন:

> বদেছিলাম পায়ের কাছে, ভেবেছিলাম মনে, একটা কিছু চেমে নেব দেবায় আরাধনে।

সেবা-আরাধনায় তাঁরা রবীক্রনাথকেই যাজ্ঞা করে নিয়েছিলেন তাঁদের মধ্যে। ছিল্পেন্দ্রনারায়ণ বাগচী 'বিশ্বকবি রবীক্রনাথের শ্রীচরণে' উৎসর্গ করেছিলেন কবিতা। এক যুগ পরে স্থীক্রনাথ, আরো পরে অমিয়চন্দ্র-বিষ্ণু দে-ও তা করেছিলেন। কিন্তু চিত্তলক্ষণের দিক দিয়ে হয়ের মধ্যে আরো যুগের ব্যবধান। এঁদের কাছে রবীক্রনাথের বাইরে কিছু ছিল না—না বিষয়, না উচ্চারণ। পুরোনো দিনের কথা শ্ররণ করে কালিদাস রায় লিথেছেন:

মালাকার ফুল ফোটায় না—দে ফোটা ফুলে মালা গাঁথে। এই মাল্যশিল্পের কি কোনো মূল্য নেই ?

—শারদীয়া যুগান্তর ১৩৭০।

চয়ন করা 'ফোটা-ফুলে'র মাল্যশিল্প—এই তাঁদের কবিতঃ, এর চেম্বে ঠিক পরিচয় তার আর কীবা হতে পারে।

১৯১৮য় দেখি ক বি - র চেয়ে গু ক দে ব - এর দিকটিতে বেশি হরে পড়েছে ভার, ছোট আশ্রম-প্রাক্তন সমারোহে ভিত পড়েছে বিশ্বভারতীর। আর ১৯১৯ সালেই প্রতিষ্ঠিত হল এঁদের সাহিত্য-সংস্থা—'রবিমগুলী'। সত্যেন্দ্রনাথ দত্ত যিনি এর আগে প্রায় সমন্ত রবীন্দ্র-সংবর্ধনার প্রশন্তি লিখেছিলেন, তাঁর দেওয়া নাম। রবীন্দ্রনাথের মাথায় তথন সোনার শিরক্ষ—সর্ব দিকে গুরু, কিন্তু ততক্ষণে বাছলা কবিভার তৃতীয় দশক রবীন্দ্রাতিগ নতুন আরেক নবীনতার জন্ম উৎস্ক হয়ে পড়েছে। দেখা দিয়েছেন অঘোরপদ্বী মোহিতলাল, যাকে নবীন আধুনিকেরা মাথায় তুলে নিয়েছেন 'আধুনিকোত্তম' বলে, উন্মাদক প্রলয়োলাস নিয়ে দেখা দিয়েছেন নজরুল ইসলাম, যতীন্দ্রমোহন বাগচীর আবিষ্কৃত যতীন্দ্রনাথ সেনগুপ্ত, ঘোষণা করেছেন 'কবি নহি আমি কবি নহি তথাকথিত'। কল্পোল, কালি-কলম, প্রগতি, পরিচয়, তারপর প্রাশা, প্রকাশ হয়েছে ক্রমে ক্রমে। শনিবারের চিঠি দাঁছিয়েছে নতুন সনাতনীদের মুধ্পত্র হয়ে। বাঙলা কবিতার চতুর্থ, দশক স্কৃতিত হয়েছে 'কাব্যের মৃক্তি'র ক্রেয়া নিয়ে। স্থান্দ্রনাথ গাচ রেখায় লিখেছেন পক্সত্ব থেকে আমাদের কবিতার

পরিত্রাণের পথ:

দে যদি বাঁচতে চায়, তার ধ্বংদাবশিষ্ট পৈতৃক প্রাদাদের অন্তঃপুরে বদে রূপকথার রাজপুত্রের স্থপ্ন দেখা কাব্যের আর চলবে না, তাকে বেরিয়ে আদতে হবে, পোকায় খাওয়া শিরোপা, মরচে পড়া দাঁজোয়া, রজ্জুদার জয়মাল্য ফেলে তাকে বেরিয়ে আদতে হবে হাটের মাঝে, যেখানে পাপ-পুণ্য, ভালো-মন্দ, দেব-দানব সমস্বরে জটলা পাকাতে বাস্ত্র।

—কাব্যের মৃক্তি, ১৯৩০, 'ৰগত'।

দেখা দিয়েছেন রবীক্রাতিগ নতুনতার প্রসিদ্ধ অপরাপরেরা। রবীক্রনাথকে মুখোমুথি প্রতিবাদ করে ও যত্নে ব্যবহার করে একে একে তাঁরা নিজেদের আদন চিহ্নিত করে নিয়েছেন।

এই হল দিনান্ত-'পুরবী'র পশ্চাৎভূমি। 'সোনার তরী'র যুগে গুণী বরজলালের গল্পে এই যে তুটি লাইন ছিল: 'বরজ করজোড়ে কহিল, 'প্রতু', মোদের সভা হল ভঙ্গ। / এখন আসিয়াছে নৃতন লোক, ধরার নব নব রক্ক'—'পুরবী'র একটি কবিতায় সেই অভিমান

ফিরিয়া যেয়ো না শোনো শোনো সূর্য অস্ত যায় নি এখনো…

—শেষ বদন্ত।

খারেকটিতে ষেন আকৃতি, পুনরুজ্জীবনের—

হে নৃতন,

হ'ক তব জাগরণ

ভশ্ম হতে দীপ্ত হতাশন।

-পিচিশে বৈশাখ।

পাশাপাশি গছের পরিসরেও এক বিচিত্র সংশয়—স্থপ্রমাণের, বিপক্ষ-থগুনের—বেন প্রতিক্রিয়া। স্পর্ধিত যৌবনের যিনি চারণ নতুন সাম্প্রত কেন তাঁর প্রসন্ধতা পেল না! তার বেজাক্র শস্তা অহংকারকে যে তিনি মেনে নিতে পারলেন না, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ভায়ে এই সেই প্রতিবাদের রূপ—

তাঁহার সাহিত্যধর্ম প্রবন্ধের শেষ দিকটার ভাষাও যেমন তীক্ষ্ণ, শ্লেষও তেমনি নিষ্ঠ্র। তিরস্কার করিবার অধিকার একমাত্র তাঁহারই আছে, এ কথা কেইই অস্বীকার করে না, কিন্তু সত্যই কি আধুনিক বাঙলা সাহিত্য রাজ্ঞার ধূলা পাঁক করিয়া তুলিয়া পরস্পরের গায়ে নিক্ষেপ করাটাকে সাহিত্য-সাধনা জ্ঞান করিয়াছে? হর্ষত, কখন কোথাও ভূল হইয়াছে, কিন্তু তাই বলিয়া সমস্ত আধুনিক সাহিত্যের

প্রতি এত বড় দণ্ডই কি স্থবিচার হইয়াছে ?

—সাহিত্যের রীতি ও নীতি, 'স্বদেশ ও সাহিত্য'। অবশ্রই ক্ষণিকের এই অস্থিরতা। অচিরে অমিতর হাতে স্বকৃত থারিজ হয়ে গেলেন রবীজনাথ,

· আমাদের মণিভূষণ চশমার ঝলক লাগিয়ে প্রশ্ন করলে, 'দাহিত্য থেকে লয়াল্টি উঠিয়ে দিতে চান ?'

'একেবারেই। ··'

বলা বাছল্য, নবীনদের কাছে উত্তেজকভাবে তৃপ্তিকর লেগেছিল ঐ 'শেষের কবিতা'। ১৩৩৩ চৈত্রের লেখা এই চার লাইন স্বীকারোক্তি উদ্ধার করি—

সব লেখা লুপ্ত হয়, বারম্বার লিথিবার তরে
ন্তন কালের বর্ণে। জীর্ণ তোর অক্ষরে অক্ষরে
কেন পট রেখেছিদ পূর্ণ করি ? হয়েছে স্ময়
নবীনের তুলিকারে পথ ছেডে দিতে।…

কালি-কলম ১৩৩৪ জ্যৈষ্ঠ-সংখ্যা মুখপত্তের পুনম্ দ্রিত। ঐ সংখ্যাতেই একই লেখা-পত্তিকার থেকে উৎকলিত আরো একটি বীরবলী পরিপুরক

ন্তন লেখকেরা পুরানো লেখকদের বাতিল না করে দিলে সাহিত্যের নবরীতির স্থি করতে পারবে না।

শ্বরণীয়, উদ্ধৃতি তৃটি কলোল-পত্রিকারও ১৩৩৪-এর জৈচ্চ-আবাঢ় সংখ্যায় পর পর পুনরুদ্ধত হয়।

'ন্তন লেখকেরা' প্রোনোকে কতথানি বাতিল করতে পারলেন দে পরের কথা, কিছ 'ন্তন কালের বর্ণবিন্দু'গুলিকে আচার্যের ভূমি থেকে প্রত্যুদ্যমন করে নিতে তাঁর দাঁড়াতে হল, 'ক্রমোয়েল'-নাট্যের বিপ্লবী কবি নব্য-রোমাঞ্চের প্রষ্টাকে যে ভাবে স্থাগত জানিয়েছিলেন, যেন সেই ভাবে। নজকলকে উৎসর্গ করলেন 'বসন্ত'। মৃগ্ধতা জানালেন মোহিতলালের কাব্যের অক্লব্রিম পৌকষে, যে মোহিতলালের উগ্র দেহবাদ তাঁকেই আঘাত দিতে, যে মোহিতলাল 'মোহম্দার'-এ কঠিন ভর্ণনা করেছিলেন কবিবাদবকে: 'কতদিন ভূলাইবে মর্ত্যজনে বিলাইয়া মোহন আসব।—হে কবিবাসব ?'—এই ভাষায়। স্থান্তনাথের 'স্বগত'-আলোচনায় স্থীকার করলেন ছজনায় ছিচারিত্র: তাঁর নিজের লেখায় যেমন করনা ও শ্রেয়ার্ছির ভূমিকা, স্থীক্রনাথের তেমনই 'মৃধ্য আনন্দ মননে'। বিভেদ যে আদে অসত স্থীক্রনাথ নিজেই তা আভাস করেছিলেন আগেভাগে—

ু মুগংর্মে দীক্ষাগ্রহণ তার [আধুনিক বাঙালি কবির] অবশ্রকর্তব্য । এ কথা ন'

মেনে তার উপায় নেই যে প্রত্যেক সংক্ষির রচনাই তার দেশ ও কালের মুক্র, এবং রবীক্রনাহিত্যে যে দেশ ও কালের প্রতিবিদ্ব পড়ে, তাদের সঙ্গে আজকালকার পরিচয় এত অয় যে উভয়ের যোগফলকে যদি পরীর রাজ্য বলা যায় তা হলে বিশ্বয়প্রকাশ অফুচিত।

— স্থাবর্ড, 'কুলায় ও কালপুরুষ'।

সেই পরী-রাজ্য থেকেই তা হলে অভিনন্দিত করতে পারলেন 'চেতন স্থাকরা'র তির্ফবাচী কবিকে—কেবল স্বাতস্ত্যের কারণে, যে অমিয়চন্দ্র আবার এক সময়ে তাঁর সঙ্গে আধুনিক পৃথিবীর সম্বন্ধ-স্ত্র। প্রেমেন্দ্র মিত্রের কবিতার স্বকীয় বিশিষ্টতায় সানন্দ্র স্থানিন জানিয়েও লিখলেন

তোমার 'প্রথমা'র কবিতাগুলি আগুনে ঢালাই করা হাতুড়ি পিটানো কবিতা—
এদের মধ্যে পরুষ অদৃষ্টের অগ্নিপ্রাব জমে গিয়েছে। জীবনের বে ভূভাগে মরুর
অধিকার পাকা হয় নি, যেথানে ফুল ফোটে, ফল ফলে, দেখানেও কবি বাঁশি
বাজাবার বায়না পেয়েছে এ কথা মনে রেখো—কেবল ছুনুভি বাজাবার পালা
তার নয়।

—প্রেমেন্দ্র মিত্রকে লেখা পত্র, পূর্বাশা, রবীন্দ্র-সংখ্যা ১৯৪১। বাশে আর এই ছুনুভি—শুধু প্রবণতায় তো নয়, সময়ের তফাতেও ব্যবহৃত। প্রথম আত্মপরিচয় লেখার সময়ে রবীন্দ্রনাথ অন্তভব করেছিলেন তাঁরই বেণুরদ্ধপথে বাজছে তাঁর জীবনদেবতার বাঁশি। তারপর নিজেই একদিন তিনি পেলেন সেই বাঁশিবাজানোর বরাত। 'কাব্যগ্রহাবলী'র এক প্রবেশমুখে সেই দান্ধিত্বের কথা রয়েছে—

হে রাজন, তুমি আমারে বাশি বাজাবার দিয়েছ যে ভার ভোমার সিংহত্য়ারে— ভুলি নাই তাহা ভুলি নাই ;

—'উৎসর্গ' ১৯।

'পুরবী'-প্রদোষে সেই স্বৃতি পুনর্বার

ছায়াতে তিনিও সাথে ফেরেন নিঃশব্দ পদচারে। বাঁশির উত্তর তাঁর আমার বাঁশিতে শুনিবারে।

্ 'পরিশেষে' তা আরো অতীত দিনের প্রসন্থ

আমি শুধু বাঁশরীতে ভরিয়াছি প্রাণের নিঃখাদ, বিচিত্রের স্বরগুলি গ্রন্থিবারে করেছি প্রয়াদ•••

'স্বপন-পদারী'র প্রথম ও নাম-কবিতায় মোহিতলাল তালিকা দিয়েছেন পদরা-

সম্ভাবের, যার সবশেযে আছে একটি 'বাঁশের বাশি'—তাঁর নিজের জন্ম। কিন্তু সেই বাঁশি বাজাবার সাধ্য তাঁর নেই। শুধু তাঁরই নেই বললে ভুল হবে। সমস্ত রবীন্দ্রোভরদের হাত থেকেই খলিত হয়ে গেছে সেই সাধ্য। যেন সত্যিই ঋতুবদল হয়ে গেছে। বদলে বন্দনীয় হয়ে উঠেছে এখন যা-কিছু অবৈবিক। বৃদ্ধদেব বন্ধ লিখেছেন, যতীন্দ্রনাথ সেনগুপ্তের লেখা প্রকাশের প্রথম দিকে সেই লেখকই প্রশংসনীয় ছিলেন যিনি রবীন্দ্রনাথের 'মতো' লিখতেন না। যতীন্দ্রনাথ তীর্থিক হন নি, ছিলেন নিরুপায় মরুচারী। সেই মরুচারিতার মধ্যেই তখন উঠেছে কাব্যের সন্ধত ফসল। শুধু জীবনেনয়, কিংবা জীবনের সর্বত্ত বলে কাব্যেরও সকল ভূভাগে মরুর অধিকার তখন পাকা হয়ে গেছে। রোমাঞ্চও নেই এই উষরতাতে যেমন ছিল

চরণতলে বিশাল মরু দিগন্তে বিলীন।

ছুটেছে যোড়া, উড়েছে বালি, জীবন-প্রোত আকাশে ঢালি…

—তুরস্ত আশা, 'মানসী'।

বধন লিখেছিলেন। রিক্ত, নিস্তারহারা উষরতা—
কোথায় লুকাবে ধু-ধু করে মরুভূমি;
ক্ষয়ে ক্ষয়ে হায়া মরে গেছে পদতলে।

—উটপাথী, 'ক্রন্দসী'।

নিরন্তহরিৎ রিয়ালিটির উপর এসে দাড়িয়েছে বাঙলা কবিতার নবীন আধুনিকতা, আর রবীক্রনাথেরই মুখে দেখতে হয় অরবীক্রোচিত এই ক্লান্তি

কালের নৈবেতে লাগে যে-সকল আধুনিক ফুল,

আমার বাগানে ফোটে না সে।

কিছুদিন আগেও যিনি ঈর্বণীয় সপ্রতিভ নব্যতন্ত্রী, তিনিই হঠাং হয়ে পড়লেন আধুনিকতার পরিপন্থী – অনেকটা ফুটে ওঠে উপাস্ত্য ভিক্তর উগো-র তুলনা থার সঙ্গে বিরোধ ও সাদৃশ্য প্রমাণ করে তার প্রথম সমালোচকেরা—ভূদেব ম্থোপাধ্যার বা প্রিয়নাথ সেন তাঁকে প্রতিষ্ঠা দিয়েছিলেন।

•

রবীক্রনাথের প্রিয় ছিল একটি নদীর উৎপ্রেক্ষা, তাই দিয়েই তিনি বিষয়টি বোঝাতে চেয়েছিলেন। বরাবর সিধে চলে না নদী, মাঝে মাঝেই সে বাঁক নেয়, আর সেই মতি-পরিবর্তনের মধ্যে কালের কথা ভতটা নেই ষতটা আছে ভাবের কথা, 'এই আর্থনিকটা সময় নিয়ে নয়, মজি নিয়ে।' ইংবেজি রোম্যান্টিক য়ুগের আধুনিকতার সঙ্গে

তার পোত্র বাঁধা ছিল, পরবর্তী ইংরেজ আধুনিকদের লেখাতেই সেই পুরোনো আধুনিক আদল আবছা হয়ে গেছে। অতএব সেই মৃহূর্তে মধ্য-ভিক্টোরিয় যুগেই বরং তিনি খুঁজে পেয়েছিলেন নির্ভর। 'ভিক্টোরিয়া যুগে গীতিকবিতার রাজা আমাদের রবীন্দ্রনাথ। তাঁহার পথ সম্পূর্ণ নৃতন।'—একজন হারাণচন্দ্র রক্ষিতের অনতিউল্লেখ্য একখানি বই 'ভিক্টোরিয়া যুগে বাজলা সাহিত্যে'ও ব্যঞ্জনারিত এই ইতিহাসটুকু ছিল।

পরবর্তী আধুনিকদের মধ্যে রবীন্দ্রনাথ দেখেছিলেন চিত্তবিকার। তার তুলনায় বরং সহজ সরল চীনে কবিতায় তার তৃপ্তি হযেছিল। আর এই মাজি বা ভাবকে এক ধরনের নিঃসক্ত আধুনিকতারই সমান বলে তার মনে হয়েছিল এবং তথাকথিত আধুনিকদের তুলনায় সেই পুরানো পদই বেশি আধুনিক লেগেছিল তার। ছটি কথা তাকে উদ্ভাবন করতে হয়েছিল নিজের বিশ্বাসের স্বপক্ষে—'আধুনিক' আর 'শাশতভাবে আধুনিক'—প্রাচ্য শিল্পের প্রশান্তিতে তিনি ঈপ্সিত আশ্রম খুঁজে পেয়েছিলেন।

তথাকথিত আধুনিকের। এসেছিলেন আরেক রাস্তায়। জীবনানন্দ দাশ সবিনয়ে বর্ণনা করেছেন—

তার প্রকৃত কাব্যলোকে সমাজ-ও-ইতিহাস চেতনা একট। নির্ধারিত সীমায় এসে তারপর মন্থর হয়ে গেছে। আধুনিকের কবিতা সেই কিনারার থেকে স্ত্র তুলে নিয়ে যে ধরনের সমাজ ও ঐতিহ্ববোধের আশ্রম গ্রহণ করেছে তার পরিচয় রবীক্র-কাব্যে পাওয়া যায় না বললে উক্তি অসকত হবে, কারণ রবীক্রকাব্য বিরাট সম্প্রের মতো—কিন্তু তাঁর শেষ জীবনের কবিতায়ও—'পুনন্দ' 'রোগশযাায়' 'আরোগা' প্রভৃতি কাব্যগ্রন্থেও এই জিনিস রবীক্রকাব্যের প্রধান শ্রনীয় বিষয় নয় বলে কবি এর দিকে সম্পূর্ণ মনংক্ষেপ করতে উদাসীন এবং এর প্রকাশ তাঁব কাব্যে রবীক্র-প্রভিভার স্বাক্ষর থেকে বঞ্চিত। এইখানেই কোনো কোনো আধুনিকদের দৃষ্টিভঙ্গির সঙ্গে রবীক্রনাথের অমিল। দৃষ্টিভঙ্গির এই ব্যতিরেকা গতির জন্তে আধুনিক বাঙলা কনিতার চিন্তা ও ভাষা রবীক্রকাব্যের থেকে পৃথক্ পথে চলতে শুক্ষ করেছে।

—রবীন্দ্রনাথ ও আধুনিক বাঙলা কবিতা, 'কবিতার কথা'।
মানসিকতার ছই বিপরীত মেক্ষ, নতুবা যে 'বলাকা'র কবিতাতে রবীন্দ্রনাথ
স্বক্ষত অচলায়তন ভেঙে বেরিয়ে এসে পুনর্ণব হয়ে উঠেছিলেন, তাকেও কেন 'ভাবের
হুর্গম হুর্গে' আশ্রয় নেওয়ার দায়ে অভিযুক্ত করলেন মোহিতলাল, কেন স্থ্ধীন্দ্রনাথ বা
সমস্বরে বলে উঠলেন

ছ্রভাগ্যবশত জগৎ কেবল ভাবের উপাদান নির্মিত নর, তাতে বস্তর দৌরাজ্যই দর্বব্যাপী। এই কক, অভব্য বস্তুতন্ত্রের পটভূমিতে বলাক্ষার ক্ষ্মীর শালীনতঃ क्यम (यन रार्थ क्रिक ।

—ছন্দোমুক্তি ও রবীক্ষনাথ, 'স্বগত' ১ম সং. পৃ ৭৩।
তথু বস্থতদ্বেরই দাবি নয়, আরো সহেতু অবিশাস। এবারে তাঁর উত্তরসাধকদের কাছে
নিজ্ঞাপ গণিত হলেন রবীক্ষনাথ। যদিও এই নবীনদের মৃত্যুমোহে 'সদ্ধ্যাসলীতে'র
রেশ লেগে ছিল, প্রলয়োলাসেও চাপা ছিল না স্বপ্নোথ নিঝারের দ্র কণ্ঠ
এবং যদিও এঁদের অনেকেরই অনেক ঋণ স্বয়্মপ্রকাশ হয়ে ছিল রবীক্ষবাগ্ধারার
কাছে।

প্রথম প্রতিবাদ বোধ হয় রবীক্রকাব্যের কবিপুরুষের বিরুদ্ধে, যিনি অভিজ্ঞাত বিভূতিমান গরিমাময়। রবীক্রনাথ, সম্ভবত পুরোনো বিশ্বাসমতো, ঈশ্বরকে কবিমহিমায় এবং কবিকে দিবাসাধনায় ব্রতী করেছিলেন। প্রথমতম মুহূর্তেই 'কবিকাহিনী'র নায়ক:

নিশার আধার কোলে জগৎ যথন দিবসের পরিশ্রমে পড়িত ঘুমায়ে তথন সে কবি উঠি তুষারমণ্ডিত সমৃচ্চ পর্বতশিরে গাইত একাকী প্রকৃতিবন্দনাগান মেঘের মাঝারে।

বিহন্ধ যত উচুতে উডতে পারে না দেই পর্বতশিখরে কবি বিচরণ করতেন নিঃসঙ্গ, 'প্রশাস্ত আক্রতি তার মনে হত হিমান্তির অধিষ্ঠাতুদেব !' অবশেষে

এক দিন হিমান্ত্রির নিশীথ বায়ুতে
কবির অন্তিম খাস গেল মিশাইয়া!
হিমান্তি হইল তার সমাধি মন্দির…

যোল বছর বয়দে লেখা পরিণত-রবীন্দ্রনাথের এই আত্মপ্রতিক্কতি। অল্ল-ম্পর্শী এই ব্যক্তিটিকে নবীনেরা দেখেছিলেন অবিশ্বাদে। বুঝতে দেরি হয় নি, পর্বতপ্রতিম এই গরিমার দলে তাঁদের অদেতু অন্তর। তাঁরা সমতল মামুষ, তাঁদের কবি আলোডিত স্থকালচেত্তনায়:

সে সব কবি ক্ষ্ধা প্রেম আগুনের সেঁক চেয়েছিল;—হাঙরের ঢেউয়ে থেয়েছিল লুটোপুটি।

—সমার্চ, 'দাভটি তারার তিমির'।

এই আলোডনকেই হয়তো অচিস্তাকুমার 'কলোলের যৌবন-চাঞ্চল্য" বলে বোঝাতে চেয়েছেন। বরং তাঁরা রবীন্দ্রনাথের অন্ধ-বিশৃত্বল অংশমূর্তে প্রেরণা ও আখাল পেয়েছিলেন—বেছইন রূপে, 'ক্ষিকা'র মাতালমূতিতে। যে রবীন্দ্রনাথকে মোহিতলাল শিবান্ধী-উৎসবে প্রভাক্ষ করেছিলেন—'নৃতন সামছলের উল্লাভা রূপে', তাঁকে ভোলবার

তাঁর উপায় ছিল না। কিন্ত মোহিতলাল ঠাই পেলেন আরব্যতায়, তাঁর নায়ক মৃত হরে উঠল নাদির শাহের মধ্যে। আবার শোপেনহাওরেরকে দেখে তাঁর মনে হল—'কেমন আত্মীয় তুমি বৃঝি না যে তবু ভাসি নয়নাশকলে', তিনি আরেক পারে কৃল পেরে গেলেন। দেখা গেল নজকলের কবিকে—প্রবল সমাজবিপ্লবী, যতীন্দ্রনাথের কবি মক্লপরিচর ও বাচাল, প্রেমেন্দ্র মিত্রের গণতন্ত্রের প্রবক্তা, বৃদ্ধদেবের কবি প্রবৃত্তির হাতে বন্দা, স্থীন্দ্রনাথ নিয়তির হাতে।

সঞ্জয় ভট্টাচার্য লক্ষ্য করেছেন, কলোল অদীকার করেছিল লিরিকের উদ্দামতা আর ইংরেজি কবিতার রোম্যাণ্টিক মনোভাব। উদ্দামতা—এই নিশ্চয় নবীনদের প্রাথমিক বিদ্রোহের স্থপরিচয়। কিন্তু রবীন্দ্রনাথেরও তো প্রাক্-রবীন্দ্র উষাকাল ছিল, সেখানে এই স্রোহ দেখি। 'সন্ধ্যাদঙ্গীতে'র—

বিস্তোহী এ হৃদয় আমার জগৎ করিছে ছারধার। গ্রাসিছে চাঁদের কায়া ফেলিছে আঁধার ছায়া স্কবিশাল রাহুর আকার।

--- দংগ্রাম-সঙ্গীত।

উন্নাদ রোম্যাণ্টিসিজ্পমের এই যে ঘুর—যা মৃত্ব্যূত্ত ভেঙে তোলপাড় করছে নিজেকে— প্রাণের মর্মের কাছে

একটি যে ভাঙা বাগ্য আচে

ছই হাতে তুলে নে রে, সবলে বাঞ্চায়ে দে রে
নিতান্ত উন্মাদ-সম ঝন্ ঝন্ ঝন্ ঝন্ ।
ভাঙে তো ভাঙিবে বাছা, ছেঁডে তো ছিঁডিবে তন্ত্রী—
নে রে তবে তুলে নে রে, সবলে বাঞ্চায়ে দে রে
নিতান্ত উন্মাদ-সম ঝন ঝন্ ঝন্ ঝন্ ।

—তুঃধ-আবাহন।

আর তার এই যে গভ-সমান্তর:

আমরা মান্নবেরা কতকগুলি কালো কালো অসন্তোবের বিন্দু, ক্ষ্ণার্ড পিপীলিকার মতো জগতকে চার দিক হইতে ছাঁকিয়া ধরিয়াছি, উষাকে, জ্যোৎস্নাকে, গানের শব্দকে দংশন করিতেছি…

—আত্মসংসর্গ, 'বিবিধ প্রসঙ্গ'।

এ কি অন্তঃপ্রতিক্বতি মধুস্দনের ? এই ছঃশীল উদ্দামতা গোড়ায় প্রত্যাহার করেই কি ববীন্দ্রনাথ তাঁর স্বোপার্কিত শুভবৃদ্ধিকে জয়যুক্ত করতে চান নি ? স্বথচ সেই এই বছ উপদেশিকার কাছাকাছি: সমুক্তকে বেমন মানার প্রশাস্তি, তেমনই মানায় সৌন্দর্যকেও। কীট্সের এটি সচেতন খৃতি না হতে পারে। তবে, আবেগতাড়িত রোম্যান্টিকেরা অনেকেই শমিত স্থ্যার স্নাতন প্রামর্শ পেয়েছেন এই ঐতিহ্নাদীর কাছে তাতে ভূল নেই।

লাওকুন-ভাস্কর্যের শিল্পিত যন্ত্রণার পরিচয় দিতে গিয়ে ভিস্কেলমান বলেছিলেন, ক্ষৃতিত শারীরবৃত্তি এথানে শিল্পীর সমাহিত সত্তায় প্রশান্ত সৌন্দর্যের জনয়িতা হয়ে উঠেছে। পুরোনো গ্রীকেদের মধ্যে ছিল এই এক-ব্যক্তির মধ্যে শিল্পিতা-প্রজ্ঞার সমাহার। দুটান্তস্থরূপে তাঁদেরই স্ষ্টের মধ্যে পাওয়া যায় সরলতা, শান্ত বৈভব। গ্যেটে উপকৃত হয়েছিলেন ভিঙ্কেলমানের পর্যবেক্ষণের পরিচিত হয়ে। কিন্তু ভের্টরের পরিণাম লেখবার আগে পড়লে হয়তো পরিহার করতে পারতেন লেসিঙ-এর অভিযোগ, বা রোমান্টিকতা সম্বন্ধে তাঁর পরেকার তিক্ততা। পরের রোম্যান্টিকেরা যে আতাসর্বস্বতা থেকে দর্শনপরতায় ঝুঁকেছিলেন, তার পিছনে সে কি তার ছায়া

ভূত দূর না গিয়েও, এমন কি যে কবি হুর্দম অহুভবের অভিবেল ঘতোউচ্ছাস কাব্যপ্রবর্তনার মূল বলে জ্ঞান করেছিলেন, তাঁরই কাছ থেকে কবিতা যে সমাহিত প্রশান্তির মধ্যে সমান্তত চিতোৰেজনা—emotion recollected in tranquility, এই সিদ্ধান্ত মেলে। এ যেন বিশেষ করে রবীন্দ্রনাথেরই অফুভব, আমাদের মনে হয়। 'সৌন্দর্য আমাদের প্রবৃত্তিকে দংযত করিয়া আনিয়াছে' বা 'যথার্থ সৌন্দর্য সমাহিত দাধকের কাছেই প্রত্যক্ষ'—এই প্রাপ্তি যেন সনাতন আমাদের ধ্যানপ্রাপ্য শিল্প-স্থবমারই রিক্থ। ঐতিহাগত এই মুক্তি তিনি টের পেয়েছিলেন এক পা বিচলিত হবার আগেই, 'এই জগতের মাঝে একটি দাগর আছে নিম্বন্ধ তাহার জলবাশি'—কম্প্রহীন সেই 'অনস্ক জীবনে'র অমুমানে নিজেকে খুঁড়ে আনতে পেরেছিলেন আত্মবিবর থেকে: 'দেখিব না আর নিজেরই অপন বসিয়া ঘরের কোণে'—জগৎফুলের কীট, কীটের অধম কীট, নিজেরই অভ্যাদে গ্রন্থ আধার ছায়া—তাকে তিনি ডেকে নিতে পেরেছিলেন আবিশ্ব কিবণমণ্ডলে

আজিকে বারেক ভ্রমরের মতো বাহির হইয়া আয়।

আহ্বানসঙ্গীত, 'প্রভাতসঙ্গীত'।

এইখান থেকেই উত্তরণ হল যাকে রবীদ্রপ্রস্থান বলে জানি সেই পবাদর্শনের প্রবাল খীপে। 'এ চিরজীবন তাই আর কিছু কাজ নাই, রচি শুধু অসীমের সীমা'—কেবল অনস্তকে রূপাণিত করবার ব্রত, আর কিছু নয়, কেবল পূর্ণ সৌন্দর্যের অভিম্থিতা। আগেরটি জার্যান রোম্যাণ্টিক ভারনা-আদর্শের—শেলিঙ-এর এক প্রভাবনার মডো

অবিকল, দ্বিতীয়টি উপনিষদ-বৈষ্ণবীপুরাণ-প্রতীচ্য রোম্যান্টিকদের আফলাতুনী আদর্শের রাবীন্দ্র-সংমিশ্রণ।

শাস্ত উদ্দেশ পেলেন এক শান্তিনিকেতনের—যেমন বিশ্রুত হার্মিটেজটি রুশোর: 'প্রাণের আরাম, মনের আনন্দ, আত্মার শান্তি'। বিহারীলালকে বিত্রত করেছিল যে পাষাণ কলকাতা, সেই নগরকল্যের আঁচ মৃছতে খুঁজে পেলেন চরাচরব্যাপী অনাজ্রাত্ত নিসর্গ: 'বোলপুরের মতো এমন স্থপভীর শান্তি এবং বিরাম আর কোষাও খুঁজে পাওয়া যেত না'—এই রাঢ় বাঙলা, আরেক দিকে নদী-হার পরা উত্তর-মধ্য বাঙলার প্রামভ্মি —'ছিরপত্রে'র প্রত্যক্ষতাভীক জীবনীর স্কুমারী নায়িক। আঁকলেন সেই বিশল্যকারিণী মুন্মরীকে—নগরবাদী কবি ছাড়া গ্রামীণ মাহুষের সে পাওয়ার নয়।

'ভের্টরে'র আত্মনাশা গ্রন্থকার আরোগ্যপত্রী লিখতে পেরেছিলেন 'ভিলহেল্ম মাইন্টার'এ, বিখাসের বিপরীত মেরুতে দাঁছিয়ে। জগৎবন্ধনে বৃত হয়ে তবেই সেই জগতের আভিপ্রায়ী রূপ দেওয়া যায়, এই বিখাস নিয়ে রবীন্দ্রনাথও ফিরেছিলেন সমাজমণ্ডলীতে। যে বছপ্রসারী জনমিলনের প্রবণতা শিলার দেখতে পেয়েছিলেন গ্যেটের অভাবে, সেই অন্তরন্ধ সামাজিকতার ধর্ম রবীন্দ্রনাথেরও বাল্যরচনার মধ্যেই আরুত হয়েছিল। 'জগতের বিরোধী হওয়াও যা, নিজের বিরোধী হওয়ও তা'—এই উপলব্ধি 'ধর্ম' নামে আদিরচনার বিষয়, প্রকাশ চৈত্র ১২৯০। 'ভালো করে পড়িব এ জগতের লেখা'—এই সংকল্প 'প্রকৃতির প্রতিশাধে' প্রকাণিত, ১২৯১ সালে। তারপর, কালো কোটার মতে। জগম্ভূলের কাটকে প্রাজাগরণ এনে আল্লের করল এক অলৌকিক প্রভাত-উৎসবে। তার হলয় গেল খুলে, সারা জগতের শত শত হাত্মম্থ মান্থর বাছ বিস্তার করে এসে তাকে মীলিত করে তুলল। 'ধাসমহলের দরজা'র ম্থের লেখাটিই হল: 'মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।' রচনাবলী-সংক্ষরণের ভূমিকার লিথেছেন, এই কথাই 'পরবর্তী আমার কাব্যের অন্তরে অন্তরে বার বার প্রবাহিত হ্যেছে।'

এই সেই শুভ্যোগ ঘটল তাঁর জীবনে। জমিদারি দেখাশোনাব উপলক্ষ করে একটি বাদ হল তার নদীর উপরে, বজরাতে। ক্রমে নিজেই রূপকথার মতো হরে উঠলেন তিনি নদীর ধারা, ছোটগল্পমালার মাহ্যী গ্রাম্য ত্-পাচে ত্ হাত ভর করে ভেদে চলেছে নদী—আপাতসরল লেখাটির উল্লেখ করি এইখানে: 'নদা'। স্বপ্নভ্রের পরে নিক্রিবীর প্রবাহ নেমে এদেছে ত্-পাড় টানা 'মাটির দেশে'

হেথা যেথায় মোদের বাডি
নদী আদিল ত্য়ারে তারি…

মেরেরা বল নিমে যাচ্ছে নেয়ে উঠে, ছেলেরা সাঁতার কাটছে, ব্লেলে জাল ফেলে আছে, সারি গাইছে নৌকোর দাঁড়িরা, সার সার প্রোনো শিবালয়—কাঁসর-ঘটা বালছে জা. ক. ৩ ছু বেলাতে, মাঠ ভর্তি কলাই শর্ষে আর ধান—রৌদ্র বেডে উঠছে চাষার গলার গান ছবিয়ে, নিবিড় আখবনে শালিক চরছে একা একা, একটু এগোতেই কলরব সহকারে গাছপালাপল্লীর মধ্যে দিয়ে এঁকেবেঁকে চলেছে মাসুষের স্রোত—'বাস্থবিক এরা যেন আমার একটি দেশজোডা বৃহৎ পরিবারের লোক'। শহরে জাগ্রত হয়ে ছিল এক দেশব্রত। গ্রামের পাশে মিলে তাঁর জন্ত বিভার করে দিল উভতীরের সামাজিক পুন্রাদন।

ফলে অনায়াস হল বোদলেয়ারের মর্বিডিটি থেকে গ্যেটের স্বাস্থ্যঞ্জী, বোদলেয়ার মর্বিডিটির প্রতীক, গ্যেটে স্বাস্থ্যের—লিখেছেন টি. এস. এলিয়ট। যে শিল্প মধুস্দনের কাছে নিরুপায় তরণী, শেষ অবধি ঠেলে দিয়েছিল তাঁকে বারদ্রিয়ায়, সে হয়ে উঠল সোনার তরী, নিরুদ্দেশ যাত্রাও বিহিত হয়ে উঠল লক্ষ্যাগ্র সঙ্কেতে, ক্রমশ, 'ক্ষণিকা'র নিরুদ্দেশের পথিক 'বলাকা'র পথে পেলেন গ্রুবলোকের লক্ষ্য।

এই স্বাস্থ্য নবীনদের স্বাভাবিক ঠেকে নি। 'রবি-মণ্ডলী'র কবিরাও স্থানতেন. কবি-প্রবর্তনার জন্ত প্রয়োজন 'মোটের উপর স্বর্থেরই মাত্রা'র আধিক্য। কিন্তু মোহিতলাল দেখেছিলেন, 'অন্তরে যার অস্থ অপার, সেই জন হয় কবি।' তাঁর অপার্থিব শিল্পলাবণ্যের মুখোমুখি অচিন্ত্যকুমার লিখেছিলেন, 'বেবাক বুকেতে কাদা পচিয়াছে, পড়েছে চাকার দাগ…'। তাঁর লেখার নৈপুণ্য ক্বত্রিম লেগেছিল বলে বিষ্ণু দে আগেভাগে বলে নিয়েছিলেন, 'হেথা নাই স্থশোভন রূপদক্ষ রবীক্ষঠাকুর'। তাঁর भन्नी अद्याग भनायनी मत्न इरविष्ठन वर्तन **এই कवि 'नगरवद ভিড, वार्थ मित्नव जाना'**, আরো পরে সমর সেন 'মহানগরীর বিবর্ণ দিন ও আলকাতরার মতো রাত্রি'র কথা লিখতে বদেছিলেন দবিভারে। 'ঘূর্ণচক্র জনতাদংদের মহা-আদক্র' রবীক্রনাথেরও অভিজ্ঞতায় ছিল, হয়তো এত বড 'হুষ্টশাস জ্বনতা-আঁধার' সে নয়, কিন্তু তখনই ভেকে নিল তাঁকে কোতুকময়ী জীবনদেবতার আহ্বান: 'কেন রাখিলে না সবার জগতে জনতার মাঝথানে ?' এই আকৃতি আবরণ করে ভেসে উঠল জনরবরিক্ত সিদ্ধতীরের এক গুহানগরী-অবিকল 'স্পুরচিত-মতো' অজানা পুরী-কনকশিকলে সোনার প্রদীপ থরে থরে, কনকরজ্বতরতন জভানো যবনিজ্ঞাল, মণিপালত্কের ছ্ধারি উড্ছে গদ্ধুপ —ব্লপকথা-বালাদিকার জগৎ। দেই দলে আরো প্রাচীনতর এক নিসর্গবিদার, যে 'প্রাচীন পৃথিবীতে কেবল সৌন্দর্য এবং মাছবের হৃদয়ের জিনিসগুলো কিছুতেই পুরোনো হয় না।

এই প্রাচীন পৃথিবী কি আডাল হয়ে গিয়েছিল নবীনদের জন্মের আগেই ? সবচেরে স্পর্শকাগর, জীবনানন্দ, লিখেছেন, 'আমরা পাই নি এসে পৃথিবীর প্রথম যৌবন', ভারপর : 'একটি পৃথিবী নই হয়ে গেছে আমাদের আগে', আরো : 'সময় কীটের মতে৷ কুরে থার আমাদের দেশ।' কী করে ব্যবন মানবেন জাঁরা ববীশ্রনাথকে ?

তাঁদের দৃঠান্ত বরং রইলেন মধুস্থান—তদ্যতির অত শাদন-আয়োজনেও স্থাত হয় নি যাঁর আত্মরাগ। সোন্দর্য থাকে অবিকাশে ডুবিয়েছিল। 'কল্লোল-প্রবর্তিত বোহিমীয় হাবভাব'ও সহজে উৎস পায় পূর্বজ এই কবির কাছে, যঁকে 'নির্বীজ' রায় লিখে বুদ্দেবে বস্থ আসলে রবীজ্ঞনাথেরই আক্ষরিক প্রতিধ্বনি করেছেন। রবীজ্ঞোজিট এই:

তিনি যে ফল ফলালেন তাতে বীজ ধরল না। তাঁর লেখা সম্ভতিহীন হল। উপযুক্ত বংশাবলী স্পষ্টি করল না।

> —সাহিত্যরূপ, 'সাহিত্যের পথে'। লাল বায় বা মোহিত্রলাল মুদ্ধুমানুবর

ঋণ স্বীকার দেখি স্থাজনাথের কাছ থেকে, দিজেন্দ্রলাল রায় বা মোহিতলাল মজুমদারের পক্ষপাতের তুলনায় সে স্বীকৃতি মূল্যবান। হয়তো তা প্রকরণের দিক চেচে, কিছু বিষ্ণু দে যথন লেখেন

তাঁর [রবীন্দ্রনাথের] নক্ষত্রবিহারী প্রতিভা বাঙলার রসালে। মাটতে মাহ্বৰ আমাদের প্রাত্যহিক বান্তবতায় বিরাজমান থেকেও বছ উধের্ব স্বয়ংসম্পূর্ণ। সেখানে মধুস্থদন বা দীনবন্ধু বরং আমাদের চেনা অগ্রজ।

বাঙলা সাহিত্যে প্রগতি, 'সাহিত্যের ভবিয়াৎ'।

যোগস্ত্র স্পষ্ট হয়ে ওঠে।

ববীশ্রনাথ কি তবে পাশে সরে দাঁভিয়েছিলেন আভাবিক ইতিহাদপ্রবাহিনীর ? হয়তো। বে ভাবে তাঁরও আগে মধুস্দনের থেকে সরে দাঁভিয়েছিলেন বঙ্কিমচন্দ্র। বে ভাবে বিরুদ্ধ আবর্তের মূথে মধুস্দনের মতো উচ্ছলেল পরাজয়ে ভেলে না গিয়ে বঙ্কিমচন্দ্রের আভিক্য গড়তে বদেছিল প্রাকার ও স্থাহ।

'কল্পনা' কাব্যের গোড়াতে তুঃসময়ের প্রান্তসীমানায় 'নিবিড তিমির আঁকা' এক দিশাহারা উষার আভাস দেখা ষায়। সেই নতুন উদয়টি প্রস্ক সোভাগ্যের বরাভয় দিয়ে সম্ভব করে তুলতে বদলেন রবীক্রনাথ। হৃদয়পীডায় প্রস্তুত বে গীতিকাব্য ছিল তাঁর বালকবয়সের, তাকে শমিত-দমিত করে পেলেন সত্য ধর্ম: 'মামুষের সত্য মহামানবের মধ্যে যিনি সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্ট।' ব্যক্তিদীমানা ছাডাতেই জানতে পারলেন বিশ্বমানবচিত্তের দায়ভাগ। সক্ষমন্তিধির বতিকটু চুও পাওয়া গেল:

বছকাল আগে 'কড়ি ও কোমলে'র একটি কবিতায় যে লিখেছিলুম—'মাছ্মবের মাঝে আমি বাঁচিবারে চাই' তার মানে হচ্ছে, এই মাহ্য যেথানে অমর সেইধানেই বাঁচতে চাই।

ষতএব জনসংবেদনধন্ত অন্ধতার্থ নাটকী নায়ক হয়ে ওঠা হয়ে উঠল না আর, বাঙলা বেনেশাসের 'সমগ্রমানবী'য় আদর্শ, আর দিকে নবজীবনোৎস্ক দেশকালের 'বিশ্বকর্মা'র দামাজিক দার—সেই সমাজক্তত্যেও যদি বা জন্মাল তিক্ততা: 'আমি চাই লে হতে নববকে নবযুগের চালক' কিংবা 'লোকালয়ে আমি লাগিব না কোনো কাজে'—তখনো রইল বিশ-ভারতী—যত্ত বিশ্ব ভবত্যেকনী দুম।

বিশ্বিম বে মুগ প্রবর্তন করেছেন আমার বাস সে মুগেই। সেই মুগকে তার স্বষ্টির উপকরণ যোগানো এ-পর্যন্ত আমার কাজ ছিল।

পঞ্চাশোধ্ব ম, 'সাহিত্যের পথে'।

পরিণত বয়সের এই আত্মপরিচয় আরো তাৎপর্যময় হয়ে ওঠে অতঃপর।

8

রবীন্দ্রনাথের এই শ্বীকারোক্তির উপরপিঠটি সামাজিক, কিন্তু তলায় একটু কাব্যতন্ত্রপ্ত রয়েছে। বলা যার, নন্দনতত্ত্বে দিক দিয়ে, বিষমচন্দ্র অবধি দোষমুক্ত গুণযুক্ত অলম্বারশোভিত রস্থন বাক্য কাব্যের মর্যাদা পেয়ে আসছিল, রবীন্দ্রনাথ তার মধ্যে প্রবর্তন করলেন ধ্বনিপ্রস্থানের। বা তারও বেশি। বিশ্বনাথের বিধান অশ্বীকার করে মধুস্থদন যার স্ত্রেপাত করেছিলেন বাঙলা সাহিত্যকে দেই বিশ্বসাহিত্যের পরিপ্রেন্দিতে যথার্থ প্রতিষ্ঠা দিয়েছেন রবীন্দ্রনাথ। হয়তো, 'কবি ধর্মের একজন প্রধান সহায়' বিদ্ধম-ক্থিত এই 'ধর্ম' রবীন্দ্রনাথের হাতে অথপ্রসার পেয়েছে। 'যথার্থ যে মঙ্গল প্রয়োজন সাধনের উধ্বের তাহার একটা অহেতৃক আকর্ষণ আছে'— মান্ধল্যকেও তিনি দিয়েছেন এই অতীন্দ্রিয়। কিন্তু শুধু নান্দনিক দিক দিয়েও 'যাহারা ক্রাব্য প্রেয়ন করিয়া পরের চিত্ত কল্যিত করে তাহারা তস্কগাদির স্থায় মহুয়জাতির শক্ত্রণ-বিদ্ধমী এই শর্তের উপর তাঁর আন্তরিক অসমর্থন ছিল বলে মনে হয় না। 'চিত্তবিকারজাত' আধুনিকতা—যাকে এক সময় তিনি 'ল্যাঙট-পরা গুলিপাকানো ধুলোমাথা আধুনিকতা' নাম দিয়েছিলেন—হয়তো তাকে বন্ধিমচন্দ্রের মতো করে বলতে পারলেই খুনি হতেন, শেষ অবধিও এই যে তার বর্ণনা করেছেন:

Its expressions are grimaces like the cactus of the desert which lacks modesty in its distortions and peace in its thorns in whose attitude an aggressive discourtesy bristles up, suggesting a forced pride of poverty...

'The Religion of an Artist' 7. २.

विकास कार्य कि थ कम ?

বোঝা যায় অনপনেয় সামাজিকতার কারণেই এই দায়। তাঁকে সেই কাবোর শৃক্ষপাতী হতে হল যে কাবা বন্ধরহিতরূপে মহৎ। যদিও জীবদশাতেই মহুৎ কাব্যকে কুল ভেঙে নেমে আগতে দেখতে হ্যেছিল তাঁকে; তাতেই যেন আরো রক্ষণনীগতা। বহিমচন্দ্র লিখেছিলেন, 'কাব্যের উদ্দেশ্ত নীতিজ্ঞান নহে। কিন্তু নীতিজ্ঞানের যে উদ্দেশ্ত কাব্যেরও সেই উদ্দেশ্ত—চিত্তছিনি, তাঁব হাতে এই 'চিত্তছিনি'রই আরো স্নানমার্জনা। তার কারণ 'নীতি' শক্টি নবীনদের অভিধানে আর স্বমহিম ছিল না, অর্থচ্যুতি হ্যেছিল 'হ্নন্বে'রও। 'হ্নন্বী সে প্রকৃতিরে জানি আমি মিথ্যা সনাতনী/সত্যেরে চাহি না তব্ হ্নন্বের করি উপাসনা' মিথ্যা-হ্নন্বের এই সমবায় কিন্তাবে আত্মন্থ হবে হ্নন্ব যাঁর 'প্রত্যক্ষ দেবতা' ('হিন্নপ্রাবলী' ১৯৭)। এই আরক্ষা অত্যব: 'সত্যের যথার্থ উপলব্ধিমাত্রেই আনন্দ্র, তাহাই চরম সৌন্দর্থ' ('গাহিত্য' পৃ. ৮৫)। সনাতন আর্থাক্তি, হয়তো বা এই মুহুর্তেরও।

সত্য-স্থলরের উপলক্ষে কীট্সের প্রসিদ্ধ কাব্যবাণীটি নানা সময়ে সাক্ষ্য মেনেছেন ববীন্দ্রনাথ। বেমন

- আধুনিক কবি বলিয়াছেন: Truth is beauty, beauty truth—আমানের
 ভ্রত্তবসনা কমলালয়া দেবী সরস্বতী একাধারে Truth এবং Beauty মুভিমতী।
 'সাহিত্য' প. ৫১।
- ২. এই কথাটা যে দিন প্রথম স্পষ্ট করে মনে এল সে দিন কবি কীট্সের বাণী মনে পডল—Truth is Beauty

'সাহিত্যের পথে' পৃ. ১৮।

৩. এইরকম সংশায়ের সময় কবির বাণী মনে পডে—Truth is beauty অর্থাৎ সত্যই সৌনার্থ ।···শেষ কথা হচ্ছে: Truth is beauty ।

'সাহিত্যের জরূপ' পু. ৫, পু ৮।

উদ্ধৃতিতে ঝোঁক ঈষৎ অন্তন্ত্ৰ। যথাযথ উদ্ধৃতিও আছে, যেমন 'সাধনা'য়

This is the ultimate object of our existence, that we ever know that beauty is truth truth beauty ··

দি রিয়ালিজেশন অফ বিউটি, 'দাধনা' পু. ১৪১।

মূল পংক্তিত্টি হল

Beauty is Truth, Truth Beauty—that is all
Ye know on earth, and all ye need to know.
এবং আদলে এর প্রথম অংশটিই যে তার অভিপ্রায় তা ফুটেছে চিঠির জ্বানিতে
What the imagination siezes as beauty must be truth.

২২ নভেম্বর ১৮১ ৭র লেখা পতা।

স্থলর বার পরমা কাষ্টা 'সতাই সৌলর্ধ'—এই অক্সার্থী ইনিত কি তার ? এই অবর্ত

চিহ্নিত রবীশ্রবিশ্বাস: 'সত্যের বথার্থ উপলব্ধিমাক্রেই আনন্দ, তাহাই চরম সৌন্দর্থ' (সৌন্দর্যবোধ, 'সাহিত্য')। এলিয়টও বিধাগ্রন্থ হয়ে পড়েছিলেন 'গ্রীশন আর্ন' পড়ে। এই উক্তি কবির আত্মপরিচায়ক ? না গ্রীক ভূলারটির বলা নাট্যসংলাণ ?

তবে এর চেয়ে উল্লেখ্য হল, কীট্সের সঙ্গে রবীন্দ্রনাথের সাধর্ম্যের অল্পই অবকাশ। 'কীট্স্-এর Ode to Grecian Urn কাব্যটি ব্যবহারের অতীত, স্তরাং স্থলর হওয়াই তার পক্ষে যথেষ্ট'—এই মন্থব্যে বোঝা যায় কেবল স্থলর হওয়াই রবীন্দ্রকাব্যের পক্ষে যথেষ্ট নয়। কীট্স্ কবিতাকে যে ভাবে নিহিত হৃদয়ের অভিব্যক্তি বলে ব্যতেন সেই নিছক ব্যক্তি-পারবশ্যকে রবীন্দ্রনাথ তাঁর অনতিযোবনেই প্রত্যাহার করে এসেছিলেন, যেমন গ্যেটে। আর এই ব্যক্তিহৃদয়ে নীতি-তত্ত্বের ছোপ লেগেছে বলে কোলরিজ শেলি ওয়ার্ডসোয়র্থ কাউকে কীট্স্ অন্থমোদন করতে পারেন নি। তব্ এতবার যে তাঁকে মনে পড়ল রবীন্দ্রনাথের সে কি তাঁর দর্শন-তত্ত্বি শুদ্ধ-কবির অন্থমোদন করিয়ে নিতে হ' 'স্বপ্ন ও সত্য' আত্মজীবনীতে গ্যেটে কাব্য-সৌন্দর্যের মধ্যে নীতি-তত্ত্বের সন্ধানীদের তিরস্কার করেছেন, আবার তক্ষণ মাইস্টার বলেছেন, কবি হবেন আচার্য বা ঋষির তুল্য, দেব-মানবের সথা।

এত শুধু এই টুক্ বিশেষ করে বলতে যে শুদ্ধ শিলের দিক থেকেও গৌন্দর্ধ-সর্বস্থতার ববীন্দ্রনাথের কত দূর অনির্ভর ছিল। যতই বলুন অন্তফলনিরপেক তাঁর লেখা, হিন্দু শিল্পদৃষ্টতে ধর্ম ও কাব্যের যে সমার্থ অভিজ্ঞতা তাই মিশে ছিল তাঁর রক্তে। শিল্পী হিসেবে তাঁকেও দেখি গোড়াতেই বিশ্বস্তার শিবমান্দল্যের বরপ্রার্থী। 'মঙ্গলমূতিই সৌন্দর্বের পূর্ণস্বরূপ'—এই 'মঙ্গল' আসলে অধ্যাত্মের চেয়েও সামাজিক নৈতিক শুভ।

আধুনিক পরিভাষাতেও ব্যাধ্যা হয় এই চিত্তবৃত্তির। প্রথম বিবেকী আধুনিকেরা সাহিত্য ও জীবনের অন্যোন্তনির্ভর চেয়েছিলেন এবং স্থলরের সর্বাশ্রেষী সামাজিক রূপ দেখতে পেয়েছিলেন। ক্রিভরিথ শ্লেগেল বছপ্রদারী জাতীয় জীবনের চিত্তনির্ঘাস বলে সাহিত্যের সংজ্ঞা দিয়েছিলেন, পরেকার অনেকেরই তা মনোমতো, গ্যেটেকালরিজও তাতে আকুই হয়েছিলেন। রবীজ্রনাথ 'সহিত' শব্দ থেকে নিষ্পন্ন করেছেন সাহিত্য-বিষয়, সাহিত্যের এই সহিত্য কেবল জাতির ভূগোলপ্রসারী নয়, কালের আগুপিছু-বিস্তারও তার মধ্যে আছে।

আদি জার্মান রোম্যাণ্টিকদের—মরমী নব্য-প্রেটনিস্ট শেলিঙ বা তাঁর জ্যেষ্ঠ অনুসারী নোভালিসের অনেক ভাবনার সঙ্গে রবীক্রনাথের ঐক্য দেখতে পাওয়া যার। এঁরাও শিরের পিছনে বিশ্বস্র্টার ইচ্ছা দেখেছিলেন, নোভালিস কবিকে বর্ণনা করেছিলেন

[🤏] कोट्रेरमद न्यां अवश्र मर्वञ्चदिक बाङ्कदी युग्यद माज नव, रम निरव्ध कम आलावमा दव नि

সেই বিধাতার পরিচর, বা কবিপুরোহিত বলে। শেলিঙও বলতেন, শিল্প হল অরূপ-সাধনা। তাঁর মতে নন্দনদৃষ্টি শীলিত প্রজ্ঞার প্রাপ্য, সত্য ও মঙ্গল একমাত্র স্থলবের মধ্যেই একত্র সমান্তত হতে পারে। রবীজ্ঞানাথকে শেষ দিক্ষে বারবার বলতে শুনিঃ 'আমি তত্মজ্ঞানী গুরু বা নেতা নই' এবং 'মানবকে গম্য স্থানে চালাবার দাবি রাখি নে' তাইতে বোঝা যায় তাঁরও ভূমিকা।

আদলে বরাবরই তাঁর লেখা স্পষ্ট সত্যের, স্পষ্ট লক্ষ্যের অভিমুখী। ব্যক্তি-সমাব্দের সংস্কৃতা, এবং স্থনির্দেশিকা। 'এর চেম্বে গম্ভীর আমি হতে পারব না' বললেও সেলেখা সত্যব্রত ছেড়ে একবারও নামতে রাজি এমন নয়।

আর এই দিকেও নবীন আধুনিকদের সঙ্গে তাঁর মনাস্তর। হয়তো নবীন কবিদের ক্ষে জাতীয়-সামাজিক কোনো বড় দায় ছিল না, তাঁরা নিশ্চিষ্টে জড়ো হয়ে ছিলেন তাই কলাকৈবল্যের যৌথনিবিরে। আর রবীন্দ্রনাথকে পৃথিবীর কাছে যেতে হয়েছে ভারতীয়তার প্রতিনিধি হয়ে, যুক্তে-টেকনোলজিতে রোগার্ত প্রতীচী তাঁর কাছ থেকে পেলেন রোমা রোলাঁ-কথিত সেই 'vast tranquil metaphysic of India'। তরুণ মার্কিন কবি তাঁর পদতলে বদে নিজেকে দেখতে পেলেন অশ্ব-লগুড়ধারী বর্বর বলে। রবীন্দ্রপদাবলীর অনন্ত প্রণান্ধিতে বন্ধ্যুতা প্রকাণ করার পরও এজরা পাউও লিখেছেন, অজাতির পররান্ত্র-দফতরের কর্তব্য অতি বিচক্ষণ ভাবে সম্পাদন করেছেন এই কবি। তা হলে সে শুধু কবিতার করণীয় নয়।

কবিতার প্রভাবও কম ছিল না। 'গীতাঞ্চলি'র কবিতা পড়ে প্রবীণ স্টপফোর্ড ব্রুক হেনরি ভন-এর লাইন উদ্ধৃত করে লিথেছিলেন: কবিতায় পরিপূর্ণ এই লেখা—'bright shoots of evariastingness'—and I am often carried away into the infinite with a whirling pleasure'। আর তরুণ ইয়েট্স্ প্রথম বারেই গ্রন্থ ছারেছিলেন 'গীতাঞ্জলি' পড়ে: এই কবিতার ভাবনায় এমন এক ক্ষাং রয়েছে যার ক্ষপ্প আমি দেখেছি সারা জীবন। ইয়েট্সের আধুনিক কবিতা সংক্লনে রবীক্রনাথের বে সাভাট কবিতা গৃহীত হয়েছে তার একটি 'In The Dusky Path of a Dream', এই কি সেই ক্ষপ্র ? 'দি রোক্ষ' কাব্যের 'যে লোকটি পরীরাজ্যের ব্রপ্প দেখেছিল,''-কবিতার অক্ষেয় দ্রের যে ক্মপ্প ? ক্মপ্প থেকে রুচ্ সত্যের ভেতরে নেমে এসেছিলেন কবি ইয়েট্স্। অনতিকালমধ্যে।

ইয়েট্সের কাব্যের পালাবদলের মৃলে রবীন্দ্রনাথের কিছু প্রভাব আছে। কবির ব্বানি তুলেছেন বিচার্ড এলম্যান মেথানে ইয়েট্স্ স্বীকার করেছেন ১৯১২ দাল

৩. কবিভাটির প্রথম পাঠের বিশেব করে উল্লেখ করি, পরবর্তী সংস্কার নর।

থেকে তাঁর রক্তে আলোড়ন তুলেছিলেন রবীক্রনাধ ঠাকুর। ১৯১৪র প্রকাশিত 'রেস্পনসিবিলিটিজ' কাব্য এবং তার 'এ কোট' নামে 'ছন্দোবদ্ধ ম্যানিফেস্টো' 'গীতাঞ্চলি'রই একটি গানের অভিজ্ঞতা থেকে উৎসারিত। তবু 'গীতাঞ্চলি'র পাশে 'এ কোটে'র রীতিপাক্ষ এই বিখাসকে একটু ব্যাহত করে। আর যধন জানা যায় এই সময়েই গ্রীয়র্সন-সম্পাদিত ভান্-এর কবিতার বই তাঁর হাতে এবং পাশ থেকে এজরা পাউণ্ডের নব্যতার প্রবর্তনা, তথন ইট্টেসের ভাবাবেগ-রেটরিক-রিক্ত আধুনিক প্রতীক্রবাদের মনে হয় সহজ্তর উৎস পাওয়া গেল।

ষপ্নভদ হবার পর ইয়েট্স্ শ্বতি নির্ভর না করে নেমে এলেন হাওয়ার তাওবে। পরে নিলেন চাল-বনলের নতুন ম্থোশ, প্রতিবাদী আত্ম-বৈপরীত্য। 'উইও অ্যামঙ দি দীজ্দে'র কবিকে দেখতে হয় 'A cursing beggar with a merry face, / A bundle of rags upon a crutch'—আত্মপরিহাস করহেন, যেন কেবলই যেতে না হয় বাতালের ঠেলায় ঠেলায়: 'Beggar to beggar cried, being frenzy struck,' 'And make my soul before my pate is bare.' / 'And get a comfortable wife and house / To rid me of the devil in my shoes,' ক্রমে দেখা গেল কেন্টিক উপকথার ভূসংস্থান ঢেকে অন্ত দেশকাল তাঁর লেখাতে, এলিয়টা পতিত দেশের ক্ষকতা এই ক্বিভার

Things fall apart; the centre cannot hold;

Mere anarchy is loosed upon the world,

The blood dimmed tide is loosed, and everywhere

The ceremony of innocence is drowned...

—The Second Coming, 'Michael Robartes and the Dancer.'
'Ceremony': পুরোনো ঐতিহায়ত শালীন সংস্কৃতির এই হল পারিভাষিক শব্দটি
ইরেট্সের। সে যদি ভ্বল, পুরোনো ঘরের মান্ত্রটি কোথায় দাঁডাবেন এই নিরর্থ
শময়ের

প্রিভারের শুকর এই প্রশ্ন:

What shall I do with this absurdity
'ছে শ্বদয়, বিক্ষত শ্বদয়—' অর্থহীন সময়টি কবি দেখছেন এই তিক্ত নিরাশাস চোখে,
this caricature.

Decrepit age that has been tied to me As to a dog's tail?

জীবনানন্দ এইভাবে দেখেছিলেন স্বয়-ধরা মূহুর্তি। অন্তুত এক আঁধারের বিলোল ভিডের ভেতর অসহায় কবির স্পান্দন বহন করে দেখি দাঁভিয়ে আছেন। এই

জীবনানন্দই বলেছেন, এই এক শতদীর্ণ সময়ের মধ্যে 'অন্তত যারা আধুনিক বিশিষ্ট वांडानी कवि त्रवीसनाथरक जाता विष्णेष्ठ मस्राम खानाय सानार्य ७ भन ভার্লেন, র'লার ও ইয়েট্স্ ও এলিয়ট-এর সদর্থক বা নঞর্থক মননবিচিত্রতার কাছে গিষে দাঁছাল।' দাঁছাল সহায় খুঁজতে, সহজ বুদ্ধিতে। ভারতীয় স্বস্থতা বা বাঙালি হিতবাদে আর সন্থুলান হল না। দেখি বুদ্ধদেব বস্থ বৃহং-বোদলেয়ার ভর্জমা করতে ব্যাপত, বিষ্ণু দে এলিয়ট থেকে শুরু করে আবিশ্ব সমানধর্মাদের, মালার্যের কবচ ধরে স্থান্ত্রনাথ, আরো কবিরা বেরিয়ে পড়েছেন সপ্তদিক্কু দশদিগন্ত চুঁডতে। একা ক্স্ত রক্ষা করতে দাঁড়িয়ে আছেন নকগ বুঁদিগড়। Ceremony। জনজনাত্তরের ঘর ছেডে কালস্রোতে ভেসে যা ভয়া সহজ বিনি জ্রণ থেকে বেড়ে উঠেছেন তার মধ্যে ? 'নকল' শব্দটি শিষ্ট নয়, ঠিকও নয় ; বলতে চান, যা গত কালের। কিন্তু ব্ৰজেজনাথ শীলের কাছে চিঠিতে যে আত্মবিশ্লেষণ করেছিলেন: 'বৈষ্ণব সাহিত্য এবং উপনিষদ বিমিশ্রিত হইয়া আমার মনের হাওয়া তৈরি করিয়াছে। নাইটোজেন এবং অক্সিজেন যেমন মেশে তেমনি করিয়াই তাহারা মিশিয়াছে'—এর থেকে বেরোবার যে আর উপায় নেই এই ভার গৌরবটুকু মনে হতে পারে অভিমানের মতো। তারপরেও এই কথাও মুথ ফুটে বলতে দেখি, 'কবি যদি ক্লান্ত মনে এমন কথা মনে করে যে, কবিছের চিরকালের বিষয়গুলি আধুনিক বালে পুরোনো হয়ে গেছে তা হলে বুঝব আধুনিক কালটাই হয়েছে বৃদ্ধ ও বদহীন।

শৈষদীবনের এক কাব্যগ্রন্থ থেকে উৎসর্গলিপিটি উদ্ধার করি
শ্রীযুক্ত স্থবীন্দ্রনাথ দন্ত কল্যাণীয়েষু

বয়সে তোমাকে অনেক দ্রে পেরিয়ে এসেছি, তবু তোমাদের কালের সঙ্গে আমার বােগ ল্পুপ্রায় হয়ে এসেছে, এমনতরাে অস্বীকৃতির সংশয়বাক্য তােমার কাছ থেকে শুনি নি। তাই আমার র চনা তাে মাদের কাল কে স্পর্শ কর বে আ শাকরে এই বই তাে মার হাতের কাছে এগিয়ে দিলুম। তুমি আধুনিক সাহিত্যের সাধনক্ষেত্র থেকে একে এক করে।।

প্রায় ন-বছর আগের 'তদ্বী'র গৌরচন্দ্রিকার সঙ্গে এই উপহারের ভাষার সম্বন্ধ ধরা পড়ে। আরো চোখে পড়ে উপহাত এই কবিতাগুছে অল্লব্যুদের রূপকথার উকিয়ুঁকি— যেন অফুচ্চ শ্বতিযাপন করছে অলস পদপংক্তি। শেব দিকের সব কবিতাই তো মূলভ 'শ্বতিরে আকার দিয়ে আঁকা', পুরোনো ছিন্নপত্তের ভাষাতে 'in deep delved earth ঠাণ্ডা করে রেখে দেওয়া সেই সব পুরোনো শ্বতির বোতল'

> পেরিয়ে মেয়াদ বাঁচে তবু বে সব সময়হারা স্বপ্নে ছাড়া সাম্বনা আর কোথায় পাবে তারা।

> > সময়হারা, 'আকাশপ্রদীপ' ।

কোতৃক করেই বলতে হয় ষেমন কোতৃক করে অমিত রায়ের এই বিবৃতি

তাঁর রচনারেখা তাঁরই হাতের অক্রের মতো—গোল বা তরন্তরেখা, গোলাপ বা নারীর মুখ বা চাঁদের ধরনে। ওটা প্রিমিটিভ, প্রকৃতির হাতের অক্ষরের মক্শো-করা। শুধু স্বধাপিত স্থৃতির মমতা নয়। পুরোনো, প্রাকৃতিক, মিমেটিক। তার বদলে নতুন কবির কাছে অমিতর দাবি 'কড়া লাইনের, খাড়া লাইনের রচনা—তীরের মতে, বর্শার ফলার মতো, কাঁটার মতো; ফুলের মতো নয়; বিহাতের রেথার মতো, স্থারালজিয়ার ব্যথার মতো…। এও কৌতুক, 'আমি জনগণেশের প্রচণ্ড কৌতুক'— নিবারণ চক্রবর্তীর পুরোনোনিস্থান আবিভাবে 'উচ্চকিত, আতন্ধিত' 'রবি ঠাকুরের দল দেদিন চুপ করে গেল'—এতটাই কৌতুক, কিন্তু স্থীন্দ্রনাথ যে বলেছিলেন, 'এমন **কি** অত্যাধুনিক বাঙলা সাহিত্যও যে তাঁকে অল্পবিস্তব প্রভাবিত করে নি এ কথা খুব কোর গলায় বলা শক্ত', তা মনে হয় এই বিবরণের নিহিত প্রতিক্রিয়ার দিকে নজর করলে। এই বিপরীতে গিয়ে দাঁড়াবার ইচ্ছা কালচল হবার থাতিরেই স্বাভাবিক, মারিও প্রাঞ্ যে-সন্ধিংসায় উগোর শেষ দিকের লেখায় বোদলেয়ারের প্রতিধানি খুঁকে পেয়েছিলেন সেই প্রমে রবীক্রপদাবলীতেও অফুজাতদের ছায়া হয়তো মিলতেও পারে, किन्छ जात (हार मञ्चरभन वक्करा वरमाइन वृक्षामय वस्त्र, नवीनामन माधा मवाहर विमा যার চোথে ধরেছিল রবীন্দ্রনাথের পরিণত ও আধুনিক মৃতি: 'তাঁর শেষ পর্যায়ের রচনার ধারা আমাদের কাব্যে নানা ভাবে ফলপ্রস্থ হয়েছে'—মাধুনিক বাঙলা কবিতার সংকলন করতে প্রবেশমুখে রবীন্দ্রনাথকেই তিনি প্রথম আসনটি পেতে দিয়েছিলেন।

'লিপিকা'ই বৃদ্ধদেবের চোথে রবীন্দ্রনাথের সেই নবকলেবর, 'বে বইতে 'মানদী' থেকে 'বলাকা' পর্যন্ত এক জন্ম শেষ করে রবীন্দ্রনাথ নতুন করে জন্মছিলেন। 'আধুনিক বাঙলা কবিতা'র প্রথম কবিতা 'সদ্ধ্যা ও প্রভাত'—আর যা না থাক, সেখানে গচ্ছে তোলা হয়েছে ছন্দের ঝদ্ধার। গছ্যছন্দের মহত্তম পরিচয় তা যুগচ্ছন্দ। এক সময় বৃদ্ধদেব আপ্লুত হয়েছিলেন এই যুগোপযোগী কাব্যবাহনের উদ্ভাবনায়, তার চেয়েও তার উপরে রবীন্দ্রনাথের পক্ষপাতে। এই হয়তো তাঁর বিবেচনায় রবীন্দ্রনাথের যুগব্তিতার স্বচেয়ে বড় শীকার।

ওধু 'লিপিকা' নম, পরের আরো যে চারখানি বইয়ে তিনি যুগচ্চনের লেখক,

তারও কোথাও কিন্তু রবীক্রাতিগতা হলত নয়। প্রছাব আছে বটে: 'আজ পালা দাল করবার বেলায় দেখি কথন অসাক্ষাতে গত্যে-পত্যে রফানিপ্সত্তি চলছে। যাবার আগে তাদের রাজিনামায় আমিও একটা সই দিয়েছি। এক কালের থাতিরে অন্ত কালকে অন্ধীকার করা যায় না।' কিন্তু সেই অন্ত কাল বে তার কোথায়, শুঁজতে হয়। গছাচন্দে প্রসন্ধ তাঁর স্মৃতি, বা শৈশব। যুগ নয় যদি। বলেন—

ৰুটলা-পাকানোর যুগ এটা। কবিতাকে পাঠকের অভিসারে বেতে হয় পটলডাঙার অমিবাসে চড়ে।

সে অভিযোগ। সব ছাপিয়ে বরং এই গ্রুপদী নিঃসক্তি-

সকলের নয় ষে আঘাত ধোরো না সবার চোখে।

আর, প্রায় সর্বত্ত, বিষাদমধুর গল্প, নয় তো অতিকায় এক অবসর : 'আমার ছুটি চারিদিকে ধু ধু করছে ধান-কেটে-নেওয়া ক্ষেতের মতো।'

বেন পুরোনো মধুর সব গল্পকে পরিরে দেওয়া হয়েছে আধুনিক সাজ বা পুরোনো নিজেকেই। বথন 'গীতাঞ্জলি' তর্জমা করেছিলেন ইংরেজি গভে—শাশ্বত সৌন্দর্বকে কালযোগ্য এই সাজে সাজিয়ে দেওয়ার কথাই কি মনে ছিল । সর্বোপরি, নিজেই জানতেন তাঁর 'কঠম্বরে গভে রঙ ধরে পভের।'

তবু, গছছন্দই যদি হয় কাব্যের মৃক্তির শেষতম, দেই উদ্ভাবনা কি তাঁর ? তাতেও কি তাঁকে ব্যাহত করেন নি তিনি নিজেই ? রবীন্তপূর্ব-কাব্যভাষা আরো হুডোল হয়েছে বটে তাঁর হাতে। কিন্তু বেপরোয়া মাইকেলী অমিত্রাক্ষরকে তিনিও ভব্য করে তুলেছেন, দেখা যায় 'নিক্ষল কামনা'র হুরচিত দৃষ্টান্ত সত্তেও মৃক্তক-এর দাবি আত্মন্থ করতে তাঁর সময় লেগেছে। 'লিপিকা'র গছছন্দকেও দেখা যায় কথিকার ছ্লাবেশে, বিতীয় ছলনা তার প্রসল। 'বিষয়ই যদি প্রথার গণ্ডি ছাড়াতে পারলে না তবে ছন্দের জীবমূক্তি কি অসার্থক নয় ?'—হুধীন্ত্রনাথের এই অভিযোগ প্রায় অবগুলীয়, কিন্তু তার উপরেও প্রশ্ন থাকে, ছন্দের এইটুকু নিতেও কি তাঁর অনেক বিধা ছিল না ? 'শেষ সপ্তকে'র অত্প্রিপূরণ দেখতে পাগুয়া যায় একই গভিকার ছন্দোবন্ধ রূপান্তরের মধ্যে। 'প্নন্দ'র অনেক লেখা সোজান্থজিই সরল ছন্দিত মৃক্তক।

গণ্ডের ভূমিকা ছিল বঙ্কিমচক্রেও। 'গল্প পশ্ত বা কবিতা পুন্তকে'র তিনটি গল্পকবিতার কৈফিয়তে তিনি যে ঐতিহাসিক ভূমিকা করেছিলেন আবারও তা শ্বরণ করা যায়

এক্ষণে যে রীতি প্রচলিত আছে যে কবিতা পছেই লিখিত হইবে, তাহা সকত কিনা, আমার সন্দেহ আছে। ভরসা করি, অনেকেই জানেন যে, কেবল পছাই কাব্য নহে। আমার বিখাস আছে বে, অনেক স্থানে পছের অপেকা গছ কাব্যের উপযোগী। বিষয় বিশেষে পছ কাব্যের উপযোগী হইতে পারে, কিছ অনেক স্থানে গছের ব্যবহারই ভালো।

বিষয়বিশেষে গভের ব্যবহারই নিশ্চয় সকত। কালভেদে কবিতার বিষয়ও হয়ে পডে ব্যাপকতর—তাকে ছড়িয়ে পড়তে হয়, তাকে নেমে আগতে হয় 'মধ্যবিত্তমদির জগতে'। যদি কালের দাক্ষী হতে চান তো কালের প্রবণতাও গ্রাহ্ম না করে উপায় থাকে না কবির। কিন্তু কে বলবে কাব্যবিবাদী এই কালের অসার সাক্ষ্য লিখতে মন ছিল রবীন্দ্রনাথের? বিপিনচন্দ্রদের প্রতিধ্বনি না করেও প্রশ্ন জ্ঞাগে, কোনোদিন গৃহস্থপাডায় নামিয়ে নিতে চেয়েছিলেন কি তিনি কবিতাকে? বা নিজেকে?

শেষ দিকে টুকরো অসমৃত গার্হস্য কোথাও আছে, কিন্তু সে লেখা রীতিগতভাবেও ছ-ভাগে গাঁথা: তথ্যচিত্র পূর্ব-ভাগে, বিতীয়াংশে কবির চিহ্নিত নিজম্ব। উল্লেখ করি:

রান্তার ওপারে বাভিগুলো ঘেঁবাঘেঁ যি দারে দারে।… যা-খুশি প্রদক্ষ নিয়ে ইনিয়ে-বিনিয়ে

নানা কঠে বকে যায় কলস্বরে।

কথা-কাটাকাটি চলে গলাগলি চলিতে চলিতে।

একই স্থরে দম দিয়ে বার বার
গ্রামোন্দোনে চেষ্টা চলে থিয়েটারি গান শিবিবার।
কোথাও ক্কুরছানা ঘেউ-ঘেউ আদরের ডাকে
চমক লাগায় বাডিটাকে।

শিশু কাঁদে মেঝে মাথা হানি,
সাথে চলে গৃহিণীর অসহিষ্ণু তীত্র ধমকানি।
তাস-পিটোনির শব্দ, নিয়ে জিত হার
থেকে থেকে বিষম চিংকার।…
হেথা বার বন্ধ হয় হোথা বার খোলে,
ঘডিতে গামছা ধুতি ফর্ফর্ শব্দ করি ঝোলে।
অনির্দিষ্ট ধ্বনি চারি পাশে…
সিঁডিতে আসিতে থেতে

াবাত্রিদিন পথ সাঁতিসৈতে।

বেলা হলে ওঠে ঝন্ঝনি বাসন-মাজার ধ্বনি। বেড়ি হাতা খুস্তি রালাঘরে

ঘরকরনার হুরে ঝংকার জাগায় পরস্পরে।...

কবি আছেন স্পষ্ট ব্যবধানে, রান্তার এপার থেকে দেবছেন—'ওইধানে ঘনীভূত জ্বনতার বিচিত্র তুচ্ছতা', আর জানছেন মনে মনে

আপনার উচ্চতট হতে

নামিতে পারে না সে যে সমস্তের ঘোলা গন্ধাশ্রোতে। ঘোলা-জলের এই সমস্তের বাস্তবিকতার দামনে তাঁর ব্রাহ্মণ্য আরো মাথা চাড়া দিরে। ওঠে, বলতে দ্বিধা করেন না,

> দৈন্ত সেথা, ব্যাধি সেথা, সেথায় ক্ঞীতা… সেথায় উত্তরী ফেলি পরি বর্ম…

পঞ্চাশ বছর বয়সে কবি লিখেছিলেন, 'সাহিত্যে আজ পর্যস্ত আমি যাহা দিবার যোগ্য মনে করিয়াছি তাহাই দিয়াছি, লোকে যাহা দাবি করিয়াছে তাহাই যোগাইতে চেষ্টা করি নাই।' সত্তর পার হয়ে আঁকলেন লোকলিপ্ত ছটি উজ্জ্বল গলির ছবি, ছোটবেলার বেলফুল-হাকা স্বপ্নছায়া-গলি নয়—কিন্তু সেধানেও এই শৈলি। একটি 'পুনশ্চ'র কিয়ু গোয়ালার গলি:

গলিটার কোণে কোণে

ष्ट्राय स्ट्रिश्ट अट्ट अट्ट

আমের খোদা ও আঠি, কাঁঠালের ভূতি,

মাছের কানকা

মরা বেড়ালের ছানা,

ছাইপাণ আরো কত কী যে!

আরেকটি 'পুনশ্চ'র গলিরই প্রতিলিপি, 'দানাই' কাব্যের 'অনস্থা'। করাল তথ্য কবি ঢেকে দিয়েছেন প্রথম স্থোগেই-

মাঝে মাঝে হার জেগে ওঠে

এ গলির বীভৎস বাতাদে…

হঠাৎ সন্ধ্যাৰ

সিন্ধু-বারোর বি লাগে তান · · ·

তখনি মুহুর্তে ধরা পড়ে

ज भनिहा द्याव मिट्हु ...

বাঁশির করুণ ডাক বেরে ছেঁড়াছাতা রাজ্জন্ত মিলে চলে গেছে এক বৈকুণ্ঠের দিকে…

এ লেখা গন্ত-কবিতা নয়। বলা যায়, গন্তায়ত কবিতা। কিন্তু তাঁর শুক্ষতম গন্ত-কবিতারও আদিগন্ত মধুরা এক পল্লী, বা প্রকৃতি—নির্বিশেষ, নিঃসাময়িক। আর ঐ রাজিনামার ব্যাপারটিও প্রক্ষিপ্ত। নয়তো তার পরেই আবার কেন্ ছেদেমান্থবি ছড়া। আবার ফিরে-যাওয়া অভ্যন্ত সাধনায়। কেন গৃহস্থপাড়ার ভাষাতেও দেই অনাদিকালের বিরহবেদনা।

ছন্দ নয়, ক্কচিৎ সম্প্রতিস্পর্শী হয়ে উঠতে চেয়েছে তাঁর উপকরণ, এবং তারই স্বজ্ঞে ভোষা, বা চিত্র।

- আবার সে ওই মাইক্রোব-ওড়া পথে চলিব মোটর-রথে।
- হাইডুলিক জাঁতায়-পেষা কাব্যপিও
 বাদলের কালো ছায়া

 গ্যাতসেঁতে ঘরটায় ঢুকে
 কলে-পড়া জন্তর মতন
 মৃহ্রায় অসাড়।
- এ প্রাণ, রাতের রেলগাড়ি,
 দিল পাড়ি—
- ছেঁড়া মোজা শেলাই করার এল যুগান্তর
 শ্বচিৎ এই ছেঁড়া তুদ্ধতা
 - আনন্দবালার হতে সংবাদ-উচ্ছিট্ট ঘেঁটে ঘেঁটে

 ছুট্র মধ্যাহ্বেলা বিষম বিতর্কে বার কেটে।

সিনেমা-নটীর ছবি নিয়ে তৃই দলে রূপের তুলনা-ত্ত্ব চলে…

 কাঁঠালের ভূতি-পচা, আমানি, মাছের যত আঁশ, রালাঘরের পাঁশ,

> মরা বিভালের দেহ, পেঁকো নর্দমায় বীভৎস মাছির দল ঐকতান-বাদন জ্ঞমায়। শেষরাত্রে মাতাল বাদায় স্ত্রীকে মারে, গালি দেয়, গদ্গদ ভাষায়, ঘুমভাঙা পাশের বাড়িতে

খুমভাঙা পালের বাড়েতে পাড়াপ্রতিবেশী থাকে হুকার ছাড়িতে। ভন্তভার বোধ যায় চলে

মনে হয় নৱহত্যা পাপ নয় বলে।

মান্থৰ-মৃত্তিকার পরিচয় যে তাঁর কত আবছা ছিল, নব্য কবিতার একটু রাখলেই তা চোখে পড়ে

> বিড়ি-ধরানো, পান-চিবোনো, মাহুরে-চ্যাপটানো প্রাণ।

> > অমিয় চক্রবতী।

চারিধারে দরীস্থপ ধৃর্ত নাগরিক অর্থকামস্বর্গ-ছিদ্র থোঁব্বে ঘূরে ফিরে।

বিষ্ণু দে!

शरेषान्य थूटन निय क्ष्रेरवानी कार दन्य कन...

कीवनानम मान।

শীতের আকাশে অন্ধকার ঝুলছে শুয়োরের চামড়ার মতো, গলিতে গলিতে কেরোসিনের তীত্র গদ্ধ,

সমর সেন।

তব্, জনসন্নিধির আধুনিক ইচ্ছাটিকে কবি মান্ত করতে চেয়েছিলেন। 'পটলডাঙার প্রাচালী' কেন, 'পথের পাঁচালী'ও তো তাঁর অভিজ্ঞতার নয়। জনশ্রুতি-অন্থমানে বানিয়ে ছিলেন 'চার অধ্যারে'র গলি, সে সম্বন্ধে বৃদ্ধদেব বন্ধর মস্তব্য: 'তার অভিজ্ব আর যেখানেই থাক, কলকাতা শহরে নেই'। কবিছের এই আধুনিক অবলম্বনটি তাঁর বৃদ্ধির হয় নি।

আধুনিকতার প্রাপোও কি পুরো সায় ছিল'? আশ্চর্য লাগে, বন্ধসভ্যতার বাইনিকেলটিকেও তাঁর মনে হয়েছিল নিসর্গদলতির বাইরে, দ্র 'আত্মপরিচয়' ৫ ১ বে উডোজাহাজটি তথনকার মানববিজয়ের চমকপ্রদ, তার বর্ণনা:

আকাশের সাথে অমিল প্রচার করি কর্কশন্বরে গর্জন করে বাতাদেরে জর্জরি।

এর চেয়েও উল্লেখযোগ্য 'পুনশ্চ'র একটি কবিতা: 'অবস্থানে'। কবিতাটির বিষয় একটি চামেলির লতা। সংশয়হীন অবোধ চামেলির অজম্রফুলগোরবিত কোমল সবুজ ডগাটি গিয়ে ঠেকেছে বিজ্বলিবাতির লোহার তারে তারে, ব্রুতে পারে নি ধে ওরা জাজ আলাদা

কোথাও কিছু বিষোধ ছিল না,
মৌমাছিদের আনাগোনায়
উঠত কেঁপে শিউলিতলার ছায়া।
ঘুষুর ডাকে ছুই প্রহরে
বেলা হত আলস্তে শিথিল ••

সেই ভরা শরতের দিনে স্থ-ডোবার সময় যথন মেঘে মেঘে নানা রঙের থেয়াল তথনই হঠাৎ এল বিজ্ঞলিবাতির অন্নচরের দল

চোথ রাঙালো চামেলিটার স্পর্ধা দেখে —
তক্ষ শৃত্য আধুনিকের রুঢ় আয়োজনের 'পরে
নিত্যকালের লীলামধুর নিশুয়োজন অন্ধিকার
হাত বাডাল কেন।

আধুনিক বিজ্ঞানের হাতে সহজা নিমর্গের এই অপঘাত কবি লিখেছেন শ্রেষ্ঠ ট্র্যাব্দেডি-নাট্যের কুশলতা দিয়ে।

শিল্পবিস্তারের স্পর্বিত পদক্ষেপে শুধু বিশ্বপ্রকৃতি কৃষ্ঠিত নয়, মাহ্যেরে আত্মাও। শাস্তিনিকেতন তারই হাত থেকে কবির স্বীকৃত আত্মরক্ষা। নগর বেইন করে ফেলেছে শিল্প, পা বাডিয়েছে নগর ছাডিয়ে, এই তীক্ষ কবির ভাষা

> ওদিকে ধানের কল দিগন্তে কালিমাধ্য হাত উদ্বেত্লি, কলঙ্কিত করিছে প্রভাত। ধান-পঢ়ানির গন্ধে বাতাদের রক্ষের্ক্ষে

'বিষ' না থাকঁলে তীক্ষিতা হয়তো টের পাওয়া বৈত না। এর পাশে মিলের ধোঁয়ায় ঢাকা শর্মতের নীল নভন্তল এই আধুনিক কবিকণ্ঠও অনেক নম।

এই আধুনিক বেষ্টনীর থেকেই জন্ম লাভ করেছে আধুনিক কবিতা। দোষ কবিতার নয়, দোষ সময়ের। তবু 'অধুনাতনের স্পর্ধা নিয়ে পুরাতনের মানহানি করতে' এসেছে সে, সেই তিক্ততা শতমুখে বলেও ষায় না। 'আধুনিক কাব্যে'র আলোচনায় লিখেছেন, 'এই আধুনিক পয়সাটার দাম কম, কিন্তু জোর বেশি, আর এ খুব স্পষ্ট টং করে বেজে ওঠে হালের স্থরে।' কবিতাতেও আছে তার কিছু পরিহাস। বেমন 'আকাশপ্রদীপে' ঘুরে ফিরে অবজ্ঞায় গেল চলে;

এ ঘরে সকলি ব্যর্থ আরম্বলার থোঁক্স নেই বলে।

আরো আগে, 'পুনশ্চ'য়

কোনোদিন ব্যাঙের খাঁটি কথাটি কি পেরেছি লিখতে…

তিন মাস আগে লেখা 'আধুনিক কাব্য' আলোচনা থেকে থানিকটা পড়ে নিতে হয়

একজন কবি ··· বলছেন, 'আমি সবার চেয়ে বড় হাসিয়ে, স্থের চেয়ে বড়, ওক
গাছের চেয়ে, ব্যাঙের চেয়ে, আগপলো দেবতার চেয়ে।' Than the frog and
Apollo—এটা হল ভাঙা কাঁচ। পাছে কেউ মনে করে, কবি মিঠে করে সাজিয়ে
কথা কইছে। ব্যাঙ না বলে বদি বলা হত সম্ভ্র তা হলে এখনকার যুগ আপত্তি
করে বলতে পারত, ওটা দম্ভরমতো কবিয়ানা। হতে পারে, কিন্তু তার চেয়ে
আনেক বেশি উল্টো হাঁদের দম্ভরমতো কবিয়ানা হল ঐ ব্যাঙের কথা। অর্থাৎ, ওটা
সহজ কলমের লেখা নয়, গায়ে পড়ে পা মাড়িয়ে দেওয়া। এইটেই হালের কায়দা।
এই 'হালের কায়দা' নিয়ে 'শেষের কবিতা'য় যা করা হয়েছে তা আপাত serious,
'সে'-বইয়ে পরিহাদটিকে নিরাবৃত করে দেওয়া হয়েছে।

অভিযোগ, বা পরিহাস, চেনা যায়, ষেন আরোগ্যেরই প্রক্রিয়া, আত্ম-পরীবাদটিকে লঘু করে তোলা তার উদ্দেশ্য। পরীবাদ, বা অবসাদ, কবিকে ছুঁ মেছিল 'পরিশেষে'রও আগে, সম্ভবত 'পূরবী'-পর্ব থেকে। 'পূরবী'-পূর্ব কবিতা ছিল আরক্ত-স্থণাভ — লক্ষ্য করেছেন এক ভায়কার, 'পূরবী'তে সেই লাল ও সোনালির বদলে বসেছে শাদা আর নীল রঙ। এই বর্ণবিশর্ষর অন্ত দিকেও চোথে পড়ে। এই কবিভাগ্রহের বিভার জুড়ে 'রক্তশ্ব ওছ মাঠ' 'পৃষ্ক অন্তন', 'ওছ জরা' 'ঝরাকৃত্ম' আ, ক. ৪

'শৃত তরী' 'শ্রীহীন শৃত্য ঘরে সকহীন জীবন' 'ত্যিত অন্ধরের ক্লান্তি' 'সক্ষমূত্য সাধাক্ষের বৈরাগ্যনিখাদ' ফিরে ফিরে আদে। আর-সব ফ্লের মধ্য থেকে প্রধান হরে উঠতে চার অনাদৃত আকল, শ্বতিমন্ত জুঁই। শুধু তাই নর। এর আগে কবির সঙ্গে সোহার্দ্য ছিল সমারোহমর বসন্তবর্ধার, আর এখানে অধিকাংশ গ্রাস করে আছে হিমহাওয়াকাঁপা ক্রাশা-নিরালোক ফুরিয়ে যাওয়াশীত। যেন আসর-শেষ ছারা ফেলেছে পথে, যেন আগ্রামী তিমির থেকে আর অব্যাহতি নেই। উপমাতেও দেই ক্লান্ত অবক্ষর। বিশেষ করে 'পরিশেষে'র উল্লেখ করে বৃদ্ধদেব বস্থ একাধিকবার বলেছিলেন, এই বই থেকেই রবীন্দ্রনাথের কবিতায় আধুনিক শৈলী ও আধুনিক প্রসক্ষ অবারিত হয়েছে। 'পরিশেষ' কাব্য বিশ্লেষণ করে সরোজ বল্যোপাধ্যায় দেখিয়েছেন তার অন্ধরার বর্ণলেপ: 'রাত্রির ভাবান্থমন্ধে আগত শব্দরাজি, রুম্বর্ণ এবং অন্ধকারবাচক শব্দতিত্তের যেন যথাতথাই সাক্ষাৎ মেলে পরিশেষ কাব্যগ্রন্থে।' এবং 'এ রাত্রি নক্ষত্র-থতিত বা জ্যোৎস্নাপুলকিত কাব্যখ্যাত রাত্রি নয়। থেয়ার অরূপসাধনার তৃ:থরাতের রাজা আসবেন সেই ঝড়ের রাত্রিও নয়। এ রাত্রির একমাত্র পরিচয় এ মসীরুষ্ধ। এ যেন কতকটা হতাশাব্যপ্রক।' বস্তুত 'পরিশেষে' যে 'গোধ্লির ধূসর প্রহর' 'দিশাহারা নিশা' গিন্ধরাজের সারে জমা শুকনো পাতার দৈত্য' 'নৈরাশ্রনিশীথ' 'শৃত্যে শৃত্য হতাশ বাতাদ'

প্রতারণার ছুরি

পাঁজর কেটে করে চুরি

मद्रम विश्वाम ;

'বোবা তৃঃথের ভার' 'ভাগ্যের জ্রন্টা' 'সোঁদালের ডালের ডগায় কুঁকড়ে যাওয়া পোকাধরা পাতা' 'কীটের দংশন' ইত্যাদি বাক্যাংশ ছডিয়ে আছে, তার মধ্যে ভুধূই অপুরণ হতাশা। দৃষ্টান্ত হিসেবে নেওয়া যাক 'আতঙ্ক' কবিডাটি—

'অনির্দিষ্ট শঙ্কা' এবং 'নৈরাশ্যের অলীক অত্যুক্তি যেন পেঁচার চিংকার' এই কবিতার অন্ততম সার্থক উক্তি। কবিতার বিষয়বস্তু একটি ধনে যাওয়া পুরোনো বাডি। কিন্তু এই পুরোনো বাড়ি আদলে তিরিশের সন্ধটাপন্ন কালেরই ছারা।

পুরোনো ধস্ লাগা বাড়িটির মধ্যে দেশকালের সক্ষট আঁকা হয়েছে, না তাঁর নিজেরই ক্ষয়, তাতে সংশয় আছে। কিন্তু অশুভের এই যে কালো 'পরিশেষে' দেখা গেল

ত্ইগ্ৰহ সেব্দে ভয়

ক্লালো চিহ্নে মুখডলি করে। কাঁটা-আগাছার মতো অমদল নাম নিরে আতক্ষের বদল উঠেছে। এত বড অন্ধনার তাঁর লেখার এর আগে এসেছে কি না সন্দেহ। এমন কি 'সোনার তরী'র শেষ কবিতার: 'অসীম রোদন জগৎ প্লাবিয়া / ছলিছে যেন।' এই যে পংক্তি তুলে প্রমথনাথ বিশী বলেছিলেন 'এ মনোভাব রবীক্রসাহিত্যে আগেও নাই, পরেও নাই' তাও এতখানি অশুভ নয়। তব্ অন্ধকারই নয় 'পরিশেষে'ও। দীর্ণ প্রবী'-প্রদোষেও যেমন জেনেছিলেন 'স্র্কিরণ শিশুর মতন ভরিতে চায়'—তেমনই 'পরিশেষে'র নিরাশনিশীথেও 'প্রভাতকিরণপায়ী' তাঁর কবিপ্রুষ। ঐ হতাশারও মধ্যে লেখা এই জ্যোৎস্লা

শিরীষ্বন নতুন-পাতা-ছাওয়া
মর্মরিষা কহিল 'গাহো গাহো।'
মধুমালতীগন্ধে-ভরা হাওয়া
দিয়েছে উৎসাহ।
পূর্ণিমাতে জোয়ারে উছ্লিয়া
নদীর জল ছলছলিয়া উঠে।
কামিনী ঝরে বাতাদে বিচলিয়া
ঘাদের 'পরে লুটে।

আর, হতাশা ছিন্ন করে পুনর্জাগরিত এই তাঁর চৈতন্ত আবার জাগি**ন্থ** আমি।

त्राणि इल क्य ।

পাপড়ি মেলিল বিশ্ব।

'পরিশেষে'ও ফের আফুষ্ঠানিক বসস্ক-উৎসব—জীবনমরণের মিলিত থঞ্জনির তালে।

যেমন 'মন্ত্রা'র আফুষ্ঠানিক শৃপার। অন্ধকার থেকে বিশ্বাদের ভূমিতে উঠে দাঁডানোর

এই ব্যাক্লতা—বা প্রক্রিয়া—এ কেবল 'পরিশেষে'রও নয়। প্রথম জীবনের 'অন্ধকারের
উৎস হতে উৎসারিত আলো সেই তো তোমার আলো'—অস্ত্য-পর্বেরও ঋত:
'রক্তের অক্ষরে দেখিলাম / আপনার রূপ, / চিনিলাম অন্ধকারে / আঘাতে আঘাতে /
বেদনায় বেদনায়; / সত্য যে কঠিন, / কঠিনেরে ভালোবাদিলাম।' এ যদি হয়
কবিহৃদয়ের আভ্যম্ভর, বহিবাচা উদ্ধৃত করি 'নৈবেছ' থেকে—দয়াহীন সভ্যতানাগিনীর
উন্ধৃত দংশন নিয়ে এল যথন বিংশ শতান্ধী, কবি সংকল্প পডলেন,

এ মৃত্যু ছেদিতে হবে, এই ভয়ন্দাল এই পুঞ্চপুঞ্চীভূত জভের জঞ্জাল, মৃত আবর্জনা।…

আবার, পুঞ্জিত অড়ের সঞ্চয় নিরে বিংশ শতক যথন প্রায়-প্রোঢ়

উপর আকাশে সাজানো তডিৎ আলো—
নিমে নিবিড অতিবর্ধর কালো
ভূমিগর্ভের রাতে—
ক্ষ্যাতুর আর ভূরিভোজীদের
নিদারুণ সংঘাতে
ব্যাপ্ত হয়েছে পাপের তুর্দহন,
সভ্যনামিক পাতালে যেথায়
জমেছে লুটের ধন…

তথনো তাঁর শরণ কল্যাণশব্জির কাছে, অস্থলিত—
বেদমন্ত্রের ছলে আমার মন বললে—
মধুময় এই পার্থিব ধূলি।

অমিরচন্দ্রকে একবার জানিয়েছিলেন, 'তুমি জানো আমার অনেক কবিতা তুর্বোগের ফসল।' কিন্তু 'সকল জীবের দিনের আলো আমারে লয় ডাকি'—এই ভাগ্যেরও দেখি কান্তি নেই, তিমিরের বাঁকে বাঁকে দেখি পড়ে চলেছেন তিমিরনাশন মন্ত্র—আর কবিতা তো বলতে গেলে তাই—তিমিরনাশন স্ক্র—এ কালেই যেন তা বিশ্বরণ হয়ে গেছে কবিদের। ইনোসেন্দের ব্লেক অভিজ্ঞতার তাপে পুড়ে বলে উঠলেন 'I in my selfhood am that Satan, I am that Evil one, কিংবা বিতীয় ইয়েট্ল পরে নিলেন এই পরুষ মুখোশ: Myself must I remake / Till I am Timon or Lear / Or that William Blake—এই বাম পথই কি পরিণাম ? 'অক্ষর্যান জানি আমার দেয় নি শরণ'—স্ক্রীন্দ্রনাথের এই নান্তিক্য, বা দেখা যায় জীবনানন্দের নিরুপায় এই ভিমিরবিলাসিতা—

তিষিরহননে তবু অগ্রসর হযে
আমরা কি তিমিরবিলালী ?
আমরা তো তিমিরবিনালী
হতে চাই।

স্যাটানিজ্ম্ হল পাছত্যোর দিয়ে খৃষ্টীয়তার অন্দরে ঢোকবার প্রয়াস, এলিয়ট বলেছেন। ববীন্দ্রনাথের আবেক কবচ অজর শিশুবয়স। দাস্তের মতন তাঁর কবিতা— বাল্যপ্রেমের বিজয়গাথা, 'পুরোনো সেই কিশোর প্রেমের করণ ব্যাক্লতা'। সময়েক্ দাগ লাগে না, ওয়ার্ডসায়র্থের: 'Heaven lies about us in our infancy', বৈক্ষবকবিদের সেই মাধুর্থরসৈক্সিক্কু কৈশোর; 'ভর্থু শিশু বোঝে মোরে': 'পুরবী'র এই বীকৃতি তো স্মাছেই, তা ছাড়াও বধনই সংশ্ব তাঁর মুখের ওপর, দেখি তিনি চোধ

মেলতে চাইছেন শৈশবনিসর্গের স্থবিখাসে, সরাসরি লিথছেন ছোটদের লেখা—
পদ্মীবিয়োগের পর 'শিশু'র কবিতা, আমেরিকার বস্তুগ্রাস থেকে বেরিয়ে 'শিশু ভোলানাথ'—'নরকে এক ঋতু' নয়, 'হ্যাইয়র্কে কবি' নয়—লোরকা হান্ধলি ছুআমেল কারোর মতো নয়, 'রক্তকরবী'র কিশোর-নন্দিনীর কৃত্বমকেশরস্ক্মার এক ছত্ত্ব আরক্ত প্রথমবয়নী ভালোবাসা—যক্ষপুরীর অরম্ভ শিলাপাঁচিলের ফাট ধরে তার বিকাশ।

আর গান। সেও আরেক অক্ষর নির্ভরতা। একবার অনতিবয়সী এক মাস্টারমশাই তাঁকে প্রশ্ন করলেন, আপনি কি নিশ্চয় বে ঈশ্বর আছেন १ রবীশ্রনাথ বললেন, না। তবে নতুন কোনো গানের হুর বর্থন প্রাণে লাগে তাঁকে টের পাই। 'গান যথন সম্পূর্ণ জাগে মনের মধ্যে, তথন চিত্ত অমরাবতীতে গিয়ে পৌছয়'—শেষ বয়সে লিথছেন অমিয়চন্দ্রকে, 'এখনো ছটো পাকা ঠিকানা পেয়েছি আমার বানপ্রস্থের—গান আর ছবি।'

রোম্যাণ্টিক আন্দোলনের বড় জয় হয়েছিল সংগীতেই। এই ইতিহাস-পর্বে দেখি কবিতা-গানের অন্যোগ্রতা যেন বিধাহীন। কবিমানদের তুলনা বলে 'ঈয়োলিয়ান লায়ার' নামে যে রোম্যাণ্টিক খেলনাটিকে বেছে নিয়েছিলেন নোভালিস, বা শেলি, বিরূপ শ্রোত্মগুলীর মাঝ থেকে একজন আবিষ্ট বোদলেয়ারকে বিশাল দিখলর আর বিপুল মায়াবিচ্ছুরণ ভরা অনস্তের রাজ্যে তুলে নিয়েছিল যে হ্বাগনারী গীতবজ্ঞ, তা এই অন্যোগ্রতার দৃষ্টান্ত, রোম্যাণ্টিক চিন্তের সাধ ও সাধ্যের সাক্ষ্য। বিশ্বন্দান অহরণিত করবার রবীশ্রবীণাটিই কি কম? 'অনির্বচনীয় বিশ্বরস' বার বাঞ্ছা, বার কাব্যভূমির বচনীয়তাকে বেইন করে বায়ুমগুলের মতো গানের অনির্বচনীয়, তাঁরই দৃষ্টান্তে ব্রুতে সহজ্ঞ হয় ভূবদ্ধ রোম্যাণ্টিকদের কাছে ঐশী মাজার মতো ওই বিচ্ছুরণময় গীতাজা: নিগড়ভাঙা মৃক্তি ও দিশাহীনতার পরমা আশ্রয়। দেখি, গ্রন্থ সমকাল যথন পিঠে, সেই ত্র্দিনেও কিনে নিশ্বন্ত নির্ভর

তুর্বোগ আসি টানে যবে ফাঁসি কর্মে পড়ায় গ্রন্থি,
মন্থর দিন পাথেয়বিহীন দীর্ঘ পথের পন্থী;
নির্দয়তম নিন্দার হাস, নির্মাতম দৈব
শ্ন্তে শ্ন্তে হতাশ বাতাস ফুকারে 'নৈব নৈব'—
হঠাৎ তথন কহে মোর মন, 'মিথ্যে, এ সব মিথ্যে,
প্রাণে যদি রয় গান অক্ষয় স্কর যদি রয় চিত্তে।'

ত্দিনে, 'পরিশেষ'।

গান তো কেবল হুরের বিস্থাস বা সমষ্টি নয়—তার মধ্যে মানবিক জাগতিক 'অরুজাব' উর্মিত করে সংগীতের যুক্তিনিধান করতে চেয়েছিলেন রবীক্সনাথ।

শুধু মার্গ-দিশি বা বিদেশী-দোঁকিক স্থরের জোডকলম ময়, গানের মধ্যে আরো অনেক গীতাতিরিক্ত বিষয়: 'সংগীত আর কিছু নয়—সর্বোৎকৃষ্ট উপায়ে কবিতা পাঠ করা'— অর্থাৎ কবিতাগত নানা মানববৈচিত্র্য। এই একটি কারণই নীট্শের তিরস্কারের বোগ্য হতে পারত, হ্বাগনারের দিখিজয়েরও মূলস্ত্রে। কিছু আমাদের কাছে তার চেয়ে বড তথ্য হল, গানের অতীন্দ্রিয় অপরোক্ষে ভর করল তাঁর কবিতাতে। কবিতায় পাশাপাশি সহাবস্থান করে পরিস্থিতি আর তার প্রকাশ—ক্রিয়া-প্রতিক্রিয়ার মতো। গানে ক্রিয়াকে আদে অম্বরু রেখে তার প্রকাশ সম্ভব। কথা দিয়ে চারপাড় বেঁধে গানকে তিনি কবিতার পরমাত্মীয় করে তুলতে চাইলেন। শুধু অচিহ্নিত মনোবেদনায় দে নিজাবিত হল না, বেরিয়ে এল চেনাজানা মানবভাষা পরে। শুধু অনির্বচনীয় আভাসিত হল না, সেই স্থরের ভেতরে ভেতরে বর্ষারোদ্রময় দৃশ্য ও চিহ্নিত মনস্থাপ ব্যক্ত হয়ে পডল। শুর্ শ্রবাস্থত্য শব্দের শিঞ্জন জমে উঠল সেই পদাবলীতে।

রবীদ্রোত্তর গীতলেথকেরা গান ছেপে তার উপরে বসিয়েছেন কবিতার শিরোনাম, কেউ তা কবিতা বলে নেয় নি—অতুলপ্রসাদ বা অজয় ভট্টাচার্য যিনি হোন। রবীদ্রোত্তর কবিরা গান লেখেন নি। নজকল ইসলাম লিখেছিলেন—সে থিয়েটারি গান। বিষ্ণু দে জানিয়েছিলেন,

জানি সব সাধ শিল্প সব সাধনাই

সাধ্যের সন্ধান করে গানে গানে।

লিখেছিলেন 'টপ্পা-ঠুংরি'। বুদ্ধদেব বস্থ সাধ করেছিলেন:

তাই গান,

বানাতেই হবে গান, বাস্তবের স্বাস্থ্যে ফিরে যেতে।
স্থাব্দিনাথ বেঁধেছিলেন সঘন-বিশদ অর্কেন্টা। কিন্তু গানের কবচকুগুল আধুনিক কবিদের
কাছ থেকে চলে গেল। যে গান ছিল আদি ইতিহাস থেকে বাঙলাদেশের মর্মবাণী তা
হাক্ষ-আথডাইয়ের থেকেও আরো ভাগ হতে হতে নেমে এল সিনেমা-রেকর্ডের গান
হয়ে। বাঙলা গান থেকে কবির লেখনী স্থানুর হয়ে গেল।

٩

এই লেখার সরহদ্দ কবিতা, তবু, রবীন্দ্রনাথ তাঁর ছবিকেও বলেছেন রেখার কাব্য— যার রেখা আর কাব্য হুই কবিতার থেকে আলাদা। কবিতার যিনি সনাতন বিধায়িত,

৪. 'গাবে আমি রচনা করেছি শ্রামা, রচনা করেছি চণ্ডালিকা। তার বিবরটা বিশুদ্ধ ব্যর্থস্ত নম্ন। তীত্র তার স্থান্তঃও তার ভালোমল। তার বাস্তবতা অকুত্রিম এবং নিবিড়।' অমিন্ন চক্রবর্তীকে চিঠি, ১৪.২.১৯৬৯।

দারিখনত, সাধারণ মাছবের থেকে অনেক দ্রের, কবিতা থেকে নেমে দাঁড়ালে? চাক্ষ-বিনোদিনীকে কোথার রাখা 'নৈবেছা'র পাশে? আর মহেন্দ্রের সেই রিপু?—'যেন পশুশালার দরজা খুলে দেওরা হল, বেরিয়ে পড়ল হিংস্র ঘটনাগুলো অসংষত হয়ে'।

এই তু-চারিত্র আরা দেখি। 'বলাকা'য়-'চতুরঙ্গে'। শব্দময়ী অপ্সররমণী ভরতার তপোভন্ন করে ডাক দিয়ে গেল যখন অক্তত্তর দূরতর অন্থিষ্টে, তথনই: শচীশের 'মনে इटेन (मटे जानिम ज्हारे। जामारक जात नानामिक करतनत मधा भूतियाह, আমার আর কোনোদিকে বাহির হইবার পথ নাই।' ব্যক্ত করে বলেছেন, 'দাইকলজির অতি সুন্দ্র তত্ত্বের মহলে কুলুপ দেওয়া ঘর। নিষিদ্ধ দরজা না খোলাই ভালো…', তরু মক্ষিরানীর থেকে সোহিনী অবধি, নীরজার প্রেতিনী-কল্পাল, 'নকল দেবীর কুত্রিম সাজে'র নিচেকার মেয়েমামুষ-যেন নব্যতা আর অবচেতনে জ্বোড় দেওয়া। সমালোচক ঠাকুরদাস মুখোপাধ্যায় সম্বন্ধে যে রহস্ত করেছিলেন: 'ভাবে বোধ হল তাঁর বিশ্বাস আমার গত্তে আমার পত্তের চেয়ে ঢের বেশি কবিত্ব পরিস্ফুটভাবে প্রকাশ পায় এবং সেইটেই তাঁর মতে স্বাভাবিক।' কবিতা আর স্বাভাবিকতার সেই দ্বিধা শেষ দিকে যেন গন্থ-পত্মের চাইতে লেখা আর ছবির ভেতরে বিভক্ত হয়ে পড়েছে। জন্ম-রোম্যান্টিকতা, চিরকালের 'মহং' 'বড়' 'ভালো' 'আনন্দ' ও 'বিশ্বাদে'র নস্টালঞ্জিয়া লেখায় আর তত্ত্বে ষত তীব্র, তত যেন 'অচিস্তার অতল থেকে' ভেলে উঠে পর্দা দরিয়ে বের হয়ে আগছে 'মনোলোকের অবচেতন ভরে যে আগুন চাপা ছিল', 'চৈতন্ত-অন্তঃপুরের রেথারপের জাতু-নর্তকীরা'--গৃঢ়, অধোক্তিবক্রিম কুফা ভামিনীর দল, টলমল স্থ্রবিয়ালিস্ট ছবির জগং, 'ধাই বলি না কেন বর্তমান যুগধর্মের প্রেরণাকে অতিক্রম করা আমার পক্ষে অসম্ভব'—এই স্বীকৃতিটুকুও তার পিঠে। 'The poetry reveals nothing of the poet's personality, though it establishes his status. But the painting is an intimacy comparable to the publication of private correspondence.'—ক্মারস্বামী বলেছিলেন। সন্ত-জীবন স্পন্দিত বলেও বটে এই স্বাভাবিকতা।

'এখনকার অবচেতনতত্বে-পাওয়া কবিতা'—সেও তাঁর খুবই জানা ছিল, 'অবচেতনী কল্পনার অসংলগ্নতার আদিক' ব্যবহার করে লেখা। কিন্তু 'শ্রীমান সজনীকান্তকে' 'নাহিত্যে অবচেতন চিন্তের স্থাষ্ট' বলে যে ছবি ও কবিতা উপহার দিলেন তার কবিতাটি 'অভুত অপ্লের বানানো' হলেও কতথানি 'অবচেতনতত্বে-পাওয়া' তা নিস্পাদনযোগ্য।

বৃদ্ধদেব বস্থ রবীন্দ্রনাথের আধুনিক মৃতি দেখেছিলেন 'লেষের কবিতার': 'সে যে আমাদের চেয়েও ঢের বেশি আধুনিক'। দেখেছিলেন রবীন্দ্রনাথের গছকবিতার।

ভাক্ষয়িনকে জানতেন, বের্গদনের পত্রে তাঁর প্রসিদ্ধ কবিতার থেকে উদ্ধার করেছেন ভাত্সকারেরা, সাক্ষাং পরিচিত হয়েছিলেন বহুতর দর্শনবিজ্ঞানীর, ক্রয়েড বা যুং তাঁর জ্যেষ্ঠ ও কনিষ্ঠ তুই সমকালীনকেও নিশ্চয় জানতেন—ক্রয়েডের 'প্রপ্ন নির্ণয়' ১৯০০ এবং যুং-এর 'জ্বচেডন' ১৯১৭ সালের বই। ক্রয়েডের দৃষ্টান্তে 'মেটাফি জিক্স্কে মেটাসাইকলজিতে' বদলে নিতে চান নি বাক্যবন্ধে—'যা অস্বাস্থ্য, যা বিকার, যা মুদ্রাদোষ তা সাইকলজির বিষয়, তা কবিতার নয়' এই জ্ঞানে। আত্ম-স্বন্ধপের খোঁজে, নিজের পুরোনোপ্রোম্বিত অতীতকে জানবার আকাজ্জার বংশ-সমাজলতার অবচেতন খুঁজে ব্যক্তিবাধ ও জনস্ত জীবনের যোগস্ত্রে মিলোতে ইয়েট্স্ কাজে লাগাতে চেয়েছিলেন চিকিৎসাণাল্লীদের আধুনিক মনোবিকলনবিভা, কিছু যুক্তি আছে তার 'এ ভিশনে'ও। ১৯২১এ জ্বেন্থের 'ইউলিসিস' আলোচনার প্রত্রে এলিয়ট লিখেছিলেন, 'সাইকলজি এখনোলজি এবং 'দি গোল্ডেন বাউ' এই তিনের সমবায়ে অনেক কিছু এখন সাধ্য হয়েছে, কয়েক বছর আগেও যা অসম্ভব ছিল।' এই সাধ্য-সাধনের প্রস্ক রবীজ্রোভরদের। ক্রখীক্রনাথ রক্তে জেনেছিলেন 'প্রাক্স্রাণিক পশু'র উপস্থিতি, বিষ্ণু দে লোকর্জের অক্স্বকে তাঁর লেথাকৈ বলেছিলেন 'আমার কৃটিরশিল্প লেখা', জীবনানন্দের 'ধুসর পাণ্ডুলিপি'তে পুনক্ষত্বত দেখি আদিমান্থবের কোম চিত্তর্ত্তি:

ভেকে নেবো আইবুড়ো পাড়াগাঁর মেয়েদের সব;

মাঠের নিষ্কেজ রোদে নাচ হবে…

সঞ্জীবচন্দ্রের উদ্বেজনা নয়, এর সঙ্গে মিল যেন ইয়েট্সের 'Dancing to a frenzied drum'—মাদল আর নাচে মেলানো নতুন-সাধনীয় ব্রতাচারের।

'ছন্দ আশ্চর্য হ্বার উপার নেই যদি তার মধ্য দিয়ে কাব্যের আশ্চর্য ভাব ছন্দিত না হয়ে থাকে'—অমির চক্রবর্তী। আবারও যখন বলছেন, 'সামান্ত একটা কথা—
কিক্শওরালা—কবিতার ব্যবহার করতে হলে প্রাচীন ছন্দের ঘনঘোর কাঠামোতে ক্লোর না,' কিবো বিষ্ণু দে যাকে বলেছেন 'কথ্য উক্রারণের পক্ষে উপযুক্ত প্রাত্তাহিক', সেই প্রাত্তাহিকের উপর দাঁড়িয়ে কবিরা হুইয়ে আনতে চেয়েছিলেন যাকে 'হুয়েইয়র যাটতলা বাড়ির চাইতেও উচু' বলে দেখেছিলেন তথনো। অমির চক্রবর্তীর চোখে উর্বদী এক-পেনি লোভী রাম্ভার মেয়ে, সমর সেনের উর্বদী ক্লান্ত মধ্যবিত্ত চিত্তরঞ্জন সেবাসদনের বিষয়ম্থ মেয়েরা, বিষ্ণু দে-র উর্বদী পোরাণিকা, কিছু, 'চিত্রা'র উর্বদীর তুলনার তিনি যুগান্তরে অবস্থিতা। কীট্সের 'ওড অন মেলান্ধলি'তে যে পের্সিকোনে-প্রসার্শিনাকে লেখা হয়েছে পাউণ্ডের 'ক্যান্টোক্ত'এ কবির লক্ষ্যসাধিনী ক্লপে তাঁর যত দ্র ম্যান্তরণ, হয়তো তা আরে। কতক দূর গিয়ে পেতে হয় সয়য় ভট্টাচার্মের 'উর্বর উর্বদী'তে। কিছু এই আধুনিকতা রবীক্রকান্যে পাবার নয়। সেই কারণে কি

রবীজনাথের মৃত্যুর পর বুদ্ধদেব 'অ্যান একার অফ গ্রীন গ্রাস'এ রবীজনাথের আধুনিকভার সীমা নির্দেশ করেছেন আছ-এজরা পাউও অবধি ? তার পরে নয় ? 'The range of his verse technique will carry us from Wyatt and Surrey, across Spenser, Marlowe, Dryden, Shelley and Swinburne, right up to the early Ezra Pound'.

জটিলতা পরিহার করে বরং বলি সোজা তুলনা:

অনস্ত এ আকাশের কোলে
টলমল মেঘের মাঝার
এইখানে বাঁধিয়াছি ঘর
তোর তরে কবিতা আমার।
যবে আমি আসিব হেপায়
মন্ত্র পড়ি ডাকিব তোমায়।

গান আরম্ভ, 'সন্ধ্যাসঙ্গীত'।

শহরের বুকে পীচতলার
নেব সথী এক ছোট্ট স্ন্যাট !
ট্রাম বাস ভিড় নিত্য বার
উচ্চ বৃক্ষ-চুড়ে দোঁহার
ভিড়েতে থেকেও কী নিরালার
গোলমাল বেন গায়ের ম্যাট্!
শহরের বুকে পাঁচতলায
মধ্চক্র সে ছোট্ট স্ল্যাট !
কবিকিশোর, 'চোরাবালি'।

'মানসী'-র গ্রামবধ্ এই নব্যা স্বভাষ ম্বোপাধ্যায়ে এদে, 'পদাতিকে'র 'বধ্' কবিতায়:

গলির মোড়ে বেলা যে প'ড়ে এলো পুরোনো হ্বর ফেরিওলার ডাকে, দূরে বেতার বিছার কোন মায়া গ্যাসের আলো-জালা এ-দিনশেষে, কাছেই পথে জলের কলে, সথা কলি কাঁথে চলছি মৃত্ চালে হঠাং গ্রাম হৃদয়ে দিলো হানা পড়লো মনে, থাসা জীবন সেথা। 'থাসা জীবন দেখা'—পূর্বস্থরির বক্ত বৈদধ্যের বদলে সহজ এই তিরস্কার। মিলি লিলি লিসি ডলু বুলা, কিংবা ঈষস্ভাবে কলক-করণ পরা ভাকামিস্থনিপূণা অজিত দত্তের 'মিস্'—তার তিরস্কার পাবো রবীক্সনাথেই: 'ছন্দোহারা কবিদের ব্যক্ষাসি বিহুসিত প্রিয়া'। মহাসাগরের নামহীন কুলে কুলে, অজানা নদীগিরিমেক্ষকান্তারের ভূগোলসভ্ষ্ণ, অথবা বহুজনপ্রসারাত্রর, প্রেমেন্দ্র মিত্রের এই আত্মপরিচর: 'আমি কবি যত কামারের আর কাঁসারির আর ছতোরের, মুটে মজ্রের, / আমি কবি যত ইতরের', সেও প্রতিহত হয়েছে রবীক্সনাথের ঘটি স্বীকৃতিতে:

- বিপুলা এ পৃথিবীর কডটুকু জ্বানি

 নমাজের উচ্চ মঞ্চে বসেচি সংকীর্ণ বাতায়নে।
- মাঝে মাঝে গেছি আমি ও পাড়ার প্রাঙ্গণের ধারে,
 ভিতরে প্রবেশ করি সে শক্তি ছিল না একেবারে।

১০ সংখ্যক, 'জন্মদিনে'।

তথ্যোক্তিদরল ঐ আভিযাত্তিকতা—কাব্যাধিষ্ঠান পাওয়াও নয় অমিয় চক্রবর্তীর মতো, বেন আরো চোথে পডে। এর পরে খুঁজতে হয় অঞ্জিত দত্তের কিংবা আরো পরের কবিদের 'ভূখা মিছিল' বা 'কান্তে'—এদের বা কতদ্র দাবি-পূর্বাভাস পডেছিল রবীক্রনাথে।

রবীক্রজীবনের শেষ দিকে প্রবল হয়েছিল প্রগতি-বিপ্লবের ডাক। নজফলের 'বিদ্রোহী'-'সাম্যবাদে'র উন্মাদনা নয়, দর্শনগর্জ—কিছু সমর সেনের মার্ক্রাদ, জরুল মিত্রের 'লাল ইন্ডাহার': 'ভোঁতা হয়ে গেছে পুরোনো কথার ধার।/ যুগান্ত উৎকর্ণ: এখনি পড়ো/ নতুন ইন্ডাহার' বা স্কভাষ ম্থোপাধ্যায়ের 'নির্ভীক মিছিল শুধু পুরোভাগে পেতে চায় নির্ভূল গায়েন', ইত্যাদি: এর মধ্যে যে নতুন পথ তাতে স্পন্দিত হবার প্রস্ক রবীক্রনাথের তথন আর ছিল না। তাঁর স্পর্শ বর্জন করে সমাজের কোনো ক্লত্য চলত না বলে এঁরাও অধিকার করেছিলেন রবীক্রনাথের 'এবার ফিরাও মোরে' বা ১০ সংখ্যক 'আরোগ্য'। তবু, প্রধানত যে-চোথে দেখেছিলেন তার ক্লম্বং ভাষা:

ভারতবর্ষে বুর্জোয়া সভ্যতার প্রগতিক ফলাফলের শ্রেষ্ঠ উদাহরণ রবীন্দ্রনাথ।

সমর দেন: 'বাংলা কবিতা'। কবিতা, বৈশাখ১ ৩৪৪।

এই রৌদ্রদশ্ধ, ধৃলিরুক্ষ, নিষ্ঠ্র পৃথিবীতে ব্যথাক্লিষ্ট, জীর্ণবক্ষ গণদেবতার মৃক্তিসংগ্রামেন রবীক্রসাহিত্য অবাস্তর।

হীরালাল দাশগুপ্ত: 'এই যে সাম্প্রতিক সাহিত্য'। নতুন পত্র, আশ্বন১৩৪৬ বিংশ শতাব্দীতেও বে প্রতিভা মান্ত্রকে এমন কৌশলে, এমন ভাবে প্রলুক্ক প্রাক্পৌরাণিক যুগের অন্ধকারাচ্ছন্ন প্রেতপুরীতে নিম্নে গিয়ে ভূলিয়ে রাখতে পারে, দে প্রতিভা সহস্রবার নমশু; যুগের বিচার যা-ই হোক না কেন।

বিনর যোব: 'বাংলা সমালোচনা'। নৃতন সাহিত্য ও সমালোচনা, ডিসেম্বর১৯৪০ এঁদের কাছেও রবীন্দ্রনাথকে প্রমাণ করতে বৃদ্ধদেব বস্তু 'পূনক্ষ' থেকে যে সব কবিতার সাধারণের উল্লেখ—বস্তিজীবন, শাক-তোলা গরিব মেয়ে, পৃথিবীর মাটি-লিগু কলকলনাদী জনতা—তার তালিকা তুলে লিখেছিলেন, 'প্রগতিবাদীরা খুশি হবেন, কিন্তু রবীন্দ্রনাথকে যারা আইভরি-টাওয়ারের বাসিন্দা বলে জানেন, তাঁরা পরম ভ্রান্ত।' 'আধুনিক বাংলা কবিতা'র ভূমিকায় হীরেন্দ্রনাথ মুখোপাধ্যারের এই পরম সমর্থন:

এখনও রবীজনাথ যথন হঠাৎ দেখে ফেলেন যে সৌন্দর্যের কল্পরাজ্যে আকবর বাদশা আর হরিপদ কেরাণীর মধ্যে কোনো প্রভেদ নেই, তথন মনে হয় যে তথু ভাষায় নয়, ভাবেও আর্যপ্রয়োগের অধিকার তাঁর আছে।

আর্ধপ্রয়োগের তুলনার ঠিকতর দক্ষতিতেই হয়তো বা তাঁর গ্রহণযোগ্যতা, ভবানী দেনের একটি শেবদিককার মূল্যায়নে তাই মনে হয়: 'মানবসভ্যতার এই সন্ধিক্ষণে রবীন্দ্রনাথ প্রগতির শিবিরেই তাঁর নিজস্থান নির্বাচিত করেছিলেন…'। নীলরতন সেন সম্পাদিত একখানি রবীন্দ্রশতবার্ষিক সংকলনের এই স্থবিচার। তবু, জীবননীন্তি, সমাজনীতি, রাষ্ট্রনীতি, কাব্যনীতি কোনটিতে তিনি প্রগতিবাদীর তুলনায় কী রকম, এ আর এখন তত আলোচ্য বোধ হয় না, এই পরিসরে তো নয়ই।

٦

রবীন্দ্রনাথের জীবনকালে প্রকাশিত শেষ কাব্যগ্রন্থ 'জন্মদিনে'। বেরোবার পর রবীন্দ্রনাথের ক্লীন ম্থপত্র 'পরিচয়' সম্পাদকীয় নিবন্ধে লিখেছিলেন, 'রবীন্দ্রনাথ বাঙলাদেশের প্রবীণতম ও কনিষ্ঠতম সাহিত্যিক।…গত ২৪শে বৈশাথ প্রকাশিত 'জন্মদিনে' বোধ হয় বাঙলাদেশের আধুনিকতম কাব্যগ্রন্থ।' প্রশন্ধি, তবু রবীন্দ্রপরবর্তীরা রবীন্দ্রোভরতার দৃষ্টান্ত যে রবীন্দ্রনাথের কলম থেকেই দেথতে ব্যগ্র ছিলেন তখনো, তাতেও ভূল নেই। কেবল রবীন্দ্রনিমগ্র বৃদ্ধদেব নন, রবীন্দ্রপ্রত্যাহারী বিষ্ণু দেও:

সে কথা তো জানি তোমাতে আমার মৃক্তি নেই;
তবু বাবে বাবে তোমারই উঠানে যাওয়া আসা।

মনে হয় যৌথ স্বীকার রবীক্রোন্তর কবিদের।

আব্দ এখন মনে হয় রবীক্রোন্তর কবিদের কতথানি অপচয় কেবল রবীক্রাতিক্রমণের চেষ্টাতে। পুঞ্জ-রবীক্রোপকরণের মধ্যে আগ্লুত থেকে তাকে ভাঙবার আপ্রাণপ্রয়াসে, প্রষ্টি প্রতিবন্ধ করে কেবলই উদ্বিগ্ন প্রতিবাদ লিখে লিখে। রবীক্রনাথ আদিগন্ত ঐতিছে ব্যাপমান বলে কবিতাকে তাঁদের সাজাতে চাওয়া প্রশ্নাসন্ত বিদেশী পরিভাষার, তার পরিচিততম দৃষ্টান্তও বোধ করি বিষ্ণু দে-র লেখাতেই দেখতে পাওয়া সোজা—নিদেন 'গুরেন্টান্যাণ্ড' আর 'ক্যাণ্টোন্ধ্' স্বমূথে করে খসড়া করতে বসেছেন এবং ত্যক্ত করেছেন-রবীক্রনাথকে: 'যে কবির কবিত্ব পরের চেহারা ধার করে বেড়ায় সত্যকার আধুনিক হওয়া কি তার কর্ম ?'

সবটাই নেতি নয় নিশ্চয়। স্থান্ত্রের 'যাথার্থ্যের স্ক্রবোধ'-ভরা 'মনন-সাহিত্য' আর তাঁর উত্তরকালের বিশ্বাবর্ত, অমির চক্রবর্তীর যোগিক কবিতাপদ্ধতির রসায়ন এবং উত্তরকালের লিরিক, এমন কি বিষ্ণু দে-র আপাত-puzzle আধুনিক জটিলতা। আপাতজগোচর, অস্কুচ্চ এক ছত্ত্র সহ্যকালীন রবীক্রাতিগতা দেখি জীবনানন্দের কৈশোরক 'ঝরা পালকে'র লেখাতেই। পংক্তি-'বলাকা'র থেকে ভ্রম্ভ বক্ষিভ 'অতি দ্র তারকার কামনায়' নেচে উড়ে ভেসে চলেছিল প্রনপদবীতে—

দ্রে—দ্রে—আরো দ্রে—আরো দ্রে চলিলাম উড়ে,
নি:সহায় মাহ্যের শিশু একা—অনস্তের শুক্ক অস্তঃপুরে
অসীমের আঁচলের তলে

কিছ 'বলাকা'র মানসতীর্থ আচ্ছদ করে তাকে ফিরিয়ে নিতে এল 'পৃথিবীর প্রেতচোখ'
— 'জণদ্রত্ব সন্তানের তরে / মাটি-মা ছুটিয়া এল বুকফাটা মিনতির ভরে',— 'গভিণীর
কোভে' দাড়াল সে, কবিকে টানতে লাগল তীত্র মাটি, প্রাক্ত আত্মীরপরস্পরা, নিজের
পুরোনো প্রত্বের ত্ত্তেগু গ্রন্থির টান, নতুন গর্ভধারণের লোভী সেই মৃত্তিকা-জননীর
জ্বায়ু—দূর ঐশী নীলিমার চেয়ে আরো গৃঢ়নিবিড় সে টান, কবি অকুভব করলেন:

সন্ত-প্রস্থাতির মতো অন্ধকার বস্তন্ধরা আবরি আমারে
-শঙ্খধনিহীন, প্রায় অগোচর-অসংশয় এই আমাদের প্রথম উত্তররবীক্ত আধুনিকতা।

প্রধানত তিরিশের কবি ও রবীজ্ঞাণ

রমেক্রকুমার আচার্যচোধুরী

সাহিত্য ক্ষেত্রে সন্থান নাকি সর্ব এই জনি তার ঋণ অপ্রীকার করতে উৎস্ক। কিন্তু তিরিশের সেই 'ভয়ানক শিশু' যথন কোনো এক সূভায় ঘোষণা করেছিলেন 'রবীক্রযুগ গত হয়েছে', তথন পিতাকে থব করার কোনো উদ্দেশ্যই তাঁর ছিল না। পিতা ছৃঃধিত হয়েছিলেন সত্য। তবে, অবস্থা ও আবহ বিবেচনা করেল তদানীস্তন সেই অসার উক্তিও তত আপত্তিকর ঠেকে না আর। ফরাসী সমালোচক লেগুই তাঁর বৃহৎ ইংরেজি সাহিত্যের ইতিহাসে এই চমকপ্রদ মন্তব্য করেছিলেন যে, মোলিকভার সচেতন প্রয়াস বদ্ধ্যাত্ত্বেই নামান্তর মাত্র। স্ত্রেটি যে অকাট্য নয় রবীক্রসমসাময়িক একরাশ বিহ্লেল রচনার দিকে তাকালে সেটা সহঙ্গেই বোঝা যায়। তিরিশের আন্দোলন বাঙলা সাহিত্যে ফলপ্রস্ম হয়েছে নিঃসন্দেহে; তার প্রয়োজনীয়তা আজ স্বার কাছেই স্পষ্ট। কিন্তু তিন দশক বাদে ফ্লের সেই ধুয়ো তুলবার বিন্মাত্রও যুক্তি নেই। আমাদের হয়ে যুদ্ধ তাঁরাই জয় করে গিয়েছিলেন তাঁদের রক্ত ও ঘর্মের বিনিময়ে। সারাৎসারিক রবীক্রনাথের আবেদন চিরন্তন।

গোণ কবিদের কথা বাদ দিই, তিরিশের প্রধান কবিরা প্রায় প্রত্যেকেই রবীক্রসাহিত্যভাগ্রার লুঠ করেছেন ছ হাতে। প্রতিক্রিয়া এবং আত্মসমর্পণ এই ছ্রের
সংঘর্ষের মধ্য দিয়েই তাঁরা অগ্রসর হয়েছেন। আর তাই আমরা দেখতে পাই অক্সপ্র
চিঠিপত্র ও নানা প্রবন্ধে অকুণ্ঠ ভক্তিনিবেদন। আবার কবিতা-গল্পে-উপস্থাসে ধ্বকা
তুলে, প্রবল হইচই করে, বিলোহ। অচিন্ত্যকুমার সেনগুল্পর হটি কবিতার এই ছুই
প্রবণতার স্থলর প্রকাশ ঘটেছে। একদিকে: 'আমি তো ছিলাম ঘুমে / তুমি মোর
শির চুমে / গুপ্পরিলে কী উদান্ত মহামন্ত্র মোর কানে কানে', অস্ত দিকে: 'সম্পুথে থাকুন
বদে পথ ক্রধি রবীক্রঠাকুর, / আপন চক্ষের থেকে জালিব যে তীত্র তীক্ষ্ণ আলো / যুগস্থা মান তার কাছে'। নতুন পরীক্ষানিরীক্ষার প্রয়োজন সব যুগেই আছে; বিল্রোহের
উত্তেজনা জাগিরে না তুললে প্রচলিত ধারা থেকে—বিশেষত সেই ধারা যথন
রবীক্রনাথের মতো কবির হাতে, ঠিক স্টে না হলেও, পরোৎকর্মপ্রাপ্ত—মোহের জাল
কেটে বেরিরে আসা কঠিন হত। আজ ঠাণ্ডা মাথার, নিরপেক্ষভাবে, তিরিশের সেই
মুদ্ধের ফলাফল বিচারের সমর। যে তৃজন প্রধান কবির মধ্যে স্বচেরে বেশি কক্ষ্যণীর
রাবীক্রিকে শক্ষ ওছন্দের পুন্র্যন তাদের দিয়েই শুক্ত করা বাক আমাদের এই আলোচনা।

স্থীজনাথের কাব্যসংগ্রহ 'তদ্বী' থেকে 'দশমী' পর্যন্ত সর্বত্তই রবীক্ষপ্রভাব সোচ্চার এবং সন্দেহাতীত। অবশ্ৰ তাঁর প্ৰথম কাব্যগ্ৰন্থ তিন্বীতৈ বা প্ৰকট ও স্বীকৃত স্বাত্মসমর্পন, পরবর্তীকালে তাকে অতিক্রম করে তিনি তাঁর নিজম্ব একটি কাব্যমাধ্যম িনির্মাণ করতে সক্ষম হয়েছিলেন-এবং তাঁর বক্তব্যও হয়ে উঠেছিল সম্পূর্ণরূপে আধুনিক। আশার পরিবর্তে এক অগাধ, গভীর, দর্বব্যাপী 'ভবিতব্যভারাতুর' নৈরাশ্র, এক ষ্মনিকেত, নিরালম্ব, ত্রিশকুরুলভ মনোভাব। কিছু এই আধুনিক মানসতা, যথন **जिनि नरा**ठार श्रनिर्धत—काराकोरानद त्नय भर्गाराध, जातक ममयहे राक्क हरहाइ রবীন্দ্রনাথের ছন্দে ও ভাষায়, চিত্রকল্পে। 'অর্কেষ্ট্রা' থেকেই আমরা লক্ষ্য করি অধীন্দ্রনাথের সাবাদকত্ব, রবীন্দ্রকাব্যের সোনার আঁচল থেকে বেরিয়ে এসে স্বাধীনভাবে ্রনিবের পারের ওপর দাঁড়ানোর চেষ্টা। কিছ বিষ্ণু দে ও বুন্ধদেব বহুর মতোই বার বার তাঁকেও জাত করেছে সেই মোহময় অবিশারণীয় স্থর, যা তাঁদের রস্কের সঙ্গে ওতপ্রোতভাবে মিশে গিয়েছিল শৈশবেই। কাজেই প্রথম থেকেই স্থধীন্দ্রনাথের প্রতিটি কাব্যগ্রন্থে একই বা ভিন্ন কবিতায় পাশাপাশি ঘটি রীতির উপস্থিতি: কখনো তারা পরস্পর স্থাইত্ত্রে আবদ্ধ, কথনো তাদের ভঙ্গি বিপ্রতীপ ও যুধ্যমান। ক্ষণিক, भाष्ठ, अमृठ, अलाना, अनामि, अज्ञभ, अनामा, अनथ, त्नात्र, विकृत, अविन, विशा ইত্যাদি রাবীজ্রিক ও পদ্য-শব্দ, অমুপ্রাদ, এমন কি রাবীজ্রিক ভাবেরও ছড়াছড়ি তাঁর কবিতায় শেষ দিন পর্যন্ত। যে ছটি কাব্যগ্রন্থে—'সংবর্ত' ও 'দশমী'—ভাব ও প্রকরণে স্থান্তিলাথ সবচেয়ে বেশি ব্যক্তিত্বময়, সেথানেও রবীন্ত্রনাথকে সজ্ঞানে গ্রহণ করেছেন অনেক সময়েই। এমন কি কোনো কোনো কবিতায় কটু সভ্যকেও তিনমাত্রার - সংগীতময় ছন্দে প্রকাশ করেছেন অসমসাহদে:

বিরূপ বিশ্বে মাহ্ন্য নিয়ত একাকী।
অহ্নমানে শুরু, সমাধা অনিশ্চয়ে,
জীবন পীড়িত প্রত্যায়ে প্রত্যায়ে:
তথাচ পাব না আমি আপনার দেখা কি?

প্রতীকা, 'দশমী'।

অবশ্বই শেষ চরণে 'প্রতিভার টান' সমস্ত প্রতিবাদের কণ্ঠরোধ করে আমাদের চমকিত ও আলোড়িত করে তোলে। 'নৌকাড়বি' কবিতার অতল নৈরাশ্র ও সার্বিক বিলয়ের চিষ্টার মধ্যেও আক্ষিক রাবীক্রিক ভাষার আবির্ভাব স্বষ্টি করে চমৎকার এক ইবপরীতা:

> থালি গোলাঘরে সারা, ভাঙা হাটে ওক, পারে-চলা পথে কে একাকী ?

ছ চোথে সোনার স্থপ ; পসরার ফাঁকি আর বাকী সহসা অগুরু॥

'শুরু' ও 'দারা'র এই বিরোধাভাদ ও অম্প্রাদ আত্তর আমাদের প্রাত্যহিক গার্হস্থান ভাষার অন্তর্গত। অবশুই রাবীন্দ্রিক ছন্দের কাঠামোকে রেথেই তাকে অতিক্রম করেছেন কবি অপূর্বদক্ষতার নিচের এই ঈষৎ আমোদমিশ্রিত পংক্তিগুলিতে:

জ্যোতির্গামী কিন্তু সেই তমসও, তারার ফেনা উৎসারিত ক্রমশ; মোনে পড়ে তীর্থামৃত লোমশও, স্বয়ংবর প্রমা।

নষ্ট নীড়, 'দশমী'।

যদিও 'তথী' স্থীন্দ্রনাথের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ, মনে রাথা দরকার, ১৩৩৭এ 'রবীন্দ্র-বিদ্রোহ' শুরু হয়ে গিয়েছে, জীবনানন্দের 'ধূসর পাণ্ড্লিপি'র কবিতাগুলির রচনা সমাপ্ত এবং স্থণীন্দ্রনাথের বয়স তথন ২৯, অর্থাৎ যথেষ্ট সাবালকত্ত্বের বয়েস। স্ক্তরাং :'তথী'র (১৩৩৭) উৎসর্গ-পত্রটি খুবই তাৎপর্যপূর্ণ এবং আজ্ঞকের যে কোনো তরুল কবির পক্ষে বোধ হয় কৌতুকের বিষয়:

উৎসর্গ

রবীন্দ্রনাথ ঠাকুরের এচরণে

অর্ঘা

ঋণশোধের জন্ম নম ঋণস্বীকারের জন্ম

কিছ এই কবিই রবীশ্রশতবর্ষ উপলক্ষে রচিত একটি ইংরেজি প্রবদ্ধে নিয়লিখিত মন্তব্য করতে একটও ইতম্বত করেন নি:

'Very few of his poems attained that organization which is the mark of an extended metaphor. Even the veriest Bengali should think dispassionately before insisting on his inclusion in the first category of the word's poets. For us, however, he remains a supreme writer.'

পাশাপাশি উদ্ধৃত করি রবীন্দ্রনাথকে লিখিত স্থবীন্দ্রনাথের একটি চিঠি, ২৪ সেপ্টেম্বর, ১৯৪০এ লেখা, দেশ-সংখ্যায়, সাহিত্য মুক্তিত, ১৩৭৯:

'রবীন্দ্র-রচনাবলী'র প্রসৰে আমি যে-মত ব্যক্ত করেছিলুম, তা উল্লেখযোগ্য। তাতে আমি বলতে চেয়েছিলুম যে আপনি কেবল শ্রেষ্ঠ কবিদের অস্ততম নন, আপনি বিশ্বসাহিত্যে অধিতীয়…'

মাত্র কৃড়ি-একুশ বছরের ব্যবধানে বৈবিক'-প্রতিডা সম্বন্ধে কি নির্মোষ্ট হয়েছিলেন এই কবি ? এমনও হতে পারে রবীক্রনাথের জীবংকালে তাঁর ব্যক্তিত্বের যে জাছ পরবর্তী প্রবংশকে সম্মোহিত করে রেখেছিল সেটা ক্রত ক্ষয়প্রাপ্ত হয়েছিল। কিন্তু এ কথা বিশ্বাস করতে ইচ্ছা করে না যে, তিরিশের কবিরা রবীন্দ্রনাথকে লিখিত অজ্ঞ চিঠিপত্তে ও প্রবন্ধে দীর্ঘদিন ধরে যে অচলা ভক্তি ও শ্রদ্ধার পরিচয় রেখে গিয়েছেন—যা অনেক সময়ে লীলায়িত লিরিক বা দেবতার স্তবের মতো শোনায়—তা ছিল নিছক রাজায়গ্রহ লাভের চেষ্টা। উল্লেখযোগ্য সমস্ত কবিই কোনো গ্রন্থ রচনা করে রবীন্দ্রনাথকে পাঠিমে দিমেছেন তাঁর মতামত ভিক্ষা করে। কেউ কেউ তাঁকে গ্রন্থ উৎসর্গ করে ধন্ত হয়েছেন—আর হৃক হৃক বক্ষে অপেক্ষা করেছেন একটু চিরুকুটের জন্ত। যদি কথনো কোনো প্রশংসাপত্ত জুটে গিয়েছে কবির কাছ থেকে—আর এ বিষয়ে রবীন্দ্রনাথ ছিলেন মুক্তহন্ত তেবে তাঁদের উল্লাসের সীমা থাকত না। স্থীক্রনাথের ভাষায়, 'কবিষশংপ্রার্থীদের প্রতি আপনার অপার করণা।' আর কবিসূর্য কা ভাবে ভক্তদের সহাস্ত ঈক্ষণ করতেন, যদিও তাঁর আসন তাঁরা বার বার কাঁপিয়ে দিতেন বিদ্রোহের উত্তেজনায়, অসতর্ক মস্তব্যে, তারও পরিচয় আছে তাঁর চিঠিতে: 'তোমার কবিতা ষেখান থেকেই গয়না নিক্ না, রূপ তো তারই—নিজের চেহারা বন্ধক রেখে দে किছूरे भात त्मा नि। ... अन् अंि की वनात ? इमू (थेत वार्डा भाना यात्र कि ?... একটা বিষয়ে এ বইয়ে [তম্বী] তোমার স্বকীয়তা দেখলুম-বানান-ভুলগুলো গেল কোথায় ?' এই বেথানে ছিল ভক্ত-ভগবান সম্পর্ক, ভক্তদের দিক থেকে সাময়িক বিরোধিতা-সত্ত্বেও প্রিয়, অন্তরক এবং সঞ্জার, তথন মাত্র ছ-তিন দশকের মধ্যে কী এমন ঘটল যাতে সেই 'শ্ৰেষ্ঠ কবিদের অন্তত্ম' ঠানের কাছে পরিণত হলেন 'বিতীয় শ্রেণীর কবি'তে ? এর একটি মাত্র ব্যাখ্যাই সম্ভব: রবীক্রনাথের প্রতি পাশ্চাত্য পৃথিবীর পরিবর্তিত দৃষ্টিভবি, যার পরিচয় আমরা পাই যেটদ্ ও এমরা পাউণ্ডের প্রকীর্ণ মন্তব্যে।

অধীক্রনাথের মতোই বৃদ্ধদেব ববীক্রনাথের কাছে ঋণ গ্রহণ করেছেন অবিরপভাবে, অবস্ত্র। 'রূপান্তর' ও 'প্রোপদীর শাড়ি' কাব্যগ্রছে কবি অকপটভাবে স্বীকার করে নিয়েছেন রাবীক্রিক ছন্দ ও শব্দ, যদিও তৎসবেও একটি নতুন স্বাদ আছে অনেক কবিতার নিঃসন্দেহে। এ ছটি বই সন্মুখে রেখে আমাদের মনে পড়ে যার বৃদ্ধদেবের সেই উক্তি: 'রবীক্রনাথের স্বর একবার যার মর্মে প্রবেশ করেছে চিরকালের মতো অন্ত মাহার হয়ে পেছে সে।' আরো: 'একটা কথা, বেছেতু 'অমৃতবাজার' সেটাকে হেডলাইনে বিঁধে খেলিরেছিল এবং তা নিয়ে বাগ্বিতগ্রাও মন্দ হয় নি, এখনো আমাকে ক্ষোতুকের

্ঠ কণ্ড্রন জোগার মাঝে-মাঝে। 'The age of the Rabindranath is over'— ভনেছি রবীন্দ্রনাথও ব্যথিত হ্রেছিলেন কথাটা ভনে: তিনি কি জানতেন না খোবণাকারীর এক দণ্ড রবীন্দ্রনাথ বিনা চলে না?' এই কবিই যৌবুনে রবীন্দ্রনাথের 'প্রবী' থেকে পাগলের মতো কবিতা আবৃত্তি করতেন, যার প্রভাব ফুটে উঠে ১৯৪৮ সালেও 'প্রৌপদীর শাড়ির' 'কোনো মৃতার প্রতি' কবিতার:

> আমায় থেপিয়েছিলো যেই কবিতার বইগুলো সেই প্রথম ফাগুনে,

তাদের ভূলে ছিলেম বলেই তারা নম্ব ধুলো। তারা আন্দো হুড়ায় প্রাণে, পোড়ায় প্রেমের আগুনে।

পুরবীর শ্বরণে, 'এক পয়সায় একটি'।

বুদ্ধদেব বহুর কাছে রবীন্দ্রনাথ ছিলেন—তাঁরই ভাষায়, 'দেবতার মতো'। 'আপনার কাছ থেকে আমি ভাষা পেয়েছি'—চিঠি, ৩০. ৯. ৩৩, দেশ, সাহিত্য সংখ্যা ১৩৮১। রবীন্দ্রভক্তি কত দূর বে পৌছেছিল তার প্রমাণ পাই ২রা জুন, ১৯৪১এর একটি চিঠিছে—চিঠিটি তিনি শেষ করেছেন শুধু প্রণাম নয়, 'শতকোটি প্রণাম' জানিয়ে। এ উচ্ছান বুদ্দদেবেরই চরিত্রাহ্বগ এবং তাঁর মতো বিদ্রোহী ও পাশ্চাত্যভাবাপন্ন কবিকেও আমরা যখন দেখি ভক্তিতে ল্টিয়ে পড়তে তথন আমাদের ওঠ ঈষৎ হাস্তরেথান্ধিত হন্দে ওঠে বইকি।

তিরিশের কবিদের পরিণত কাব্যেও অবচেতনে-হথ্য রবীক্রম্বতি হঠাৎ আলাের উঠে আনে কোনাে এক চকিত মৃহুর্তে। শুধু তাই নয়, ছলে যে পরীক্ষাই তাঁরা কর্মনা না কেন, সমস্ত চেটাই পূর্বপ্রির আবিষ্কারকে ভিত্তি করেই অগ্রসর—এমনকি তিন-ত্ই-তিন বা তিন-পাচের পর্ব, যার সম্বন্ধে স্থনীক্রনাথ আপত্তি জানিয়েছিলেন কবিকে একটি চিঠিতে, যা মাইকেলের 'মাংসর্থ-বিষ-দশন'-এ পূর্বাভাসিত এবং যার বিশিপ্ত ব্যবহার বৃদ্ধদেব বস্থর 'বে আধার আলাের অধিক'এ তাক লাগিয়ে দিয়েছিল আমাদের একদিন, এও আমরা রবীক্রকাব্যে আগেই দেখতে পেয়েছিলাম। বস্তুত আধুনিক বাঙলা কবিতার নানাভাবেই সক্রির রবীক্রনাথের দান। যাকে আমরা নতুন চেতনা বলি তারও চিহ্ন পাই তাঁর জীবনের শেষের দিকের কাব্যে। বিতীয় মহাযুদ্ধ সেই উজ্জ্বল সত্য-শিব-স্কর্ণরের মিস্কলেও অল্প ফাটল ধরিয়েছিল, এবং মৃত্যুর কিছু পূর্বে রোগাক্রান্ত বন্ধণা-ক্রীড়িত দেহে তাঁর প্রপনিষদ বিখাসে, মধুমৎ পার্থিবং রক্তঃ, শাস্তি ও শিবের প্রত্যায়ের উপরে এসে পড়েছিল সংশয়-শক্নের কালাে ছায়া। কিন্তু সেটা ছিল মৌহুর্ভিক, সঞ্চরণশীল, সহজ্বেই তিনি ফিরে পেয়েছিলেন তাঁর আক্রম-পোষিত বিশাস। উত্তরাধিকারত্বত্রে প্রাপ্ত ও অলিত—বার বার ছাপের নিক্রে, বক্তা ও অভিক্রতাম আনে ক. ধ

भरीक्डि। তার বৈশিক্ষেতনার (Cosmic Consciousness) বিশেষ अञ्चार এ দেশের ও পাশ্চাভ্যের আধুনিক কবিভার একটি বড় অংশ ক্ষুদ্র, খণ্ডিভ ও নিঃখাদ-द्वाधकाती; किन्त मिथा। वा जनार्थक नत्र। वर्जमान नमरस्य जाधुनिकरतम छेनान অভিত্যাদের বিচ্ছিন্নতা, নি:সলতা, 'নিক্পিডা' ও দার্বিক বিলয় থেকে এই প্রতীতি কত দুরে, কত পুথক্। ছঃখ অলীক, জীবন অতুলনীর, ঈশ্বর আছেন, আমি আছি —এই কথাগুলি ববীন্দ্রনাথ এতবার ও এত স্থলরভাবে ষ্টার অসংখ্য গানে ও কবিতায় বলেছেন যে তাঁর দৃষ্টি সম্বন্ধে কোনো দোলাচলেই "পাঠককে আর পড়তে হয় না। সাম্রতিক বাঙলা কবিতার রাবীন্ত্রিক মন:মভাবের নন্ধির ইতম্ভত ছড়ানো আছে। 'বে আঁধার আলোর অধিক' থেকে বুদ্ধদেব বস্থুর চেতনায় অবশ্র উল্লেখযোগ্য বদল ঘটেছে —তাঁর 'মরচে-পড়া পেরেকের গান'এর কিছু কবিতার অন্তিত্বাদের স্পর্শ অন্তভ্ব করা খ বায়—কিন্তু অমিয় চক্রবর্তী তাঁর রাবীন্ত্রিক স্বভাবে আব্দও অটল। বন্ধত সেটাই তাঁর নিজম জীবনদর্শন হয়ে উঠেছে। এবং বুছদেব বস্থর ক্ষেত্রে তাঁর পরিবভিত জীবনবীক্ষা কতটা তাঁর জীবনের সঙ্গে মৌল সম্পর্কের উপর প্রতিষ্ঠিত, কতটা বা অধায়ন ও কালাফুচারিতার ফল সেটা বিশেষভাবে বিচার করে দেখা প্রয়োজন। বুদ্ধদেব বস্থ যখন লেখেন, 'তবু জীবনের বিজয়ী মাধুরী / কমবে না একতিলও' বা বা 'আহা, স্থনর এ পৃথিবী, এ জীবন, / বিনামূল্যেই অমূল্যতম দান' এবং অমিয় চক্রবর্তী: 'আলোর গন্ধে ছুঁরে তার ঐ ভূবন ভরে রাখুক, / আহা পিঁপড়ে ছোটো পিঁপড়ে ধুলোর রেণু মাখুক,' কিংবা 'তার বদলে পেলে — / সমস্ত এ ভন্ধ পুকুর / নীল-বাঁধানো স্বচ্ছ মুক্র / আলোয় ভরা জল'— তথন সন্দেহ থাকে না, যে-স্থান্ত তিরিশের কবিরা দেখেছিলেন তা জাগরম্বপ্ল বা অমূলপ্রত্যক-মাত্র—ফলত দে-স্থ তিরিশ, চল্লিশ দা পঞ্চাশেও মধ্যগগনের কিছু নিচেই দেদীপ্যমান। বুদ্ধদেব বস্তুর মূখে 'ঈশ্বর' শব্দটি গভীর ও তীব্র আবেশের মুহুর্তে অনায়াদে চলে আদে, এটা কতদুর ইংরাজী বাচন-ছবি অহ্যায়ী উচ্চারণ বা বাক্যালংকার, কিংখা কতদূর আন্তরিক বিশ্বাসপ্রস্ত বলা কঠিন, তবে তার কবিতায় অনেক দিন পর্যন্ত জীবনের প্রতি রাবীদ্রিক বিশাস. হিতিবোধ ও আবেগের প্রণিপাত লক্ষ্য করা যায়:

আমার প্রেম রেখে এলেম

ঈখবের হাতে।

এই ছটি পংক্তি 'যে আধার আলোর অধিকে'র 'সমর্পন' কবিতার থেকে উদ্ধৃত। এই। কাব্যগ্রেছে বৃদ্দেব প্রথম সহজের পরিবর্তে তৃদ্ধহের সাধনার কথা বলেছেন, এবং আধুনিক পাভাত্যরীতির সার্থকতম স্থপায়ন সম্ভবত এই প্রথম আমরা দেখতে পেনুম তাঁর কবিতার—সেই শ্বন্ধ সংক্ষিপ্তি ও আত্মসচেতনভাবে কুঁকে তোলা প্রতিটি চিকা; অধচ

এ নমবেও ৰখন লোগ ভালেরি, মালার্মে, বোদলেরার, রিলকে তাঁর মন ক্ষুড়ে জাছে, তিনি ববীক্রকান্ত্রের হব ও স্বতি—মার প্রেম-এলেম-এর অন্ত্যাশ্রপ্তাল—দূরে দরিরে রাখতে পারছেন না। তুর্ধর্ব পঞ্চাশের কবিভাতেও আমাদের বিশ্বিক করে বার-কার ছল্কে ওঠে 'ঈবর-ঈবরী' এই চুটি শব্দ ; মনে হর এটা বুক্তদের বহর মধ্য দিয়ে প্রাপ্ত রাবীক্রিক উত্তরাধিকারের ফল। এমন কি বোদলেয়ারের একটি বিখ্যাত কবিভার জাইবাদ করতে গিয়েও বুক্তদের অন্ত্যক্ষকে এড়িয়ে যেতে পারেন বি:

প্রিরতমা, স্থলরীতমারে—
বে আমার উজ্জল উদ্ধার—
অমৃত্তের দিব্য প্রতিমারে,
অমৃতেরে করি নমস্কার!

অমির চক্রবর্তী ও জীবনানন্দ দাশ উভয়ের কাছেই রবীন্দ্রনাথ ছিলেন 'লোকোছর পুরুষ'। অমিয় চক্রবর্তী রবীজনাথের একাস্ত-সচিব হিসেবে তাঁর ঘনিষ্ঠ সান্ধিগ্র अप्तिहिलान, अवर मीर्चिन ववीखवाजाम भारत त्यां थूव महस्बंह वावीखिक त्यकाक তাঁর মধ্যে সংক্রামিত হয়েছিল, প্রকরণের আশ্চর্ষ নতুনত্ব সত্ত্বেত্ব এত ন্তুনত্ব আধুনিক আর কোনো বাঙালি কবির কাব্যেই দেখা যায় না। তাঁর অনেক কবিতাতেই শান্তি, কল্যাণ ও প্রসন্নতার স্পর্শ পাওয়া যায়। রবীক্সনাথের মতো নারীর কল্যাণী-মৃতিকেই তিনি উধেব স্থান দিয়েছেন, তাঁর সেবাপরায়ণ ত্বই হাতের জয়গান করেছেন কবিতার। 'মেলাবেন তিনি ঝোড়ো হাওয়া আর/ পোড়ো বাড়িটার/ ঐ ভাঙা मत्रकां । / त्मनार्यन'। अथारन शत्र शत शृष्टि भूर्व यिख नाशास्य जांत्र विचारनत মৃত্তা চমংকার পরিকৃট। তাঁর অত্যন্ত স্থন্দর 'রুষ্টি' কবিতার স্থৃতি বাঙলা কাব্যে অমুদ্ধপ অনেক কবিতা ও পংক্তির উৎস—কিছ 'ৰাই ডিজে ঘাসে-ঘাসে বাসানের নিবিড পল্লবে'-প্রকৃতির আনন্দরদের এই অভিসিঞ্চন আমরা রবীক্রকাব্যে অনেক আগেই পেয়েছি। 'গলিতে, তোমাদের অতীব নোংরা গলিতে, / সোনার স্থব্দর, ক্ষপোর রূপকার, এই নর্দমার দোকান দেহলিতে / ধ্যান বানাই। এই আমার উত্তর। / एकन, धुरना, माहि, मना, खरा कुरखात'-- अथारन कि स्वामारन प्रमान ना নেই বিশ্রুত কিছু গোয়ালার গলিকে ? দীর্ঘদিন বিদেশবাশের ফলে অমিয় চক্রুবর্তীর পরবর্তী কাব্যে অবশ্র বিষয়ের নতুনত্ব—এক ধরনের বিদেশীয়ানা—ধুব স্পষ্ট, কিন্তু তাঁর ্ মুগত-রাবী প্রিক দৃষ্টির কোনো হেরফের ঘটে নি।

আমন কি যে জীবনানন্দ দাশ তিরিশের সবচেরে মৌলিক, সবচেরে ম্বরংগ্রন্থ ও আাত্মপ্রতিষ্ঠিত কবি, স্কান্টিতে দেখলে তাঁর কাব্যেও রাবীন্ত্রিক চেতনা খুঁলে পাওয়া সভার। করোল-মুগের প্রধান-ক্রধান জন্তান্ত কবির মতোই তিনিও রবীন্ত্রনাথকে কাব্যগ্রন্থ প্রেরণ করে অপেক্ষা করেছেন 'মেহাশিসে'র জন্ত: এ° দেশ, সাহিত্য সংখ্যা, ১৯৭৫। 'রবীন্দ্রনাথ ও আধুনিক বাংলা কবিতা' প্রবদ্ধে জীবনানন্দ অক্ষ্ঠ শ্রদ্ধা নিবেদন করে গেছেন ব্যোজ্যেষ্ঠ কবির উদ্দেশে:

তব্ধ বাংলার মাটিতে রবীক্সনাথের যুগে এসে যারা ভাবাবেগ ও রোমান্টসিন্ধ মৃক্ষে সংহত করে কবিতার ভিতরে তীর্থিকের মতো তপঃশক্তি অথবা হোরেসের রীজি অথবা নিজেদের হৃদয়ের ঈয়দঙ্ক্রিত অন্ত এক সংহতি আনতে চার তারা তাকিয়ে দেখে উপরে-নিচে-সন্থ্র রবীক্সকাব্যের অনপনেয় ছায়ায় তাদের স্বাবলম্বনের বিবর্তন চলেছে। তিনবিংশ শতকের ইয়োরোপীয় প্রতীকী কবি কিংবা তাঁদের ইংরেজ-কবিশিশ্যদের কাব্য-আকৃতির চেয়ে তা [রবীক্সকাব্য] য়েমন নিরাময় তেমনি মৃল্যবান•••

আমি এখানে 'নিরামর' শব্দটিকে লক্ষ্য করতে বলি। যদিও জীবনানন্দের কবিতার মান্ত্ব ও প্রকৃতির নিষ্ঠ্রতা মূর্ত হয়েছে রক্তের অক্ষরে এবং নিসর্গের প্রশান্ত পরিমণ্ডল হঠাথ মান্ত্বের হাতের দোনলার ছিন্নভিন্ন—তব্ তাঁর রচনাতেও রাবীক্সিক আত্মা স্বন্ধভাবে ক্রিয়ালীল। এই কবির জীবনবীক্ষা, অসমগ্রনভাবে না হলেও, আসলে নেতিবাচক নয়; অন্তত এক ধরনের আন্তিক্যের ক্রমিক উদ্মীলন তাঁর কবিতার তন্নিষ্ঠ পাঠকের চোথকে এড়িরে যেতে পারে না। তাঁর কবিতার 'আছে' ক্রিয়াপদটির পোনঃ-প্রনিকতা এবং অনেক ক্ষেত্রেই অস্ত্যমিলে তার উপস্থিতি নিশ্চরই তাৎপর্যপূর্ণ। অপিচ তাঁর একটি কবিতার নাম: 'আছে'।

বছত জীবনের শেষের দিকে জীবনানন্দ দাশ চলেছিলেন সেই স্থিতির দিকে—
স্থিরতর রূপ বা বলরের দিকে—বা তাঁর আমরণ অবিষ্ট। কথনো মাাধু আর্নজ্বের মত্যোই প্রকৃতির মধ্যে সেই স্থিরতরকে—কথনো একটি নারীর মধ্যে প্রেয়কে—অমুভব করে, এই ফুইরের মধ্যে শাস্তি পুঁজে পেরেছেন। 'রক্তাক্ত হৃদয় / হরিতের কাছে এসে শিখবে অক্ষয় গুপ্তরবণ'। নিয়োদ্ধত পংক্তিগুলিতে যে গভীর মর্ত্যপ্রম, ইতিবাচক প্রত্যের, উদয় ও অক্ষের জয়ধ্বনি, নিসর্বের শাস্তিকল্যাণ রূপ, উদ্ভিক্তজীবনরস আস্বাদনের আকাঞ্জা ও ইক্রিরবোধের ক্ষমতা, তা মুখ্যত রাবাক্রিক:

১. বিকেল বলেছে এই নদীটিকে : 'শাস্ত হতে হবে'— . অক্ল অপুরিবন শ্বির জলে ছায়া ফেলে

এক মাইল শাস্তি কল্যাণ

হয়ে আছে।

'আছে আছে আছে' এই বোধির ভিতরে

চলেছে নক্ষত্র, রাত্তি, সিন্ধু, রীতি, মাছুষের বিষয় হাদর; জয় অস্তস্থ, জয়, অলথ অরুণোদয়, জয়।

- ওনেছি কিয়য়কঠ, দেবদারু গাছে,
 দেখেছি অয়ৢতস্থ্ আছে।
- 8. একটি পাখির গান কী রকম ভালো।

মাটি-পৃথিবীর টানে, মানবজন্মের ঘরে কথন এসেছি, না এলেই ভালো হত অমুভব করে, এসে যে গভীরতর লাভ হল সে-সব বুঝেছি শিশির শরীর ছুঁয়ে সমুজ্জল ভোরে…

থ. ঘাসের ভিতর ঘাস হয়ে জন্মাই কোনো-এক নিবিড় ঘাস-মাতার

শরীরের স্থাদ অন্ধকার থেকে নেমে।

'মাটি-পৃথিবীর টান', ক্রিয়াপদের অস্তামিল বা ছোট একটি বিশেষণ 'ভালো', শাস্কি, কল্যাণ, স্থির প্রভৃতি শব্দের উপরে জাের, 'আছে' ক্রিয়াপদের পর পূর্ণ বিরামচিক-निरम्त्रका मिर्य ना श्रामा और ना श्रामा और ना स्थापन प्रमान की स्थापन प्रमान की स्थापन জীবনানন্দের কবিতায় অন্প্রবেশ করেছেন। এ ছাড়া নিখিল, অনাদি, অমৃত, হরিৎ প্রভৃতি শব্দ তিনি অগ্রজের কাছেই শিথেছেন—শিথেছেন জন্ম-জন্মান্তরের দিকে কল্পনাকে প্রসারিত করে দিয়ে রহস্তময়তা সৃষ্টি করে পাঠককে রোমাঞ্চিত করার কৌশল। 'মহিলা' শব্দটি জীবনানন্দের আবিষ্কার; কিন্তু 'নারী' শব্দ এবং নারী-সম্বন্ধে মনোন্ডাব রবীন্দ্রনাথের কাছেই তিনি প্রাপ্ত হয়েছিলেন। সর্বশেষ উদ্ধৃতিটিতে জীবন-ক্লান্ধি গু অন্ধকারের বাসনা নিজস্বতা দিয়েছে সত্য, কিন্তু ঘাসের সঙ্গে একাত্মতার ইচ্ছা এবং সমগ্র কবিতার যে প্রাকৃতিক প্রাণরস আস্বাদনের তীব্র আকাজ্ঞা ও ইন্দ্রিয়গ্রাহ্ম আনন্দ ভা রাবীন্দ্রিক উত্তরাধিকারের অন্তর্গত। প্রসন্ধত বলা প্রয়োজন, যে ইক্রিয়াস্কৃতির विপर्यग्रतक आधुनिक कावाजी जिन्न धक्ति अधान नक्ष्म वरन यस कन्ना दम, नवीसनाथ 'স্থরের আগুন', 'আলোর বাঁশি' প্রভৃতি চিত্রকরে বহুপুর্বেই তার সদ্ধান করেছিলেন। বছত জীবনানন্দ দাশের বিশ্রুত 'ডানার রোজের গন্ধ মৃছে ফেলে চিল' রাবীক্রিক ভবির সবে ঘনিষ্ঠ পরিচয়েরই ফল। রবীক্সনাথের মতোই জীবনানন্দ বার বার নারীর স্থতিগান করেছেন তাঁর কবিতার। 'সময়ের শক্তকের মৃত্যু হলে তবু / দাঁড়িরে রয়েছ শ্ৰেয়তত্ব বেলাভূমি'

তব্ও নদীর মানে বিশ্ব শুলার বল, হর্ষ মানে আলো,

এখনো নারীর মানে তুমি, কত রাধিকা ফুরালো'।
'স্নিশ্ব'-বিশেষণাট জীবনানন্দের বিশেষ প্রিয়, এবং এই কবিতাটির তিনটি স্ববকে তিন বার
তার উপস্থিতি—প্রতি ভবকে একবার। অর্থাৎ জীবনানন্দ নারী সম্বন্ধে স্নিশ্বতা, শুলারা,
শ্রের—এই সমন্ত শব্দে চিন্তা করেই আবেগে আপ্লুত হতেন। কিন্তু 'কত রাধিকা
ফুরালো': এ কি কোনো কবির কথা ? তা ছাড়া নদী শুধু শুলাই নয়, তার একটি
কীতিনাশা রূপও আছে। রাধিকারা জীবনে ও কাব্যে কথনোই ফুরায় না, কৃল্যাণী
মেয়েদের মতো তারাও অজ্বরা ও মৃত্যুহীন। আমার মনে হয় জীবনানন্দের জীবনসম্বন্ধে সমন্ত ভাবনার কেন্দ্রে দাঁড়িয়ে আছে নারী ও প্রকৃতির স্নিশ্ব ও শ্রেমসী মৃতি।
কত আবেগে, নামে, অফুরস্ক ভাবে তিনি নারীকে ডেকেছেন তাঁর কবিতায় সেটা
দেখবার মতো বিষয়। বস্তুত জীবনানন্দ যিনি প্রেম-অপ্রেম এই স্থন্দর যৌগিক শব্দটি
ক্ষিকরেছিলেন, রবীক্রনাথের মতোই প্রেমের গৌরবকীর্ডনে অক্লান্ত:

সেই ইচ্ছা সজ্ম নয় শক্তি নয় কর্মীদের স্থাদের বিবর্ণতা নয়, আরো আলো: মান্তবের তরে এক মান্তবীর গভীর ক্রম।

এই পৃথিবীর রণ রক্ত সফলতা সত্য; তবু শেষ সত্য নম। কলকাতা একদিন কলোলিনী তিলোত্তম। হবে; তবুও তোমার কাছে আমার হৃদয়।

'হ্বঞ্জনা', 'মিতভাষণ', 'হ্বচেতনা': তিনটি কবিতাতেই 'মালিনী' ও 'রক্তকরবীর' ছতি গভীরে সক্রির ছিল মনে হয়, কারণ একটি বৌদ্ধ সৌরভ বা আবহুই শুধু নয়, ধর্ম, শক্তি, হ্বধীদের বিবর্ণতা, আলো প্রভৃতি শব্দও অনিবার্য ভাবে মনে পড়িয়ে দেয় ঐ ভৃটি নাটককে— যেখানে কবি প্রেমকেই সর্বশ্রেষ্ঠ ধর্ম বলেছেন, 'আলো' বলেছেন, এবং হান দিয়েছেন শক্তি, শান্ত্র ও মননের অনেক উপরে। জীবনানন্দের এই তিনটি কবিতার রাবীদ্রিক অহ্ববদ সত্ত্বেও এমন একটি সহজের সৌন্দর্য আছে যা আমাদের মৃহুর্ভেই তৃক করে। জীবনানন্দের রীতি যে পরোৎকর্ষে পৌছেছে এ-সব কবিতায় তা বোঝা য়ায় এই থেকে ষে ওপরের উদ্ধৃতিগুলিতে একটি শব্দও আমরা কোথাও পালটাতে, পারি না—এমন কি 'ভবে'—এই রবীদ্রব্যবহৃত পত্ত-শব্দ কিছা 'মাহ্বয' বা তাঁর আবিষ্কৃত্ত 'মাহেষী'কেও না। 'জন্তে', 'মানব', 'মানবী' প্রভৃতি বিকল্প এখানে বসাতে পেলেই স্পাই হুরে ওঠে জোচের উক্তিও উপল্কির অভেদ-ভত্ত কত অহ্বান্ত। বৃত্তে এই

কবিডাগুলিডে 'দাথে', 'তৱে', 'হতেছে' প্রভৃতি কাব্যিক শব্দ ও অব্যামিলের বিশিষ্ট হুৰ্বলতা সন্ত্ৰেও আছ-দেখেছ; এসেছি-বুঝেছি; আলো-ভালো--বাক্যবিস্তাদে এখন একটি শিল্পিড সরলতা আছে, শব্দে এমন একটি অনিবার্যতা, এমন একটি সোজা একাগ্র ভবি, কথাছল ও গছাছলের অনায়াস মিশ্রণ, যার তুলনা আমরা বিশেষ করে পাই ববীক্রনাথের অসংখ্য গানে, ১৩০৭এ প্রকাশিত 'ক্ষণিকা'য় এবং একেবারে শেষের দিকের কিছু কবিতার। সাধু ও কথ্য ক্রিয়াপদ, পছ, সাহিত্যিক এবং আটপোরে শব্দের নিপুণ বুনোট, পংক্তির শেষে ক্রিয়াপদ, বিপর্যয়হীন ঋজু বাক্যগঠন এ-সবই ববীজ্ঞনাথ ১৩০৭ বা তার আগেই আবিষ্কার করে ফেলেছিলেন। কিন্তু রবীক্রকাব্যে বা খাভাবিক-এত স্বান্তাবিক যে লক্ষ্য করে না দেখলে কারো নজরেই পড়ে না—জীবনাদন্দে তা-ই वित्मय अवि (कोमन, अवर विमिष्ठ चाम-शक्का अधिकाती। जीवमानन यथन लास्यम 'কী কথা তাহার সাথে ? তার সাথে !' তখন মুহুর্ভেই আমাদের মন কেড়ে নেন সাধু সর্বনামের আকস্থিকতার। কিন্তু রবীক্রনাথ বথন লেখেন 'আমার নাম ভো জানে গাঁরের পাঁচজনে / আমাদের সেই তাহার নামটি রঞ্জনা', তথন বে অপার বিশ্বয় ও পুলকে হাদয় ভৱে ওঠে তার তুলনা কোথায় ? এখানে 'তাহার' সরল-স্বাভাবিকভাবে এসেছে এবং তুলনার অনেক বেশি তুকমন্ত্রময়। তবে জীবনানন্দ বে ভাবে কাব্যধর্মী ও প্রথাসিদ্ধ শব্দের পাশে গ্রাম্য, এমনকি অমার্জিড শব্দ প্রয়োগ করে আকস্মিক সংঘর্ষের স্ষষ্টি করেন এবং কাব্যমন্বতা একশোগুণ বাড়িয়ে তোলেন সেটা তাঁর সম্পূর্ণ নিজ্জ উদ্ভাবন। ববীন্দ্রনাথেও মৌথিক শব্দের বৈসাদৃশ্যহেতু একটি পংক্তি কাব্যগুণে সমানই খন্ধ হরে ওঠে নিঃসন্দেহে, কিন্তু এখানে আমরা পাই সংঘর্ষের পরিবর্তে সম্পূর্ণ সমন্ত্র ও সামঞ্জপ্ত।

সর্বব্যাপী সৌর প্রভাব থেকে মৃক্তি পান নি বিষ্ণু দে-ও—এমনকি বে-পর্বায়ে তিনি মার্ক্সীয় তবে অন্তপ্রেরিত হয়ে কবিতা লিখেছেন, তথনও। 'চোরাবালি'তে এবারা পাউও ও এলিয়টের কৌশল গ্রহণ করে রবীক্রকবিতার পংক্তি বা শব্দ উদ্ধৃত করেছেন এমন ভাবে বাতে বিদশ্ধ সমালোচক অতুল গুপ্ত মন্তব্য করেছিলেনই, 'শোনায় বেন বিশ্বদ্ধ ইয়ার্কি'—

কাল রজনীতে ঝড় হয়ে গেছে রজনীগদ্ধা-বনে। এদিকে আর পঁটিশ মিনিট— ওরে বিহন্দ, ওরে বিহন্দ মোর।

ইয়ার্কি দূরে থাক, এ ধরনের উদ্ধৃতি প্রকৃতপক্ষে উৎশ-কবিতার অন্তর্গু সৌন্দর্য ও ব্যঞ্জনার

২. কবিতা, বিশেব সংব্যা, কার্তিক, ১४৪৭।

উদ্ঘাটন ; আমাদের শ্বভিতে যে-আলোড়নের স্ফটি হয় ও বে আনন্দের উদ্দীপনা ঘটে তাতেই তার সার্থকতা।

> নে তক্ষ এ-ছনম তুমি যে তক্ষমূলে বনেছ ফুলসাব্দে, ছায়ায় দাও বাদা দিনের পাপড়িতে রাতের রাঙা ফুলে জোগায় কথা তাই সোনালি নদীকুলে।

'তরুম্লে' থেকে 'ফুলসাজে' পর্যন্ত অংশ কবি অবিক্স তুলে নিংছেনে রবীক্রনাথের বিশ্বাত 'একনা তুমি, প্রিয়ে' গানটি থেকে। কিন্তু পাঠকমাত্রই জ্বানেন বিষ্ণু দে-র 'ভিলানেল' কবিতায় এই পংক্তি ক'টি পড়ে কী রক্ম শিউরে উঠতে হয়। না, এ জ্বাফ্রবন নয়, পুনরাবিদ্বার।

বিষ্ণু দে যখন ইতিহাদদেবতা, ভবিশ্বৎ মানবদমান্ত, তার উজ্জ্বল স্থপ্প বা বিপ্লবকে নারীরূপে কল্পনা করে 'তুমি' বলে সম্বোধন করেন তখন দেখানেও আমরা রবীন্দ্রনাথের দ্বীর ও জীবনদেবতা-বিষয়ক কবিতাগুলির অন্তর্মপ অর্থ হৈত অন্ত্তত্ব করে পুলকিত হই। অর্থাৎ এ সমস্ত কবিতাকে অনেক ক্ষেত্রেই মানব-মানবীর প্রেম-সম্পর্কের আলোকে পড়া যায়। বিষ্ণু দে-র বিপ্লবী বীরের আগমনস্থপ্প 'পাঁচ প্রহর' কবিতাগ্ন রূপ নেয়। 'চণ্ডালিকা' ও 'থেয়া'র একটি প্রসিদ্ধ কবিতাগ্ন স্মৃতির অন্তর্গনে তাঁর নবস্থ্যোদ্যের প্রত্যাশা রবীন্দ্রনাথের আধ্যাত্মিক প্রতীক্ষার সমত্বল।

এ প্রসঙ্গে বলা প্রয়োজন, তিরিশের বিতীয়ার্ধ ও চল্লিশের থেকে বাঙালি কবিদের মধ্যে যে বামাবর্ত-প্রবণতা তার অব্যবহিত প্রেরণা হয়তো মার্ক্সীয় সমাজ-দর্শন এবং মায়াকভ্স্কি, এল্যার, আরাগঁ প্রভৃতি কবিগোষ্ঠী, কিন্তু চাবি, শ্রমিক, অচ্ছুং, অস্তাজ ও শোবিত জনগণের প্রতি রবীন্দ্রনাথের যে গভীর সমবেদনা, যে শ্রন্ধা, সেই উদার মানবিকতা থেকে তাঁরা শিক্ষা গ্রহণ করেছেন এ চিন্তা কি একেবারে উড়িয়ে দেবার মতো ? বুর্জোয়া বলে চিন্তিত এই কবি কিন্তু 'রাশিয়ার চিঠি' লিখেছিলেন ১৯৩১এ এবং তারও অনেক আগে লিখেছিলেন 'অন্ন চাই, প্রাণ চাই, আলো চাই, চাই মৃক্ত বায়ু' বা 'মুহুর্তে তুলিয়া শির একত্র দাঁড়াও দেবি সবে'। অবশ্রুই শ্রেণী-সংগ্রাম, মিছিল, বিপ্লব, কলকারখানার শ্রমিকদের কথা আমরা তাঁর কবিতায় পাই না, বা সামান্তই পাই, কিন্তু যথন দেবি শ্রমিক-কিষাণ বা সোনার ভবিন্ততের কথা বলতে গিয়েও বামপন্থী কবিরা সকলেই বুর্জোয়া কবির ভাষাই শুরু নয়, সেই স্বপ্রবিলাদেরও আশ্রম্ন গ্রহণ করেন, তথন, আমরা চমংকত না হয়ে পারি না। একটি নরম স্বপ্ন, বিচিত্র অভিজ্ঞতার কাল্পনিক আনন্দ, উৎপীড়িত ও শেষিতের জন্ত আন্থরিক মমতা প্রেমেন্দ্র মিত্রের সমাজচেতনাকে আচ্ছর করে রাথে, এবং কর্ম ও ঘর্মের রাবীন্তিক অন্ত্রপ্রাণ তাঁর প্রিয় হলেও কবিতার

কোনো কর্মপঞ্জি গ্রহণ করতে তিনি পরাব্যুধ। যে-কবি এক নিঃশ্বাসে কামারের সঙ্গে হাতৃড়ি পেটাচ্ছেন, অজানা নদীপথে জোয়ারের মুখে গুণ টানছেন, পাহাড়ে কাটছেন অড়ন, উচ্ছেদ করছেন অরণ্য, থোয়া ভাঙছেন, থান কাটছেন, পথ বানাচ্ছেন, তিনি মুখে 'স্বপ্নের সময় নেই' বললেও আসলে স্বপ্নই দেখছেন—কর্ম স্পষ্টই তাঁর অভীষ্ট নয়। এ-জাতীয় কবিতার দলে রবীন্দ্রনাথের 'নিমেষ তরে ইচ্ছা করে / বিকট উল্লাদে / সকল টুটে যাইতে ছুটে / জীবন-উচ্ছাদে প্রভৃতির দূরত্ব এক ধছও নয়। এই নালিশ এক শ্রেণীর পাঠকের ছিল জীবনানন দাশের বিরুদ্ধেও; কবির আন্তচেতন মন 'সাডটি তারার তিমিরে' এই ক্রটি সংশোধনের চেষ্টা করেছিল কিন্তু সামাজিক বিপ্লবের পক্ষে প্রচারের পরিবর্তে দেখানে আমরা পাই বৈথিক ধরনে 'গুল্ল মানথিকতার ভোরে'র স্মামন্ত্রণ, আর এই অমার্ক্সীয় মন্তব্য: 'সে অনেক শতান্দীর মনীধীর কাঞ্চ'। এই শুভনান্তিক বন্ধবাদী যুগেও ভালোবাদাকে তিনি একমাত্র পরিত্রাণ মনে করে গানের আবেগে ছন্দায়িত করেন তাঁর আন্তরিক বিখাদ: 'স্থচেতনা, এই পথে আলো জেলে - এ পথেই পৃথিবীর জমমুক্তি হবে'। এ পথেই পৃথিবীর মুক্তি হবে কি হবে না এ তর্ক আপাতত মূলতুবি রেথে আমি দৃষ্টি আকর্ষণ করি তিরিশের আকাশের আরও তিন নক্ষত্রের দিকে: অজিত দত্ত, সঞ্জয় ভট্টাচার্য, হেমচন্দ্র বাগচী। এ ছাড়াও এই দশকেরই অন্তর্গত মণীশ ঘটক, অচিন্তাকুমার সেনগুপ্ত, অন্নদাশন্কর রায় প্রভৃতি। এঁরা কেউই রবীক্রদঞ্চার এড়াতে পারেন নি খুব স্বাভাবিক কারণে। 'ছিন্নপত্রের' নিসর্গ-বর্ণনার সঙ্গে সাদৃশ্য সত্ত্বেও হেমচন্দ্র বাগচীর গল্পছন্দের কবিতাগুলির একটি বিশিষ্ট আম্বাদ আছে। সংসারের কোলাহলে উৎপীড়িত একটি চিত্ত প্রকৃতির মধ্যে আশ্রয় ও শান্তি খুঁজছে—এই ভাবটি, ও একটি মৃত্ বিষণ্ণ হুৱ, এই কবিতাগুলিতে স্পষ্ট। আশ্চৰ্য, এই কবির দিকে আজ আমাদের কোনো মনোযোগ নেই। উল্লিখিত কবিকুলের অতিরিক্ত আরো কিছু কবি আছেন—খাঁদের মধ্যে উল্লেখযোগ্য স্থনীলচন্দ্র সরকার. অরুণ মিত্র, অশোকবিজয় রাহা ও বিমলচন্দ্র ঘোষ। জন্ম-তারিথের বিচারে এঁরা তিরিশের দশকেই পড়েন, কিন্তু এঁদের কবিতা চল্লিশের লক্ষণাক্রান্ত বলে এখানে আর কিছু বলার প্রয়োজন নেই।

রবীন্দ্রনাথকে এড়াতে গিয়ে পাশ্চাত্য সাহিত্যের হারস্থ হয়েছিলেন তিরিশের কবিরা এবং এই উপায়ে সফলও হয়েছিলেন বাঙলা সাহিত্যে নতুন একটি কাব্যধারার প্রবর্তন করতে। কিন্তু টান-উল্টো টানের ফলে যে শক্তি এসেছিল তাঁদের কবিতার, তৃঃথের বিষয় তার অভাবে, এবং প্রধানত তিরিশের কবিদের কাছে নাড়া বাঁধার ফলে চল্লিশের কবিতার একটি বৃহৎ অংশ—বিশেষত দক্ষিণাবর্ত কবিগোঞ্জীর—তুলনায় অনেক নিশ্রভ প্রামাধ্যেরণারহিত। এই কারণে তাঁদের কবিতার রবীন্দ্রপ্রভাব ও তিরিশের প্রভাব

পাশাপাশি বিরাজ করছে, এবং জনেক সময়ই রবীক্রকাব্যের শুভি সঞ্চারিভ হয় প্রত্যক্ষভাবে নর, তিরিশের কবিদের মাধ্যমে। এই সমরে বামাবর্ড-কবিভাই বরং ष्यत्नक दिन श्रीनवर्ष । ममन्न त्यत्न श्रीवर्म पित्क दिन किंडू निष्ँ छ, स्मान कविछान्न রজনীগদ্ধা, রক্তকরবী, হলুদ রঙের চাঁদ প্রভৃতি প্রতীক ও চিত্রকল্পের মধ্য দিবে রবীক্রসৌরভ বিকীর্ণ; কিন্তু শেষ পর্যন্ত তিনি মার্ক্সীয় দর্শন গ্রহণ করে রবীক্রপ্রভাব থেকে প্রায়-মুক্ত হতে পেরেছিলেন। তিরিশের কোনো কোনো কবির মতোই স্থকান্ত ভট্টাচার্য রবীজনাথকে কবিতা লিখে শ্রন্ধা জানিয়েছেন এবং তাঁর শ্বতির উজ্জল উপস্থিতি' স্বীকার করেছেন। চল্লিশের কবিদের মধ্যে—ছন্দ বাদ দিলে—মুভাষ মুখোপাখ্যারের উপর রবীক্রপ্রভাব সবচেয়ে কম, কিন্তু 'পদাতিক' কাব্যগ্রন্থে মাত্র তেইশ-চব্বিশটি কবিতার অন্তত ন-দশবার চাঁদ দেখলুম। 'চাঁদ' সম্ভবত তাঁর কাব্যে বুর্জোয়া কর্মাবিলাস ও পুরোনো কাব্যধারার প্রতীক, যার সর্বশ্রেষ্ঠ প্রতিনিধি রবীক্রনাথ। किन्छ पाक्रमण कतारे উদ্দেশ হলেও, कन रहाइह উनটো। जात रेम्हात विकृत्स এ এक ধরনের ব্যাক্সভি, কারণ এখানে বিদ্রূপ আছে ওপরের স্তরে, গভীরে আছে মৃঞ্বতা। 'চোধ বুঁজে কোনো কোকিলের দিকে ফেরাবো কান': কোকিল-প্রেমিককে পরিহাস সত্ত্বেও পাঠককে কিন্তু বেশি মুগ্ধ করেছে ঐ চমকপ্রদ কোকিগটি। অর্থাৎ রবীক্রভক্তি বিপ্রতীপ চঙেও দেখা দিতে পারে। সাত-পাঁচ ছন্দকে উলটে পাঁচ-সাত করে রবীন্দ্রনাথের 'বধু' কবিতাটির একটি স্থলী প্যারডি লিখেছিলেন স্থভাষ মুখোপাধ্যায়— না, ঠিক প্যারডি বলব না কারণ রবীন্দ্রনাথকে উপহাস, বা নিছক মলা তাঁর লক্ষ্য নয়; গভীরে তাঁর উদ্দেশ্ত অন্ত। অবশ্র এ সমস্ত অভ্যাদ ছাড়িয়ে তিনি পরবর্তীকালে কঠোর বিপ্লবের কবিতাও লিখেছেন—কিন্ত দেগুলি কত দূর কবিতা? কবিতা লিখে কবিতাবিরোধী মনোভাব ব্যক্ত করেছেন স্থকাম্ভ ভট্টাচার্য যে কবিতাটিতে দেখানেও উপমের 'পূর্ণিমা চাদ' যেন 'ঝলসানো রুট'র চেয়ে প্রধান হয়ে ওঠে পাঠকের মনে। রবীজ্ঞনাথ ও বিষ্ণু দে-র প্রতিধ্বনি শোনা যায় মণীজ্ঞ রায়, মঙ্গলাচরণ চট্টোপাধ্যায় ও রাম বস্তুর কবিতার। এ সমধের আরও চুজন কবি দিনেশ দাশ ও বীরেক্স চট্টোপাধ্যার কবিতার দক্ষিণ ও বাম ছই প্রবণতার মধ্যে দোল থেয়েছেন। দিনেশ দাশ 'কান্তে'র মতো স্থন্দর একটি কবিতা লিখে পরিচিত হয়েছিলেন রাতারাতি। অবক্ত এঁরা ছন্ত্রনেই রাবীন্দ্রিক রীতির কবিতাও লিখেছেন; এবং বীরেন্দ্র চট্টোপাধ্যায় ভিরিশের কবিদেরও অমানবদনে সেই সঙ্গে রেখে স্পষ্ট করেছেন চল্লিশের একটি সাধারণ বৈশিষ্ট্য। ' প্রকৃতপ্রস্তাবে একটিমাত্র আনর্শের প্রতি হিংস্র আসন্তির অভাবে এঁরা ছন্সনেই মনস্থিয় করতে পারেন নি: এবং এঁদের কবিতায় বিপ্লবের প্রেরণার চেরে ভাবালুতাই প্রধান रदा थर्छ। 'निएम लिए खंडे भीए स्थानमूक जूथ-मिहिन': वना वाहना, এই हत्म 'जूथ- বিছিল' দাঁড়াভে পারে নি; ছন্দের দোলার কবির বিষর এবানে বিশ্বন্ত। প্রকৃত বিপ্লবী কবিতা কিন্তু লেখা হচ্ছে আরো এক দলক পরে—পঞ্চালের কবি মণিভূবণ ভট্টাচার্বের শক্তিশালী কলমে। একটি বা একাধিক চিত্তকল্পের মাধ্যমে (কথনো একটি কাহিনীর আভাস হবে ওঠে সব মিলিরে অবও এক চিত্তকল্প) বিপ্লবের বাণীকে বত দূর সন্তবঃ জনসাধারণের ভাষার পৌছে দেওরা জনসাধারণের কাছে।

भक्षात्मत मगरक कायता विचायत गरम मका कति अक উत्स्थरमात्रा तावी क्षिक-কবিগোষ্ঠীর আবির্ভাব, যারা রাবীক্রিক সম্পদের স্বষ্ঠ নিয়োগ করেছেন ভিরিশের কবিদের: মডোই, কিছ নি:সংখ্যাচ—বিদ্রোহ বা বিরোধিতাঞ্চনিত কোনো আততিতে পীড়িত না হরে। অবস্ত জীবনানন্দের শ্বতি পঞ্চাশের প্রধানদের কবিতাতেও স্বভাবতই ছাপ द्वार्थिक : किन्न जरमाच विकल्पान स्थान (अवना मन्द्र मान्तरक व्यवकान त्नरे। রবীজ্রকাব্যের সঙ্গে এ রকম গভীর, অন্তরক ও জীবস্ত পরিচর পঞ্চাশের অন্ত কবিদের मस्या तिथा वात्र ना । किन्छ स्य कवि निर्विष्ठिलन 'त्रवीखत्रकनावनी नुर्होत्र शार्शास्त्र', তিনি বোধ হয় জানতেন না যে তিনি যখন ঈশ্বীর কাছে নতজামু তখন সমস্ত নাটকীয়তা সন্তেও নারী ও প্রেমের প্রতি রাবীন্ত্রিক পবিত্রতাবোধ ও আত্মসমর্পণের ভাবই বিভাসিত হয়ে উঠচে তাঁর কবিতার দর্পণে। পঞ্চাশের থেকে সম্ভরের মধ্যে নাধারণভাবে রাবীক্রিক প্রতিধ্বনি ক্রমে ক্ষীণ হয়ে আসছে সত্য, এর একটি কারণ এই সমরে জীবনানন্দ দাশের অভ্যুত্থান ও অসাধারণ জনপ্রিয়তা এবং তাঁর ব্যাপক ও গভীর প্রভাব। কেউ কেউ জীবনানন্দের শঙ্কের পুনরার্ত্তিতে ক্লান্তিকর; এবং বর্তমান প্রকল্মে (generation) এমন কবিদের সংখ্যা ক্রমশ বাড়ছে যাঁরা পাঠ্যপুস্তকের বাইরে বৰীজনাৰের একটি কবিতাও পডেন নি. বা অন্ন কবিতাই পড়েছেন। তবু আমি এই প্রবন্ধ লিখতে লিখতে, নমুনাপরীক্ষার রীতিতে, ছুটি কাব্যগ্রন্থ লটারির মতো দৈবাৎ ছলে নিয়েছি: একটি প্রণবেন্দু দাশগুপ্তর 'নিজম্ব ঘুড়ির প্রতি', অন্তটি দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়ের 'কেবল দেখেছে শিয়রলভা', এবং কোনো চিন্তা না করেই পাডা ওলটাতে ওলটাতে ঘটি বইয়ের ঘটি জায়গায় আমার দৃষ্টি আটকে গিয়েছে:

- क. मित्र मित्र ! / এই यनि श्रम्मत्र जूवन, তবে क्वन नवारे चूमिराय...
- খা রক্তকরবীর ভালে অনক্ষের মণিক্যমঞ্বা / একদিন হঠাৎ ছড়িয়ে গেল।
 কখন, কোথার, এইভাবে অঙ্ক্রের মতো জেগে উঠবেন রবীক্ষনাথ—কেউ কি
 ক্রানে ?° তব্ও পঞ্চাশের অপেক্ষাকৃত জনপ্রির কবিদের তুলনার অপূর্ববস্থানির্মাণ-ক্ষমতা
 ক্রিজনের কারোই একটুও কম নয়। আমি আমার বৃক্-শেশ্ক্ থেকে আরো কিছু

ত এই প্রবৃদ্ধে রবীক্ষপ্রভাব ও রাবীঞ্জিক উত্তরাধিকার প্রভৃতি বলতে আমি তথু তাঁর বিলেষ স্ক্রী:
নয়, নেই কাব্যধারাকেও বুম্বেছি, এ দেশে বার চরমোৎকর্ণ ঐ কবি।

ক্ষাব্যগ্রন্থ ও পত্রিকা একই নিয়মে টেনে বার করে নিয়ে পঞ্চাশ বা তারও পরের কবিতা আশ্চর্য হয়ে দেখছি এঁয়া প্রত্যেকেই কোনো না কোনো মৃহুর্তে কম বা বেশি রবীপ্রশ্নপৃষ্ট। ভবিশ্বতের কবিতায় এই কবি এখনো অনেক অনেক যুগ পর্যন্ত মে অমুভাব সঞ্চার করবেন তা হয়ভো হবে এর চেয়েও গৃঢ়, গুনিরীক্ষ্য, আগ্বীক্ষণিক; কিন্তু বীজাণুকে চোধে দেখা যায় না বলেই তার সর্বব্যাপী উপস্থিতিকে অস্বীকার করবে কোন বাতৃল । এই স্বত্রে এ-মন্তব্যও সমীচীন ষে সাম্প্রতিক কবিতার বড় একটি অংশ রাবীক্রিক ঐতিহ্য থেকে স্বতন্ত্র ও বিচ্ছিয়। এবং স্থায়ের থাতিরে বলা উচিত, সেই তুলনাথীন স্বরাট্ বিশাল প্রতিভাকেও আধুনিক লেখকেরা প্রভাবিত করেছিলেন তাঁর কাব্যজীবনের শেষের দিকে—বিশেষত বিংশ শতাব্দীর বান্তব জীবন থেকে শক্ষচয়নে, প্রভ্রন্দের কবিতাকে কথ্যছন্দের কাহাকাছি নিয়ে আসার চেষ্টায় এবং সংক্ষিপ্ত গ্রন্ধক্রার সন্ধানে।

তিরিশের কবিরা রবীক্রঞ্বণের সন্থ্যবহার করেছিলেন প্রধানত ছুই উপারে: এক, রাবীক্রিক ভাব ও দৃষ্টিভলিকে তাঁরা রূপায়িত করেছিলেন আধুনিক শৈলিতে। এবং ছুই, আধুনিক চিন্তা ও দর্শনকে তাঁরা মূর্ত করেছিলেন রাবীক্রিক ভলি, শব্দ, ছন্দ বা ঐ ছন্দের অনাবিত্বত নানা রূপের সঙ্গে স্বকীয় ভলি ও ভাষা মিশিয়ে। আলকের কবিরা এ রকমভাবে উইল্-বলে প্রাপ্ত সম্পত্তির বিনিয়োগ করবেন না নিশ্চয়ই; কিন্তু তাঁদের হাতের কাছেই যে সোনার ভাণ্ডার, তার দিকে মুখ ফিরিয়ে বা সে সন্ধন্ধে অনবহিত থাকাও নিতান্ত অবিবেচনার কাব্দ। রবীক্রসাহিত্যের সঙ্গে প্রত্যক্ষ ও ভালোবাসার স্পাধাও নিতান্ত কবিষশঃপ্রার্থীরই আব্রুও আবস্থিক কর্তব্য। কবি নিব্লেও দেশী ঐতিহ্নকে আপ্রয় করেই স্বীয় প্রতিভাবলে হয়ে উঠেছিলেন এক ভান্তর পুরুষ। তবে বর্তমান সময়ে আমরা কবিদের যে ভাবগতিক দেখছি তা আদে স্বলক্ষণ নয়। এ ফে ঠাণ্ডা লাগার ভয়ে দরজা-জানলা বন্ধ করে বাতাসকে বহিছরণ। কিন্তু বাতাস ভালাহে, সর্বত্ত আছে, এবং থাকবেই।

সন্ধিক্ষণের কবিতা

অলোক রায়

म তো हा नाथ प ख यथन जांत का वा शाह्य नाम (मन 'मिक्किन' (১৯০৫) তথন জাতীয় জীবনে সন্ধিক্ষণের তাৎপর্য অতিক্রম করে তা বাঙ্গা কাব্যধারারও দদ্ধিকণ স্থাচিত করে। সভ্যেন্দ্রনাথের প্রথম কাব্যগ্রন্থ 'সবিতা' প্রকাশিত হয়েছে ১৯০০ সালে, বর্তমান শতান্দীর স্থচনামূহুর্তে। সত্যেন্দ্রনাথের মৃত্যু হয়েছে ১৯২২ সালে, মৃত্যু-পরবর্তী গ্রন্থের হিসাব নিলে ১৯২৩ ও ১৯২৪ সালে প্রকাশিত হয়েছে 'বেলা শেষের গান' ও 'বিদার আরতি'। মোটের উপর তাই বিশ শতকের প্রথম পঁচিশ বছর সভ্যেন্দ্রনাথের কাল, এই সময় তাঁর সভীর্থ-সহযোগী কবি ছিলেন क्क्म्णानिधान वत्नाभाधाात्र, यजीक्तरमाहन वांगती, कुमुनदक्षन मिन् ଓ कांनिमान तात्र। সাধারণভাবে এই কবিপঞ্চককে রবীন্দ্র-বুত্তের কবি বলে চিহ্নিত করা হয়ে থাকে। শাহিত্যের ইতিহাস রচনায় এই ধরনের শ্রেণীনির্দেশের হয়তো উপযোগিতা আছে. শতাব্দীর দ্বিতীয়ার্ধে রবীন্দ্রনাথকে দিয়ে সব কিছু বিচারের প্রবণতাও অমুধাবনযোগ্য —কিন্ধ কবি বা কাব্যের পরিচয় এ ভাবে মেলে না। অন্ত দিকে 'কল্লোলে'র ममम (थर्क महत्राहत आधुनिक कविजात जम धता इत्र वर्लाहे आक्-'करक्षान2 কবিরা অনাধুনিক বলে পরিগণিত হন। 'কল্লোলে'র প্রকাশ ১৯২৩ সালে, সত্যেন্দ্রনাথের মৃত্যুর কয়েক মাস পরে। যুগবিভাগের পক্ষে বেশ স্থবিধাঞ্চনক— এ দিক থেকেও বিশ শতকের প্রথম পঁচিশ বছর তথাকথিত 'পুরোনো' কবিদের বাজত্বকাল।

অবশু কবিদের এই নত্ন-পুরোনো শ্রেণীভাগ নিতান্ত সাল-তারিথের নিরিখে অসলত ও অসম্ভব। 'কলোল' পত্রিকায় বিজয়চন্দ্র মজুমদার, কৃত্যমক্মারী দেবী, প্রিয়ম্বদা দেবী, রাধাচরণ চক্রবর্তী, হেমেন্দ্রক্মার রাষ, স্থারক্মার চৌধুরী, হেমেন্দ্রলাল রায়, যতীন্দ্রমোহন বাগচী, জলীমউদ্দিন, নরেন্দ্র দেব, রাধারাণী দত্ত প্রভৃতিও কবিতা লিথেছেন, যারা অনেকেই ছিলেন শতাব্দীর প্রথমপাদের বাওলা কাব্যধারার অম্ববর্তী। অন্ত দিকে 'কলোল' পত্রিকাতেই প্রকাশিত হয়েছে সত্যেন্দ্র-প্রশন্তি (ভাল ১৩৩২)। আসলে তথনও সত্যেন্দ্রনাথ বা তাঁর সহবোগী কবিরা অপাণজেন্দ্র বিবেচিত হন নি, বরং 'কলোলী'র-কবিদের উপর সত্যেন্দ্রনাথের প্রভাব ছিল অপ্রতিরোধ্য। ১৯২২ সালে, নক্ষক ইললামের কবিতার সত্যেন্দ্রন্ত্রাহ্বসমধ খুবই স্পষ্ট—

অধর নিস্পিস্
নধর কিস্মিস্
রাতৃল তৃল্তৃল্ কপোল—
ঝর্লো ফ্লক্ল,
কর্লো গুল্ভুল
বাতৃল বুল্বুল্ চপল ।

'বদন-চন্দ্রমা', প্রবাসী, বৈশাথ ১৩২৯।

ঐ নীল-গগনের নয়ন-পাতায়
নামল কাজল-কালো মায়া;
বনের ফাঁকে চমকে বেড়ায়
তারি সজল আলো-ছায়া॥
ঐ তমাল-তালের বুকের কাছে
ব্যথিত কে দাঁড়িয়ে আছে—
দাঁড়িয়ে আছে,
ভেজা পাতায় ঐ কাঁপে তার

আহল তল তল কায়া।

'ন্তৰ বাদল', প্ৰবাসী, শ্ৰাবণ ১৩২৯।

শুধু নম্বক্ষণ ইসলাম নন, তরুণ জীবনানন্দ দাশ বা বুজদেব বস্থও অস্তত সাময়িক ভাবে সত্যেন্দ্রনাথের প্রতি আকর্ষণ অস্তত্ব করেছেন, এমন কি আরো পরবর্তী স্থভাষ মুধোপাধ্যায়ের প্রথম দিকের কবিভায় সাময়িক ও রাজনৈতিক বিষয়ের ছন্দাশ্রী প্রকাশও সত্যেন্দ্রনাথকে শ্বরণ করিয়ে দেয়: সত্যেন্দ্রনাথের 'ধর্মনট' ও স্থভাষ মুধোপাধ্যায়ের 'উনত্রিশে জুলাই' কবিতা মিলিয়ে দেখা যেতে পারে।

তা হলে ধারাবাহিকতা স্বীকার করতে হচ্ছে। কিন্তু বিশ শতকের প্রথম পঁটিশ বছর যাঁরা কবিতা লিখেছেন, তাঁরা কি সকলেই 'রবীন্দ্রনাথের 'মতো' হতে দিয়ে রবীন্দ্রনাথেই হারিয়ে গেলেন' ? অবশু এক হিসাবে রবীন্দ্রপ্রভাব ছিল অপ্রতিরোধ্য ; দে কালের কবিরা রবীন্দ্রনাথের বড় কাছাকাছি ছিলেন, এ কথাও সত্য। কিন্তু রবীন্দ্রনাথের পরে খিতীয়-রবীন্দ্রনাথ যেমন অসম্ভব, তেমনি রবীন্দ্রনাথের ভাব-ভাষা-ছন্দের অন্ত্রসর্বও এ কালে স্বাভাবিক। এ দিক থেকে রবীন্দ্রনাথের প্রভাব তিরিশের এমন কি চল্লিশের দশকের কবিদের রচনাতেও দেখা যাবে। বৃদ্ধদের বন্ধ, বিনি মনে, করেন 'রবীন্দ্রনাথ পড়া থাকলে, আক্রকের দিনে সত্যেন্দ্রনাথের আর প্রয়োজন হয় না', তাঁর কবিতার একটা বড় অংশ সম্বন্ধেও হয়তো অন্তর্মণ মন্তব্য করা সম্ভব।

ববীজনাথকে অন্থসরণ করতে চাওয়া অবশ্ব দোষের নয়, অনেকেই সে চেষ্টা করেছেন, বেমন শতান্দীর প্রথম দিকে প্রমধনাথ রায়চৌধুরী, নরেজনাথ ভট্টাচার্য, প্রিম্বদা দেবী, স্থরঞ্জন রায়, রমণীমোহন ঘোর, ভূজকথর রায়চৌধুরী, গিরিজানাথ ম্থোপাধ্যায় প্রভৃতি। সাহিত্যের ইতিহাদে এঁদের স্থান হলেও বাঙলা কাব্যের গতিপরিবর্তনে বা প্রভাবিজ্ঞারে এঁদের ভূমিকা নগণ্য। বুরুদেবের অভিযোগ এই কবিদের সম্বন্ধে কিছুটা গ্রাহ্ম হতে পারে, কিন্তু এঁদের সম্বন্ধেও এমন কথা বলা অভ্যায় হবে যে কথা সত্যেজনাথ সম্বন্ধে তিনি বলেন, 'ইনি থাঁটি কবি কি না সেইটেই হলো আসল কথা। সত্যেজনাথ এই থাঁটিছটাই পাওয়া যায় না।' আসলে কবিতাবিচারে এই 'থাঁটিছে'র প্রসন্ধ উঠলেই বিপদ, কারণ 'থাঁটি তৈল বা থাঁটি ন্থতে'র মতো 'থাঁটি কবিছে'র বিচার চলে না। সেধানে পক্ষপাত আদে; কোনো কারণে কারো রচনা ভালো না লাগলেই তার পিঠে 'অকবি' ছাপ মেরে দেওয়াও স্থবৃদ্ধির পরিচয় নয়। কবিতার ভালো-মন্দ বিচারের একাথিক মানদণ্ড ব্যবহৃত হতে দেখা যায়, যুগঞ্চিও ব্যক্তিক্ষচির প্রভাবও সেখানে ক্রের না বলেই তাঁদের কাব্যপ্রয়াসকে ব্যর্থ বলা যায় না।

অভা দিকে করুণানিধান, যতীক্রমোহন, সত্যেক্রনাথ, কুমুদরঞ্জন ও কালিদাদ শুধু সাহিত্যের ইতিহাদের ধারাবাহিকতা রক্ষার জন্ত নয়, স্বতম্র কবিব্যক্তিত্ব হিসাবেই আমাদের মনোযোগ আকর্ষণ করেন। বাঙলা কাব্যধারার এক সন্ধিক্ষণের কবি বলতে পারি তাঁদের। রবীক্রযুগে তাঁরা কবিতাচর্চা করেছেন বটে, কিন্তু রবিরশ্মিকে প্রতিফলিত করাই তাঁদের একমাত্র কবিকর্ম ছিল না। হয়তো স্পষ্ট বা স্থচিহ্নিত নয়, किइ এको चञ्च कार्यानर्भ এই क्विटनव्य हिन । काटना मत्नर तन्हे, ववीखनात्थव মতোই প্রেম ও নিদর্গপ্রকৃতি, ইতিহাদ ও পুরাণ, খদেশ ও সমাজ, ঈখরের মঙ্গলময়ছে বিশ্বাদ, অর্থাৎ রোম্যান্টিক কবিতার প্রচলিত বিষয়বস্তুই এঁদের কবিতার অবলম্বন। শার, রবীশ্রনাথের পরে তাঁর উদ্ভাবিত ও ব্যবহৃত ছন্দ ও কবিভাষার ব্যবহার मा करत्व कारता दिशह महि। करता यमि कथना विष्टित्रजाद अँमित बहुना রবীজনাথের কবিতার প্রতিধ্বনির মতো শোনায় তার জন্ম এঁদের দোষ দেওয়া যায় না। সচেতনভাবেও এঁরা কথনও রবীক্রনাথকে অন্তুসরণ করেছেন—বিশেষভাবে বাঁরা তাঁর নিকট-সালিধ্য পেয়েছেন, যেমন যতীক্রমোহন ও সত্যেক্রনাথ। কিন্তু একটা বিরোধ ছিল, যাকে স্ববিরোধও বলতে পারি—মূথে ও লেখায় বার বার রবীন্দ্র-প্রশন্তি রচনা, কিছ নিজেদের কবিতায় স্বাতম্য প্রকাশ। দৃষ্টান্ত হিদাবে কালিদাদ রারের পরিণত বয়দের আত্মবিশ্লেষণ শ্বরণ করতে পারি:

গুরুর আশীর্বাদ নিয়ে শুরু করেছিলাম বাজা, কিন্তু তাঁর চলার পথে আগাতে পারি

নি। তাঁর পদান্ধ-পরম্পরা শুঁজেও পাই নি। জানি না তিনি তাঁর পদান্ধ মৃছে মৃছে চলে গিয়েছেন কি না। তবে তিনি যে বলেছিলেন—একভারাতে একটি যে তার আপন মনে সেইটি বাজা, সেই একতারা বাজাতে বাজাতে এত দ্র এগিয়ে এমেছি—যুগ্যাত্রার পথে নয়, জীবনের যাত্রার পথে। তামি জানি রচনারীতির বৈশিষ্ট্যই কবির আসল বৈশিষ্ট্য। কারো, এমন কি কবিগুরুর রচনারীতিরও আমি জ্ঞাতসারে অন্থসরণ করি নি—জানি না রচনারীতির বৈশিষ্ট্য আমার কিছু আছে কি না।

অবশ্য কেউ এমন কথা বলতে পারেন, কালিদাস রায় জ্ঞাতসারে না হলেও অজ্ঞাতসারে কবিগুরুর 'অফুকরণ' করেছেন, এবং অফুকারক হিদাবে তিনি ব্যর্থ। কিন্তু কালিদাস রায়ের কাব্যজগৎকে কোনো অর্থেই রাবীন্দ্রিক কাব্যজগৎ বলা যায় না, এবং যদি কালিদাদের কথাকে আক্ষরিক অর্থে গ্রহণ করি তা হলে রবীন্দ্রনাথের কালিদাদ-প্রশক্তিকেও সেইভাবেই গ্রহণ করতে হবে—'ভোমার কবিতা বাঙলা দেশের মাটির মতোই স্নিগ্ধ ও শ্রামল। বাওলা দেশের প্রতি গভীর ভালোবাদায় ভোমার মনটি কানায়-কানায় ভবা--সেই ভালোবাদার উচ্ছলিত ধারায় তোমার কাব্য-কানন দরদ হুইয়া কোথাও বা মেতুর, কোথাও বা প্রভুষ হুইয়া উঠিয়াছে। তোমার এই কাব্যগুলি পড়িলে বাঙলার ছায়াশীতল নিভত আঙিনার তুলসীমঞ্জ মাধবীকুঞ্জ মনে পড়ে।'ই ভালোলাগা-মন্দলাগার কথা বাদ দিলে, এ কথা স্বীকার করতেই হবে, রবীক্রনাথের কবিতা পডলে 'বাঙলার ছায়ানীতল নিভত আঙিনার তুলদীমঞ্চ ও মাধবীকুঞ্জের কথা মনে পড়ে না। অন্ত দিকে কালিদাদ, যতীক্রমোহন, সত্যেক্রনাথ, এমন কি করুণানিধানও তাঁদের জীবনের প্রধান অংশটি কাটিয়েছেন শহরে; তাঁদের কবিতাতেও, বিশেষত কলিদাদের কবিতায় শহরজীবনের কথা এদেছে বারবার। কাজেই 'পল্লী-কবি' ছাপ মেরে তালের দূরে সরিয়ে রাখাও অসমীচীন। আর সে দিক থেকে রবীক্সনাথের কবিতাতেও শহরজীবনের স্থান খুব বেশি নয়। আসলে গ্রাম ও শহর নয়, এমনকি वर्गनीय विषय् नय-कविव विनिष्ठे पृष्ठि छिन्ने विठाय। त्मिन थएक ववी खना थक সঙ্গে এই কবিদের সাদৃগ্য যেমন চোখে পড়ে, তেমনি তাঁদের সমবেত এবং কথনো স্বতন্ত্র কাব্যশৈলি ও দৃষ্টি আকর্ষণ করে।

করুণানিধান বন্যোপাধ্যায় উনিশ শতকের শেষ দশকে কবিতা সেখা শুরু করেন,

১. शहकारत्रत्र निर्वतन, 'मन्त्रामिन' ১७७६।

२. >> कार्डिक, >७२८।

তাঁর প্রথম কাব্যগ্রন্থ 'বঙ্গমঙ্গল' প্রকাশিত হয় ১৯০১ সালে। সত্যেন্দ্রনাথের প্রথম কাব্য 'সবিতা'র মতোই করুণানিধানের প্রথম কাব্যগ্রন্থেও স্বদেশপ্রেমের স্বর প্রাধান্ত পেয়েছে। বন্ধভন্ধ-আন্দোলনের আগে এ ধরনের স্বনেশপ্রেমের কবিতা স্থলভ ছিল না। তরুণ করুণানিধানের কঠে তথনই শোনা গেছে—

> মরা নদী ভরে গেছে আজিকার বানে কে ভিষ্কিবে বলো এই হুর্নিবার টানে। থর থর করতলে ধরিয়াছি হাল তুলে দে মেঘের কোলে নির্ভরের পাল।

কিছুটা অপ্রত্যাশিত মনে হলেও, সন্ধিক্ষণকে তিনি তথনই প্রত্যক্ষ করেছেন—

আদিয়াছে তৃঃদময়, বড় তৃঃদময়— স্বস্তিত হইয়া আছে আদন্ন প্রলয়।

এবং দৃঢ় কঠে বলে উঠেছেন—'আমরা সবাই মাধের সন্তান।' 'বন্ধসললে'র বিতীয় সংস্করণ প্রকাশিত হয় বন্ধভন্ধ-আন্দোলনের সময় (১৩১২), সেথানে নতুন কবিতা সংযোজনে ও পুরোনো কবিতার রূপান্তরে কবির স্থানী আন্দোলনের সন্তে যোগ আরো স্পাষ্ট হয়ে উঠেছে। কাজেই করুণানিধানকে শুধু রূপমুগ্ধ স্থপ্প-পথিক বলে পরবর্তী বাঙ্কাশ কাব্যান্দোলন থেকে দূরে সরিয়ে রাথলে অন্থায় হবে।

আধুনিক কালে আমরা কবির involvement বা commitment এর কথা বলি।
শতাব্দীর স্চনার বাঙালি কবিরা সে দিক থেকে জাতীয় জীবন ও সমাজের সঙ্গে
ঘনিষ্ঠভাবে সম্প্ত ছিলেন এবং বিশেষ মতামত পোষণে ও প্রকাশে বিরত ছিলেন না।
ছাদেশ বা সমাজ-চেতনার স্বরূপ নিয়ে অবশুই তর্ক থাকতে পারে, কিন্তু এই কবিদের
আন্তরিকতা বা প্রত্যের সম্বন্ধে কোনো সন্দেহের অবকাশ নেই। সত্যেক্তনাথকে আমরা
লালপন্ধী-নীলপন্নীর কবি বলে জানলেও, তিনি কিন্তু কথনোই গণবিক্ষোভ থেকে
নিজেকে বিচ্ছিন্ন করেন নি। বিপ্লবীদের আন্ত্যোৎসর্গবা গান্ধীজির আহ্বান তাঁকে বিভিন্ন
সময় বিচলিত করেছে, এবং রাজনৈতিক মতাদর্শের ক্ষেত্রে অন্তত তিনি রবীন্দ্রাহ্মসাম্বী
নন, সে কথা সকলকে মানতে হবে। লক্ষণীয় যে, সত্যেক্তনাথ মধ্যবিত্তস্থলভ সাবধানী
মনোভাব বা কলাকৈবল্যবাদী কাব্যসংস্কার অগ্রাহ্ম করেছিলেন। বঙ্গভঙ্গ-আন্টোলনের
দিনে তিনি যেমন ঘোষণা করেছিলেন—

বে খুদি টিটকারি দিক অন্তরে ব্বেচ্ছি ঠিক— এ কেবল নহেক ছজুগ; ন্ধিক্ষণ আজি বঙ্গে, এল নর্মুগ! ভেষনি অসহবোগ-আন্দোলনের দিনেও তিনি বলতে পেরেছেন—
ও রে মৃত্ তুই আলকে কেবল ফিরিদ নে ছল খুঁজে
খুঁটিনাটি বোল কবে কি বলেছে ভাহারি উভোর যুঝে
গোকুল শ্রেষ কি শ্রেষ থানাকুল—সে কলহ আজ রেখে
ভারত জুড়ে যে জীবন জোয়ার নে রে তুই ভাই দেখে।

১৯১০ সালে সংবাদপত্ত-নিয়ন্ত্রণের যে নতুন আইন ঘোষিত হল, তাতে বে কোনো রচনাই 'বিলোহাত্মক ও আপত্তিকর' বলে নির্দেশ করা সম্ভব ছিল। অসহযোগ আন্দোলনের সময় এই আইন কঠোরভাবে প্রয়োগ করা হয়। এই সময় সত্যেন্ত্রনাথ পৌরাণিক কাহিনী অবলম্বনে কতকগুলি রূপক-কবিতা লেখেন, যার মর্মার্থ দেশবাসীর অজ্ঞাত ছিল না—'কয়াধু', 'য়য়য়য়ত্রী', 'ভীমজননী', 'অরুদ্ধতী', 'গিরিরাণী' প্রভৃতি—এগুলি পড়বার সময় দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন অমূরপ ফরাসী 'প্রতিরোধে'র কবিতানাটকের কথা মনে পড়ে। সে সময় এগুলি লেখা কম সাহসের কাজ ছিল না। রামানন্দ চট্টোপাধ্যায় যখন সত্যেন্ত্রনাথ সম্বন্ধ লেখেন 'He was a fiery Nationalist, almost a revolutionary,' তখন তা শুধু ব্যক্তিজীবন সম্বন্ধে নয়, কবিজীবন সম্বন্ধেশু প্রয়োজ্য। সে যুগে চরমপন্ধী দলের দিকেই তাঁর আন্তরিক সহাম্ভৃতি ছিল—ব্যক্কবিতা 'নরম-গরম সংবাদ' সত্যেক্রকাব্যধারায় কোনো ব্যতিক্রম নয়।

•

রবীক্রকাব্যের বৈচিত্র্য ও বিভারের কথা মনে রেখেও স্বীকার করতে হয়, তাঁর কাব্য মূলভ অন্তর্ম্ব বী। রাজনৈতিক আন্দোলনে কথনো উত্তেজনা বোধ করলেও, বা লামাজিক অস্তার ও মিথ্যাচার তাঁকে পীড়িত করলেও, কবিতা লেথার সময় বাইরের জগতের উত্তেজনা ও কলরব তিনি পরিহার করতে চাইতেন। কিন্তু রবীক্রয়্গের কবিরা এ দিক থেকে প্রি-র্যাফেলাইট কবিদের মতো সমাজসচেতন, এমন কি বিংশ শতাকীর বিপ্রবীচিন্তাচেতনারও প্রকাশ ঘটে তাঁদের রচনার। অবস্তুই স্ববিরোধ ছিল, কিন্তু মনে হয় বিশ্বসাহিত্যের দক্ষে যোগ এ দের কবিতার বিষয় ও বিষয়ীর সম্পর্ক অনেকটা বদলে দিতে সক্ষম হয়েছে। নিগ্রো কবির লেখা কবিতা, লাভিন আমেরিকার বিভিন্ন দেশের রচনা, বিপ্রবোত্তর ফশ সাহিত্যের সঙ্গে সত্তেক্রনাথের পরিচয় হয়তো অস্ত ভাবে ফলপ্রস্থ হয়েছে। সত্যেক্রনাথ-প্রমূখ বাঙালি কবিদের অনেক সময় মধ্যবিভ সংস্কার ও স্বার্থচালিত কবি বলে নির্দেশ করা হয়, কিন্তু পরবর্তী কালের কবিরা কি সকলেই মধ্যবিত্ত মানসিকতা পরিহার কর্মতে সক্ষম হয়েছেন ? অস্তু দিকে 'বিষয়বস্তু'র জন্তু

কোনো কবির প্রশংসা বা নিলা নিরর্থক, তাও জানি। তবু বুদ্ধবর্ণনাসকুল মহাকাব্য না লেখার জন্য বিহারীলাল প্রশংসা পান, রবীক্রকাব্যের বিষয়গত অভিনবত্বও এক সময় চমক স্পষ্ট করে। সে দিক থেকে সভ্যেক্রনাথের একেবারে প্রথমজীবনের কবিতায় গোকর গাড়ির গাড়োয়ান বাদলরাম হালওয়াইর ধর্মঘটের অবভারণা, বারাঙ্গনাকে স্বাগভ জ্ঞাপন, কিংবা 'সাম্য-সাম' রচনা খ্বই অসামান্ত ঘটনা মনে করার কারণ আছে। ১৩১৩ সালে কিংবা তার আগে সভ্যেক্রনাথ লিখেছেন—

জগতে এসেছে নৃতন মন্ত্র বন্ধন ভয়-হারী,
নাম্যের মহাসন্ধীত নব গাহ মিলি' নরনারী।
মানি না গির্জা, মঠ, মন্দির, ক্রি, পেগম্বর
দেবতা মোদের সাম্য-দেবতা অন্তরে তাঁর ঘর:

পরবর্তী কালে নজকল ইসলামের একাধিক কবিতায় যে সাম্যবাদী চিন্তা-চেন্তনার প্রকাশ দেখা যায়, তাকে তাই পূর্বপ্রস্তিহীন মনে করতে পারি না—

গাহি সাম্যের গান—

যেখানে আদিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান · · · কাথা চেন্দিস , গজনী মামূদ, কোথায় কালাপাহাড় ? ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা-দেওয়া ছার ।

সত্যেক্সনাথের 'কৃস্থানাদপি' কবিতারই প্রতিধ্বনি শোনা যাবে নজকলের 'বারাক্ষনা' কবিতায়—

শোনো মান্তবের বাণী,
জন্মের পর মানব জাতির থাকে নাক' কোনো গানি।
পাপ করিয়াছি বলিয়া কি নাই পুণ্যেরও অধিকার ?
শত পাপ করি হয় নি ক্ষম্ম দেবতা দেবতার।

রবীন্দ্রনাথ 'পুনশ্চ' কাব্যে 'গুচি', 'প্রথম পূজা'র মতো কবিতা লিখেছেন, কিছ তার বছ দিন আগে সত্যেন্দ্রনাথ লিখেছেন 'দেবতার স্থান'। সত্যেন্দ্রনাথের 'শৃদ্র' বা 'মেধর' কবিতার কথাও আমাদের প্রসঙ্গত মনে পড়বে। সত্যেন্দ্রনাথ-প্রমূথ কবিদের সমাজ্ব-চেতনা তাঁদের আদর্শবাদের প্রকাশ হতে পারে, কিছ তার মধ্যে রবীন্দ্রনাথের প্রভাব খুঁজে লাভ নেই। এক দিকে অত্যাচারিত মান্থবের প্রতি সমবেদনা ও ছঃখী-ছর্গত-জনের প্রতি মমত্ব, অন্থ দিকে অত্যাচারীর প্রতি দ্বাণা ও সামাজিক অসাম্যের বিক্লছে প্রতিবাদ এঁদের কবিতার প্রধান বিষয় ও অন্থপ্রেরণা। ভক্ত কবি ক্ম্দরঞ্জনও তাই লেখেন—

व्याकानन्थनी न्थर्भा यात्रत्र यात्रा त्यात्र कफ्रवामी,

লুষ্ঠিত ধনে কারেমী স্বত্বে সেজে থাকে বনিরাদী।
তাহাদের কেশ করিয়া আকর্ষণ,
জাগার বক্ষে বিবেকের দংশন
যার তাহাদের ধ্বংসের বীজবপনবজ্ঞ সাধি'।

'কেয়াফুলে'র কবি যতীক্রমোহনকে লিখতে হয়—

শ্রমিকের ফাটছে পিলে ধনিকের বুটের ঘারে, বণিকের বংশ বাড়ে তেতলা প্রাসাদ-ছায়ে;

কে খাটে, কেই বা খাটায় ? কে বা কাল খেলায় কাটায়!

যে বোনে গায়ের কাপড়, সে মরে আছল গায়ে।
এবং মনে রাখতে হবে এই কবিতাগুলি এঁদের রচনাধারায় কোনো ব্যতিক্রম নয়। এই
ধারাই পরবর্তী কালে ষথার্থ সমাজতাত্ত্বিক চিম্ভাভাবনায় পরিশোধিত ও পরিপুষ্ট হয়ে
আধুনিক বাঙলা কবিতার জন্ম নিয়েছে।

8

রবীন্দ্রযুগের কবিদের সম্বন্ধে প্রধান অভিযোগ—ভগবদ্ভক্তির প্রাবন্য তাঁদের রচনাকে অদ্বতা দিয়েছে; ভগবংবিশ্বাদ থেকেই তাঁদের রচনায় এসেছে এক ধরনের প্রত্যের ও প্রসন্নতা। অন্ত দিকে রবীন্দ্রনাথের কবিতাতেও, বিশেষত 'গীতাঞ্জলি'-পর্বের রচনায় দ্বীন্দ্রযুক্তি প্রবল। স্থতরাং রবীন্দ্রযুগের কবিরা নিশ্চয়ই রবীন্দ্রনাথের অস্থকরণ করেছেন। কিন্তু প্রথমেই মনে রাধা ভালো, ভক্তিমূলক কবিতারচনায় রবীন্দ্রযুগের সব কবির সমান আগ্রহ ছিল না। সত্যেন্দ্রনাথ বালকবয়সে নিজেকে না কি 'নান্তিক' বলতেন, অবশ্ব যথার্থ নান্তিকতার পরিচয় সত্যেন্দ্রনাথ বা তাঁর সমকালের কবিদের রচনায় কোখাও পাওয়া যাবে না। তবে সত্যেন্দ্রনাথের সহস্রাধিক কবিতার মধ্যে ভক্তিমূলক কবিতার সংখ্যা সত্যই কম। বরং এক ধরনের সংশ্বরাদের সাক্ষাৎ মেলে সত্যেন্দ্রনাথ ও যতীন্দ্রমোহনের কবিতার। সত্যেন্দ্রনাথ লেখেন—

গ্রহণ-দিনের গহন ছায়ায় গাহন করি' গগনে উঠিছে শঙ্কার স্থর ভূবন ভরি'! রাহুর গরাসে হিরণ কিরণ হুইল সারা, হায় হায় করে আলোর পিয়াসী নয়নভারা।

বে দিকে তাকাই কেবলই বে চাই পড়িচে ববি'।

ক্লান্ত পরান, দিনমান শুধু ভাবিয়া মরি;
'কি হবে গো!'—কারে স্থাইব, হায়, পাই না ভাবি,
মধ্য-সাগরে ছিদ্র-তরণী যায় যে নাবি!

স্থির-নিশ্চিত মৃত্যুর মত আসিছে থিরে,
নিশাস হরি' দৃষ্টি আবরি ঘন তিমিরে;
কোথা সাদা পাল? কই তরী তব ? হে কাণ্ডারী!
লোনা জলে এ কি মিছে মিশে গেল নয়ন-বারি!

এখানে 'কাণ্ডারী'র উল্লেখ থাকা সত্ত্বেও তাকে ঠিক 'রাবীন্দ্রিক' মনে হয় না। বরং 'ভব-কাণ্ডারী' সম্বন্ধে আমাদের চিরাচরিত ধারণারই সমর্থন থোঁজে।

কাব্যভাগুরের একটা বড অংশের প্রধান অবলম্বন ভগবদ্ভক্তি। বিশেষত শেষ জীবনে করুণানিধান যেমন 'গীতায়ন'-'গীতারঞ্জন' রচনা করেছেন, তেমনি অক্ত কবিরাও হরিনামসংকীর্তনে আগ্রহী হয়েছেন। কালিদাস রায় কুমুদরঞ্জনের কবিতা সম্বন্ধে যে কথা বলেছেন সে কথা তাঁদের তিনজন সম্বন্ধেই সত্য—'এই যুগের বিচারে কুমুদরঞ্জনের একটি অপরাধ তিনি ভক্ত কবি। ভক্তি বস্তুটি এ যুগে উপহাস্ত।' তারপর তিনি ভক্তিমূলক কবিতার সমর্থনে অনেক বাক্যব্যয় করেছেন। কিন্তু তর্ক করে তো কবিতা ভালো-লাগানো যায় না। এঁদের কবিতা আধুনিক পাঠকের ভালো-না-লাগার কারণ 'ভক্তি'র আতিশয্য নয়—রবীন্দ্রনাথের 'পূজা'-পর্যায়ের গান বা 'গীতাঞ্জলি'-পর্বের কবিতা আজও 'উপহাস্থ' নয়। ভালো-না-লাগার কারণ স্বতন্ত্র, কিন্তু এখানেই রবীন্দ্র-প্রভাবের প্রসঙ্গটি পরিষ্কার করে নেওয়া দরকার। রবীন্দ্রযুগের কবিতায় ঈশ্বরাকৃতির যে স্থর প্রাধান্ত পেয়েছে তা কিন্তু রবীন্দ্রনাথের কাছ থেকে 'পডে-পাওয়া-ধন' নয়। ভক্তিমূলক কবিতার ঐতিহ্য বাঙলা দেশে স্থপ্রাচীন। কালিদাস রায়ের 'নন্দবিদায়' কিংবা 'পাদমেকং ন গচ্ছামি' এক সময় জনপ্রিয়তা লাভ করেছিল, তার কারণ নিশ্চয় রবীক্রাত্মপরণ নয়। এই সময়ের কবিরা স্বতন্ত্র একটি ভাবাদর্শ ও কাব্যাদর্শ গ্রহণ করেছেন বলেই তাঁর। জনপ্রিয় হয়েছিলেন। সেই আদর্শ আত্স আমাদের ভালো লাগে না। কিন্তু স্বীকার করতে হয়, বাঙলা দেশের মাটির দঙ্গে তার যোগ 🦞 ম্নিবিড়। বৈষ্ণব পদাবলী, শাক্ত সংগীত, কবিগান, যাত্রা-পাঁচালী করুণানিধান-কালিদাদ-কৃম্দরঞ্জনের কবিতার অন্যতম ভাবপ্রেরণা। কৃম্দরঞ্জন তাঁর কবিজীবনের ইতিহাস বর্ণনাকালে জানিয়েছেন—

আমি পাঠ্যপুম্বকের কবিতা ছাড়া তথন [বালক বয়সে] আর কোন কবিতার

ধবরই জানিতাম না। পল্লীগ্রামে বাত্রা, বাউল, ককিবদের গীত ও রাধালদের গানই আমার প্রিম্ন ছিল। স্ববীক্রনাথের কবিতার সঙ্গে দেরিতে পরিচয় হয়। তার আগে বৈষ্ণব কবিদের কবিতা পডিতাম, চক্ষ্ণলে ভরিয়া যাইত। কীর্তনগান প্রথম বেদিন ভনি—আমার মনে হইল ভগবান ঠিক এই হরেই বাঁশি বাজাইতেন। তাহারি কিছু মধুরতা কীর্তন গান মাত্মসাথ করিয়াছে। স্লামি ভক্তমাল, চৈতন্তারিতামৃত, পদকল্পতক ভক্তিব সহিত পডি ও অত্যন্ত ভালবাসি। দাশরথি রায়ের পাঁচালী ভাল লাগে। রামকৃষ্ণ পরমহংসদেবের উপদেশ ও জীবনী পডি—ভগবানকে দেবিতে পাওয়া যায় এই ধারণা আমার বাল্যাবিধি ছিল, রামকৃষ্ণের কথায় সে বিশ্বাস দৃটীভূত হইরাছে—একটা বড অভয়ের বাণী, আশার আলো, আশাসের কথা সেখানে পাইয়াছি।

রবীন্দ্রকাব্যে বৈষ্ণব প্রভাব নিয়ে গবেষণা-গ্রন্থ রচিত হয় সত্য, কিন্তু "রবীন্দ্রনাথের বৈষ্ণবসাদৃশ্য বাহ্য; অন্তন্তবে তিনি বৈষ্ণব-অসদৃশ 'রবীন্দ্রনাথ'। বৈষ্ণব মাধুর্যাদী, রবীন্দ্রনাথ সোন্দর্যবাদী এবং এই সৌন্দর্যবাদ আবার ঐশ্বর্যাদে সমাহিত তাঁহার ভগবান রদের নহে, ভাবের।" ববীন্দ্রনাথ তাই 'বৈষ্ণব কবির গাঁথা প্রেম-উপহার'এ যে-তাৎপর্ব খোঁজেন তা করুণানিধানেব 'বৈষ্ণব কবি'র কল্পনার সক্ষেমেশে না—

রাধা হয়ে বিরহের শাঙন রজনী
জাগিয়াছ একাকিনী পল গণি' গণি',
ফিরিয়াছ কেঁদে কেঁদে যম্নার কূলে
না হেরি' তমাল-নীলে তমালেরি মূলে।

কুম্দরঞ্জন শুধু মুখেই বলেন না, 'বৈষ্ণব কবিদের কবিতায় আমি দব বসই পাইয়াছি। ভগবান্ 'রসো বৈ দঃ' এটা বেন জানিতে পারিয়াছি।' তাঁর কবিতাতেও দেই রদের সাধনাই প্রকাশ পেয়েছে—

মোদের হরি বংশীধারী, মোদের হরি মাখনচোরা,

যুগল রূপের উপাদী যে, পিপাদী দে রদের মোরা।

শ্বরণে তাঁর পরশ-মধু, নামে ঝরে পীর্ষধারা,

মুগ্ধ মোদের মানদ-বধু, পেবে তাঁহার গীতের সাডা।
কোথার ক্কক্ষেত্রে কোথা পাঞ্চলন্ত যেথার বাজে,
গাঙীবে ভীম টংকারেতে দলে দলে দৈন্ত সাজে,

আমরা ভাহার ধার ধারি নে, খুঁদ্ধি কোথা তমাল-ছারে, মিশেছে রাই কনকলতা কর্মতক্ষ শ্রামের গায়ে।

আইই বোঝা যায় রবীক্সনাথের ভক্তিসাধনাকে বাঙালি কবিরা গ্রহণ করেন নি। রবীক্ষনাথ বলবেন 'যে ভক্তি তোমারে লয়ে ধৈর্ঘ নাহি মানে, / মূহুর্তে বিহবল হয় নৃত্যাপীতগানে / ভাবোমানমন্ততায়, সেই জ্ঞানহারা / উদ্লান্ত উচ্ছল ফেন ভক্তিমদধারা / নাহি চাহি নাথ!' কিন্তু কঞ্গানিধান-কুম্দরঞ্জন-কালিদাস সেই 'ভাবোমানমন্ততা' একান্ত কাম্য বিবেচনা করেছেন, তাঁরা বলেন—

নারি আনন্দ প্রকাশ করিতে নিজে মুখে খেলে জ্যোতি নয়ন উঠে যে ভিজে, শিহরে পুসক রোমাঞ্চ কলেবর।8

¢

আদর্শে নিদর্গপ্রকৃতি বা নরনারীর প্রেম, ভগবদ্ভক্তি বা সমাজমনস্কৃতা যেমন কোনো বিশেষ দেশকালের সম্পত্তি নয়, তেমনি কোনো বিশেষ ব্যক্তির উত্তরাধিকারও নয়। রবীক্রকাব্যের সঙ্গে রবীক্রয়গের কবিদের অন্তরক্ষ পরিচয় ছিল, কিন্তু একমাত্র প্রকাশশৈলীর ক্ষেত্রে তাঁদের উপর রবীক্রপ্রভাব নির্দেশ করা সন্তব। দেখানেও সেপ্রভাব সর্বাঙ্গীণ বা সচেতন বলা যায় না। মধ্যযুগীয় এবং উনিশ শতকীয় বাঙ্গা কাব্যের ভাষা-ছন্দের প্রতিও তাঁদের সমধিক আকর্ষণ ছিল। কোনো দেশের কোনো কাব্যধারাই পূর্বতন কাব্য-ঐতিহ্ অস্বীকার করে অগ্রসর হয় না। অন্ত দিকে এর মধ্যে 'খাঁটি বাঙালিয়ানা'র উত্তেজনাও কাজ করেছিল।

রবীন্দ্রযুগের কবিরা কথনো সচেইভাবে রবীন্দ্র-কবি-ভাষা ও ছন্দ ব্যবহার করলেও, তাঁদের রচনার একটা বড় অংশ লোকায়ত-ঐতিহ্ পূই। তাই এঁদের রচনায় ছন্দের শিথিলতা বা ভাষার গ্রাম্যতা অনেক সময়ে একালের পাঠককে আহত করে। বৃদ্ধদেব বস্থর মতো কেউ এই কারণেই এঁদের 'স্বভাবকবি' আখ্যা দিয়ে অপাংক্রেয় জ্ঞানে দ্রে সরিয়ে রাথেন, এবং মন্তব্য করেন: 'তাঁদের লেখায় দেখা দিলো সেই ফেনিলতা, সেই অসহায়, অসংবৃত উদ্ধান, যা 'স্বভাবকবি'র ক্ললক্ষণ; — শৈথিল্যকে স্তঃস্কৃতি ব'লে, আর তদ্রাল্তাকে তন্ময়তা ব'লে ভূল করলেন তাঁগা।' বলা বাহুল্য এই ধরনের সরলীকরণ রবীন্দ্রযুগের কবিপঞ্চককে ব্যতে আদৌ সহায়তা করে না, আর সত্যেন্দ্রনাথ বা ষতীন্দ্রমোহনের মতো কবি সম্বন্ধ কথাগুলি আদৌ প্রযোজ্যও নয়।

8. क्रमुद्रक्षव मझिक।

সাহিত্যে সর্বাতা এবং স্বতঃ ফুর্ভতা বেশি দামি; মা চাতুর্ব এবং ক্লবিমতা বেশি জাকরি—এ নিয়ে তথাত আলোচনা আপাতত অবাস্তর। আধুনিক কবিতা অবশ্রই সর্বাতা এবং স্বতঃ ফুর্ভতাকে প্রথম দিকে তেমন গুরুত্ব দেয় নি, এবং তার ঐতিহাসিক কারণও আছে। কিন্তু কবিতা যদি কাগজের ফুল না হয়, তা হলে তাকে মাটি থেকে প্রাণর আহরণ করতে হবে। এ দিক থেকে বাঙালি সমাজ ও সংস্কৃতির শিকড়ের সঙ্গে রবীজ্রয়ুগের কবিতার বিচ্ছেদ ঘটে নি। হয়তো পল্লীগ্রামের সঙ্গে বোগ ও দেশজসংস্কার্থন কবিতার বিচ্ছেদ ঘটে নি। হয়তো পল্লীগ্রামের সঙ্গে বোগ ও দেশজসংস্কার-নির্ত্বতা এ ব্যাপারে কবিদের সাহায্য করেছিল। কবিভাষাও সেখানে খুব সহজেই মুখের ভাষার কাছাকাছি আসতে পেরেছে। মধু-হেম-নবীনের তৈরি-করা-কবিভাষার তুলনায় তাকে সারল্যের নামান্তর মনে হলেও, কাব্যবিচারে ব্যর্থ বলা যায় না। কুমুদরঞ্জন তাই সহজে লেখেন—'হ'দণ্ডেরি আলাপই খুব / বাজিয়ে যাব গাবগুবাগুব / অকুলের কোন কেঁছলিতে করবো গিয়ে পারণ গো।' কিংবা 'গুন্গুনানির উনঘুনানি আর ছিল না কাজ রে।' এ গান অবশ্রই সে কালের রাজসভাবা এ কালের কফি হাউদের জন্ম লেখা নয়—'দীনপল্লীর মেঠো গান তোর কে শুনিবে রাজসভাতে গু' কিন্তু হাট-মাঠ-বাটের ভাষা আধুনিক কবিকেও অন্য ভাবে আকর্ষণ করে।

যতীক্রমোহন বা সত্যেক্রনাথ ঠিক পল্লী-কবি না হলেও লোকায়ত কাব্যসংস্কার রক্ষা করেছেন, বিশেষত বাঙলা ভাষার নিজস্ব বাগ বিধির ব্যবহারে। প্রত্যেক ভাষা যেমন অমুবাদ-অমুকরণের মধ্য দিয়ে সমৃদ্ধি লাভ করে, তেমনি দেশজ শব্দভাণ্ডার ও প্রয়োগ-বিধিকে রক্ষা ও পরিপুষ্ট করে। এখানেও কবির শিল্পবোধ কাজ করে, কারণ ভাষার পরি-চ্ছন্নতা ও সোষ্ঠব রক্ষা করা কবিরই কাজ। যতীন্দ্রমোহন কেবল বিষয়বৈচিত্রোর জন্ম জেলের ছেলে, জেলের মেয়ে, চাষার মেয়ে, মালোর মেয়ে, অন্ধবধু বা কাজলাদিদিকে নিম্নে কবিতা লেখেন না, নিজম্ব কবিভাষা স্ষ্টির প্রয়োজনেই এখানে পল্লী-ঘেঁষা বিষয় কবিতায় ব্যবহৃত হয়। 'পায়ের তলায় নরম ঠেক্ল কি ! / আন্তে একটু চল্ না, ঠাকুরঝি—ও মা, এ যে বারা-বকুল !—নয় ?' কিংবা 'বাশবাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই— / মা গো, আমার শোলোক-বলা কাজলা-দিদি কই ?'--এমন ভাষা ও ভঙ্গি কারো অমুকরণ নয়, অথচ এর অভিনবত্ব চটু করে ধরাও যায় না। সত্যেন্দ্রনাথ পণ্ডিত কবি, এই খ্যাতি তথ্যভিত্তিক হওয়া দত্ত্বেও, লক্ষণীয়, বাঙলা ভাষার দেশজ শব্দভাণ্ডার ও বাগ বিধির ব্যবহারেও তিনি অপ্রতিদ্বী। সংস্কৃত-ভাষা-সাহিত্য চর্চায় তাঁর আগ্রহ ছিল, কিন্তু সেই সলে তিনি লোকায়ত কাব্য-ঐতিহ্ সম্বন্ধে সমান সচেতন ছিলেন। ফলে পুরোনো কাব্যধারার দকে সত্যেন্দ্রনাথের যথার্থ বিচেছদ ঘটে নি, বরং পুরোনো কাব্যধারার সঙ্গে যোগেই তা নতুন তাৎপর্য লাভে সক্ষম হয়েছে। তথু ভাষা-ব্যবহারে নয়, লাচাড়ি-ছন্দের আধুনিক রূপান্তরেও তাঁর সচেতন প্রয়াস দেখা যায়। 'ৰাউ**দের স্থরে**' তিনি কখনো লেখেন—'কোথায় ভাকে দোয়েল খ্যানা— / ফিঙে গাছে গাছে নাচে ?' কিংবা 'পানীর গানে' খ্ব সহজেই ব্যবহার করেন 'আছল গায়ে', 'উড়ছে শতক ভন্ভনিয়ে', 'গরুর বাথান—গোয়ালখানা', 'মট্কা থেকে', 'খায়েটা থোকা, 'মাথায় প্র্টে', 'দিছে চালে পোয়ালগুছি', 'ফান্সা ভাতে'র মতো শন্ধ। 'কাব্যের অধিকার' বাড়াবার জন্ম রবীন্দ্রনাথকে অপেক্ষা করতে হয়েছিল অনেক দিন, সেই গভছনেদ 'প্নক্ষ' লেখার কাল পর্যন্ত। কিন্তু তার অনেক দিন আগেই পভছনেদ আমরা ময়রা ময়রা ময়ি, হাটুরে, বাসন-মাজা বহুড়ী, দোকানঘরের গুরুমশাই, ল্যাম্পো-হাতে লক্ডিঘড়ে ভাকপেয়াদার সাক্ষাৎ পেয়েছি। রবীন্দ্রনাথ এখানে অন্তত উন্তম্ব নন; রবীন্দ্রযুগের কবিরা সচেতনভাবেই ম্থের ভাষা ও কবিতার ভাষাকে মেলাতে চেয়েছেন; এবং আধুনিক কবিরা জ্ঞাভসারে বা অজ্ঞাভসারে সত্যেন্দ্রনাথ-প্রমুধ কবিদের অন্থসরণ করেছেন।

ঙ

রবীন্দ্রযুগের প্রত্যেক কবির স্বাভন্ত্য আলাদা ভাবে দৃষ্টাস্তমহ দেখাবার অবকাশ এখানে নেই। কিন্তু আমাদের সংক্ষিপ্ত আলোচনা থেকে আশা করি এটুকু অন্তত্ত ম্পন্ত হয়েছে, শতাব্দীর প্রথম পঁচিশ বছরের প্রধান পাঁচজন কবি একটি স্বতম্ব কাব্যাদর্শের সন্ধান করেছেন, যেখানে লোকায়ত সংস্কার এবং রোম্যান্টিক ভাবনার সন্মিলন-চেষ্টা ছিল। রবীন্দ্রপ্রভাবও কখনো কাজ করেছে, কিন্তু সেটাই এ যুগের কবিদের বা কাব্যধারার প্রধান পরিচয় নয়। বরং বলা যায়, অতীত ও ভবিন্ততের সন্ধিন্দণে এদের অবস্থান, এক ধরনের 'তিক্ত দিধায়' এরা সীমাবদ্ধ—সে জন্ম তাদের সাফল্য প্রমাতীত না হলেও, প্রচেষ্টার ঐতিহাসিক তাৎপর্য অনম্বীকার্য। এবং এই দিক থেকেই আধুনিক বাঙলা কবিতার ইতিহাসে সন্ধিন্দণের কবিরা বিশেষ মনোযোগ দাবি করতে পারেন।

তিরিশের কবিতা

কিরণশঙ্কর সেনগুপ্ত

আ জ কে ব দিনে বাঙলা কবি তাব ষে অংশ টিকে আধুনিক বাঙলা কবিতা বলা হয়ে থাকে তার শুরু 'কলোল'এর যুগে, যখন একটি তরুণ কবিগোষ্ঠা রবীন্দ্রকাব্য ও রবীন্দ্রকান্যের প্রভাবপুষ্ট কবিতার থেকে শ্বতম্ব ধরনের কাব্যস্কটিতে উৎসাহী হয়ে উঠেছিলেন। রবীজ্রনাথ সে সময় তাঁর মহিমায় পরিপূর্ণ রূপে অধিষ্ঠিত এবং সমসাময়িক ও অমুগামী কবিসম্প্রদায়ের প্রায় সকলেই তার অভূতপূর্ব ঐশ্বর্যের দীপ্তিতে অভিভূত। দে সময় মূল্য-বিচারের পরিবর্তে বন্দনা-গানের আতিশয্যই স্বাভাবিক, মূল্যায়নের স্থলে মুশ্বতা, এবং স্বাতম্ব্যবন্ধার পরিবর্তে অনভা প্রতিভার বিরল জোয়ার-স্রোতে আত্মনিমজ্জন। রবীক্রামুদারী কবিদমাজের এই অমোঘ ও অনিবার্য পরিণাম প্রত্যক্ষ করেই 'কল্লোল'যুগের নবীন কবিরা এই সিদ্ধান্তে এসেছিলেন যে রবিপ্রতিভার সর্বব্যাপ্ত প্রভাবের হাত থেকে আত্মরক্ষা করতে না পারলে আধুনিক বাঙলা কবিতাও ভধু রবীন্দ্রকাব্যের প্রতিধানি হয়ে দাঁড়াবে, স্বতন্ত্র অভিজ্ঞতার জগৎ স্বষ্ট করতে পারবে না। অথচ তথনকার দিনে বিষয়টি যে সহজ ব্যাপার নয় এ বিষয়ে তরুণ কবিগোষ্ঠীও সচেতন ছিলেন। এক দিকে রবিঠাকুরের কবিতার ছনিবার আকর্ষণ, অন্ত দিকে ভিন্নতর বিষয়বম্ব ও আঞ্চিকের সাহায্যে সমসাময়িক কালের উপযোগী কাব্যরচনার আকাজ্ঞা, এই ভিন্নমুখী সংঘাতে তরুণ কবির উত্যোগে বেশ জটিলতা দেখা দিয়েছিল। এই পটভূমিকার আবিভূতি হলেন নজফল ইসলাম যতীক্রনাথ সেনগুপ্ত ও মোহিতলাল মছুমদার। এঁদের কবিতা যে তথনকার মতো পাঠকসমাজকে সচকিত করে जुलिहिन जोत कात्रन नक्करलत वित्सार, यजीक्रनार्थत प्रथ्वान धवर साहिजनारनत দেহবাদী উচ্চারণ তৎকালীন প্রবহমান পদলালিত্যে তীত্র, বেদনাকঠিন, প্রশ্ন সর্জর স্থরের নতুন এক আবহ সৃষ্টি করতে সমর্থ হয়েছিল। রবীন্দ্রনাথের ভক্ত, শিয়াস্থানীয় क्विएम्ब मर्पा এই ममब मवरहरब উल्लिश हिल्लन मर्डान्सनाथ मख, প্रवस्मान वांडला कविजाब यिनि मक्षांत्रिज करतिहिलन नाना हत्स्व लाला, निर्वाहिलन वांधालित সংসারের, বাঙলা দেশের নানা টুকিটাকির থবর। কাব্যরচনার বিবিধ উপকরণ সংগ্রহের অত্যে তাঁকে তুর্গম দর্শনের শরণাপন্ন হতে হয় নি, কি কোনো প্রাণান্তকর প্রয়াদের মুখোমুখি হতে হয় নি। বাঙলা দেশের, বাঙালি সংসারের সাধারণ পরিবেশের মধ্যেই কাব্যরচনার **अहुद উপাধান তিনি शूँछে পেয়েছিলেন এবং তা** बहे ফলে সম্ভব হয়েছিল 'পান্ধী চলে'

'দ্বেদ্ধ পালা', 'ইলশে গুঁড়ি', 'ছেলের দল'-ইত্যাদি কবিতার স্বিষ্টি । তা ছাড়া, সমসামন্ত্রিকতাকে কাব্য থেকে দ্বে সনিয়ে রাধানও তিনি পক্ষপাতী ছিলেন না। কি রাষ্ট্রীয়, কি সামাজিক কি মানবিক নানা ঘটনাও বে তাঁর স্পর্শক্ষম কবিপ্রাণে সাড়া জাগিয়েছিল তার প্রমাণ 'গাদ্ধিজী', 'নফর কৃণ্ডু', 'জাতির পাতি', 'মেথর' এবং আরো বেশ কিছু কবিতায় রয়েছে । সব সময় গভীরতাসদ্ধানী না হলেও স্থভাবিত কবিতাগুদ্ধ সত্যেন্দ্রনাথ অজল্প লিখেছেন যার মূলে অব্যাহত তাঁর অনন্ত ছন্দক্শলতা । সত্যেন্দ্রনাথ অজল্প লিখেছেন যার মূলে অব্যাহত তাঁর অনন্ত ছন্দক্শলতা । সত্যেন্দ্রনাথ ও রবীক্রাম্পারী অভাত্ত কবিদের, যেমন যতীক্রমোহন বাগচী, কফণানিধান বন্দ্যোপাধ্যায় বা কৃম্দরঞ্জন মল্লিকের রচনায় সামস্ততান্ত্রিক গ্রামবাঙলার ছবি স্থপ্তাই । গ্রামবাঙলার সমাজচিত্র ও নিস্কাচিত্র এক সময় বিশেষ আকর্ষণযোগ্য মনে হলেও শেষ পর্যন্ত বিশ্ববিভালয় থেকে পাশ-করা পরবর্তী কালের তরুণ কবি ও কাব্যপাঠককে আর মন্ত্রমুগ্ধ করে রাখতে পারছিল না ; স্বভাবে, প্রকরণে ও মেজাজে একট্ট স্বতন্ত্র বলেই এই সময় নজরুল-যতীক্রনাথ-মোহিতলাল তরুণ কবিদের আলোচ্য বিষয় হয়ে উঠেছিলেন ।

সত্যেন্দ্রনাথের পাশাপাশি ষতীন্দ্রনাথ ও নজরুলকে অবশ্রুই মনে হবে চড়া গলার কবি। সভ্যেন্দ্রনাথের কবিতায় অন্তর্জালা নেই, অতিবিপ্লবী ঘোষণা নেই; পক্ষান্তরে, শেষোক্ত তু-জন কবির কবিতায় শ্লেষ-ব্যঙ্গ-বিদ্রূপের আধিক্য, সমাজচেতনার তীব্রতা। রবীক্রনাথের পরিপূর্ণ স্থানায়িনী কাব্যের পরিমণ্ডলে নিশাস টেনেও এই ছু-জন কবি মেনে নিতে পারলেন না যে ঈশ্বরের পৃথিবীতে সবই হুন্দর ভাবে চলছে। ফলত রবীক্রকাব্যের নমনীয় গীতিনিঝর্ব ও রূপলাবণ্যরেখা এবং শত্যেন্দ্রনাথের কবিতার ক্ষোভহীন স্নিগ্ধতার পরিপুরক হিসেবেই সে কালের পাঠক यजीव्यनाथ-नष्टकराम के गाना प्रश्नावमुक चक्रता महिक रखिहानन। এই ममय থেকেই ষতীন্দ্রনাথের শ্লেষমিশ্রিত উচ্চারণ ও নজন্মলের বিদ্রোহদীপ্ত ঘোষণা অনিবার্যভাবেই বাঙলা কবিতার তৎকালীন পাঠককে আকর্ষণ করেছিল। 'চামেলী তুই বল, কোখা থেকে নিয়ে এলি রূপের পরিমল!' সত্যেক্সনাথের এই উক্তির পাশাপাশি যতীন্দ্রনাথের 'মনে কোরো ভাই মোরা চাষা নই, চাষার ব্যারিষ্টার !' কিংবা নজকলের 'চির অবনত তুলিয়াছে আজ গগনে উচ্চ শির। / বানদা আজিকে বন্ধন ছেদি ভেঙেছে কারাপ্রাচীর' বিশেষ তাৎপর্ষময়। রবীক্রকাব্যের মূল নিঝারের [ি] অমুদরণে তাঁর অমুগমনকারী কবিগোষ্ঠী শান্ত, স্মাহিত গীতিকবিতার যে মস্থ ধারা প্রবাহিত করে দিয়েছিলেন দে দিক থেকে দৃষ্টি ফিরিয়ে নিয়ে কাব্যপাঠককে তাকাতে হল সমস্তাকীর্ণ প্রতিবাদম্থর নতুন কবিভার দিকে। এই প্রথম ধারণা করা সম্ভব इन रा द्वीसकावाधादाद मर्ववमकादी প्रভाবের মধ্যে থেকেও সমকালীন কাব্যে

খাতন্ত্র্য ও খকীয় বিস্থাদের রূপ ও রীতির প্রবর্তন['] সম্ভব। নঞ্জল-যতীন্ত্রনাথ বাঙলা কবিতার ইতিহাদে এই কারণেই শ্বর্তব্য। এঁদের কবিতার পাওয়া গেল নতুন হ্বর, মাহুষের আশা-আকাজ্ঞার স্বতম্ব অভিব্যক্তি, নতুন জীবনাদর্শের প্রতিফলন। সত্যেক্সনাথ মেথরকে বন্ধু বলে সম্বোধন করেছিলেন, যতীক্রনাথ চাষীকে ভাই वरण रयन इतरवंत्र कार्ष्ट रिंग्स निर्मिन, आंत्र नवरहरव अवांक कंत्रसम नम्बक्रम-বারাগনাকে মাতৃ-সম্বোধন করে। সত্যেন্দ্রনাথ জানিয়েছিলেন, মাতুষের সঙ্গে মাতুষের ভেদ নেই, 'কালো আর ধলো বাহিরে কেবল ভিতরে সকলি সমান রাঙা'। তাঁর এই উক্তি অধুনা ইম্পুলপাঠ্য বইয়ের পাতায় সীমাবদ্ধ থাকলেও পঞ্চাশ-ষাট বছর আগে নতুন সমাজব্যবস্থার রূপক হিসেবে সহজেই অভিনন্দিত হয়েছিল। এ দিকে যতীন্দ্রনাথ উপস্থিত করলেন হঃথবাদ, সমকালীন কাব্যে প্রকৃতিবিলাদের যে আধিক্য ঘটেছিল তাকে দরাদরি বর্জন করে মানবদমাজে যারা দামাক্তজন অথচ যাদের পরিশ্রম ও কায়িক ক্লেশ সমগ্র সমাজব্যবস্থার ভিত্তিমূল—তাদের অন্তর্জালাকে স্পষ্টতর করে তুললেন তাঁর অনেক কবিতায়। 'বজে যে-জনা মরে, / নবঘন-খাম-শোভার তারিক দে-বংশে কে বা করে?' এই জিজ্ঞাসা যতীক্রনাথেরই। 'বন্ধু, বন্ধু, হে কবিবন্ধু, উপমার ফাঁস গুনি' / আদল কথাটা চাপা দিতে ভাই কাব্যের জাল ব্নি।' কবিতা যাদের কাছে গভাদিকাম্রোতে ভেদে-যাওয়া বিলাদমাত্র, যতীক্রনাথের এই উক্তি তাদের সচকিত করে তুলেছিল। কিন্তু সমাজব্যবস্থার পরিবর্তনে তুঃথবাদের দিনলিপিই যথেষ্ট নয়, প্রয়োজন বিজোহের, বিপ্লবের। আর যেন ঠিক সে-কারণেই এই সময় এলেন নজকল, তাঁর বিদ্যোহাত্মক বাণী নিয়ে। যতীন্দ্রনাথের তুলনায় অনেক পরিমাণেই উচ্চকণ্ঠ কিন্তু প্রায়-অমোঘ উচ্চারণে নজরুল জয় করলেন পাঠকছানয়কে। 'তোরা সব জয়ধ্বনি কর / ওই নৃতনের কেতন ওড়ে কাল-কালবোশেখীর ঝড়।' কিংবা 'বল বীর, চির উন্নত মম শির' এই ঘোষণাকে অপূর্ব কাব্যঝন্ধারে তিনি প্রকাশ করলেন তাঁর কবিতায়। তাঁর 'বিদ্রোহী' কবিতায় মূর্ত হয়ে উঠল জীর্ণ সংস্থারের শৃষ্খলভাঙার স্থা। 'আমি বিদ্রোহী ভুগু, ভগবান বুকে এঁকে দিই পদচিহ্ন' কিংবা 'আমি থেয়ালী বিধির বক্ষ করিব ভিন্ন' এই ধরনের উক্তি তথনকার বাঙলা কবিতার ভাবালুতা ও মৃত্ গুল্পন্দেকি গুল্প করে যেন আহ্বান জানাল জনমনীয় পৌরুষের, তারুণ্যের বিজয়বার্তা ঘোষিত হল দিকে দিকে।

ত্মপাস্তর দৃষ্টিগোচর হয় নি। ছন্দপ্রকরণের তেমন সংহতি ও সিদ্ধি তথন পর্যন্ত পাওয়া যাচ্ছিল না। শন্ধপ্রয়োগ ও প্রকাশভঙ্গিতে আরো সতর্ক বিক্তাসের প্রয়োজন षर ভূত হয়েছিল। পরবর্তী কালের তরুণতর কবিগোষ্ঠী চাইলেন প্রচলিত কবিতার ভাবপ্রবণতা ও উচ্ছাদপ্রবণতাকে বর্জন করতে। বাঙলা কবিতায় তাঁরা আনতে চাইলেন ভাবসংহতি, সতর্ক পদান্তব, চিত্রকল্লের স্বষ্টু নিমন্ত্রণ। এই সময় এলেন মোহিতলাল মজুমদার, বাঙলা কাব্যের রীতি ও প্রকৃতির গোডা ধরে তিনিই প্রথম নাড়া দিলেন। মোহিতলালের কবিতার ভাবসংহতি ও অনমনীয় পৌক্ষই তথন তরুণতর কবিদের মনে গভীর প্রভাব বিস্তার করেছিল। 'সত্য শুধু কামনাই মিথ্যা চির মরণ-পিপাদা' এই উক্তিতে শুধু জোরই ছিল না, জগৎ ও জীবনকে দেখার এমন একটা নতুন ভঙ্গি ছিল যার শ্বতম্ত্র মূল্য স্বীকার না করে উপায় ছিল না। শুধু বক্তব্যের দিক থেকে স্পর্ধিত ও সবল বলেই নয়, স্থদুত গঠনকোশল, স্থসংবদ্ধ কবিকল্পনা ও সংহত কাব্যকলার জন্মই মোহিতলালের কবিতাকে বরণ করে নিয়েছিল কল্লোলেণ্র তরুণ সমাজ। তাঁর কবিতায় যৌবনবন্দনা নতুন স্থম্পষ্ট রূপ গ্রহণ করেছিল; স্থন্থ ও সবন্ধ মাহুষের সম্ভোগক্ষমতার তেজ্ঞিয়তা উন্মোচিত হল তাঁর কবিতায়। শহরের পরিবেশে লালিত, তরুণ মধ্যবিত্ত কবি ও কাব্যপাঠক সমকাদীন বাঙলা কবিতার ক্ষেত্তে অবরোধের অর্গল ভাঙার স্বপ্ন দেখছিলেন, সে-স্বপ্ন যেন অনেকটাই বান্তবায়িত হয়েছিল মোহিতলালের কবিতায়। মোহিতলালের কবিতার প্রথম পর্যায়ে দেবেন্দ্রনাথ দেন ও সত্যেন দত্তের কিছু-কিছু প্রভাব থাকলেও সে-প্রভাব উপেক্ষণীয়। দেবেন্দ্রনাথের সনেট পাঠে তিনি 'অল্লবয়দে উদুদ্ধ হয়েছিলেন, তাঁর প্রথম কাব্যগ্রন্থ 'দেবেন্দ্র-মঙ্গলে'র ১২ নং সনেট ম্রষ্টব্য। সভ্যেন্দ্রনাথের অমুবাদকর্ম ও বাঙলা কবিতায় আরবী-ফারসী শব্দের কৌশলী ব্যবহারকেও তিনি দুঠান্ত হিদেবে গ্রহণ করেছিলেন। কিন্তু যেখানে মোহিতলালের স্বাতন্ত্র্য প্রকাশিত সেখানে তিনি প্রায়-একক ও অদ্বিতীয়। রবীন্দ্রনাথের স্কন্ম সৌন্দর্যস্থ**ষ্টির** পাশাপাশি মোহিতলালের বান্তবাহুগ বলিষ্ঠ দেহবাদ তথনকার দিনে লক্ষ্য করবার মতো এবং 'কল্লোল'যুগ প্রসঙ্গে অচিন্ত্যকুমার সেনগুপ্ত যথন বলেন: 'যজনযাজনের পাঠ আমরা তাঁর কাছ থেকেই প্রথম নিয়েছিলাম। আধুনিকতা যে-অর্থে বলিষ্ঠতা, সত্যভাষিতা ও সংস্কাররাহিত্য তা আমরা খুঁজে পেয়েছিলাম তাঁর কবিতায়' তথন মোহিতলালের কবিতার এই নির্মম জীবনমুখিতার দিকেই পাঠকদমাজের দৃষ্টি আকর্ষণ ষাভাবিক। 'কলোল'যুগেরই অন্ততম শক্তিমান কবি প্রেমেন্দ্র মিত্র অন্তত্ত্ব লিখেছেন: 'মোহিতলালের বলিষ্ঠ বেগের উৎদ কোনো বাহ্নিক বিপর্বয়ের মধ্যে দেই। তা আছো অনেক গভীর। আমাদের জীবনবোধের তীব্রতা থেকেই তা উৎসাবিত। বে বেগ মক্ষম হাতে শুধু উচ্ছুঞ্ল উচ্ছাদে অপব্যয়িত হতে পারত, মোহিতলালের হাতে তা

এমন একটি স্থতীত্র অথচ শাদিত স্বাভন্ত্য পেয়েছে, কাব্যরীতি ও প্রকৃতির অনেক পরিবর্তন সম্বেও যার মৃল্য আঞ্চও অস্বীকার করবার উপায় নেই । তথ্ বেগের দিক থেকে নয়, বক্তব্য ও বলার ভলির দিক দিয়েও মোহিতলালের বৈশিষ্ট্য প্রথম থেকেই স্থপরিক্ষৃট। ইঞ্রিরগোচর অমুভূতির বাইরে কাব্যের উপাদান সংগ্রহে তিনি সহস্থে দম্মত নন, কিন্তু সেই মৃত্তিকাশ্র্যী অমুভূতির এমন তীব্র তপ্ত গাঢ় স্বাদ এমন স্থনিপুণ হাতে কেউ বুঝি পরিবেশন করেন নি ।' · · · যৌবন-বন্দনার ক্ষেত্রে রবীক্রকাব্যে বরাবরই ম্বিগ্রতা ও লাবণ্যের সম্মোহিনী শক্তিকে ক্রিয়াশীল হতে দেখা যায়: পক্ষান্তরে মোহিতলালের যৌবনবন্দনায় নিঃসন্দেহে জীবনের প্রতি, মানবিক কামনা-আকাজ্ঞার প্রতি এক স্থতীত্র বেদনামন্থিত সচেতনতা লক্ষ্য করা যায়। 'স্বপন প্রসারী'তে পূর্ববর্তী এবং সমসাময়িক কোনো কোনো কবির প্রভাব থাকলেও এই গ্রন্থের অন্তর্ভুক্ত 'অঘোরপদ্ধা' কিংবা 'নাদিরশাহের জাগরণ' কবিতায় মোহিতলালের কবিস্বভাব স্থপরিম্ফুট। 'বিশারণী' কাব্যগ্রন্থে এই কবিকৃতি স্পষ্টতর এবং উজ্জ্বলতর। এবং বর্তমান প্রবন্ধকারের বিবেচনায় 'পাস্থ' নামের চিত্তহারী কবিতাটিতে তাঁর কবি-প্রতিভার স্বাতম্য ও স্বকীয়তা সর্বতোভাবেই উপস্থিত। 'দেহে তোর প্রাণ আছে ? তবে কেন ওরে ভীক্ষ নিত্য-উপবাদী/চির-মৃত্যু-মোক্ষ-অভিলাষী ?' কবিতার এই প্রদীপ্ত ছবি তথনকার দিনে বলতে পারা যায় একেবারেই নতুন। এবং তরুণতর কবিগোঞ্চ এই স্থব এই বাক্ভন্বির আকর্ষণেই তাঁকে অন্মপ্রেরণার উৎসন্থল রূপে বরণ করতে কুন্তিভ श्राम ना। এक निरक छाञ्चिक नाथनात्र राज्यान धवर अन्न निरक म्लानीक्स रायेवन-চেতনার প্রাণধর্মী রূপরস মোহিতলালের কবিতাকে স্বতম্ভ মর্যাদায় স্কপ্রতিষ্ঠিত করেছিল। তাঁর কবিতার ছন্দোবদ্ধনী, স্তবক-বিন্তাদ এবং মিলের ব্যবহার স্মরণ্যোগ্য ক্ষবিক্ততির সাক্ষ্য। শোপেনহাওয়ারের নারী-বিদ্বেবের বিরুদ্ধে প্রতিবাদে মোহিতলাল যেমন দৃত্কণ্ঠ, অন্ত দিকে তেমনি ক্ষণিকবাদী মোক্ষবাদীদের ছলনাময় যুক্তির বিরুদ্ধেও তাঁর ঘোষণা বজ্রের মতোই স্কৃতিন। তাঁর যে-কয়েকটি কবিতা 'কল্লোল'ঘূগে তরুণমনকে শভীর ভাবে নাড়া দিয়েছিল তার অন্তম: 'অঘোর-পন্থী' (রচনাকাল ১৯১৭), 'মোহমূলার' (রচনাকাল ১৩২৯), 'পাছ' (রচনাকাল ১৩৩২), 'স্মর-গরল' (১৩৩৩), নারীন্তোত্র (১৯১৭)। আধুনিক বাঙলা কবিতার ইতিহাসে এই কবিতাগুলোর সংযোজন নিঃসন্দেহেই স্মরণীয়। 'কল্লোল'যুগের প্রতিনিধিস্থানীয় একজন কবির ভাষায়: 'এক দিকে বেমন ধোঁয়াটে ভাবের অস্পষ্টতা তাঁর অসম্ভ, আরেক দিকে এই শ্রীননের ভীব্ৰ তৃষ্ণাও উচ্ছাদের তরলতায় প্ৰকাশ করার তিনি বিরোধী। তাঁর কবিভায় প্রচণ্ড

১. থেমেন্স নিত্র : 'নোহিতলাল মন্ত্র্মদারের স্থনির্বাচিত কবিতা' ১৯৯৯, ভূমিকা।

-**আ**বেগও দৃঢ় অকম্পিত রেখার রূপায়িত। তাঁর কান্যে তাই ভা**ন্তর্বের কঠি**ন স্থন্ম হ্বমা, স্থাপত্যের মহান অটল গান্ডীর্য।' বিলোল'যুগের তৎকালীন একজন শক্তিমান ভরণ কবির উত্তরকালের এই মূল্যায়ন থেকেই 'কল্লোল'যুগের তরুণ কবিদের উপর মোহিতলালের প্রভাব সম্পর্কে একটি হুষ্টু ধারণা গড়ে ভোলা সম্ভব। তরুণ কবিদের কেউই তাঁর কবিতার খারা প্রত্যক্ষভাবে প্রভাবিত হন নি (কাব্যরচনার ক্ষেত্রে), কিন্ত এক সময় তাঁরা মোহিতলালের কবিতায় তাঁদের বছ আকাজ্জিত নতুনতর কাবা-বিস্থাদের উপাদানসমূহ খুঁজে পেয়েছিলেন। তাঁর সনেট, স্পেন্দরীয় ছবকে রচিত দীর্ঘ কবিতা, উদাহরণত উল্লেখ্য। উত্তরকালে কবি অঞ্জিত দত্ত স্পেন্সরীয় স্থবকে দীর্ঘ কবিতা রচনা করেছেন, তাঁর 'মালতী ঘুমায়' ('কুস্থমের মাস') কবিতাটির উল্লেখ করা ষেতে পারে যদিও প্রসঙ্গে, উপকরণে ও মেজাজে এই হুই কবির মধ্যে কোনো মিল নেই। এখনকার দিনে মোহিতলালের শব্দসম্ভারকে পুরাতনই মনে হবে। শুধু ভাই নয়, শব্দগুলোকে আলাদা ভাবে বিচার করলে তথনকার দিনের পক্ষেও ঐ সব শব্দ তেমন আকর্ষক বিবেচিত হবে কি না সন্দেহ। কিন্তু মোহিতলাল অসম্ভবকে সম্ভব করেছিলেন তাঁর অনন্যসাধারণ কবিত্বশক্তির ছারা। ছন্দে ও ধ্বনিতে তিনি স্ষ্টি করতে পেরেছিলেন আছম্ভ নিখুঁত কবিতা। এই সব পুরাতন শব্দের সাহায্যেই তিনি কথনো স্ষষ্ট করেছিলেন গীতিকাব্যের ঝংক্বত নিঝর্ব, কথনো বা আগাগোড়া দুঢ়বদ্ধ ঞ্চপদী কবিতা। 'যে স্থর ফুরায়ে গেছে, ফিরিবে না কভু এ ভুবনে, / আঞ্চিকার গানে তার কিছু দিব--আমি দেই কবি' ('কবিধাত্রী')। মোহিতলালের কবিতা পড়বার সময় কবির নিজের এই উক্তি আজকের দিনের কাব্যপাঠকের মনে রাখা প্ৰয়োজন হয়তো।

9

'কল্লোল'যুগের শুরু থেকেই আধুনিক বাঙলা কবিতারও শুরু, এ কথা আগে বলা ছয়েছে। বাঙালি মধ্যবিত্ত শিক্ষিত তরুণ কবিগোটী কবিতা সম্পর্কে তথন থেকেই নতুন ও স্বতম্ব ধ্যানধারণায় উদ্বুদ্ধ হতে চেয়েছিলেন। সমাজচিন্তার দিক থেকেও তথন একটা নতুন পর্বের স্টনা হয়েছিল। সোভিয়েট সমাজবিপ্পবের সাফল্যের পর মানুষ ও মানবসমাজ সম্পর্কে নতুন চেতনা সঞ্চারিত হল। এই সময়ই যুদ্ধোত্তর যুরোপীয় লেথকদের রচনাবলী পাঠে বাঙালি তরুণ লেথক নতুন ভাবে উদ্বুদ্ধ হলেন।

২. প্রেমেজ মিত্র: 'মোহিজ্ঞাল মনুমদারের স্থনিহাঁটিত কবিডা' ১৬৬০, ভূমিকা।

সংধাঁই প্রেমেন্দ্র মিত্র তার স্থবিক্তত অলহারবর্জিত সংহত বাক্তবিষ্ক্ত কবিতা লিখে কাব্যপাঠককে আকর্ষণ করেছিলেন। নজকলের বিদ্রোহ, ষতীন্দ্রনাথের বিদ্রূপ এবং মোহিতলালের দেহবাদী উচ্চারণ পাঠকসমাজকে সচকিত করবার পরেই প্রেমেন্দ্র মিত্রের বেদনাসঞ্জাত ক্ষুব্ধ মনোলোকের বিহাৎবিকাশ তাদের অভিভূত করেছিল। 'প্রথমা' কাব্যগ্রন্থের 'মান্তবের মানে চাই' কবিতাটিতেই তাঁর জীবনজিজ্ঞাদার মূল আবেদন বিধৃত। 'আমায় ঘিরে জীবনের শ্রোত বয় এবং আমি দেই শ্রোতের স্পর্শ হ্বদয়ে সানন্দে অহুভব করি।' এই হল তাঁর কবিতার বক্তব্য। তুর্দিন ঘনিয়ে এলেও কবি মনে করেন শপথ রক্ষা হবে। যেহেতু 'প্রিয়ার দৃষ্টি আছে সম্বল, আছে বন্ধুর প্রেম, কত জননীর অ্যাচিত স্নেহ।' অতথ্য কবিকে এই সিদ্ধান্তে আসতে হয়: 'বিদ্রোহ আমি করব না, জীবনকে আমি ডিক্তমুখে অভিশাপ দেব না, যে শেষ নিখাদটি পৃথিবীকে দিয়ে যাব ভাতে বিষ থাকবে না, থাকবে গুধু চিরকালের নব স্থোদয়ের জঞ্জে চিরস্তন প্রণতি, জ্রণ ভবিশ্বতের জল্মে শাখত আশীর্বাদ।' কিন্তু এই আদর্শবাদের ভিত্তি যেন সহসা নড়ে ওঠে কবি যখন প্রাত্যহিক সংসারের সংগ্রামরত অসহায় লোকগুলোর निक তाकान। मृত्युপথया<u>जौ</u> श्रिया एय-সংসারলোকে শীর্ণ শিথিল তুর্বল বাছ দিয়ে প্রেমাম্পদকে আঁকড়ে ধরতে চায়; একটি পুষ্পিত প্রশাখা প্রদারিত করবার জক্ত ভাঙা দেয়ালের ফাটলে ঘানের গুচ্ছ খানব্য সংগ্রামে মাতে এবং শেষ পর্যন্ত ভকিষে হলুদ হয়ে যায়; পথের কয়েকটি ইত্রছানা ধরে নির্মল শিশুর দল সরল পৈশাচিকতার মাতে। কবি উপলব্ধি করেন স্বাষ্টর মূলেই রয়েছে নির্বিকার নির্মমতা, জীবনকে ঘিরে রয়েছে বিপুল প্রচ্ছন্ন বিজ্ঞপ।

প্রেমেন্দ্র মিত্রের কবিতার জীবনবাধের এই অভিব্যক্তিই কিলোল'র্গের কাব্যআন্দোলনের ক্ষেত্রে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ঘটনা। অবশু কাব্যভাবনার এই বিশেষ
কেন্দ্রেই তাঁর কবিতা যে বরাবরই শুল্ড থেকেছে তাও বলা যায় না। কথনো বছ
লোকের মিলিত অমুভবের আবেগকে, কথনো বা নিতান্ত একান্ত ব্যক্তিগত অমুভবকে
তিনি কবিতার জগতে সঞ্চারিত করেছেন। 'প্রথমা'র কবিতাগুলোতে কবির স্থপভাঙা
প্রাণের পরম বেদনাবোধের রঞ্জনরশ্মি বিচ্ছুরিত। দিনগুলি রাতগুলি স্বপ্রের আস্থাদে
নয়, কর্মের প্রেরণায় মঞ্জরিত। 'আমি কবি ভাই কর্মের আর ঘর্মের; / বিলাস-বিবশ
মর্মের যত স্বপ্রের তরে ভাই, / সময় যে হায় নাই।' কিংবা অন্তর্ত্ত উত্তর মেন্দ্র মোরে ডাকে
ভাই, দক্ষিণ মেন্দ্র টানে, / ঝাটকার মেঘ মোরে কটাক্ষ হানে'-ইত্যাদি পংক্তিবিশ্রাস
অর্ধতেন পাঠককে যেন দৃঢ্ভাবে নাড়া দিয়েছিল। এই অস্থিরতা ও বাস্থবচেতনা
তাঁর উত্তরকালের কবিতার সংহত আশ্বাস হয়ে দেখা দিয়েছে। কবিতা সে ক্ষেত্রে একান্তই
ব্যক্তিগতে আকাক্ষা আর গভীর অনুভবের উচ্চারণ। ভাই নীল দিনে কত বৃষ্টি, ঝড,

আছকার, মেঘের ঘনঘটার পর কবিহাণয় সব কিছু ভূলে গিয়ে হুনীল উৎসবে মাতে এবং প্রেমাস্পদার পল্লবপ্রছের চোথের সৌন্দর্য নীল দিন ও দিগন্তের সৌন্দর্যের সঙ্গে একাকার হতে দেখা যায়। তাঁর কবিতার সংহত লাবণ্যের অস্তরালে এমন একটি গতিবেপ কাল্ল করছে যা পাঠকচৈতভাকে নাড়া দিয়ে গভীর গোপন এক স্তর থেকে অভ্যন্তরে ইয়া যায়। 'স্থির আমি হই না, / আমার জ্বন্তে নয় প্রশান্তির পরিচয়'—এই উচ্চারণের ষথার্থতা প্রেমেন্দ্র মিত্রের কবিতায় স্পষ্ট চেহারা নিয়েছে। প্রাকৃতিক সৌন্দর্য বা নিস্পচিত্র তাঁর কবিতায় স্বস্থ জীবনাদর্শের পরিপ্রক। কোনো বিশেষ ঋতুর প্রতি যেমন তাঁর পক্ষপাত দেখা যায় না (যেমন দেখা যায় জীবনানন্দ বা হুধীক্রনাথের ক্বেত্রে হেমন্ত ঋতুর বর্ণনা বার বার ঘুরে ফিরে আদে।) তেমনই অল্ল ছু-একটি পংক্তিবিভাসের মাধ্যমে নিস্পচিত্রকে অত্যন্ত কুশলতার সঙ্গে কাব্যপাঠকের চোখের সামনে তিনি উন্মোচিত করেন। 'নীল দিন' কবিতাটি উদাহরণত উল্লেখ্য। পক্ষান্তরে, প্রাত্যহিকভার মধ্যেও যে অসামান্তের চেতনা তরঙ্গারিত, 'কাক ভাকে' 'পাখীদের মন'-ইত্যাদি কবিতা তার সাক্ষ্য। কাব্যিক ভাষা বর্জন করে সংহত মুখের ভাষা ব্যবহারের মাধ্যমে কবিতার আবেদনকে যে অব্যর্থ করে তুলতে পারা যায় এই কবিতাহুটোতে এবং অন্তর্মণ আরো কয়েকটি কবিতার তার প্রমাণ রয়েছে।

প্রেমেন্দ্র মিত্র নিছক উদ্বেগের কবি নন। তাঁর ব্যক্তিমানস এক দিকে বেমন হুর্গম পথসন্ধানী সম্প্রসন্ধানী, অন্ত দিকে তেমনি সভ্যতার স্বস্থ বিবর্তনে বিশ্বাসী। অন্তারের বিরুদ্ধে তাঁর কবিকঠের প্রতিবাদ গর্জনে মাটি কাঁপায় না বটে, কিন্তু তা মৃত্ হলেও অব্যর্থ। জীবনানন্দের নিঃসঙ্গতাবোধ কিংবা স্থান্দ্রনাথের আশ্রয়চ্যুত্ত নান্তিবাদ তাঁর কবিতায় কথনো ছায়া কেলেছে বলে মনে হয় না; অমিয় চক্রবর্তার ওত্বিদ্ধিসম্পন্ন হার্দ্য স্বরের অন্তরণন থেকেও তাঁর পৌরুষযুক্ত উচ্চারণ স্বতন্ত্র। তাঁর কবিতা প্রসন্ধে এ ক্ষেত্রে জীবনানন্দ দাশের একটি মন্তব্য শার্তব্য : প্রেমেক্র বাংলাকাব্যের ক্রতিহ্য নামশ্লুর করেন নি; অনেক বিচিত্র চক্রবাল থেকে কিরণ এলে সেখানে মিলেছে যদিও। স্থান্ত্রর মতন নিরাশার কেন্দ্রে তিনি অতটা আত্মন্থ নন। স্থান্ত্রনাথ তটভূমি খুঁজে পেয়েছেন—প্রেমেক্র সম্প্রপ্রেমিক নাবিকের মতো—অতিবেল তরক্ষের উপর দিয়ে ভূগোল ও মাহ্যযের ইতিহাস, ও অতিপৃথিবীর আকাশ চিনে, আধো চিনে, রোদ্রপটবেলাভূমি সংসা লক্ষ্য করে আবার হারিয়ে ফেলে—এ জীবনকে সময়ের কাছে ঋণী রেথে, নিরন্তর সময় কাটিয়ে চলেছেন।' অথচ এই ভাবেই সন্তব হয়েছে 'নীলকণ্ঠ' বা অন্তর্গ্রপ ভাবে সফল কয়েকটি শ্বরণীয় কবিতা। তাঁর এমন কয়েকটি

উত্তরবৈরিক বাংলা কাব্য, 'কবিতার কথা', ২র সং পৃ. ৩৭।

কবিতা সহজেই চোধে পড়বে যা আধুনিক বাঙলা কাব্য-আন্দোলনের ক্ষেঞ্জে স্থিনিকিতভাবেই প্রস্তুরফলক রূপে চিহ্নিত করা যেতে পারে। এই কবিতাগুলি কাব্য-আন্দোলনের একটি মূল ধারার রসাম্বাদনের ক্ষেত্রে কাব্যপাঠকের উপলব্ধির সহায়। পদ্মকাব্যস্থলভ ভাষা ও প্রকাশরীতির অলঙ্কারবহুল পারিপাট্যের বদলে উপলব্ধির নিবিড়ভাময় গছ্য-ঘেঁষা রসঘন যে প্রকাশভিক্ত ও কলাকৃতির তিনি প্রবর্তন করেছেন সমকালীন পাঠকসমাজ্বকে ও উত্তরকালের কবিকে তা আশৃত্ত করে।

অন্ত দিকে বৃদ্ধদেব বস্থ পরিপূর্ণ ব্যক্তিশাতন্ত্র্যবাদী কবি এবং প্রেমের কবিতায়ই তাঁর কবিত্বশক্তির পূর্ণ পরিচয়। বুদ্ধদেব বস্থর কবিতা পড়লেই বোঝা যায় তিরিশের যুগের শুক্তেই আধুনিক বাঙলা সাহিত্য গ্রামবাঙলার নিসর্গচেতন পরিবেশ থেকে ধীরে ধীরে সরে আসছে নগরকেন্দ্রিক সভ্যতার পরিবেশের দিকে। বিশ্ব-শাহিত্যের সঙ্গে বাঙলা **শাহিত্যের সংযোগস্ত্তও এই সম**য় থেকেই দৃঢ় হয়ে উঠতে থাকে। 'বন্দীর বন্দনা'য় (রচনাকাল: ১৯২৬-২৯) কবি প্রথম নিজেকে আবিষ্কার করেচিলেন 'শাপভাষ্ট দেবশিশু' বলে এবং ভাষাবিস্থাস ও শব্দপ্রয়োগে তৎকালীন কবিতার ঐতিহ্য থেকে তেমন ভিন্ন কিছু না হলেও উচ্চারণে ও ভন্নিতে এমন প্রবল সংবাগ ও আবেগ সেখানে ছিল যা কাব্যপাঠককে অভিভূত করেছিল। 'অমাবস্থা-প্রণিমার পরিণয়ে আমি পুরোহিত।—শাপভ্রষ্ট দেবশিত আমি !' কিংবা 'বিধাতা, জানো না তুমি কী অপার পিপাসা আমার / অমৃতের তরে' অথবা 'ভোমার ক্রটিরে আমি আপন সাধনা দিয়া করেছি শোধন, / এই গর্ব মোর…' তথনকার বাঙলা কবিতার নববোরনের যেন একটি নতুন হুর সঞ্চারিত করেছিল। 'বন্দীর বন্দনা'র কবিভাবলীর দীর্ঘ স্থবকসজ্জার বিষয়টিও উল্লেখযোগ্য, প্রতিটি পংক্তিতে দেখানে বন্দী যৌবনের আকণ্ঠ পিপাদা অদীম নীলিমার দিকে তাকিয়ে অমৃতের অম্বেষণে উদ্বেল হয়ে উঠেছে। 'কন্ধাৰতী' কাব্যগ্ৰন্থে (রচনাকাল : ১৯২৯-৩২ ও ৩৪) কবিকিশোরের উচ্ছাদের তীব্রতা ব্রাদ পেয়ে বুদ্ধিদীপ্ত প্রণয়াবেগের সংহত রূপ লক্ষণীয়। বয়স ও অভিজ্ঞতা বুদ্ধির সঙ্গে-সঙ্গে বুদ্ধদেবের কবিতায় আরো অনেক প্রসঙ্গ স্বাভাবিক ভাবে এলেও প্রেমই তাঁর কবিতার সার্থকতম উপজীব্য বিষয়। 'দময়ন্তী', 'দ্রোপদীর শাড়ী', 'দীতের প্রার্থনা বসন্তের উত্তর', 'মরচে-পড়া পেরেকের গান'-ইত্যাদি উত্তরকালের কাব্যগ্রন্থে এদিকে ওদিকে বাইরের সংসারের নানা বস্তুতে মন নিবদ্ধ হলেও অন্তর্নিহিত প্রেমের অমুরণন কথনোই একেবারে নিঃশেষিত হয়ে যায় নি। 'কয়াবতী' ও 'দময়ভী'র কয়েকটি কবিতায় ইংরেজি কবিদের প্রভাব অহুভব করা বায় এবং তাঁর পরবর্তী কালের নানা কবিতায় বিশ শতকের নাগরিক মেজাজ ধরা পড়েছে। অনেক সময়ই তিনি নিঃসঙ্গ, ममरावत विभवी अपूर्व घर्षे नावली व वावर्ष पिरमहाद्वा, প্রত্যাহের ভাবে অবসর। জীবনানন্দ শেষবয়সের কবিতার জীবনের দিকে শিল্পকে নিয়ে যেতে চেয়েছিলেন কারণ তাঁর ধারণায় তাতেই শিল্প পরিশুদ্ধ হবে। বুদ্ধদেব জীবনকেই শিল্পের দিকে নিয়ে যেতে চেয়েছিলেন, যে-প্রচেষ্টার ব্যর্থতা তাঁর কবিতায় নানা প্রদক্ষে নানা প্রতীকের মাধ্যমে পরিক্ষুট। শক্তিমান কবি হওয়া সত্ত্বেও বুদ্ধদেবের কবিতার মেজাঞ্চ অনেক সময় এবং বিভিন্ন পর্বে বেশ কয়েকজন বিদেশী কবি-ব্যক্তিত্বের দারা আক্রান্ত। শুরুতে যেমন শেলী, কীটদ, স্থইনবার্শ; উত্তরকালে তেমনি লরেন্স, বদলেয়ার, পাষ্টারনাক। ফলে, তাঁর কবিতায় ধারাবাহিক ভাবে কোনো উত্তরণ-পূর্ব নেই যে রক্ষ দেখা যায় জীবনানন্দ বা স্থীক্রনাথের ক্ষেত্রে। কিন্তু তাঁর কবিতায় পর্বগুলো তংসত্তেও শিক্ষিত কাব্যপাঠকসমাগ্লকে আকর্ষণ করে কেন না প্রতি পর্বেই তিনি বিষয় ও আঙ্গিকের দিক থেকে কিছু কিছু পরীক্ষানিরীক্ষায় উত্যোগী। প্রথম পর্বে 'বন্দীর বন্দনা', 'পৃথিবীর পথে' ও 'কঙ্কাবতী'; দিতীয় পর্বে 'নতুন পাতা' ও 'দময়ন্তী'; তৃতীয় পর্বে 'দ্রোপদীর শাড়ী', 'যে-আধার আলোর অধিক' এবং পরবর্তী কাব্যগ্রন্থের কবিতাবলী। কাব্যসাধনার তৃতীয় পর্ব বর্থন চলছে তথন কয়েকবার বিদেশ ভ্রমণ করলেও আমেরিকা বা পশ্চিম মুরোপ তাঁর কবিতায় কোনো নতুন স্তজনশীল অভিজ্ঞতার ঐশ্বর্যের দরকা খুলে দেয়নি। একান্ত ব্যক্তিগত এবং প্রায়-সংক্রামক মানসিকতা তাঁর শেষ-পর্বের কবিতায় লক্ষণীয়। 'অন্ত প্রভূ' কবিতায় তাঁর মান্দিকতার যে-ছবি ফুটেছে পরবর্তী সময়ের কবিতাবলীতেও তার চেয়ে স্বতম্ভ ছবি তেমন পরিস্ফট হয় নি। বিদেশভ্রমণের অভিজ্ঞতা সম্পর্কে শিকাগো থেকে ২১ মার্চ ১৯৫৪ তারিখে প্রেরিত একটি চিঠিতে বুদ্ধদেব বস্থ লিখেছিলেন: 'এগুলো পরিপাক ক'রে পাহিত্যের রক্তমাংদে পরিণত করা সময়সাপেক্ষ, তার জন্ম দীর্ঘ অবদর চাই-দেশে ফিরে গিয়েও সে-অবসর আবার পাবো কিনা কে জানে…' এবং হয়তো এই অবসর পান নি বলেই তাঁর উত্তরকালের কবিতায় অবসাদ ও বিষাদের হাত থেকে উত্তরণ-পর্বের লক্ষণ নেই যে রকম দেখা যায় জীবনানন্দর কবিতায়। ভাষা ও ছন্দের পরীক্ষায় এক সময় বুদ্ধদেব বস্থ যথেষ্ট মনোযোগী হয়েছিলেন; 'দময়ন্তী' কাব্যগ্রন্থে এই পরীক্ষার নানা নিদর্শন উপস্থিত। ছন্দ-শান্ত নিয়ে এই সময় তিনি নানা জিজ্ঞাসারও স্ত্রেপাত করেন। কিন্তু পরবর্তী কালে অধিকতর পরিণত বয়সে তাঁর নিঞ্জের রচিত কবিতাবলীতে এই ছন্দ-জিজ্ঞাসার আর তেমন কোনো সমর্থন মেলে না। ভাবতে অবাক লাগে শেষ পর্যন্ত বুদ্ধদেব বহুর কবিতা শব্দপ্রয়োগ ও ভাষাব্যবহারে রবীন্দ্রনাথের ঐতিহেরই অন্নবর্তী; শেষ পর্যন্ত রবীন্দ্রনাথের কাছে ঋণ স্বীকার করেই তাঁর কবিতা যেন সমর্পিত ও পরিশুদ্ধ হতে চেয়েছিল। কবিতারচনার ক্ষেত্রে নিছক পছে ব্যবস্থত শব্দ, ষেগুলো যৌবনে তিনি সচেতন ভাবেই বর্জন করতে চেয়েছিলেন. প্রবীণবরদে দেই অনভিপ্রেত শব্দ অনেক সময় তাঁর কবিতার অবয়ব ডেদ করে চুকে পড়েছে। এ রকম হওয়ার একটি কারণ এই যে তাঁর কবিতা নিঃসন্দেহে আবেগপ্রধান, প্রচণ্ড আবেগবাহী কবিকল্পনা কাব্যস্থায়ির জটিল মুহূর্তে স্থণীন্দ্রনাথ দক্ত কথিত গল্পজ্যের বিরোধ মিটিয়ে নেয়ার বিষয়টি সম্পর্কে আর সচেতন হবার স্থয়োগ পায় না। বস্তুত 'বন্দীর বন্দনা' ও 'কঙ্কাবতী'তে যে ছন্দোপ্রকরণ তাঁর আয়ভাধীন, কবি বুজদেবের উত্তরকালের কবিতায় তার বিভারের স্বতম্ব কোনো পর্যায় ধরা পড়ে না। অথচ বিষয়ের ব্যাপ্তিতে উত্তরকালে তাঁর কবিতা অনেক দূর পর্যন্ত এগিয়েছে, নানা অভিক্রতার উন্মোচন তাঁর কবিতায় সম্ভবও হয়েছে।

বুদ্ধদেবের সমসাময়িক কবি অজিত দত্ত অন্ত দিকে একটি নিপুণ রোম্যাণ্টিক স্থর সংযোজিত করেছেন তাঁর কবিতায় এবং তাঁর প্রথমদিককার ছটি কাব্যগ্রন্থ 'কম্বমের মাদ' ও 'পাতালকন্তা' এ দিক থেকে উল্লেখ্য। ঐতিহকে অদীকার করেই অঞ্জিত দত্ত তাঁর কবিতায় স্বাতস্ত্র্য এনেছেন; ছন্দে-মিলে-শব্দযোজনায় সাবলীল তাঁর কবিতা একটি অপস্থমান যুগের সৌন্দর্যকে যেন ধরে রেখেছে। 'মালতী, তোমার মন নদীর স্রোতের মতো চঞ্চল উদাম, / মালতী, সেথানে আমি আমার স্বাক্ষর রাখিলাম' কিংবা 'চন্দনের মাল্য তুমি, আমার বুকের মাঝখানে / আমাকে জড়ায়ে থাকো সারারাত নিবিড় গভীর !···' এ কালের পাঠককে গভীর অন্বভবের জগতে নিয়ে যায়। স্পেন্সরীয় স্থবক নির্মাণে ('মালতী ঘুমায়') এবং সনেটরচনায় অজিত দত্ত যে কুতিত্বের পরিচয় দিয়েছেন তা স্মরণীয়। 'পাশাবতী' বা 'পাতালকভা'-কবিতায় এক দিকে থেমন রূপকথার চিত্ররূপময় জগৎ উন্মোচিত, অন্ত দিকে তেমনই 'নষ্ট চাঁদ' কবিতায় বান্তব জগতের কঠিন ও স্বপ্নভঙ্গকারী রুঢ় পরিবেশ সম্পর্কে সচেতনতা ভাবসংহত ছন্দো-বিস্তাদের মাধ্যমে প্রকাশিত। উত্তরকালে অঞ্চিত দত্তর কবিতা ক্রমপরিণতির দিকে উল্লেখযোগ্য বাক নিতে পারে নি বটে কিন্তু প্রচলিত ছন্দ ও মিলের জগতে আধুনিক কবিতায় তিনি নিশ্চিতভাবেই স্বতম্র একটি বিশিষ্ট হ্বর সংযোজিত করেছেন। তাঁর ক্ষেকটি কবিতার অমুরণন দীর্ঘকাল পাঠকমন আচ্ছন্ন করে রাখবে বলা যেতে পারে।

¢

জীবনানন্দ দাশ, অমিয় চক্রবর্তী এবং স্থীজনাথ দত্ত ও বিষ্ণু দে এই চারজন কবি বিষয়বস্থা, প্রকাশত দি ও ছন্দোপ্রকরণের দিক থেকে আধুনিক বাঙলা কবিতায় শুধু বৈচিত্র্যাই আনেননি, কাব্যের ক্ষেত্রকেও বহুবিস্তৃত করেছেন। সঙ্গে-সঙ্গে এ কথাও জ্বিশু মনে পড়বে যে, স্টানায় এঁদের ক্বিতা অনেক সময় ছুর্বোধ্য বিবেচিত হয়েছিল।

সাধারণ কাব্যপাঠকের কাছে স্থণীক্রনাথের কবিতা অবক্ত আক্ষরিক অর্থে ই 'চুর্বোধ্য' যার কোনো-কোনো শব্দের অর্থোদ্ধারের জন্ম শব্দকোষের শরণাপন্ন হতে হয়। বিষ্ণু দে-র কবিতায়ও অনুরূপ শব্দ-সমাবেশের নজির অনুপত্থিত নয়। প্রধানত এই কারণে অনেক সময় এই ত্ৰ-জন কবির নাম একই সঙ্গে উচ্চারিত বা উল্লেখিত হয়ে থাকে। কিন্তু অমিয় চক্রবর্তী ও জীবনানন্দ দাশের পরবর্তী কালের কবিতায় ্ষে-ছর্বোধ্যতা লক্ষ্য করা যায় তা সম্পূর্ণ ভিন্ন প্রকৃতির। প্রসঙ্গত কবিতার ছর্বোধ্যতা সম্পর্কে ত্ব-একটি কথা বিচার্য। এই তুর্বোধ্যতা নানা বক্ষের হতে পারে। চিন্তাবৃত্তির জটিলতা অনেক সমর এর জ্বন্ত দায়ী, শেক্সপীয়রের শেষবয়দের রচনায় তার প্রমাণ রয়েছে। সাঙ্কেতিকতা বা সিম্বলিজমের দক্ষণও কাব্য জটিল হয়ে পড়ে যদি না তার চাবিকাঠি পাঠকের হাতে থাকে। জীবনানন্দ দাশ থেকে অনুরূপ জটিগভার দৃষ্টান্ত দেয়া সম্ভব। আবার অবাধ সন্ধকরণ বা free associationএর ব্যবহার কবিতাকে অস্পষ্ট করে তুলতে পারে। কবি হয়তো তাঁর অবচেতন মনের পরস্পর-বিচ্ছিন্ন এমন সব ভাবনাকে রূপ দান করতে চান, যাকে অঙ্গীকার করে নেত্রা পাঠকের পক্ষে তুঃসাধ্য হয়ে দাঁড়ায়। বিষ্ণু দে কিংবা অমিয় চক্রবর্তীর কবিতা এর দৃষ্টান্ত। প্রথম ধরনের জটিশতা আয়ত্ত করতে হলে কবিতা বা কবিতার অংশবিশেষকে বার-বার পড়া দরকার। হয়তো অর্থ ভাষার মধ্যেই নিহিত রয়েছে, স্থতরাং দে-ভাষাকে নিবিষ্ট চিত্তে অমুধাবন করা দরকার। কবিতার জটিলতা যদি দিঙীয় রকমের হয় তা হলে সংকেত বা দিম্বলের স্বরূপ সম্বন্ধে ধারণা থাকা প্রয়োজন। তৃতীয় রকমের যে অম্পষ্টতা তা কিছুতেই সম্পূর্ণ দুর হয় না এই কারণে যে, অমুরূপ স্থলে কবিতার উৎস কবির নিজের অবচেতন মন। তবে কবিবিশেষের মানদপ্রকৃতি দম্পর্কে কিছুটা ধারণা থাকলে শেষোক্ত ধরনের জটিলতাকেও অনেকাংশে অতিক্রম করে কাব্যোপলব্ধির গভীরে পৌছানে। অদম্ভব হয় না।

জীবনানদ দাশ আধুনিক বাঙলা কবিতার ক্ষেত্রে নির্জনতম প্রকৃতির কবি হিদেবে চিহ্নিত; কেন না তাঁর প্রথমদিককার কবিতার নৈদর্গিক দৃগুদমাবেশের ম্থোম্থি দাঁডিয়ে বাঙালি কাব্যপাঠক এক অদামান্ত অভিক্রতার সম্মুখীন হন। উত্তঃকালের কবিতার অবগ্য এই কবিই নাগরিক পরিবেশে নিঃদদ একক যাত্রার নিরবধিকালের দদ্দী, অন্ধকার পেকে আলোকের উচ্ছলতার উত্তরগের প্রত্যাশী। 'ধূসর পাঞ্লিপি' প্রকাশিত হয়েছিল ১৯৯৭এ, যদিও এই বইয়ের প্রার-অধিকাংশ কবিতাই লেখা হয়েছিল 'কলোল' 'কালি-কলম' ও 'প্রগতি'পত্রিকার অভিত্যের সমন্ধ, অর্থাৎ ১৩০০ থেকে ১৩০৫এর সমর্দীমার। প্রকাশিত হবার সময় এই সব কবিতা বৃদ্ধদেব বস্থ-প্রমুখ তক্ষণ কবিদের আকর্ষণ করলেও প্রেমন্দ্র মিত্রের প্রথম্য'র কবিতার

মতো সঙ্গে-সঙ্গেই ব্যাপকভাবে কাব্যপাঠকের দৃষ্টিতে ধরা পড়ে নি। 'ধূসর পাণ্ডুলিপি' বেরুবার প্রায় সঙ্গে-সঙ্গেই উপলব্ধি করা গেল জীবনানন্দ প্রকৃতিকে মৃক্তি দিয়েছেন তাঁর কবিতার যেখানে নৈস্গিক পরিবেশ রবীন্দ্রনাথের প্রকৃতিবিষয়ক সমগ্র কাব্য পড়বার পরেও পাঠকের অন্থভবে সম্পূর্ণ নতুন; বাঙলা দেশের আকাশ বাতাস রৌদ্র আলো সন্ধ্যা মাঠ নদী প্রান্তর যেন স্বতম্ভ বছ নতুন দৃশ্যের উন্মোচন করতে থাকে। কিন্ত জীবনানন্দ কোনো মুহুর্তেই পরিতৃপ্ত কবি নন, এবং এখানেই তাঁর কবি হিসেবে শ্রেষ্ঠতা। স্বপ্লের হাতে তিনি নিজেকে ধরা দিতে চেয়েছেন কিন্তু ধরা দিতে পারেন নি। মিনারের মতো মেঘ, সোনালি চিলের ডানা, বেতের নিচে চডুইয়ের ডিম, নরম জলের নদীর শব্দ, গাঢ় রাতে জ্যোৎস্নার উঠানে থড়ের চালের ছায়া, নিবিড বটের নিচে লাল-লাল ফল, বাভাদে ঝিঁঝিঁর গন্ধ তাঁর কবিভায় আলো-অন্ধকারে তরঞ্জিত মাহাবী জগৎ স্বষ্টি করলেও সমগ্র জীবনাননীয় কাব্যশরীরে এই বিচিত্র জগতের অভিজ্ঞতা একটা পর্যায় বা অংশ মাত্র, জীবনের প্রতি আগ্রহ, বাঁচার জন্ত আকাক্ষা এই অভিজ্ঞতার অন্তর্ভুক্ত; কিন্তু সেই সঙ্গে মান্তবের শেষ পরিণাম মৃত্যু এবং মৃত্যুঙ্গনিত আত্মবিলোপে—এই গভীরতর বেদনাসঞ্জাত অমুভৃতিতেও তাঁর কাব্যলোক স্পন্দিত। এই স্থত্তেই ইতিহাসবোধ জীবনানন্দর কাব্যজগৎকে সৎ ও শ্রেষ্ঠ কবিতার অঙ্গাপী করে তুলেছে; সময় ও কাল সম্পর্কে তাঁর কবিতায় প্রবাহিত সেই চেতনা সজীবতার সাক্ষী, নিরন্তর প্রগতির নামান্তর। প্রথম কাব্যগ্রন্থ 'ঝরা পালক' জীবনানন্দের কাব্যরচনার প্রস্তুতি-পর্ব; এখানে তাঁর কবিতা সম্পূর্ণ নিজম্বতা অর্জন করে নি। সত্যেন্দ্রনাথ ও মোহিতলাল মজুমদারের কবিতা থেকে 'ঝরা পালকে'র উচ্চারণভঙ্গি তেমন স্বতম্ত্র নয়। কিন্তু তৎসত্ত্বেও এই কাব্যগ্রন্থেই জীবনানন্দীয় বৈশিষ্ট্যের অঙ্কুর লক্ষ্ণীয়। মাঝে মাঝে সেই সব পংক্তির হঠাৎ আলোর ঝলকানি, জীবনানন্দর পরবর্তী কালের কবিতায় যার অচ্ছন্দ বিন্যাস,কবিতার চারিত্রিক বৈশিষ্ট্যকে উন্মোচিত করেছে। 'বনের ছায়ার নিচে কার ভিজে চোখ' কিংবা 'ভিজে ঘাস— হেমন্তের হিম মাদ—জোনাকির ঝাড'-ইত্যাদি 'ঝরা পালক' কাব্যগ্রন্থেই ইতন্তত দ্রন্থিয়।

'ধ্সর পাণ্লিপি' থেকেই জীবনানন্দের প্রকৃত পথ-পরিক্রমা শুক্র। এথান থেকে তিনি চলেছেন 'মহাপৃথিবী'র পথে; 'সাতটি তারার তিমির' এক অনন্ত অন্তবকে ছড়িরে দিয়েছে তাঁর পরিণত বয়সের কবিতায়। 'ধ্সর পাণ্ড্লিপি'তে সৌন্দর্ময় নিসর্গজগতের উজ্জ্লতা, রস্ত্রিক্ত অন্তত্তের উচ্ছলতা। থাটি বাঙলা ভাষার, দেশজ্ব স্থান্দ ব্যবহারের ক্লেফে জীবনানন্দ এই সময়ই আশুর্ব সফলতা অর্জন করেছিলেন। 'বোধ' 'নির্জন স্থাক্রর' 'অবসরের গান' কিংবা 'স্থপ্লের হাতে'—এই সব কবিতা আনন্দ্যন স্থতঃ স্কৃতি স্থতিচারণার সান্ধী। এই সব কবিতার ক্লণ পেয়েছে

শ্বৃতি ও আনন্দময় এবং কোথাও কোথাও ঈষৎ বিষাদমিশ্রিত এমন এক নিসর্গঞ্চাৎ, বাঙলা কবিতায় যে দৃশ্য আর কথনোই এই ভাব বা ভাষা বা ভঙ্গিতে ফিরে আসবে না। বাঙলার আকাশটোয়ানো দিগন্তব্যাপী সৌন্দর্যচেতনা, নিসর্গদৃশ্যের প্রতিটি চিত্রপট পাঠকছাদয়কে আছেন্ন করে।

'ধৃসর পাণ্ডুলিপি'র আনন্দচেতনা 'বনলতা সেন' কাব্যগ্রম্বে পরিণত হয়েছে অভিজ্ঞানে। জীবন, সৌন্দর্য, সময়চেতনা কিংবা ইতিহাসবোধ সব মিলিয়ে একটি পরিব্যাপ্ত সমগ্রতা ক্রমশই যেন ভাৎপর্যপূর্ণ অন্বেষণের পথে পাঠকচেতনাকে আকর্ষণ করে। স্পষ্টই অন্কভব করা যায় 'ধৃসর পাণ্ডুলিপি'র সীমায়িত আনন্দ, প্রেম ও সৌন্দর্য-বোধের জগং থেকে অন্য এক ব্যাপকতর জগতে কবির উত্তরণ, যে-জগৎ আবহমান কালের ইতিহাদের অঙ্গীভূত। 'ধৃদর পাণ্ড্লিপি'র কোনো কোনো কবিতায় প্রেমের আকাজ্ঞার স্পষ্টতা ছিল: 'হেমন্তের ঝড়ে আমি ঝরিব যথন / পথের পাতার মতো তুমিও তথন / আমার বুকের পরে শুয়ে রবে ?' এবং এই ভঙ্গি নিঃসন্দেহেই প্রেমে অভিষ্ক্ত, যৌবনের আকাজ্ঞায় উদ্দীপ্ত মানবমানবীর হৃদয়ের আবেগচেতনার স্কুরণ ঘটায়। কিন্তু 'বনলতা সেন'-পর্গায়ের কবিতায় এই বিশেষ কেন্দ্রকে অতিক্রম ক্রেছেন কবি, বর্তমান কাল অতীত ও ভবিশ্বতের মধ্যবর্তী দিগন্তরূপেই চিহ্নিত এবং সে-কারণেই বিম্বিদার অশোকের ধুদর জগতের দঙ্গে নাটোরের অস্তরতম দাযুদ্ধ্য চোথে পড়ে, এ কালের নারীর মুথে শ্রাবন্তীর অতীত কারুকার্য প্রত্যক্ষ করা যায়। এই পর্যায়ের কবিতাবলীর ভূমিকা অনেক পরিমাণে শ্বতম্ত্র; ইতিহাসচেতনা, বিরহ, ভালোবাসা এবং সৌন্দর্যচেতনার উপাদানে স্থন্থির ও স্থবিন্যস্ত শিল্পপ্রস্থৃতি। কবি যেন এখানে বলবার মতো উপযুক্ত কথা এবং ব্যবহার করবার মতো উপযুক্ত ভাষা খুঁজে পেয়েছেন এবং ভাব ও ভাষাকে একটি স্থশঙ্গত ঐক্যে অথণ্ডতা দান করেছেন। 'চুল তার কংকোর অন্ধকার বিদিশার নিশা, / মুথ ভার শ্রাবন্তীর কারুকার্য (বনলভা সেন) কিংবা 'জ্যোংল্লা-বাতে বেবিলনের রানীর ঘাডের ওপর / চিতার উজ্জ্ল চামডার / শালের মতো জ্ঞলজ্জ্ল করছিল বিশাল আকাশ।' (হাওয়ার রাত) অংবা 'গভীর অন্ধকারে ঘূমের আস্বাদে আমার আত্মা লালিত; / আমাকে কেন জাগাতে চাও ?' (অন্ধকার)—এ রকম পংক্তিবিস্তাস আধুনিক বাঙল। কবিতায় উল্লেখযোগ্য স্বাতন্ত্র্য নিম্নে দেখা দিয়েছিল। 'বনলতা দেন' কাব্যগ্রম্বের প্রায় সব কবিতাই দ্বিতীয় মহাযুদ্ধের পূর্ববর্তী কালের রচনা। 'মহাপৃথিবী' কিংবা 'সাভটি ভারার ভিমিরে'র অনেক কবিভাও এই সময়ের অন্তর্গত। 'বন্দতা দেন' কাব্যগ্রন্থের নাম-কবিতাটি এবং 'মহাপৃথিবী'র 'হাজার বছর 🐯 ৄ থেলা করে' 'সিদ্ধুসারস' 'হাওয়ার রাত' 'বিড়াল' 'নগ্ন নির্জন হাত' এই সময়ের মধ্যেই প্রকাশিত। 'আট বছর আগের একদিন' কিংবা 'সমারট' ছাড়া এই সব কবিতার কবিহ্বদরের যে পরিচয় পাওয়া যায় তাতে তিক্ততা কি ক্লোড অমুপস্থিত। তিকিছে ধবনিতে শিল্পন্ধতায় এই কবিতাগুলো নতুন এক অভিজ্ঞতায় বৃহৎ নীলিম গভীর আকাশ পাঠকের অমুভূতিতে সংলগ্ধ করে রাথে। 'আট বছর আগের একদিন' কবিতার সর সম্পূর্ণ ভিন্ন। সেথানে কবি স্বপ্ন ও আকাক্ষায় মধ্যে দোহল্যমান, মৃত্যু-বিদ্ধ অসমক জীবনের পরিণাম সম্পর্কে ভাবিত্ত। 'সমারুড়'তে প্রকাশ পেয়েছে এ কালের শিক্ষিতসমাজ সম্পর্কে সামাজিক ব্যঙ্গ। চিন্তা ও ভাবনায় দিক থেকে জীবনানন্দর কবিতা যে অগ্রসরমান এই তৃটি কবিতায় তার প্রকাশ চিহ্নিত। পক্ষান্তরে 'সাতটি তারার তিমির' জীবনানন্দর কাব্যভাবনায় একটি তাৎপর্যপূর্ণ অধ্যায়। দ্বিতীয় বিশ্বন্যকালীন পৃথিবীর রক্তক্ষয়কায়ী পরিবেশে কবির হাদয়ে জেগেছিল গভীরতর জিজ্ঞাসা; এই জিজ্ঞাসা তাঁর কবিতার ভাষাকেও যেন ক্রমশই রূপান্তরিত করছিল। মান্তবের হাদয়কে কবি পেলেন না, দেখলেন স্থার্থসর্বস্ব অগভীর মান্তবের সমাবেশ; লোভ, নীচতা ও ঈর্বায় ক্রমবর্ধমান চেহারা। অথচ জীবনানন্দর মতো শক্তিমান ও বিবেকবান কবির অভিজ্ঞতার জগৎ বন্থ-বিভূত; মান্তবের প্রকৃত মহিমায় তিনি বিশাসী; 'নব-নব মৃত্যুশক্ষ রক্তশক্ষ ভীতিশক্ষ জয় ক'রে মান্তবের চেতনার দিন' মান্তবের ইতিহাসে নবীনতা এবং মানবিকতার অম্বয়ের উদ্বোধন করবে এই বোধ শেষ পর্যন্ত জয়ী হয়েছে:

'আছে আছে আছে' এই বোধির ভিতরে

চলেছে নক্ষত্র, রাত্রি, সিন্ধু, রীতি, মান্থবের বিষণ্ণ হৃদয়;
জয় অস্তস্থ, জয়, অলথ অরুণোদয়, জয়।"

জীবনানন্দর কবিতায় হিন্দু দেবদেবীর প্রতীক ব্যবহার তেমন চোথে পড়ে না এটা উল্লেখ্য। স্থানীন্দ্রনাথ দত্ত, অমিয় চক্রবর্তী, বিষ্ণু দে-র কবিতায় এই ধরনের প্রতীকের ব্যবহার অনেক স্থলর ও শ্বৃতিস্থকর শুবকের বিস্তাদ ঘটিয়েছে। জীবনানন্দর কবিতায় মহাশ্বেতা নেই, পার্বতী-পরমেশ্বের উল্লেখ নেই, আছে মান্থ্য-মান্থ্য। বরং বলা যেতে পারে প্রথম যৌবনের অনেক স্থভাষিত কবিতাবদীর জ্পন্তে তিনি ইংরেজ কবিদের অভিজ্ঞতায় আশস্ত হতে চেয়েছিলেন; কীট্দু ও ইয়েট্সের কবিতার পংক্তিবিস্তাদ অনেক সময় জীবনানন্দর কাব্যভাবনার নিকটবর্তী বলতে পারা যায়। কোলরিজ বা জি লা মেয়ার জীবনানন্দর কাব্যজগতের আলো-আধার দমন্বিত রহস্তময় পরিবেশ স্পান্থর প্রভাব বিস্তার করে থাকলে অবাক হবার কিছু নেই। কিন্তু ভিন্নতর ক্ষেত্রে উত্তরকালে জীবনানন্দ তাঁর কবিতায় যে নাগরিকতার স্থান্থ কবেছেন তা তাঁর স্বিজ্ঞাব করে প্রভাবিত করলেও এলিয়টের নাগরিকতার সঙ্গে জীবনানন্দর নাগরিকতার পরিক্তার স্থান্থকা ক্ষান্তি করলেও এলিয়টের নাগরিকতার সঙ্গে বিকাশের পর জমিত উত্তমমৃক্র

অগ্রগতির শেষে সংশয়াম্বিত, উদ্বেগময় ও পতনোল্যুথ। পক্ষান্তরে জীবনানন্দর নাগরিকতার পরিবেশ যুদ্ধকালীন কলকাতা, যেথানে সামন্ততন্ত্রের চিহ্ন বিলীন হচ্ছে ক্রমশ, গড়ে উঠছে ক্রমে ক্রমে বণিক-সভ্যতা। এলিয়ট-কাব্যের মনোযোগী পাঠক হয়েও জীবনানন্দ শ্বতন্ত্র। 'এই সব দিনরাত্রি' কবিতাটির কোনো-কোনো স্তবক এ প্রসঙ্গে মনে পড়বে। 'বটতলা মুচিপাডা তালতলা জোড়াগাঁকো—আরো ঢের অব্যর্থ অন্ধকারে / যারা ফুটপাথ ধরে অথবা ট্রামের লাইন মাড়িয়ে চলেছে / তাদের আকাশ কোন দিকে?' নাগরিক পরিসরে জীবনানন্দর কবিতার লাবণ্য কিংবা সৌন্দর্য মনে হবে অন্তমিত, কোথায় যেন শারক্ষ পথের তুর্গমতা। 'দাতটি তারার তিমির'এ কবি এক নির্জনতম পরিবেশে একান্তই নিঃসঙ্গ, যেন প্রায় হারিয়ে যেতে বসেছিলেন। কিন্ত না, জীবনানন্দ হারিয়ে গেলেন না শেষ পর্যন্ত। তিনি ফিরে এলেন মানুষের আন্তিকতার জগতে যেখানে 'লোভ পচা উদ্ভিদ কুষ্ঠ মৃত গলিত আমিষ গদ্ধ ঠেলে / সময়ের সমুদ্রকে वात्र वात्र मृज्यु (थरक कीवरनत मिरक यारक वरण।' कीवनानमत कविकाग ताकनी जित्र দক্রিয় ভূমিকা ছিল না, তিনি দমকালীন মান্তবের পরিণাম, মান্তবের গস্তব্য সম্পর্কে ভাবিত হয়েছিলেন মাত্র। 'ধুসর পাণ্ডুলিপি'র জগৎ থেকে 'সাতটি তারার তিমিরে'র জগৎ যেন এক জীবন থেকে অন্ত জীবনের দিকে যাত্রা, আলোর জগৎ থেকে অন্ধকারের পথে নিরুদ্দেশ পদচারণা। প্রেম থেকে কবি এসে পৌছেছেন অপ্রেমের জগতে যেগানে পুরাতন মূল্যবোধ লুপ্ত অথচ মানবন্ধদয়ের কাছে পৃথিবীর ভবিস্ততের কোনো প্রতিশ্রতি নেই। জীবনানন্দ চেয়েছিলেন স্থনিবিড উদ্বোধন, অন্ধকার থেকে ষাবার আলোকে উত্তরণ। কবিতাকে জীবনের কাছে নিয়ে এসেছিলেন তিনি, জীবন যেন তথনো তাঁর কাছে একটি কাব্যজিজ্ঞাসা। তিনি অনুভব করেছিলেন: 'জীবনের যত কাছে কবিতা ও তার সংজ্ঞাকে নিয়ে আসতে পারা যায় তত তাকে শিল্পপ্রসাদে 😎 করা সম্ভব…।' তাঁর শেষ পর্যায়ের কবিতা এই কাব্যভাবনার সাক্ষ্য।

৬

'কল্লোলে'র যুগ থেকে নয়, বলা থেতে পারে 'পরিচয়' পত্রিকার প্রকাশকালের সময় থেকেই স্থনীন্দ্রনাথ দত্ত বিষ্ণু দে ও অমিয় চক্রবর্তী কাব্যপাঠকের দৃষ্টি আকর্ষণ করেছিলেন। বলা বাহুল্য, এই সময়কার বাঙলা কবিতা যে কোনো সময়েই একটি বিশেষ ছকে-আঁকা ব্যাপারে পরিগণিত হয় নি, একই সামাজিক পটভূমিকায় বিচরণনীল হয়েও কবিরা যে প্রত্যেকেই স্বভন্ধভাবে ক্রিয়ানীল হতে পারেন, এই তিনজন শক্তিমান কবির রচনাবলীতেও তার সমর্থন মিলবে।

কাব্যরচনার ক্ষেত্রে স্থবীন্দ্রনাথ গোড়াতে ঐতিহ্যবাদী হলেও তাঁর কবিতা ক্রমশই বেন ব্যাপক আত্মাত্মদ্ধানের সাক্ষ্য। প্রথম কাব্যগ্রন্থ 'তন্ত্বী'র মূথবদ্ধে নিজেকে পূর্বগামী কবিদমাঞ্চের ছায়াহবর্তী বলে ঘোষণা করলেও দ্বিতীয় কাব্যগ্রন্থ 'অর্কেন্ট্রা' থেকেই তাঁর কবিতায় আধুনিক কালের সংহত মননশীলতা লক্ষ্য করা যায়। 'তন্ত্রী' ষধন প্রথম প্রকাশিত হয় (১৩৩৭) স্থধীন্দ্রনাথ তথন বয়স্ক পুরুষ; অন্তত বাঙালি কবিসমাজে উনত্ত্রিশ বছর বয়সে অনেক কবিই বৈশিষ্ট্যপূর্ণ কাব্যরচনায় স্বাভাবিক খ্যাডি অর্জন করেছেন। জীবনানন্দ দাশ প্রেমেন্দ্র মিত্র বুদ্ধদেব বস্থ অজিত দত্ত তার দৃষ্টান্ত। কিন্তু স্থণীন্দ্রনাথ অমুরূপ ব্যবেও কাব্যরচনার ক্ষেত্রে উত্যোগী শিক্ষার্থী, তাঁর ভাবজগৎ তথন পর্যন্ত উপযুক্ত কাব্যভাষা গঠনের মুখাপেক্ষী; ফলে, পঁচিশ থেকে উনত্তিশ বছর বয়সকাল অবধি স্থধীন্দ্রনাথের কবিকর্ম তাঁর কাব্যজীবনের নিতান্তই একটি প্রাথমিক স্থর হিদেবে গ্রহণীয়। সে-কারণেই 'তথাী'র ভূমিকায় কবি জানিয়েছিলেন: 'কবিতাগুলোর ওপরে খদেশী বিদেশী অনেক কবিই ছায়াপাত করেছেন—সব সময়ে গ্রন্থকারের দম্মতিক্রমে নয়। কেবল রবীন্দ্রনাথের ঋণ সর্বত্তই জ্ঞানক্তত।' 'তন্বী'র প্রায় পাঁচ বছর পরে প্রকাশিত 'অর্কেন্ট্রা' (১৯৩৫) স্থণীন্দ্রনাথের অতিক্রত উত্তরণ-পর্বের সাক্ষ্য। আধুনিক মনন ও মেজাজের উপযোগী কাব্যভাবনার বিকাশ স্থীন্দ্রনাথের পক্ষে প্রায় অপরিহার্য বিবেচিত হয়েছিল। স্থাীন্দ্রনাথ জেনেছিলেন, প্রেরণা নামক কোনো বস্ত নয়, অভিজ্ঞতাই কাব্যের মৌল অবলম্বন এবং 'সক্ষা বিশ্লেষণ ব্যতিরেকেও ধরা পড়ে যে . ছুল ভাষায় আমরা যাকে অভিজ্ঞতা বলি, ভাতে বেদনার বৈশিষ্ট্য আর ভাবনার শাধারণ্য প্রায় যখন সমান সমান অমুপাতে বিভামান; এবং উক্তি ও উপলব্ধি যখন অবিচ্ছেন্ত, তখন অন্তত অভিজ্ঞতাপ্রধান লেখা পডলে, বোঝা উচিত তার কডটুকু রচয়িতার নিজম্ব আর কতথানি গতামুগতিক।'

স্থীন্দ্রনাথ প্রবহমান ঐতিহকে আত্মসাৎ করেই কবিতার রূপান্তরের পক্ষপাতী। স্তরাং মধুস্দন থেকে রবীন্দ্রনাথ এবং রবীন্দ্রোত্তর কাব্যপ্রবাহে তাঁর কোতৃহল বরাবরই অব্যাহত ছিল। সেই সঙ্গে, সমসাময়িক বিশ্বসাহিত্যে কবিতার আন্দোলন ও গতি-প্রকৃতি কোন্ ভাবনা ও দৃষ্টিভঙ্গিকে প্রাধান্ত দিছে সে-সম্পর্কেও তিনি সম্যক্ অবহিত হবার চেট্টার ছিলেন। স্বকীয়তা প্রমাণের উপায়স্বরূপ উদ্ভট চঙ ও বিন্তাস স্থীন্দ্রনাথের সমর্থন পায় নি এবং তাঁর বিবেচনায় শিল্পস্থিতে অতিমাত্রিক স্বকীয়তা অপচিত হতে বাধ্য। এবং সে-কারণেই কামিংস-এর কবিতা প্রসঙ্গে বহুকাল পূর্বেই এ কথার উল্লেখ্ন করেছিলেন বে: 'নৃতন হ ব্যতীত দর্শকের দৃষ্টি আকর্ষণ করাও বেমন শক্ত, সাগাগোড়া

ন্তনম্বের সাহাব্যে তার চৈতগ্যকে জাগিরে রাখা তেমনই অসম্ভব; এবং শিল্প গৃতির শ্রেষ্ঠ নিদর্শন মাত্রকে বিশ্লেষণ করলেই প্রাচীন-অর্বাচীনের নিপুণ সংমিশ্রণ চোথে পড়বে।' ('স্বগড') বস্তুত, কাব্যভাবনার ক্ষেত্রে স্থান্দ্রনাথ বরাবরই উক্তি ও উপলব্ধির সাযুজ্য সন্ধানে নিযুক্ত। কাব্যজগৎ নির্মাণের ক্ষেত্রে শন্ধ-অপ্সরীর স্পর্শ মৃল্যাহীন বস্তুকেও সোনায় রূপান্তরিত করতে পারে এবং অক্ষরের অপূর্ব ঝান্তারেই কবিতার সার্থকতা, এ সত্য মালার্মের মতো তিনিও উপলব্ধি করেছিলেন। 'অর্কেন্ট্রা' স্থান্তনাথের পরিণত কাব্যক্ষির প্রথম ফলল; সচেতন রূপকারের উল্লেখযোগ্য ক্ষিঃ। 'তন্ত্রী'র রবীক্রপ্রভাব এই কাব্যগ্রম্থে থাকলেও তার অন্তর্গন পাঠককে রবীক্রভাবমণ্ডলে টানে না; বরং স্থান্তনাথের নিজস্ব পদ্ধতি, শন্ধসমাবেশ ও শন্ধযোজনার মাধ্যমে মুর্ত পংক্তিবিস্তাস নতুন দুগ্রপট উন্মোচিত করে:

বৈদেহী বিচিত্রা আজি সংক্চিত শিশিরসন্ধ্যায় প্রচারিল আচম্বিতে অধরার অহেতু আকৃতি: অন্তগামী সবিতার মেঘমুক্ত মান্দলিক হ্যতি অনিত্যের দায়ভাগ রেখে গেল রক্তনীগন্ধায় ॥ ধুমায়িত রিক্ত মাঠ, গিরিতট হেমন্তলোহিত, তক্ষণতক্ষণীশৃন্থ বনবীধি চ্যত পত্রে ঢাকা, শৈবালিত ন্তন্ধ হ্রদ, নিশাক্রান্থ বিষয় বলাকা মান চেতনারে মোর অক্সাৎ করেছে মোহিত ॥

হেমন্ত, 'অর্কেন্টা'।

স্থাব্দনাথ 'অর্কেন্ট্রা'র ভূমিকার বলেছেন: 'বাঙলা কবিতার পদলালিত্য এ-গ্রন্থে প্রত্যাখ্যাত; এবং এতে রোমান্টিক্ সোন্দর্যবাধের ব্যবহার বিরূপ বিশের পৃষ্ঠপোষক হিসাবে।' স্পষ্টতই উদ্ধৃত কবিতার হেমন্ত ঋতুর বর্ণনা জীবনানন্দ কিংবা বৃদ্ধদেব বস্থর হেমন্ত-জগতের চিত্ররূপ থেকে স্বতন্ত্র। 'অনিত্যের দায়ভাগ রেখে গেল রন্ধনীগদ্ধার' এই পংক্তি যে কিরূপ পরিশ্রমী উত্যোগের পরিণাম তার উল্লেখণ্ড অনিবার্থ। অন্তপ্রেরণা সম্পর্কে স্থীন্ত্রনাথের কোনো মোহ ছিল না এবং সাবলীল রচনাকেও তিনি সন্দেহের চোখে দেখতেন। এ প্রসঙ্গে বৃদ্ধদেব বস্থকে লেখা তাঁর একটি চিঠির অংশ উল্লেখ্য: 'সাধারণ পাঠকের কাছে যে কবিতা স্বচ্ছন্দ লাগে তা' প্রায়ই শ্বতিশক্তির সাহায়ে লিখিত—অর্থাৎ, চর্বিতচর্বণের নিদর্শন, স্বকীর উপলব্ধির সাক্ষ্য নয়।' অর্থাৎ যে উপলব্ধির নিজস্বতার দাঁড়াতে স্থধীন্ত্রনাথ বদ্ধপরিকর সেই নিজস্বতাকে তিনি অর্জন করেছিলেন নিথু ত কারুক্বতির সহায়তার।

পরবর্তী কাব্যগ্রন্থ 'ক্রন্দনী' (১৬৪৪) স্থীন্দ্রনাথের কাব্যদর্শনের বিস্তৃততর পটভূমি

ও আত্মান্ত্রীলনের গভীরতর পরিমণ্ডলের পটভূমি্কা্য বিচার্ব। তার একেবারে শুক থেকেই আত্মসম্ভষ্টির অভাব, পুরাতন পৃথিবী ও তার নি:শেষিত মূল্য সম্পর্কে সচেতনতা পাই। 'উটপাধী' কবিতায় ঈষং হালকা মেজাজের ব্যঙ্গমিশ্রিত অমুরণন, এ রকম কবিতা স্বধীন্দ্রনাথ আর লিখেছেন কি না সন্দেহ,—এবং তার পরেই 'স্প্রিরহস্ত', 'নরক', 'প্রার্থনা' প্রভৃতি কবিতায় ক্রমাগত তু:থবাদ ও তজ্জনিত হতাশার ক্ষরণ। বলা বাছলা, এই চু:খবাদ একান্ত ব্যক্তিকেন্দ্রিক বম্ব নয়; ব্যক্তিনিরপেক্ষ সর্বজনীন বিশ্বচেতনা এই অভিব্যক্তির পশ্চাতে নিরম্ভর ক্রিয়াশীল। বিংশ দশকের বিজ্ঞানচেতন কবির এই মনস্তাত্ত্বিক স্বরূপ বেমন মর্মান্তিক, তেমনই আন্তরিক। বাঙলা কাব্যসাহিত্যে মোহিত্যাল ও যতীন্দ্রনাথের হুঃথবাদ শারণীয়; কিন্তু তার শিকড় ভারতীয় হুঃথবাদী पर्नत्तत अनुक अन्दर्भ। ऋषे स्ननारथत पृःथवाम **अ**षिक छत्र आधुनिक छेनामारनद्र আশ্রয়ভূমি: বদলেয়র মালার্মে ও ভালেরির কাব্যদর্শনের দঙ্গে পরিচয়ই এই স্বাতম্ভ্রোর অন্ততম হেতু বলা যেতে পারে। প্রদন্ত, স্থীন্দ্রনাথের: 'ক্তিম কল্পনা ত্যাগ; নিরাসক্ত অসাধ্যসাধন; অনন্তপ্রস্থান মিথাা; সত্য শুধু আত্মপরিক্রমা'-ইত্যাদি পংক্তিবিহাদ মোহিতলালের: 'দত্য শুধু কামনাই মিথ্যা চির মরণ-পিপাদা' প্রভৃতি শ্বরণীয় পংক্তিকেই মনে করিয়ে দেয় এবং কবিতার ক্লাদিক গঠনপদ্ধতিতেও এই ছই শক্তিমান কবির কিঞ্জিৎ সাদৃশ্য লক্ষণীয়। অন্তত্ত কাব্যজিজ্ঞাসার ক্ষেত্রে বদলেয়রের মতোই স্থীন্দ্রনাথেরও জিজাদা: মহৎ বিনষ্টি ভিন্ন কি গতান্তর নেই ? 'স্টিরহস্তু' কবিতার কবি অমুরূপ প্রশ্নের সন্মুখীন। 'কাল' কবিতার কবির জিজ্ঞান্ত: 'কিছুরই কি নেই অব্যাহতি ? / জীবনের মরুপ্রান্তে শ্বরণের অধ্যাত বসতি, / তারেও করিবে ছারখার / রক্তলোভাতুর তব দিখিজয়ী শকট ছবার / হে কাল, হে মহাকাল ?'

'অগ্রন্থের অটল বিশ্বাদ' হারিয়েছেন বলেই কবির ক্ষোভ; কবি অজিত বিশ্বাদে ফিরে যেতে আগ্রহী কিন্তু দে-আশাও স্থানুসরাহত। 'ভগবান, ভগবান রিক্ত নাম তুমি কি কেবলই ?' এই প্রশ্নে আর্তির অন্তর্গন স্থাপন্ত। 'নরক' কবিতায় কবি তাঁর শৃগুবাদী দর্শনের চিত্রন্থনমন্ত্র বর্ণনায় প্রায়-নিযুঁত সাফল্য অর্জন করেছেন: 'জীবনের সার কথা পিশাচের উপজীব্য হওয়া, / নির্বিকারে, নির্বিবাদে সওয়া / শবের সংদর্গ আর শিবার -সদ্ভাব।' এবং তার পরেই কবির সিদ্ধান্ত:

অমেয় জগতে

নিজস্ব নরক মোর বাঁধ ভেঙে ছড়ায়েছে আঞ্চ; মান্নবের মর্মে মর্মে করিছে বিরাজ সংক্রমিত মড়কের কীট; শুকায়েছে. কালপ্রোত; কর্দমে মেলে না পাদপীঠ। অতএব পরিত্রাণ নাই। যন্ত্রণাই জীবনে একাস্ত সত্য, তারই নিরুদ্দেশে আমাদের প্রাণযাত্রা সাঙ্গ হয় প্রত্যেক নিমেষে॥

'ক্রন্দদী'তে স্থীন্দ্র-কাব্যের যে বৈশিষ্ট্য লক্ষ্য করা যায় 'উত্তরফান্ধনী'র কবিতা তার পরিপূরক নয়; বরং বলা যেতে পারে 'অর্কেন্ট্রা'-পর্যায়ের কবিতার ক্রমরূপান্তর 'উত্তরফান্ধনী'র অঙ্গীভূত। রচনাকালের দিক থেকে অবশ্য 'অর্কেন্ট্রা', 'ক্রন্দদী' ও 'উত্তরফান্ধনী' প্রায় একস্ত্রে গ্রন্থিত; ১৯২৯ থেকে ১৯৩৩ এই পাঁচ বছরের পরিসরে রচিত হয়েছিল। 'অর্কেন্ট্রা'র যেমন, 'উত্তরফান্ধনী'তেও তেমনি কবি ফিরে গিয়েছেন তাঁর প্রেমের জগতে, যেথানে 'উথাও মল্যে ছ্যুলোকে-ভূলোকে / মোদের প্রেমের কাহিনী কবে। / মোর অসাধ্য সাধ্ন, মানবী, / নিশ্চর তুমি সিন্ধ হবে॥'

স্থীক্রনাথের কাব্যচিন্তার স্বাতম্ভ্র অবশু উত্তরকালের 'সংবর্ত' কাব্যগ্রন্থেই সর্বাপেক্ষা সার্থক রূপে পরিদৃশ্যমান। এই গ্রন্থের ভূমিকায় তিনি জানালেন: 'মালার্ফে প্রবর্তিত কাব্যাদর্শ ই আমার অন্বিষ্ট: আমিও মানি যে কবিতার মুখ্য উপাদান শব্দ; এবং উপস্থিত রচনাসমূহ শব্দপ্রয়োগের পরীক্ষারূপেই বিবেচ্য। ছন্দে শৈথিল্যের প্রশ্রম না দিয়ে, লঘু-গুরু, দেশী-বিদেশী, এমন কি পারিভাষিক শব্দও আচরণীয় কি না, সে অমুসন্ধানও হয়তো কোনো কোনো কবিতায় রয়েছে।' 'সংবর্ড'র রচনাকাল ১৯৩৮ থেকে ১৯৫০। আন্তর্জাতিক জগতে এই সময়সীমার মধ্যে যুদ্ধের প্রস্তৃতি, বিতীয় বিশ্বযুদ্ধ এবং যুদ্ধোত্তর কালের স্ট্রনা হয়েছিল। এই পারিপার্থিকের মধ্যে লিখিত স্থণীন্দ্রনাথের কবিতাসমূহে একটি মহৎ ট্র্যান্সেডির প্রস্তার পরিচয় বিধৃত। বস্তুত, এই কাব্যগ্রন্থই তাঁর পথিণত মনের ফদল; সমাপ্তপ্রার বিশ্ববীক্ষার দর্পণ। এই সময়কার সমগ্র মুরোপ ও এশিয়ার ঘটনাবলী—স্পেনে ফ্রান্ধার জয় ও গণভন্ত্রীদের পতন, হিটলার কর্তৃক পশ্চিম যুরোপের প্রায় সমস্ত রাষ্ট্রের স্বাধীনতা হরণ, সোভিয়েট ও নাংশী জার্মানীর যুদ্ধ, ভারতবর্ষে এবং এশিয়ার অন্তত্ত পরাধীন ও শোষিত জনগণের ব্লান্তিহীন মুক্তিসংগ্রাম—কবিন্ধদেরে চেউথের পর চেউ স্বাষ্ট করেছিল। কড অল্প সময়ের মধ্যেই না পৃথিবীর ইতিহাসের দুখপট অত্যন্ত ক্রতগতিতে ও আকশ্মিক ভাবে পরিবর্তিত হয়েছিল। প্রথম যৌবনের স্বপ্নভঙ্গের পর কবি হতাশায় ক্ষোভে ম্রিয়মান হলেও একটি বিয়োগান্ত নাটকের আদর্শবান নায়কের মতোই ধীরোদাত্ত, 👣 স্থির এবং ইতিহাসচেতনার দ্বারা আশ্বন্ত। কবি জেনেছিলেন 'শ্বীয় শক্তিতে হবে যোগ দিতে গুদ্ধির তাওবে।' কিন্তু ১৯৩৯এর এই সংকল্প ১৯৪৫এ পৌচেও কোনো স্থস্থির বিখাদের আডালে নির্ভরতা খুঁজে পায় নি। কবি নিজেই তার বিরূপ অন্তিম্বের বর্ণনা দিয়েছেন 'যযাতি' কবিতায়:

আমি বিংশ শতাবদীর
সমানবয়দী; মজ্জমান বক্ষোপদাগরে; বীর
নই, তব্ জন্মাবিধি যুদ্ধে যুদ্ধে বিপ্লবে বিপ্লবে
বিনষ্টির চক্রবৃদ্ধি দেখে, মমুগুধর্মের স্থবে
নিরুত্তর, অভিব্যক্তিবাদে অবিখাদী, প্রগতিতে
যত না পশ্চাংপদ, ততোধিক বিমুধ অতীতে।

আধুনিক কালের ব্যক্তিম্বাতগ্রবাদী মামুষের আদর্শগত স্বপ্নভঙ্গের কাহিনীই কবিতার মুখ্য স্থর এবং দেই দঙ্গে গল্পমী কবিতারচনার একটি 'সংবর্ত্ত'র পরীক্ষাও তিনি গভীর মনোযোগের দক্ষেই এই কবিতাবলীর মধ্যে উপস্থিত করেছেন। স্থীজ্রনাথ মানতেন নিরাদক্তি সংসাহিত্যের অনন্য লক্ষণ এবং তাকে আয়ত্তাধীন করাই তাঁর কাব্যচর্চার অন্ততম লক্ষ্য। তা ছাড়া, গগ ও প্রের ব্যবধান ঘোচাবার উচ্ছোগও তাঁর কবিতায় স্পষ্ট চেহারা নিয়েছে; এবং: 'বিশ বছরকাল আমি বদিও জ্ঞানত গত্ত-পত্তের নির্বিরোধ চাই, তবু এখনও আমার সাধ ও সাধ্য মাঝে-मात्व প्रक्लात्वव वान नार्ध।' अधीकनार्थव প্रकाशिक कविकाव मरथा। दिशा नवः ভাবতে অবাক লাগে অমুবাদ-কবিতাগুলো বাদ দিলে, প্রায় তিরিশ বছরের সময়সীমাম্ব মাত্র একশ-তিরিশটি কবিতায় তাঁর কাব্যস্পন্তর ফসল বিকীর্ণ। স্থণীন্দ্রনাথের প্রথম যৌবনে রচিত কবিতার সংখ্যাই বেশি; 'তদ্বী', 'অর্কেন্ট্রা', 'ক্রন্দ্রনী' ও 'উত্তরফাল্কনী'র প্রায় সব কবিতাই এই সময়ের (১৯২৪-৩৩) অন্তর্গত। 'সংবর্ড'র কবিতাগুলো এবং 'নশমী'র অন্তর্ভক্ত কবিতা মিলিয়ে প্রায় ২৬টি কবিতা সম্ভবত ১৯৩৭ থেকে ১৯৫৪—এই আঠারো বছরের দীর্ঘ পরিদরে লেখা। এই দব কবিতাই তাঁর পরিণত মানদের সাক্ষ্য। বাঙলা কবিতার বছ-ব্যবহৃত শব্দাবলী এই মননপ্রধান কবি সরাসরি বর্জন করেছিলেন। তিনি দানিয়েছিলেন যে উচ্ছাদ সংবরণ ব্যতীত উল্লেখযোগ্য কবিতারচনা প্রায় অসম্ভব। রবীশ্রনাথ-স্থ কাব্যের শব্দভাণ্ডার প্রথম যৌবনে তাঁর নিব্দের কাব্যস্টের কাঙ্গে লাগলেও নতুন শব্দের প্রয়োগ ও নতুন ভাষা স্বাষ্টতে তাঁর প্রতিভা সর্বদাই সক্রিয় ছিল। সংস্কৃত-ঘেঁষা অপ্রচলিত আভিধানিক শব্দাবলী প্রয়োগে তাঁর কবিতার এসেছে দৃঢ়তা ও সংহতি; কবিতাকে তিনি দুরত্ব দান করেছিলেন, যে-দূরত্ব কাব্যপাঠকের চেতনাকে নাডা দিয়ে সতর্ক করে রাখে। নাটকীয় আবেগের উত্তাপ তাঁর অনেক কবিতায়ই ছন্দ-চাতুর্যের যোগে সার্থক নিথরে পৌছেছে। ড্রামাটিক-মনোলোগ বা নাটকীয় কথোপকথন তাঁর সফল কবিতার অন্ততম আকর্ষণ। 'সংবর্ড'র কোনো কোনো কবিতা এ প্রদক্ষে উল্লেখ্য। সূব মিলিয়ে কবি স্থাীন্দ্রনাথ এ কালের কাব্যরচনার ক্ষেত্রে

একটি স্বতম্ব ব্যক্তিত্ব; মেধা ও মনীযা এবং সচেতন কারুকৃতি বে-ব্যক্তিত্বের অস্থাতম কিংবা প্রধানতম অবলম্বন। এবং সে-কারণেই জীবনানন্দের মতো স্থীক্রনাথের অমুসরণ সহজ হবে কি না সন্দেহ।

বিষ্ণু দে-র কবিতা এ কালের শিক্ষিত বাঙালি কাব্যপাঠকের কাছে একাধিক কারণে স্মরণীয়। প্রথমত, মধ্য-তিরিশ থেকে বাট-দশক পর্যস্ত বিস্তৃত সময়ের সামাঞ্চিক পটভূমিকার বাঙলা কবিতার ক্রমবর্ধমান ও ক্রমপরিণতিশীল শিল্পরপ তাঁর কবিতার প্রত্যক্ষ; দিতীয়ত, কাব্যপাঠকের রুচি ও প্রগতিও যেন তাঁর কাব্যের সংশ্রবে পরিশীলিত; এবং বিষ্ণু দে ঠিক সেই ধরনের কাব্যভাবনার অধিকারী যার সঞ্চারণে স্থিতধী পাঠকমাত্রেই একটি স্বতন্ত্র ও সজীব পরিমণ্ডলের সন্মুখীন হয়ে থাকেন।

'উর্বণী ও আর্টেমিস' বিষ্ণু দে-র প্রথম কাব্যগ্রন্থ হলেও স্বল্পবাক্, ভাবগন্তীর কবিতার সংহত রূপ এই সময় থেকেই তাঁর রচনায় প্রত্যক্ষ। বিদেশী শব্দ বয়নে, বিদেশী রূপক ও উপমার ব্যবহারের ক্ষেত্রে 'উর্বশী ও আর্টেমিদে'র কবিতায় বিষ্ণু দে যে প্রাথমিক উল্মোগে দিদ্ধি লাভ করেছিলেন, উত্তরকালের রচনায় তাঁর দে-সাফল্য সম্পূর্ণ একটি স্বভন্ত কাব্যজগতের প্রবেশদার উন্মোচিত করেছে। দেশী প্রতীক ও চিত্রকল্পের পাশাপাশি বিদেশী প্রতীক, উপমা ও চিত্রকল্পের যে-ব্যবহার তার বছতর কবিতার একটি প্রধান চারিত্রলক্ষণ, 'উর্বশী ও আর্টেমিদ' থেকেই তার প্রস্তুতি। যথন মনে করা যায় এই গ্রন্থের অধিকাংশ রচনা ১৯১৯-৩৩এর মধ্যে রচিত তথন ওই শময়কার সাধারণ কবিতার সরল উচ্ছাস ও আতিশয্যের আবহাওয়ায় বিষ্ণু দে-র স্বাতস্ত্রা চোথে প্রতে। 'চোরাবালি'তে (১৯২৬-৩৭ সময়সীমায় রচিত । এই সাফল্য ক্রমবর্ধমান। এক দিকে আধুনিক বাঙলা কবিতার দীর্ঘ-কালের ঐতিহ্য, অন্ত দিকে সমকালীন বিদেশী কাব্য-আন্দোলনের নব নব পরীক্ষা—বিষ্ণু দে-র কবিতায় 'চোরাবালি' থেকেই এই তুই কাব্যমেজাজের স্মাকরণের প্রয়াস নজরে পডে। 'চোরাবালি' কাব্যগ্রম্থে ওই নামের কোনো কবিতা নেই, কিন্তু প্রথম কবিতা 'ঘোডসওয়ার' নিয়তিবাদের বিক্লমে পুরুষকারের উত্তরণ-পর্বের আকাজ্ঞার অবিশ্বরণীয় প্রতীক, চ্তুর্দিকের চোরাবালির ভয়াবহ পারিপার্শ্বিকতায় হৃদয়ের মহত্তর জাগরণের ছোতনায় ভাষর: 'জনসমূদ্রে উন্নথি কোলাহল / ললাটে তিলক টানো। / সাগরের শিরে উদ্বেল নোনাজল, / স্থদয়ে আধির চড়া। / চোর।বালি ডাকি দূরদিগত্তে / কোথায় পুরুষকার ? / হে প্রিয় আমার, ্প্রিয়তম মোর! / আষোজন কাঁপে কামনার ঘোর, / অঙ্গে আমার দেবে না অঞ্চীকার 🔥 এই এন্থের 'ওফেলিয়া' এবং 'ক্রেসিডা' বিষ্ণু দে-র কাব্যের কলাকোশল ও গ্রুপদী অন্তুসদ্ধিৎসার নিদর্শন যদিও কবিতাছটির ভাবান্ত্র্যক্ষ জটিলতাবঞ্জিত নয়। বিফু দে-র সমান্তচিন্তায় ঈষৎ শ্লেষ-বক্রোক্তি স্ফুরিত। কয়েকটি ছোট কবিতা তো রীতিমতো চটুল।

কিন্তু কোনো অবস্থায়ই কবি লক্ষ্যন্ত্ৰষ্ট হন নি। 'তাঁর কাব্যে ছন্দ, মিল, উপমা, অলহার ইত্যাদির প্রয়োগ তো স্থমিত বটেই, এমন কি বিষয়মাহান্ম্যে বা অর্থগোরবে ভাবের স্বল্পতা তিনি কোথাও ঢাকতে চান নি, সার্বজনীন অন্থভৃতির ঐকান্তিক অঙ্গীকারেই সাধারণ চিত্রকল্পাদির মধ্যে প্রাণস্পন্দ জাগিয়েছেন…।' 'চোরাবালি'র ভূমিকায় স্থাীক্রনাথের এই উক্তি পাঠকের সমর্থন লাভ করে।

অন্তপ্রেরণার জন্ম বিষ্ণু দে ধে অনেক সময়ই বিদেশী কাব্যসাহিত্যের, বা কাব্য-ঐতিহের মুখাপেক্ষী, 'চোরাবালি' থেকেই তার প্রমাণ মেলে। কাব্যসন্মত নতুন বিষয় ও ভলিকে আয়ত্ত করবার জন্ম এলিয়ট কথনো দান্তে কথনো লাফর্গ কথনো অন্তান্ত মুরোপীয় প্রতীকী কবিদের দারস্থ হয়েছিলেন, পাউগুকেও অমুরূপ উদ্দেশ্তে চীনা কবিতার শরণাপন্ন হতে দেখা যায়। ফলে 'ওয়েস্ট ল্যাণ্ডে'র মতো আরণীয় দীর্ঘ-কবিতা এলিয়ট স্পষ্ট করতে পেরেছিলেন, পাউণ্ডের চীনা কবিতার স্মরণীয় অমুবাদ বৃদ্ধ বয়সে স্বয়ং রবীন্দ্রনাথকেও আধুনিক কাব্যের আলোচনায় উৎসাহিত করেছিল। রবীন্দ্রনাথ লিখে-ছিলেন: 'আমাদের দেশের তরুণদের মধ্যে কাউকে কাউকে দেখেছি গাঁরা আধুনিক ইংরেজি কাব্য কেবল যে বোঝেন তা নয়, সম্ভোগও করেন। তাঁরা আমার চেয়ে আধুনিক কালের অধিকতর নিকটবর্তী বলেই য়ুরোপের আধুনিক সাহিত্য হয়তো তাঁদের কাছে দূরবর্তী নয়। সেই জন্ম তাঁদের সাক্ষ্যকে আমি মূল্যবান বলেই শ্রহা कति।' অন্তত বিষ্ণু দে-র কবিতায় বিদেশী প্রভাব যে স্থফলদায়ক হয়েছে, 'চোরাবালি'-পরবর্তী পর্যায়ের নানা কবিতায় তা লক্ষণীয়। যেখানে বিষ্ণু দে সফল সেখানে বিদেশী কবিতার ঐতিহা, পুরাতন ঞ্পদী সাহিত্য এবং সাম্প্রতিক কাব্য-সাহিত্যের শ্রেষ্ঠ ফসল তার করায়ত্ত এবং কাব্যপাঠকের রসাম্বাদনকৈ তা শেষ পর্যন্ত অব্যাহত রাথে।

বিষ্ণু দে-র কবিতার ভাষাবিক্তাদ ও প্রয়োগনৈপুণ্য অনেকদময় প্রাঞ্জল নয়।
কোনো কোনো ক্ষেত্রে তাঁর কবিতা বিষয়োচিত গুরুত্বে গন্তীর হলেও ভাবামুষঙ্গের
ক্ষেত্রে কোথায় যেন উপলব্ধির পথে বাধা আসতে থাকে। 'ওফেলিয়া' বা 'ক্রেসিডা'
কবিতার পংক্তিবিক্তাদ এবং স্বতন্ত্র-ভাবে পৃথক্ পৃথক্ স্তবকগুলি যদিও পরমরমণীয় তব্
সমগ্র ভাবে ওই কবিতাগুলো পাঠকের প্রত্যয়কে দৃঢ়প্রোথিত করে না। সম্ভবত
কবিতাকে অতিমাত্রায় নৈর্ব্যক্তিক করার প্রচেষ্টাই কবিতাঘ্টির এই চারিত্রলক্ষণের
কারণ। গীতিকবিতার স্বভাবস্থলভ স্বাচ্ছন্দ্য থেকে একটি প্রয়োজনীয় ধ্রুপদী সংহতিতে
পৌহাবার চেষ্টাও অক্ততম কারণ হতে পারে। অক্ত দিকে 'পূর্বলেথ' কাব্যগ্রেষ্থে কবির

७. 'চোরাবালি', 'কুলার ও কালপুরুষ', পূ २६।

সমাজসতার বিস্তৃত ও গভীর রূপ স্বতন্ত্র মর্যাদা পেয়েছে। 'বিজীষণের গান'এ
আহা! আজ যদি পুষ্পকে হানো অগ্নিবাণ
মন্থিয়া নীল অগ্রচক্রবর্ধরে
লুকাবো না কেউ প্রাকারচ্ছায়ায় গহরে।
স্বাগত গেয়েছি স্বগতে নাচার দীর্ঘকাল,
হে বক্রপাণি! স্বাধ্যে আজ সন্দিহান।

প্রথম থেকেই কাব্যপাঠককে সামাজিক-দৈনন্দিন পারিপাশ্বিকতার পটভূমিকায় একটি নতুন জরুরি স্থচনা সম্পর্কে সচেতন করে। কথনো ব্যঙ্গ ও বিদ্রূপে, কঁথনো সহানয় দামাজিক উচ্চারণে, বিভিন্ন ধরনের বিষয় ও বিষয়োচিত ছন্দের প্রবহমানতায় এই কবিতার তীক্ষতা সহজেই পাঠকচিত্ত স্পর্শ করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কার কলকাতায়: 'এ ঘন প্রহরে / ইশারা বিছায় পথে কোন ধ্রুবতারা ! / উদ্রাস্ত বিচ্ছিন্ন মন ঘুরে মরে যার। / নির্নিমেষ নির্বিকার বিরাট শহরে।' কবি স্পষ্টই ভবিষ্যুৎ সম্পর্কে চিস্তিত। বিষ্ণু দে এলিয়ট-ভক্ত হলেও এবং এলিয়ট-কাব্যের অনেক পংক্তির রকমফের তাঁর কবিতায় অবস্থান করলেও সময়চিহ্নিত বিষয় উপযোগী অন্নেষণের ক্লেত্রে তিনি শেষ পর্যন্ত কোনো কবির কাব্যভাবনায় নিজেকে দীমিত করে রাখেন নি। বিশ্ববীক্ষার ক্ষেত্রে এই সচেত্রন কবি আপন স্বাতন্ত্র্য ও স্বভাবধর্মে গোড়া থেকে বদ্ধমূল ছিলেন বলেই তাঁর কবিতা পরাত্মকরণের দৃষ্টান্ত হওয়ার পরিবর্তে আধুনিক বাঙলা কবিতার ভাবজগৎ ও শিল্পরপকে স্বতন্ত্র ভাবে নিজস্ব ভঙ্গিতে ঐতিহাগত মর্যাদা দিতে পেরেছে। এক দিকে তাঁর কবিতা ধেমন সাম্প্রতিক ও অসামগ্নিকের দ্বারা চিহ্নিত, অন্ত দিকে তেমনই মুক্ত মহৎ জীবনামুভৃতির অন্মুদরণে স্পন্দিত। এই কাব্যগ্রন্থে কাব্যজিজ্ঞাসা এবং কর্মপ্রেরণা একস্থত্তে গ্রন্থিত এবং কবির মনে উত্তরণের আকাজ্জায় বিশ্বাস ও সমর্পণের সিদ্ধি স্থদুরপ্রসারিত। মনে হবে বিষ্ণু দে-র কবিতা প্রকৃত অর্থে দমুন্তের রোলে, ঢেউরের র্প্তঠানামায়, ভারতীয় জীবন ও পরিবেশের পটভূমিকায় পরিশুদ্ধ আবেগে দঞ্জীবিত। কবি যেন এক মুহূর্তে পাঠককে নিয়ে যেতে পারেন তাঁর বিশাল উপলব্ধির সমুদ্রসৈকতে:

> চলো যাই জীবনের তরপ্রমূধর সম্দ্রসৈকতে নীলে নীলে ম্কিস্নানে, বালুকাবেলায় শিশুর ধেয়াল স্বচ্ছ সমুদ্রের নীলামকরতে...

বিশ্বাদে, অন্থপ্রেরণায় দীপ্তিমান তাঁর কবিতায় মৃহুর্তের চিত্রপটে সমস্ত ভারতবর্ষের চিত্ররপময়তা উন্মোচিত, অনবত ছন্দের বিস্তারে যেন ছবির পর ছবি; বিলম্বিত পংজি-বিস্তাস, অন্তত বর্তমান প্রবন্ধকারের বিবেচনায়, এলিয়টের কোরাসগুলোর ('দি রক' কাব্যনাট্য শার্তব্য) অনবত্য পংজিবিস্তাস শারণ করিয়ে দেয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধ, দেশ-

বিভাগ, দান্ধা, শান্তির জন্তে সংগ্রাম—এই বিভিন্ন অবস্থায় দেশের ও বৃহত্তর পৃথিবীর নানা ত্র্যোগে, সংকটের বহুম্থী আবর্তেও বিষ্ণু দে তাঁর বিখাদ থেকে বিচ্যুত হন নি; 'নাম রেখেছি কোমল গান্ধারে'র প্রায় দব কবিতাই এই অনন্তবিখাদলাত দৃঢ়তার প্রতীক। সমসাময়িক জীবন থেকে যেমন, তেমনই দেশের পুরাণ, মঙ্গলকাব্য থেকেও কাব্যের উপকরণ সংগ্রহ করেছেন তিনি। সমষ্টির অঙ্গীকার তাঁর কবিতায় অসামান্ত মর্থাদা পেয়েছে; সেই সঙ্গে ব্যক্তির বিরল অন্তভ্ততে তাঁর কবিতা স্পন্দিত। অন্ত দিকে তেমনই দেশকবিতা শিল্পচেতনার সচেতন কারিগরিতে সার্থক। বলা বাহুল্য, মডেন বা স্পেগুরের মতো বিষ্ণু দে কথনো স্থাভঙ্গের সম্মুখীন হন নি; প্রথম যৌবনের বে-আদর্শকে অডেন, স্পেগুর প্রভৃতিরা 'পরাভূত দেবতা' বলে অভিহিত করে মার্কিনী ধনতব্রের লোভনীয় স্বাছ্ণদেয়র চারদেয়ালের আরামপ্রদ পারিপাশ্বিকতায় আশ্রম নিয়েছিলেন সে-আদর্শবাদের অন্তর্নিহিত মূল উপাদানগুলো কাব্যরচনার পথে যে অন্তর্নায় নম্ব বাঙালি কবিদের মধ্যে অন্তত্ত বিষ্ণু দেন কবিতায় তার প্রভৃত প্রমাণ উপস্থিত।

'দাত ভাই চম্পা'য় বিষ্ণু দে-র সমাজচেতনা ও জীবনজিজ্ঞাদা স্পষ্ট চেহারা নিয়েছে। আন্তর্জাতিক ঘটনার পটভূমিকায় লেখা '২২শে জুন ১৯৪১' বা 'থার্কভ' বা '৭ই নভেম্বর' এই সময় তাঁর কবিতাকে বিশ্বের শান্তি ও প্রতিরোধের শিবিবের নিকটবর্তী করে তুলেছিল। 'পূর্বলেখ' থেকেই হালকা চালের কবিতা তাঁর কবিতায় নতুন সজীবতা এনেছে। সারা দেশে যথন ছর্মোগ, অবস্থা অশান্ত এবং জনসাধারণ উপযুক্ত নেতৃত্বের অভাবে বা প্রেরণার অভাবে কিংকর্তব্যবিমৃত সে-সময় এই ধরনের শবু চপল ছনোবিভাদ কবির বজ্রকঠিন বক্তব্যকে হালকা মেজাজের প্রলেপ দিয়েছে। **অথচ 'পূর্বলেথ'-প্যায়ের কবিতাতেই, বিশেষত 'পদ্ধবনি' কবিতাটিতে বিষ্ণু দে-র** উত্তরণ-পর্ব শ্বরণীয়। কলাকোশগের দিক থেকে কবিতাটি অপূর্ব তো বটেই, বিষয়োচিত উন্মুখতায়ও জীবন্ত। কবিতার এই পটভূমি বিস্তৃতত্তর হয়েছে 'সন্দীপের চর'এ এবং এখানে কবির লক্ষ্য সম্পূর্ণতা, পরিপূর্ণতা—ষে-পরিপূর্ণতা লালমোহন দেনের মৃত্যুকে সন্দীপের চরে মহীয়ান করে তুলেছিল। বলতে পার। যায় কবির মানবিক কল্যাণবুদ্ধি 'দন্দাপের চর'এ পরিপূর্ণ উপলব্ধিতে উজ্জ্বল; দংশয় থেকে, দংকীর্ণতা থেকে, উত্তরণের দিক থেকেও তার কবিতা নব নব পরীক্ষায় ক্রমশই রসোত্তীর্ণ, দীর্ঘ কবিতায় ('জল দাও', 'পাঁচ প্রহর' ইত্যাদি) এবং ছোট ছোট কবিতায় থেকে থেকে ফিরে এসেছে নব পদচারণার অব্যাহত প্রশান্তি। 'অন্ধকারে আর' কবিতাটি একটি সার্থক কবিতা হিসেবে সম্পূর্ণ উদ্ধৃতিযোগ্য। মাত্র দশ-পংক্তির পরিসরে বিষ্ণু দে কাব্যের কলাকৌশলের যে দৃষ্টাস্ত রেথেছেন তা স্মরণীয়। 'নাম রেখেছি কোমল গান্ধারে'র 'ভিলানেল' কবিতাটি কবির পরীক্ষানিরীক্ষার অন্ততম দার্থক দৃষ্টাস্ত।

'তুমি শুধু পতিশে বৈশাখ ?' কবিতার সহজ অভ্যন্ত কিন্তু অসার্থক জীবনথান্ত্রার বিহ্নত্বে কবি রবীক্রনাথের 'স্র্যোদ্য স্থান্তের আশি বছরের আলো'র জন্ম প্রাথনা; এ কালের ক্ষীয়মান মানদে জীবনের স্বাধীন বিন্যাস গড়ে তোলার জন্মে উন্থকা। এই বইয়ের অন্য সব কবিতার নতুন জীবন, নতুন দৃশ্যের জন্ম উন্থকা। স্বাধীন স্বদেশে অনেকেই জীবনের শেয়ানা শিকারী—সচ্ছল, প্রবল। কিন্তু 'গৃহহীন দল প্রতিবেশী এমন কি স্বদেশীয়, তব্ও ভিথারী'। স্বতরাং নতুন দৃশ্য, নতুন জীবনের জন্মে উন্থকা স্বাভাবিক। 'মহামুত্ব বছই কঠিন ব্রত, স্থানুত্ব তার / ক্ষ্রধার পথ মেই, থলিপেট ঘাড় উচু উটেরও যাবার।' উত্তরকালে 'স্বৃতি সন্তা ভবিষ্যং'এ এই উন্থকা পরিণত হয়েছে অভিজ্ঞানে, কল্যাণময় সামাজিক চিন্তা এই গ্রন্থেরও মৃথ্য অবলম্বন হওয়ায় তাঁর স্থপরিণত কবিমানস ও সমাজসন্তার একটি নিঞ্বেগ প্রকাশও এ ক্ষেত্রে সম্ভব হয়েছে।

আধুনিকতার ক্ষেত্রে আদিকে ও উচ্চারণে প্রায় গোড়া থেকেই বিশিষ্ট বলে চিহ্নিত হয়েছেন অমিয় চক্রবর্তী। স্থান্দ্রনাথের মতো এই কবিও গোড়া থেকেই বিশেশ শতকের যুরোপীয় ধ্যানধারণা ও চিন্তাধারায় অভ্যন্ত, সমাজ ও সভ্যতার ভাঙন সম্পর্কে ভাবিত এবং স্থান্দ্রনাথ যে-কালে শৃত্যবাদী দর্শনের আবর্তে নিমজ্জিত সে-সময় অমিয় চক্রবর্তীর কবিতা আশ্বাসের গভীরতায় অন্থপ্রাণিত। বস্তুত, উভয়ের কবিতায় গটি মূল অত্তর স্থর তিরিশের দশকেই উচ্চারিত। স্থান্দ্রনাথ যে-সময় লিথেছিলেন 'জীবনের সার কথা পিশাচের উপজীব্য হওয়া', ঠিক তথনই অমিয় চক্রবর্তী 'মেলাবেন তিনি মেলাবেন' এই আশ্বাসের যৌক্তিকতা প্রকাশ করেছিলেন। 'ভগবান, ভগবান, রিক্তনাম তৃমি কি কেবলি ?' কিংবা 'নত্য কেবল বাঁচা, কেবল বাঁচা / পশুর মতো মনের বালাই ঝেডে ফেলে বাঁচা, / বাঁচা, কেবল বাঁচা'—স্থিনিদ্রনাথের এই নান্তিবাদী থেদাক্তির পাশাপাশি অমির চক্রবর্তীর শান্ত ও গভীর উচ্চারণ 'ধান করে। ধান হবে, ধুলোর সংসারে এই মাটি।/ তাতে যে যেমন ইচ্ছে থাটি'—জীবনের প্রতি আশ্বাসে গভীর। এই অন্তভ্তির ব্যাপকতাই তাঁর কবিতাকে স্বাতন্ত্র্য ও মর্যাদা দিয়েছে। তাঁর কবিতায় সর্বদাই কাজ করছে গভীর প্রশান্তি, আশাবাদ অন্তর্যনে যার সোধিশিথর আলোকিত। এ প্রসঙ্গে রিচার্ড এবারহার্টের উক্তি শুর্তব্য:

Poetry is a confrontation of the whole being with reality. It is a basic struggle of the soul, the mind, and the body to comprehend life; to bring order to chaos or to phenomena; and by will and insight to create communicable verbal forms for the pleasure of mankind.

সমালোচক এথানে যে ইচ্ছা ও অন্তর্গৃষ্টির উল্লেখ করেছেন অমিয় চক্রবর্তীর কবিতায় কথনই তার অসদ্ভাব নেই। কবিতা রচনার মধ্যেও যে মানবাত্মার, মনের ও শরীরের হন্দ্র জীবনকে বুঝতে সাহাব্য করে তাঁর বহু কবিতাই সে-উপলব্ধির সাক্ষ্য:

> মন্ত্রদাতা, রাত্তি এলো, কী করে বলো সে পথ চিনি কোথার আখাস এই গোধুলির অশান্ত প্রত্যয়ে যেথানে সংগম-জল-মাটি হারায় অগণ্য ঢেউয়ে, পৃথিবী, কাণ্ডার, দিক-ঘের। চূর্ণ হোক শেষ রাত্তি, না হলে প্রত্যাহ বক্ষে-ঘেরা জলুক নির্মম সূর্য, যৌবনী জনতা দৃপ্ত দিবা— আবার সংসারে যুঝি, খুঁজি সেই প্রাণ অক্ষোহিণী॥

> > 'প্রত্যবায়', ঘরে-ফেরার দিন।

আঙ্গিকের দিক থেকে এই কবির কবিতা বরাবরই স্বাতন্ত্রাসন্ধানী। শব্দচয়নে, প্রচলিত নানা শব্দের ব্যবহারে, উচ্চারণের ভঙ্গিতে এবং ধ্বনিতে তাঁর কবিতা তাঁর সমসাময়িক অনেক কবির চেয়ে আলাদা। তিরিশ-দশকের মাঝামাঝি সময়ে প্রকাশিত 'খসডা' ও 'একমুঠো' থেকেই এই আঙ্গিকগত পরীক্ষানিরীক্ষার স্থচনা এবং উত্তরকালে এই পরীক্ষার সফলতাও স্বীকৃত। স্থীন্দ্রনাথের মতো সংস্কৃতঘেঁষা শব্দ অমিয় চক্রবর্তী খুব কমই ব্যবহার করেছেন; অন্ত দিকে জীবনানল দাশের কবিতায় যে দেশজ ভাষা ('বিয়োবার দেরি নেই' ইত্যাদি) কিংবা বিষ্ণু দে-র রচনায় বিদেশী শব্দসমাবেশের যে দৃষ্টাস্ত তার অন্থরূপ কিছুই অমিয় চক্রবর্তীর কবিতার অবলম্বন নয়। তাঁর কবিতার শব্দ কাব্যপাঠকের খুব অপরিচিত নয় এবং বলতে গেলে যুক্তাক্ষরবহুলতাকে এই কবি ষভটা সম্ভব পরিহার করেছেন। শব্দের নিপুণ ব্যবহারে কিংবা নতুন ধরনের প্রয়োগে তাঁর কবিতার ম্থশ্রী আলোকিত; কয়েকটি শব্দ, বেমন 'আলিম্পন' 'বিচ্যুতি' 'ঈশ্বরিত'— তাঁর কবিতাম নতুন ধরনের শব্দ-গঠনের দৃষ্টান্ত। তাঁর কবিতার স্থবকসজ্জাও লক্ষণীয় বৈচিত্ত্যে বিশিষ্ট। উচ্চারণপদ্ধতি অনুযায়ী তিনি যেন কবিতার অঙ্গসজ্জার উৎসাহী। কবিতার বিষয় ও মেজাজ অমুযায়ী কবিতার আঙ্গিকের অমুবর্তন (যেমন ভিন্ন ভাবে দেখা যায় জীবনানন্দ, স্থীক্রনাথ বা বিষ্ণু দে-র কেত্তে), পয়ার বা মাত্রাবৃত্তের বে অভ্যন্ত রূপ ও চালের দঙ্গে আধুনিক কাব্যপাঠকের পরিচয়, তাঁর কবিতায় তার পুনরুক্তি বা অভিগমন বিরল। দীর্ঘ স্তবকসজ্জার পাশাপাশি ছোট-ছোট স্তবকও তাঁর বিভিন্ন কাব্যগ্রন্থের আকর্ষণ। 'থসড়া' ও 'একমুঠো' যে-কালে আত্মপ্রকাশ করেছিল সে-সময় ? অমিয় চক্রবর্তীর রচনা কিছুটা হুরূহ মনে হয়েছিল, অনভ্যন্ত পাঠক তথন যেন কবিভার রসের অগতে প্রবেশের চাবিকাঠি অন্বেষণে ব্যতিব্যম্ভ হয়ে পড়েছিল। উদ্ভরকালে অবশ্র তাঁর কবিতার এমন বাক্পদ্ধতি কি উচ্চারণভঙ্গিমা ক্মই খুঁজে পাওয়া বাবে যা

রসোপলন্ধির অস্তরায়। কতকগুলো শব্দকে এই শক্তিমান কবি ঈষৎ পরিবর্তিতরূপে কবিতায় ব্যবহার করেছেন, এই প্রয়োগনৈপুণ্য প্রায় শুরু থেকেই তাঁর রচনার অস্তম বৈশিষ্ট্য:

> 'কিছু-না হওয়ার পক্ষে হুরের শ্রা ব ণী দিয়ে শুনি' 'বিমিশ্র হুথের স্বপ্নে কারো ব্যথা যো ব নী সন্ধ্যায়—' 'তুমিহীন জী ব ন তা তাতে রাঙা হয়ে বেলা নামে।'

এবং এ রকম পংক্তিবিন্তাদ তাঁর প্রায় প্রতিটি কাব্যগ্রন্থেই দেখা যায়ন। এ ছাডা, করেকটি পুরোনো শব্দ মাঝে-মাঝে তাঁর রচনায় অন্থপ্রবেশ করে, যেমন, 'দিয়ধু' 'আক্লিয়ে' ইত্যাদি। প্রতি ক্লেত্রেই এই ধরনের শর্কব্যবহারনীতির পরীক্ষা সফল হয়েছে এ কথা বলা যায়না বটে কিন্তু অধিকাংশ ক্লেত্রেই অমিয় চক্রবর্তী বিরল সিদ্ধিতে পৌছেছেন। অন্তত শব্দ নিয়ে এই পরীক্ষা নিঃসন্দেহে তাঁর কবিতায় বৈচিত্র্য এনেছে।

অমিয় চক্রবর্তীর কবিতার বিষয়বস্থ সম্পর্কে একটি কথার উল্লেখ অনিবার্য। তাঁর কবিতা কথনোই সমসাময়িক ঘটনার তাৎপর্যকে পরিহার করে নি। বস্তুত, চল্লিশ-দশকের শুরুতে যুদ্ধ ও হুভিক্লের সেই দারুণ হু:সহ কয়েকটি বছরের বাঙলাদেশ তাঁর কবিতার ম্পষ্ট চেহারায় দেখা দিয়েছে এবং ক্ষ্মা হুভিক্ষ কি দাঙ্গার পটভূমিকায় লেখা হলেও এই কবিতাসমূহে এমন একটি গভীর অহুভূতি উচ্চারিত যার আবেদন বছব্যাপক। দ্বিতীয় মহাযুদ্ধের সমকালীন তাঁর রচনায় বাঙলাদেশের হুর্দশার ছবি বেদনার্দ্র গভীর তুলির অনব্যু টানে রূপময় হয়েছিল:

পাথর মোডানো স্থান্য নগর জন্মে না কিছু অন্ধ— এথানে ডোমরা আসবে কিসের জন্ম ?

বিশ্বসংসারের নানা দৃশ্য ও বৈচিত্র্য সম্পর্কে কবিমন সচেতন এবং বিষয়ান্থগত কাব্য-ভাষার সন্ধানী। দ্বিতীয় বিশ্বযুদ্ধের মাঝামাঝি সময়ে প্রকাশিত 'অভিজ্ঞান বসম্ভে'ই কবির 'সংগতি' নামে এ কালের বহুপরিচিত কবিতাটির সঙ্গে পাঠকের পরিচয় ঘটেছিল:

> তোমার আমার নানা সংগ্রাম, দেশের দশের সাধনা, স্থনাম, ক্ষ্ধা ও ক্ষ্ধার যত পরিণাম মেলাবেন।

জীবন, জীবন-মোহ, ভাষাহারা বুকে স্বপ্লের বিদ্রোহ— মেলাবেন, তিনি মেলাবেন। 'অভিজ্ঞান বসস্ত' অমিয় চক্রবর্তীর বছ ও বিবিধ পরীক্ষার স্তর বা অধ্যায় মাজ, কিন্তু কবিতার বিষয় ও আদিক নিয়ে তিনি যে ক'টি পরীক্ষা করেছিলেন তাতে সাফল্য বড কম ছিল না। এই কাব্যগ্রন্থের কবিতা 'আ্যাকসিডেন্ট', এবং এই দীর্ঘ কবিতাটির স্বাতন্ত্র্য এই কবির সমগ্র কাব্যরচনার মধ্যেও অভিনব।

পরবর্তী কালে পৃথিবীর বিভিন্ন দেশে শুমণের ফলে কবিতার উপাদানের দিক থেকেই শুধু নয় পটভূমি-বিভৃতির দিক থেকেও অমিষ চক্রবর্তীর ক্রমবর্ধমান সাফল্য লক্ষণীয়। লক্ষ্য করবার বিষয় আলিকের ওপর কবিব অধিকার—দক্ষ কারিগরির গোপন রহস্তুস্ত্ত্ত্ত্ত্বে যেন আবিদ্ধার কবেছেন তিনি। 'বৈদান্তিক' কবিতার 'প্রকাণ্ড বন প্রকাণ্ড গাছ,— / বেরিয়ে এলেই নেই' কিংবা 'শিল্প' কবিতার 'তাঁতে এনে বসালেম বৃক্ষ থেকে রোদ্ধ্রের হুতো'—এর গভীর ব্যঞ্জনা পাঠকচিত্ত স্পর্শ করে। অহ্য দিকে বেমন স্থাদেশের ছবি, তেমনই বিদেশের নানা ছবিও বার বার স্পষ্ট হয়েছে তাঁর কবিতার। বেখানেই শ্রাম্যান, এই জাটল যুগের বিচিত্ত্ব প্রসন্ধ বার বার তাঁর চেতনায় হানা দিয়েছে:

বোমা-ভাঙা অবসান। শহরের বিদিক্ সোজা পথে পদশবন। শৃত্য পাশে গলির জগতে চুর্ণ চুর্ণ বেলা। তারি মধ্যে মান হাসিম্থ মেরে জানলার কাঁচে একান্তে উৎস্ক চুল আঁচডায় যত্ন করে, ইটস্থুপে ছেলে শুয়ে; প্রাণ পুন্রার চলে অগণ্য মৃত্যুকে ছুঁবে-ছুঁবে।

'ডুসেলডর্ফ', পারাপার।

বোমাভাঙা যুগের বেদনায় তিনি ব্যথিত কিন্তু তার প্রকাশে ক্রোধ বা উচ্ছাস নেই;
এক ধরনের সংহত নমনীয়তায় তাঁর স্পষ্ট সর্বত্র বিচরণশিল। 'পারাপার' ও 'পালা-বদলে'র
অধিকাংশ কবিতা তার দৃষ্টান্ত। অমিয় চক্রবর্তী আমেরিকায় দীর্ঘকালের প্রবাসী।
সেখানকার নাগরিকদের গভীর ও জটিল সামাজিকতা তাঁকে বিশ্বিত করেছে; জীবিকাজগন্নাথের হৈ-চৈ, অটোমবিল-ছ্যক্লিয়ার যুগের ক্লন্ধাস ধাবমান জীবন্যাত্রাকে একেবারে
ভিতর থেকে অন্থভব করেছেন তিনি। এই দেশের লোকদের জেনেছেন, ডালোবেসেছেন ধেমন ভালোবেদেছেন অন্তান্ত বছ বিদেশী রাজ্যের অধিবাসীদের, প্রীতিতে
মৃত্ত্ব হেছেন মিলিত হয়ে। 'পারাপার' 'পালাবদল' 'ঘরে-ফেরার দিন' 'হারানো অকিড'কাব্যের অনেক কবিতার তক্জনিত তৃপ্তির প্রকাশ লক্ষণীয়। বিষ্ণু দে-র মতোই
অমির চক্রবর্তী প্রগতির পক্ষে, শান্তির সমর্থনে এবং শোষণের বিক্লকে সর্বদা স্কাগরুক;
হয়তো পুর উচ্চকণ্ঠ সরোষ প্রতিবাদ অন্ত্রপন্থিত, কিন্তু নিচু গলায় হলেও তাঁর কবিতার

প্রতিবাদের স্বর অস্পষ্ট বা অসম্পূর্ণ নয়। আফ্রিকার সাম্প্রতিক ঘটনা তাঁকে চিন্তিত করে, আমেরিকাপ্রবাসী হয়েও ভিয়েতনামে মার্কিন বর্ববতাকে দৃঢ়তার সঙ্গে প্রতিরোধ করা তিনি কর্তব্য মনে করেন। 'ঘরে-ফেরার দিন' কাব্যের 'আফ্রিকা স্বাক্ষর' 'পতু গীজ আলোলা'-ইত্যাদি কবিতার উৎপীডিত মানবিক্তা সম্পর্কে তাঁর বহুভাবনার পরিচয় আছে।

অন্তত্ত্ব, খুব বিরল অবসরে, কবিদৃষ্টি সামাত্ত ঘটনায় যে কী পরিমাণে সঞ্চরণশীল হতে পারে 'পিঁপডে' কবিতাটি তার দৃষ্টান্ত। সামান্ত বিষয়ে অমুভবের গভীক্ষতার সামগ্রিক মাবেদনে, এবং অবশুই সেই সঙ্গে শিল্পচাতুর্যেও, এই ছোট কবিতাটি একটি শ্বরণীয় স্বাতন্ত্র্যের অভিব্যক্তি। এই কবিতার বিস্থাদের মধ্যে কবির মেঞ্চাঞ্চ ধরা পড়ে, পাঠকের অভিজ্ঞতায় এক নিমেষে তাঁর প্রত্যযকে কবি সঞ্চারিত করেন। পক্ষান্তরে অমিয় চক্রবর্তীর কবিতার ব্যক্তিগত উচ্চারণ অনেক সময়ই সার্থক কাব্যস্প্রীর সহায়ক। তাঁর যে-সব কবিতা বহুপঠিত তার প্রায় সবই নিতান্তই অন্তবন্ধ ব্যক্তিগত আশা-আকাজ্ঞার এক একটি নিঝ'র। 'পারাপাব' কাব্যের 'চিরদিন' 'রাষ্ট্র' 'মৃত্যুবাদর' কবিতার কোনো কোনো অংশ উল্লেখ্য। অমিয় চক্রবর্তী প্রেমের কবিতা আদৌ লিখেছেন কি না দলেহ; 'চিবদিন' কবিতার অমুরণন হযতো প্রকৃত প্রেমের পরিমণ্ডলের স্বাপেক্ষা নিকটবর্তী, কিন্তু এ রকম ব্যক্তিগত অমুভব তাঁর অন্তান্ত কবিতার পাওয়া যাবে কি না সন্দেহ। 'হারানো অকিডে'র 'ধুলোর ঘরে' কবিতায একটি নিভৃত অনুভূতির গুল্পন ভাষা পেষেছে বটে কিন্তু প্রেমেব কবিতা হিসেবে তাকে চিহ্নিত কবা অসম্ভব। ছোট ছোট কবিতায অনেক সমষ্ট কবির নিমগ্ন অভিজ্ঞতার ছবি স্থলর ফোটে। 'হারানো অকিড' এবং 'ঘবে-ফেবার দিন' এই ছটি কাব্যগ্রন্থেব কোনো কোনো কবিতা এ দিক থেকে উল্লেখ করা যায়।

এই যুগের শেষের দিকে এমন আবো তৃ-তিনজন কবি সক্রিব হয়ে উঠেছিলেন যাঁদের নামোল্লেখ করা উচিত মনে হয়। হেমচন্দ্র বাগচীও সঞ্জয় ভট্টাচার্য বেশ করেকটি কবিতার স্বাতন্ত্রের পরিচয় দিয়েছিলেন। হেমচন্দ্রেব কবিতার লিরিক গুলারণের সঙ্গে বিষপ্ততার আমেজ মিপ্রিত। সঞ্জয় ভট্টাচার্য ১৯৩০ থেকে ১৯৩৯এর মধ্যে নানা ধরনের ছোটও দীর্ঘ কবিতা লিথেছিলেন, ১৯৪৬-১৯৪৮ সময়সীমার মধ্যে লখা 'প্রাচীন প্রাচী' কাব্যগ্রন্থের দীর্ঘ কবিতাবলীতে তিনি এশিয়া, ভারতবর্ষ এবং বাঙলাদেশের ইতিহাস ও ঐতিহ্নকে স্মরণ করেছেন। এগুলি গল্ভ কবিতা এবং বেশ কছেটা ভারাক্রান্ত। ত্লানায় তাঁর কাব্যজীবনের শেষের দিকে রচিত ছোট ছোট লিরিকগুলো স্থাভীর ভাবে পাঠকচিত্ত স্পর্শ করে। অপর একজন, কবি মণীশ ঘটক, যুবনাশ্ব'-ছন্মনামের আভালে এই সময়েই কয়েকটি উজ্জল গভকবিতা লিখেছিলেন।

9

তিরিশের যুগের প্রতিনিধিস্থানীয় কবিদের সম্পর্কে এই আলোচনা থেকে বোঝা যাবে এই কবিগোষ্ঠী কাব্যবিষয়ে নিজ নিজ ধ্যানধারণা অন্থযারী আধুনিক বাঙলা কবিতাকে বিশ্ব-কাব্যসাহিত্যের সমীপবর্তী করতে পেরেছেন এবং এখানেই তাঁদের কাব্যচর্চার প্রধান সার্থকতা। বাঙলা কবিতার মেজাজ ও চেহারার অনেকটাই রূপান্তর ঘটেছে উত্তরকালে তবু এখনো পর্যন্ত এঁদের কবিতার পরিব্যাপ্ত ঐশ্বর্ষই স্বাত্রে চোখে পড়ে এবং বাঙলা কবিতার ইতিহাসের একটি স্বর্ণযুগকে বার বার মনেকরিয়ে দেয়।

চলিশের কবিতা

প্রণবেন্দু দাশগুপ্ত

চ লি শের ক বিরা ষ খ ন লি খ তে শু ক করে ছি লে ন, ত খন সমন্ত পৃথিবী জুড়ে বিশ্বযুদ্ধ চলছে। কিছু পরেই এ দেশে শুরু হল মন্বন্তর। আরা মনে রাখতে হবে যে ভারতবর্ষ তথনো স্বাধীন হয় নি, এবং এ দেশের যুবসমাজের একটা বড় জংশ তথন স্বাধীনতা-আন্দোলনের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে জড়িত। বলা বাহুল্য, এই সব ঘটনার ছায়া পড়েছিল তৎকালীন বাঙলা কবিতায়, এবং বাঙলাদেশের কবিরা যেন বাধ্যতামূলক ভাবেই সমাজসচেতন হয়ে উঠছিলেন। তিরিশের কবিরা, য়াদের কেউ কেউ পরবর্তী কালে বিশুদ্ধ কবিতার চর্চা করেছেন, তথন পরিপার্শের দাবি থেকে নিজেদের মুক্ত রাখতে পারেন নি। স্বামিয় চক্রবর্তী, বিষ্ণু দে ও জীবনানন্দ দাশের তৎকালীন কবিতা পড়লে এই তথ্য প্রমাণিত হবে। এমন কি বুদ্ধদেব বস্থও তথন লিথছেন 'এবার তবে ঝড়' কবিতা। চল্লিশের যে ছজন প্রধান কবি তিরিশের মুগেও কবিতা প্রকাশিত করেছেন, সেই সমর সেন ও স্থভাষ মুখোপাধ্যায় প্রথমাবধিই সমাজসচেতন কবিতা লিথেছেন। সমর সেনের কবিতায় অবশ্য কথনো কখনো এক ধরনের রোম্যান্টিক বিষাদের স্পর্শ পাওয়া যায়, কিছু তাঁর কবিতার প্রধান চরিত্র-লক্ষণ যে সমাজসচেতন ব্যক্ত প্রেষ সে বিষয়ে কোনো সন্দেহ নেই।

তথন থেকেই চল্লিশের কবিতায় ছটি ধারা খুব স্পষ্ট হয়ে ওঠে: এক, সমাজ-সচেতন রাজনীতিনির্ভর কবিতা; ছই, তারই প্রতিক্রিয়ায় মূলত রোম্যান্টিক কবিতার চর্চা। ভারতবর্ষ স্বাধীন হবার পরেই কোনো কোনো বাঙালি কবি আস্থাকেন্দ্রিক, প্রায়-রোম্যান্টিক কবিতার অন্থূশীলন করেছিলেন। এমন কি যে বীরেন্দ্র চট্টোপাধ্যায় এখন সমাজসচেতন, বামপন্থী কবি বলে চিহ্নিত তিনিও তখন লিখেছেন:

> বিকেলে দিখির জল তুলে নিতে গিয়ে দেখেছি মিলিয়ে তার সাথে কথা বলা তু-দণ্ডের উপচানো সময় তত ঠাঙা কোনো জল নয়।

তত বৃষ্টি কোনোধানে নেই বহে যা ছ-চোধে তার চোধ রাধনেই; কিংবা তার শরীরের আল্গোছে এডটুক্ ছোরা জানার, হৃদয় কেন ধুয়ে বার ভালোবাদলেই— তথন অন্ধ্বারে ভেদে যেতে করি না পরোরা।

এই তো দে এতটুকু মেয়ে, হাদে খেলে…
পৃথিবী বদলে বায় তবু তাকে একটু জডালে।

গুধু তিনি একা নন, নরেশ গুহ তথন লিথছেন 'রুফচ্ডা, এথনো তুমি আছো?'; অফণকুমার সরকার জানাচ্ছেন

> ভালোবাদা, তৃমি স্থদ্র শঙ্খচিল অনেক দ্রের নীলে আন্ধ মনে হয় হয়তো বা নয় ভূল হয়তো বা ডেকেছিলে;

'এবং নীরেক্সনাথ চক্রবর্তী লিখছেন 'নীল নির্জনে'র রোম্যান্টিক কবিতা। এই বিতীয়োক্ত দলে আরো কয়েকজন চল্লিশের কবির নাম করা যায়—যেমন বিশ্ব বন্দ্যোপাধ্যার এবং অরুণ ভট্টাচার্য। এই নব্য-রোম্যান্টিক কবিদের অনেকেই তথন 'বৃন্দ্ব' পত্রিকাকে তাঁদের মুধণত্র করেছিলেন।

রবীন্দ্রনাথে যে-আধুনিকতার হুজ্বপাত, এবং পরবর্তী চার-পাঁচ জন কবির রচনায় পরিক্ষ্ট, সেই প্রায়-সভোজাত আধুনিকতাকে এঁর। নিজেদের কবিতায় কাজে লাগিয়েছেন। হুভাষ ম্থোপাধ্যায়ের সঙ্গে বিশ্ব বন্দ্যোপাধ্যায়ের কাব্যাদর্শের পার্থক্যের কাব্যাদর্শের পার্থক্যের ত্লনায় অকিঞ্চিংকর। চল্লিশ-দশকের অধিকাংশ উল্লেখ্য কবিই—নানান স্বভাবগত স্থরভেদ সন্থেও—এই অর্থে, একটি বভ দলের অন্তর্ভুক্ত। এবং বলা চলে, এঁদের প্রায় একই সঙ্গে হুযোগ ও সমস্থার সন্মুখীন হতে হযেছিলো। হুযোগ এই যে, রবীন্দ্রনাথকে এভিয়ে চলার বা এভানোর ভান করবার অক্ষত্তিকর দায়িত্ব এঁদের অংশত কমে এলো। তার মানে এই নয় যে, রবীন্দ্রপ্রভাব কিছুমাত্র অন্তর্মিত হয়েছিল সে-সময়ে, কিন্তু শত্তবার ও পুরোবর্তী চার-পাঁচ জন কবি সেই প্রভাবকে আত্মন্থ করে ব্যবহার করতে শুক্ষ ও পুরনো বিষয়কে নতুন করে অন্থভব করবার চেন্তা করছেন, রবীন্দ্রলোকের অধিবাসী হয়েও অমিয় চক্রবর্তী আন্ধিকের পরীক্ষায় ও বিষয় নির্বাচনে নতুনত্ব আনহেন, বিষ্ণু দে আনছেন সমাজচেতনাস্থ্র হুর্রিরালিক্ষ্ম্, আর জীবনানন্দ তো প্রায় প্রথম থেকই—অভিনব্ধ। ফলত, বাঙলা কবিতার একটা অংশ রখন মর্মত উত্তররাবীন্তিক

হবার পথে চলেছে, তথন চল্লিশ-দশকের কবিরা কবিতা লিখতে শুরু করলেন। স্বতরাং, রবীন্দ্রনাথের সঙ্গে এবং রবীন্দ্রনাথ ছাড়াও আরো চার-পাঁচজন অন্তুসরণযোগ্য কবিকে সামনে পেলেন এঁরা। অরুণ ভট্টাচার্যের

এখানে মৃত্যুর শাস্তি নেই
যদিও নিশিদিন গভীর ঘুমে—
তবু তো জীবনের ক্লান্তি নেই

'टिएक श्रेट्स', मसूत्राकी।

যে বিষ্ণু দের ('চাই না তুমি বিনা শাস্তিও') ও বুদ্ধদেব বস্থর ('এঁক বসস্তেই শূন্ত তুণ') কোনো কোনো কবিতার অমুরণনে রচিত, তা যে কোনো সন্ধাগ পাঠকেরই কানে ধরা পড়বে, এবং এই বিচ্ছিন্ন, প্রায়-উপেক্ষণীয় উদাহরণ সামনে ধরে এটুকুই ভধু वनवात रहें। कत्रहि रय अकना हिल्ला-नमरकत रकारना रकारना कवि ठिक अंडे छारव অগ্রন্তের কবিতার, অস্তত পংক্তিবিশেষের, প্রতিধানি করেছেন। সর্বদা করেন নি বা নিরবচ্ছিন্ন ভাবে করেন নি, পূর্বোক্ত কবি একাদিক স্বকীয় কবিতা লিখেছেন এবং কোনো কোনো কবি, যেমন বীরেন্দ্র চট্টোপাধ্যায়, যাঁর কিছু কবিতার প্রেরণা একাধারে জীবনানন্দ ও বিষ্ণু দে, তাঁর সম্পূর্ণ কাব্যক্ততির প্রেক্ষিতে এই প্রভাবকে প্রক্ষিপ্ত মনে হতে পারে। কিন্তু চল্লিশে থারা প্রেরণাস্থল ছিলেন, সেই বিষ্ণু দে, জীবনানন্দ, অমিয় চক্রবর্তী, বৃদ্ধদেব বস্থ, আঞ্চকের কবিদের কাছে তাঁরাই (বিশেষত জীবনানন্দ) প্রেরণার উৎস। সেই স্থান চল্লিশের কোনো কবি অধিকার করে নিতে পারেন নি। স্কুতরাং যাকে স্থযোগ বলছিলাম, তাকেও শেষাবধি আর স্থযোগ বলা চলবে না। রবীক্সপ্রভাবের সঙ্গে প্রথম যুঝবার যে ক্তিত জীবনানন্দ-বিষ্ণু দে-প্রমুখ কবিদের দেয়া চলে. স্বভাবতই দেই ক্বতিত্ব থেকে চল্লিশ-দশকের কবিরা বঞ্চিত হলেন। তত্বপরি, কবিতার চলনবলনের যে আধুনিকতা পূর্বস্থরি কয়েকজন কবি আনতে পারলেন, কিছু পরেই দেই নতুনত্ব চেনা-জানা বস্তুর মতো স্বাভাবিক মনে হল। আগের চার-পাঁচজন কবির কাছে যা ছিল খোপার্জিত, যন্ত্রণাদগ্ধ অভিজ্ঞতা, পরবর্তীদের হাতে তার ভূমিকা হল হাত-ফেরত সামগ্রীর মতো। তু-একজন ছাড়া, এঁদের অধিকাংশকেই 'আধুনিকতার' কোনো অগ্নিপরীকা দিতে হল না বলে চল্লিশ-দশকের কবিদের বৈশিষ্ট্যের দাবি—অস্তত সামগ্রিক ভাবে—আপেক্ষিক। পক্ষান্তরে, নতুন ভাবে কবিতা लिथवाद अकृष्टी सांचामूं विकास कामा राय (गर्म वर्ष कविद मरशा वाफ्रा), व्यवश्यात्र ज्यंन त्थरकरे वाडमारम्यः कवित्र मध्या क्रमविवर्धमान ।

২

চল্লিশ-দশকের কবিদের আধুনিকভার কোনো অগ্নিপরীক্ষা দিতে হয় নি। আরো একটি উল্লেখযোগ্য বিষয় সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করেছেন ১৩৫ ৭-সালে প্রকাশিত 'সমকালীন বাংলা কবিভা'র প্রকাশক স্কর্ষণ রুদ্র:

রবীন্দ্রপরবর্তী যুগে যে বিভিন্ন পরীক্ষানিরীক্ষা এবং নব নব পথ উদ্ঘাটনের তাগিদে কবিগণ সচেষ্ট ছিলেন সে-যুগ কেটে গিয়ে এখন এক প্রশাস্তি এসেছে—কবি-মনে এবং কাব্যধারায়…এবং, সাহসের সঙ্গেই বলা যেতে পারে, এঁদের আছুগত্য কবিমানসের অন্তর্মুখীনতার দিকে যতটা, ততটা বর্তমান সমাক্ষব্যবস্থার প্রকৃতিনির্ণয়ে নয়। কবিতার আবেদনে এঁরা চিরস্তন, জ্পীবনের গভীরতাবোধে এঁরা স্থিতপ্রাক্ত।

এই সংকলনের অন্তর্ভুক্ত কবিরা হলেন—অরুণ ভট্টাচার্য, অরুণকুমার সরকার, অশোকবিজ্বর রাহা, গোবিন্দ চক্রবর্তী, গৌরকিশোর ঘোষ, চিন্ত ঘোষ, জগন্ধাও চক্রবর্তী, নরেন্দ্রনাথ মিজ্র, নরেশ গুহ, নীরেন্দ্রনাথ চক্রবর্তী, বিশ্ব বন্দ্যোপাধ্যার, বীরেন্দ্র চট্টোপাধ্যার, মঙ্গলাচরণ চট্টোপাধ্যার, শিলাদিত্য সেন, স্থকান্ত ভট্টাচার্য ও হরপ্রসাদ মিজ। এঁদের মধ্যে অশোকবিজ্বর রাহা গোবিন্দ চক্রবর্তী ও বিশ্ব বন্দ্যোপাধ্যারের লেখা এখন আর বিশেষ চোথে পড়ে না, শিলাদিত্য সেনের নাম পাঠকসমান্দ্রে একেবারেই অপরিচিত, নরেন্দ্রনাথ মিজ্র কথাসাহিত্যিক হিসেবেই এখন পরিচিত, গৌরকিশোর ঘোষ উপন্থান ও সাংবাদিকতার মনোনিবেশ করেছেন। স্থকান্ত ভট্টাচার্য কিন্তু প্রথমাবধিই বামপন্থী, এবং 'সমাজব্যবস্থার প্রকৃতিনির্ণয়ে' উৎসাহী। স্থতরাং স্থক্দ রুদ্দের মস্কর্বা তাঁর কবিতা বিষয়ে প্রযোজ্য নয়। মঙ্গলাচরণ চট্টোপাধ্যার, বীরেন্দ্র চট্টোপাধ্যার এবং চিন্ত ঘোষ এখন সমাজদচেতন, বামপন্থী কবি হিসেবেই চিন্থিত।

•

চল্লিশ-দশকের সবচেবে উল্লেখযোগ্য কবি হলেন ছজন: শুজাব মুখোপাধ্যায় ও নীরেন্দ্রনাথ চক্রবর্তী। সমর সেনের কথাও আমার মনে আছে, কিন্তু তাঁর কবিতা এখন প্রায় বিচ্ছিন্ন খীপের মতো পড়ে আছে, যার সঙ্গে বাঙলা কবিতার সচল অংশের বোগাযোগ খুব স্পষ্ট নয়।

মূখের ছিপছিপে, দক কথাকে প্রায় বেতের মতো ব্যবহার করতে পারেন স্থভাব মূখোপাধ্যার, এবং তাঁর উচ্ছল, বর্ণিত, শব্দের শাণিত ব্যবহার বাঙলা কবিভার কোনো কোনো কোনো কোনো করতার হয়েছে। সভ্য একটি তুলনা দেয়া চলে: তাঁর কবিভার

শক্ষ ছিণ্-নোকোর মতো কবিতাটিকে নিরে দোড় দিতে পারে, কোথাও গুরুজার হরে পথ জুডে থাকে না। ইমেজিইদের জ্বন্তে বেখা পাউণ্ডের সেই বিখ্যাত কতোরার এই গুণটির উল্লেখ ও সমর্থন আছে, এবং স্থভাব মুখোপাধ্যায়ের সমগ্র রচনাকর্মে এই গুণটির বির্তন লক্ষণীয়। স্থভাব মুখোপাধ্যায়ের কবিতার এই বিশেষ গুণটি নির্দেশ কর্লুম এ জ্বন্তে বে হালের বাঙলা কবিতার, অক্সান্ত উল্লেখযোগ্য উন্নতি সন্থেও, এই বস্তুটির জ্বভাব চোথে পডে। শক্ষের প্রতি মোহ বে কোনো কবিরই নাডির তুর্বলতা, কিন্তু সেই তুর্বলতা যদি কবিতার সমগ্র শক্ষমান্তির প্রতি সমানভাবে বর্ষিত না হয়ে একাধিক একক শক্ষের ওপর ঘটে থাকে, তা হলে কবিতাটির মূল অভিঘাত বিন্নির্ত হতে বাধ্য। চলতি, মৌধিক সহজবোধ্য শক্ষব্যবহারের স্থবিধে এই যে কবি এই আপাত-নিজ্ঞাপ শক্ষপেক্ত থেকে যে কোনো অর্থ জালিয়ে নিতে পারেন, এবং প্রতিটি শক্ষের স্বতন্ত্র অন্তব্দ কবিতাটির সম্পূর্ণ অন্তব্দের সম্পূরক হয়ে ওঠে। নইলে এক একটি বিচ্ছিন্ন শক্ষ যতই রূপময়, অন্তব্দাতুর হোক না কেন, শক্ষবিশেষেব পক্ষে যা গৌরব মনে হতে পারে পুরো কবিতাটিব পক্ষে তাকেই সৌন্দর্যনাশী মনে হবে।

স্থভাষ মুখোপাধ্যায়ের কবিতার আরো একটি গুণ হল তাঁর মানবিকতা বা মানবিক সমবেদনা। তিনি সমাজে বিচ্ছিন্ন হয়ে থাকতে চান না—তিনি চান মাস্থবের সলে, জনতার সলে সংযুক্ত হয়ে থাকতে। 'আমাব কাজ' কবিতায় তাঁর সমগ্র জীবনদর্শন প্রতিফলিত হয়েছে মনে হয়:

আমাকে কেউ কবি বল্ক আমি চাই না। কাঁধে কাঁধ লাগিয়ে জীবনের শেষ দিন পর্যন্ত যেন আমি হেঁটে যাই।

আমি যেন আমার কলমটা
ট্র্যাক্টরের পাশে
নামিয়ে রেখে বলতে পারি—
এই আমার ছুটি
ভাই, আমাকে একটু আগুন দাও।

কিন্তু জনগণকল্যাণের কথা লিখলেও, স্থভাষ মুখোপাধ্যায়েব কবিতা আমাদের গভীরতম অমুভৃতিকে স্পর্ণ করে না। জন্ম-জীবন-মুত্যুর যে জটিল রহস্ত আমাদের অভিছে

১. 'काल मधुमान'।

আন্তীর্ণ হ'বে আছে, তার বিশেষ কোনো চিহ্ন নেই তাঁর কবিতায়। তিনি অত্যন্ত নিপুণ কবি, কিন্তু তাঁর দৃষ্টি অনেকটাই ওপর-ওপর বলে মনে হয়।

'নীল নির্জনে'র নীরেন্দ্রনাথ ছিলেন মৃত্যত রোম্যান্টিক কবি, কিন্তু নিত্যবিবর্তনশীল তাঁর কবিতা আন্তে আন্তে বিস্তৃততর জীবনের পরিমণ্ডলকে স্পর্শ করেছে। চল্লিশ-দশকের লেথকদের মধ্যে তিনিই একমাত্র কবি, যার কবিতা কথনো এক জায়গায় থেমে থাকে নি—ধাপে ধাপে সি ডিতে উঠে গেছে। তিনি যা বলতে চান তা খুব স্পাইভাবে বলতে পারেন, এবং তাঁর কণ্ঠস্বরে কোথাও বিধা বা জডিমার অবকাশ নেই। সাংবাদিকতাকে তিনি অত্যন্ত সপ্রতিভ ভাবে স্থদে খাটাতে পারেন তাঁর কবিতায়, এবং ছন্দেই লিখুন বা গছেই লিখুন, তাঁর কবিতায় ফর্ম কথনো নডবডে বা শিথিল বলে মনে হয় না। 'নক্ষত্র জ্বয়ের জন্ত্র' কবিতায় তিনি লিখেছেন:

ছণ করে নক্ষত্রলোকে উঠে বেতে চাই।
কিন্তু তার জন্ম, মহাশন্ন,
স্প্রিং-লাগানো দারুণ মজবুত একটা শব্দের দরকার।
সেইটের ওপরে গিয়ে উঠতে হবে।

আমি বলতে চাই যে এই 'নক্ষজ্ঞা' 'দাফণ মজবুত' শব্দ তাঁর সম্পূর্ণ করায়ন্ত। কোনো কোনো কবিতায় তিনি প্রথম স্থবকে ব। প্রথম দিকে যে পংক্তিগুলো রচনা করেন, শেষার্থে আবার তাদের পুনক্ষক্তি করেন এক ধরনের 'জোর'ও ব্যঞ্জনীর জন্তা। তাঁর এই বীতি অনেক তক্ষণ কবিকে প্রভাবিত করেছে বলে মনে হয়।

এর পরেই আমি উল্লেখ করতে চাই বীরেন্দ্র চট্টোপাধ্যায়, মণীক্র রায়, এবং অরুণকুমার সরকারের কবিতা। আমি আগেই উল্লেখ করেছি য়ে, বীরেন্দ্র চট্টোপাধ্যায় প্রথম দিকে বিশুদ্ধ প্রেমের কবিতাও রচনা করেছেন—কিন্তু আন্তে আন্তে তাঁর কবিতানিঞ্চের পথ খুঁজে পেয়েছে, এবং এখন তাঁকে সমাজসচেতন, বামপন্থী কবি বললে বোবছয় ভূল হবে না। অন্তিথের য়য়ণা, পরিপার্থের সঙ্গে সংগ্রামের য়য়ণা, ছঃমী এবং অত্যাচারিতের জন্মে সহায়ভূতি, এবং খনেশী ঐতিহায়ের সলে নাডির যোগ—এই কবেকটি বিয়য়ুসুত্র বার বার ঘুরে এসেছে তাঁর কবিতায়। তিনি অত্যন্ত আন্তরিক ভাবে কবিতা লেখেন, তাঁর কবিতার কোনো অংশই বানানো বা ক্লুত্রিম বলে মনে হয় না, এবং তিনি যখন কোনো বিষয়ে প্রতিবাদ করেন, তখন তাকে নির্ম্বেক চিংকার বলে অম হয় না। শুধু নাই নয়, প্রধানত চডা স্বরে কবিতা লিখতে লিখতেও তিনি মাঝে অত্যন্ত কোমলভাবে আমাদের অন্তভ্তিকে স্পর্শ করেন। যেমন:

ম্পর্শ করলে পুনর্জন্ম হতে পারে কিন্তু মাঝখানে বাতাদের শৃক্ততা, চোধের জন বারে যেন শীতের হলুদ পাতা॥

'বন্ধুর হাত'।

কিংবা 'বেছলা' কবিভাটি :

বলে ভাসছে ওফেলিয়া বলে ভাসছে লাখন্দর;

গান্ধন বেন ডাকাতদের বিলে:

ৰূপে ভাসছে ওফেলিয়া

ৰলে ভাসছে অবাক লখিন্দর;

কন্তা ! তুমি কোথায় গিয়েছিলে ?

মণীক্স বায়ও একজন বামপন্থী কবি হিসেবে চিহ্নিত, কিছ তাঁর অনেক কবিতার বিষয়বন্ধ বিশুদ্ধ প্রেম এবং প্রেমের অন্তভ্তি। 'অন্ত মনে' পত্রিকার প্রথম সংখ্যার তিনি একটি ইন্টারভিউ-তে জানিয়েছিলেন যে তাঁর কাছে কবিতার 'কনটেন্ট' 'ফর্মে'র চেয়ে অনেক বেশি মৃল্যবান। কবিতার ফর্ম ও কনটেন্ট-কে আলাদা করে নিম্নে বিচার করা যায় কি না আমি জানি না, তা হলেও মণীক্স রায়ের এই মন্তব্যে তাঁর কবিজ্ঞাবের একটি বিশেষ দিক আমাদের চোথে পডে। তিনি নিঃসন্দেহে বিষয়ম্বী এবং বিষয়ায়েষী কবি—তাঁর অধিকাংশ কবিতাতেই কোনো না কোনো স্পর্শগ্রাহ্য বিষয়ের সন্ধান পাওয়া যায়। জনতার সঙ্গে সংমুক্ত হওয়া তাঁরও কাম্য, তবে এই বিয়য় নিয়ে লিখতে গিয়ে তিনি কখনো ফতোয়া রচনা করেন নি—কবিতার শর্ড সর্বাগ্রে মেনে নিয়েছেন। জনজীবনের সঙ্গে সন্মিলিত হবার কামনা খ্ব স্থল্মরভাবে প্রকাশিত হরেছে তাঁর 'মোহিনী আডাল' কাব্যগ্রন্থের আট-নম্বর অণুছেদে:

নামি
মেলায় তা হলে।
হাওয়া
মাহুষের।
কাঠের পুতুল, চুডি, পুঁতির মালায়
মাহুষের খুলি।
ধুলো;
অকারণ হালি;
গারে গা লাগিরে ঘোরাফেরা;
ধেন মানের গাঁডার

ৰাছবেৰ তেউবে তেউবে ! এমন বিশ্বর যেন আবিফার

নিজেরই বুঝি বা: এও আমি!

আর্শকুমার সরকার সম্পূর্ণ স্বতন্ত্র স্বাদের কবি। 'অন্ত মনে'র যে সংখ্যাটির কথা আমি কিছু আগেই উল্লেখ করেছি, সেই সংখ্যাতেই অরুণকুমার সরকার জানিয়েছিলেন যে তাঁর কাছে কবিতার 'কর্ম', 'কনটেন্টে'র চেয়ে অনেক বেশি মৃল্যবান। তিনি যাই লিপুন না কেন, তাকে স্থন্দর, আঁটো ফর্মে প্রকাশ করতে জানেন। শুধু তাই নয়, তাঁর কবিতার এমন এক ধরনের স্বচ্ছন্দ সাবলীলতা ও প্রসাদগুণ বর্তমান থাকে যে তাঁর প্রতিটি কবিতাই এ জন্তে স্থপাঠ্য মনে হয়। একই কারণে, তাঁর কবিতার স্বরণযোগ্যতা খুব বেশি—জনেক কবিতাপাঠকের মুখে মুখে তাঁর কবিতার পংক্তি ঘুরে বৈডায়। প্রেম ও প্রেমের অস্থ্যক তাঁর অনেক কবিতার বিষয়বস্তা। যেমন 'কোনো মেয়েকে' কবিতাটি:

ভোমাকে কি দেব উপহার
শ্বিভিট্কু সকালবেলার ?
তাই নিরে তুমি খুশি হবে ?
হবে না ? কী আর করি তবে !
বিকেলে কেমন করে, বলো,
এনে দিই রোদ ঝলোমলো ?
তার চেরে আমাকেই নাও
থরথর ঢু'হাত বাডাও
নিরে বাও ভোমার সকালে,
কামরাঙা ভালিমের ভালে॥

কিছ পরিপার্ধ সম্পর্কেও তিনি সমান সচেতন। এই প্রসঙ্গে 'চলো যাই' কবিতার একটি অংশ উল্লেখ করচি:

চোথ আছে, দৃশুবস্থ আছে
কিন্ধ যেন আলোর অভাবে
সব কিছু তালগোল-পাকানো হাতডানো
কিংবা ওঁডোগুঁড়ো
উড়োঞাহাজের ট্রামের বাসের খাছ।

অনেকের কাছে ওনেছি যে তিনি বডটা মিপুল কবি ডডটা গভীয় নন, এবং জাঁর

বিষয়-পরিসর অত্যন্ত সীমাবদ্ধ। এই অভিযোগ, সম্ভবত, ঠিক নয়। তিনি বে-অভিক্রতাকে তাঁর অমুভূতির অন্তর্গত করতে পেরেছেন, তাকেই প্রকাশ করেছেন তাঁর কবিতার, এবং সেই প্রকাশে তাঁর কোনো ক্রাট ঘটে নি। যে অভিজ্ঞতামপ্রশ তাঁর কাছে বিদেশী, সে-বিষয়ে তাঁর তেমন কোনো উৎসাহ নেই:

অবচেতনার বৃক্ষে অনেক পূপা
আমি ঘূরে মরি বাইরে
নিজেকে এডাই পালিরে বেডাই
কেন বিপরীত প্রান্তে
দক্ষিণ দিকে যথন ক্ষান্তি নেমেছে ?

নরেশ গুহ দীর্ঘদিন কবিতা লেখেন না, কিন্তু তাঁর কাব্যগ্রন্থ 'ত্রন্ত তুপুরে'র প্রায়-প্রতিটি কবিতাই অ্থপাঠ্য। রোম্যান্টিকতা, স্বচ্ছন্দ ভাষা এবং বর্ণনার পারিপাট্য— তাঁর কবিতার প্রধান তিনটি গুণ, এবং যে শ্বরণযোগ্যতার কথা অরুণকুমার সরকারের কবিতার প্রসন্দে উল্লেখ করেছিল্ম সেই গুণটি তাঁর কবিতা সম্পর্কেও প্রযোজ্য। 'রুমির ইছা', 'শান্তিনিকেতনে ছুটি' প্রভৃতি কবিতাগুলি এখনো কবিতাপাঠকের মুখে মুখে খোরে। সম্প্রতি তাঁর আরেকটি কাব্যগ্রন্থ প্রকাশিত হয়েছে: 'তাতার সমুদ্র ঘেরা'।

চল্লিশের আরেকজন অন্ততম প্রধান কাব্যকার ব্যেক্সক্মার আচার্যচৌধুরী এখনো বছলাংশে অবহেলিত। 'আধুনিক বাংলা কবিতা' সংকলনে তাঁর কবিতা নিয়ে বৃদ্ধদেব বহু রমেক্রক্মারকে স্বীকৃতি দিষেছিলেন—তাও প্রায় অনেক দিন হয়ে গেল। কিছ কবিতাপ্রচারের যে অপ্পাল ঢকানিনাদের ফলে এখন কবিদের ভাগ্য নিয়য়িত হয়, সেই ঢাকের গর্জন থেকে শ্রী আচার্যচৌধুরী সর্বদাই দ্রে ছিলেন, বা—একটু স্বুরিয়ে বলা চলে—তাঁকে দ্রে রাখা হয়েছিল। তাঁর খ্যাতি আবদ্ধ আছে ছোট ছোট রুজের ভেতরে, বন্ধুবাদ্ধবের মহলে। কিছ তাঁব কবিতা পডলেই বোঝা যায় যে কী অসাম মেধা, ইক্রিয়গ্রাছ কণদক্ষতা, এবং তীক্ষ দৃষ্টির অধিকারী তিনি! তাঁর প্রতিটি কবিতাই রসোত্তীর্ণ (এ-পর্যন্ত তাঁর কোনো অপাঠ্য কবিতা আমার চোথে পডে নি), আমি শুধু তাঁর কবিত্বের প্রতিনিধিত্বমূলক একটি কবিতার প্রথমাংশ উদ্ধার করছে:

কত ছায়া এ-দেয়ালে, ছায়া পড়ে বৃকে
নক্ষত্রের, টিকটিকির, কুস্থমিত মালতীলতার ,
শুধু এক ছায়া আর কোনোদিন পড়ে না দেয়ালে,
কে আকাশ ? কে বাভান ? পৃথিবী চক্কর দেয় দিলির বেতার ।
গন্ধ দাও, পরিবর্তমান মেঘ, শান্ত বটগাছ,
পেরালা-পিরিচ গুগো, অমলেটে কিছু অলৌকিক !

ষাতে কিরে বেতে পারি পিপুলের গভীর কোটরে, বুঝে নিতে আর্থ তুই সম্মিলিত পাধির প্রতীক। অথবা সবুজ এই নিসর্গের গ্রিলের নক্ষায় নির্জন আ্থাকে করি ফুল ফল গুপ্ত প্রক্রিয়ার।

'ভারতীয় স্থান্ত', আরশি-নগর।

রমেন্দ্রক্মারের একমাত্র কাব্যগ্রন্থ 'আরশি-নগর' (১৯৬১) এখন আর পাওয়া যায় না। তবে, সম্প্রতি 'পরমা'-গোটা 'তিনজন কবি'-সিরিজে তাঁকে অন্তর্গত করে আমাদের কৃতক্ষতাভাজন হরেছেন।

চল্লিশ-দশকের যে ছজন কবি প্রধানত গভারীতিতে কাব্যচর্চা করেন, তাঁরা হলেন আঁকণ মিত্রে ও লোকনাথ ভট্টাচার্য। অরুণ মিত্রের চিত্রোচ্ছল কবিতার প্রেরণা অংশত বিদেশী হলেও, এই মূহুর্ভের বাঙলা কবিতার তার প্রভাব কম নয়। তাঁর কবিতা কমশই তাৎপর্যময় হয়ে উঠছে, হয়ে উঠছে মানবিক ও জীবনঘনিষ্ঠ। লোকনাথ ভট্টাচার্য নিরস্তর পরীক্ষানিরীক্ষা করছেন তাঁর কবিতার, এবং যে গভা-ফর্মণটিকে তিনি পেয়েছেন তা স্বাংশেই ইর্ষণীয়। সমাজচেতনা ও স্কর্রিয়ালিজ্ম, এই ত্ই মেক্লর মধ্যে টানা-পোডেন করে তাঁর কবিতার নক্শা—এবং এই নক্শার স্থলর কারুকাক্র আমাদেব চোখে না পডে পারে না।

দিনেশ দাসও, এক হিসেবে, সমাজসচেতন কবি—কিন্তু তিনি তাঁর বক্তব্য প্রকাশ করেন নিপুঁত চিত্রকল্লের সাহায্যে, এবং সেই জন্তেই অন্তত আমার কাছে তাঁর কবিতা চিরদিন আকর্ষণীয় মনে হয়েছে। এই সমাজচেতনা বিমলচন্দ্র ঘোষের কবিতায় অনেক বেশি প্রবল্প ও উচ্চকিত—কিন্তু এই উচ্চু স্থর তাঁর কবিতাকে সর্বদা ক্ষতিগ্রন্থ করে নি। এঁদেরই প্রায় সমসাময়িক স্থশীল রায় অনেক কাহিনীকাব্য রচনা করে সাম্প্রতিক বাঙলা কবিতার একটি নতুন দরজা খুলে দিয়েছেন। এখনো তিনি নিরন্তর কাব্যচর্চারত, স্থতরাং তাঁর কাছ থেকে আরো নতুন কিছু আমরা আশা করতে পারি। গোপাল ভৌমিকের কবিতার একটা নিজস্ব কর্ম আছে; শুধু তাই নর, তিনি চিন্নিশ-দশকের সেই মৃষ্টিমের কবিদের একজন যিনি কবিতায় মননশীলতার চর্চা করেছেন। অশোকবিজ্ঞর রাহার কবিতা অনেক দিন আমার চোখে পড়ে নি—কিন্তু একদা তিনি যে কবিতা দিখেছেন, তার ভিত্তিতেই তিনি বাঙলা কবিতায় টিকে যাবেন বলে মনে হয়। তাঁর 'তারা-চাবের স্বপ্ন' একটি অবিশ্বরণীয় কবিতা। একই কথা স্থনীলচন্দ্র সরকারের কবিতা শক্তর্বেও বলা যায়। তাঁর 'মিলিতা' কাব্যগ্রন্থের অধিকাংশ কবিতাই আকর্ষণীয়।

কামাক্ষীপ্রসাদ চট্টোপাধ্যার এবং জগ্নাখ চক্রবর্তী—বিশেষত শেষোক্তজন—অজ্ঞ কবিতা লিখেছেন, এবং জগন্নাথ চক্রবর্তীর গ্রন্থের সংখ্যাও জনেক। স্মার্ট নাগরিকতার

সলে পরিপার্যচেতনা দদ্দিলিত হয়েছে এঁদের কবিতার, বদিও এই ছজনেরই সম্প্রতিক্রিটিত কবিতার তুলনার তাঁদের আগের কবিতা আমাকে বেশি আকর্ষণ করে। জগরাধ চক্রবর্তীর 'পার্কস্ট্রীটের স্ট্যাচু' কবিতাটি নিঃসন্দেহে একটি উল্লেখযোগ্য রচনা।

কবিতার অন্ধ থেকে চিন্তাবস্তুকে আলাদা করে নিয়ে দে বিষয়ে আলোচনা করতে যাবার বাধা আছে। তবু আমরা দাধারণ অর্থে যাকে দার্শনিক-চেতনা বলি, অর্থাৎ জীবনে মাহুষের অন্তিত্ব ও ভূমিকা বিষয়ে প্রশাতুরতা, চল্লিশ-দশকের কবিদের মধ্যে গোবিন্দ চক্রবর্তী, বীরেন্দ্র বন্দ্যোপাধ্যায়, গোবিন্দ মুখোপাধ্যায়, কির্ন্নশঙ্কর দেনগুণ্ডা, দিলীপ রায়, চিত্ত ঘোষ, হরপ্রসাদ মিজ্র, কৃষ্ণ ধর, অরুণ ভট্টাচার্য, রাম বস্থ ও সিজেশর সেনের কবিতায় তার প্রকাশ। এঁদের মধ্যে কিরণশন্ধর সেনগুণ্ডকে একজন বিশেষ উল্লেখযোগ্য কবি বলে আমি মনে করি।

হরপ্রসাদ মিত্রের 'সোনার দেদীপ্যমান পৃথিবীর বিশাদ বাজারে / দিন যার, রাজি হয়—রাত বাডে—আমি দেই রাতে / একটি গভীর কী যে খুঁজে খুঁজে চলি এক মনে' ('কানামাছি—আন্তর্জাতিক') ও গোবিন্দ চক্রবর্তীর 'সেই আগুনের তাতেই নাকি / স্থাষ্ট পুডে থাক— / এরি মধ্যে আছে তবু / কোথাও কি মোচাক / টুপ্টুপ্ ঝরছে মধু / তারা থেকে ত্লে— / হঠাৎ এসে কয়েকজন তার / থানিক নের চিনে / ধোঁরা কিংবা বিগুণ ধাঁধার লাগাব দারুল তাক্—' ('নাগরদোলা'), পংক্তি হিসেবে সর্বোৎক্ত না হলেও আমার বক্তব্য প্রতিষ্ঠিত করে। এই স্ত্ত্তে দিলীপ রায়ের কবিতা থেকে কয়েকটি গংক্তি উদ্ধার করছি:

সব তো বাস্তব, কত গ্রানাইট দিয়ে গড়া পাহাড থেজুরের গাছ কত, ঋজু দেবদাফ, লম্বা লম্বা তালগাছ কত সারি সারি…

কিংবা গগনচুষী প্রাসাদে, বিত্যৎ-লিফ ্ট নিঃশব্দে ভ্রমণ করে, কত নরনারী কাতারে কাতারে— এ সব, যদি হৃদয় না থাকতো, তা হলে থাকতো ? বলো ? 'যদি হৃদয় না থাকতো'।

চিল্লিশ-দশকের তরুপতম কবি রাম বস্থ ও সিদ্ধেরর সেন সমাঞ্চসচেতন কবি হিসেবে পরিচিত। কিন্তু এঁবা ফুলনেই এক ধরনের দার্শনিকতাকে তাঁদের সমালচেতনার সঙ্গে সন্মিলিত করতে পেরেছেন, এবং হয়তো এই কারণেই এঁরা ছলনেই খুব শক্তিশালী। রাম বস্তুর কবিভার দৃঢ়নিবন্ধ চিত্রকল্পের ব্যবহারও খুব আকর্ষীর, বেমন আকর্ষীর সিম্বেশর সেনের কবিতার সমাজতেতনার ফাঁকে ফাঁকে এক ধরনের গৈরিক উদাসীনতা। সম্ভোবকুমার ঘোষ যদিও ঈরৎ পরবর্তী কালে কবিতা লিখতে শুরু করেছেন, তব্ তাঁকে চল্লিশের কবিদের মধ্যেই অন্তর্ভুক্ত করতে চাই।

প্রত্যক্ষ ভাবে মৃলসমস্থাস্পর্শী কবিতারচনার রীতি চল্লিশ-দশকের মধ্যেই বোধহর দীমাবদ্ধ রইল। কাম্য তাঁর 'রেবেল' প্রবদ্ধে নির্দেশ দিরেছেন যে, প্রাচীন দাহিত্যের সমস্থাকেন্দ্র যেমন নৈতিক, আধুনিক সাহিত্যের আধ্যাত্মিক। মোটাম্টি ভাবে এই উক্তিটি সত্য মনে হয়, এবং সাম্প্রতিক বাঙলা কবিতার একটা প্রধান অংশ এই ছম্বে আরক্ত হয়ে উঠেছে মনে হয়। কিন্ত হালের কবিতার আধ্যাত্মিকতা যেন নানা ধরনের প্রত্যক্ষত শারীরিক অভিজ্ঞতাকে ছেঁকে, কথনো প্রতীক্ষের সাহায্যে, কথনো বা অস্ত ভাবে, এক ত্ঃসাধ্য পরিশ্রমী প্রচেষ্টা। সেথানে চল্লিশ-দশকের কবিতার সঙ্গে প্রায় মোলিক পার্থক্যের স্ত্রেপাত ঘটেছে।

চল্লিশ দশকে তুজন উল্লেখযোগ্য মহিলা কবি আছেন: বাণী রায়ও রাজলন্দ্রী দেবী। বাণী রায়ও বছলাংশে অবহেলিত কবি—কিন্তু তাঁর কবিতায় মনীয়াও অফুভৃতির যে ফুলর সমন্বয় চোথে পড়ে তা সর্বত্র আদরণীয় হবার কথা ছিল। রাজলন্দ্রী দেবীর কবিতা পড়লে মনে হয় যেন তিনি তেলরং দিয়ে ছবি আঁকছেন—এত গাঢ়, আয়তনবান, পুষ্ট তাঁর চিত্রকল্প। তিনি কয়েকটি প্রথম শ্রেণীর প্রেমের কবিতা লিথেছেন, এ কথাও এখানে শ্রনীয়।

এই সংক্ষিপ্ত নিবদ্ধে থাদের নাম এখনো উল্লেখ করি নি, দেই প্রমোদ মুখোপাধ্যায়, অঞ্চলাচল বস্থ, পরমানন্দ সরস্থতী, শুদ্ধসন্থ বস্থ, সতীক্ষ্র মৈত্র, জ্যোতিরিক্রনাথ মৈত্র, গোলাম কৃদ্ধুস, বিরাম মুখোপাধ্যায়, রামেক্র দেশমুখ্য, বটকৃষ্ণ দাস, অর্চন দাশগুপ্ত, অসীম রায়, মুগান্ধ রায়—এঁরাও নিজের নিজের ক্ষমতার চল্লিশের কবিতার ধারাকে পরিপুষ্ট করেছেন। স্থকান্ত ভট্টাচার্য চল্লিশের কবি। স্বল্লকালের মধ্যেও তিনি যে ক্ষমতার পরিচয় দিরেছিলেন, তা আমাদের এখন সম্ভাকচিত্তে শ্বরণ করা উচিত। তাঁর কবিতায় সমাজ-চেতনার সলে মানবিক সংবেদনশীলতা সন্মিলিত হয়েছিল বলে, এখনো তিনি সবশ্রেণীর পাঠকের কাছে জনপ্রিয় কবি।

外衛門

प्रवीव्यमाम वत्न्याभाशाश

পঞ্চা শ - দ শ কে র প্রথম কা ব্য গ্র ছ আ লো ক স র কারের 'উতল নির্জন' (মে ১৯৫০)। চল্লিশের কবিতার পালে চোথে পড়ে তার একলার পৃথিবী: 'নিঃসল্ ছুপুরে / বাগানে ধুসরবর্গ ধুলো ওড়ে, শব্দ করে পাতা বলে ওঠে', সে যেন মনেব কথা পাতাদের—ফুটে উঠছে নির্জন আবেগে, 'মধ্যাহে নির্ম ছিঁডে শালিক বা দোরেলের শিস'—প্রার অটোরা জগং যার পংক্তিতে পংক্তিতে 'নির্জন' 'নিঃসল' আর 'একাকী' এই তিন শব্দ-মর্মর, প্রকৃতির সেই 'ঘরকবনার ভেতরে' বসে সবটুকু ভালোবাসা আর ভালোলাগা নিয়ে মাটির পুতুল গড়ছে কিশোর বালক, কবি লিখলেন, 'পড়স্ত বেলার রোদে / একাকী শালিক এক / দৃষ্টির বিশ্বয় নিয়ে দিগন্তের সোনারঙ দেখে'। পঞ্চাশের দিক্রেখার ওই সোনাটুকু কুড়োতে যেতে দেখি স্বাইকে, নির্বিশেষে, তাঁদের চোথে 'দৃষ্টির বিশ্বয়':

ছারা-তবতর ত্পুরসিঁডির শেষ ধাপে নেমে আচমকা কোনো সেগুনবনের কাঠবেডালীব মুখের মতন থমথমে রোদ

অলঙ্কার আছে আনন্দ বাগচীর এই বিশ্ময়বিবরণে, দেও তা হলে আরেক লক্ষণ। যেমন এই স্বভাবোক্তি

বাতাস বইছে ঘূরে ঘূরে, নিবালা, স্থরেলা মনে

'যদি': স্কুমার রায়।

এই সমাসোক্তি

আকাশে হেলান দিয়ে চোথ চেয়ে বদে থাকা ব্যথিত বিকাল

'श्वा': त्रवीक्त विशाम।

এই সমারোহ

বাঁশির জাত্কর মেঘের ঝাঁপি খুলল যেই ভূজলপ্রয়াত লক্ষ ফণা ছডিরে দিল

'আবাঢ়ে প্রাবণে': মোহিত চট্টোপাধ্যায়।

বা এই পৰিশাস-অন্তৰ্গৰতা

উদাসীন মেঘে মেঘে ফুটে আছে থোকা থোকা আৱক্ত করবী:

সমস্ত আকাশ যেন গগনেন্দ্র ঠাকুরের ছবি।

'নির্জন দিনপঞ্জী': অলোকরঞ্জন দাশগুপ্ত।

পঞ্চাশের শুরু থেকে থানিক দূর তাকালে দেখা যায় কেবল একলার স্বগতাচারে কবি
নিরভ হয়েছেন প্রকৃতি-ভালোবাসার নবপত্রস্কৃতি নিরালাতে, 'নিসর্গের লতাফুলপাতার
স্থাড়ালে আডালে সোনার ফল'—এমনই সভলায়মান যে তাতে পূর্বজ্ব কবির পুরাণলোকায়তের ছায়ালেশ নেই। পূরক হয়ে আছে প্রেম আর প্রকৃতি পরস্পরে: 'ঘুরে
যুরে এই প্রকৃতি কী কথা কয় १ / সে বলে যায় প্রেমের মতন আর কিছু নয়!' একটু
উদ্ধৃতি দেখাই যেখানে রতি-প্রকৃতি একাকার হয়ে আছে সত্ত-দৃষ্টির আলোকে

হেমন্ত রাত্তির চরে হিরন্মর বালকের ভোর কাঁথাকানি ছুঁডে দিয়ে বলে, আমি যুবরাজ তোর, তোর ধেরু বালিহাঁস কাদাথোঁচা পাথির পালক কৃডিয়ে ফিরব ঘরে, কৃচি কৃচি আকাশ-আলোক গ্রহণে তপতী হবি। একদিন হয়তো পালাবো যথন ছপুর হব, হঠাং ছপুর হয়ে যাবো।

'যুবরান্ধ': শক্তি চট্টোপাধ্যার। 'তপতী'ও এথানে সহজ মান্থবের শ্বৃতি, রেটরিক নয়। বেমন দেবতোর বহর দেখা 'অপ্লপুরাণের দেশ'—সেও যেন যেমন লিখেছেন প্রণবেন্দু দাশগুপ্ত: চড়িভাতির 'শ্রমররঙিন কোনো গ্রামের ভেতরে'। প্রায়-অচল আর্কেডিয়া—নদীমাঠগাছপাথিস্থথের, শুধু প্রেমের আর দিনক্ষরণের; এক পাঠিকা তথন লিখেছিলেন: আবার দেখতে পাত্রি 'রেনাসেন্দ অফ রোম্যান্টিসিজ্ম্' এই তরুল কবিভাতে। শহরবান্ধবের মুখে অসহায় চল্লিশের কবি: 'অবক্লম্ম নগরীর বিধ্বস্থ প্রাকারে / বলে আছি নির্বিকার অসহায়তার', তার অলাপোড়া পথবসতও জরিসাজ পরে নিরেছে দেখি পঞ্চাশের বিশ্বয়দৃষ্টিতে: অরবিন্দ গুহর 'বালিগঞ্জ-টালিগঞ্জ-কালিঘাট পেরিয়ে উধাও / শাদা পক্ষীরাজ ট্র্যাম…' ('অলক্ষণের জন্ত'), বা

মৃত চিঠির মহল থেকে একটুখানি দ্রে! তোমার দেখা পেরে গেলেম তুপুরে রোক্রে, তুপুরে রোক্রে এলে মাটিকাকাশ জুড়ে ডালাউদিকে জুবিরে বিষে গুদ্ধ সারং ক্রে।

'ভান্নমতীর ছপুৰে': কৰিকা শিংহ।

ভূল হয়ে বার মাত্র কডক দিন আগে মারী আর রক্ত-মান সেরে উঠেছে এই শহর, সাতচলিশের পরে উৎথাত হয়ে যেতে বদেছে রাজনীতি-অর্থনীতির নতুন অনিশ্চরে, দেশভাগের ভার একটু একটু চাপ কেটে বসছে সর্বত্র-সমাজে। 'স্বগত সন্ধা'র ভীক্তেমগুল্পনের পাশে অলক্ষ্য হয়ে আছে বটে 'ট্রামছাড়া-ডোর হকার-সকাল', অরবিন্দ গুহর 'মনের ঘোরানো সিঁড়ি'র নিচে নিচে একএকবার চকিত হয়ে পঠে ধোঁয়া-ধুলো-কালি ভরা বেলেঘাটার কালীতারা বস্থ গলি—যেন সে ছায়াছবির মতো, কবি ঘুরছেন তাঁর স্বপ্নবীজ জপতে জপতে : 'আমাকে সেই কবিতালোকে উদ্ভাসিত করো'। একসময় তাঁর কাব্যপরিচয় লিখতে অলোকরঞ্জন লিখেছেন, 'বক্তব্যের কবিতা নয়, কবিতার বক্তব্যই আধুনিক কবির এষণার বিষয়'। 'বক্তব্যে'র বলে যার চেনা সে যে নিঃসম্ভান আয়ুসীমানায় এসে দাঁড়িয়েছিল তা নয়, মনে হয় তার আবেগ সংক্ষিপ্ত হয়েছিল স্ত্রাকারে এবং গ্রহণীয় হয়ে উঠেছিল ছোট মাপের মধ্যে—নবযুগ আনতে নয়, 'বেকার-তুপুরে বাঁচবার জালা মর্গে খুঁজছে পথ' কিংবা 'আমি এক ছা-পোষা কেরানি / দশটার-পাঁচটার রণে আমি এক অক্লান্ত সৈনিক'—এই পরিস্থিতিতে, বলে না দিলে বোঝা যাবে না 'বেকার-তুপুর' আর 'হকার-স্কাল' এক কলমের লেখা নয়, এবং 'তিমির সীমাস্তে'র (১৯৫১) কবি স্বভাবে যাই হোন ভাবিত হয়েছেন নির্ধারিত বক্তব্যের কবিতাতে। একই ষ্চরের 'একমুঠো রোদ': পূর্ণেন্দু পত্তীর, সেও বলতে পারি পিঠোপিঠি। কিংবা জ্যোতির্মর গলোপাধ্যায় 'তেরো-চোদ্দর কবিতা' (মার্চ ১৯৫১)। **অমলে**ন্দু গুহুর লেখা 'লুইতপাড়ের গাথা'র (১৯৫৬)। রিহা-মেথলায় সাজা মেয়ে, বহাগী-নাহরের আমন্ত্রণ ভরা লুইতপাড়ের শোভাচ্ছবির পালে পালে সমৃদ্ধুরের ঢেউ-মিছিল, কবি বলছেন, 'পার্টি আমাকে দিয়েছে দৃষ্টি' এবং 'সারা ছনিয়ার শান্তিসেনার হাতে হাত রেখে আত্তক / নখে নখ টিপে মারব মুখোলে লুকোনো লড়াইবাজকে। ঈষৎ স্ববিহিত-মার্ক স্বাদ রয়েছে রবীন্দ্র বিশ্বাদের 'লগ্ন গোধূলি'তে, তুর্গাদাস সরকারের 'অশেকের সময়ের গ্রামে'ও: আগের পিছনের মধ্যে জীবননিশাস নিতে কিরছেন কবি ক্লিষ্ট বর্তমানকে অতিক্রম করে। শিশিরকুমার দাশের 'জন্মলগ্ন' সেথানেও 'জীবনের জন্ত লড়াই', কবি তার ভূমিকা করেছেন, 'আজ এই শতাব্দীর হতাশা জড়ানো আকাশে স্বােদয়-আকাজ্ঞায় ওকভারার মতো চেয়ে আছি।' পরে পরে দেখি রোহীল চক্রবর্তী, ু ধনজন্ম দাশ, তঙ্গুণ সাক্তালের লেখা। তরুণ সাক্তালের 'মাটির বেহালা'র নাম হরেছিল **अकामकारमहै। धनका माम हर्वरका वा मेयर भूरवाकार्य वाम वस्-मिरक्षक स्मानक मरण।** কিছ 'বক্তব্যে'র বহতা অভুগ্ন থাকলেও সুমর সেন অরণ মিত্র হুভাব মুখোপাধ্যারের তেক নেই তাতে। কোথাও ছ-আখা ভাগ হয়ে গেছে সামাজিক আর কাব্যিক উন্তটান বেৰ্মন শব্দ যোবের 'দিনগুলি রাতগুলি'র (১৯৫৬) লেখায়, 'যমুনাবতী'-পর্যায়েও

কৰি যা বলতে পেরেছেন তা ত্ত্ত্তে নয়, সংবেদনা—নম্র, আন্তরিক; তাঁর প্রশত-কবিতাও প্রথাজ্ঞালিত

> একটি গাছ পিলস্থল ছডিয়ে পডে তাতে হঠাৎ জাগা জ্যোৎসার শিখার কণিকা কি ?

তাঁর তত্তের 'গছা বা প্রাত্যহিকে'র ছোপ কি এই ?' কিছু জাগাগোডা অশিথিকস্থালিখিত তাঁর লেখা—জটিল নয়, জাবেগে অমনন্ধ নয় পাঠকপ্রিয় কবিদের মতো,
আত্মপ্রশ্রমী নয় বরং নানা পূর্বতনের অম্বন্ধী, এখনো তাই দেখি। আলোক সরকারের
লেখাতে তাঁর নিব্দের ছাপ দেয়া প্রতি পদে, রেশমপিচ্ছিল সাবলীলতা অলোকরঞ্জনের
—'তিনজ্পনেই শক্ষ-সাবধান তিন ভাবে। শঙ্খ ঘোষেব লেখা যে সহক্ষসঞ্চারী হয়েছে
তা তাঁর অ-খরতায়। তাতেই স্থব্যক্ত হতে পেরেছেন তিনি অপ্রতিবন্ধে—মৃখোপাধ্যায় অভ্যাধিত কবেছেন তাঁর 'জীবনবোধদীপ্ত' কবিতা, 'ক্লভিবাস' বরণ করেছে
তাঁকে 'ভক্ষণ কবিদের প্রতিভূ' রূপে।

'আত্মগত' এবং 'সম্মেলক' এই যুগ্ম উত্থাপন করেছিলেন অলোকরঞ্জন শঝ্ধ ঘোষেব কবিতা নির্ণয়ে—'সম্মেলক' বলেই পারিভাষিক 'বক্তব্যে'র লেখা নয়, সে তো অনেকেরই খুঁজলে পাবো পূরণ কবেছেন নিজেব নিজের মতো। 'মিতার জন্ম রোমান্টিক কবিতা' এবং 'দক্ষিণ নায়কে'র একই প্রকাশবর্ষ, ১৯৫৪, শাস্তিক্মারের উত্তরবন্ধ ও নানা স্থানের দৃশ্যসন্তোগ প্রকৃতিপিপাস্থ রোম্যান্টিকদের মতো, ও্যার্ডসোয়র্থের অদেথা-ইয়ারোর শ্বতিরক্ষাকারী লেখাও আছে—'টাইগাব হিলে স্থোদয়—অদর্শনে' এবং সে লেখা স্বমতার জন্ম বলে মিতার যোগ্য কবে লেখা। 'দক্ষিণ নামকে'র শন্ধরজ্ঞ অনিনীত তীক্ষনিশ্বাস: 'হয়ার খুলেছে। হাওয়া চুপ। কেন জ্বলি।' তব্ অরবিন্দরও ইচ্ছা সামাজিকতার, লঘু বা মধুর বিষয় তাঁর—প্রেমের কবিতা যা 'বিকেলবেলার লাল শাভির অতলতা' বত গভীর ততথানিই গভীব, ঘরের শাদা-সরল গয়, ভিডের ভারহীন কথাবার্তা—কাটা কাটা সরল বাক্যে বলা যা ছন্দান্বিত প্রাত্যহিকের খুব অংশী। অরবিন্দর কোনো লেখাতে প্রত্যক্ষ স্ত্রে পাই নরেশ গুহর, যেমন অরবিন্দর স্ত্রে পাই কথনো স্থনীল গলোপাধ্যায়ের চপল প্রকরণে।

১. 'আধুনিক কৰিবাও অধিকাংশতই গীতিভলিকেই আগ্রহ করেছেন অথচ রবীক্রনাথের সার্থক অতিক্রমণ সম্ভব শুধু কাব্যে নিছক গছলিপার বাবহারে। প্রাজ্ঞাহিক বাচনের ব্যবহারে। তার মানে গছকবিতা বর গছকবিতাতেও গীতির আনেল মেশা সম্ভব—ক্রমণ্ডক কবিতাতে গছের চন্ত মিশানোর কৌশলটিই আধুনিক কবির অবিট হওরা কর্তব্য।' ' 'নাম রেখেছি কোমল গাকার'। শুখু কোব-সমালোচিত । ক্রমিবার ৩।

১ উপহার ছেবে উপমার শাদা ফুল তোমাকে আমার বিনীত কঠন্বর

'স্বর্গের স্থাক্ষর': অরবিন্দ গুহ।

কিছু উপমার ফুল নিতে হবে নিরুপমা দেবী

'চতুরের ভূমিকার': স্থনীল গ**লোপা**ধ্যায়।

২ আমি মূর্থ বিদূষক বলে

আমাকে দাও নি আংটি কিংবা বিশ্বাদেব শ্লিগ্ধ মালা।

'বিদূষক': অরবিন্দ গুহ।

মহারাজ, মা বাপ তুমি, যত ইচ্ছে বকো মারো।

'মহারাজ আমি তোমার': স্থনীল গলোপাধ্যার।

যেটুকু দীর্ঘাস জমে আছে অরবিন্দব সেখায় তাকে গ্রাহ্থ না কবে আমরা শেষ অবধি স্মৃতিধার্ষ করেছি এক-আধ ছত্ত্র রুথলেস-রাঈম, বা এইটুকু

> ভালোবেদেছিলাম একটি স্বৈরিণীকে খরচ করে চোন্দ সিকে।

এর সঙ্গে খুব অন্তর নেই শরৎকুমার মুখোপাধ্যায়েরও। 'স্তন্দবীব গান দিয়ে মুর্গি থেতে পাঁচ টাকা যথেষ্ট'—ইত্যাদি সহজেই মনে পড়ে যার্য।

আর তাঁর সচ্ছল-চটুল যে নাগরিকভাটুক্। বিফু দে করোটিক্টিল এবং দ্রতর, সমর সেন এক-পুরুষের ব্যবহিত, ছন্দোহীন এবং মতবাদী। সমর সেনের প্রশক্তি লিখলেও স্নীল গঙ্গোপাধ্যায় প্রত্যক্ষ পেলেন অরবিদকে, শরৎক্মারও—প্রেম-যৌনতার জ্বোড ডেলে ওঠে কখনো হাঁর লেখায়, চপলতার নিচে নিশ্বসিত হাঁর আত্মকরুণা, শারীর আর সারাইমের আঙ্মের। উৎপলক্মার বস্থ যথন লেখেন, 'স্থ বড বীর্ষবতী রেখা / সর্বালীণ ক্শলতা যৌনব্যাধির মতো বাদনা কাডছে'—আত্মবোধ সে, দেবতোর বস্থও বখন লেখেন, 'মহাশয়া কবে পাবো ও হ্রদয়খানি', কিংবা 'বৃঝি নি চরিত্রদোষে পরিপদ্ধী থালি / অপরিমার্জিত কথ্যরীতি'—সে তরলিত 'ক্ষণিকা' বা স্থবীন্দ্রীয হাইনের অবক্ষম। কিন্তু স্নীল বস্থর অনেক ভলিতে ছায়া আছে এই প্রত্যক্ষস্থেরে। কিংবা নমিতা মুখোপাধ্যায়ের রীডা ছেডে শরৎকুমারের যে ক্তি তার অনেকাংশ স্থনীলের হাতে সম্ভাবিত এই কিছু-অরবিন্দায়নে, যা আসলে নরেশ গুহ-বাহিত বৃদ্ধদেব বস্থর অংশ।

এখন অচ্ছায়াতে দেখতে পাওয়া যায় ক্তির প্রহরে পঞ্চাশের কতথানি অভিভাবকতা ছিল বৃদ্ধদেবের। স্থনীল গলোপাধ্যার অবশু পরবর্তী কালে লিখেছেন, 'রবীন্দ্রনাথের পরে বিষ্ণু দে-ই আমার কাছে প্রথম স্মাধ্রনিক কৃবি।…বিষ্ণু দে-র সমুকরনেই স্থামি দে

সময় কবিতা লিখতে শুরু করেছিলাম। আমি তাঁর একজন অতি অকম শিয়।^{১২} স্থনীল গলোপাধ্যারের কোনে। লেথাতেই দেই 'অন্তক্তরণ' বা 'শিশ্র'দ্বের পরিচয় নেই, প্রথম লেখাতে তো নম্মই। তার কারণ বামপন্থা নম্ন, বিষ্ণু দে-র অমুকরণ যে-ধরনের আশ্বাস-অহশীলন সাপেক সে মনোগতিই তথন তরুগদের নয়। তথারপকে 'কুন্তিবাসে'র প্রথমদিককার 'বুদ্ধদেব বস্থ এবং উত্তরকাল' স্বীকৃতিনিবদ্ধের করেক লাইন উল্লেখ করি: 'বুদ্ধদেব বহুর কবিতায যৌবন এবং ছন্দ বছবিচিত্র।—বাঙলা কবিতাকে তিনি তথাকথিত জীবনদর্শনের হাত থেকে মৃক্ত করেছেন। ... তিনি শুধু কবিতার জন্মই কবিতা রচনা করেছেন। দুখ্যমান পৃথিবীকে তিনি শরীর দিয়ে স্পর্শ করেছেন এবং সেই স্পর্শেরই অন্কভব আমরা তার কবিতার মধ্য দিয়ে পেযেছি।'⁸ কবিতার জন্ম কবিতা লেখেন নি কি অমিয় চক্রবর্তী ? দুখ্য-পৃথিবীকে সর্বাঙ্গ-শরীর দিয়ে আস্বাদ করেন নি কি জীবনানন্দ দাশ ? জীবনানন্দ প্রকৃতির নির্জনতা ছেডে তথন শহরের সংবর্ধিত কবি, পঞ্চাশের অ-নির্ণীত তথনো। অমিয় চক্রবর্তী প্রবাসী, স্থীক্সনাথ থাকেন ব্যবধানে, বিষ্ণু দে সমাজমনক্ষতায় চেনা শিল্পিতার তুলনায়—্স্ভাষ মুখোপাধ্যায় অবলকুমার সরকার নরেশ গুহ বা অবল ভট্টাচার্য তাদের যেমন অস্তরক পর্যালোচনা করেছেন স্থ-বেরোনো কাব্যালোচনার স্ত্রে: 'সাভটি ভারার তিমির' বা 'বনলতা দেন', 'অন্তিষ্ট' বা 'নাম রেখেছি কোমল গান্ধার', 'পারাপার' বা 'সংবর্ডে'র, তার পাশে পঞ্চাশের মেধাবীতমরাও—শঙ্খ ঘোষ অলোকরঞ্জন দাশগুপ্ত বা আলোক সরকার—একই কর্তব্যে ফিরেছেন অক্মাত্র ছুঁরে। পঞ্চাশ-স্চনার ওই সব ত্রিংশীয় কাব্যের গুণাগ্রহ বা অহুধাবন যেটুকু তথনো তা চল্লিশের, অধিকাংশ তার প্রকাশিত 'কবিতা'য়। আর সেই 'কবিতা'-পত্রিকার অনতিক্রম্য সম্পাদক, অক্লান্ত পাঠক, নিরলস কাব্যশ্রমী, আধুনিক কবিতাও কবিদের বিষয়ে প্রামাণ্য গ্রন্থরচয়িতা, যে-কোনো বিকাশ-সম্ভাবনার অতি সন্তুদর উৎসাহদাতা, সর্বোপরি 'আধুনিক বাংলা কবিতা'র অবিসংবাদী সংকলনকারী-বুজদেব বহু সামাজিক অর্থেও দাঁডালেন পঞ্চাশের একেবারে অব্যবধানে, ভভার্ষী এবং প্রভাবকারী হয়ে। পঞ্চাশের উপক্রমে প্রকাশিত 'র্লোপদীর শাড়ী'র যে গুণাস্থাদ দেখি অরুণক্মার সরকারের কবিতার বা রমেন্দ্রক্মার আচার্বচৌধুরীর প্রবন্ধে, এখন পড়লে ঈবং কোতুক লাগে। তবু রমেন্দ্রক্মারের: বাঙলা কবিভার

रिविक कविका, विकू पा-ब वांठ वहत शुक्ति विस्ति गरथा।, भंतर ১৯৬৯।

ত অলোকরঞ্জন অবস্ত 'বিষ্ণু দে-র উচ্চারণভলির সজে গাঢ় সন্ধর্মিতা' দেখতে পেরেছেন শহা বোবের অ° কৃষ্টিশাস >।

B. कृष्टियांन ३३ ।

 ^{&#}x27;বুছবেশ বহর কবিজা: 'প্রোগরীর শাড়ী'': ব্যবজ্ঞার আচার্বচৌধুরী। কবিজা, পৌর ১৩৫৯
এবং 'প্রোগরীর শাড়ি পাঠালো': অনুব্রনার সর্বার। কবিজা, আবাই ১৯৯৫।

ভাষা ও ছন্দকে রবীশ্রনাথ দিয়েছেন 'কাবণ্য' এবং বুজদেব দিয়েছেন 'পৌরুষ', অথবা বুজদেবের পয়ারের 'স্নায়বিক দৃঢ়ভা এবং বাক্ছদের সদে সৌসাদৃভা' রবীশ্রনাথে নেই, স্বধীশ্রনাথে নেই, বিষ্ণু দে-তেও নেই—এই তদ্যাতি প্রত্যক্ষবাহিত হয়ে এসেছে বেন উত্তরাধিকারের রূপে। অক্রশকুমার সরকারের কবিতার

'কিন্তু আনন্দ কোথার': বৃদ্ধদেব বস্থ বললেন, 'রুরোপের আন্ধকের কবিতার কিংবা উপস্থানে ? রবীক্রনাথকে দেখ, কী উজ্জ্বল প্রশান্ত বিখানে জীবন শাখত জেনে মামুষকে ভালোবেসেছেন।'

এর বাক্ছন্দ, রবীজ্বনাথ, মুরোপের সাম্প্রতিক সাহিত্য সবার উপরে রয়ে গেছে, 'বুদ্ধদেব বস্থ বললেন' এই মোহরটুক্। কেবল জীবনানন্দ-অমিয় চক্রবর্তী, কেবল 'তিরিল'

রুবা 'চল্লিশে'র প্রতিষ্ঠা-পোষকতার উপলক্ষ্য নয়, যাবতীয় স্বীকার্য আধুনিক কাব্যপ্রয়াদের অমুমোদনস্থল তথন 'কবিতা' পত্রিকা, তার সম্পাদক নিঃসংশয়িত তথনকার কাব্যক্ষচির নিয়স্তা। বুদ্ধদেব বস্তর মনোনয়ন সেই মুহুর্তে 'তরুল কবি'র সরকারি পাশপত্র, একসময় য়ার জন্য তিরিশের কবিরা মুধাপেক্ষা করেছেন রবীক্রনাথের।

অতএব বুদ্ধদেবেব উপরে তরুণ কবিদের যে নির্ভর তিরিশের আব কারো পরেই তা নয়, সমর সেন-বিয়্ দে-র বৈদয়্য এমন কি হুভাষ মুখোপাধ্যায়ের জনজয়গৌরবও দেক্ষেত্রে পরাভৃত। হয়তো দে আরো একটু আগে থেকেই। অরুণকুমার সরকার যথন বৃদ্ধদেব পাঠ করে প্রত্যয়িত হন, 'আশৈশব কবিতাকে ভালোবেদে বৃ্ঝেছি প্রেমেই /রূপ, কয়নার, তথা কবিতার আদি বাসয়ান' তাকে কেবল 'চল্লিশের শাগরেদি' ভাবলে ভ্লা হয়। 'যে-ছেলে কবিতা লিখে কবিতাকে ছুটি দিছে' তার 'আঅবিশ্বতি'তে ক্ষোভ করেছিলেন বৃদ্ধদেব।" সেই অপচয়ের পথে পা বাডান নি তরুণ কবি। যে কবিতা 'নিজের মনে গুনগুন করবার নয়, আগাগোডাই চৌরাজায় দাঁডিয়ে সর্বসমক্ষে চিৎকার করবার' তাকে অস্বীকার করে লিখেছিলেন, 'যে-ছুঃথের অমুভৃতি জনতা থেকে বিজ্লিয়, যা একলার, যা নির্জনের সেটাই অসামান্ত। দেটা যত তৃচ্ছ হোক, কিংবা কায়নিকই হোক, বিজ্জ কবিতার জন্ম হয় তা থেকেই।' সেই বিভন্ধতায় স্পৃহা করেছিলেন তরুণ কবি। সামান্তিক-রাজনীতিক প্রত্যক্ষতার মুথে বৃদ্ধদেব যথন স্থনিরোধ রচনা করেছেন কলাকক্ষে, 'কবিতা'-পত্রিকার এক পাঠক আশস্কা করে লিথেছিলেন, 'শিক্ষিত্ত মধ্যবিত্ত বাঙালীর সামান্তিক অভিন্ধ, তার পরবর্তী উৎক্রমণের সঙ্কটস্থানে এদের বিশ্বিত্ত বাঙালীর সামান্তিক অভিন্ধ, তার পরবর্তী উৎক্রমণের সঙ্কটস্থানে এদের বিশ্বিত্ত মধ্যবিত্ত বাঙালীর সামান্তিক অভিন্ধ, তার পরবর্তী উৎক্রমণের সঙ্কটস্থানে এদের বাঙ্কিক

৬. 'সুকান্ত'। কবিতা, আবাঢ় ১৩৫৪।

 ^{&#}x27;वित्रहे ७ किंशितः'। क्विंडा, पाविन २७६२।

আর্থিক সংঘাতে চৌটির হয়ে ফেটে যাচ্ছে। লৈশনীর মুখে মুখে জীবনচেতনা রক্ত হয়ে দেখা দিয়েছে: শিক্ষিত বাঙালীর intellect এক বৃহত্তর জীবনাধিকারের যুক্তিনমর্থন খুঁজে পেয়ে চেট্টা করছে তার emotionয়ের সলে মেলাতে। কাব্যে জেগেছে যুগপ্রস্বিনী ব্যথা। এ হেন অবস্থায়, রবীক্রয়ুগের বিরোধীশক্তিধর আপনার লেখনী, আপনার জীবন যেন এক আশ্রমবাসিক পর্বাধ্যায় রচনা না করে।' এই তরুণ কবিদল তাঁকে পরিবৃত করেছিলেন তাঁর সেই আশ্রমবাসিক-পর্বে।

যে প্রবর্তনা ছিল তাঁর কাছে, নিশ্চয় তেমন আর কোথাও ছিল না। পঞ্চাশের শুরুতে যখন তিরিশের কবিদের 'শ্রেষ্ঠ কবিতা'র সংগ্রহ বেরোতে শুরু করেছে একে একে, আশুরুলপ্রস্থার উঠল বুজদেবের সংগ্রহখানি। উত্তরকালে শরৎকুমার মুখোপাধ্যার লিখেছেন:

১৯৫৩ সাল। বৃদ্ধদেব বস্থর শ্রেষ্ঠ কবিতা সবেমাত্র বেরিয়েছে। ইন্দ্র ত্গারের আকা কলকা দেয়া নয়নাভিরাম প্রচ্ছদ, ভেতরেব মহণ হংগদ্ধ পৃষ্ঠাগুলি পরিপূর্ণ হয়ে আছে রাশি রাশি সরল হালর আবেগময় কবিতায়। সভা যৌবন প্রাপ্ত একটি বালককে অভিভূত করেছিল এই সব। পাতা উলটে যেখানেই চোখ পডে, আটকে বায় দৃষ্টি। অদৃশ্য কিন্তু স্পর্শগ্রাহ্য একটি মেয়ের অভিত্ব সে টের পায়, যে তার অনালোকিত অনিশ্চয়তাময ভবিশ্যতের দিনগুলি যুই আর বক্ল ফুলে ভরে দেবে। কী ভালো যে তার লাগে, সে বলতে পারে না।

বয়:সন্ধির জালা ও যন্ত্রণা এবং যৌবনের স্বতঃস্কৃত্ত জাবেগ তাঁর কবিতাকে আচ্ছন্ন করে রেখেছে। বাংলাদেশের সব যুবকদের হয়ে বৃদ্ধদেব বস্থ তথন পৃথিবীর শ্রেষ্ঠতম স্বন্দরীকে প্রেম নিবেদন করছেন।

অন্তর্বভী-পঞ্চাশের কাব্য 'যে-আঁধার আলোর অধিকে'র স্ত্রে লিখেছেন প্রণবেন্দ্দাশগুৱ: যে নারীবন্দনা বা নারীদেহবন্দনা 'বন্দীব বন্দনা'র, বা 'ক্ষাবভী'তে, 'যে-আঁধার আলোর অধিক'এ তারই রূপান্তরিত অভিব্যক্তি। শিল্পের জ্লুন্থই যে শিল্প, এই ক্লাকৈবল্যবাদ, তার অন্ততম বিষয়। 'একই থীম ও বিষয় বৃদ্ধদেব বস্তুর অন্তান্থ কাব্যগ্রছে অনেক বেশি আবেগগ্রাহ্থ ও উচ্ছাসপ্রবণ কিন্তু 'যে-আঁধার আলোর অধিক'এর কবিতায় তা মূলত বৃদ্ধিগ্রাহ্থ ও ধারণা-নির্ভর।' 'আরো একটি স্ত্রে' এই বক্তব্যের সঙ্গে ধোগ করেছেন প্রণবেন্দ্: 'যে আঁধার আলোর অধিক'এর 'অধিকাংশ কবিতাই একটি প্রধান থীমের অন্তর্গত ;…এই প্রধান থীম বা বিষয়-স্ত্রেহ্ল: প্রাকৃতি ও

৮. ऋषारख कोषुत्री । कविका, केळ ३७६० ।

^{». &#}x27;बुक्कास्य वरु: कवि'! ट्रेनिकं क्रविछा, बुक्कास्य वर्श्व-गरकमन २०१८।

শিরের সম্পর্ক। শেষ্টাশ্র কাব্যগ্রন্থের তুলনার 'বে-আঁধার আলোর অধিক'এর আঁবেদন
 অনেক বেশি বৃদ্ধিগ্রাহ্য ও ধারণা-নির্ভর। বৃদ্ধদেব বর্হ দর্শন বিরোধী, এই তথ্য
 স্থাং লেথকই একাধিকবার ঘোষণা করেছেন, এবং এই ধবর বহুলাংশেই নির্ভূল।
 কিন্তু 'বে-আঁধার আলোর অধিক'এর রচয়িতা সম্পর্কে এই উক্তি পুরোপুরি থাটে না।'
 এবং অতঃপর যে সিদ্ধান্ত লিখেছেন,

'যে-আঁধার আলোর অধিক'এর প্রকাশের সক্ষে-সঙ্গেই বাঙলা কবিতার একটি আবহাওয়াগত পরিবর্তন ঘটেছিল। যাঁদের আজকাল 'পঞ্চাশের কবি' বলা হয তাঁদের অনেকেই এই গ্রন্থের শ্বারা জন্মাস্তরিত হয়েছিলেন…'

এর 'অনেকেই' শন্ধটি পূর্বাপরপরিচিত বটে—প্রেমের কবিতা লিখতে তরুগ সান্তাল ত্যার চট্টোপাধ্যার বা অমিতাভ দাশগুপ্ত যে বুদ্ধদেব-স্পৃষ্ট হন নি তা বলা যায় না, কিন্তু যেরপাস্তর-পরিণাম, বা দার্শনিকতা, লক্ষ্য করেছেন প্রণবেন্দু তা কতদ্র নজর করেছিলেন এই 'অনেকেই' এবং উজ্জীবিত হয়েছিলেন তার দ্বাবা, বলা শক্ত। পবিণতি-কবিতাতে ও শরৎকুমার দেখতে পেরেছেন, 'ন তু ন কো নো দি ক্ চি হু ন য়, এই সব কবিতার মধ্যে আমরা সেই পরিচিত প্রিয় কবি বুদ্ধদেব বহুকেই দেখতে পাই। কিছুটা নিঃসঙ্গ, কাতর। যৌবনের শ্বৃতি নিয়ে বিভোব, তুফান ফুরোলেও যে-যৌবনেব কাপন থামে না।'

২

আপাতত শান্তিকল্যাণ হয়ে আছে পঞ্চাশের প্রথম প্রহরটুকু। অনিসর্গী কবিরাও অন্থমান করে নিয়েছেন শব্দ-ভিড-অদ্বিত সবৈর্ব প্রকৃতির, বিনতিমন্ত্রী প্রেমিকার। তাঁদের জগতে আবার দেখা পাই ঈশ্বরের—আদিপ্রকৃতিব স্বপ্নোত্থ বা কাব্যন্তায়বিধাতৃ যদি নাও হন, সকল কালক্ষোভের সামনে বরাভয়ধাবী শাস্তম্। 'নিয়ো-রোম্যাণ্টিক' বলে উল্লেখ করেছিলেন তরুণ মিত্র সমসাময়িক ইংরেজি লেখা, প্রণবেন্দু দাশগুপ্ত এখানকার উপলক্ষ্যেই দাগ দিয়েছেন সেই পরিভাষা, 'কবিতায় নিয়ো-রোম্যাণ্টিকতার আবহাওয়া এখন আর অনেক কবির কাব্যেই আত্মগোপন করে নেই।'' বলতে পারি সহজ্বরোম্যাণ্টিক, 'সহজ্ব' কথাটি কেবল অলোকরঞ্জনেই নিঃশেষিত নয়। নম্র প্রণামের মতো যেন নিত্যেদিনের কবিতাচার, জীবনের ছঃখ আব রহুল্ড মেনে নিয়ে অমল অসংশয়ে

'বে-জাধার জালোর অধিক' প্রসঙ্গে। কলকাতা, বৃদ্ধদেব বস্থ-সংখ্যা, জামুরারি ১৯৬৯।
১১. 'আধুনিক ইংরেজ কবি': জঙ্গুণ মিত্র। শতভিষা ৪। এবং 'সেনেট হলে কবি-সম্মেলন': প্রণবেশ্পু
দাশভপ্ত। কৃতিবাস ৬

চলেছে 'সহজ্বতা'র পথস্রোতে যে পথে সহজ্ব বিশার্চন বার নিসর্গজন ' 'ওরা জো নিশাসে বোঝে ঈশরকে, কত বে সহজ্বে / পাশিয়া চলনা টিয়া ওরা এক নিশাসেই বোঝে / সভ্য কোন পথে বায়…' সে কেবল দৈবলিইও নয়, ভগুই প্রাকৃতিক: 'বেন কিশোর আনন্দের রোক্রময় সব্জ ঘাসের পাধি / এবং সেই জারুলগাছ মাটির ঘরের সহজ্ব বন্ধুতায়', কেবল

> ভাহক কোথা দুপুর নিমে ঘোরে ধুলোর রেথা ব্যড়াতে চায় ফুল, একটি ছবি কোথায় গডে—কেউ ভালোবাসায় দিয়িক্ষয়ী হল;

> > 'ভূমিকা': সমরেন্দ্র সেনগুপ্ত

কিংবা আরো একটু ঘন হয়েছে রাগচ্ছারাটুকু

কাঞ্চলের মতো কেউ ঢিল ছোঁডে তুপুরের চন্দনের জ্বলে।
নিচু হয়ে উডে গেল বেনেবউ। ঘাটের কাছেই কিছু টলে।
স্থরমার বিষে হবে জষ্টি মাদে, তাই বুকে সাবানের ফেনা তুলে
ঘষছে, নাডছে, যেন স্তন তুটো স্বচ্ছ খেত পদ্মের পাপডি।

'চন্দনবিল': সামস্থল হক

কোপাও ক্ষটিক হয়ে জমেছে তৃ:খ-নস্টালজিয়া, তারাপদ রায়ের 'মায়ের জন্তে' 'জননী। জন্মভূমিক' 'ঠাকুমার ছবি'—মনে পড়ে এই সব উদাস-আকুলিত সরল লেখা, কিংবা সহজ্ঞ সম্ভাষণ করে উঠেছেন যেখানে অমিতাভ চট্টোপাধ্যায়: 'ছোটবেলাকার নাম বলো, সহজ্ঞিয়া!' যদি বড হয়ে ওঠে বিচ্ছেদ-অগৌরব, যেমন এই 'এইটুকুই আমার মাজ গৌরবের / শ্রাবণধারাম্থর কলরবে / আমি অসীম বিরহী, আমি স্পষ্ট তৃ:ধের' দে অধ্যাত্ম-বিষাদ—শঙ্কর-রামান্ত্জাচার্ষের নয়, আধিভৌতিক নয়। আর সন্তোষ তাদের। প্রেমচাত্রির পূর্বস্ত্রেটুকু বিশ্বত হয়ে যেন পেরেছেন সভ-স্পর্শমণির মতো ভালোবাসা

- আকাশ দ্রাস্ত রাধা, আমি

 মাটির বিষয় মথুরায়
- আহা মুখটি বেন ছবিটি
 প্রিয় বড স্থাইে আছি
- এক মৃহুর্তে তুমি আমার বৃকে
 বৃষ্টিমূপ মেদের মতো কাগো
- ৪ সারাটা পৃথিবী তুমি রেখে গেছ শ্বতিটিহু করে...
- ে দিখির মতো শরীর তার নরম ঋলে ভরা…

MINNE

- এলোমেলো পাতার ছারা তোমার প্রিরার মূখের উপর চলনের মতন···
- ৭ আমি জানি প্রতিমার মতো এই নীল মুখ তুমি দেখবে না…
- ৮ তোমার নামে যে নদী বয়, যে কথা হয় ভোরবেলার বকুল, আমি তাদের কাছে ঘুরে বেডাই মনে-মনে।
- ৯ তার রূপের পাথি হুখের হল না...
- ১০ ক্ষেত্তপাপডি ঝাউয়ে বাতাসে নাচে বিন্দিঘাসে ধুলোর সকাল বাঁচে। সোহাগ জালে পাগল সক্ষ তোব ॥
- ১১ কেন নদীর অন্ধকারে এত গোপন কথা বলা ?
 জলেব টানে ভাসে আমার অন্ধ করুণ ভালোবাসা।
- ১২ তোমার ভালোবাসা ভোরের কথাকলি।
- ১৩ ভুলি নি ধুলোয় ধোঁয়ায় আলোয় ছায়ায় বেলিঙে হেলানো তুমি ভুলি নি।
- ১৪ সকল ভারার আলো পরস্পর মেলামেশা করে প্রেমার্ড চিস্তার মতো, পবিত্র চিস্তার মতো হরে।
- ১৫ পাশের অবাধ্য চুল গালে ঠেকে, পপি-র আদ্রাণ: উত্তে চলো, উত্তে চলো—সময়ের সীমা কতদূর॥

কারো সীমা নয় দিগন্তের একট্ও কম, মনে হয় আলাদা করে চেনবারও প্রয়েজন নেই। আলাদা করে বলতে হয় তব্ কয়েকটি নাম। যেমন 'ভিয় বৃক্ষ ভিয় ফ্ল' কাব্য বা স্থনীলক্মার নন্দী তার কবি: শালশিরীবের ফেমে-বাঁধা অপপ্রিয়মান একখানি গ্রাম দেখি বাঁর লেখায়, পিছুটানের মতো; দীপয়র দাশগুর: কাঁটার মূণালে ঘেরা ছির নীলপদা তাঁর প্রেমের বিগ্রহ, 'হায় রে অন্ধ হরিণ, বয় / করেছো নয়ন, দেখো নি চেয়ে' একসময় প্রিয় পংক্তি ছিল তরুণদের, এখনো অগ্রন্থিত; শরুরানন্দ মুখোপাধ্যায়: 'অলকদামের মতো কবিতা আছয় করে আছে' বাঁকে; 'ময়্থ'-পত্রিকার প্রতিশ্রুতিবান স্মেহাকর ভট্টাচার্য, বা 'কে জাগরী'র কবি শক্তীক্রনারায়ণ দেব; শভুনাথ চট্টোপাধ্যায় বাঁর উৎস্ক কয়না আবিশ্রভ্গোলে সঞ্চরমান; অসিতক্মার ভট্টাচার্য: 'বাতাবরণ' প্রকাশ করবার পর প্রাছয় হয়ে পেলেন, কিংবা পরমেশ ধর, গ্রন্থায়ত না হতেই; য়বীন আদক, পরে বের করেছিলেন 'অয়িপাটের শাডি'; অনিক্ষ করের, গোরীশয়র দেব, ফ্রীলক্মার ভট্টাচার্যের লেখা এখন দেখি কলাচিং; কল্যাণক্মার দাশগুর, নিথিলক্মায় নন্দী, শক্তিয়ত ঘোষও এখন বুয়তে দেন না কতথানি সম্পত্তি ছিলেন কবিডায়; আ৷ ক. ১০

ফলিভ্বণ আচার্ব: ফ্রন্ডিবাস-প্রকাশনীর ভ্রতীয় বই 'হাঁর বেরিরেছিল যার 'ধূলিম্টি
সোনা'; রেখা দত্ত, শিপ্রা ঘোর: ন্নিম্ক কবিতার ছই কবি; রমেক্রনাথ মন্ত্রিক,
প্রফুরুক্মার দত্ত: একজন মধুররসপ্রিয় অপরজন বাভবদনিষ্ঠ; ক্রন্তিৎ দাশগুরে:
যার 'বিতীর পৃথিবী'র ছই সংখ্রুরণ বেরিরেছিল অত্যন্ত্র ব্যবধানে, পাঙিত্যের সতে যার
বিতীর যশ; সাহিত্যের সাত-সম্প্রের নাবিক 'একান্তর' কাব্যের কবি মানবেক্র
বল্যোপাধ্যার, 'ক্রন্তিবাসে'র আদি-সম্পাদক দীপক মজ্মদার: অ্রাতম কবিতার লেথক
বলে যার খ্যাতি; প্রণবক্ষার ম্বোপাধ্যায় এবং ইক্রনীল চট্টোপাধ্যার: নম্র
সৌল্বরের রূপকথা থাদের প্রথম লেথাতে। পঞ্চাশের কবিদের অন্তত তিনটি পর্যার
আছে যার আতংশ কাছাকাছি চল্লিশের, যার মধ্যবর্তীদের টানতে পারি আলোক
সরকার থেকে স্থনীল গলোপাধ্যার এই পরিসরে, তৃতীয় ভাগের কেউ কেউ নাম
লিথিরেছেন পরের দশকে যদিও সময় বা স্থভাব কোনোনিকেই অপঞ্চালী নন, যেমন
সামস্থল হক বা মণিভূষণ ভট্টাচার্য। আরো আছেন। স্বাংশেরই কোনো কোনো
নাম আন্ত নাম মাত্র। অনেকে নন্ত মৃত প্রক্রিত বা বিশ্বত। পঞ্চাশের যাবতীয় নাম
এবং লক্ষণ বিশ্বত করে শান্তি লাহিডী এক 'বাংলা কবিতা' সংকলন করেছিলেন ঘাটদশকের মাঝামাঝি। 'পঞ্চাশ'-কোতুহলীদের জন্তে সে বই একমাত্র আন্ত ভ্রসাত্বল।

স্কৃত স্থমিত সক্ষল যে এঁদের লেখা সে প্রাথমিক লক্ষণ। অনভ্যন্ত শব্দের-সংস্কারের প্রতিবন্ধ নেই, হরতো অসমাজী হবার ক্রায় কবিতাকে রাখতে চেয়েছেন অফচ সমতলে। তবু, ভালোবাসা, মগ্নতা, সহজাচার ভনতে যাই সহজ হোক এর কোনোটা জো সমতলের নয়, প্রতিদিনের জীবনচর্যায় তাকে বাঁধতে ছিল্ল হয়ে যেতে হয় দিনাহাদিনের সমাজবন্ধ থেকে। অতএব, ঘুরছেন কথনো মধ্যবিত্ত গাহিস্থোর আহকেপারী, শাদামাটা গল্পের প্রকরণে—নিজে যাই হোন। অলোকরঞ্জন যে তাঁল্প সল্লা নিমে গিরেছিলেন শৈলজানন্দের দৃষ্টাত-স্বভিত গাঁওতাল পরগণায়, আনন্দ বাগচীয় কাব্যোপস্থানের রোম্যান্টিকতা যে লাভ করেছিল রবিবাসরীয় গল্পের প্যান্তর গে নিজেকে থণ্ডিত করে নয়, সমতলের সজে একটা সহজ সংযোগ বানিয়ে নেবাল্প আভিলাবে। এই ইচ্ছাটুক্ তিরিশ বা চলিশের তুলনায় নতুন, তার প্রণ-পদ্ধতিও। নাট্যগৃঢ় কবিতার শৈলিও মধ্যদনের আমল থেকেই আছে, স্থীজ-বুজনেবও ভাল্প ব্যবহার করেছেন, কেবল প্রচ্ন অপনায়ণ করে নিলেই বদি স্থামাজিক হওয়া বায়, শক্ষাশের প্রথমবিধিই দেখি সেই বদ্ধ-প্রবণ্ডা। প্রকাশের গোড়ার কবিতাতে ছ্লাকেছ সাধ্যা যবি না দেখা বাল, দেখা বানে সাবলীসতার অক্ষ্মিশ্লা।

र्णमय देनन 'क्षेपिएरिम'त क्षेपमें मारकारण यथन 'मारकार्किक परिमा कविका'त विकास निर्द्धिक्ति, 'धर्मनकार 'क्षिका मार्किक मारका मार्विका' रामारक क्षेत्र मा किस्स কোধাও কোনো ইংরাজি কবিতার প্রতিধানি অথবা গৃড় উল্লেখ আছে কি না ডেবে মাথা চুলকোতে হর না' দে মুখ্যত চলিশের কবিদের কথা মনে করে, কিছু ওইটুক্ চলিশ-লক্ষণ পঞ্চাশেরও। অরুণকুমার সরকার নির্ণয় করেছেন প্রভাক্ষ লক্ষ্য করে কয়েকজন কবিকে

তাঁদের কাকর রচনাতেই জৈব-যন্ত্রণা নেই, অথচ একটা মৌল জীবন-বেদনায় তা ওতপ্রোত। আধুনিক জীবনের বাইরের উপকরণ—বন্ধ, শহর, শোষিতের সংগ্রাম, বিষ্ণত যৌনাকাজ্ঞা ইত্যাদি, এঁদের কাব্যের উপদীব্য নয়। অুপচ একটা স্বন্ধ মানব-সম্বন্ধের উত্তাপ এঁদের কবিতায় সার্বজনীন। স্পষ্টতই সমাজের সঙ্গে, মাহুরের সঙ্গে অভা এক বৃহত্তর ক্ষেত্রে তাঁরা নিজেদের যোগস্ত্র খুঁজে পেরেছেন। কোন উৎস থেকে, কী ভাবে—দেটা সমাজতাত্বিকের গবেষণার বিষয় হতে পারে কিছ निःमत्मार्ट्रे अठे। ट्रेंटिस रमवात मरा अकठे। मन्छन । शामत स्वीवनकाम अमात्र বাজনৈতিক আন্দোলনের উত্তেজনায়, অনেক অবদমন এবং ততোধিক অপচয়ের বিশৃষ্খলায় সংশব্ধে যন্ত্রণায় অপব্যয়িত হয়েছে, এ কালের তরুণ কবিদের প্রশাস্তি তাঁদের কাছে অস্বাভাবিক বলে মনে হতে পারে। কিন্তু এঁদের রচনার সম্মুখীন হলে বুঝতে পারা যায় স্বাভাবিকতার কোনো স্থির সংজ্ঞা নেই; সভামিছিল এবং শায়াশেমিজের পিছনে ছোটাই সকল কালের সব যুবকের স্বধর্ম হতে পারে না। কিন্তু তাই বলে এ কালের কবিরা কেউই কিছু চিন্তাহীন আশাবাদ নিয়ে বোকার স্বর্গে বাস করছেন না, মনের যে অস্থপ না থাকলে কবিতাই লেখা যায় না তার লক্ষণ এঁদের প্রত্যেকের মধ্যেই বিভাষান, এবং এঁরা কেউই ভূদেব মুখুজ্যের নতুন সংস্করণ নন। প্রচুর ক্ষয়ক্ষতির ডিতর দিয়ে আগের যুগের কবিরা বেখানে এসে পৌছেছিলেন, কালধর্মে এবং পারিপার্ষিক অবস্থার অফুকুলতায় সেধান থেকেই এঁদের যাত্রা শুরু হয়েছে। তাই আধুনিক হবার প্রয়োজনে এঁদের কাউকে নালা নর্দমায় স্থান করতে হয় নি, নৌকো পুডিয়ে দেবার ভাগ করতে হয় নি, আশ্রয় নিতে হয় নি উপরচালাকির। এঁদের কবিতার স্বাভাবিক এবং সাধারণ বৈশিষ্ট্য ছন্দ-নৈপুণ্য এবং ব্যাকরণগত বিশুদ্ধি। আমার মতো একজন ছিদ্রাম্বেণীও অনেক চেষ্টা করে এঁদের কবিভায় কোনো ছলোঘটিত ক্রটি আবিষ্কার করতে পারে নি। লক্ষ্য করবার বিষয় এঁৱা কেউ তথাক্ষিত গ্রুক্বিতা লেখেন না, এঁদের ক্ষিতা বীতিমতো চলোবদ্ধ; এবং বাকাগঠনে কথিত গছের অহুদারী হয়েও এঁমের चारतक विना विधाय काविष्क भन्न वावशाय करव थारकन।

'বাংলাক্বিতার একটি খতর ধারা' : অরুণকুমার সরকার, শতভিষা ১৮, ১৩৬৬। এক মুণকু প্রে 'শতভিষা' ব্যক্ত ক্রেছিলেন কী ছিল তাঁলের সেই সময়ের ক্ষা : সময়ের হাতে তিরিশের দশকের কবিদের ব্যব্স্থাত কৌশলগুলির দিন বে ফুরিরে গিরেছে 'শতভিবা' তা উপলব্ধি করেছিল; তিরিশের দশকের কবিদের যৌন-কাতরতা, মূল্যবোধে অনাস্থা, ব্যঙ্গ-বিদ্রেপ, অতিরিক্ত সমাক্ষ-ভাবনা, তরল কাব্য-ময়তা ইত্যাদি আপাতলক্ষণগুলি যে আর ব্যবহৃত হবার নয় এ-সত্য অভ্রাপ্ত জেনেকবিতার ম্ক্তির জন্ত 'শতভিবা' প্রয়োজন অহভব করেছিল নতুন পথ-সন্ধানের। 'সম্পাদকীয়': শতভিবা ৩৩, ফান্ধন ১৩৭২।

তিরিশের 'কাব্যের মৃক্তি'র পরে এই পঞ্চাশের 'কবিতার মৃক্তি'। অতিক্রম্য তিরিশের কবিবাই, কারণ চল্লিশের কবিদের তাঁরা বিবেচনা করেছিলেন তাঁদেরই অগ্রন্থ সতীর্থ বাদের কেউ কেউ লিখছেন তাঁদেরই কথামুখ, যে ক্লেত্রে চল্লিশের কবি নিজেদের পরিচয় লিখেছিলেন 'তিরিশের কবিদের গুণগ্রাহী পাঠক এবং দ্বিতীয়ত উত্তরসাধক হিসেবে।'^{১ ব}

তিরিশের বন্ধনমৃক্ত হয়ে কী আয়ত্ত করতে চেয়েছিলেন কবিরা ? থগুকালের সংশয়-ছায়া ঘোচানো শাখত কবিতা ? অলোকরঞ্জন দাশগুপ্ত 'ঘৌবন বাউলে'র উৎসর্গ-কবিতার লিখলেন, 'মৃত্যু এসে বাঁধুক ঘর / ছলে, আমি কবিতা ছাডব না', সন্দেহ হয়্ম সে তথন উদ্ধার করে আনবার, শাস্তি লাহিডী তার 'বাংলা কবিতা' সংকলনের সম্পাদকীয়তে লিখেছিলেন, 'বাংলা কবিতার পঞ্চম দশক পুনরধিকারের, পুনরজনের, পুনরক্তনির মাহেল্রমূহ্রত', অতএব অন্তর্বতী সময়টুক্ তাঁদের কাছে 'অন্ধকার যুগ'। কিংবা ঘুম, বা আত্মবিশ্বতি। অলোকরঞ্জন সোজায়্মি বলেছেন: 'আবার জীবন'—

এক হাজার বছর পর জান্লা খুলে দেখলাম আমার টগর গাছ দ্বির দাঁডিয়ে আছে,
আমার কবর খোঁডা হয় নি এখনো, কোনো কবর ছিল যে বলে মনে তো হল না;
ফুটুফুটে ছোট্ট ছেলেটা এক অমিত উন্থান খুঁজে পথ ভেঙে আল ভেঙে পথ হেঁটে যাজে,
আর কী ষে রোদ কী যে রোদ্ধুর কী যে রোদ্ধ, মাঠের উপর ময় ঘাসের ঘটনা।
রোদ, রোদ্ধুর, রৌল, শত নামে বলেও আনন্দ ফুরোয় না বা আসছে সঞ্জীবন-উল্লাস

থেকে, প্রত্যাহের দিনটি উচ্ছুসিত হয়ে উঠেছে একই সঙ্গে স্থর এবং বর্গের ইচ্ছায়, কবিকে আলম্বারিক বিপর্যাসের আশ্রয় নিতে হচ্ছে বলতে

> 'সংগীতে রঞ্জিত হব' এই মাত্র ইচ্ছের ক্ষটিকে ঠিক্রে পড়ে যৌবনের প্রাতাহিক আলো, ফুল ফোটা

'ধানে গানে বহুধায়': শব্দ ঘোষ।

খরকুনো কবির খরে শত পথে ঢুকে আসছে ঐশ্বর্য-প্রকৃতি সাত রঙের জানঙ্গা হাজার আকাশ

>२ 'চলিদের চোধে চলিদের কবিতা'। 'अनुगक्तात मृतकात । 'अनिक कविका, अधिन ১৯৬৮ ।

আবার কাছে এলো যেন বৃষ্টি-পড়া দিনের নিবিড খ্যামল মমতার।

শিবশার কবি : আলোক সরকার।
যৌথ, পৌনঃপুনিক ব্যবহারে এত বড প্রত্যক্ষ আবেগও যদি হরে ওঠে অফুজ্জন প্রবণতা,
তাতে বনে ওঠে সার্বজনীন ছাঁচ, কবির পরীক্ষা হয় কিন্তু তার জন্ম আবেগটিকে দায়ী
করা যায় না। এই সময়কার প্রভূত কবিতার সামান্ত চারিত্র আলোক সরকার স্থির
করেছিলেন 'মনোময়তা ও সংগীতসংহতি' বলে, একজন অংশী-পঞ্চাশীর আত্মবিচার
এই সামাজিক ভাবে: 'কবিতা লেখা যেন সহজ্ঞ হয়ে গেছে, সর্বত্রই বেশ খুশি-খুশি
পরিতৃপ্তিব চেহারা। তার মানে এই নয় যে, আমরা আশাবাদী কবিতা লিখছি,
বরং উন্টোটাই তো সত্য, হঃথের কবিতার সংখ্যাই বেশি, কিন্তু হঃখই হোক আর
অন্ত যা কিছুই হোক, তবন প্রায় যান্ত্রিক ভাবে একটি যন্ত্রণার কবিতা লিখে উঠে,
আমরা পরীক্ষার থাতা যথাস্থানে তুলে দেবার আগের চঞ্চলচোথে মোক্ষম অংশগুলোর
দিকে তাকিয়ে ছাপাখানা বা সম্পাদক-বন্ধুর হাতে তুলে দিই।'' জলে, এই কবিতার
আরেকটি যে আপতিক-চেহাবা, সংরক্ষিত হয়ে আছে জ্যোতির্ম্য দন্তের 'আধুনিক
কাল ও বাংলা কবিতা' নামে প্রবন্ধে। ক্ষেকজন পঞ্চাশের কবি এই লেখারও
উপলক্ষ্য। লেখাটির আবো গুরুত্ব এটি 'কবিতা'য পত্রন্থ বলে, আদি ১৯৫৬য়। প্রাস্বিক
স্থল থেকে অংশবিশেষ উদ্ধত করি:

ভেবেছিলাম এঁদেব কবিতা হবে তারুণ্য না হোক ছেলেমাছবিতে ভরা; বয়সোচিত প্রাধা, উদ্ধত্য ও ভূল প্রত্যেক পাতায় লক্ষ্য করব, প্রচলিত ধারণাগুলিকে তাঁরা বার-বার প্রশ্ন করবেন, একটুও স্বস্তি দেবেন না কথনো। এবং অপরিণতির ভূল ভবিশ্বৎ সম্ভাবনার পূর্বলক্ষণ হয়ে দেখা দেবে ··

কবিতাগুলি প্ডবার পরও বিব্রত বোধ করছি, কিন্তু অন্য কারণে। পূর্বগামীদের আধুনিকতার বদলে এঁরা নতুন কোনো আধুনিকতা আনেন নি, তাঁদের ভাষা-চেতনার বদলে নতুন কোনো চেতনাব জন্ম দেন নি , এঁদের কবিতার ধারণা জীবনানন্দ দাশ, স্থাীজ্ঞনাথ দন্ত, অমির চক্রবর্তী, বুজদেব বন্থ বা বিষ্ণু দে-র ধারণা থেকে স্বতন্ধ নয়। তৃঃসাহসিকতা এবং বয়সোচিত বিজ্ঞাহের বদলে এঁরা সামাজিক হাঁদে নির্বিবাদে মেনে নিয়েছেন। এঁরা জন্মাবার আগে থেকেই যেন প্রোটত প্রস্থিবীতে এসেছিলেন।…।

এ যুগের কবিদের প্রভেটকে অভুতরকম বিদেশবিম্ধ। তাঁদের মধ্যে সমস্ত

১০. 'করেকট কবিভার বই'। শভতিবা ২২। এবং 'সাম্প্রতিক কবিভা': প্রণবেন্দু দাশশুত, পতভিবা ২৪।

যুগ ও সমস্থ পৃথিবী তোলপাত করে নিজেদের ছাব্যচর্চার আনর্শ-সন্ধানের উৎসাহ প্রায় নেধাই যায় না। বাংলাদেশে যথন স্থান্দ্রনাথ দত্ত, বুদ্ধদেব বস্থ ও বিষ্ণু দে ভর্ ইংলাও নয়, ইওরোপের প্রধান-প্রধান কবিদের রচনা অস্থবাদ করে সারা ইওরোপকে আমাদের ঘরানা করে তুলেছেন, তথন বিশ্বিত হয়ে আবিষ্কার করি আমার সমবয়সীরা ইয়েট্স্ কি এলিয়টের সবচেয়ে কাঁচা লেখা বেছে নিয়ে 'অনস্রা-বিজয়া সংবাদ' কিংবা 'La figlia che piange'র অস্থবাদ করছেন।

এতে তৃঃখিত হ্বার কারণ থাকলেও বিশ্বিত হ্বার কারণ হয়তো নেই। ঠিক যেমন এই প্রতিষ্ঠিত কবিদের বারা অন্দিত কবিতা ও কবিদের বদলে অন্ত কোনো বিদেশী কবি কিংবা কবিতার যুগ আমরা নতুন করে খুঁলে পাই নি, ঠিক তেমনি নিক্ষের দেশের কোনো কবি কিংবা যুগও আবিকার করতে পারি নি আমরা। এবং তার কারণ, এঁদের কাব্যাদর্শের বদলে আমরা নিজেদের হয়ে কোনো নতুন শিক্ষধারণার জন্ম দিই নি। বিষ্ণু দে কিংবা স্থণীন্দ্র দত্তর আধুনিকতা হয়তো আমার বর্ষসের কবিদের কাছে এখনো অত্যাধুনিক। শিল্পে এখনো আমরা হয় 'সমাজবাদী' নয় 'আনন্দবাদী'।

এই আদি-সমালোচনার অনেক যুক্তিই থণ্ডনযোগ্য, সমালোচক নিব্ৰেও আলোচ্য कविराग्द चाउक्क-खेरलाथ चारा निरामद विकासका करताहान। किस धरे जारणाहान। भएए-সবটাই যে অচ্ছিত্র শান্তিকল্যাণ নয়, এটুকু প্রতীয়মান হয়। যৌবনের স্পর্ধা-ছঃসাহস कि तारे अरे कवितनत ? 'आभात योगता जूमि म्मर्था अता मितन', 'इःमारुनी रूछ, ভালোবানো, / জানাও ভোমার প্রেম লজাহীন লপটের মতো'—এই স্পর্ধা, কিংবা 'বে কোনো বুক্ষের দেহে আমি এনে দিতে পারি দৃষ্ঠ, পুষ্পভার'—এই ঔদ্ধতাও তো দেখেছি। নয় বটে বেমন দেখেছি 'জলের পুরাণ'এ: 'পৃথিবীতে আছি আমি ছাব্দিশ बहुत. / जन्म घटि नि जात्का विटकार्यन, जान्यनर याज ! 'नमाकवान' वा 'जानन्तवान' কি সক্লান হবার নয় আধুনিক শিল্পধারণার ? 'পূর্বগামীদের আধুনিকতা' কি এমনই সেকেলে হয়ে গেছে বে সে আর কাজে লাগবার নয় নতুন-আধুনিক কালে ? छा इतन धरे 'मारकरन'-पाधुनिकरक्ष ष्ट्रांष्ठ रकरन कविता रव पावाइन-वन्नना कतरण শেলেন সনাতনীয় সে কি সমন্বিশ্বত হয়ে? স্থনীল গলোপাধ্যায় এক দণ্ড বিশ্ৰম্ভ कांठीरक जातन 'बार्किकिया'य, जातन निवातन, 'बायिश ठाई व्यवनि ना द्य जकरी विका / अनाध्निक श्रवंशे बरेनूम (करे वा तत्थरह'। यक वफ श्रवान शान, यक्ष्यानि **দার্রের** হোক--এই অনাধুনিক থেকে পঞ্চানের কবিভার বিভীয় মৃক্তি যে আস**র হ**রে উঠেছে জা লক্ষ্য করা গেল বাঢ়ি-দশকের উপকর্ণে আদতেই।

এক কবি জানালেন, 'চতুর পাখির মতো উড়ে গেছে পাতার্ব্ব কপোলি'। 'চতুর' শব্দ ধর শব্দ নম, তবু লক্ষ্য হয়। শোভন সোম লিখলেন 'রাড়ক্ষ শহরে'র বর্ণনার

> দেখ দেখ, প্রকৃতি পালাচ্ছে জ্রুত পার বৃদ্ধলতামাঠপাথিদৃশ্রের প্রসার ওই আঁচলে লুকিয়ে।

কেবল কি প্রকৃতি ? 'এই উনবিংশ বাট সালে / হান্য আমিষ দাই, রক্ত নষ্ট । সমরেক্স সেনগুপুর লেখার শুনতে পাওয়া গেল, 'পৃথিবীর সমশুলী ডিত এ সমুরে / শুধু পতনের শক্ষ…'। কিছু একটা ওলোটপালোট হয়ে গেছে নিশ্চয়—পটভূমিকার, জীবনধারণার, কিন্তু সে কী স্পাইত ? কবিরা লিথছেন একআধ-ছ্ত্র ছিন্ন প্রতিক্রিরা, অজিমান : 'মা গো আমার থেলার পুতূল অনেক দিন হারিয়ে গেছে / সমস্ত ঘর এখন একলার' যে হয়ে গেল সেই অভিমান, 'নিষিদ্ধ কোঞ্চাগরী'র, যৌথ এক 'গোলাপ'-প্রতীক্তে লিখে রাধা দিব্য রূপ-রিক্থের প্রত্যাহারী যে অভিমান—সারাবাত অনিস্ত গোলাপ, 'শোও জানলা খোলা থাক বাভায়নে ষেও না গোলাপ', 'কখনো বঁধুর কানে রোক্স রাজে একই গোলাপ / আবৃত্তি কোরো না' 'গোলাপ এমন করে পথে পথে ঘুরো না প্রত্যহ' 'এ গোলাপ ঝরে যাবে, যাবে না কি…', কোভ : ভ্রংশ-লাগা আপন গোলাপটির বিক্ত্রে, 'আমার গোলাপ তবু বিহরল ধুলোর নিক্পায়ে / কাঁটার রক্তাক্ত ক্ষোভ ব্যাপ্ত করে অনিঃশেষ জ্যোতির দহনে'—'কাঁটার রক্তাক্ত ক্ষোভ'—যেন অন্তর্গত সময়-আলেখ্য, 'নিপ্রোদের মতো অভিমান করি, অভিমানের স্পাই শক্ষ'—যেন সতথ্য কুল নিপীভিত-নিগ্রোর ইভিহাস-যোগে, তবু বিষতীর বেঁধা মুহুর্ভটির প্রথম শিল্পায়তি হেনন এই কবিভায়

হয়তো গন্তব্য ছিল সুর্বলোক কিংবা আরো দ্র গ্রহান্তরে ডেকে নিয়ে এলো তাকে আমাদের বিষণ্ণ পলব, ভাবে নাই, অনভিক্ষ, এখানে ঝরনার কঠমরে গরল লুকিয়ে থাকে, নরক ছড়ায় ভিক্ত ফুলের সৌরভ। হে নীল নক্ষত্রপূঞ্জ, তোমাদের প্রেরিত শয়তান অগগন শিশু মেরে জুড়োর পাহাড় গড়ে তোলে, অথবা টুকরো ক'রে বাড়ি ভরা নগরের গান মাথা রেখে ভরে পড়ে মদিরা কি রক্ষিভার কোলে। ভর্ ওরা চলে আদে। কার জন্ত ? কালের প্রপাত বেখানে ভাসিয়ে আনে ছশো কোটি মান্তবের ভিড়, পৃথিকীয় ধুমারিক মুক্তেকর কিবো ভার মীড়,

চাকরি, প্রেম, গণৎকার, বৈড়াল সংখাত।

'গন্ধরাঞ্চ': রমেন্দ্রক্মার আচার্যচৌধুরী।
চল্লিশের শ্বিষ্ক, বৌদ্ধ কবি রমেন্দ্রক্মারের এই অভ্যুদর হল বাটের উপক্রমে। হল
'ক্বন্তিবাসে'র কবি রূপে, কিন্তু অচিরে নিবাস নিলেন তিনি একান্ত গুহার, 'আরশিন্দ্রবি'র শিল্পশ্রম অফলিত হয়ে রইল।

সময় ঘূর্ণিত হয়ে উঠেছে চারপাশ বিভ্রাস্ত করে, যেন হঠাৎ টের পাওয়া গেছে কেউ আর খাপ খাচ্ছেন না জ্ঞানে-খ্যানে-প্রথায়-পশ্চাৎপটে, যেন অনাদিবহতা জীবন হঠাৎ বিশ্বাসভন্ন করে ঠেলে দিয়েছে পদাশ্রয়টুকু—অনাচার ষড্যন্তে, আর সেই 'অনীশ ভরতে'র মুথে প্রন্ত-দিশাহারা হয়ে গেচে তাঁদের জীবন, শব্দ-বন্ধ, ঘন হয়েছে পাপ-অবিশাস-ক্রথে দাঁডিয়েছেন, ভাঙতে চাইছেন সব কিছু পরিপার্বের, অথবা যে ভাবে বলেছেন শব্দ ঘোষ: 'এক স্পর্ধিত ভয়ত্বরতার মধ্যে উন্মন্ত ছুটে চলেছেন…', এখানের থবরকাগতে তার কোনো ছাপা নেই—বোমা বিপ্লব, কিংবা দর্শনচিন্তার কোনো বিপর্ষয়। তা হলে কি দেশাতীত আন্তর্জাতিকতার স্থ্র যাকে আধুনিকতার অবশ্রুশর্ত বলে উল্লেখ করেছিলেন জ্যোতির্ময় দত্ত? তবে কি বোদলেয়ার? বুদ্ধদেব-বাহিত? 'মাতাল মাতাল হও, বোদলেয়ার দিলেন বিধান'—এই বিধান ? স্থারিয়ালিজম ? আরাগ বলেছিলেন, দে হল হতবৃদ্ধিকারী চিত্রমালার উন্মাদ আবেগমর বিনিয়োগ। পঞ্চাশ-দশকের শেষে ক্যালিফোনিয়ার তরুণ কবিদের 'বীটনিক'-আন্দোলন পৌছেছিল বুটেনে, ষাটের শুক্কতে অ্যালেন গিনস্বর্গ এলেন কলকাতায়, সৌহার্দ্যবন্ধ হলেন কোনো কোনো তরুণ কবির দঙ্গে। বিলিতি 'ক্রুদ্ধ যুবা'দের কার্যকলাপ, কলিন উইলদনের একখানি বই 'আউটসাইডার' সেও পৌছেছিল। এঁদের credo বা তত্ত্ব ছিল হুবান্ত, তার পিছনে হাইভেগার-সাত্তের দর্শন-নির্ভরও ছিল-এরা যথার্থ পৃথিবীকে দেখতে পেষেচিলেন অনিধারিত 'কেঅস'-রূপে, এঁদের বাঁচা অতীতভবিশ্বৎহীন কেবল প্রত্যক্ষ-মুহুর্তের বাঁচা, আত্মাহীন দেশকালের পাপে-অবিশ্বাসে এঁরা বিক্ষত, সমস্ত প্রথা ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে এঁদের আস্থা 'ভায়োলেন্সে' এবং ধ্বংদে। ব্লেক-বিচলিত গিন্সবর্গ উদ্গ্রাহী কবিদের যে ভাবে বিচলিত করলেন তাতে ব্লেকের দিব্যোমাদ আছে না আর किছ, तम निर्गय कदारान कांगारख्या, अभवमा एमथा शमन छात्रा जांत्र पर्मन-हिज्यश्व वायशास त्में एमंडे जेमामनाव, रयन निस्म्बांडे भर्यविष्ठ इरहाइन भविश्विष्ठ इरहा। 'দৈনিক কবিতা' গিন্সবর্গের প্রসঙ্গে লিখেছিলেন, 'অতি-আধুনিক কবিলের একাংশ এঁর ৰাবা প্ৰায় न ম্বো হি ত হয়েছিলেন।' সেই সিন্দ্ৰগকৈও বীট-গোটার চৰমতম প্ৰতিবাদ বলে গণ্য 'হাউল'এ দেখা যায় মৃহুতের দকে জন্তার দ্বতে: 'I sa w 'the best minds of my generation destroyed by madness, starving hysterical

naked, ...'। 'কৃত্তিবাদ' পত্রিকায় প্রথমত পরিসর হয়েছিল এই অতি-আধুনিকতার।
দেখা গেল 'কৃত্তিবাদ'-উপচিত হয়ে দেই অভ্ত প্রমন্ততা জন্ম দিতে চলেছে এক 'কৃ্ধিত
প্রজন্মে'র 'কৃৎকাতর কবিতা'র। 'হাংরি-জেনারেশন' বা 'হাংরিয়ালিন্ট'দের সলে ছিলেন
শক্তি চট্টোপাধ্যায়, উৎপলক্ষার বহু, মলয় রায়চৌধুরী, বিনয় মজ্মদার, সমীর রায়চৌধুরী
এই দব পরিচিত কবিরা। মলয় রায়চৌধুরী 'স্বপ্ন'-সংকলন করতে প্রযুত্ত হয়েছিলেন,
এবং শক্তি চট্টোপাধ্যায় গিন্দ্বর্গের কবিতার অম্বাদ। কিন্তু ম্ধ্যতর ভাবে তাঁরা লিথতে
চেয়েছিলেন তাঁদের 'inexorability of poetic violence', 'কৃৎকাতর বুনো অসভ্য
ম্থোশহীন সত্য'। 'কৃত্তিবাদে'র সভ্য ছিল কিন্তু সংবিধান ছিল না। মলয় রায়চৌধুবী
লিথেছিলেন 'হাংরি-জেনারেশনের কাব্য-দর্শন'। কিন্তু তার আগে ষাট-স্কুচনার
'দেশ'-পত্রিকায় ১৯৬২ সালে 'হুই বসস্তে' নাম দিয়ে যে আধুনিক কবিতার বিবরণী
লিথেছিলেন শন্ধা ঘোষ, তার থেকে তার প্রাক্ম্হুর্তটির উল্লেখ করি। এই ভাবে আছে
ছবিটি: 'বিগত কয়েক বছরে কবিরা যেন আবার একটি হঃসাহসী অম্প্রবেশে প্রস্তুত,

•--অনভ্যন্ত এই প্রবেশের প্রথম অভিঘাত তাঁদের ঈষৎ বিদ্রান্ত করে দেবে এ হয়তো
স্বাভাবিক, তবু তাঁদের দিশা হারানো আর দিশা নির্গমের প্রবল পদক্ষেপগুলি এক নৃতন
আয়োজন স্তুষ্টি করেছে আধুনিক কবিতায়।' অতঃপর:

এই এক-বছরের কবিতায় সবচেয়ে লক্ষ্যগোচর ছিলেন তিন তরুণ কবি: শব্জি চট্টোপাধ্যায় স্থনীল গলোপাধ্যায় এবং অলোকরঞ্জন দাশগুল্ঞ। এই নামগুলি কবিতাপাঠকের মনে পড়ে এ-জন্তে নয় যে এঁরা সবচেয়ে বেশি লিখেছেন অথবা সবচেয়ে ভালো। কেন না ভালোমন্দের বিচার—বিশেষত কবিতার ক্ষেত্রে—জনে জনে বড়ই ভিন্ন), মনে পড়ে এই জন্তে যে অতি তীব্র হ্যতিতে বাঙলা কবিতার ইতিহাসে এই তারা অধিকার অর্জন করে নিলেন। সম্ভবত সেই জন্তেই এঁরা একই সক্ষে আজ্ব সবচেয়ে বেশি প্রশংসিত ও আক্রান্ত।

'তোমারে শাসাতে আমি বাদে / এগিযে আসে না কেউ' বলে সমস্ত চূর্ণ করে দিতে যেন এগিয়ে আসেন শক্তি চট্টোপাধ্যায়, কেন না 'আমি মৃক্তি মানে বৃঝি / তোমার বৃকের পরে. বসে থাকা : গায়ে থাবা গুঁজি / তোমার জগতে যেন ক্মোরের মতন গম্বুজে।' এই তাঁর শিল্পের অভিজ্ঞতা, এই এক স্পর্ধিত ভয়স্বরতার মধ্যে উন্মন্ত ছুটে যাওয়াতেই তাঁর বিশ্বাস। বস্তুত তিনি বিশ্বাসহীন নন, এক মহাসর্বনাশেই তাঁর বিশ্বাস, ও-ই তাঁর অরণ্যের ছবি । বিশ্বাসহীনতার এই ভরাল বিশ্বাসে শক্তি এখন আর একাকী নন, সাম্প্রতিক কবিতার একটি ধারাই এই বিশিষ্টতার চিহ্নিত হয়ে উঠেছে, 'নামহীন আধারে অভিজ্ঞান্ত।'

কিন্ত স্থনীল আছেন এক আততায়ী জগতে, যেখানে থাকার অভিপ্রায় তাঁর

নয়। য়য় য়ড়িছের ওই নির্মান্তা থেকে ,মৃক্টি নেই এই জিনি জানেন, য়য়ঢ় 'যেখানে রূপ গেল দব রূপান্ধরে', মাঝে মাঝে মাথ যার দেখানে যাবার। জাঁর বচনা বিদারের, স্বভিন্ন, প্রভ্যাধ্যানের, আত্মপীডনের। জাঁর 'চতুর্দিকে প্রভিন্ধনি বিদার বিদার বিদার কিনর' কেন না কিছুতেই শেষ পর্যন্ত অন্তি-তে পৌছনো ম্মানে না—মেফিস্টোফিলিদ কেবলই ক্রুত ছুটে এদে জানিয়ে দেবে 'এক-পা উপরে গেলে বাঁ-হাতের উন্টোপিঠে মারব ভোকে বিষম তুফান!' ভার পরেই আর্ত পতন। আর এই পতনের কাছে নত ভাঙা বেদনার জন্তেই কি তাঁর কবিভার শরনের চিক্ত এত ফিরে ফিরে আনে? অন্তি ও নেতি-র সংগ্রামজাত এই যে পীডন স্থনীল গলোপাধ্যায়ের কবিভার এক রক্তাভাব স্থাষ্ট করেছে, দেই লক্ষণও আজ আর বিছিয়ে চিক্ত নয়, বরং এই বেদনাই আমরা এখন স্বচেরে বেশি বিকীর্ণ দেখতে পাছিত কবিভাজগতের চতুর্দিকে।

শক্তির পিছনে এবং স্থনীলের চতুষ্পার্থে বাঙলা কবিতাব বে ধারা 'নামন্থীন আধারে অভিদ্রন্তই' এবং 'অভি-নেতি-র সংগ্রামন্ত্রাত পীডন'বেদনায় সমাচ্ছর, তার বাইরে ছটি শতন্ত্র নাম আছে এই লেখাতে। একজন অলোকরঞ্জন, আছেন 'শুদ্ধ ব্যতিক্রমে'র মতো, অপরজন আলোক সরকার, 'তাঁর শব্দ-ব্যবহারের এক আপন-রীভিও তাঁকে এক গোপন আবরণের মধ্যে রেথে দেয়, যেন তাঁর কবিতা সকলের সামনে আসবার জন্তেই নয়।'

এঁদের লেখা, এবং পূর্বশ্রুত আরো কোনো কোনো পঞ্চাশের লেখা, হয়তো অতঃপর আর সকলের সামনে আদে নি। ক্ল্যোতির্যয় দত্তের তিরস্কার 'কবিতা'র অফুচ্চ পৃষ্ঠার কেবল ঘনিষ্ঠদের নেপথ্যকোতৃহলভোগ্য, 'দেশ' পত্তিকায় শঙ্খ ঘোষের মৃহুর্তনির্ণয় সঞ্চারিত হয়েছিল আসন্ন এবং আগামী পাঠক অবধি। ১৪

'সকলের সামনে আসবার'ও এক লক্ষ্য এই যে নতুন কবিতার, সে দেই তিরিশ বা চল্লিশের গণসংযোগআম্পৃহ। নয়, লোকরভাজ্জীবনের নিঃসম্পর্কিত, কবিতা মাত্র সম্বল করে সে দাবি করছে পাঠকের মন এবং প্রীতি, আধুনিক কবির যা অম্বপ্রহাশা— জয় করে দিচ্ছে কবিকে। তিরিশের কোনো কবিই সকলের সামনে আসেন নি, চল্লিশের কোনো জনজারী অসংশয়িত হন নি কবির পদবিতে। এঁরা হাত দিলেন ছয়ের বিরোধ-নিশান্তিতে। রবীশ্রক্ষমশতবর্ষের থেকেই যেন পরিক্ষৃত হতে শুক্ত হল কাললক্ষ্য, তার

১৪. জ্যোতির্বর দত্তের একজন অন্তপ্ত পাঠকের প্রতিক্রিরা 'কবিতা' মৃত্রিত করেছিলেন। প্রবেশক লিখেছিলেন: 'বে-নাছিত্তা 'বনজভা,সের', 'সংবর্ড' বা 'পালা-বনলে'র মড্ডো কাব্যএছে ভাকর, সেথাকে এ ধরবের জ্ঞানিক অবনভি কেনেও লৈরাভ এড়ানো বার বা। কবিতা-লেখা ক্রিকার প্রটেম্কন-ভাই বীকার বা ক্রিকার কেই।' কবিছা, ক্রিরিন ১০৯০। পরের এক ববীজ্ঞানান্ত জিনিন উপলক্ষা করে 'দৈনিক কৰিতা' বেরোতে গুরু হল মুগপথ হগলি আর কলকাতা থেকে, দিনের বিলম্বও ধৈর্যাতীত বলে বেবোতে লাগল 'কবিজাঘটিকী'—মন্টার ঘণ্টার ছাপা কবিতা। ' বাটের শেষ দিকে অমিতাভ দাশগুণ্ড যে কাব্যসংকলন প্রকাশ করেছিলেন তার মলাটে মুক্তিত ছিল শ্লোগান: 'থ ব রে র কা গ জে র
ম তো ক বি তা প তা হোক। ক বি তা থে কে জ ল আ র ধোঁ রা এ কে বা রে
কেটে যাক। গুটি বাই ও অ স্পু শু তা থে কে ক বি তা মুক্ত হোক।
ক বি তা থাও রা - প রা র ম তো ব্য ব হা রি ক হ রে উ ঠুক্।' তার আগের
প্রমান স্বভাবে তা হলে সন্ধান করতে হয়।

প্রাথমিক-পর্বের ছটি কাব্যালোচনার থেকে উদ্ধৃত করি সমালোচকের চোথে লাগা কবিতার নিহিত পদ্ধতি:

১ শব্দের ধ্বনি নিয়ে যে সব মৃল্যবান পরীক্ষা সাধারণত তরুণ কবিরা করে থাকেন তেমন কোনো চিহ্ন স্থনীলবাব্ব কবিতায় আমি পাই নে। তাতে তাঁর কাব্যে অসক্তি কিছু দেখা যায় না। সহজ, সাধারণ বিশেষণ তাঁর পক্ষে প্রয়োগ অভার হবে, বলা উচিত সরল কবিতা রচনায় তিনি দক্ষ। তাঁর মেঞ্চাজ্ব যে অন্তর্মপ তার প্রমাণ, একটি 'মৃড'এর চেয়ে, কোনো গল্পের ইঞ্চিত অবলম্বনে রচিত কবিতার সংখ্যা এই গ্রম্থে অধিক। এই কারণে তাঁর অধিকাংশ পভাই নায়কনায়িকা নির্ভর। 'তুমি' 'তোমাকে' 'আমি' 'আমাকে' ইত্যাদি ব্যক্তিস্বাক্ষর-যুক্ত শব্দ তিনি অধিক ব্যবহার করেছেন। এ সব কবিতার স্থাদি ভিন্নতর, এতে আমাদের দম আটকিয়ে আসে না, হয়তো ভাবনার জন্ম দেয় না, কিন্তু একটা স্থন্ধি পাওয়ঃ যায়। জানি 'মনোরঞ্জন' কথাটি খারাপ, তথাপি বলতে বাধ্য হচ্ছি এ কবিতা আমাদের মনোরঞ্জন করে।

'একা এবং কমেকজন': কমলেশ চক্রবর্তী-সমালোচিত, উত্তরস্থরি, পৌষ ১৩৯৫ ।
তাঁর কাব্যশক্তি বছপ্রস্থ । আধুনিক কবিদের মধ্যে শক্তি চট্টোপাধ্যায়ের জনপ্রিয়তাও অনন্তসাধারণ । এর সবচেয়ে বড কারণ, যথন আধুনিক কবিতার বিরুদ্ধে
নালিশ সবচেয়ে প্রবল তথনই শক্তি আধুনিক কবিতার কফীহাউনে প্রবেশ করলেন
হবোধ্যতম কবিতা হাতে নিয়ে । শুধু হবোধ্য নয়, হপ্রাব্যও । অনেকদিন পর
কবিতা-কষ্টের মধ্যে অক্সন্ত পীড়িত পাঠক শক্তির কাছে পেলেন এক অপ্রত্যোশিক্ত
প্রায়-ক্ষবিশান্ত ছব্দে প্রত্যাবর্তন । ছন্দ ও আধুনিক কবিতার মধ্যে যে অহিনক্লটি

১০. ছপ্ৰির কাগন্ধট হল 'কবিতা দৈনিক' কলকাভার: 'দৈনিক কবিতা', বিমল রারচৌধুরী, শান্তি-লাহিড়ী সন্পাদিত। অন্নপকুষার যোষ হ্রের পার্থতা দেখাতে লিখেছিলেন, ''কবিভা দৈনিক' দৈনিক কাষ্যপত্র, 'দৈষিক্ষ ক্ষিডা' দৈনিক ক্ষিডার সমোধপত্র।' কবিডা দৈনিক ৩২।

এতদিন শার্ছ লের মতো বেড়ে উঠেছিল শক্তি প্রথমেই তাকে বধ করলেন ছন্দের তীক্ষ অব্যর্থ তীর ছুঁডে । মিলের চাতুর্বে পাঠকের উপবাদী #ভি সম্মোহিত হল; শক্তি তিরোহিত আবেগকে ডেকে আনলেন কবিতায়, বসালেন কবিতার প্রথমে, শেষে, সবধানে। এ যেন বিলোহের বিরুদ্ধে বিলোহ। ঠিক প্রত্যাবর্তন নয়, কিন্তু অনেকথানি পশ্চাদপসরণ নিশ্চয়ই। এই পশ্চাদপসরণে সমত হয়েই তিনি আধুনিক কবিতার ভূখণ্ড জয় করলেন। ছলের দিকে মুখ না ফিরিয়ে হাদরের দিকে মুখ ফেরানো প্রায় অসম্ভব ছিল। শুধু ছন্দ নয়, মিলও। তিনি পাঠককে বুদ্ধি-চৰ্বণের হাত থেকে নিক্ষতি দিতে চাইলেন। দেখাতে চাইলেন, সহজিয়া কবিতা 'দিয়েও আধুনিক কবিতা রচনা করা সম্ভব। বাঙলা কবিতার পুরোনো অভ্যাস— ছন্দ, মিল, এমন কি কাব্যিক কথাগুলি পর্যন্ত তিনি নির্নজ্জা ও সাহসের সঙ্গে কবিতাম স্থান দিলেন—'প্রিয়' 'প্রিয়তমা' 'কেহ' 'থুলিয়াছে' 'ডুবিয়াছিল' 'ডাকিয়া' 'এ জনমে' 'থুলিতে' 'দেয় নাই' 'পুৱাতন' 'লিধিও' 'বিবাহ'। বলা ষায়, রবীন্দ্রনাথ-ব্দীবনানন্দের হাত ধরে তিনি আধুনিক কবিতার সিঁডি ভাঙতে শুরু করেন। আধুনিকতার মধ্যে অনাধুনিকতা, এও এক ধরনের আধুনিকতা, এর মধ্যেও নতুনবের স্বাদ আছে। শক্তি চট্টোপাধ্যায় আধুনিক কবিতার কৃট্টিমে বনে প্রথমেই পাঠকের সঙ্গে এই ভাবে আত্মীয়তা পাতালেন, আধুনিকতার প্রতি অ্যালাঞ্চি ভেঙে দিলেন। 'চয়নিকা' 'দঞ্চয়িতা' 'বনলতা দেন'এ যাদের ক্ষৃচি হয়েছে তাদের কাছে তিনি অধিক কোনো ছুরছ শর্ড আরোপ করতে চাইলেন না, এবং প্রথম রাউণ্ডেই তিনি জয় লাভ করলেন।

'ক্লিরাফ্-নক্ষত্র-সোনার মাছি': জগন্নাথ চক্রবর্তী, লেখা ও রেখা, আখিন ১৩৭৪। স্থনীল গলোপাধ্যার প্রথমাবধিই কাজে লাগিয়েছেন তার গল্প ব্যনের প্রতিভা এবং বলা যায় বৃদ্ধদেব বস্থর জনসংবেদন-সভাবনা—'মায়াবী টেবিলে'র স্বেদে-তিতিক্ষার যা পরাহত হরে ছিল। শক্তি চট্টোপাধ্যায়ের আপাতশৈলিতে প্রতিফলিত জোডকলম জীবনানন্দ-স্থভাব মুখোপাধ্যায়ের সফল বাচনাংশ। স্থনীল গলোপাধ্যায়ের প্রথম লেখা বিতীয় বইয়ের কবিতায় নতুন দৃখ্যাভাস রচনা করেছে, এবং অসংবৃতি-স্থলেও লাভ করেছে ঘনত্ব, কিন্তু শক্তি চট্টোপাধ্যায় 'ধর্মে আছো জিরাফেও আছো' থেকে উত্তরোত্তর পরিহার করেছেন তাঁর আ্যাজিত রচনাঘনত্ব, যে সাহজিকতার তিনি স্বতঃস্থতাবী তাকে ব্যবহার করেছেন মাত্র তুক্ রূপে। বহুষশন্বর তাঁর লিরিকের প্রার্থকিপ অর্থহীন এবং সমধিক স্থনিপুণ লিরিকলেখার জন্ত মবীক্রপার্থবর্তী কবিদের আমন্ত্রা দণ্ডিত-অপাংজ্যের করে এসেছিলাম—সেই অভাব-জাকাক্রার শৃক্তত্বান ফ্রেক্স্ক্রিত হয়ে উঠল তাঁর হাতে। অমুখাপেকী তাঁর স্বলক্ষ্য কবিতার চ্ছা তাঁর

জমণভাষেত্রি কবিতার—মনস্রমণ বা বনস্রমণ, 'সোনার মাছি' বা 'হেমন্তের জরণ্যে'ক নিশিপাওরা সম্নাত্বলিক মরতা। তব্, অপ্নার্ড সেই পরাবান্তবতা, কিংবা আ্লাদময় তাঁর গুললেন পাঠকচিত্ত। বেমন স্থনীল গলোপাধ্যায়ের 'আমি কী রকম ভাবে বেঁচে আছি'র স্থর্রিয়ালিক প্রবলতা পাঠককে নাডিয়ে দিল প্রায় উৎসবউন্মাদনায়, পুনক্ষজিময় তাঁর চারপাশের অগ্নিকাণ্ড প্রতীয়মান হল বন্ফায়ারের মতো ফাগ-ব্যাক্লিত। পূর্ণ ঘাট-দশক জ্ডে এঁরা যে পঞ্চাশের সবচাইতে সিগ্নিফিক্যাণ্ট কবি শঙ্খ ঘোষের এই পূর্বাভাসিত সিজান্ত এঁরা প্রমাণ করতে চললেন অবিসংবাদিত রূপে।

ব্যক্তিগত কাব্যক্তির এই পরিচয়। তা হলে উল্লেখ করতে হয় আরো কোনো কোনো ব্যক্তিকৃতি। যেমন স্থনীল বস্থর কবিতা যা ছল্মহীন লাইট ভার্স কিন্তু অন্তঃশ্রোতের মতো তার নিচেকার আত্মবেদনা। জলদস্য ফার্নাণ্ডিজের গল্প আছে ঝুলিতে—স্থনীল বস্থর, কমিক-'বাহানা'য় তছনছ করে দিতে পারেন কপট স্থন্থিতি, আবার বৃক্তে কান পেতে শাস্ত হয়ে বসেন এক দণ্ড। শরৎক্মার মুখোপাধ্যায়ও সহজ্প লঘুতায় পার হয়ে যেতে যান দৈবাম্বন্ধ রতি বা নারীর তীক্ষ্মছায়া, কথ্য আলাপচারিতে ঢাকা দিতে যান হ্বদরের ক্ষয় বা ফাটল: 'বছদিন আমি আপস করতে চেয়েছি / যৌবন, তুমি আমায় কষ্ট বোঝো নি'। গাঢ়তর হয়ে ওঠেন কথনো সচকিত। সামাজিক এবং অভিত্যনিম্বতির বেদনালাবণ্যে ভরা কবিতা সিংহের 'সহজ্ব স্থন্দরী', 'কবিতা পরমেশ্বরী' ত্থানি বই—ছন্দে-মানসিকে পুরোনো আথড়াই ঘরানার রঙ-শ্বতিরেশ আছে কবিতা-র লেখাতে। তারাপদ রায় যাঁর 'অয়দা হালদার' বলে বিশেষ একটি লেখা উল্লেখ করি:

তেঁতুল গাছের নিচে করেক বছর শুরে থেকে
গারে তেঁতুলের গদ্ধ, ভৌতিক আন্দেল চোথে নিরে
অন্ধদা হালদার শেষে ঠিক আর-দশল্পনের মতো
কলকাতার ফিরে এলো। কলকাতার গলদ্ঘর্ম ট্রামে
গ্রামের তেঁতুলগাছ মজা পচা বাকল শিক্ড
দেডশো বছরের ছান্না, গাঢ় কটু টক গদ্ধভরা
সদ্ধ্যারাতে মামলোর হাসাহাসি, গহন কোটরে
তক্ষক সাপের বাসা থেঁকশিরালের আনাগোনা
অন্ধদা হালদার হাসে—ভৌতিক চাহনি মেলে দিরে
এব কান শুঁড় নাক কেটে, চাদরের ফাঁক দিরে…

শহর এবং আধুনিক পরিস্থিতির মূথে গ্রামীণ মান্তবের সরকতা আর বিপ্রান্তির উপকরণে বানানো এই সরকতা পাঠককে প্রান্তর তেতে মুহূর্তে। এবং এই তাঁর স্টনান্যার চ

উল্লেখ করতে হয় 'প্রী সিরিবে'র উৎপলকুমার বর্ত্তক, শোরষভার্ণ আধারম্থ্যতা প্রমন্ত করতে বলে ছিলেন দক্ষ হাতে। জ্যোতির্মন্ন দন্ত বার লেখার রূপকথা আর আধুনিক কঠের পরমা মিলন ঘটে গোপন কুললতার। বিনর মন্ত্র্মদার, প্রকৃতি আর মান্ত্রের আর্থ্র দিনাহাদিনের ফুটে-ওঠা বারে-যাওয়ার অক্ষর নিয়তি ভরে আছে যার পয়ারবদ্ধে। হুখেন্দ্র মন্ত্রিক বার শাস্ত ও সাত্তিক কবিতাতে ফুটেছিল স্লিয় ব্যতিক্রম। উল্লেখ করতে হয় উচ্জল কোনো কোনো নাম—অমিতাভ দাশগুপ্ত বা শিবশস্ত্র পাল, মানস য়ায়চোধুরী, দেবতোব বস্থ, শাস্তি লাহিতী, রণজিৎ সিংহ, নবনীতা দেবলেন বা শক্ষর চট্টোপাধ্যার। মঞ্লিকা দাল যিনি পঞ্চালের প্রথম মৃত্যুশোক, কিংবা দিলীপকুমার সেন, বিতীর অপথাত। দীপক মজুমদার: যাঁর অন্যন চারটি কবিতা রক্ষা করতে পেরেছেন শক্ষর চট্টোপাধ্যার 'এই দশকের কবিতা' সংকলনে। বীরেন্দ্রনাথ রক্ষিত। রঞ্জিত সিংহ, 'সম্ল্র-শর্বরী' থেকে 'অদুইচর', তারপর 'অস্থায় মৃগরা'র উত্তরোভর সন্ধান করেছেন আপাতসমাজ্যের কাব্যবন্ধ।

তবু সময়টি দলগত—যাকে বলে আন্দোলন-মনা। বৃদ্ধদেব বহু শেষ পর্যস্ত পিরিচয় দিতেন 'কল্লোলে'র কবি বলে, যদিও 'কল্লোল' কবিতার কাগজ ছিল না, তার কাবৈয়বা ছিল না। 'রুন্তিবাসে'র ছিল। 'রুন্তিবাস' বেরিয়েছিল 'বাঙলা দেশের তরুগতম কবিদের মুখপত্র' হবে কিন্তু প্রথম সম্পাদকীয়তেই তার আকিঞ্চন এইরকম: 'আসল কথা হল তরুগদের একটি গোগ্রী বা দল গড়ে ওঠা'। সমগ্র পঞ্চাশ এই দল ছিল নির্বিশেষ, যাটে পৌছে দানা বেঁধে উঠল স্বধর্ম। তাতে ঝুঁকলেন চল্লিশেরও কেউ, নব্য-যাটেরও অনেকে এবং নতুন কবিতার এক বৃহদংশ গ্রহণ করল যৌথকণ্ঠ।

কী ছিল চারিত্র তার ? শবর চট্টোপাধ্যায় তাঁর 'এই দশকের কবিতা'র ভূমিকায় লিখেছেন, 'এই তীব্র, উদাসীন, উন্নত, ধীমান, ক্রুন্ধ, সন্ধ্রান্ত, ক্র্থার্ড, শাস্ত, ভয়বর, মৃগ্ন, চতুর, সং, ভৃতগ্রন্ত, ধার্মিক ও অতৃপ্ত কবিদের সমারোহ আধুনিক কালের পৃথিবীর তাবং কাব্যাদর্শকে ধূলিসাং করে দিয়ে কেবলমাত্র কবিতার জন্ত বেঁচে থাকা ও সকল সময় কবিতার মধ্যে অবস্থানের সহল্প বৃথি বা নৃতন।' এর ঈষং কাব্যভাষা:

৬ পু কবিতার অন্ত এই জন্ম, শুধু কবিতার জন্ম কিছু থেলা, শুধু… কবিতার জন্ম এত রক্তপাত…

'শুধু কবিভার জর্ম': 'স্নীল গলোপাধ্যার।

২ 'এতিদিন কবিতার মৌধন যাচাই প্রতিদিন শক্ষের করিতে ধানি ঘবা প্রতিদিন দেশ দেশার ছড় কুটে প্রঠা চাই প্রতিদিন

কবিতা কবিতা করে ওঠাগত প্রাণ ...

'প্রতিদিন': কবিতা সিংহ।
এত 'রক্তপাত', 'ভাগত প্রাণ' যার জন্ত, সে কবিতা কেমন ? তা কি কতকাংশে জানতে
পারব হাংরি-জেনারেশনের ম্যানিফেন্টে। থেকে ? তার চোন্দটি সঙ্করের অস্তত তিনটি
উল্লেখ করি

আমাদের কবিভার আমরা যা চাইছি তা মোটাম্টি এই:

- ১ আমার সম্পূর্ণ আমিত্বের বর্বর আবিষ্কার। ...
- ৩ কবিতার আমাকে ঠিক সেই মূহুর্তে আটক করে এক্সপোন্ত্রের দেওরা যখন আমি কোনো-না-কোনো কারণে ফেটে পড্ছি আর আমার ভেতরদিকটা বেরিয়ে পড়ছে।
- ৭ গছন্দ ও পছন্দ উভয়েই অবলুপ্তি ঘটিয়ে একটা ক্টেট-ফরোয়ার্ড নিঞ্জ ডিকশনের ব্যবহার যাধাঁ করে ঢুকে যাবে যাকে কম্যুনিকেট করা হচ্ছে তার মেজাজে। সম্বন্ন যে কক্ষেরই হোক, প্রবণতা হাওয়ামগুলের। তার চাইতে প্রত্যক্ষতর আরো কাব্যকর্ম। কেমন দে কবিতা ? দর্বভারমুক্ত অনন্ত-কবিতা দেই কবিতা, তার জন্ত অবলম্বন অনুপচিত সম্পূর্ণ-আবেগ, তার জন্ম প্রয়োজন আন্ত-অশাসিত শব্দ এবং অ-তর্কিত কবিত্ব-প্রদিদ্ধি, তার জন্ম প্রয়োজন কাব্য ও পাঠকের বিষয়প্রকরণের সংস্কার ভেঙে দেয়া, তার জন্ম প্রয়োজন আদর্শ এবং সন্ত্রাস পিঠোপিঠি ছডিয়ে আসা প্রথায়-সংস্থায়, তার জন্ম প্রয়োজন প্রবল জনআছুকুল্য, তার জন্ম প্রয়োজন এই লেখাকে অন্য যুগসাহিত্য বঙ্গে প্রতিষ্ঠা করা—এতথানি পর্বায়ক্রমিক সমাধান সহজ নয়, বোধকরি প্রচলিত কবিকর্মণ্ড নয়, কিছ এক কবি যে লিখেছিলেন 'তোমাকে ঘনিষ্ঠ করি গাণিতিক নিয়মের মতো' দেই নির্ভুল গাণিত-পদ্ধতিতে ষেমন প্রেমিকাকে তেমনি কবিতাকে আয়ত্ত করে নিতে অগ্রদর হলেন কবিরা। অলোকরঞ্জন লিখেছিলেন, 'क्विटानव भरशा এक्छि मरशागत्रीयान् व्यरभष्टे व्यटनरहम ब्याव शीष्ठि वानिव्याव মতো কবিতার ক্ষেত্রেও নগদপ্রাপ্তি বাস্থনীয়', ১৬ স্থনীল গলোপাধ্যায়ের লেখাতেও পাই: 'এবার কবিতা লিখে আমি চাই পনটিয়াক্ গাডি' বা 'কবিতা লিখেছি আমি চাই স্কচ, সালা বোডা, নির্ভেঞ্জাল দ্বতে পরু মুর্গির ছ ঠ্যাং শুধু, বাকি মাংস নয় । । কেবল তত্ত্ব বা এই দিনস্থপ্ন নয়, প্রকৃতই তৎপদ্মহতে দেখা গেল কবিদের নগদ আদায়ে।

তাঁরা ভাততে লাগলেন-প্রথা সমাজ পুরোনো শক্তরন: 'সম্ভত রোধে শির পদাধাত করো', 'ভাডো, চুরমার করো ওই ত্যাহীন শব্দের পাহাড়', 'চাই লাথি',

১৯ পাঞ্চাকিবা ৩৯ আখাই ১৩৭৩ ব

দেবতাকে পার করে দিলেন 'শেরালদা বা হাওড়া গিয়ে সি-অফ করে', প্রেম এবং প্রেমিকাকে বানালেন 'অস্থি-মজ্জা-মাংস'সার, 'অধর চুন্থনে তার গলিত শবের গন্ধ, ক্রিমিকীট…', প্রাক্বত-মান্থরের নিকট হবার জন্ত মেনে নিলেন 'স্বেচ্ছাচারী ভাষা' নয়, প্রাক্বত জবান : 'রাদার তোমার গান…', 'গোলি মারো! আজকাল হচ্ছো ঘোর রোমান্টিক …', 'হালো প্রেম, ভালো আছো…', ডাক দিয়ে বললেন : কবিতা বানানো 'সিগারেট ধরাবার মতো সোজা। কিছু অন্থভবের ধোঁয়া কণ্ঠনালীতে ভরে তারপর উদ্গীরণ করা। ইতস্কতঃ কিছু ছাই এখানে ওখানে ঝেডে ফেলা', কিংবা তার চাইতে ইাজ্রয়গ্রাহ্থ : 'কালির বমন' বা কলমের নীল মুত্রপাত ; কবিতাকৈবল্য হল অনবদমিত যৌনতার পত্তবন্ধ, শুদ্ধ নির্বহণ। কবিতা বলতে একটিমাত্র শৃলার-শীৎকার—সন্দেহ হয় পরিহাদ কি না, এবং তারাপন রায় রিসকতাকে নিঃশেষে প্রতিষ্ঠা করলেন কাব্যরস রূপে ; কলকাতার অন্তনাভির ভেতর আগুন ধরিয়ে দিয়ে মধ্যরাতে বেরিয়ে পডলেন শহর শাদন করতে মদমন্ত পায়ে, অনুগামীর এই আরক্ষা পুরোভাগে

তুমি তারাপদ রায় টর্পেডো

তোমার সাজে না বিষয়তা—
শরৎবাব্রই বা এত ত্থে কেন কাতরতা
চাকা নামাতে দাও বসতে দাও মাত্রে
উৎপল দীপক তুটি উজ্জল হীরক কেন নির্বাসন নেবে অত দ্রে
কেন কেন কেন এত বিষয়তা ভয় কেন কাকে
একবার দয়া করে বলুন আমাকে
আমি সামনে থাকব আমি বোম বাঁধতে জানি
আমি লাঠি গুলি ছুরি দিয়ে
বুকের ঢাল দিয়ে…

বিজ্ঞপ্তি লিখলেন: 'পৃথিবীর শেষ কিছু কবিতা অতি ক্রভ লেখা হচ্ছে…'

আর পাঠক তাইতে প্রত্যক্ষ করলেন পৃথিবীর আদি যথার্থ বা কবিতা, সমাজ এবং প্রতিষ্ঠান অগ্রসর হয়ে এলেন জয়মাল্য হাতে—এর পরেরটুক্ কবিতার ইতিহাস নয়, সমাজতাত্ত্বিকের সমীক্ষার বিষয়।

পরে অরপরতন বহু 'কৃত্তিবাদে'র পৃষ্ঠাতেই তার এক পর্গালোচনা করেছিলেন 'উদ্প্রাস্থ তৃঃসাহস : কৃত্তিবাদ' এই নামে, তাতে লিখেছিলেন, 'তাঁরা পরিশ্রম সাপেক্ষ বৃদ্ধিচর্চা অপেক্ষা সরাসরি প্রত্যক্ষ শারীরিক প্রতিক্রিয়ার ছিলেন ঢের বেশি বিশাসী । কিন্তু…কেবলমাত্র শারীরিক আচরণ ও প্রতিক্রিয়া কবির উপজীব্য নয়। সমস্ত বিধান, নিয়ম ও প্রণালী (system)র বিক্লতে তাঁদের প্রচণ্ড শারীরিক বিল্লোহ ফে আত্মভূক্ হতে বাধ্য তা তাঁরা থেয়াল করেন নি।' আরো লিথেছিলেন, 'তাঁদের প্রকট বিস্রোহীপনা সামাজিক ভাবে তাঁদের স্প্রভিত্তিত হতে সাহায্য' করেছিল তার কারণ 'নিছক শারীরিক উন্মার্গগামিতা ও ইন্দ্রিয়নির্ভর বিদ্রোহের একটি বাণিজ্যমূল্যও বর্তমান সমাজে ররেছে'। এই দেশে সে সন্থাবনা কোনো আকন্মিক বাণিজ্যসংস্থার আবিদ্ধার হতে পারে, কিন্তু তাইতে প্রত্যক্ষত যে ভাবে এই অন্তর্মত দেশের সব করটি প্রকাশ-স্ত্রে অভিভূত হল, অন্ত কোনো একাকীরচনার রক্ষ হয়ে এল অভিক্ষীণ, ক্রমে ক্রমে বর্ধিত হতে লাগল দে লেখার নগদমূল্য এবং সপ্রতিযোগিতায় তাকে নিতে হল পণ্যসাজ — অপ্রতিবন্ধিত যোগানদারি আর চটকদারির নিয়তনির্বন্ধ, তাতে সামান্তজনের কীকথা প্রতিষ্ঠাপন্নেরও রেহাই রইল না : 'সাংবাদিকতা আভালাশের বেগে বর্ধমান। এ মূহর্তে বাংলাভাষায় সাহিত্য লিথে কিছু রোজগার দ্বে থাক, তা প্রকাশ করাও তৃঃসাধ্য' — স্বয়ং বৃদ্ধদেব বন্ধর এই এক ছত্র চিঠি, দীপক মজুমদারকে লেখা, সন্ত-সম্ভর স্পর্শ করে। দীপক মজুমদার এ চিঠি ছাপিয়েছেন তাঁর 'গোলকধাঁধা' কাগজে।

অভ্ত এই শেবাংশ-পরিণামে নজর না করে যদি এ বিদ্রোহকে বলি প্রথাবাদ-প্রকৃতিবাদের প্রতিক্রিয়ায়, ভাবার্দ্র রোম্যান্টিকতা বা স্থিতায়তির বিক্লন্ধে, শিল্পের বিদ্রোহ —কোথাও বটে সঙ্গতি-অত্যয়িত, তবে আরেক ভাগও ছিল, নিচু স্বরে। 'আরো নিচু স্বরে কিছু কথা বলতে চাই', নিচু স্বরে প্রণবেন্দু লিখতে প্রয়াসী হলেন প্রায়-ইমেঞ্জিন্ট-যাথার্থ্যে শাসিত লিরিক, একটি উদ্ধৃত করি:

কারি গ্নানো ভাক - বাং লো থে কে
টানা-বারান্দার মতো ঝাউবন—
রবারের চাঁদ নেমে আদে;

এখন আমার কোনো সঙ্গী নেই; আছে টেলিফোন;

বুনো কুকুরের দল উঠে আদে ঘরের ফরাদে।

ছোঁ এবং কাব্কির চেনা-আধচেনা ম্থোপের আডাল পরে নিলেন অলোকরঞ্জন, ঠারে বলতে অভ্যাস করলেন আবিখ-মান্নবের পরিস্থিতি। আত্মবরনে ব্যাপৃত হলেন কেউ —আলোক সরকার, হথেন্দু মল্লিক বা আরো কেউ। কেউ চলে গেলেন—পথান্তরে বা শৃহ্যতায়। কেউ হারিয়ে রইলেন কমঠপাষাণের নিচে। ছংখী সমান্ধ সে যেন ছংখী বন্ধু, তার জন্ম করণায় গাঢ় হয়ে উঠল শন্ধ ঘোষের কবিতা: 'ভালো আছো? বন্ধু 'ভালো আছো? অনেকেই ভালো নেই, ফিরে চলে আসি সন্মোপনে'—অছ, প্রার্গাক্ষন্ধ নিল সে কখনো, হাওয়াযন্তের মতো নথি করে রাখতে বসল দিনকালের কায়মনোবাক্যের প্রত্যেকটি বদল, মৃত্যুরোগ-লাগা সময়সংসারের নিরাময় মানত করে উৎসর্গ করতে চাইল অয়ং কবিকে—এও লোকব্রত, বিষ্ণু দে যে বলেছিলেন: আ. ক. ১১

'রৰীশ্রনাথ বাংলার ঐতিহ্নবাদী সাগরগামী নদী নন; বিশাল ও মনোরম হদং অপরোক্ষ সেই লোকবুড়েরও অংশী আধুনিক কবিতা হরেছে: 'নক্দী কাথার মার্চ' বা 'বাল্চর', কিন্তু অসীমউদ্দীন তা নিমে আধুনিক স্বাভন্ত প্রস্তুত করেন নি ষেমন চেয়েছিলেন বিষ্ণু দে—তার শিল্পিড, বা তত্ত্বত ব্যবহার। পঞ্চাশের এক ভাগে এডটুকু অবকাশ-রেখা দেখা দিল লোকারত রীতি-ভাবনার এই সভাবনাম্থে।

বে সময় লিখছি এখন এই সবই ইতিহাস হয়ে গেছে। সম্ভৱ পার হয়ে ফের নতুন বিকাশ ফুটে উঠেছে লেখায়—সবার লেখায়, যেন বিষম বিচিত্র নিক্ষে বোঝাপড়ায় যাচিয়ে নেওয়া হল এতদিন জীবন আর পৃথিবী, এতদিনে এবার আরম্ভ করা যাবে স্তা যা লেখা। বাঁক নেয়া নয়, সমগ্র-ফুরণের স্থপ্হর।

ষাট-দশকের কবিতা

মণীন্দ্র গুপ্ত

কোনো দশক ই পূর্বাপর - বিরহিত নয়। বাট-দশকেরও ভূমিকা হিসেবে রয়েছেন পূর্বস্রিরা, প্রচছন্দ্র স্পষ্ট হয়ে।

- এথনো আমার বুকে কত প্রেম জানিলে না তুমি জানিবে না কোনোদিন · · ভালোবাসিবার ইছো সকলই তোমাকে লক্ষ্য করে
- আমি শৃত্যবাদী, শুনি অনিবার্য ক্ষয়ের সংকেত ক্রন্ত বিনষ্টির পথে জন্মাবধি যে পদচারণা আমার নিয়তি
- শহর শাসন করি মধ্যরাত্তে একজন,—
 মধ্যরাত্তে একজন উডোই পায়রা
 তিন তুড়িতে ঋতুমতী হয়ে বায় বাজা
 মধ্যরাত্তে, শাসনে প্রমন্ত ঘুরি রাজা
- খুম থেকে যে খুমের দিকে সমস্ত দিন আমার চলা;
 বুকে আমার ওকিয়ে আছে ছেলেবেলার ক্তক্ততা।
 বৎসামান্ত দয়া তোমার পেলাম বলে ঘুম ভেঙেছে—
 ছেলেবেলার বালিকা তুমি, আজ আর্ঢা রক্ত্রলা
- শরীর দেখে ইচ্ছে হয় না ছুঁয়ে দেখতে যেমন চোখ ছুঁয়ে দেখলে কাঁপে না যেমন চোখের জল ভিজলে মনে পডে না শীতের কয়ৢ৽৽৽

যেমন মাতুর দেখলে পাশে, আমার কোনো মারা হর না।

'বাটে'র করেকজন প্রতিষ্ঠিত কবির উপরের অল্প কিছু উদ্ধৃতি স্পষ্ট করে জানিরে দেয়
তাদের কেউ কেউ অভি প্রকট ভাবে অন্থসরণ করেছিলেন দ্ব-তিরিশের জীবনানন্দ ও
স্বিশীক্রনাথকে। এবং কারো কারো উপর প্রভাব পড়েছে নিকট-পঞ্চাশের শরং-শক্তিস্বনীল-প্রমূখের। এই সব প্রত্যক্ষ প্রভাব ছাড়াও সমসাময়িক আবহাওলামগুলের
পরোক্ষ রাভাগ নিরন্তিত করেছে অনেকেরই চর্চাকে। আবার কেউ কেউ, বেমন
পরেশ মঞ্জা- পুত্র লাশভগুরা, ক্রেলী সম্বালের ধারাকে প্রভাগিরান করে অন্থসরথ

করেছেন বিদেশী কাব্যান্দোলনের। অন্থশীলনের পর্বায়ে প্রভাবিত হওয়া দ্যণীয় নম্ব যদি পরবর্তী কালে প্রভাবমূক্ত হয়ে স্বরূপে প্রতিষ্ঠিত হতে পারা যায়। আপাতত সামান্ত ভাবে দেখা যাক পূর্ববর্তী দশকগুলোর সঙ্গে 'যাটে'র যোগ বা বিয়োগ কোথায়।

তিরিশের কবিরা সমবেত হয়েছিলেন রবীন্দ্রনাথের প্রভাব থেকে নিজেদের বাঁচাবার জন্তা। সমাজবাদী সাহিত্যাদর্শের বিশ্বাস বা ফ্যাশন যুথবন্ধ করেছিল চল্লিশের কবিদের। পঞ্চাশের কবিদের ঐ রকম কোনো উত্ত্রুক প্রতিবন্ধক বা বিশেষ সাহিত্যাদর্শে বিশ্বাস ছিল না—ভাসমান তাঁরা একজ্রিত হয়েছিলেন প্রেফ বন্ধুন্থের টানে, হয়তোঃ সাধারণ্যে দুপ্ত না হওয়ার প্রতিষেধক হিসেবে বেছে নিয়েছিলেন এই রাজা।

'ষাটে'র এ সব কিছুই ছিল না। তাঁদের সামনে ছিলেন না রবীক্রনাথ, কম্যুনিস্ট ভাবাদর্শের জোয়ার বা কোনো গাঢ় বন্ধুতার আহ্বান। বলতে গেলে, মোটাম্টি স্বাভাবিক, ঘরোয়া, মধ্যপন্থী মাহ্যবদেরই সমবায় এই 'ষাটে'র দশক। এটা সাধারণ হিসেব, ব্যতিক্রম অবশুই আছে। যা হোক, দেখা যাচ্ছে, দলবদ্ধ হবার জ্ব্যু পূর্ববর্তী দশক-গুলোর মতো বাট কোনো অহুকুল পরিস্থিতি তো পায়ই নি, বরং ছিল আরো কিছু স্ক্র প্রতিকৃলতা। কোনো বড মাপের প্রতিষ্ঠান বা প্রতিপত্তিশালীর অহুগ্রহণ স্ক্রনশীলদের আশ্রম দিয়ে এক-ছত্তহায়ায় আনে। পঞ্চাশের তুলনায় 'ষাট' এ সব আহুকুল্যের কিছুই পায় নি। তার ছিল না দিলীপক্রমার গুপ্তের মতো উদার সহায়ক, বৃদ্ধদেব বহ্বর মতো বৎসল অহুগ্রাহক, সর্বোগরি আনন্দবাঙ্গার-সংস্থার মতো পরিপালক ও তুর্গ। সত্যি, পঞ্চাশ বেন সম্পূর্ণ দোহন করে নিয়েছিল সমকালীন সমস্ভ কামধেহুগুলি। প্রতিভাই যদিও শেষ নিয়মক, তব্ পরিস্থিতির সন্ধোচনও মান করে রাখতে পায়ে অনেক দিন ধরে অনেক কিছু। সে যা হোক, আপাতত দেখা যাচ্ছে, পরিস্থিতি বা হ্রেযোগ বা নিজস্ব মেজাজ কিছুই 'ষাটে'র কবিদের দল-বাঁধার অহুকুলে ছিল না। তাঁদের একজ্র-চিহ্নিত করার আর কোনোই ভূমি নেই, একমাত্র সময়সীমার চোইন্দি ছাডা।

কিন্ত এই সময়সীমানার মাপও সর্বদা গ্রাহ্য হয় নি। পঞ্চাশে আত্মপ্রকাশ করেছিলেন এমন করেকজন কবি যেমন স্বেচ্ছানির্বাচনে বেছে নিয়েছেন 'বাটে'র দশক, তেমনি 'বাটে' লিপতে-শুক্ষ-করা কেউ কেউ নিজেকে সন্তরের কূলে ভিডিয়ে নিয়েছেন প্রয়েজনবাধে। তা ছাডা, 'বাটে'র কবিদের বয়ঃসীমায়ও মন্ত তকাত। গৌরাক্ষ ভৌমিকের সঙ্গে রাণা চট্টোপাধ্যায়ের বয়দের ব্যবধান উনিশ বছরের। কবিক্রল ইসলাম খালতা গুক্র সন্দে বৃদ্ধদেব দাশগুর বা ভান্ধর চক্রবর্তীর ব্যবধান পুরো এক দশকের। এক বিশিষ্ট্য 'বাটে'র সামগ্রিক কাব্যচরিত্র এবং ক্ষচিতে বেমন একটা বিশ্বতি এনেছে, কেমনি এনেছে এক জামান্তরা। 'বাটে'র কবিগোষ্ঠা সত্যিই দলকীনদের একটা দল।

তাঁদের চরিত্রের কোনো দামগ্রিক রূপ বা কবিতার কোনো মূল হ্বর খুঁজতে বাওরা বিভ্ৰমা। অত এব আমার আলোচনা হবে 'ঘাটে'র কবিতার প্রধান ধারাগুলি এবং সম্পর্কিত প্রধান কবিদের নিয়ে। 'প্রধান'-শকটির অন্তর্ভুক্ত এথানে প্রতিভাশালী-প্রতিষ্ঠাবান উভয়েই, যেহেতু প্রতিভা আর প্রতিষ্ঠা সর্বদা একই কবিতে বর্তার না।

٦

'বাটে'র কবিদের একটা উল্লেখযোগ্য অংশ তাত্ত্বিকতাপ্রবণ। তাঁরা অনেকেই মেধাবী স্থীন্দ্রনাথের ত্যুতিকঠিন বৈদগ্ধ্যে উপাসকের মতো আক্সন্ত হয়েও কার্যত আবিষ্ট হয়েডিলেন জীবনানন্দের মানবতার বোধে। কিন্তু 'অনেক বিভার দান উত্তরাধিকারে পেরে তবু' অনধিকারীর অচেতনা শুধু সংকলিত করেছে গুরু ভঙ্গিমায় লঘু চিম্ভা—
নিরাশ্রের বাগাড়ম্বর। এই দব দার্শনিক উপস্থাপনার সামান্ত অংশও বদি নিজম্ব মেধা ও সংবিতের উপলব্ধি হত তবে সত্যিই শ্লাঘার সীমা থাকত না 'বাটে'র।

আসলে পঞ্চাশের স্মার্ট সাংবাদিক তরলতায় বিরক্ত হয়েছিলেন এই ছ্রুহ্তাকামী কবিরা। অথচ নতুন কোনো গভীর স্থাষ্টির ধ্যান-সামর্থ্য না থাকায় শুধুই প্রতিক্রিয়াবশত তাঁরা পিছিয়ে গেলেন তিন ধাপ—সমকালীন উপস্থিতিকে অস্বীকার করে পছন্দ করলেন তিরিশের মননশীল গ্রুপদীয়ানাকে। এই গ্রহণ-বর্জনের ব্যাপারে অবশ্রুই ব্যক্তিগত ক্লচি, বিপ্রকর্ষণ এবং উচ্চাকাক্ষণ ও কাজ করেছিল।

'ষাটে'র দার্শনিকতাপ্রবণ কবিতার প্রক্রিয়া সম্বন্ধে এই পর্যবেক্ষণের চমৎকার উদাহরণ পবিত্র মুখোপাধ্যায়। পবিত্রর 'চিন্তা চেতনা তেমন পরিক্রত / নয় বলে অপরের মুখের উচ্ছল বিভা / য়ান করে দেওয়া / করণ প্রয়াস আজাে / তৃক্ছতম মায়্রের গভীর অর্ম্বর্থ জীবনানন্দের বিধ্যাত কিছু পংক্তির অর্মরণন মাত্র। তব্, অর্মরণন হওয়া সন্ত্বেও, যদি এই বিশেষ চেতনা কবির সজ্ঞান উপলব্ধির সন্দে একাত্মতা পেত তবে তার প্রকাশ এত নিরালম্ব, এত পরমুখাপেক্ষী হত না। সে যাই হোক, এই প্রথম প্রতিজ্ঞা থেকে পবিত্রর বক্তব্য সোপানে সোপানে সাজিয়ে দিলে এইরকম দাঁড়ায়: 'সমবেদনার প্রক্রমান' হলে 'মায়্রের বিচ্ছিন্ন সন্তার' মধ্যে এক 'আলােকিত সেতৃর নির্মাণ' সম্ভব হত । কিছ সেটি যে হচ্ছে না তার কারণ 'শুদ্ধচৈতন্তের' 'প্রজ্ঞানমন্ন উপলব্ধি / আত্মন্তর মায়্র্রের টিটাঝে / এবনাে বিশুদ্ধ আছু মমতার অন্তর্গাঢ় বােধের বােধন / ঘটাতে পারে নি।' অর্থাৎ শুদ্ধ টিচন্তন্তের প্রজ্ঞানমন্ন উপলব্ধিই হল মায়্রের গাড়ীর অন্নথ'এর অন্তিম ওর্ধ। এবং কবি শুদ্ধ চৈতন্তে উপনীত হবার পছাটি সরল ভাবে বাতলে দেন :'মরণের উদরহ প্রিম্বতম দেহ—এই বােধ / আমানের নিরে বেন্তে পারে শুদ্ধ চৈতন্তের দিকে'।

'শুদ্ধ চৈতৃষ্ণ' এবং তার 'প্রফানময় উপলব্ধি' কী; বা কেমন, দে ধারণা স্পনেকের মডো জামারও নেই। হুত্রাং এদের সম্পর্কে কোনো মন্তব্য নয়।

- ব্যক্তেশ্বর হাজরা মেজাজে এবং মানসিকতার বেশি দার্শনিকতাধর্মী, কিন্তু পৰিজ্ঞর মতো তাঁর জীবনবাধে কোনো ইতিমূলক আছা নেই, বিধাসের জাঁটও নেই। তাঁর জগৎ ততটা ইন্দ্রিযনির্ভর নয় যতটা ভাবনির্ভর। ফলত পবিত্রর বিদীর্ণ আর্তনাদের তুলনার তিনি অনেক নীরক্ত, উদাসীনও। তাঁর দার্শনিক প্রতিপাহ্যও আলাদা।

প্রথম থেকেই রত্নেশ্বরের দার্শনিকতায় মূল ভাবনা হযে আছে 'অন্তি'-'নান্তি' শব্দ ছটি, শুধু আইডিয়া হিসেবেই। ঐ 'অন্তি'-'নান্তি' অবলম্বন করে তিনি কথনো গেছেন ১. উচ্চপর্যারের অনিত্যধারণায়, কথনো ২. পপুলার আপেক্ষিকতা-তত্বে:

- গভীর অর্থে কোনো কিছুই চিরায়ত নয না সত্যরা না মিথ্যারা— এমন কি ব্রন্মের বোধ, লোকায়ত ধ্যান। গভীর অর্থে কোনো মান্ত্র্য স্থেও নেই, তুঃথেও নেই ··
- 'কিছু পুরোপুরি ঠিক নয় নাস্তি নয় অন্তিও না
 কে বলেছে আমরাই মৃত্যুর দিকে হেঁটে যাচ্ছি
 মৃত্যুও তো আমাদের দিকে আসতে পারে—

ক্রমশ সেই দার্শনিকতার ঝোঁক রত্নেশ্বের সারল্য আশ্রয় করে যে-কোনো স কথাতেই আপ্রবাক্য উচ্চারণের নেশায় মেতে উঠেছে। যেমন:

- ১ বয়স বাডে মানে বয়স কমে যায
- ২ জানতে যে চায় তার কোনো কিছু কোথাও থামে না
- সময় অফুরন্ত আবার অফুরন্ত নয়
- ৪ দিন শেষ মানে দিনের শুরু
- ৫ অনেকে অনেক কিছু পারে কিন্তু অনেকেই বহু কিছু কথনো পারে না
- তুমি আর কিছু নও নিজেকে যা গড়ো তুমি তাই—

ইত্যাদি। কিন্তু এ ছাডাও ররেশর অন্ত ভাবে অন্ত রকম কিছু কবিতা লিখেছেন, এই টুক্ই বাঁচোয়া। তাঁর এই কবিতাগুলি ইম্প্রেশনিজ্মের নিয়মে—ভিতরের কোনো ছাব বা অন্তভূতি বা উডন্ত মুডের গৃঢ় চিত্রার্পিত প্রকাশ। একটি উদাহরণ:

আমাদের ছায়া একটা মহয়া পাতার পড়ে আছে
করেক্টা পাতার সঙ্গে অনেক সমর
ক্রিয়ানের প্লাশ দিয়ে

গন্ধ করতে-করতে বৃড়োবৃঙি রাজার বাগানে গেল—

রাজার দিখিতে নডে ব্রাহ্মণীহাঁসের ছায়া ধুব শাস্ত জল

---আমাদের ছারা ফেলে তাকায় সম্পূর্ণ হওরা চাঁদ। এই কবিস্বটুকুই রম্বেশ্বর।

প্রচলিত অর্থে আধ্যাত্মিক নয়, কিন্তু অন্তম্থ ও অমুভৃতিপ্রধান হবার ফলে বাজব ম্পর্লের অতীত, যেন এক অধিদৈব-প্রদোষালোকে-আছের কবিতার চর্চা করেছেন কেউ কেউ। এঁদের মনোভিন্ধ মূলত মরমী। মরমিতাই এঁদের কবিতায় ঘনিয়ে তোলে অপরিচিত সাক্রতা—রহক্ষ-ক্যাশার তার; এবং সেই ক্যাশা ছিঁডে ছিঁডে দেখায় উপলব্ধির আত্মিক নীল। মূণাল দত্ত, রথীক্র মজুমদার, অরুণাভ দাশগুরু, রাণা চট্টোপাধ্যায় প্রভৃতি অন্তম্থ, অমুভৃতিপ্রবণ কবিরা অল্প-বিশ্বর এই বর্গের অন্তর্ভুক্ত। কালীকৃষ্ণ গুই এই ধারার সবচেয়ে উল্লেখযোগ্য কবি। স্বগত কালীকৃষ্ণের ব্যক্তিম্ব ও বিশ্বে যেমন বিচিত্রম্থিতা নেই, তেমনি নেই অসঙ্গতিও। তাঁর বিশ্ব বিপরীত বা বিচ্ছিয়ের সমবায়-বিচিত্রা নয়—তা যেন একই রঙ-তুলিতে আঁকা একটি অফ্রান চিত্রের ক্রোল, যা খুলে যাচ্ছে তাকে তাকে তাকে তালে আনে'—এক্যেমির নালিশ উঠলে, তার নিজের ওই কথাই তার আত্মপক্ষ সমর্থন করবে, চরিত্রও চেনাবে।

অহভেতি দিয়ে জগং তৈরি করতে গেলে প্রতীকের সাহায্য অনিবার্ষ হয়ে পড়ে, কারো কারো পক্ষে। কালীকৃষ্ণ বেছে নিয়েছেন—শীত, হিম, আকলফুল, সন্ন্যাসিনী, পথিক, শ্রমণ, কুযাশা, সুর্যান্ত, পর্যতিক-ইত্যাদি শব্দ, প্রতীক হিসেবে।

কিন্তু পরিবর্তিত হচ্ছেন কালীকৃষ্ণ—ক্রমশ প্রতীক ছেডে আসছেন প্রত্যক্ষে। তাঁর ছায়ান্নান রক্তিম-ধৃসর ছোট্ট গ্রহটিতে ক্রমশ জেগে উঠছে বাস্তব স্থংপিণ্ডের রক্তসংগালন ও কামড। একটু সাম্প্রতিক কালীকৃষ্ণ:

একটিমাত্র কবিতার দিকে চলে যায় আমার প্রতিটি অন্ধকার পাণ্ড্লিপি নারীর মৃথ যায়, তার অনিশ্চিত ভাবে মেলে দেওয়া চুল এবং নিঃসঙ্গতা যায়— প্রতিটি অন্ধকার পাণ্ড্লিপির ভিতর থেকে একটিমাত্র কবিতার দিকে চলে যায় হেমস্তের বিষাদ, শীতরাত্রির মৃঢ় কাক, এপিটাফ,

(অজস্র এপিটাফ একদিন ঘিরে ফেলবে আমাদের), যার বস্তুহীন নিয়তির মাঝখানে বদে থাকা অম্পষ্ট মাহুষ, নারী— ভার অনিশ্চিত ভাবে মেলে দেওয়া চুল, নিঃসক্তা— ক্ষ্যার মেধা বা গৃড় সংবিতের কর্মকল দার্শনিকতা এবং মরমিতার কাছাকাছি থাকে মন্তিকের নির্ণয়কাল, যার একটি ফল যে-কোনো বস্তু বা অবস্থার তন্তনিধীরণ। এখনো-তঙ্গণ 'বাট', আগের দশকের তুলনায়, কিন্তু একটু বেশিই তন্ত্রসমাক্ল। বিজয়া মুখোপাধ্যায়, এবং ইদানীং সামস্থল হক এঁদের মধ্যে উল্লেখযোগ্য। তান্ত্বিকতা অতিপ্রজ্ঞ, পরীক্ষাপ্রবণ সামস্থলের সাম্প্রতিকতম আশ্রয়। কিন্তু এই তান্ত্বিকতা তাঁর মানস-অভিব্যক্তির পরিণতি হিসেবে না এসে, এসেছে একগোছা নতুন কবিতার অবলম্বন হিসেবে। এই চিন্তা অধ্যয়ন-সংগৃহীত নয়, ভিতর-অন্থভব থেকেও উভ্তু নয়, কবি তাদের বানিয়েছেন মন্তিক্ষিপল্লের সাহায্যে। ফলত এই সব কবিতা ভাষার ও বক্তব্যে কিছুটা উন্তট, অনিশ্চিত, অপরিক্ষত।

বিজয়া মুখোপাধ্যায় কিন্তু অন্ত রকম। প্রথম থেকেই তাঁর কবিতা বক্তব্যপ্রধান। এবং তাঁর পরিছার বক্তব্য শেষ পরিণতি পায় কোনো-না-কোনো স্পষ্ট তত্ত্ব। বিজয়া যেন হাদয় থেকে, ইন্দ্রিয়ের ধমনীজালে বিছত না হয়ে, সরাসরি পৌছে যান মেধায়। তাঁর জীবনের সমস্ভ অভিজ্ঞতা-অমুভূতি নিংডে ওঠে তত্ত্ব, তাঁর সত্য। বিজয়ার তত্ত্বাবেধী মন শিল্পের পক্ষে কখনো-কখনো ক্ষতিকর হলেও ওটি তাঁর সহজাত, অনেকের মতো ভাণ নয়। একটু উদাহরণ:

আমরা যার সঙ্গে নিত্য বসবাস করি
তার নাম প্রেম নয়, উদ্বেগ।
প্রেম অতিথির মতো
কথনও ঢুকে পড়ে অল্প হেসে,
সমস্ত বাডিতে স্মৃতিচিহ্ন ফেলে রেথে
হঠাৎ অদৃশ্য হয়ে যায়।
তারপর সারাক্ষণ
আমরা কেউ আর উদ্বেগ
আমরা একজন আর উদ্বেগ
বসবাস করি
রাত থেকে দিন, দিন থেকে রাত।

9

চিন্তাস্পৃষ্ট এবং আত্মনিবিষ্ট কবিতার বাইরে, দেশকালের সংক্ষ্ক দিনলিপি কিংবা মাটি-ছনিষ্ঠ শ্রমজীবী মাহুষের সংগ্রাম ও শান্তিপ্রবাহ নিরে 'বাটে'র খুব কম কবিই লিখেছেন। প্রাচীনদের খাদেশিকভার তাঁদের উর্দ্ধ হবার কথা নয়। চল্লিশের সাম্যবাদী ভাবান্তার দিনও শেব। তা ছাড়া, তাঁদের ঘিরে ছিল পঞ্চাশের আত্মপ্রাধান্তময় কবিভার আবহাওয়া। ইতিহাদের অনেক বঞ্চনার পরিপ্রেক্ষিতে মান্ত্রের মৃক্তিসংগ্রামগুলির প্রতি 'ষাটে'র বৈরাগ্য ও সন্দেহ খুব অকারণ নয়। তাঁদের কেউ কেউ যে প্রজ্ঞাকে (?) বিশল্যকরণী ভেবেছিলেন ভার কারণও সংগ্রামে এই অবিখাস ও অনীহা। দেশবিভাগ, সাম্প্রদারিক দালা, চিরকালের অন্ত উরাম্ভ হয়ে যাওয়া-ইত্যাদি ঘটনার চাপ পঞ্চাশের উপর অবশ্রই বেশি ছিল। কিন্তু তবুও ভো পঞ্চাশ একটি স্বৃতির ভূমি এনেছিল ব্কের মধ্যে ভরে। 'ষাটে'র উন্নান্ত্রেদের তো সেটুকুও ছিল না। পিছনে পূর্বপুক্ষের বিচ্যুতি, রাজনৈতিক শঠতা, ধূসর ভবিশ্যৎ—দ্রবিসর্পী শৃন্ততা শৃন্ততা কেবল শৃন্ততার মধ্যে বেড়ে উঠেছে 'ষাট'। দোষ দেওয়া যায় না, এই অবস্থার চাপে কবিতা পাংশু, নিরালম্ব ও অশক্তমৃষ্টি হতে বাধ্য। কিন্তু চাপই কি অন্তিম নিয়ামক ? তক্ষণদের ক্ষেত্রেও ? ঘাট-সন্তরের সেই সন্ত্রাস—সেই প্রচণ্ড দিনরাত—সেই বীর্ঘনান, অসহিষ্কৃ, মূর্থ প্রাণগুলির ক্রোধ এবং তৃঃথ—সমবয়সী হওয়া সত্বেও 'যাটে'র কবিরা কী করে এদের সংক্রাম থেকে বিচ্ছিন্ন করে রাথতে পারলেন নিজেদের। ইতিহাসচেতনা, সমন্নচেতনা, সমাজচেতনা এ সব কি তা হলে কথার কথা মাত্র হ

এই ক্লৈব্য, স্থানহানতা ও মহাগ্ৰাত্বের অপন্মার থেকে 'ষাটে'র কবিতাকে বাঁচিয়েছেন মণিভূষণ ভট্টাচার্য, অনেকথানি দেবদাস আচার্য ও বৃদ্ধদেব দাশগুপ্ত, এবং কিছুটা রবীন হুর ও শভু বৃদ্ধিত।

পাক্তন-রোম্যাণ্টিক মণিভূষণ সম্ভৱ-দশকের প্রারম্ভে এসে জ্ঞলে উঠেছিলেন নিষিদ্ধ বিস্ফোরকের মতো। নতুন আগুনের শিখা ও ছাই তাঁর আগেকার কবিতার শ্বতি ও মমতা গ্রাস করে নিয়েছিল:

কী সব যেন বলেছিলাম ভ্লে গেছি।
ভ্লে গেছি তুম্ল বাতাস ক্ষিপ্ত করে
বরেণ্য ঐ ঘাড়ের উপর
চুলে যে অরণ্য ছিল
ভূলে গেছি, এখন শুধু মনে পড়ে
হাজার হাজার ছেলের লাশ ঠাণ্ডা ঘরে।

নক্শাল আন্দোলন—ছেলেদের সেই ভয়ন্কর আত্মদান, বিরুদ্ধ-শক্তির যুদ্ধাপরাধ ব্দিণিভূষণ বর্ণনা করেছিলেন পার্টিজান রিপোর্টারের মতো। মস্থাত্তের ক্রোধে, সমব্যথার, নিজের মধ্যবিত্ত সন্তার প্রতি বিদ্ধাপে তাঁর লেখা অপ্রতিরোধ্য হয়ে উঠেছিল। সহমর্মী হয়েও তিনি সহযোজার ভাগ করেন নি—সে মর্বাদা থেকে দূরে, সঠিক শ্রেণীসংস্থানে, নিজেকে একজন অকর্মণ্য মধ্যবিত্ত দর্শক হিসেবেই সর্যদা দেখেছেন এবং দেখিয়েছেন।

তার কবিতা, রচনার মতো গড়ে তোলা, কিছুটা গছধর্মী এবং অনেক ক্লেন্তেই কাহিনীর ফ্রেমে বাধা বা কাহিনীতে অমুপ্রবিষ্ট। কিছু কিছু আধিক্য তার কোনোকোনো কবিতাকে নইও করেছে। কিছু থাক—বিষয়মাহাত্ম্য ঢেকে দিয়েছে সব ক্রটি। পারশ্রুধ রেখে মণিভূষণের কিছু উদ্ধৃত করলাম:

- ্ঠ উঠে আসছে যে প্রথর তরুণ পদধ্বনি, আমি থুবই সতর্ক, তাদের জন্ত অনর্গল প্রতীক্ষা করি।
 - এই মধ্যনিশীথে আজ প্রথম বদন্ত।
 •••উত্তরকেন্দ্রে প্রধান বিচারপতি গ্রুবতারা, আপাদমন্তক জেরার
 কঠিন সপ্তর্ষি, ঠিক মাথার উপরে ভ্রন্ত রজনীর ঘাতক কালপুরুষের
 উন্তত থড়গ;•••

- শবরানগরের দেওশো লাশ—মৃথে
 আলকাতরা মাথানো; একটার পর একটা, একটার পর একটা ঠেলাগাড়ি
 পলার দিকে থাছে, আদছে, বাছে, আদছে—

 শপাশের ফ্ল্যাট থেকে যে হুটো ছেলেকে মাঝরাতে বিছানা থেকে
 চুলের মৃঠি ধরে টেনে-হিঁচডে ভ্যানে তুলে থালের ধারে
 নামিয়ে গুলি করা হয়েছে—তাদের পোড়ানোর গন্ধ ভেদে আদছে,
 বরং ধুপকাঠিগুলো নিবিয়ে দিন।
- ৪ অধ্যাপক বলেছিল, 'ছাট্দ্রঙ, আইন কেন তুলে নেবে হাতে?' মাস্টারের কাশি ওঠে, 'কোথায় বিপ্লব, ভধু মরে গেল অসংখ্য হাভাতে!'
- কোনো পরাজয়চিহ্ন লেখা নেই নক্ষত্রের তীক্ষ্ণ অগ্রভাগে
 একটাও আপস-থত ধরে নি মৃত্তিকা

কেবল অমর অন্থি, কেবল স্বাধীন খুলি পাওয়া গৈছে গোপন চিতার...
এই সন্ত্রাসকালের বার্ধ ওতটা নর, যতটা জালা, স্থা ও কারুণা স্পর্শ করেছিল
বুজনেব দাশগুরুকে। কিন্তু তার আবেগ বিস্তৃত হলেও ছিল অনেকটাই উপরিতলের
স্তুদেশের এই স্বাধী অবস্থাটারই বেশি বিপক্ষো ক্ষাত তার ক্ষিতা আর্ত্ত নর, ক্ষা;

গঞ্চীর নয়, স্মার্ট ; সরাসরি নয়, প্রতীক ও প্যাটার্নে অন্বিত। ক্রন্ড, উত্তেজিত, ধোলামেলা ও উস্ভট চিত্রে কীর্ণ তাঁর এই সময়ের কবিতা বলিষ্ঠতা, নতুমত্ব ও সাম্প্রতিকতার স্বন্ধ প্রকাশের সব্দে-সঙ্গেই আদৃত হয়েছিল। উদাহরণ:

হাডহিম হোট্ট ফোকরের ভেতর সেই বন্দুক শুরে থাকে সারারাত সারারাত সমস্ক শহর জ্ডে ফ্যান ঘোরার ঘর-ঘর শব্দ শুনতে পায় সেই বন্দুক, বন্দুকের ঘুম হয় না জেগে জেগে সে শুধু স্থপ দেখে হাজার হাজার বন্দুকের। তার দিন যায়—
মাঝে মাঝে আলো পডে তার শরীরে, রাগে সে ঠিক রাখতে পারে না তার মাখা, ছায়ার দিকেই সে ঘ্রিয়ে দেয় নল,…
সমস্ত দিন কানের কাছে সে শুনতে পায় লাখ লাখ কেরোর মতো মাহ্ম সপ্ সপ্ করে টানছে তাদের লালা। ভয়ে নীল হয়ে ওঠে বন্দুকের বুক, দিন যায়, মাস যায়, বছর যায়, বন্দুক লজ্জা ছিন্ডিতা ঘুণার মধ্যে তবুও অপেক্ষা করে, শুধুই অপেক্ষা করে আর শক্ত হয় ভেতরে ভেতরে।

কিছু পৃষ্ঠপোষক-পাঠকের আদরও যে একজন প্রতিশ্রুত কবির পক্ষে ক্ষতিকর হতে পারে, বৃদ্ধদেবের পরবর্তী-কবিতা তার উদাহরণ। এখন চাহিদার ফলে বৃদ্ধদেব ক্রমে অতিপ্রজ হয়ে তার সেই একদা-আদৃত বাক্-প্যাটার্ন ও প্রতীককোশলের চূড়ান্ত করে চলেছেন। ফলে, এখন তার কাছে বক্তব্যের চেয়ে বছ হয়ে উঠেছে প্রতীক। বক্তব্য রইল সীমিত হয়ে, ক্রমশ তাৎপর্যও হারাল, কিছু সংখ্যাতীত হতে থাকল প্রতীক। এবং এই প্রবৃদ্ধির ফলে অভাবতই তার কোনো ভাবের কোনো বিশিষ্ট প্রতীক রইল না—তারা তাদের স্থির ব্যঞ্জনা ও নির্দিষ্ট মূর্তিরপ হারিয়ে হল গলানো কাঁচা-মালের মতো। অতএব আর ভাবের প্রতীক নয়, সেই কাঁচা-মাল নিয়ে বৃদ্ধদেব এখন বানাছেন প্রতীকের ভাব। এবং সেই জন্তেই, হাত, পা, মাথা, জিভ, দাঁত, কান, চোখ, আঙুল, নাক সব কিছু নিয়েই তাঁর পক্ষে এখন উপর্যুপরি কবিতা লেখা সম্ভব হছে। একটু সাম্প্রতিক নমুনা:

বছর যায় মাস যায় দিন যায় বাজার যায় ত্'পাটি দাঁত। দিন যায়

মাস যায়

বছর যায় রান্না করে স্থলে যায় অন্ত ত্'পাটি দাঁত।

টেবিলের ত্পাশে

মুখ্যেমুথি ব'লে থাকে চার পাটি দাঁত…

মণিভূষণের সঙ্গে দেবদাস আচার্ধের তফাত মুখ্যত শ্রেণীচরিত্রের। খুব মৌল তফাত।
মধ্যবিত্ত মণিভূষণ বিদীর্ণ হয়ে যান মহান্তত্বের ক্রোধে, শ্রেণীহীন দেবদাস ধেন শ্রমন্ত্রীবীর
ভাটল বিশাস নিয়ে প্রাকৃতিক শক্তির মতো অপেকা করেন প্রতিক্রাবদ্ধ—

আমার বাবা সেলাইকল চালাতেন এবং তাঁর ঘাম দিরে ভিজিরে দিতেন আমাদের কটি সেই কটি খেরে আমার এই স্পর্ধা বা সব কুলি-কামিনদেরই থাকে ·

এই পৃথিবীর মাটি-ঘেঁষা জীবনের সঙ্গে দেবদাসের পরিচয় আবাল্য। আমাদের গ্রাম ও ক্ববকজনশ্রেণীকে, অন্ত কবিদের মতো রূপকথার দ্রত্বে না দেখে, দেখেছেন অভিজ্ঞতার মধ্যে:

সে নিজিনি চালায় শশ্রে, বিদে দেয়, খুঁটে তোলে আগাছা
সে কাঞ্চলতার মতো মেঘ দেখলে খুঁট থেকে বিজি বার করে
সে পাথি তাজার লাঠি দিয়ে, ইত্র মারার কল পাতে
স্কালের জন্ম সে বয়ে আনে ওব্ধপত্তর
তার নাওয়া-খাওয়া নেই, তার ক্টুম্বিতে নেই।
এক সানকি পান্তা আনে মেয়ে তার গামছা দিয়ে বেঁধে,
ঠিলেয় করে জল, সরার কাছিমের জিম,
সে মধু ভাঙ্গে গাছ থেকে, মধু দিয়ে পান্তা ভাত খায়

…তার মেয়ের নাক্চাবির মতো ফ্রন্স রম করে।

অভিজ্ঞতা, তীক্ষ দৃষ্টি ও ইতিহাসজ্ঞান প্রথম থেকেই দেবদাসের মনে শ্রেণীসংগ্রামের চিস্তা রোপণ করেছে। কিছু উচ্চৈ:স্বর কবিতা তার সাক্ষী। পরবর্তী কালে, শহরতনিতে জমে ওঠা তুর্ভর, আবর্জনার মতো জীবন তাঁর অভিত্বকে নিয়ে গেছে অসহায় আত্মলাঘবতার দিকে, কিছু কালের জন্ত । কিন্তু এই সব ক্ষোভ প্রতিআক্রমণ কিংবা বিপর্বরে নয়, দেবদাসের কবিতা সত্যিকারের মহত্ব পায় যথন তিনি প্রত্যক্ষনিষ্ঠ নিকটবান্তবের উপর ভর করে, ইতিহাসের জ্ঞান নিয়ে, শ্রুটার মতো অতীত ও অনাগভ অনেক দৃর দেখতে পান। তথন তাঁর কবিতার মধ্যে এক নিক্ষত্বাপ, স্বদ্রবিস্থত আশা এবং বেদনা সঞ্চারিত হয়ে প্রঠে তলায় তলায়। পৃথিবীর সক্ষে দেবদাসের এই গভীর ব্রক্ষমের চেনা ঘটেছে কথনো কথনো। যেমন:

এই দ্র গ্রাম এধানে হাঁটছি একজন বোকা মাছবের মতো রবিধন্দের থামার পাহারা দিছে জোতদার, চাবুক হাতে, এই ভারতীয় গ্রাম সামনে গ্যের ক্ষেত্র, ঝিঁঝি পোকার গানের মতো নোনতা বাতাদ বরে বার একটা গৰুর গাড়ির চাকার শব্দ, ধীরলর গড়ি, অতীত ও অনাগত চেতনার সীমার বিন্দুতে ত্বর হয়ে আছে ভাষা ও সংঘাত এ রকম ভারতীয় বিষাদ ও দর্শন, ভারতীয় সম্মোহন, গভীর গ্রামের ত্বন ইতিহাসের ওপর ছড়িরে দিয়েছে মৃত্যুঞ্জয়ী হধ ও নম্র শোকগাথা…

8

কবিরা কবিতা নিয়ে পরীক্ষানিরীক্ষা করেন নানা কারণে—কথনো প্রথা থেকে বেরুবার জন্তে, কথনো নিজেকেই পালটাবার জন্তে, কথনো বিশেষ বক্তব্যের প্রয়োজনে, কথনো ওধুই চমকপ্রদ নতুনত্ব স্মন্তির উদ্দেশ্তে। পরীক্ষার ভাঙচুর আজিকের উপর যক্ত. সহজে ঘটে, অন্তর্বস্তার পরিবর্তন কিন্তু তত সহজ নয়।

'ষাটে'র কবিরাও পরীক্ষা-নিরীক্ষা করেছেন। পরেশ মণ্ডল, সজল বন্দ্যোপাধ্যার-প্রমুথ কবিরা টাইপোগ্রাফি ও মুদ্রণবিন্থাসের সাহায্যে কবিতার নতুন দৃষ্টিগ্রাহ্য রূপ এনে নতুন অন্তবন্ধ / ব্যক্ষনা ফোটাতে চেয়েছিলেন। এই অভিনব প্রক্রিয়া বাঙলা কবিতার নতুন হলেও, এর পিছনে ছিলেন পশ্চিমী আপোলিনেয়ার, কামিংস্-ইত্যাদি। এঁদের অন্তব্বপের সার্থকতা এইটুকুই যে তা কবিতার দৃষ্টিগ্রাহ্য রূপের প্রয়েজনীয়তার দিকে বাঙালি কবিদের দৃষ্টি আকর্ষণ করেছিল।

পবিত্র মুখোপাধ্যার চেষ্টা করেছিলেন পৌরাণিক মীথ্ ব্যবহার করে কবিতার অন্তর্বস্তুকে একটা অন্ত মাত্রা দেবার। তিনি হয়তো সদল হতে পারতেন যদি সেই ব্যবহার এত নির্বিচার না হত। প্রসঙ্গের তব্ব, তথ্য, জ্ঞান স্বই গভীর-মিশ্রণে এক মৌলিক বস্তু হয়ে প্রকাশিত হতে পারে কবিতার অমোঘ প্রয়োজনে। কিন্তু সংগ্রাহক-কবিব চেতনা সেই পরিণতিতে না পৌছনো পর্যন্ত অনিশ্বিত পাণ্ডিত্যের প্রকটতা বড ব্যভিচারী।

অনেক রকম ভাবে অনেকবার নিজেকে বদলিয়েছেন সামস্থল হক। অচিন্তনীয় উৎকেন্দ্রিকতা থেকে উন্তট তাত্ত্বিকতা, মূদ্রণকারু থেকে ছন্দ-মিলের স্বষ্ঠ্ ব্যবহার—সব রকমই করেছেন। যেমন:

- ১ 'ক'-এর হাতে 'ব'-এর একজন খুন, তার নাম: ধ—-৽৽৫/১৪ (१॰)… 'ব'-এর হাতে 'ক'-এর একজন খুন, তার নাম: ক—-২৽ •১৯ (৪१)
- আহ্বন তবে খুরেই আসি জলার ধারে :
 পশ্চিমে লাল আকাশ পুবে চক্র উদয়,

ত্বই দিকে ত্বই রাজা গেছে দশ্দশিরে, মধ্যিথানে জলা মহাকালের মতো

মাত্র করেক দিনের ব্যবধানে এত জ্রুত পরিবর্তন, এইরকম পরীক্ষানিরীক্ষা হয়তো বছপ্রস্থ সামস্থলের নিজেকে নবীকরণের চেষ্টা, হয়তো এটা তাঁর ব্যবন। কিন্তু এর ফল ভালো হয় নি। অনস্থীকার্য কবিত্বশক্তির অধিকারী হলেও কথনো-কথনো অস্বচ্ছ এবং ভক্ষুর হয়ে যায় তাঁর কবিচরিত্র।

কবিতা নিয়ে এক চমৎকারী পরীক্ষা করেছেন পুষর দাশগুপ্ত। প্রচল কবিতার রীতিনীতি-ভব্দি সম্পূর্ণ উপেক্ষা কবে নামহীন ব্যক্তিত্তহীন মাহ্বকে এবং দৃশ্যকেও, কাটা কাটা
অ্যাকৃশন-পরম্পরায় এনে তিনি হৃদয়হীন কম্প্যুটারের মতো যেন তাদের নডাচডার
্গ্রাফ এঁকেছেন। এও এক রকম প্রতীকী কবিতা। পুষরের মাহ্ব নাচের পুরুলের
প্রতীক, ভেন্টিলোক্ইন্টের পুরুলের প্রতীক, রোবটের প্রতীক, আ্যাহীনতার প্রতীক,
আ্যান্নিয়ন্ত্রণহীনতার প্রতীক, অনিশ্চিতিতে বিল্প্ত হবার প্রতীক। একটি কবিতা:

ঘরে চুকল টেবিলের পাশে দাঁডাল চেয়ারে বসল উঠল জানলা খুলে দিল বসল छेत्रेन পर्म। जूटन मिन বসল উঠল ঘুরতে লাগল। ঘডির দিকে ভাকাল। বসল। থাতার ওপর বই চাপা দিল। উঠল। ফ্যানের স্পীত বাডিয়ে দিল। বসল। উঠল। জানলা বন্ধ করল। वनम । উठम । अर्धा नाश्चिस मिन । বস্প। উঠপ। ফ্যান বন্ধ করে দিল। বসল উঠে দাভাগ

· ধর থেকে বেরিয়ে গেল

কবি কোথাও বলেন নি, তবু মনে হয়, দেশকালহীন একটা মক্ষমরীচিকার পটে যেন এই সব ঘটছে। সে পট চিরন্তন, আবার চিরন্তন নয়। মরীচিকার আবার চিরন্তনতা কীঁণ্ট পুজর দাশগুরের ভাবনার পিছনে হয়তো আছে আধুনিক দর্শন। সেই দর্শন-সিকার্জ হয়তো তাঁকে কবিতার প্রচল চেহারাকে ভেঙে দিতে প্রবৃত্ত করেছে।

নতুন পরীক্ষার ব্যাপারে পুষ্করের পরই যার নাম করতে হয় সেই শস্ত রক্ষিতের কিছ কোনো দার্শনিকতা নেই। প্রতীকীও নন তিনি। তার কৌশল একেবারেই অন্ত। পড়তে পড়তে যখন শভুর এই রকম পংক্তিতে আসি—'পীচের পথের তুপাশে প্রাচীন পুরুষদের মত লম্বা উচু গাছের সারি' কিংবা 'মাত্র ছোট ছোট সবুজ শিথার মতো' কিংবা 'অনেক দূর দেশ ঘুরে আমার সোনার দাসী আসে ... বায়ুমণ্ডলের মত তাকে ্মনে হয়' কিংবা 'শক্ষুর মত ধুসর ছাইরঙের কিছু গ্রাম, কিছু শহর দেখা বাচ্ছে / গড়িব্নে পভছে রঙিন ঘাদের ঘোড়া'—তথন সন্দেহ থাকে না তাঁর মৌদিক কবিছে। কিন্তু তাঁর শিল্প কবিতার সঞ্জীব শরীরকে কতথানি স্পর্শ করতে পেরেছে, সে বিষয়ে নিশ্চিত হওয়া कठिन। त्कन ना कम्मानित्कमत्नद्र मर्छ जिनि वष्ट धक्टी मात्नन ना। धवर श्राहीन शृष्ट ভাষার মতো এক রকম ভাষায়, অপ্রচল শব্দে যেন গোলকধাঁধাময় স্থাপত্য তৈরি করাতেই তাঁর আগ্রহ। সন্দেহ হয়, শম্ভু হয়তো এক অফুরম্ভ প্রত্ব-আকরের সন্ধান পেয়েছেন। ফলত, শভু তাঁর অতি দীর্ঘ বা ভেদরেখাহীন এই কবিতাবলিতে পৌন:-পুনিকতার দোষ এড়াতে পারলেও কোনো স্থির কেন্দ্রে আবিষ্ট হতে পারেন নি। তাঁর बगर राम विवित्व थानीकिमन-आकोर्न नृश्व ममुखरानना, व्यथना नक्षम्हि এक थाउ দ্বাত্ঘর। শস্তুর আরো কিছুটা উদ্ধৃত করলাম, হয়তো এখানেই রয়েছে তাঁর ক্বিতার তাত্ত্বিক ব্যাখ্যা ও রহস্টের উন্মোচন:

শভামি প্রাচীনকালের ম্যাজিক ধরতে পেরে গেছি। এখন আমার প্রেভতত্ত্ব
পড়ার সময়, আমি জলের মত ব্যবহৃত হয়েছি। কাতৃ জের মতো আমার চোখ
বাঙ্গাকৃল হরে উঠছে। আমুহেরের সব রকম মূর্ছনা আমি ধরে ফেলেছি। আমি
বের করেছি মূখের ভেতর থেকে এক সমৃদ্র । আনিরিথ করেছি অর্ধপ্রোধিত প্রতার
ম্থের, রূপাজীবী ক্লীবের, উড়ুকু সরীস্পের ও প্রোধিতভর্ত্কার গর্ভের কুর বধিরতা
আএকটা তীব্র উন্নাদিকতা আমার মধ্যে মাথা চাড়া দিয়ে উঠছে। বাগানে এসেছে
উদ্ভিদ আর প্রাণীদের রাজত্বকাল। এই স্বপ্নগর্ভনম্রতা, এই মৃত্তহীন তম্বিনীকে
প্রের দিন কেটে বার । আ

ħ

তান্ত্বিক, সাংকেতিক, বৈপ্লবিক এবং প্রক্রিয়াশীল-এতক্ষণ বাদের কথা বলা হল-ভাস্কর চক্রবর্তী, শামশের আনোয়ার, বেলাল চৌধুরী, তুষার রার, অরুণেশ ঘোষ, দেবারতি মিত্র-প্রমূথের কথা বলছি। এঁদের কবিতার উৎস, বৃদ্ধি ও অবসাদ **कीरानद्रहें श्राह्माय, कीरानद्रहें ऐर्वन**ाय अवः कीरानद्रहें भक्ताचारक। कार्यकि ঐকান্তিক নাম উল্লেখ করলাম বটে, কিন্তু এ কথাও সত্যি, এই আত্মজৈবনিক কবিতার ধারা এতই প্রাকৃতিক যে অন্ত অন্ত ধারার সপ্রাণ কবিরাও কথনো-না-কথনো এসে এতে মিলেছিলেন, মিলেছেন এবং হয়তো মিলবেন। বেমন: পবিত্তক আর্তনাদের পিছনে রয়েছে তাঁর নিবস্ব অপ্রাপ্তির ক্ষোভ, বিজয়ার তাত্ত্বিকতা নিঃশ্বসিত হয়েছে তাঁর অভিজ্ঞতা থেকে, মণিভূষণ ও দেবদাসকে তো স্পষ্টই নাড়া দিচ্ছে তাঁদের প্রতিকারহীন পরিবেশ। তবু এঁরা সকলেই জীবনের কোনো-না-কোনো অন্ত অর্থ করেছেন। কিন্তু যারা শুধুই নিজের জীবন—তার তিক্ততা, অকিঞ্চিৎকরতা, তীব্রতা, বিষশ্লতা, কাঞ্চণ্য, সৌন্দর্য ও স্থানুর তায় আচ্ছন্ন ও মুগ্ধ হয়ে দানব বা শিশু-পৌত্তলিকের মতো একাশ্রয় হয়ে আছেন--থাঁটি অর্থে তাঁরাই আত্মজৈবনিক। আত্মজৈবনিক এই करिएम्ब नाधात्रण लक्ष्मण हिरमत्व वना यात्र व्यवाग, व्यकात छ व्यक्तरण छात्रा यर्पछेटे টাটকা রকম নতুন-বৈদয়্য, শব্দসমৃদ্ধি ও প্রথাসাঞ্চল্য থেকে অনেক মূক্ত, নির্ভার। দূর ঐতিহের কাছে তাঁরা প্রায় অঞ্চা। তাঁদের যেটুকু দেনা তা পঞ্চাশের 'ক্বভিবাসী'দের কাছে। এ অগ্রন্ধ সোদরোপমরাই হয়তো তাঁদের শিথিয়েছিলেন সাহসী হতে, সাহসের সবে নিজেকেই বিষয় বানাতে। কিন্তু ওইটুকুই। এ দৈর নিজেদের ভিতক্তে চলাচলের বাতাস যথেষ্ট অচ্ছন্দ হলেও, তা ভধু সৌরভেরই আদানপ্রদান ঘটিয়েছে, সবীন্ধ রেণুকণা উড়িয়েছে ক্ষতিং। স্থতরাং এই কবিদের মধ্যে মিল যেটুকু আছে তার চেম্বে অমিল আছে কৃটস্থ হয়ে। অতএব প্রত্যেকেই আলাদা স্তইব্য।

খৌলামেলা বেলাল চৌধুরীর আত্মপ্রাধান্ত বা আত্মকক্ষণা কিছুই ছিল না। আত্মজীবন বলতে শুধু নিজের দিনগুলি। সেই দিনগুলিকেই বর্ণনা করেছেন বেলাল—সেই
সময়ক্ষোটের বাইরে কোনো মর্মকথা, কোনো নতুন কথা বা কোনো বড় কথা বলেন
নি। যাযাবর বেলালের যৌবনউজ্জ্বল, প্রীতিরঙিন দিনগুলো ছড়িয়ে আছে জাপানে,
কলকাতায়, অন্ত নদীতীরে, অন্ত সমুদ্রপারে—কথনো অগাস্ট চল্লাতপের নিচে, সবুজ চঃ
বেংতে থেতে জাপানী আলাপের সৌগদ্ধা:

১৯৬৪-র শেষাশেষি টোকিওতে হবে অলিম্পিক ওসাকাতে ইণ্ডাফ্টিয়াল ফেয়ার, নারাতে বিউটি কনটেন্ট, অটোমোবাইল বেস হবে, জুজুংস্থ হবে কিয়োতোয়…'তথন এসো কিঙ্ক'
সবৃষ্ণ চা থেতে থেতে অগাস্ট চন্দ্রাতপের নীচে চা-ঘরে বসে
এই সব কথা বলাবলি হল কত না সে বার ইয়াকোহামায়
পথের ধারে আব্দো কি ফোটে ঘনলাল চেরিফুল
মার্চে হারিকিরি করে যুবকয়্বতীরা…
পশ্চমে বাঁশবনে কি স্থা ডোবে…
প্রজাপতি উডে উডে বসে নাকি চার্চের ঘণ্টায়…

কখনো অস্ত দেশের কোনো টেনিসকোর্টের চটুল অপরাষ্ট্র:

স্থন্দর এই অপরাত্নে ঘাসের নিবিড সব্জ লনে
মেতে উঠেছে অনিন্যুকাস্তি কিছু যুবাপুঞ্ষ
থেলছে টেনিস নিবিড সব্জ ঘাসের কোর্টে
—তাদের স্থঠাম মাংসপেশীর
সমর্থ হিল্লোলে ক্রমাগত নেটের এপার-ওপার
করছে একটি চটুল রোমশ ছোট্ট বল
তাদের হাতের শানানো ব্যাকেটে বেজে ওঠে
টপাটপ শব্দের মঞ্জরী…

বেলালের যৌবনসম্মেহিত প্রীত-জগতের থেকে অনেক দ্রে ষেন এক সার্কাদের থিরিনার বা নৈশ ক্যাবারে হাউদে বা বিচিত্র যানবাহনের জটিল গোলকধাঁধার বা কৈশে ক্যাবারে হাউদে বা বিচিত্র যানবাহনের জটিল গোলকধাঁধার বা কৈশোলাটারিরামের গন্তীর ওয়ার্ডে লাল কম্বলের বিছানার ত্বার রায় কম্বনো নিত্যপর বিদ্যক, কথনো ক্যারিওনেট-মূথে ফোলাগাল ভিন্পিরারণ বাদক, কম্বনো বেপরোয়া লক্ষ্যাজ আট ক্যালকাটান, কম্বনা অসহিষ্ণু অবাধ্য ছরহ রোণীর ভূমিকায় অভিনর বা মজুরি থাটছেন। আমাদের পরিচিত এই খুটিনাটিসমেত বান্তব জ্পাৎই অস্বাভাবিক হয়ে দেখা দেয় ত্যারের অন্তত মানসিকতার সংক্রামে বিচলিত ও বিকৃত্ত হয়ে। কিন্তু বাইরে তাঁর এত লাফ্রাপ দেখে অন্তমান করা যায়, এই বিকৃতি ত্যারের স্ক্রাবন্ধ নয়, আরোপিত। নিজের উপরে এই বিকৃতির আরোপ, এই ক্লাউনের ভিন্দি শতীর এক অভিমানপ্রত। কেন এবং কোথার তাঁর এই অভিমানের উৎস প

১৯৬৬ সালে 'কৃত্তিবাসে'র প্রথম পারিবারিক শোকে কবিদের মৃথ্যান অবস্থা দেখে ছুবার লিখেছিলেন, 'আমি সামনে থাকব আমি বোম বাঁধতে জানি / আমি লাঠি গুলি ছুবি নিয়ে বুকের ঢাল দিয়ে রুথতে পারব জানবেন প্রথম আঘাত / ···তারাপদ শরংবাবু স্থনীল আপনাদের এ বিষয়তা সন্থ হয় না / হাস্থন নয় তো সামনে কমিক করব / হাস্থন নয় তো দেখবেন আমিই মরব'। তুষারের এই ফুর্তিবাজ, তৃঃখে অসহিষ্ণু, একটু বেশি আ. ফ. ১২

অতিবাদী সেল্ফ-পোর্টেটি খুব তাজাতাডিই. নানা বিশ্বপ টানাপোডেনে উদ্ধত ও তীক্ষ হযে উঠল। ভালোবাসা, বিপ্লব ও কবিতা—ভাবপ্রবণ তরুপদের এই দিব্য ট্রিনিটি ক্রমশ তাঁর কাছে শুধু ঘৃণার বন্ধ, প্রেমিকার উদ্দেশ্যে তিনি লিখলেন: 'তুমি কিছু ব্রলে না—বোবা কালা বেডপ্যান তুমি / তুমি ভাঙা বাধক্ষমে অকথকে মুতের বেসিন'। দিতীয়ত, সাধের সন্ত্রাসের বিক্রয়যোগ্য তৈজসন্ধপ দেখলেন তুবার: 'সন্ত্রাস লুকিয়ে আছে সোফায় ছারপোকার মতো / তাকিয়ায় লুকানো আছে বিপ্লব বাক্ষণ ও বোম, / ছ দিন পরে মাডোয়ারীতেও ভাও বলবে জিনিষগুলোর।' তৃতীয়ত, অগ্রন্থ এবং সতীর্থ কবিদের সম্বন্ধ তাঁর ধারণা হল: 'লক্ষ টি. এন. টির বম মেগাটনে যেন / ঠোঙা ফাটারও আওয়াজ নেই, তবু খালিত গালায় শালা কবিতা ছাপছে।' এই সব নৈমিত্তিক ছংখ, প্রেমের ভক্ষুরতা, বৈপ্লবিকতার পণ্যে অধংপতন, যশোলিন্দ্র, কবিদের ফাপা ভডং দেখে দেখে তুষার জীবন-সত্যে অবিশ্বাসী হয়েছেন এবং শেষাবিধি যেন প্রতিহিংসা নেবার জন্তে নিজেরই জাবনের প্রতি অবিশ্বন্থ হয়েছেন। এই সব প্রতিক্রিয়ার ঝাঁঝ ও বিজ্রপই তাঁর কবিতা।

শেষ পর্যন্ত এই বৈরিতা, অবিখাস, অভিমান, ভাডামি, অসহিষ্ণৃতা এবং নিজেকে অপচর করার গৃচ ইচ্ছা—সমস্ত মিশ্রিত হয়ে একটা ঝাঝালো প্রমন্ত আরকের মতো তুষার ও তাঁর কবিতাকে মাতায় আত্মধ্বংসের খেলায়, মৃত্যুর সম্মোহনে। ঝারু, সজ্ঞান জ্ঞাগ-জ্যাডিক্টের মতো তুষার নানা রকম আত্মহত্যার কল্পনা নিয়ে খেলা করেন:

এক উজ্জ্বল সকালে আজ দাডি কামাতে, অভ্যমনজ… হাত্তের ক্ষুরকে কোনো সময়ে বেহালার ছড ভাবলে রক্তের কাঁপন, লোনা খাদ, তারপর ধেয়াল নেই…

কিংবা, '[ঘুমের] সতেরোটা বিচির পরেও মনে পডে যায় এই প্রাণ, এই প্রাণধন… একবার নাকের কাছে ছাত নিযে দেখুন…ঠিক পডছে কি না।' এবং

লাল আলোর সিগন্তালটা ডাউন

ভারপরে আপ

ভারপর ? 'মূচকি হাসলুম দেখে নিজেরই মুগু স্থির রেললাইনে—'.
বলা যাম, মৃত্যুর সলে এই ক্ষম গভীর ভামাশা উপভোগে ঘাটের কবিভার ত্যারের
ক্ষমি নেই ৷ কিছ মারু এই সক্ষ ক্ষমেরণে মূচকি, কাঁকা কিবা ঠা ঠা হাসির পরই আগে

আসল রক্তক্ষরণ—পিছুটানের মাধার দ্রব বিষয়তা:

রারাধর ক্টনো-বাটন। দিদির বাডি যাওয়ার কথা ছিল পাটনার,

মা কি ডাকছে ?

স্থানলে, তুষার রার নামক ক্ষ্দে দানবটির হৃৎপিণ্ডের তুই অলিন্দে ছিল আরো স্ক্দে এক তেজক্রিয় বোমা এবং একটি গোপন হৃদয়। 'বার বার বৃক চিরে' সেই সোপনকে দেখাতে চেয়েছিলেন তুষার। তারপর হার মেনে চাবি টিপেছেন সেই সময়-বোমার। এখন বাকি রইল এক প্রথর বিদায় এবং উদাস বিদ্যাপ—

বার বার
পেশী অ্যানাটমি শিবাজস্কু দেখাতে মশার
আমি গোঞ্জি খোলার মতো খুলেছি চামডা
নিব্দেই শরীর থেকে টেনে
তারপর হার মেনে বিদায় বন্ধুগণ,
গনগনে আঁচের মধ্যে শুষে এই শিখার ক্ষমাল নাডছি

নিভে গেলে ছাই ঘে টে দেখে নেবেন পাপ ছিল কি না।

আত্মজৈবনিক কবিদের সততা ও সাহসের সবচেয়ে কঠিন পরীক্ষা স্বীকারোজিমূলক কবিতায়। এবং এই দিক থেকে শামশের আনোযারের বিশেষ ভূমিকা। তাঁর ঈডিপাস কমপ্লেক্স, তাঁর শারীরিক রিরংসা নানা পথে মোচড গেয়ে ঘুরে যায় বিভিন্ন অস্বাভাবিক ভির্বকে। তাঁর মধ্যে প্রায়ক্তমে দেখা দেয় আত্মককনা, মর্বকাম, প্রেমহীনতা—

- আমার এ ঘব চতুঙ্কোণ, অন্ধকার অনস্ত অন্ধকারে আমি সাঁতার কাটি, হামাগুডি দিই… সংগমের ইচ্ছা হলে নিজেকে জডিয়ে ধরে সংগম করি …মৎস্থনারীদের মতো আমি আলো দেখি না, ভীর দেখি না।
- এই কলকাতা আর আমার নিঃসল বিছানা ছাডা কোনো সত্যের অপেকা আমি রাখি না।
- ত মাথার ওপর দিয়ে নীল পেটিকোটখানা ছুঁডে ফেলে, শাস্তি, ওর সমস্ত চুল বিপক্ষনক ভাবে থোলা, ঠোটে হিংসার চেরেও গাঢ় রক্ত— ভালোবাসাহীনতার পরিপ্রমে মেঝে থেকে দেয়াল অবধি বেঁকে যায় আমি ওর ভালশালার কললে একটা মৃত পক্তকের মতো আটকে থাকি।

এই সব জটিলতার সঙ্গে অবদমনেরও অনেকথানি চাপ। এক দিকে তরুণটির উপর নারীরা—জননীরা ও প্রেমিকারা—আনছেন জটিলতা, অন্তদিকে পিতৃকর্তৃত্ব, ধর্ম ও সমাজাহশাসন আনছে অবদমন। এদের কাছ থেকে মৃক্তি হয়তো আছে, কিন্তু স্বতেরে বিশ্বরের বিষয়, তরুণটি তা চান না। কেন? তার উত্তর দিয়েছেন শামশের একটি তাৎপর্বমর পংক্তিতে: 'এ জটিল পুজো ছেডে কিভাবে তোমাদের কাছে যাবো?/ছে অথগু মন্দির! হে পতাকা!' নিজের, এবং সাধারণভাবে সবারই, অস্তুস্থ সব কট নিয়ে নাডাচাডা করে মনের এই যে গোপন তৃথি, শামশের সেই বিরূপ সত্য চমৎকার ধরে ফেলেছেন। আর, তাঁর কবিতা কেন এই রকম—সেই রূপু রয়েছে এইথানে। ক্রমশ দেখা যাচ্ছে আত্মকরুণাকে অধিকার করে নিছে তাঁর ক্রোব। কোনো কোনো কবিতায় অন্ত রকম মনে হলেও, কোনো আদর্শের অসুগমন করা তাঁর পঙ্গে প্রাভাবিক নয়। অবদমন তাঁকে দিয়েছে প্রচলিতের উপরে ঘূণা, অভএব নৈরাজ্যই তাঁর পথ:

ষে স্বষ্টি আর সভ্যতা আমার বুকের বাইরে গড়ে উঠেছে
. তার প্রতি আমার বুকের কোনো মায়া নেই।
তাঁর ওই আবেগ ক্রমশ স্পষ্ট শক্ষ্য পেতে থাকে:

তোমরা মোকদ্দমার কথা ভাবো এবং খড়ুই দিরে পরিষ্কার করে। দাঁত… চোখ মটকে বলছো 'এই যে, আমাদের সেই প্রতিভাবান তরুণ কবি'। খুতু আমি তোমাদের মুখের ওপর ছডিয়ে দিই খুতুর নক্ষত্রমালা।

ভাস্কর চক্রবর্তী প্রার আক্ষরিক অর্থে ই আত্মজৈবনিক। সামান্ত করেকটি ব্যতিক্রম ছাডা তাঁর প্রায় সব কবিতারই বিষয় তিনি নিজে—তাঁর দিন, রাত, শোয়া, ঘুম, স্বপ্ন, একটু বেডিয়ে আসা, তাঁর দেখা ছোট ছোট সামান্ত দৃশ্ত, তাঁর একটু অভিমান, অপমান, স্বেহ, নিঃসক্রতা, নিম্প্রভ ভালোবাসা, তাঁর নিজেকে সাময়িক ভাবে নতুন করার উজ্জ্বল ইচ্ছে এবং এই সমন্ত নিয়ে তাঁর মৌলিক অহুভূতির সঞ্চরণ। বোঝাই বাচ্ছে, তাঁর শাদামাটা, গতাহুগতিক দিনগুলোতে থুব উচ্চকিত, ক্রতস্পন্দিত, সমারোহপূর্ণ বা তরক্রসক্র্ল কিছুই ঘটে না।

অন্তান্ত আত্মকৈবনিক, বেলাল, তৃষার, শামশের, অরুণেশ ও দেবার তির মতন তিনি বাস্থাল, উদ্ধত, অতিচারী, বিরুত ও সৌন্দর্যোপাদক নন। তা হলে কেমন তাঁর, চারিত্র ? হয়তো নঙর্থক গুণ দিয়ে এবং অম্পষ্টতা রেখে এই ভাবেই বলা ভালো যে, তা অনাডম্বর, অতীক্ষ, অবিশ্বিষ্ট, অচপল, অবসর, বিমর্য, একটু ফটিল, একটু স্বপ্নপর, একটু দ্রন্ত্বপরায়ণ এবং যথেষ্ট মযতাময়। তাঁর কবিতাকে বদি ছবির সলে তুলনা করা যার

ভবে এই ভাবে বলা যার: অনেক ছবি যেমন রেখানির্ভর তেমনি অনেক কবিতা ভিত্তেনির্ভর—দেখানে সরলরেখার মতো কবিত্বপূর্ণ পংক্তিও আলাদা ঐচ্ছেল্যে আধিকারপ্রমন্ত। ভাস্করের কবিতা সে রকম রেখাচিত্র নয়, বছবর্ণ ছবিও নয়। ভধু শাদা কালো জলরতে পটের উপরে তার রেখাহীন কোমল বিভার—ঘন, হালকা, গভীর, অক্সাই, আচ্ছর—বিভিন্ন টোন। যেমন:

'অথবা যে রাত্তিবেলার জন্তে সারাজীবন এই অপেক্ষা, সেই রাত্তিবেলার থুব কাছাকাছি চলে এসেছি মনে হয়। ঝড আসার আগের মুহুর্তে পাথিদের এথন তীক্ষ, সংক্ষিপ্ত চিৎকার। আর গাছেদের চিত্তচাঞ্চল্য—পাতা থেকে শুধুই পাতার ভেতর ছড়িয়ে পড়া। অন্ধকার ছাদের ওপর দাঁড়িয়ে আমি আমাদের ফাঁকা জীবনের কথা ভাবি। সেই সব বাতাসহীন রাত আর হুর্দশার কথা তোমাকে আমি লিখি নি কথনোই যা আমি একা একা কাটিয়েছি আমাদের কথা ভাবতে ভাবতে। —শুধুই পায়চারি-ভর্তি জীবন ছিল আমার। আর ছিল, রাঙতায় মোড়া নতুন নতুন সব ট্যাবলেট। আমি আবার পাশাপাশি চেয়ারে আমাদের বসে থাকার কথা ভাবি। ভাবি, বিশাল কোনো রাত্তি ধুয়ে দেবে আমাদের হৃঃথ, বেদনা ও অভিমান। ওগো কাঠের বাক্ষে ঢাকা হারমোনিয়ম, তুমি গান গাইতে থাকো আমাদের।'

এই রকম কোমল, উত্তেজনাহীন অমুভূতির আমাদের এখনকার ব্যন্ত হৃদয়কে ছুঁতে পারার কথা নয়। তা হলে ভাস্কর কী করে এত আকর্ষণ করছেন সমকালীনদের ?

আসলে এই আকর্ষণের প্রধান কারণ তাঁর বাক্ভন্সি। ভাস্করের ভাষা নিথাদ গছ সহন্দ, স্পষ্ট, একটু ভিন্দে, একটু আচম্বিত, লঘু নাগরিক গছ। কিন্তু তাঁর বলবার নিভার, নির্দ্ধন, শাস্ত ভঙ্গিটি নিজস্ব। এই বাক্ভণির কারণেই তাঁর লেখায় কবিতা উপরে ভেদে না উঠে, কাজ করে তলায় তলায়। এই নিরুদ্ধাদ স্নিশ্বতা, অপ্রকটতা, আত্মীয়তা পাঠকের ভালোবাদা কাভতে বাধ্য।

কবিতা অনেক রকমের আছে—অনেক করণকৌশলের, অনেক প্রসঙ্গের। কিন্তু
সেই কবিতাই কবিতা যা এই সমস্ত আপেন্ধিক বা ক্ষণিকের আলোড়নমর বাতাস
পেরিয়ে পৌছতে পারে বিন্দুর মতো এক কেন্দ্রসতো। শুধু সেই কবিই তাঁর সমস্ত শত্তা দিয়ে জানেন, ঐ বিন্দুসত্যেই গোপন হয়ে আটকে আছে পুরো স্পষ্টির মৃল—অগণ্য জীবন যার পরিক্টন। সেই সত্য বা সত্যের অন্তভ্তি ভয়য়র হবে কি সৌম্য হবে

শ্রুনির্ভর করে কবির সন্তাসারাৎসারের বিশেষ রঙের উপর।

ী অরুণেশ ঘোষের প্রসঙ্গে এই সব চিন্তা মনে আসে। খুব কম লিখেও তিনি এই সব চিন্তা জাগাতে পারেন। আপাত-পাঠে অরুণেশকে ভুল ব্যবার অবকাশ আছে। অস্তম্ব, শুরীল, রাগী, কুধার্ত ইত্যাদি উপাধি বধিত হতে পারে তাঁর উপর। প্রশ্ন উঠতে নিশ্চরই পারে, তাঁর কবিতা জুড়ে কেন এত বেশ্রা, বৈশ্লাশরী, তাঁটিখানা ও মাতানদের উপস্থিতি। উপর-উপর পড়েই আময়া অঙ্গণেশকে দাসী করে দিতে পারি, কেন না আমাদের অঙ্ক চেতনার কাছে এদের অঞ্বল বছকেলে-অঞ্জীল।

কিছ আমাদের ভাগ্য, পাঠক ও কবিদের বছবিষয়ে প্রচলিত ধারণাকে অঞ্চণেশ গ্রাহ্য করেন নি। জীবন ও স্থাষ্ট, তিনি একটু একটু করে, অনেক দিন ধরে, তাঁর নিজের অভিজ্ঞতার মধ্যে দেখেছেন, অন্ত রকম। ক্লেদ থেকে ক্লেদে, বিফলতা থেকে বিফলতার, স্লানতা থেকে স্লানতার মাস্থবের এক নিশ্চিত, স্তিমিত গতি এবং অবসান—মাঝখানে শুধু জংলা বাতাদের মতো মাতালদের জড়িত স্বরের হৈ চৈ—যোনি থেকে বোনিতে পরিভ্রমণ, বিশ্রাম, উদ্ভব, ভার থালাস করে দেওয়া—অঞ্চণেশ বলতে চেয়েছেন এই সব তৃজ্ঞের অফুভৃতির কথা। বেশ্যাপারী ও ভাটিখানার বাল্কব অভিজ্ঞতা তাঁর সেই স্ক্রাচ্য অফুভৃতিকে শরীরী করেছে, না সেই বাল্কব অভিজ্ঞতার দীর্ঘ সংসর্গই তাঁকে ওই অফুভবে নিক্ষেপ করেছে, এ প্রশ্ন অবান্তর। কেন না অঞ্চণেশের চেতনার মর্মন্তরে বেশ্যা-অঞ্বলের ফিউশন ঘটেছে স্বান্টগ্রন্থির হু:সাধ্য বহস্তের সঙ্গে—প্রতীক, সংকেত ও চিত্রকল্পে ভাসন্ত থাকার চেয়ে এ অনেক গহন অ্যালকেমির ফল। 'উত্তরের বুড়ী বেশ্যার দিকে আমার এই বন্দনাগান' অনায়াদে পৃথিবীরই প্রতি 'বন্দনাগান' হতে পারে:

ভোমার দিকে আমার এই বন্দনাগান এই শহরের পচে ওঠার মধ্য থেকে আমার মুখের গরম ভাপ তৌমার দিকে, প্রথম শহরের থেকে বরে আনা কাঁচা ও সবুক্র বাডাস আর জললের মধ্যে আলোডনময় বাকাচোরা হাওয়া আৰু তুমি ভোমার কুয়াশার মধ্যে বলে থাকো বলে আছে৷ সারা গায়ে শাদা চাদর জড়িয়ে তুলোর থেকেও নরম ও তৃঃখময় থোক থোক চুল · · · সকালবেলার রোদে তুমি দেখ-নত ঘুম থেকে জেগে-ওঠা दिशासित मान्ट शहे... সায়ার মধ্যে ঘূর্ণিক্রোত তোলে হেঁটে-যাওয়া **চুটি** পা তুমি দেখ এই সব সকালবেলায়… এ রকম ভাবে তোমার পা একটু ছড়িয়ে যার হিম-হিম রোদ্ধুরের দিকে বেতো হাটু গোল ও সোনালী মূদ্রার মতন ভেলে ওঠে ভোমার উরু ও স্থানের শ্বৃতি ও বিশ্বৃতির মধ্য দিয়ে রোদ ও বাজান ভোমার শ্রীহর্ণ বধ্য দিয়ে রোদ ও বাতাস চলে আদে একমৃঠি ভন্নভার মধ্যে পুরশাক খার হাওয়া, খেলা করে

ধেগা করে আর থেগা করে আর স্থড়ক্ছডি দেয় রোদ ছডিয়ে পড়ে আর প্রসারিত হয় আর ঝুঁকে পড়ে ছোট্ট টিবির মতন রোমশ যৌনাকে তোমার…

আমাদের যোগাযোগহীন, পারাপারহীন প্রবাহের আরম্ভ ও শেষ কোথা থেকে কোথার ? অরুণেশ দেবছেন: আমরা আরম্ভেই পরিত্যক্ত। প্রস্তি ও আমরা বিদিয়ে হরে ভেনে যেতে থাকি পৃথিবীর বিদেশী রাস্তায়। জন্মের বঞ্চিত ক্ষেহগ্রন্থি থেকে আমাদের বভ রসক্ষরণ হয়:

জয়পুর থেকে আমার চিঠি যায়…
তুমি চিঠি পডতে পারো না, মা আমার,
তোমার শালা ছানি ক্রমে রক্তিম ক্রমে নীলাভ হয়ে যায়
সেই হিজিবিজি আঁকা এক খণ্ড কাগজ হাতে নিয়ে তুমি বলে থাকো…
লাইটপোন্টের তলায় তুমি বলে আছো
ভিখিরির মতো তোমার পোশাক ভিখিরির মতো তোমার চুল
আধা-অন্ধ হুচোখ তুলে তুমি তাকাও
মেয়েদের হল্লা গলির ভেতর থেকে ভেলে আলে, তুমি শুনতে পাও…

কিন্তু আমাদের আর দেখা হবে না। আমরা ভেঙ্গে যেতে থাকি বিদেশের রাজার, বেশ্যালয়ে, ভিথিরি হয়ে, মাতাল হয়ে, সরাইথানা থেকে সরাইথানার, আর:

এক সরাইথানা থেকে আরেক সরাইথানার হেঁটে যাবার পথে
আমার সঙ্গে আলাপ হল বেখাদের
ক্লান্ত ঘুম-জভানো ভাদের চোথ, চোথ কচলে হাই ভূলে
সায়া ও রাউজ পরা মেয়েরা বেরিয়ে এল আমার গলা ভনে…
চোলাইয়ের মালে আমার শাদাটে ঠোঁট নডে ওঠে
চোথ ও চশমা স্থন্ধ, আমার ম্থের ছায়া
নাখ্যা শাল বাড়ির নেপালী মেয়েদের হো হো হালির মধ্যে
আমার দাড়ি ধূলর হয়ে আলে…

এবং এই ভাবে ষেতে যেতে ষেতে ষেতে অকদিন :

মা,
আমাদের কোনো হঃথ নেই আর, কোনো শোক
হজনেই মরে পড়ে থাকব, হজনেই
হুই দেশের হু-রকম রান্তার পাশে
এক্ইরকম ভাবে

আমরা কে, কোথা থেকে আসি, কোথার যাই—:সেই পুরোনো প্রশ্নের উত্তর নিজের মতো করে দিতে চেয়েছেন 'হাটে'র সবচেরে স্বাধীনচেতা, গভীর, শক্তিশালী অরুণেশু ঘোষ।

সভীর্থ আত্মজৈবনিকদের সঙ্গে দেবারতি মিত্রের প্রভেদ খুব স্পষ্ট। একই কালে দ্র ঐতিহ্যে স্পরিচর এবং সাম্প্রতিকের প্রতি সঙ্গাগতা তাঁকে অন্ত, নিজস্ব প্রাঘিমায় আকর্ষণ করেছে। ফলত তাঁর বোধ ও বাসনা প্রকাশের শব্দ ও রীতি, প্রয়োজনে, দ্র-দ্রাম্ভ থেকেও আত্মত হতে পারে। কোনো যোগাযোগস্ত্রে তাঁর স্থানান্ধ নির্ণয় সম্ভব না।

উন্মেৰকালীন কবিতায় দেখা যায় তাঁর তারুণ্য ছিল অনেকটাই জন্তব মতো স্বাস্থ্যবান, নির্বোধ, শরীর-স্থবী, প্রকৃতিলিপ্সু এবং সঙ্গীহীনতায় বিমর্ব। দৃষ্টান্ত:

- রাজিবেলা টেনে নিয়ে গেছি তোমার ঘাড কামডে রক্ত চারিদিকে পাপ কালো রক্ত নিশ্চিহ্ন জনলে— তোমাকে আত্মসাৎ করেছি
- আবেশে মৃদিত ভার তপ্ত মৃথখানি ঢলে আছে
 যে আমার বুকের উপর:
 পাহাডী ঝিঁঝির মান ছায়াঘন গান,
 নিমজ্জিত অরণ্যের অন্ধকার জর।
- ও ওষধির খোঁজে আমি ঘ্রব না বনে বনে আর;
 আমার মাথার ক্ষতে ব্যথাহীন অসাড অজ্ঞতা—
 আমাকে বোলো না তুমি কোনোদিন যেতে
 সঞ্জীবনী ঝরনার পায়ের তলায়।
 আমি আর কাঁদব না, আমি আর খুঁজব না পথ,
 কাতর রহস্ত থেকে চলে যাব একা ছুটি নিয়ে।

কিন্তু আত্মকরুণার নিষাতন থেকে ওই জন্তুর মতো অটুট মানসিক স্বাস্থ্যই তাঁকে আবার ফিরিয়ে আনল, নতুন করে প্ররোচনা দিয়ে। এবার তাঁর অন্নভবে নতুন এক ঔজ্জলা:

তারুণ্যের মধ্যিথানে রুক্ষ উৎকণ্ঠ চুল কডা ঘাম সৌরভ, পৌরুষ, ক্ষেহ, রক্ত, দিগারেট মাতাল করছে বিষণ্ণতা, আমান্ন গলায় হার হাওয়াতে ঝটকা লেগে আটকে রয়েছে শাদা নিথর বোতামে

এই সময় থেকেই ক্রমশ নিসর্গসোন্দর্বের আনন্দায়ভূতি দেবারতির কবিতার গভীর প্রত্যক্ষ। যেন ঝঞ্চাবর্ষণঘোরা পৃথিবী ক্রমশ চলেছে শরৎকালীন আবহাওয়ার দিকে। কবির মূল ভালোবাসা ও সৌন্দর্যভূষণ বেন ভাদের অন্ধ, ঘন বলয় ছেডে যাছে নির্ভার

শঘু ব্যাপ্তির দিকে। দৃষ্টান্ত:

নরম স্থর্বের কৃচি একঝাঁক অতসীর মুখ হঠাৎ আডাল থেকে বলে উঠল টু,
চতুর্দোলার মতো বাগান বিজন বৃষ্টিপাত
বৃষ্টিপাত থেমে গেছে…
বেদেনী হুর্গাব মুর্তি, বিকেলের রূপকথা আলো
ঘামতেল চাপচাপ অইধাতুর মেঘ

দেখা যাচ্ছে, একদিন যে শরীরে, মনে হত, নামছে 'পাহাড়ী ঝিঁঝির মান ছারাঘন গান, নিমজ্জিত অরণ্যের অন্ধকার জর', সেই শরীরকে এখন অন্থকপ বা আরো প্রথর পারিপার্থিকে মনে হয়: 'তার কাছে গেলে জাহাজের ক্লুখুলে যায় / আলগা হালকা নিষ্ঠ নির্জন শরীর'। বোঝা যায়, ক্রমশ শরীর তলিযে গিয়ে ভেদে উঠছে মন। এই পর্যায়ও কেটে গেলে, ক্রমশ স্পষ্ট হয়ে ওঠে, অক্লুক্তিম সৌন্দর্যই দেবার্যভির শাস্তির আশ্রয়। তবু শেষ পর্যন্ত তিনি পান অন্ত এক দেশে জ্বেগে ওঠার স্পৃহা:

পারার চেয়েও আট হাজার গুণ ভারী
অতি নীল পৃথিবীহীন গৃঢতায় ডুবিয়ে দাও আমাকে
দে পাথি হওঁ কিংবা সক্রেটিস।
অপ্রবাসবদত্তা, কোয়ান্টম থিয়োরি
সানফ্রাওয়ার, রাগ পটদীপ
এবং অফুরস্ক ইত্যাদি
রোজ তুপুববেলা আমি তোমাদের জ্ঞাল্ডান্লা খুলে বদে থাকি।

'আমি আর ভালোবাসা আর স্মৃতি'—এই তিনজন নিয়েই ছিল মঞ্ব দাশগুরের আত্মিকৈবনিক কবিতা। চল্লিল-পঞ্চাশেব দশকে যে অল্প কজন কবি হ্রম্য শব্দশিল্পে শোভন কোমলতা ও বিষণ্ণ আবেগ-মাধুরীর চচা করেছিলেন, মঞ্চ্ব তাঁদেরই উত্তরস্বি, তাঁর 'অহা বনভূমি' বইটিতে।

ব্যর্থ ভালোবাসার স্থৃতি তাঁর কবিতায়, সমস্ত আবেহ যেন এক অপরাছের নদীপাড
—ভিজে, অভিমানী, এখন-রঙিন, কিন্তু অন্ধকারের পূর্বাভাদে বিষয়:

সন্ধ্যার আঁধারে তুমি বর্লেছিলে প্রায় ন্তন্ধ মাঠের ভিতরে— কারা যেন দূর থেকে ডেকে উঠছে থেকে থেকে ক্রন্ত তোমার নামটি ধরে 'পুতুল' পুতুল'… 14

'ষাটে'র কবিতার পূর্বোক্ত প্রধান ধারাগুলি থেকে গীতা চট্টোপাধ্যার নিজস্ব নিষ্ঠার স্বতম্ব। ক্লালা ষায়, তিনি একাই একটি ধারা। তাঁর কবিতা মৃথ্যত বিষয়নির্ভর। এবং সেই বিষয়ও বিচিত্র ও বছমুখী। তিনি ষেমন বিভাগাগরের কথামালার শ্বরণে কবিতাগুচ্ছ বা সিরিজ রচনা করেন, ষেমন মহ্মগংহিতা বা কালিদাস বিষয়ে আরো এক সিরিজ, তেমনি ধ্বনি, শব্দ, কবিতা, ক্রিকেট, গরগোশ শিকার, ব্রহ্মপুত্র, গল্ফ্ মাঠে আঠারো হোলের খেলা, ফায়ার প্লেদে প্রবাস-সন্ধ্যা, বার্থ ডে পার্টি, 'ও' ব্লাভ-গ্রুপের কিডনি, ফুটবল-উৎসব, সন তু হাজার বিরাশি, পুলিশ বিজ্ঞাহ, কনজাংটিভাইটিস, সায়েব বাডি ভাঙা হচ্ছে ইত্যাদি এমন কি পালকাপ্যের হস্ত্যায়ুর্বেদ নিয়েও সমান মনোবোগে রচনা করেন অজ্ঞ কবিতা।

একটি একাকী-কবিতা লেগার চেয়ে কবিতাগুচ্ছ বা দিরিজ রচনার দিকেই তার ঝোঁক। সিরিজের কবিতা—সাধারণত একটিব সঙ্গে আরেকটি, চিস্তা বা ভাব বা অন্ত কোনও পরম্পরা-স্ত্রে বাঁধা থাকে। এবং এই ধরনের কবিতায় স্বতঃ ক্ত্তার চেয়ে বেশি আসে রচনার ধর্ম, অন্তত কোনো সংলাপন প্রাক্পরিকল্পনা। এ সব কবিতায় স্বামর। টের পাই তাঁর বহিজীবনের মভিজ্ঞতা, তাঁর পাঠের পরিধি, তাঁর কল্পনার প্রবণতা। দেখা, শোনা, পড়া ও অন্তেষণ এই চারে মিলিয়ে তাঁর চিস্তা-অমুভূতি প্রক্রিয়া।

সহস্রমুধের সব মুখ কথনে। সমান স্থলর বা স্থাঠিত হয় না। গীতা চট্টোপাধ্যায়ের কবিতার অগণ্য মুখের সবচেয়ে শ্রেয় এবং প্রেয় মুখটি সম্ভবত প্রাচীনকালের বাঙলাদেশে। বাঙলাদেশের ইতিহাস, পুরাণ, পুথি, কিংবদন্তীতে ছডানো বাঙালিজীবনের বিচিত্র তথ্য সমস্ভ দ্রপ্রসার আবহ নিয়ে গীতা চট্টোপাধ্যায়ের কল্পনায় যেন প্রাণ ফিরে পায়। কবিপ্রস্থবিদের মতো তিনি সেই সব ছেঁডা, হারানো, ঝাপ্সা দিনগুলোকে তাঁর কল্পনা ও বিছ্যা-মনীয়ায় জ্যোডা দিয়ে নিয়ে পুনর্গঠিত ক্রেন:

১ কলাপাছ উল্টানা ছায়াপথে লয়-লেবাবধি বিজ্ञন কোফিল-ভাকা রমণীয় পাডে এপেছো য়ে, ভারি ভো তরক্ষবেনি অবিল গুঠনবতী চোধ! সমস্ত হলুদ নিয়ে-পৃথিবীয় গায়ে-হলুদেয় বনে আলো ভোমায় দৃষ্টিয় আগে পয়পায় গোবৃলি কাঁপালো।

'বাঙলার বরু'

২ স্থিমিত রাজির থাটে ঘনবর্ষা পিছল দর্শন—
কোনাকিকাঁটার থোঁপা, শেব আলো, তাও নির্বাপণ !
ঝিঁঝির অস্পষ্ট দেহ শহ্ময় হবে কত আর

কোরা শাভিটির ক্থ আডরের লক্ষার মরেছে।
আলপনার গণ্ডিটানা সেই এক আড-অক্ষার
পালকে পরম শুরে, কুপোর জাতিটি রাঙাধৃতি
প্রথম দিনের মতো শুধু এক ধৃদর আকৃতি
লোমটার মায়াবী স্রতো ধরে বা বেথেছে পোডা চোখ…

'কর্তার ঘোডা দেখে রাসস্থন্দরী'।

ত স্বপ্ন নেমে একে মাঠে, রাতের তমালে দিনশেষ কৃষ্ণকীর্তনের মাঠে সাক্ষাৎ এলেন ব্রজেশরী, শারদীয়া একাদনী, শুক্লা জ্যোৎক্ষামাথা একরাশ আকাশগদার জলে উব্ছুবু মৃছে নেন কেশ···

'যে-দেশে কোকিল ডাকতো' P

কিন্তু মান্ত তিনশো বছর না, আরো প্রাচীনতর দিন ভাদের গোধূলিবিষ্ণ সৌরভ নিম্নে পুনুরুজীবিত হয় গীতা চট্টোপাধ্যায়ের কবিতায়। সৌভাগ্যক্রমে এই কবিতা শুধু সেই কালের মধ্যেই সীমাবদ্ধ নয—টের পাওয়া বাষ সময়ের নীরব চলমানতা—পাথির রেথাহীন শৃভ্যপথের মতন সর্বদা অস্পষ্টভাবে ধরা থাকে এই অতি-শাম্প্রতিক কালের সঙ্গে সেই হারানো কালের যোগাযোগ, আসা-যাওয়া।

কমল তরফদার আর একজন, অভিনবত্বের প্রয়াদে স্পেন ও দক্ষিণ আমেরিকার-পটভূমি এবং নরনারীদের সরাসরি এনেছেন তিনি কবিতায়। নিজেকে কথনো তিনি রেড ইণ্ডিয়ান, কথনো গাউচো, কথনো জিপসি হিসেবে কল্পনা করেছেন, সাধারণ বাঙালি পাঠকের অঞ্চানা হিস্পানী শব্দ নির্ভয়ে বসিয়েছেন কবিতায়—

লাল জুতো পা, কালো জুতো পা, সবুৰ শাদা—

নাচের বাহার…

ঘ্রছে কেমন ভন্নী শরীর নারীর শরীর রমণীর
ভাগন পাঁচের ল্যান্স ঘোরার
ক্মির ধরে কামের কায়।
সাপিনী ভার সব্জ শরীর
বাঁকিয়ে হেদে ছডার মায়া (হার রে হার ফামেন্কো)
রক্ত নথ, জিপসি মৃথ, আদব-চত্তে ভারতীর…
খপ্রে কেবল ভাকতে থাকে
সেভিক, কাদিজ, করদোবা।

'বাটে'র কবিদল ও নিজস্ব সতীর্থগোঞ্চীর মধ্যে অশোক চট্টোপাধ্যার একজন জনিবার্ব আধুনিক। সমস্ত না, কিন্তু তাঁর জনেক কবিতাতেই, দেখা পাই নির্চার ফুরফুরে এক তাজা আধুনিকতার। চাতুরীহীন শিল্পের সদাত্মা যেন আড়ালে থেকে তাঁর কবিতার স্থমগুলকে অক্তঞ্জিম লাবণ্য ও অনাড়ন্ত সঙ্গীবতার ভরে দের। পাখাহীন, অথচ ভিতরের প্রোপালশনে যেমন গতিমর হয়ে ওঠে জেটপ্লেন, তেমনি অন্তর্গত সংহতি, তাজা কল্পনা এবং বৃদ্ধির অভিনিবেশে গতি এবং ঋজুতা পায় তাঁর কবিতা। তাঁর নাতিশীতোক্ষ ভাষার কোনো গিমিক বা চমক নেই, তবু তাঁর স্বাভন্ত্য পাঠকের কাছে অম্পন্ত থাকে না। নিজ্যের কবিতা সম্বন্ধে তাঁর প্রশ্ন ও উত্তর এই রকম:

শাস্ত্রে বলে কবিতা বিষ্ণুর অংশ
কবিতা স্বর্গের সিঁড়ি

এ দব কি সত্যি কথা ?
আমার কবিতা পড়ে কি এ দব মনে হবে ?…
এখন আমার দামনে দাঁড়িয়ে থাকে
করেকটি ভৌতিক ঘোডা
জানি দরজা খুললেই তারা দৌড়বে এক এক দিকে
নানা রঙে আর রেখার
আমার কাজ হবে তাদের অন্নদরণ করা

অশোকের রোম্যাণ্টিকতাও যেন হালকা, ফুরফুরে—কোনো এক প্রাচীন অম্থাপে তা ভারাক্রাস্থ নয়, অথচ কোথায় যেন দ্রের সঙ্গে যোগ থেকে যায়। যেন কোনো নারীর গায়ের অলকার—কাঞ্চকার্য হারিয়ে শুধু ঝিলিক দিয়ে মিলিয়ে যাচ্ছে। শেষ পর্যন্ত তাঁর লেখায় পাই অফুরান নিরাবরণ আন্থিক্য:

এ জন্ম মাহ্ব হয়েছ কিন্তু গত জন্ম হয়তো দেবতা ছিলে
সামনের জন্ম হয়তো গাছ বা পর্বত বা সমৃদ্র হতে পারো…
আমি কিন্তু বই পড়ে জেনেছি
আমার এক পূর্বপূক্ষ মাছ ছিলেন
তারও আগে গুল্ম
তার আগে সঠিক জানি না
বোধ হয় দেবতা ছিলেন—ত্রন্ধ
নাম ছিল
শ্রী ক্রন্ধনেব চট্টোপাধ্যায়

- পঞ্চাশেরই কবিতা-আবহাওয়াম নিজেদের লালন করেছিলেন করুণাসিরু দে, বঙ্কিম

মাহাত, ক্ষচিরা খ্রাম, শাস্তম ঘোষ, মূত্রত চক্রতী ও যোগত্রত চক্রবর্তী। স্থ্রত ও যোগত্রত অকালপ্রয়াত। অন্তেরা, বছদিন হল, কবি হিসেবে অজ্ঞাতবাদী। মনে পড়ে ক্ষচিরা খ্রামের মৌলিক অমুভূতি ও শিল্পমাধুরী:

> 'এখন অপেকা করা ঘর ঘিরে নিশ্চিত আষাঢ় পদ্মনালে জড়াজড়ি জট খুলতে মাথা নাড়ে ফুল, এ বড় পিছল ঘাট, হাসতে গিয়ে শেষে কাঁদতে হয়— ভোমাকে বলেছি সই, জল আনতে নদীতে যাবোননা।'

এ ছাড়াও দেখতে পাই অগ্রন্থ-পঞ্চাশে'র সঙ্গে গভীর সাজাত্য রয়েছে শক্তিপদ বক্ষচারী, শংকর দে, শাস্তমু দাস ও অরুণ বস্থর। তাঁদের নিজস্ম উচ্চারণে ওতপ্রোত হয়ে আছে দীক্ষিত সেই সপ্রতিভতা। অন্ত দিকে বাঙালি কবিত্বের প্রথা-প্রচল ধারাকেই যেন অবলম্বন করেছেন আশিস সান্তাল, বাস্থদেব দেব, স্থশান্ত বস্থ, রূপাই সামন্ত, পরিমল চক্রবর্তী, মলয়শঙ্কর দাশগুপ্ত ও শিশির ভট্টাচার্য।

নিনাদ বেরার উপাদান পল্লীপ্রকৃতি ও পল্লীবাসী মান্থব। অন্ত মেক্সতে আছেন দেবী রায় ও তুলসী মুখোপাধ্যায়—তু জনেই মান্তবের তুর্দশার ক্রুদ্ধ এবং ক্ষুব্ধ। অনস্ত দাশের ব্যক্তিগত উপলব্ধি কেলাসিত হয়ে আদে মানবতাবোধে। সমকালীন মুকুল গুহ কিন্তু অন্ত রক্ম। তাঁর কবিতা অতীক্রিয়তা ও বহস্তে খচিত।

কেতকী কুশারী তাইসন কবিতায় অত্যন্ত স্বচ্ছ, স্পষ্ট ও সাবলীল। তাঁর কবিতা যেন তুই স্বদেশের উজ্জ্বল দিনলিপি—গার্হস্তা রেথাচিত্রমালা। মতি মুখোপাধ্যায়েরও কবিতায় পাই তাঁর জীবনের ও কর্মের অনুষদ। ত্রিদিবরঞ্জন মালাকার, উত্তম দাশ, দিশুর ত্রিপাঠী সচেতন তাবে কবিতার গঠন ও অন্তর্বস্ত সম্বদ্ধে নিজম্ব চিন্তায় চিন্তিত। প্রত্যায়প্রস্থন ঘোষ মনে রাখতে চান একই সঙ্গে ঐতিহ্য ও সমসাময়িকতাকে। মানিক চক্রবর্তী খোঁক করেন অসম্ভূত আগামী সময়কে।

পরিশেষে, প্রবন্ধটি সম্পর্কে ছটি অসম্পূর্ণতার কথা জানানো প্রয়োজন মনে করি।
এই আলোচনার যাট-দশকের কবিদের প্রায় প্রত্যেককেই উল্লেখ করার চেন্তা হয়েছে,
তবু সেই দীর্ঘশ্রেণীর হয়তো কয়েকজন আমার অনবধানতাবশত অমুল্লিখিত থেকে
গেছেন। তা ছাড়া, 'যাটে'র অনেকেই এখনো তরুল। আয়ুয়ান, অমুশীলনশীল কেউ
কেউ ভবিক্সতে কোন্ পরিবর্তন বা পূর্ণতার দিকে যাবেন এখনই তা বলা সম্ভব নয়।
এখনই কোনো শেষ কথা নয়।

ভাষার মুদ্রা—আধুনিক কাব্য

সরোজ বন্দ্যোপাধ্যায়

উনিশ শোউন চলিশে সাল, তেইশে এপ্রিল — সেই পুরী, সেই সাকিট राष्ट्रम, त्माजनात राजामा--माभरत है अनाभिनी, आत्मानिक ममूल, रामनि हिन সাতচল্লিশ বংশর আগে, 'সমুদ্রের প্রতি' কবিতা লেখার দিনে'। খুধু, সেই কলমটা নেই। সমুদ্রের উদ্দামতা, যা ছিল তার সাতচল্লিশ বছর আগেকার কবিতার বিষয়, আজ তার চোথেই দে উদামতা স্থিমিত। নতুন কবিতার অজ্ঞানা জগতের দিকে বাত্রার তিনি আর উৎসাহ পান না। অথচ তাঁকে ঐতিহের অঙ্গীভূত করে, প্রত্যক্ষত তাঁকে ছাডিয়ে যাবার প্রয়াস তৃতীয়-দশকে যার শুরু, চতুর্থ-দশকেই তা একটি স্থন্স্ট इनिर्मिष्टे ज्यान्नागतन ऋथ निरम्रहा कीयनानन मान, वृद्धारत वस्, स्वीखनाथ म्छ. অমির চক্রবর্তী, বিষ্ণু দে নিজের নিজের শ্বতম্ব কবি-ব্যক্তিত্বের যৌথ সমাহারে রচনা করছেন তথনই এই আন্দোলনের সামষ্টিক রূপ—'আধুনিক কবিতা' তার ডাক-নাম। চতুর্থ-দশক শেষ হবার আগেই এ কথা স্থির হয়ে গেল যে, কাব্যভাষা, প্রসঙ্গ-প্রকরণ রবীন্দ্রদীমানা পার হতে চলেছে। এবং আশ্চর্ষের বিষয়, নিজের তৈরি করা নাটমন্দির কালের ছাতে সমর্পণ করে সেই বুদ্ধ পথিকও খালিত পদে এই সব দপ্ত পথিকের সন্ধ নিতে চাইছেন মতাদর্শে তার প্রমাণ পাওয়া কঠিন বটে, কিন্তু কবিতায় তার পরিচয় ত্বন্ধর নয়। 'এ শালগাছ পঞ্চাশ বছর আগে বে অমান ফুল ফুটিয়েছিল, আঞ্চও ঠিক সেই ফুলই ফোটাচ্ছে কিন্তু ক্ষণিকায় আমি ত্রিশবছর বয়সে যে কবিতা লিখেছি, আজ আমি সে কবিতা লিখি নে।' অথচ 'পরিচয়-বদল' ব্যক্তি ও জাতির জীবনে ঐতিহাসিক অনিবার্যতার ক্রমেই দেখা দেয—এ কথা রবীন্দ্রনাথ তাঁর দীর্ঘ কবিজীবনে সুন্দর প্রমাণ করেছেন।

কেন বাঙলা কবিতার প্রিচয় এ শতাকীর চতুর্থ-দশকে বদলে গেল, কেন প্রয়োজন হল নতুন অভিজ্ঞানের, সে আলোচনাকে আমরা হুটো থাতে বইরে দিতে পারি। এক, পরিচয়-বদলের কারণটা কী, অথবা কী কী ? তুই, পরিচয়-বদলের স্বরূপটা কী ? বর্তমান আলোচনায় আমরা প্রথম প্রশ্নের মীমাংসার দারিশ্ব বিশেষ গ্রহণ করব না। বিনয় ঘোষ, বিমল সিংহ, গোপাল হালদার, হীরেন্দ্রনাথ মুখোপাধাায় প্রাসন্ধিক ক্ষেত্রে সে

५. २७३ जुलाई २२७२ । अभित ठक्काड़ोंटक कावा छित्रै ।

আলোচনা করেছেন। প্রথম মহাযুদ্ধের পর থেকে পরিবর্তমান বিশ্ববাজ্বতা ও বিশ্বভায় কেমন কবে কবিতার প্রাথমিক শর্জগুলিকে স্পর্শ করেছে, প্রভাবিত করেছে,
সামাজিক-ঐতিহাসিক দিক থেকে তার ব্যাখ্যা বিভিন্ন সমযে হয়ে গিয়েছে। আপাতত
আমাদের আলোচনা বিতীয় খাত ধবেই চলবে—চতুর্থ-দশকে বাঙলা কবিতার বেপালাবদল শুক্ল হল, তার স্বর্জপটা কী ? এ সম্বন্ধে সব চেয়ে ভালো দিশারি নিশ্চর আধুনিক
কবিরাই। কবি-ব্যক্তিত্বের দিক থেকে সম্পূর্ণ বিপরীত, অথচ গুক্লত্বপূর্ণ কবিক্কতির
অধিকারী, হজন কবির আধুনিকতা-বিষয়্ক চিন্তার আলোকে বিষষ্টি অমুধাবন করা
যাক। জীবনানন্দ দাশ 'রবীক্রনাথ ও আধুনিক বাংলা কবিতা' আলোচনায় বলেন:

প্রত্যেক বিশিষ্ট কবিই তার যুগ ও সমাজ সম্বন্ধে সচেতন থেকে ভাবনা প্রতিভার আপ্রয়ে যথন কবিতা লিখতে যান, তথন তার কবিতার আঙ্গিক ও ভাষা বিচিত্র ভাবে স্বষ্ট হয়—এমন একটা অপরূপ সঙ্গতি পায় যা তাব কবিতারই সম্ভব—অন্ত কারু কবিতায় নয়। আজকাল বাংলাদেশে যাকে আধুনিক কবিতা বলা হয়, তার জন্মের ইতিহাস সম্পর্কে যদি উপরের কথাটি প্রয়োগ করতে পারি তবেই তা সার্থক।

অন্ত দিকে বিষ্ণু দে 'একালেব কবিতা'র ভূমিকায় বলেন:

কবিতারচনা মাত্রেই আত্মসচেতনতার এক কর্ম। এবং সে হিসাবে আধুনিক কারের বংশ পরস্পাবা অতিদীর্ঘ। কিন্তু ঐতিহাসিক কারণে যতই মাক্সবের ব্যক্তিসন্তা সমাজাতিরিক্ত, যতই সমাজবিচ্ছিন্ন-বা-বিরোধীই হরে উঠছে, ততই আত্মসচেতনতার মাত্রা বৃদ্ধি পেয়েছে।

লক্ষ্য না করে পারা যায় না সচেতনতাব প্রতি ছ্জনের সমান আগ্রহ। এবং লক্ষ্য না করে থাকা যায় না 'প্রতিভা' শব্দটিকে একা একা মঞ্চ করতে জীবনানন্দ রাজি নন, তাই 'ভাবনা প্রতিভা'। বিষ্ণু দে ঠিক ওই অর্থে না হলেও 'মনন' শব্দটিকে তুল্য গুরুত্ব দেন। শারণীয়, রবীক্রনাথও 'প্রতিভা'কে স্বনামে চালাতে চান না। তিনিও তার এক নাম ঠিক করেছিলেন—'বিশ্বমানবমন''। সে যাই হোক, জীবনানন্দ যথন বলেন করির কবিতার অনন্তসন্তব 'সঙ্গতি'র কথা, বিষ্ণু দে যথন ব্যক্তি সন্তার নির্বিশেষ আকৃতির প্রকাশকে বিশেষের আত্তিতে বা 'কাব্যশরীরের সজ্ঞান নির্দিষ্টতায়' বাধার কথা বন্দেন, তথন এই তুই ভূয়োদশী কবির উপলব্ধি কাছাকাছি আসে। বস্তুত শুধু এরা ভূজনেই নন, অমিয় চক্রবর্তী বা বৃদ্ধদেব বস্ক, স্থীক্রনাথ দন্ত কি সমন্ত্র সেন, প্রেমন্ত্র মিক্র কি সভাৰ মুধোপাধা্যারের উপলব্ধির উচ্চারণে যতই

ব্যবধান থাক না কেন, এঁরা সকলেই নিজ নিজ সচেতনতা ও সংবেদিকতাকে বাঁধতে চেয়েছেন স্ব-তন্ত্র বস্তুজ্ঞানে ও রূপধ্যানে।

প্রাথমিক পর্যায়ে আধুনিক কবিতা সেই বস্তুজ্ঞান ও রূপধ্যানের অভিনবস্থকে সহসা উপস্থাপিত করেছিল, সেই আকম্মিকতায় ঝাঁকানি লেগেছিল পূর্বসংস্থার-লালিত পাঠকচিত্তে। তাই উঠেছিল হুত্রহতার ও হুর্বোধ্যতার অভিযোগ। কিন্তু আসল কথা, প্রকৃত কবি সকল কালেই নিজ সময় অপেক্ষা অগ্রবর্তী। তাঁর সমসাময়িকেরা ষে কাব্যসংস্থারে অভ্যন্ত তিনি সেটাকে ভাঙেন বলেই তিনি নতুন কবি। এবং এ কথায় কোনো সন্দেহ নেই, যে কবি অ্যাভারেজ-পাঠকের বৃহত্তর সীমাকে কবিতা লেখা মাত্রেই স্পর্শ করে ফেলেন, তিনি ঐ অ্যাভারেজ-পাঠক-পরিতোষণ-সম্ভব **अमार्य-अकदार्गरे निरम्भ वन्मी।** दवीसनाथ रि विद्यकारमद षाधुनिक कवि, छात्र अकिंग কারণ এই, তিনি তাঁর পাঠকসমাজকে কোনো রুচিবৃত্তে বন্দী রাখেন নি। তিনি অত্যন্ত জীবিত কবি ছিলেন বলেই তাঁর ভিতর দিয়ে পৃথিবীর মৃত কবিরা মৃত্যুহীন বলে পরিগণিত হলেন। অথচ সংযোগের সেতু নিয়ে তার ভাবনার অন্ত ছিল না, দে সমস্ভার মোকাবিলায় তিনি কোনো দিন পরাত্ম্ব ছিলেন না। তাই তাঁকেও বিভিন্ন সময়ে পুরোনো পাঠক হারাতে হযেছে, নতুন পাঠক গড়ে নিতে হয়েছে তুর্বহতার অভিযোগ তাঁকেও সহাকরতে হয়েছে—'অস্পষ্টতা'-নামে। তুর্বহতার অভিযোগ 'তিরিশে'র কবিদেরও বহন করতে হল—'ত্র্বোধ্যতা'-নামে। রবীন্দ্রনাথের তুর্বোধ্যতার কারণ হল, তাঁর বিশ্বনাগরিকতা আমাদের খণ্ড, খঞ্চ, অর্থগঠিত ঔপনিবেশিক মধ্যবিত্ত জীবনের সামনে মেলে ধরতে চেয়েছে বন্ধনবিহীন মহুগুত্বের আনন। আর, এঁদের ছুর্বোধ্যতার কারণ হল এঁদের সময়মনস্কতা সংজ্ঞাহারা মাহুষের নতুন সংজ্ঞা-সন্ধানের ষদ্রণাকে অন্দীকার করেছে। তু দিকের অভিজ্ঞতাব ব্যবধানই এর মূল কথা।

ş

শক্ষই শ্বৃতি। শক্ষই অভিজ্ঞতা। শক্ষেই গান। শক্ষেই অম্বন্ধ। আধুনিক কবিতার ক্ষেত্রেও শক্ষই অভিজ্ঞান। কবিতার ধ্বনিগত-কাঠামোর প্রধান উপাদান শক্ষ। এবং সংগীতে ধ্বনি বতই হ্বর-সংযোগে আভিধানিক ভাবে অর্থ-ব্যতিরিক্ত, অথচ সর্বজ্ঞনীন ভাবে আবেগবহ হতে পারুক না কেন, কবিতার অর্থ-নিরপেক্ষ ধ্বনি অসম্ভব ও আবাহুনীয়। তথাপি চন্দের ভাষা বলেই কবিতা বোধ হয় আদিম জন্মের জের মুছে কেলতে পারে না। ছন্দ ভাষাকে দের অতিরিক্ত জীবনীশক্তি। দের বিচিত্র হ্বার ক্ষমতা। আমরা দেখেছি একই শক্ষ তুই চন্দে—এমন কি একই কবির হাতেই, তুই

আলো ছভার। ধনির দকে আবেশের সহজাত একান্ত মানবিক সম্পর্কটি এ ক্ষেত্রে শ্বরণীর। উপলব্ধি এবং মূল্যায়নের সঙ্গে কবিতার ধ্বনিগত কাঠামোর বোগাটিও অক্থাবনীর। সে অক্থাবনের পথেই স্পাই হবে কবির জীবন-সংক্রান্ত উপলব্ধি কেমন করে হয়ে ওঠে শক্ষার্থের নিয়ামক, সংগঠক ও প্রসারক। এ পথেই জানা যাবে, কোথার বাঙলা আধুনিক কবিতার ধ্বনিগত কাঠামোর সঙ্গে রবীন্দ্রনাথের কবিতার ধ্বনিগত কাঠামোর সাকে রবীন্দ্রনাথের কবিতার ধ্বনিগত কাঠামোর সাকে রবীন্দ্রনাথের কবিতার ধ্বনিগত কাঠামোর সাক্ষরীন্ত্রার পার্থক্য।

তাই তো, এ পথে রবীন্দ্রনাথেব কবিতার 'আমি'-চরিত্রটির দঙ্গে বিশ্বের অস্ত রোম্যান্টিক কবিদের 'আমি'-চরিত্রকল্পনার অমিলটি আগে বুঝে নিই। কেন না সেই 'আমি'ই তো শব্দগুলিকে দেবে তাঁর অভিজ্ঞতার, আবেগের, শ্বতির রূপ বন্ধন। দেবে নিমিতিকে অভিজ্ঞান। শেলি, বায়রন, কি হুগোর নায়ক 'আমি'—ষেমন বলেছেন জে. এম. কোহেন, যেন প্রমিথিয়ুদেব অন্তবাগ্লির অংশভাক্। বন্ধণায় এবং বন্ধণার গৌরবে সে 'আমি'-কল্পনা বিশিষ্ট। সমাজের ছারা প্রত্যাধ্যাত, তবু সে-'আমি'র দৃঢ় প্রত্যয় ছিল তাদেব নিগ্রহের ভিতব দিয়ে সমাজে তারাই কল্যাণক্রং হবেন। কিন্ত রবীন্দ্রনাথের ক্ষেত্রে ব্যাপারটি ছিল উল্টো। তিনি নিজেই পরিহার করেছিলেন এখানকার উপনিবেশিক জীপনের সংকীর্ণ মন্ত্রতা, জরদ্যাব পুনরাবৃত্তি, সীমিত দিগন্তেব ঘূর্ণাবর্ড, পুরুষার্থের বিবর্ণ ব্যর্থতা। প্রমিথিযুসের মতো তিনিই অগ্নিগ্রাহী হবেন, অথবা হারকিউলিদের মতো তিনিই অজিয়ান আন্তাবল সাফ করবেন-এ কল্পনা তার ছিল না। অন্ধকারকে মাত্র স্পর্শ করেই তিনি বলে ফেলেছিলেন সারা জীবন ধরে এক অন্তত কথা—ব্যাপ্তি ও বিকাশের পিণাসাই আলোক, আলোকেরও অধিক। এই বিশেষ অমুভৃতি তার মধ্যে সক্রিয় ছিল বলেই তাঁর শ্রেষ্ঠ কবিত। প্রায় অর্থেক ক্ষেত্রে কবিতাব নির্দিপ্ত ভূমিকে ছেডে চলে যেতে চায় গানের অনির্দেশ্য অনির্বাচ্য জগতে। কেন না ওই আলোক প্রতীক্ষাঘন কল্পনায় অসংজ্ঞেষ, যদি না অতীক্সিয়।

আধুনিক বাঙালি কবির 'আমি' নায়ক নয়। এমন কি ভোক্তা বা প্রস্তা-মাত্রই নয়। হতে পারে সে বিশ্লেষক—কিন্ত সে বিশ্লেষণ সমাজের নয়, রাষ্ট্রের নয়, নিজেকেই ব্যবচ্ছেদ। সেই আত্মব্যবচ্ছেদের ওপর আলো ফেলার জন্মই ডাক পডেছে সমাজ-রাষ্ট্র-মনন্তন্ত্র-ইত্যাদিব। অমিয় চক্রবর্তীর মৃহ আলাপনী ভঙ্গি, বৃদ্ধদেব বহুর রোম্যান্টিক নির্জনভাষণ, স্থান্তনাথের প্রোচ বিষপ্ততা, জীবনানন্দের চিত্রল চিন্তা, বিষ্ণু দে-র ব্যান্তির পিপাসা—সবই একটা-সময়ের আত্মজিজ্ঞাসার এক এক অংশ। খ্র বুল কথা—কিন্তু না লক্ষ্য করে উপায় নেই বে, আমাদের কথিত আধুনিক কবিরা কেউ খান লেখেন নি। জিজ্ঞাসা ষেধানে বিশ্লেষক সেধানে গান আসে না। ব্যবচ্ছেজ্ঞায় পান নেই। না থাক গান, তবু লক্ষ্মীর, সংক্ষিত্রের—ভারতীয় এবং পালাক্ত্য সংক্ষিত্রের আ. ক. ১৩

ক্ষণকর এঁদের কবিভার বহিরলে ও আন্তর্ন প্রভাব কেলেছে। প্রধানত স্থীক্রনাথ ও বিষ্ণু দে, এবং অমির চক্রবর্তী এ ক্ষেত্রে শ্বরণীর। অমির চক্রবর্তীর কবিভার বে বারে বারে ওই সমরে উপর্চ ডা মন্দির-মিনার, বা র্শ্বাপ্রভাগ চারা কেলেছে, দেখা দিরেছে 'দিঁডি'—তা সংগীতের ধর্মের শ্বারক। অবরু অবস্থা থেকে তাও উঠে বেতে চার অশেবের দিকে। স্থীক্রনাথ ও বিষ্ণু দে কাব্যাংশের বাদী-সম্বাদী স্থাপনার যে কৌশল প্রয়োগ করেন তা পাশ্চাত্য সংগীতের গঠনশৈলির সঙ্গে তুসনীর। স্বরসন্ধতির দিক থেকে যে প্রয়াস ছিল স্থীক্রনাথ ও বিষ্ণু দে-র, স্বরলহরার দিক থেকে সেই প্রয়াসই অমির চক্রবর্তীর। এই তু দিকের প্রয়াসই তাৎপর্য পেরেছে তিনজনের বিশ্ববোধের জন্ত। পশ্চান্তরে সংগীত তওটা নয়, চিত্রের পারস্পর্যে অমুভবকে সঞ্চারিত করা ছিল জীবনানন্দের লক্ষ্য। 'ক্রাবেতী'-পর্যায়ে বুদ্ধদেবেরও তাই ছিল অভিপ্রায়। তুজনের পার্থক্য এই যে, জীবনানন্দের বর্ণ ও চিত্রগুলি অনেক স্ময় বিরলতার ধনী। বুদ্ধদেবের 'ক্ষাবেতী'-পর্যায় ধরনি ও বর্ণের সমারোহে প্রসারিত।

9

মে ছরেরই হোক নিজের দেশ এবং সময়ের উপাদানের সহায়তায় তাৎপর্যপূর্ণ কবিমাত্রেই একটা বিশ্বভায় রচনা করে নেন। এই বিশ্ব ভা য় ব্যতিরেকে একজন কবি বড় কবি হয়ে উঠতে পারেন না। এই অজিত বিশ্বভায় কাউকে দিয়েছে নিয়তি-বোধ, যেমন জীবনানন্দ, স্থীক্রনাথ, বৃদ্বদেব; কাউকে দিয়েছে ত্রিকালের ছন্দ-বোধ, যেমন বিষ্ণু দে; কাউকে দিয়েছে আত্মিক-প্রশান্তি, যেমন অমিয় চক্রবর্তী। খুব শক্তিশালী কবিকেও ছক্ক হয়ে যেতে হয় এই বিশ্ব ত ত্ব ব্যতিরেকে, যেমন সমর সেন; উদ্দেশ্রহীন রচনায় কালাতিপাত করতে হয় কাউকে, যেমন প্রেমন্দ্র মিত্র। বিষ্ণুদেনর 'ক্রেদিডা'-কল্পনা প্রসন্ধত আলোচ্য হয়ে ওঠে ওই বিশ্বতত্ব-গঠনের স্বাভয়ের। 'ক্যাম্পে'-কল্পনা প্রসন্ধত আলোচ্য হয়ে ওঠে ওই বিশ্বতত্ব-গঠনের স্বাভয়ের। 'ক্যাম্পে'-কবিতায় জীবনানন্দ বলেন, মৃত্যু এ অছিজের শিয়রে জেগে আছে। ত্ব মৃত্যুর সতত-বর্তমানতা ভূলে গিয়ে অজিজকে হতে হয় ধারাবাহী। মৃত্যু এবং জীবনের সহাবস্থান অবিতর্কিত সত্য। 'বনলতা সেন' কাব্যগ্রম্বে বিষয়টি আর-একবায় এসেছে 'শিকার'-কবিতায়। যা ছিল রূপকে প্রসারিত, তা হল প্রভাকৈ সংহত।

৪. উলেথ করা সমীচীন যে ববীক্রনাথের আরু-প্রাপ্তবর্তী কবিতার, বিশেষ করে 'আবোগা'র এ জাতীয় উধ্ব'তাবাচক প্রসলের বহু ব্যবহার লক্ষ্য করা যার। তক্ততা, বিরাম, প্রশাস্তি বা মহাপরিশাম অর্থেই ওই প্রমাজভাগি এসেছে। অমির চক্রবর্তীর সলে তার পার্থক্য এই খে অমির চক্রবর্তী তার মানসিক? কাশিতক্যকে আধুনিকভা দিয়েছের প্রতিবাদী অভিজ্ঞতাকে বর্জন না করে। আদিম নিটোল অভিতে সভ্যতা এগেছে অরণ্যজীবনে আরোপিত শিকারীর মতো। ছন্দ ভাওতে শুক্ল করেছে তখনই। কবিতাটির গঠন, বর্ণলেপ, চিত্রকল্প তাৎপর্ব পায় জীবনানন্দের বিশ্ববোধের জন্ত। 'ঘাসফড়িঙের দেহের মতো কোমল নীল' কেমন করে 'মচকা ফুলের পাপড়ির মতো লাল' হয়ে গেল এ কবিতার বর্ণময় সোপান-পরস্পরা তা-हे द्विरह राष्ट्र । 'अन्तर वानामी हिन्न' जारम चाद्यमह चाद्य कीवरनद अजोक হিসাবে। 'সোনার বর্ণা' যৌন-জীবনের অদম্য উল্লাস । তারপরেই : 'একটা অ**ড্রত শব্দ'—এভক্ষণের বর্ণনায় কোনো আওয়াজের কথা ছিল না। 'অভুত' বিশেষণটি ওই** ব্দরণ্য ও আরণ্যের জন্মই অর্থ পায়। 'মচকা' শব্দটির অমুষকে জেগে ওঠে এমন ঘটনা-শ্বৃতি যা চমক দেয় শ্রোতাকে। 'উষ্ণ লাল হরিণের মাংদে'র বর্ণনায় এবারে স্পর্শন্ত যুক্ত হল: 'উষ্ণ' বিশেষণে। ভোগ্য হয়ে উঠল রঙ, যা এতক্ষণ ছিল রম্য। 'নিরপরাধ খুম': সভ্যতার অনমুশোচিত নিশ্চিস্তা। অপর দিকে 'ক্রেসিডা'-কল্পনায় বিষ্ণু দে আনেন ট্রব্লাস-প্রতীকে এ কালের জটিলতার মাঝে প্রহত নায়কের জীবনবিশ্বয়—জিগীষা নয়, জিজীবিষা যার নামান্তর। যে-স্থপ্ন তুর্মর লোকোত্তর এবং যে-সংগ্রাম তুর্ধর লোকায়তিক —তারই বৈপরীতো ও আলিকনেই জীবনের বিচিত্র বন্ধুরতা। শব্দের সমাহার এখানে হয়ে ওঠে অভিজ্ঞতারই প্রতাকী রূপান্তর। বেমন কেউ বলেন, 'ক্রেদিডা। আমার প্রচণ্ড আর্কুলতা / জিজীবিষু প্রজাপতির বিভ্রমণ'—এখানে জিজীবিষার অন্তহীনতা ও চঞ্চলতা শক্ত 'জ'-ব্যঞ্জনের পুনরাবৃত্তিতে প্রতিধ্বনিত। চসর-হেনরিসন-শেক্স্পীয়র ইয়লাস-কল্পনাকে এক এক নতুন বাতাবরণ দিয়েছেন। বিষ্ণু দে-র কল্পনাতেও তা এক নতুনতর তাৎপর্য পায় প্রথম মহাযুদ্ধোত্তর বিশ্ব ও খদেশের গ্লানি অপচার, অথচ অন্তহীন **সংগ্রামের পটভূমিতে। শেক্সপীয়রের ট্রয়লাস অধিগত করেছিল এক অভিজ্ঞতালস্ক** অনাসক্তিকে, সে জানে গ্রীক-পক্ষে ও ট্রোজান-পক্ষে মৃঢ়তের সমাবেশ ঘটেছে সমান ভাবে। বিষ্ণু দে-র ট্রয়লাস এমন ভাবে নিষ্ণ চলিষ্ণু ভূমিকাকে গৌণ করে ফেলতে চায় না:

> উষদী আকাশ ধৃদর করেছে মরণের আনাগোনা। হেলেনের বৃকে শবদাধনার বিশ্রাম আর নেই। আমার হৃদয়-ঘটাকাশে শুধু জীবনের আরাধনা।

8

শ্ বাকে বলছি, যে বলছি, এই হুয়ের সহযোগিতার গড়ে গুঠে কবিতার মানে। কবিতার মানেও ব্যক্তিগত। গুলু ব্যাখ্যার সময় তা হয়ে গুঠে সামাজিক। বেমন বলা বার বে, 'রিপন তথনো স্বেজনাথ হয় নি' অথবা 'শান্তিপুরে না, রুক্ষনগন্ধে বাব,

তা হলে কলকাতা পৌছতে দেৱি হবে না'—আজকের শ্রোতার কাছে এ সর বাজ্যের অর্থ এই কারণেই সহন্ধবোধ্য যে, শ্রোতা এবং বন্ধার স্থান-কালের ঐক্যই এ সব বাক্যের আর্থ নির্ণয়ে সাহাধ্য করছে। বেশি পিছনে খেতে হবে না, উনিশশো পীয়ভালিশেও প্রথম বাক্যটির জন্ম হয় নি। আঠারোশো সন্তরেও দ্বিতীয় বাক্যটি ছিল বোধাতীত এক অসম্ভবতার ওপারে। সে সব দিনের কোনো মামুষ যদি এ সব বাক্য শোনেন তা হলে এ মন্তব্য অবগ্যন্তাবী—'এ কালের মানুষের কথার কোনো মানে হয় না'। আধুনিক কবিতার ভাষা বোঝা যায় না—এই অভিযোগের মূলেও কতকটা এই জাতীয় ব্যাপার রয়েছে। মানসিকতায় যিনি তাঁর যুগের, বা, সময়ের বাসিন্দা নন, তিনি আজকের কবিতার ভাষাকে স্থায়তই চুর্বোধ্য বলবেন। এ কালের কবিতা-সংক্রাম্ভ তিনধানি বই আমার সামনে রয়েছে, প্রত্যেকটিরই প্রারম্ভিক আলোচনায় আধুনিক কবিতার ভাষায় আপাত-তুর্বোধ্যতার বিষয়টি সবিস্থারে আলোচিত হয়েছে। এ জাতীয় আলোচনায় প্রতি ক্ষেত্রে না হলেও প্রধান প্রধান ক্ষেত্রে কবিদের সময়-সচেতনভার প্রশ্নটি উঠেছে। কবি তার সময়ের মুখপত্ত নন, মুখপাত্ত। তাই, যিনি কবি তার, একমাত্র তাঁরই, কোনো বধিরতা নেই—নেই বলে তিনিই পারেন সাডা দিতে সময়ের উচুনিচু, দর্বজনীন-ব্যক্তিগত, দকল প্রকারের স্পন্দনে। তার দময়ের পটে তিনিই সব চেয়ে জীবস্ত, সব চেয়ে সজাগ। আর, সকল দামাজিকের মধ্যে কবির নিজন্ম বিশিষ্টতা অন্য যে একটি কারণে চিরকালই প্রতিষ্কিত সেটি হল এই যে কবির সত্যবোধ এবং শব্দাগ্রহ অবিচ্ছেম্ব। সকল সজাগ ব্যক্তিই নিজ নিজ অভিজ্ঞতা সম্বন্ধে সচেতন-কবির স্বাতস্ত্র্য এইথানে যে, তাঁর এই সচেতনতা বা অবধানতাই তাঁর প্রকাশমাধ্যম। এ কথা বলা যায় যে কবিতার ভাষা কবির অভিজ্ঞতারই ভাষা।

অবশ্ব অভিজ্ঞতার কোনো তর-তম বিচার সম্ভব নয়। কেউ বলতে পারে না অভিজ্ঞতার কোথায় আরম্ভ, কোথায় বা শেষ। অভিজ্ঞতার পরিমাণ বা আয়তন নিয়েও বিতর্ক চলে না। একমাত্র বিতর্ক চলে, অন্তত্ত চলেছিল—কোন্ অভিজ্ঞতা কাব্যবহ, কোন্ অভিজ্ঞতা নয়, তাই নিয়ে। ওয়ার্ডসওয়ার্থ কোলরিজ রবীজ্ঞনাথ, পরস্পরের মধ্যে সচেতন পার্থক্য রচনা করেও কাব্যিক অভিজ্ঞতার আভিজাত্য বিষয়ে ছিলেন সভাগ। ওয়ার্ডসওয়ার্থ যখন বলেছেন 'grandeur of imagination', কোলরিজ তখন বলেন 'grandeur of its subject' এবং রবীজ্ঞনাথ যখন বলেন, 'ভাত-কাপড ছাতাজ্ঞতা আমাদের মনে সৌদর্শের পুলক সঞ্চার করে না, কিন্তু লক্ষণ রামের সঙ্গে সঙ্গের বেনে একটা সংসীত বাজাইয়া তোলে—তথন ক্লিন্থ ক্রক্স্কে অভ্সরণ করেই বল্ডে ইচ্ছে করে বে,

८. : 'ट्रनोईएस', महिका !

আবা সব এক-সোজের রসদৃষ্টি। আধুনিক কবিতার ভাষা-রহন্ম ব্যাখ্যার যে কথা প্রথমেই শারণীয় তা হল, সপ্তদশ শভাকীর ড'ন-প্রম্থ মেটাফিজিক্যাল কবিদের মডোই আধুনিকতাবাদীদের কাছেও শতঃই কাব্যিক বিষয় বলে কিছু নেই, অকাব্যিক বিষয় বলে কিছু নেই, অকাব্যিক বিষয় বলেও কিছু নেই। আমাদের মনে পড়ে অমিয় চক্রবর্তীর 'প্রেজুরের চোথা সব্জু' 'ঝাঝর রোদ', মনে পড়ে জীবনানন্দের 'বেতের ফলের মতো মান চোখ', মনে পড়ে 'গোধুলি-মদির' নক্ষত্রের মতো নিশানাগরী মেয়েটিকে, হলুদ কঠিন ঠ্যাং উঁচু করে খুমোছে যে শালিক তাকে, মনে পড়ে বৃদ্ধদেব বস্তর 'চলচ্চিত্র' কবিতার সেই নায়ক্ষের পত্যন্তর্ববিহীন স্বপ্লকে। অর্থাৎ মেধা বা মননেব সঙ্গে আবেগের বৈরিতাকেও তারা শীক্ষতি দিলেন না। তাঁদের ভাষারও প্রথম বৈশিষ্ট্য ও বিভাষ বৈশিষ্ট্য রচিত হয়েছে এই কাব্যিক ও অকাব্যিকের সীমা ভেঙে ভেঙে।

খীক্বতি দিলেন না, কেন না, যাদের আমরা বোম্যান্টিক কবি বলে থাকি, তাঁদের' সময় থেকেই কবিতার গঠনবিভাসের formal logic পরিবজনের যে প্রবশতা দেখা দিয়েছে, তাই আরো তীব্রতা পেল আধুনিক প্যায়ে। ইতিহাদের স্তরেই এ-বিষয়টিও অব্যাখ্যাত থাকে না। অন্তিত্ব এবং বিশ্বের মধ্যে অনর্যজনিত সংকটকে দমাহিত করতে গিয়েই ওয়ার্ডসওয়ার্থের প্রকৃতি-ধ্যান। রবীক্সনাথের প্রকৃতিমৃক্তির চেতনাও আর-এক তাৎপর্য পায় এ দেশের পঙ্গু অগ্রাবক্রতা এবং দার্বিক উপনিবেশিক অচরিতার্থতার পটে। বাস্তব ইতিহাসে যেনিন এবিকল্পরচনার সাধ আরো বিডম্বিত হল কালের প্রহারে, নানা দিক থেকে যথন মান্তবের সংজ্ঞা এবং সংজ্ঞার্থ মান্তবের কাছেই বদলে যেতে লাগল —তথন সমস্ত পুরোনো বনেদের ভাঙচুরের মাঝখানে কবিতার গঠনবিভাসের পরিচিত লজিককে আশা করাই অসম্ভব। এই সময় আজকের কবিতার textureএ, বা ৰুনোনে ছাপ রেখেছে গভীর। এও অকমাৎ দেখা দেয় নি। এরও পূর্বস্থত্র আছে রোম্যান্টিক কবিদের রচনাতেই। যাকে a-logical বা যুক্তি-নিরপেক বিস্তাস বা structure বলে তা প্রচলিত প্রথার বিক্তরে রোম্যান্টিকদের বিস্রোহের ফল। আধুনিক মামুষের বিচ্ছিন্নতার ছবি রবীক্সনাথের হাতে ফুটে উঠেছিল নতুন রেথায়। 'সোনার ভরী'-কবিতার প্রথম ভবকের ছোট ছোট অব্যবহৃত পূর্ণচ্ছেদগুলি ফুটিয়ে তুলেছে ষেন কোনো প্রির্যাফেলাইট শিল্পীর তুলির অমোঘ টান: 'গগনে গরঙ্গে মেঘ। ঘন বরষা। কুলে একা বদে আছি। নাহি ভরদা। রাশি রাশি ভারা ভারাধান কাটা হল শারা। ভরা নদী ক্ষুরধারা ধর পরশা। কাটিতে কাটিতে ধান এল বরষা।' পরের স্তবকের 'বাঁকা জল'—এই বর্ণনায় 'বাকা' বিশেষণটি গভীরার্থতোতক। বাক্যের এই গভীর গঠন, শব্দের এই জটিল গুঢ় হবার ক্ষমতাকে উত্তরাধিকার হিসাবে পেলেন শ্ৰতীকী কবিরা—তা বর্তেছে আধুনিক তাবাধীদের লেখনীতে। আসলে আধুনিক

কবি আর-একটু এগিয়ে গেলেন—শব্দের ব্যক্তার্থ বা বিশেষাভিধানকে অক্স্প রেক্ষেতার গৃঢ়ার্থের বে অভিজ্ঞতাগত পরিবর্তন ঘটল তাকে প্রতীকী সংবেদিতার ধরে নিলেন। এই সংবেদিতাই আধুনিকতা। যাকে আমরা আপাভদৃষ্টিতে বলি বিশেষগেশ্ব: বেডা ভেঙে দেওয়া, যাকে বলি বিপরীত-সন্নিবেশ—এ সবই ওই প্রতীকী সংবেদিতার অভিনব হয়ে উঠেছে। শব্দের ব্যক্তার্থ ও বিশেষ অভিধাকে অক্ষ্প রেখে, তার গৃঢ়ার্থের বে কালগত পরিবর্তন ঘটে, কবি, আধুনিক কবি, তাকে ধরে কেলেন আশ্চর্ষ সংবেদিতার। শব্দের এই বিভিন্নমূখী নির্দেশকে আবিষ্কার করাই ultimate responsiveness, এবং এই ultimate responsivenessএর ক্ষমতা যার থাকে, সেই কবিই শব্দকে দিতে পারেন এক বিশিষ্ট গতি। আধুনিক কবির ভাষার তৃতীয় উজ্জ্ব বৈশিষ্ট্য সেই গতিকে কালচিক্ষে উচ্চাব্য করে তোলা। শব্দের এই অজিত স্বাধীনতাও আসলে অজিত হয়েছে ঘটনার অভিঘাতে, সময়ের ক্রোডে। লিয়র-কল্পনার আলোকেই উদ্দীপ্ত হয়ে উঠেছে বিফু দে-র 'তিনটি কারা'-কবিতার তিন-নম্বর অংশটি—

"শহরে পথে বেন দে এক প্রাক্বত হর্ষোগ—
পাগল বৃঝি ? পাগল নয় মোটেই ?
প্রবল বেগে মাথা নাডায় ঝডে তালের কাতরানি
কিয়া যেন লিয়র মাথা কোটে।"

'ঝডে তালের কাতরানি' আপাতবিন্তাদে বা surface structureএ যাই হোক, deep-structureএ এই কাল্লাকে প্রতিষ্ঠিত করেছে তদানীন্তন দেশকালের মর্মন্তব্দ পটভূমিকায়। কিন্তু এখানে ভাষার আধুনিকতার স্থম্প্রিত স্বাক্ষর ফুটেছে 'প্রাক্ষত ফুর্মোগ'এ। Surface structureএ ঝডের ছবির প্রসদ্ধে প্রাক্ষত' শব্দের বিশেষাভিধান বা ব্যক্তার্থ ঠিকই কান্ধে লাগে—'প্রকৃতি-সম্বন্ধীয়'। কিন্তু চকিত ঢেউ ওঠে এক স্থাভীর গুঢ়ার্থের—'প্রাক্কত তুর্বোগ' মানে প্রজা-সম্বন্ধীয় বিপর্যয়ন্ত হতে পারে। তথনই কবিতাটির বৃদ্ধ চরিত্রটি হয়ে যায় দেশহারা লক্ষ্ণ ক্ষম্ব ভিখারীর একজন। তথনই কবিতাটি হয়ে ওঠে এ কালের কবিতা। এ কি শুর্ব কৌশল? এ কি শুর্ব রীতি? না কি এই ভাবেই কবি ব্যক্ত করেন তাঁর উপলন্ধ পৃথিবা? শব্দের এই বহ্বর্থ-বিন্তারী শক্তি, এই বিচিত্রাধিকার আধুনিক কবিতার অভিজ্ঞান। এর মধ্যে যে-যুক্তি (logic) কান্ধ করছে সেও এক প্রতীকী যুক্তি। সে-যুক্তিরও আমাদেরই সাবিক অভিত্বের গ্রন্থিক ক্মেচনীয় ছাটলভার প্রতিফলনের জন্মই প্রয়োজন। বিষয়টি ব্যাধ্যার জন্ম বিষ্ণু দে-ব 'প্রফেলিয়া'-কবিতার একাংশ বিশ্লেষণ করা বেতে পারে:

দেববানী ! সাঁঝে তোমার প্রণাম মাঝে ক্লিষ্ট আমার দিবদের ক্ষমা বাবে

শাপমোচনের স্থরভিস্থরের পাকে পাকে এই সাধনা আমার। শাহিত্য শিল্পের চিরম্বন জগতে নিয়ত যাতায়াতের ভিতর দিরে গভীরতর বিষয়-বাস্তবতার উদ্যাটনে, নিরাসক্ত ব্যক্তির সমীচীন জীবনদর্শনে এই এলিয়টার ভাবনারীতি বিষ্ণু দেব কবিক্বভিতে পৃথক্ তাংপর্ধ পায়। 'হামসেট'-নাটকে স্ববরত ওকেলিয়াকে দেখে গ্লানিকর্জন হামলেটের বিখ্যাত উক্তি · 'The fair Ophelia—Nymph in thy orisons / Be all my sins remembered'—এখানে মাত্র পুনরাবৃত্ত হয় নি, বর্তমান শতাবদার বিচ্ছিন্নতার যন্ত্রণাকে তা স্কাগ্র অভিব্যক্তি দিয়েছে। আধুনিক কবিতার ভাষার জটিলতা অথচ অব্যর্থ অভিপ্রায়কে বোঝার জন্ত 'দেবযানী'-শব্দটি আলোচনা করা যায়। হযতো কবি কল্পনায় nymph-শব্দটির অভিঘাতেই বিশেষ্যার্থ না ধরলে, বা সাধারণ ব্যক্তার্থ দাঁডায়, তাতে তুই শব্দ পরস্পরের থেকে থুব मृत्त नत्र। किन्छ छे९क्के किवकर्ग कथरनाई अपर्यत्र এই वन्नीमभाक अध्यत्र रमग्र ना। বিপুন বিশ্ববীক্ষার পটে অর্থকে নতুন জীবনদান সেই কবিকর্মেরই বিশিষ্ট ভূমিকা। 'দেবযানী' nymphকে আলগোচে ছুঁয়ে থেকেও হয়ে গেল ভারতীয় পুরাণের 'দেবধানী'—অন্তিত্বের সমস্ত প্রতিকৃসতা ও বৈরিতার মাঝধানে মৃত্যুঞ্জর মন্ত্রের জন্ত আকুল নাগকের আশ্রয় বে-নায়িকা, সে-ই দেবযানা। স্থতরাং 'দেবযানী'-শব্দের প্রয়োগে আমাভাগিত হল নায়কের নির্বেদ নয়, এক পঞ্জিটিভ ভূমিকা। অথচ যে-প্লানিজর্জর জীবনের উত্তরণের অভীপাও হারিয়ে যায় না 'শাপমোচন'-শব্দের ইঙ্গিতে, এ শব্দের মন্ত্র্যক্ষে আদে ওই নামের বিখ্যা হ গীতিনাট্যের ভাবস্থতি। কিন্তু আশ্চর্যের বিষয় এই যে, আমবা যে ভাবে খুগতে খুগতে এগুদ্ধি, সে ভাবে নয়, কবি এগিয়েছেন বাঁধতে বাঁবতে। এথানেও, 'গান যে করে দে আনন্দের দিক হইতে রাগিনীর দিকে যায়, গান ষে শোনে সে রাগিনীর দিক হইতে আনন্দের দিকে যায়।'

চিত্রকল্পকে কাব্যভাষার রূপান্তরিত করা আধুনিক কবিতার বিশিষ্ট লক্ষণ এ কথা বলা যাবে না। এ বিষয়ে আধুনিক কবিদের প্রবল পূর্বগ রয়েছেন রোম্যান্টিক কবিরা, প্রতীকী কবিরা। ভাষা এবং চিত্রকল্প, স্বজান ল্যান্সের যেমন বলেন, অভিজ্ঞতারই প্রতীকী রূপান্তর। কিন্তু আধুনিক কবিতার কাব্যভাষার প্রধান বৈশিষ্ট্য হল চিত্রকল্পের ভিতর দিয়ে বিপরীতের সমপাতন। সপ্তদশ শতালীতে ইংরের মেটাফিজিক্যাল কবিরা এই ভাবে আঙ্গিষ্ট বিপরীতের সাহায্য নিয়েছিলেন, আধুনিক কবিকেও এ সাহায্য নিতে হয় আধুনিক জীবনের অধিকতর জটিলতার চ্যানেজকে স্বীকৃতি দিয়ে। স্থাপাত-দৃষ্টিতে যারা অসম্বর্ধ, তানের পাশাপানি সন্ধির্ধি আধুনিক কাব্যের বিষয়, কেন না ভারা স্বাধুনিক জীবনেরই সংশে। জীবনানক্ষের কাব্যভাষার ভিনটি চিত্রকল্প এ প্রশক্ষ

ব্যাখ্যায় সহায়ক হবে:

ক. স্থন তার

করণ শন্থের মতো—হুধে আর্দ্র—কবেকার শন্থিনীমালার…

- খ. উটের গ্রীবার মতো কোনো এক নিম্বন্ধতা এসে।
- গ. পাধির নীডের মতো চোথ তুলে নাটোরের বনলতা সেন।

জন এবং শন্থের সাদৃশ্য ক.-চিহ্নিত উদ্ধৃতিতে বড কথা নয়। সে সাদৃশ্যকে উপেক্ষা করা হচ্ছে না, তবে তাকে গৌণ করে দিয়ে এক অমেয় রহস্তকে তাক দিয়েছে 'করুণ'-বিশেষণটি। আমরা জানি, দৃশ্যবাস্তবের শৃঞ্বল ভেঙে পরাবাস্তবতায় উত্তরণের আধুনিক রীতিতে জীবনানন্দ বিশেষণের সীমা ভেঙে দেন। 'অরব অন্ধকার'এর 'জরব' শুধু 'নীরব'এর বিকল্প নয়, সে এক বিমর্ষ শৃহ্যতার অন্থয়কবাহী। ঠিক তেমনি 'করুণ'-এই ন্থার্থক বিশেষণ তুঃখাবহ এবং দয়ার্দ্র এই তুই অর্থের মধ্যবর্তী ছায়ায় অপরক। অব্যবহারে অচরিতার্থ শন্থের কারুণাই কি এখানে উপমেয় ? সৌন্দর্য এবং বিয়য়তার আক্রেবে এ হয়ে উঠেছে রোম্যান্টিক কর্লার পবাকাষ্ঠা। কিন্ত 'করুণ'কে যদি পাত্রান্তরিত বিশেষণ রূপে ভাবা য়য়, তা হলে যে-অর্থে ইয়েট্ল্ আধুনিক, সেই অর্থেই জাবনানন্দ সঞ্চার করেন আধুনিক অর্থ—শন্থেব মতো জন য়ায়, সেই শন্থিনীমালায় সৌন্দর্যের মৃগ পৃথিবীতে চিরকালের মতো শেষ হয়ে গেছে, সৌন্দর্য-বিভিন্ন সেই আধুনিকের কারুণাই কি এখানে উদ্মিই ?

থ.-চিহ্নিত চিত্রকল্পটি কাব্যভাষার পরাবান্ধবতার বিশিষ্ট সক্ষণ। যে-নিম্বন্ধতা কিছুতকিমাকার, যে-নিম্বন্ধতা অনির্দেশ এবং আধুনিক অর্থে absurd, তাকেই উটের 'গ্রীবা'র আকন্মিক উল্লেখে সংক্রামিত করা হল। অন্ত দিক থেকে 'উট'-শব্দের অর্থগত অন্তথ্যক ভেদে ৬ঠে বিবর্ণ ধুসর মন্ধ-শৃন্ততা। সেই শৃন্ততার ভারাবহ স্বন্ধতা কথনো কথনো অপ্রতিরোধ্য, অন্তিখের নির্থক্তার বোধ জেগে উঠলে আর রেহাই নেই।

গ্ন-চিহ্নিত চিত্রকল্পটি বিভ্ত ব্যাখ্যার অপেক্ষা রাখে। 'বনলতা সেন' কবিতার, রিসিক পাঠক লক্ষ্য করেছেন, বনলতা সেন বিণিত হয়েছেন মাত্র বিতীর অবকটিতে। প্রথম ও তৃতীয় ভবকে তিনি ওধু উল্লেখিত। প্রথম ভবকে কালে এবং স্থানের অসীমে বিভীর্ণ যন্ত্রণাময় মানব-মন্তিত্বের শ্বতি। বনলতা সেনের ভিতরে, প্রেমের মান্ত্র খুঁলে পেল তার identity. বিতীর অবকের প্রথম ঘটি চিত্রকল্পে বনলতা সেনের সৌন্বর্থকে লাসিক স্পাইতা দেওরা হল। অথচ ওই ভবকেই প্রচলিত উপমারীভিকে ধাকা কেওয়া ওই চিত্রকল্পটি সমুখিত—'পাধির নীডের মতো চোধ ভূলে'। মনে হতে পারে, আগোডার্ক্টিকে, ছিত্রীয় ভবকের প্রথম ঘট চরণার উপমারীভিক্ত সারে, আগোডার্ক্টিকে, ছিত্রীয় ভবকের প্রথম ঘট চরণার উপমারীভিক্ত সাকে এ বৃথি

অসমঞ্জন। কিন্তু কবিভাটি ভিতরে ভিতরে এমন ভাবে বেড়ে চলেছে যে, ছুই অসমঞ্জনতা আশ্চর্য ভাবে সঙ্গতি পেয়ে গেল। দিশাহারা যাত্রী, দিশাহারা পাঞ্জি মডোই—প্রেমের মধ্যে আশ্রয়-কল্পনাতে যেখানে প্রেমিকার চোথ আশ্রয়দাতা, গুডারতই নীডের উপমা পেয়েছে। সৌন্দর্যের নিরাসক্ত বর্ণনা অকন্মাৎ ব্যক্তির আক্লভার একান্ত মন্মর হয়ে উঠল। প্রথম ছুই ভবকের শেষেই বনলতাকে স্থানে কালে চিহ্নিত করা হল—ওই মন্মর উচ্চারণ তার ফলেই পেয়েছে তীব্রতঃ। শেষ ভবকের শেষ চরণে আর দরকার নেই 'নাটোরের' কথাটি। শুরু 'বনলতা সেন'ই যথেই। বেধ্যানলোক তৃতীয় ভবকের বর্ণনীয়, তা শিল্পীর ধ্যানলোক। বনলতা সেন আর তথন বাজ্ববের কেউ নন, কাব্যকাহিনীর বিষয়—নাটোরের স্তৌগোলিক বন্ধন থেকে তিনি তাই মুক্ত। চিত্রকল্পর এই কালগত মৌলিকতা আধুনিক কাব্যভাবাকে দিয়েছে চৈতস্তকে নাভ। দেবার ক্ষমতা।

এ কথা কে না জানেন যে, আধুনিক জীবনের জটিলতার আহ্বানে সাডা দিতে গিয়েই আধুনিক কবিতার ভাষা প্রচলিত রাতিকে আঘাত হেনেছিল। কোনো অভিজ্ঞতাই প্রত্যাখ্যানের যোগ্য নয়, কৌতৃহল কোথাও প্রতিহত হবার নয়। অমিয় চক্রবর্তী বখন লেখেন, 'না-দাডি-কামানো বুড়ো, লেখেন, 'কাঁদাটে', 'মাহুরে চ্যাপ্টানো প্রাণ', বুদ্ধনেব বস্থ যখন বলেন, 'সভ্যহীন সংজ্ঞাতীত এককের আদিম জ্যামিতি,' বা বলেন, 'স্বান্তের জাতৃকর আলোর আঘনা হাতে নিষে সন্ধ্যা নামে,' লেখেন 'জলের উজ্জ্লে শশু রাশি রাশি ইলিশের শব,' অথবা সমর সেন যখন বলেন:

মৃত্যু শুনেছি শেষ কথা নয়,
কালপ্রোতে ভেলে আদে নবীন জ্ঞাল,
আবার সঙ্গোপনে ঘরে রহক্ষভরে বিভি ধরে
বালক বংশধর,
ভারো পরে টেরি কেটে কাব্য প'ডে
জানায় অমর প্রেম বথাটে যুবক—

বা স্বভাষ মুখোপাধ্যায় যথন বলেন:

নথাতো নক্ষত্রপলী, ট্যাঁকে টুক্রো অর্ধদগ্ধ বিডি। মাংসের ত্ভিক নইলে ঋষি মনে হত হাবভাবে। বিক্তু তমন্তিক চাঁদ উলাঙুল বপ্রে অশরীরী—

ভখন কবিদের শব্দের স্বাধিকার এক চৈতন্তের পরিবর্ধিত পরিধির স্মারক হিসাবেই স্মানাদের কাছে জীবন পার। এখানে গভমর জগতের অভিঘাত স্প্রীকৃত হয় নি, তবু প্রায়া কবিছা কেন না 'নবীন জ্ঞাল' অথবা 'নথাগ্রে নক্ষ্মপ্রনী' স্থবা মেটাফিজিক্যাল কবিদের স্বাৰক জ্যামিভির উপমা আসলে শব্দেরই আধুনিক অব্যর্থতা, বিকল্পবিহীনতা। 'তিরিশে'র কাব্য যতক্ষণে এই ভাবে পথ করতে করতে এনে হাজির হন চল্লিশের চৌকাঠে তভক্ষণে তার ভক্ষণ উত্তরাধিকারীদের হাতে দেবার মতো সম্পদ কিছু না কিছু শে রচনা করে ফেলেছে। বিষ্ণু দে-র পুরাবোধে, সংস্কৃতিচেতনায়, অমিয় চক্রবর্তীয় বিশ্ববোধে, জীবনানন্দের হৈমন্তিক সন্ধ্যাভাবনার, সমর সেনের ধৃদরতার চেতনায় এবং স্বধীন্দ্রনাথের উষরতাবোধে 'তিরিশে'র উপলব্ধ বিশ্ববান্তবতা ও আত্মবান্তবতার সামগ্রিক ছবি ফুটে উঠেছিল। আমাদের বিশ্বিত হবাব কোনো কারণই থাকে না যথন আমরা স্থীন্দ্রনাথ ও সমর সেনের প্রসক্ত প্রকরণের বিপুল বৈপরীত্যকে একই বিশ্ববান্তবতার অংশ হিসাবে অন্থাবন করি। স্থীন্দ্রনাথের উষরতাবোধ, শব্দের হুরুহতা, তাঁর নিপুণ প্রায়-হ:দম্ভব পংক্তি-স্থবক বিস্তাদ—অথচ অম্তরশায়ী এক ঘন বিরহন্বভি, সব মিলিয়ে অন্তিত্বের তদানীস্তন ট্র্যাঙ্গেডির বিচিত্র আধার। অধিকাংশ কবিতাই ষেন সেই পঞ্চাৰ ট্যান্ডেডির শেষতম দৃশ্যের বিদগ্ধ নায়কের বিষয় চিস্তাদমাকুল স্বগতোক্তি। বিষয় বিদধ্যের স্বগতোক্তি বলেই যে নায়ক শেক্স্পীয়রের উয়লাদের মতো অষথা মাথা ঘামায় না তার শব্দচয়ন সহজগ্রাহ্ম হবে কি না এই নিয়ে। স্থীক্রনাথের নামকের নৈরাশ্রবোধ সভ্যতার সংকটলগ্নে বিশৃন্ত বর্তমানের মুখোমুখি দাঁভানো সচেতন ষ্বার নৈরাখনোধ। ছবহ বিষণ্ণতাই বৃঝি মাঝে মাঝে ছর্বোধ্য হতে চায়। কেন বৃঝি না আমরা যে, তাঁর চরিত ত্রহ শব্দগুলি অর্থেরই আর-এক ডাইমেন্শন্ ? অন্ত দিকে সমন্ত্র সেন যে-ধৃদরতার **ঘারা ছিলেন অধিকৃত তাও এক ভূমিকাহা**বা যুবকের মধ্যবি**ত্ত** আঅমানির, সম্বিৎময় নির্বেদের স্মারক। বারে বারে তার কবিতায় আদে 'পাহাড'-প্রদাস। অন্ত ত্রন্ডিন্ডার প্রতিমা সেই পাহাড—অথচ যে কদাচ হল না উত্তরণের षाহ্বানের প্রতীক!

¢

চারের দশকে কবিতার ভাষার আব-এক রঙ ফেরানো শুরু হল। তিনের দশকে ভাষার যে প্রাতিশ্বিকতার চর্চা প্রবলতা পেয়েছে, প্রজ্বন্ধে অপ্রজ্বন্ধে তারই বিরুদ্ধে একটা প্রতিক্রিয়া চারের দশকের কবিতার লক্ষিত। এর একটা কারণণ্ড ছিল। যুদ্ধ, ছভিক্ষ, মানবীর হুগতি, এক কথার বাস্তবের চাপ নানা দিক থেকে প্রত্যক্ষ এবং ভারী হয়ে উঠেছিল। কবিতা তাদের সব কিছুকে অকীভূত করতে চেরে সেই প্রত্যক্ষের জল-হাওয়া নিজের গারে লাগিরেছে। প্রত্যহের করাঘাতে যথাসম্ভব ক্ষত সাড়া দিজে হবে—এই মানসিকভা থেকে চারের দশকের কবিতার ভাষা সহক্ষ হবার শক্ষ সম্বর্ধ

্হল। এই সহজ হবার সত্তরতায় চারের দশকেই 'কবিরা তুর্বোধ্য'—'তিনের দশকের'' এই কিংবদন্তী ভক্ষণভৱ কবিদের মধ্যেও কারেন্সি পেল অধিকতর। আরো লক্ষ্ণীয় যে. চারের দশকেই কবিতা হুই শিবিরে বিভক্ত। এই শিবির-বিভক্তি কভকটা তম্ব-ভিত্তিক. বেশিটাই অর্থহীন। শিবির থাকলেই শিবিরকে বাডাতে হবে এই বোধও থাকে-আবিকরীতির তরলীকরণ—'কবিতাকে দাধারণ পাঠকের কাছে নিয়ে যেতে ২বে' এই নামে, অথবা 'কবিতাকে তার mainstreamএ ফিঞিয়ে নিয়ে যেতে হবে'—এই ভেবে. ছই শিবিরকেই ঠেলে দিয়েছে কৃত্রিম সহজ্বত্বের সাধনার। 'তিরিশে'র প্রত্যয়ন্ত্রষ্ট 'চলিশে'র চটুলতার মাঝথানে স্থকান্ত ভট্টাচার্য যতথানি প্রতিশ্রতি, ততথানি প্রতি-#ভিপালন নন। মণীন্দ্র রায়, হরপ্রসাদ মিত্র, নরেশ গুচ অথবা নীরেন্দ্রনাথ চক্রবর্তী এই সময়ের বিধা ও বন্ধের মাঝখানে শিল্প ও জীবনের তুই প্রান্তকে জ্যা-বন্ধ করার চেষ্টাম্ব কথনো ঝোঁক দিয়েছেন কেউ জীবনের দিকে, কথনো শিল্পের স্বরাজ্য খুঁজেছেন কেউ শি**রীকে** বিনিষ্ট ভেবে। স্থভাষ মুখোপাধ্যায় এবং মঙ্গলাচরণ চট্টোপাধ্যায় জীবন**কে** সাবেগ আশ্লেষ করে কবিতার ভাষাকে কভটা ঋজু করা যায় চারের দশকে তার একটা নিদর্শন রেখেছিলেন। ছই শিবিরে ছিল একই সামাবদ্ধতা। থিনি কবিতা খুঁলে-ছিলেন মাঠে-কারখানায় তিনি যেন বিশ্বাস করতে পারেন নি যে, কবিতা ঘরেও থাকে; যিনি মেত্রর আলোয় কবিতাকে পেতে চেয়েছেন ব্যক্তিগত ভাবে, তিনি মানতেই চান নি যে, কবিতা উনবিংশের তরুণীর মতো অমুর্থপাশু। নন।

অথচ এরই মাঝখানে কবিতার ভাষায় কথ্যরীতির নিজস্ব বেগবান বাক্ম্পন্দের সঙ্গে হৃক্তি হচ্ছিল নতুন অভিজ্ঞতার দান। উনিশ্লো ছেচলিশের পুলোর 'অরণি'তে প্রকাশিত হল বিষ্ণু দে-র 'মোভোগ', 'পরিচয়ে' 'কঙ্কালীতলার মাঠ': এই ছটি কবিতার দেশল রূপকথা, লোকিক 'মিথ'-ইত্যাদি প্রয়োগে কবির আত্মাবিষ্কারের, অবিকলতা-সন্ধানের সকল প্রয়াস নির্দিষ্ট রূপবন্ধনকে সফল করে তুলেছে। বিশ্বরের বিষয় ষখনই দেশ-ভাগ, গান্ধী-হত্যা, লালমোহনের আত্মদান, চতুর্দিকব্যাপী নৈতিক ও রাজনৈতিক অরাজকতা প্রাধান্ত পেরেছে, তথনই বিষ্ণু দে এই মিথ্এর প্রজন্ম ও অপ্রজন্ম প্রয়োগে প্রতীকায়িত করেছেন মান্ত্রের এক আদিম অভীক্ষাকে—দে হলবিশ্বলা থেকে বিপর্বন্ধ মান্ত্রের উত্তরণের অভীক্ষা। মণীন্দ্র রায় এবং মঙ্গলাচরণ প্রত্যান্ত বিবিষ্ট তৎপরতার ভাষার এই ভঙ্গিমাকে, রূপক্থা-লোককথার এই ডিজাইন্কে চমংকার ব্যবহার করেছেন। প্রসক্ত মণীন্দ্র গান্তর 'কবিয়াল' কবিতাটি শ্বরণ করি ।

আন্ত দিকে জীবনানন্দের গৃঢ়ভাষণ চারের দশকের প্রান্তে এসেই আর-এক মাত্রা ধুঁলে পাষ 'মহাত্মা গান্ধী'র মড়ো কবিতায়। পরাবাত্তবতার জটিল ছারাপথ ছেড়ে মাহবের অপশন দুঃধ-বার্থভার প্রভাক মেঘরোজে জীবনানন্দের কবিতার নতুন অধ্যাহ एक रिक्रिण। এक कथांत्र तला यांत्र तांडला कविंछा हारात्रत्र प्रभएक धाहे जिल्हा जाते । বিপর্যয়, বিশৃত্যলার মাঝখানে জীবনের ছির মূল্যের কথা ভূলে যায় নি। এই একটা দশক যথন এলিয়ট বোদলেয়ার-রাঁাবো প্রায়-উছ ছিলেন। কবিতার ভাষা চারের দশকে দেশজ অভিজ্ঞতার মাটিতেই দাঁডাতে চেয়েছে। ওই দশকের সরলীকরণের, **অ**তিবামপন্থার, প্রতিবামপন্থার নানা বিপরীত স্রোতের মাঝেও এই কথা তাৎপর্ব হারায় 'না। এবং এরই মাঝধানে প্রতিষ্কিত হয়ে গেল আধুনিক কবিতার নিজম্ব ভাষামূলা। অচল হথে গেল পুরাতন মূলা। অথচ আধুনিক কবিতার এই প্রতিষ্ঠার কালেই ভঙ্গির দিকে, মেকি বিদেশী প্রসাধনের দিকে ঝোঁক বাডতে লাগল। যা ছিল বরাবর ক্লব্রিম দেই বাজনৈতিক উচ্চারণের ধ্বনি ফিকে হযে গেল। কিছ কবির বেটা আদল সমস্তা, সংযোগ স্থাপনের সমস্তা, সেটা যে কবিদের সমানে ভাবিত করে বেখেছে তা বোঝা যায় 'ক্লব্তিবাসে'র প্রথম সংখ্যা^ত দেখলে। তথনো বোদলেয়ারের অভিঘাত অথবা বুঁাবোর প্রভাব বাঙ্লা কাব্যে কুত্রিম আবহাওয়া রচনায় *নি*য়ো**জি**ত হয় নি। যে নাগরিকতা এবং বুর্জোযা সভ্যতার সংকটাপন্ন পটভূমিকার সমর্থন থাকলে ওই অভিঘাত কাব্যগত সফলতাকে তাংপর্বপূর্ণ করে তুলতে পারত, তা যে এথানে মূলত অমুপস্থিত, দে কথায় তথনো সন্দেহ ছিল না। বঁটাবোব 'আটা-লজিকটাল' বাগ বিভাস, মালার্মের দিব্য শব্দ বাঙলা কবিতার বাতাববণকে স্পর্শ করেছে মুখ্যত ছয়ের দশকে। 'কুত্তিবাস' পত্রিকার প্রথম সংখ্যায ছটি রচনা পাঁচের দশকেব প্রারম্ভে যে সমস্তার ইঞ্চিত দেয়, তা কিন্তু একান্ত ভাবে বাঙলা কবিতারই সমস্তা। প্রবন্ধ ছটির লেখক হলেন সমর সেন ও জ্যোতিরিন্দ্র মৈতা।

- ১ আমাদের অভিজ্ঞতা এখনও অনেকটা ধাব করা, বই পড়া, দেশের মাটির, দেশের ঐতিহ্যের দঙ্গে আমাদের পরিচয় বলতে গেলে সবেমাত্র শুরু হয়েছে, আত্মীযতায় এখনে। পরিণত হয় নি। 'সাম্প্রতিক বাংলা কবিতা'। সমর সেন।

এই উক্তিব পৃথক্ পৃথক্ সারবত্তা নিয়ে কেউ ইচ্ছে করলে তর্ক করতে পারেন, কিন্তু সন্দেহ নেই এদের সমস্যা-সচেতনতায়। এবং সম্পাদক যে যথেছে প্রবন্ধ নির্বাচন করেন নি, তার প্রমাণ পাওয়া যায় সম্পাদকেরই 'কাব্যসভা' নামক প্রায়-সম্পাদকীয় তুল্য বিবরণী-মন্তব্যে—'তব্ও প্রথমদিককার কবিতার (সম্পাদক আধুনিক বাঙলা কবিতার কথা বলছেন) কিছুটা অসংস্কৃত হলেও আত্মপ্রত্যরের হয় ছিল। এখনকার কবিতা যেন বেশিমান্তার ভলিপ্রধান এবং বক্তব্যে অনিক্রতার সমস্যা।'

এ রকম বধার্ব কথা পাঁচের দশকের কাব্যপ্রয়াস সম্বন্ধে আর কেউ বলেন নি, বা ক্বিভিবাস'-সম্পাদক বললেন—'বজ্জব্যে অনিশ্চয়তার সমস্তা'। ভাষার ভবি আসে অনিশ্চমতা থেকেই। পাঁচের দশকের কবিতার অনিশ্চয়তার কারণটি বিশেষ ভাবে অহ্ধাবনীয়। জীবনানন্দের মৃত স্বভাবের দক্ষে, তাঁর অন্তর্গৃত বাক্যগঠনভঞ্চির দক্ষে তাঁর বক্তব্যের কোনো অমিল ছিল না। ভেদ ছিল না। পাঁচের দশকে জীবনানন্দকে হারা স্বাদীকরণ করতে চাইলেন, তাঁরা কিন্ত জীবনানন্দের এই অথগুতাকে স্বীকৃতি দিলেন না। প্রথমত ভবিটা সর্বন্ধ হয়েছে এই রক্ষপথে; বিতীয়ত জীবনানলকে পরিগ্রহণের কালে কেউ তেমন করে তলিয়ে দেখেন নি কোথায় ছিল জীবনানদ্রুর সীমাবদ্ধতা। জীবনানন্দের ইয়েট্দীয় প্রতীকী রূপজগতের ভাবালম্বনে ফটি ছিল এই ধে, তিনি ঈ্টার-অভ্যুত্থান-উত্তর ইযেট্দীয় চলিষ্ণুতা থেকে কোনো অভিজ্ঞতা দংগ্রহ করেন নি। ্তিনি নিজে যে এই দীমাবছতার বিষয়ে সচেতন হয়ে উঠছিলেন 'বেলা অবেলা কালবেলা' বইয়ের কোনো কোনো কবিতায় তার ইশারা রয়েছে। কিছু পাঁচের দশকের জীবনানন্দ-শিশ্বরা জীবনানন্দীয় হদের উপবিতলটুকু মাত্র নাডাচাডা করেছেন। বছদিন আগে সঞ্জয় ভট্টাচার্য তার 'নিকক্ত' পত্রিকার কোনো সংখ্যায় এ রকম মন্তব্য করেছিলেন যে জাবনানন্দের অচরিতার্থত। যিনি ঘূচিয়ে নিতে পারবেন. বাঙলা কাব্যে মহৎ কবির সম্মান তার জন্ম অপেক্ষা করছে। পাঁচের দশক এ সম্বন্ধে বিশেষ কোনো সচেতনতার প্রমাণ রাথে নি। কুত্তিবাদে'ব প্রথম সংখ্যায় কিছ প্রতিশ্রুতির অভাব ছিল ন।। সে দিন তার কাব্যভাষায় ছিল উত্তবাধিকারের বিনীত অঙ্গীকার-এ কথা 'কুত্তিবাস'-নিরপেক্ষ কবি শঙ্খ ঘোষেব কাব্যভাষা প্রসঙ্গেও প্রযোজ্য, এ কথা 'কুত্তিবাদ'-কীতিত স্নীল গঙ্গোপাধ্যায়ের কবিতাটি সম্বন্ধেও সত্য। পাঁচের দশকের বাঙ্গা কবিতার যেটক নিজস্ব স্বব তাকে থুঁজতে হবে এই পথেই।

উল্লেখ পঞ্জী

- ১ রবীজনারায়ণ ঘোষ। 'আধুনিক বাংলা কবিভা'। পরিচয়, অগ্রহায়ণ ১৩৪৭।
- २ विमन रुख निःइ। 'नमाज ७ नाहिका'।
- হীরেক্সনাথ মূথোপাথার ও আবু সয়ীয় আইব্ব-সম্পাদিত "আধুনিক বাংলা কবিতা'।
- 8 विनम्र स्थाव।
- ে পোপাল হালদার। 'আধুনিক সাহিত্য'।
- ৬ বিছু দে। 'একালের কবিজা'র ভূষিকা।
- 🐐 জীবৰানন্দ দাল। 'কবিভার কথা'।
- र्थे श्रम्भान् नारमञ्जा 'विनामकि देन् व निष्ठे की'।
- वर्ष किनाइ । 'अक्नूडाटिबिटोबिकान्' अस्ट्र कान्त्रि-विषय चाल्लक्याः ।

বাঙলা ছন্দ : রবীক্তনাথ এবং তারপর

দীপংকর দাশগুপ্ত

বাঙলা ছ দে ব প্রাক্- আ ধুনিক ই তি হা দে ব বী ন্দ্র নাথ প্রধানতম প্রক্ষ এবং সম্ভবত তিনিই শেষতম। ইতিহাসের প্রথম-পর্বে প্রধান প্রক্ষ ভারতচন্দ্র, বিতীয়-পর্বে মধুস্দন। বাঙলা ছন্দের একটা ন্যুনতম প্রমাণ (standard) ভারতচন্দ্রের কাব্যেই প্রথম স্ক্রপন্ত ; তিনি বাঙলা ছন্দকে হাত ধরে হাটতে শিধিয়েছেন, শুধু তাই নয়, বৈচিত্রা স্টির জন্ম সংস্কৃত এমন কি ফারসী ছন্দকেও তিনি বাঙলা ছন্দের সঙ্গে মেশাতে বিধা করেন নি। বস্তুত, বাঙলা ছন্দকে একটা নির্ভরযোগ্য ভিত্তির উপর দাঁড করিয়ে তার শক্তিকে যথাসাধ্য কাজে লাগিয়েছিলেন তিনি। ভারতচন্দ্র যে সে-মুগের শ্রেষ্ঠ বিধার ছান্দাসিক কবি এ বিষয়ে মতাস্তরের অবকাশ নেই।

যতি-নির্ভরতা বাঙলা ছন্দের চরিত্রের অন্তর্গত বৈশিষ্ট্য—বাক্পবাহের যতিখণ্ডিত অংশগুলির মাত্রাদমতাই ছলঃম্পন্দনের উৎস। বাঙলায় 'অক্ষরবৃত্ত' রীতির' ছল্দ প্রথম থেকেই প্রাধান্ত লাভ করে এদেছে। প্রাক্-মধুস্থদন পর্বে নির্দিষ্ট অর্থযতি ও পূর্বযতির সাহায্যে বিভক্ত পদগুলির নানা রক্ষের ছন্দোবন্ধ বা ছন্দের প্যাটার্নকে অন্থসরণ করেই কবিরা সাধারণত কাব্যরচনা করতেন—ভাবকে বিনীত ভাবে যতির অন্থগামী হতে হত। এতে ছন্দে বৈচিত্র্য স্থাইর সন্তাবনা কম ছিল। এবং হয়তো, বাঙলা চন্দের স্থভাববিরোধী বলে সংস্কৃত-রীতির ছন্দকেও বাঙালি কবিরা বিশেষ কাম্পে লাগাতে পারেন নি। 'স্বরবৃত্ত' বা লোকিক ছন্দের শক্তি ও সন্তাবনাকে হয়তো অন্তাভ আন করেই, তাঁবা তেমন গুরুত্ব দেন নি কিংবা বলা যায় ষ্থাসম্ভব পরিহার করেছিলেন। বাঙলা ছন্দের নিন্তবন্ধ প্রবাহে—সহত্যন্দ্রনাথ দত্তর 'ছন্দ-সরস্বতী' যে-ছন্দকে 'মন্থরগতি মকরাঙ্গী ডিক্সা' বলেছেন, মধুস্থদন এদে গতির সঞ্চার করলেন। যতির দাসত্ব থেকে কবিদের মৃক্ত করলেন মধুস্থদন; না, যতিকে অস্বীকার করে নয়, ভাবকে যতির প্রভুত্ব

১. এই হন্দোরীতি বিভিন্ন নামে গরিচিত: যৌগিক, তানপ্রধান, পদভূমক, ভল-প্রাকৃত, পরার বা পরারলাতীর, ইত্যাদি। 'অক্ষরবৃত্ত' নামটি ছান্দিনিক প্রবোধচন্দ্র সেন এক সমর প্রচলিত করেছিলেন; নামটি
অত্যন্ত পরিচিত, তাই এই প্রবন্ধে ব্যবহার করা হল। এই নামটিতে এই ছন্দের সৃত্তিক 'প্রকৃতি' চেনা
বার না বলে প্রবোধচন্দ্র সেন এর নতুন নাম দিয়েছেন 'মিশ্রকলাবৃত্ত' বা মিশ্রকলামান্তিক,' তার কিছু পূর্বে
নাম দিয়েছিলেন 'বিশিষ্ট কলামান্তিক'। উরেখ্য যে অমূল্যধন মুখোপাধ্যার বাজলা ছন্দের নাক্ষের সলে দিয়া ক্রাক্ত প্রকৃত্ত বিশ্বাসন্ত বিশ্বাসন্ত করার প্রকৃত্ত প্রকৃত্ত বিশ্বাসন্ত বিশ্বাসন্ত বিশ্বাসন্ত করার প্রকৃত্ত বিশ্বাসন্ত বিশ্বাসন্ত বিশ্বাসন্ত করার প্রকৃত্ত বিশ্বাসন্ত করার প্রকৃত্ত বিশ্বাসন্ত বিশ্বাসন

থেকে মৃক্ত করে বজিকে ভাবের অন্থগামী করেছিলেন ভিনি। তাঁর প্রন্ধে পরারের ৮/৬নাজার প্যাটার্নে পংক্তিবিভাগ বজার রেখেছিলেন, সম্ভবত এই কারণে মধূস্দনের
নমকালীন ও পরবর্তী অনেক কবির কাছে 'অমিজাক্ষর'-ছন্দের আগল প্রকৃতি ধরা দের
নি; মিলহীনতাকেই 'অমিজাক্ষর' ছন্দের প্রগান বৈশিষ্ট্য হিসাবে তাঁরা গ্রহণ করেছিলেন
—গতাহগতিক পরারে মিল বর্জনের স্বাধীনতাটুক্ গ্রহণ করেই হেমচন্দ্র-নবীনচন্দ্রের
রতো কবিদের তৃপ্ত থাকতে হয়েছিল। ব্যতিক্রম, গিরিশচন্দ্র ঘোষ ও রাজকৃষ্ণ রার।
ংয়তো নাটকের প্রয়োজনেই নির্দিষ্ট ৮/৬-মাজার পংক্তিবিভাগকে ভেঙে ফেলে ভাবেরমন্থগামী বতিকে তাঁরা পংক্তিবিভাগে প্রাধান্ত দিয়েছিলেন; মধুস্দনের ছন্দ্রপ্রকৃতিকে
ভানের রচনায় অনেকটা কাজে লাগাতে পেরেছিলেন তাঁরা। এই প্রসন্ধে কালীপ্রসন্ধ
সিংহের 'ছতোম পাঁ্যাচার নক্সা'র উৎসর্গ-পত্রটি উল্লেখযোগ্য; স্বয়ং মধুস্দনের রচনাতেও
চাব্যতির অন্থগামী পংক্তিবিভাগে একেবারে অলভ্য নর।

রবীন্দ্র-পূর্ব ও রবীন্দ্র-উত্তর বাঙলা ছন্দের মধ্যে শিল্পগুণগত ব্যবধান মেক্সপ্রমাণ। মধুস্থান অক্ষরবৃত্ত ছন্দে প্রাণসঞ্চার করেছিলেন, রবীন্দ্রনাথের পরিচর্যায়সে দাবালক হয়ে ঘরের দরজা থুলে উন্মুক্ত রাজপথে এদে দাঁডিয়েছে। অলোকদামান্ত অন্তর্গৃষ্টি

২. এই ছন্দোরীতির অহাছ নাম: ছডার ছন্দা, প্রাকৃত, বল-প্রধান, স্বাসাঘাত-প্রধান, দেশজ ছন্দা, ইত্যাদি। 'শরবৃত্ত' নামটিও প্রবোধচন্দ্র সেন স্থপ্রচলিত করেন, দেই থেকে এই নামটি অতিপরিচিত; এই নামটিতে ছন্দের 'প্রকৃতি'-সম্পর্কে প্রান্ত ধারণা স্পির অবকাশ থাকার ডিনি এর নতুন নাম দিরেছেন 'দলবৃত্ত' বা 'দলমান্তিক'।

এই প্রসঙ্গে উল্লেখ করি, দ্বার্থকতার সন্ধাবনা আছে এই কারণে প্রবোধংক্র সেন 'অক্ষর' শক্টিকে 'syllable'এর প্রতিশন্ধ রূপে গ্রহণ করেন নি, তিনি এর পরিভাষা করেছেন 'দল'। ভাষাবিজ্ঞানে 'অক্ষর' শক্টি 'syllable'এর একটি স্বীকৃত পারিভাষিক শন্ধ, তাই এই প্রবন্ধে 'অক্ষর' শক্টি সর্ব দাই 'syllable' বোঝাতে ব্যবহৃত হুছে। অমুলাধন মুখোপাধ্যায়, স্থিভ্ষণ ভট্টাচার্য-প্রমুপ ছাম্পাক্ষদের ছম্ম-আলোচনাতেও 'অক্ষর' শক্টি 'syllable'এর প্রতিশন্ধ রূপে ব্যবহৃত। ছম্ম আলোচনার উচ্চারণ-পদ্ধতিই বিবেচ্য, লেখন-পদ্ধতি নর, স্বতরাং 'অক্ষর'কে 'হরক'এর সমর্থক শন্ধ রূপে গ্রহণ করবার সম্ভাবনা ক্ষম বলেই মনে করি।

হে সজ্জন,

স্বভাবের স্থনির্মল পটে,

রহস্ত রক্ষের রক্ষে,

চিত্রিমু চরিত্র দেবী, সর্বতী বরে।

'হডোম প্যাচার নক্সা'র এই পংস্কি কয়টিকে স্থীভূষণ ভট্টাচার্য তার 'বাংলা হন্দ' এছে গৈরিশ হল্মের ুমাণি-ক্লপ বলে উল্লেখ করেছেন।

नद्ध त्याव कांत्र 'ऋत्मत्र वात्रान्मा'त मध्यमत्तर 'क्क्ट ७ मिन' त्रव्याति छक्छ करत्रहरून, এতে मध्यमन दश्य वा छावस्त्रिक क्यूमत्रन करत्र म/७-अत्र शाहिनित्क त्याव्यहरून । বনীজনাথের কাছে উদ্বাচিত করেছিল পর্যায়-জ্বান্তীয় ছন্দের 'বৈমাজিক লয়' আয় 'পোষণশক্তি', বার মধ্যে নিহিত এই ছন্দের মৃক্তির মন্ত্র। এবং এরই পরিণতি 'বলাকা'-কাব্যের বন্ধনমৃক্ত অক্ষরবৃত্ত। বলেছি যে মধুস্বনন ষতিকে ভাবের অন্থগামী করেছিলেন : আসলে তিনি 'বৈমাজিক লয়'কে প্রাধান্ত দিয়ে ভাবযতিকে—অর্থাৎ বাক্প্রবাহে ভারপ্রকাশের অন্থক্স স্বাভাবিক ও স্বচ্ছন্দ ছেদকে ছন্দোযতির মর্যাদা দিরেছিলেন। 'বৈমাজিক লয়' বাক্প্রবাহের অন্তর্গত স্বাভাবিক 'নৌক' বা প্রম্বর (stress) এর বারা স্পানিত চতুর্মাজিক ধ্বনিগুল্লের উপর প্রতিষ্ঠিত, স্বাভাবিক উচ্চারণে এই চতুর্মাজিক বাক্স্পন্দ ব্যাহত হলেই পরারভিত্তিক বা পরার-জাতীয় অক্ষরবৃত্ত ছন্দোবন্ধুর হয়ে ওঠে, তাই এই ছন্দের পর্বান্ধবিস্থান এমন হওয়া উচিত যাতে বাক্প্রবাহের অন্তর্গত্ত স্বাভাবিক 'নৌক' চতুর্মাজিক বাক্স্পন্দন স্বন্ধি করতে পারে। ধীর লয় আর স্বরপ্রম্বর (pitch and duration accent) এই ছন্দের আর একটি বৈশিস্তা; এই বৈশিস্তাই অক্ষরবৃত্তের 'শোষণশক্তি'র মূলে। আর 'শোষণশক্তি' আছে বলেই এই ছন্দের সহনশীলতা পুর বেশি—ব্যঞ্জনবন্ধল ভারী ভারী শব্দ এতে সহজেই স্থান করে নের, ছন্দ ভেন্তে পডে না। এই ছন্টি ভব্তের পটভূমিতে রবীন্দ্রনাথ অক্ষবন্তরর শক্তিও সম্ভাবনাকে নিপুণ ভাবে কাজে লাগিয়েছিলেন।

রবীন্দ্রনাথের প্রবহমান ও বন্ধনমৃক্ত সমিল ও অমিল পয়ারভিত্তিক কবিত। আধুনিক পর্বের কবিদেব বিশেষ ভাবে প্রভাবিত করেছে। প্রবহমান ও বন্ধনমৃক্ত অক্ষরমুক্তর প্রধানত ছটি গাদর্শ রবীন্দ্র-পরবর্তী কবিদের কবিতায় লক্ষিত। একটির পদবিভাগে দৃঢ়সম্বন্ধ কিন্তু স্বাভাবিক বাক্বিভাদের নিকটবর্তী; অপরটির পদবিভাগে শিথিল দীর্মপর্বের সমাবেশ, তাই স্তরেব প্রাধান্ত বেশি। প্রথম আদর্শেব এক প্রাক্তে স্থবীন্দ্রনাথ দত্তে, আর দিতীয় আদর্শের অপর প্রান্তে ভীবনানন্দ দাশ। বৃদ্ধদেব বন্থ অক্ষরমুক্ত ছন্দকে নানা ভাবে বাজিয়ে দেখেছেন, যেমন, প'ক্তিপ্রান্তিক হৈমাত্রিক শব্দের সঙ্গে পরীক্ষামৃলক ভাবে হৈমাত্রিক শব্দের মিল, বিশেষত, তাঁর শেষের দিকের কোনো কোনো কবিভায় পর্বাহ্ণ পর্ব-বিভাদের হেরফের ঘটিযে তিনি পরীক্ষা করেছেন পয়ারভিত্তিক ছন্দ কতটাইটান সহ্য করেও গভ্য থেকে নিজের স্বাতন্ত্র্য টিকিষে রাখতে পারে। উদাহরণত, বৃদ্ধদেবের 'যে-আঁধার আলোর অধিক'এর কয়েকটি কবিতা থেকে বিক্ষিপ্ত কয়েকটি পংক্তি উদ্ধার করি:

৩. 'অঞ্চরত্বর' চু ব্রক্ষের: পরারভিত্তিক ও অ-পরারভিত্তিক াও এসলে বর্তমান এবজের ভুরীর অংশ এইর

नृक्षात्व वक्षत्र 'समग्रदी' कारवात्र कृतिका क्षेत्रचा ।

- ৬ধু বিসংবাদী, যতক্ষণ, তটের উদ্বেল ঢেউ পেরিয়ে, তুমি না শেখাও সাগর-যাত্রা…

 দ্র থেকে আরো দ্রে, জন্মান্তরে প্রাগৈতিহাসিক
 নীলিমায়—বেথানে, মাতার গর্ভে, নক্ষত্রপুঞ্জের মতো, জলে…
- সব যেন, বৃহদরণ্যের মতো তর্কপরায়ণ…
- দ্রের বন্ধুকে লেখা। যীশু কি পরোপকারী
 ছিলেন, তোমরা ভাবো ? না কি বৃদ্ধ কোনো সমিতির
 মাননীয়, বাচাল, পরিশ্রমী, অশীতির
 মোহগ্রন্থ সভাপতি ? উদ্ধারের স্বয়াধিকারী…

শুধু কি তাই, মূলত রবীল্র-অস্থনারী হয়েও তিনি সংস্কৃত বা 'তৎসম'-শব্দের অপ্রান্তিক ক্ষম অক্ষরকে (closed syllable) বৈমাত্রিক মূল্য দিয়ে কথনো কথনো অক্ষরবৃত্তে ব্যবহার করেছেন, যেমন,

- ১ পাবে বাডি, মাংস-ভাত ; গন্ধের অন্ধকারে ঢুকে
- ২ আলিন্সনে সন্তার সারাৎসার ক'রে সমর্পণ---
- ৩ বাক্, অর্থ, সম্পর্কের হিংস্থক দাঙ্গা শেষ হ'লে।

ববীজ্ঞনাথ দেখিয়েছিলেন (ক্র° 'ছন্ন' ১৯৬২ পৃ ৬০-৭৯), অ-সংস্কৃত শব্দের অপ্রান্তিক ক্ষম অক্ষরকে এক-মাত্রা আর ছ-মাত্রা এই ছ-রকমের মূল্য দিয়েই ব্যবহার করা সম্ভব। ইদানীংকালে অপ্রান্তিক তো বটেই, এমন কি, শব্দের প্রান্তিক ক্ষম অক্ষরকেও, বা অক্ষরবৃত্তে এতকাল সর্বদাই ছ-মাত্রার মূল্য পেয়েছে, এক-মাত্রার মূল্য দিয়ে কবিরা ছন্দের বৈচিত্র্য পৃষ্টি করছেন, বিকল্পে ছ-মাত্রার মূল্য তো দিছেনই! তবে ক্ষম-অক্ষরের মাত্রা প্রণের চেয়ে মাত্রা হরণেব দিকেই কবিদের প্রবণতা এথনকার কবিতার বেশি চোখে পডে; ফলে, অক্ষরবৃত্তের সাবেকী বীতির পাঠভঙ্গিতে হারা অভ্যন্ত তাঁরা অস্থান্তি বোধ করেন। বাই হোক, মাত্রা হবণ-প্রণের একটি বিশিষ্ট নিদর্শন হিসেবে নিচের শ্ববকটির প্রতি দৃষ্টি আকর্ষণ করি:

'ষেমনি ভো কাট্টা হ'রে উপডে গেল পেটকাট্ট ঘুডিটা মারলো কার্নিক ছট্কে ময়ুরপিছাও, গোঁত মেরে নিজেরই মাথা ডেঙে ফেললো একবগ্গা মুধপোডা ভরে ভরে গুটিয়ে নিল শতরঞ্জি নিজেকে হঠাৎ। বেগুনি সবুজ শাদা একে একে অন্তহিত হলে

প্রক্রমুপ্তরীদ্বিতে 'ক্তসেন' বা সংস্কৃত শব্দের অপ্রাত্তিক ক্রছ অক্ষরের বাভাবিক মূল্য এক-নাজা চ
আ, কি. চর

নোংরা আকাশটায় একমেবা**ছিতী**য় হলুদ লেজঅল। লালমুখো এক অহংকারের উক্ন দেখিয়ে নাচতে থাক্লো।

'পরিস্থিতি', অরুণকুমার সরকার।

পথারভিত্তিক চন্দে হৈমাত্রিক সথ-আশ্রিত পর্বাঞ্চ ও পর্ববিভাগকে পরিবৃতিত করে গছ-পছের বিবাদভঙ্গনের চেষ্টাও কোনো কোনো রচনায় চোথে পড়ে, আবার কোনো কোনো রচনায় চোথে পড়ে শব্দের প্রান্তিক-অপ্রান্তিক ক্ষম ক্ষমেরের মাত্রা সংকোচন-প্রসারণের সাহাযো পথারভিত্তিক মুক্ত-চন্দের পরীক্ষা:

> এकिটা দেলাম

কলকাভার চিডিয়াথানায় পাশাপাশি তিনটি মস্থ হাতি, কিছুক্ষণ তাদের মুখোমুখি দাঁডালাম, ভালো।

আলাদা জায়গায় একটা বাচ্চা-হাতি আছে, তার কথা আমি ভূগি নি, কিন্তু আপাতত তাকে হিসেব থেকে বাদ দিচ্ছি।

'চিডিয়াথানা', অরবিন্দ গুহ।

হ তুমি তুলে ধরো ভোমার মেঘের মতে। ঠাগুা, দাঁদের নতে। বিবল মুথ কোঁদে কোঁদে ক্লান্ত চুপ মাটির ঢেউয়ের মতে। স্থন প্রার্থনায় অবসর ব্যাক্ল বিশীর্ণ দীর্ঘ প্রত্যাশার হাত সেই বিক্ষুর প্রকাণ্ড আকাশের দিকে— আর তাই ঘিরে অন্ধকার, গুডি গুডি চুল, নি:সীম নি:সঙ্গ হাওয়ায় অভ্স স্বরের বান্ধনা।

'আকাজ্ঞার ঝড', শৃঙ্খ ঘোষ।

অছ্মানে আনত করেচ দক্ষ্যার মালা, শেষে তোমাকেই দিতে হল বুকের সময় ভোমাকে বুঝি নি আমি. আমার অক্কার বেয়ে এদে পড়ে সহস্র মৃক্ট দাডালে কেমন চক্ষ্হীনতায়, বাল্যের সব অভিমানে গড়ে ভোলা লাখো লাখো প্রতিদান—অমি তো অক্ক হল সম্পদের মানদণ্ড হাতে, অথবা…

'শ্বতিগত', মানিক চক্রবর্তী।

উদ্ধৃত ভিনটি খবকই মুগত প্রারভিত্তিক অক্ষরবৃত্ত থেকে উদ্গত। বৈমাত্রিক

দ্যু-আম্রিত চতুর্মাত্রিক বাক্স্পলকে ব্যাহত করে বা গৌণ রেখে, শব্দের প্রান্তিক-অপ্রান্তিক ক্ষম অক্ষরের স্বাভাবিক মূল্যকে প্রায়ণ অগ্রাহ্য করে উল্লিখিত কবিতার অংশগুলি গত্ত-ছন্দের আর মুক্ত-ছন্দের প্রান্তে এদে দাঁডিখেছে: প্রথমটির ছন্দ গতের দিকে, দিতীয়টি মূক্ত-ছন্দের দিকে, আব ভূতীযটি ব্যতিক্রম সত্ত্বেও, অক্ষরবৃত্তের পরিচিত চালের নিকটবর্তী। বক্ষণশীল ছান্দিসিকর। অবখা বলবেন, প্রথমটি গল্ড-ছন্দে রচিত, দ্বিতীয়টির ছন্দ কোনে। প্রথাসিদ্ধ ছন্দের গণ্ডিতে পছে না, তৃতীয়টি মূলত পদ্মারভিত্তিক, কিন্তু ছন্দোবিচ্যতিতে বন্ধুর। তরুণ কবিদের কবিতায় এই ছন্দোবিচ্যতির অভিযোগ অনেকেই করেন, বিশেষত হার। প্রবাণ। এ কি বিচ্যুতি, না ছন্দের ভিতরে থেকে মুক্তি, না কি বিশৃত্খলা ? না কি প্রথাসিদ্ধ ছন্দ ভেঙে অপর এক ছন্দের জগতে উত্তরণের চেষ্টা, কিংবা নতুন এক ছক্ষঃম্পন্দ আবিষ্কারেব আপাতনৈরার্জী ? ছন্দোবোধ অভ্যাদনির্ভর, প্রচলিত ছল্লোরীতিতে গাঁরা বিশাদী তাঁরা অস্বস্থি বোধ করবেনই ষতদিন না তাঁরা এই ছন্দঃম্পন্দে অভ্যন্ত হচ্ছেন। সাম্প্রতিক, বিশেষত তরুণ কবিদের অধিকাংশ, নিৰ্ভূপ ছন্দে কবিত। লিথতে পারেন না, বা তাঁরা ছন্দোজানশূল এমন সিদ্ধান্ত একদেশদশিতাপ্রস্ত। 'কবিতা' মাত্রই কোনো না কোনো ছন্দ মেনে চলে, সে ছন্দ অতিনিরূপিত প্রকৃট হতে পারে, অক্ট্রও হতে পারে ধেমন স্পন্দমান গছ, কিংবা হতে পারে কথনো-প্রস্কৃত্ট-কথনো-অক্ট।° যে কবিতার হন্দ নেই তা 'অ-কবিতা'।

২

পূবেই বলেছি যে প্রাক্-রবীন্দ্রগ্রের কবির। 'শ্বরত্ত' বা লোকিক ছন্দের শক্তি ও সন্থাবনাকে কাজে লাগান নি, সন্থবত এই ছন্দের সাহিত্যিক আভিজ্ঞাত। ছিল না। সে বুগে রামপ্রসাদ ছাডা আর কোনো প্রথাত কবি এই ছন্দে গভীর-ভাবের কবিতা বড একটা লেখেন নি। তা হলেও, লোকসাহিত্যে—যেমন, বাউল, কবিগান, ছেলে ভুলোনো ছড়া, মেয়েদের ব্রতক্থা-ইত্যাদিতে শ্বরত্ত ছন্দই ছিল প্রধান, হয়তে। বা একমাত্র ছন্দ। রবীন্দ্রনাথই প্রথম শ্বরত্ত্তের প্রাণশক্তিকে উপলব্ধি করেন, যাকে তিনি বাঙলার 'শ্বাভাবিক ছন্দ' বলেছেন। শ্বরত্ত্ত ছন্দকৈ তিনি সাহিত্যের রাজসভার সগোরবে এনে পাকাপাকি ভাবে আসন দিয়েছেন। শ্বরত্ত্ত্বের একটা সাহিত্যিক আদর্শ তিনিই নির্মাণ করেছেন; তার সমসাময়িক এবং পরবর্তী কবিদের, এমন কি সমকালীন কবিদের শ্বরত্ত্ত্বের আদর্শ মোটামুট রবীন্দ্রনাথের আদর্শেরই অন্ত্বর্তন, বিশেষ করে তাঁদের রচিত সেই সব কবিতার কথা বলছি যে-গুলির ছন্দ নিয়ে কোনো বিতর্কের

[🤋] ভুশনীয় সংস্কৃতের 'বৃত্তগন্ধি' গছ।

অবকাশ নেই ছান্দিনিকদের মধ্যে। রবীন্দ্রনাথ স্বরবৃত্ত ছন্দকে ভধু প্রতিষ্ঠাই দেন নি, তার মুক্তির চাবিও তিনি পরবর্তী কবিদের হাতে দিয়েছেন, যার নিদর্শক তাঁর সমিল অমিল প্রবহ্মান স্বরুত্তে রচিত কবিতাগুলি,—'বলাকা', 'পলাতকা', 'পরিশেষ', 'পুনন্দ' কাব্যে; অবখ 'পলাতকা' কাব্যেই প্রবহ্মান শ্বরত্ত স্বচেয়ে বেশি ব্যবহার করেছেন রবীন্দ্রনাথ। সত্যেন্দ্রনাথ দত্তও 'বাংলা ভাষার প্রাণপাখি' স্বরবৃত্তের ছন্দঃস্পন্দনে বিমুগ্ধ ছিলেন, নানা ভাবে তিনি এই ছন্দ নিয়ে চর্চা করেছেন। সত্যেন্দ্রনাথের ছন্দ-চর্চা ছান্দসিকদের কোতৃহলী করলেও, পরবর্তী কালের—বিশেষ করে সাম্প্রতিক কালের কবিরা তাঁর কাছ থেকে পথের সন্ধান পান নি এর কারণ সম্ভবত, এই যে, তাঁর স্বরবৃত্ত ছন্দের পরীক্ষা 'মৃক্তি'র চেয়ে 'বন্ধন'কেই আদর্শ বলে গ্রহণ করেছিল। সম্ভবত, একই কারণে সংস্কৃতের বৃত্ত-চ্নের অমুকরণে স্বরাস্ত অক্ষর (মৃক্ত অক্ষর) ও ব্যঞ্জনাস্ত অক্ষর (রুদ্ধ অক্ষর) স্থনির্দিষ্টভাবে বিহুন্ত করে সত্যেন্দ্রনাথ বাঙলা ছন্দের যে দিক নির্দেশ করেছিলেন তার প্রতিও পরবর্তী কবিরা অভাবতই বিশেষ আগ্রহী হন নি। এর আরেকটা কারণ, স্বরান্ত (হ্রস) ও ব্যঞ্জনান্ত (দীর্ঘ) অক্ষরের বিন্তাদ স্থনির্দিষ্ট থাকলেও এই ছন্দ বাঙালির কাছে মাত্রা-ছন্দের কাঠামোর মধ্য দিয়ে ধরা দেয়. হস্ত্র-দীর্ষের নির্দিষ্ট পারম্পর্যের ছন্দোগত মূল্য বা তাৎপর্ষ গৌণ হয়ে পড়ে; স্থতরাং ষৎসামান্ত লাভের আশায় কবিরা কেন রুগা পরিশ্রম করবেন, বিশেষত যার পরিণতি ছন্দের মৃক্তিতে নয়, বন্ধনে। পয়ারভিত্তিক অক্ষরবৃত্ত আর স্বরবৃত্ত ছন্দের মধ্যে একটা অন্তর্নিহিত মিল আছে, সেটা অক্ষর উচ্চারণের নমনীয়তা এবং এই নমনীয়তার জন্মই উভয় ছন্দের মধ্যে পারস্পরিক আদান-প্রদান সম্ভব। এই ছন্দে শুধু বল**-প্রস্থর** (stress accent) নয়, স্থার-প্রস্থারেরও (pitch and duration accent) একটা স্থান আছে: বল-প্রস্বরের প্রাধান্য কমিয়ে স্তর-প্রস্বরের প্রাধান্ত বাডালে স্বরুত্ত পয়ারভিত্তিক অক্ষরবুত্তের কাছাকাছি এসে পডে। দিজেন্দ্রলাল রায় তাঁর বছ কবিভায় প্রারভিত্তিক অক্ষরবৃত্ত আর স্বরবৃত্তের মধ্যে বোঝাপড়া ঘটিয়েছিলেন। পরবর্তী কালে দেখতে পাই. জীবনানন্দ দাশ বল-প্রস্তারের প্রাধান্ত কমিয়ে, পঙ্ক্তিকে প্রবহমান করে ও তাতে বৃহ পর্বের সমাবেশ ঘটিয়ে, স্বরবৃত্তকে প্রারভিত্তিক অক্ষরবৃত্তের গাঁটছভায় বেঁধে নিক্ষের কবিম্বভাবের উপযোগী করে নিয়েছেন। হয়তো, রবীন্দ্রনাথেই তিনি পেয়েছিলেন এর স্ত্র, যা থেকে নির্মাণ করেছিলেন নিজের চরিত্র-উপযোগী চল।

> মনে পডে সেই কবেকার গভীর দাগর কী এক নিধিল বৃক্ষ থেকে ঝরে, অন্ধকে চোথ দান ক'রে রোদ ক্রন্দদীতে ব্যাপ্ত হয়ে পডে; তুপুরবেলা স্থালোকের থেকে নেমে অভিথিদের মভো অসংখ্য সব শাদা পাধি সহসা ঘুম ভেঙে '

দিয়েছে ব'লে মনে হ'ত;

'পृथिवी, कीवन, ममग्र', कीवनानन मान।

ক্রনীয় রবীজ্রনাথের

একের বাঁচন স্বার বাঁচার বক্তাবেগে আপন সীমা হারায় বহু দ্রে; নিমেষগুলির ফলের গুচ্ছ ভরে রদের ধারায়। অতীত হয়ে তবুও তার। বর্তমানের বৃক্ষদোলায় দোলে,— গর্ভবাঁধন কাটিয়ে শিশু তবু কেমন মায়ের বক্ষে কোলে বন্দী থাকে নিবিভ প্রেমের গ্রন্থি দিয়ে ··

'শেষ গান', পলাতকা।

নিচের পঙ্জি কটি অনেক পরবর্তী একজন কবির, এই প্রসঙ্গে উল্লেখ করা ষেতে পারে:
কী হাহাকার শুনতে পেলে, তৃটি শুনের চূডার মধ্যে শীতল সমতলে
কয়েক হাজার মুথ লুকোনোর ব্যাকুলতা; বুকের কাছে হাওয়ার কৌতৃহলে
কত কাতর শব্দ উঠলো স্পষ্ট দেখলে তোমার চতুদিকে
কয়েক হাজার ব্যথা চোথের উষ্ণ নিশ্বাসের আগুন জলে।

'কয়েক হাজার নিশ্বাসের ভিচে', স্থনীল গঙ্গোপাধ্যায়।

পঙ্ক্তির প্রথমেই অপূর্ণ-পর্ব ব্যবহার করে মাত্রার ফাঁক রেথে প্ররন্ত ছন্দের স্পান্দনকে আরো হিল্লোলিত করে গোলা বায়, এ-কোশল বহু পরিচিত, এই কোশলকেই স্বাভাবিক বাক্স্পান্দের অনুগত রেথে ব্যবহার করলে প্রর্ত্ত গাত্তের দিকে স্বৈধ হেলে পছে, অথচ তার চরিত্রগত স্পান্দন লুপ্ত হয় না:

এ-ঘরে লক্ষীই নেই, আর কি কাজ!
স্বামী তোর দাওয়ায় একা। ঠিকে নিং
বল্ক তোকে সকলে,
আমি তো হাত পুডিয়ে শিথেছি:
যা আছে তোর দপলে
তার নাম আগুন, ওদের নিকুচি।

'দাসীকে', অলোকরঞ্জন দাশগুপ্ত।

৮. যেমন, রাম প্রসাদের, কিংবা রবীক্রনাথের

শৃত্যবৈ হও রে সোজা বয়ো না ভৃত্তের বোঝা ভবে আর ক-দিন রবে।

थ्वादि पृष्ण कि छन्न थ्वादित इत्व कि अन्न ।
 व्याकारण इल कि कन्न कालित द्वथा ।

ষ্মবশ্য এই ভাবে স্বর্ত্ত ছলকে বাজানোর প্রয়াস খুব ক্ষম চোথে পড়ে। স্বন্ধন্তিত্তিক প্রাবের কথা ছেডে দিলে, প্রস্টু ছন্দোরীতি হিসেবে স্বর্ত্তকেই আধুনিক-পর্বের কবিরা বেশি কাজে লাগাচ্ছেন, নানা ভাবে তার সম্ভাবনাকে বাজিয়ে দেখছেন।

> ১ বেন অ৺ যেন আমার সমস্ত অন্তিত্ব সঙ্গোপনে লুকিয়ে কত লুকিয়ে ঝরে পডল। হঠাং যেন সমস্ত ঝাডলঠন ভীষণ জলে উঠল। য়েন চুডির শব্দ ষেন মিলিয়ে-আদ। ঘুঙ্রের হরবোলে অন্ধকারের লক্ষ মশাল সমস্বরে হেদে উঠল…

> > 'ষেতেই হবে', দেবীপ্রদাদ বন্দোপাধ্যায়।

উচ্চাশ। কি ভীষণ দিবানিশি
 হর্গ-প্রাকার তোরণে কে কদ
 নাদ্দে
 বাহিরে কাল-পেচক
 ভগ্নস্বর
 ভিতরে দেই প্রেভিনী
 মুরে মরে
 বাতিদানের ছায়ায়…

'ছুই চরিত্র', সিন্ধেশ্বর সেন 🔻

 পৃথিবীতে কত নামের পথ আছে।
 সন্ধ্যাবেলায় আমবনের ভিতরে দেই পথ
 রেপেছি মনে মনে। ঘন্টা বাজে সমারোগে উদ্ভাসিত মন্দিরের মায়েব মুথ স্লিগ্ধ, শাঁথ-বাজার শব্দ নিবিড কাছে।

'সময়', আলোক সরকার ।

উদ্ধৃতিগুলির প্রথমটিতে, দীর্ঘ পঙ্ ক্তিকে ভেঙে সাজিয়ে প্রতিটি বাক্যের শেষে সমাপিকা ক্রিয়ার স্বাভাবিক অবস্থান বজায় রেথে ছলঃস্পান্দে বৈচিক্র্য আনা হয়েছে; দ্বিতীয়টিতে, পঙ্ ক্তিকে ভেঙে এমন ভাবে বিশুন্ত করা হয়েছে দে ছল প্রচণ্ড টান থেয়ে প্রায় গছাছলের সীমায় এসে দাঁডিয়েছে, এর স্বরবৃত্তের কাঠামো চট করে ধরা পড়ে না; ছতীয়টিতে, ভাবযতি বা অর্থযতিকে পর্বযতি থেকে বিযুক্ত করে অপূর্ব-পর্বকে পঙ্ ক্তির মধ্যে ব্যবহার করা হয়েছে। ফলত, পয়ারভিত্তিক অক্ষরবৃত্ত আর গছের সঙ্গে স্বরবৃত্তের একটা মেলবন্ধন ঘটেছে।

সমকালীন কবিদের অনেকের রচনায় রবীক্রনাথের স্বরন্ত্রের অন্তর্বৃত্তি কলিত হলেও, বিভিন্ন কবির অন্ত্রশীলনে এই ছন্দের সম্ভাবনা যে বিস্কৃতভার হয়েছে, উল্লিখিত কবিতার অংশগুলিতেই তার কিছুটা আভাদ পাওয়া যাবে। স্বরবৃত্তের ছন্দঃম্পানকে ভিত্তি করে এঁরা পৌছতে চাইছেন এক নতুন ছন্দঃম্পানে, যা প্রস্কৃট অথচ মৃক্ত।

9

বাঙলা ছন্দের ইতিহাস পর্যালোচনা করলে স্পষ্ট হয়ে ওঠে যে 'অক্ষরবৃত্ত' ও 'মাত্রাবৃত্ত' প্রাকৃত-অপল্রংশের মাত্রা-ছন্দ থেকে উদ্গত; এমন কি সাহিত্যে বিশেষ মর্যাদা না পেলেও, স্বরবৃত্তের যে-রূপটির দঙ্গে আমরা রবীন্দ্র-পূর্ব যুগের দাহিত্যে পরিচিত হই, তাও গড়ে উঠেছে অক্ষরুত্তের পয়ার ও ত্রিপদীর উপর দেশজ বা লোকিক ছন্দের প্রভাবে—বেমন লোচন দাদের 'ধামালি'।' রবান্ত্র-পূর্ব যুগে 'অক্ষরবৃত্ত' আর 'মাজা-বৃত্ত' ছন্দের পার্থক্য সম্পষ্ট ছিল না, উভয় ছন্দেরই মাত্রা গোনার পদ্ধতি ছিল এক— অর্থাৎ উভয় ছন্দেই অ-প্রান্তিক রুদ্ধ অক্ষর এক-মাত্রার মূল্য পেয়েছে। বর্তমানে মাত্রাবৃত্ত ছন্দের মাত্রা গোনার যে-বিশিষ্ট রীতির সঙ্গে আমরা পরিচিত—শব্দের প্রান্তিক ও অ-প্রান্তিক রুদ্ধ অক্ষর মাত্রেরই বৈমাত্রিক মৃল্য—তথন তা প্রচলিত ছিল না। ভাই তথনকার মাত্রাবৃত্ত ছিল প্রকৃতপক্ষে অক্ষরবৃত্ত। বরং বলা যেতে পারে তথনকার 'জক্ষরবৃত্ত' ছিল ত্-ধরনের : 'এক, পয়ারভিত্তিক অক্ষরবৃত্ত, যার ছন্দঃম্পন্দের উৎস হল বৈমাত্রিক লয়ের উপর প্রতিষ্ঠিত চতুর্গাত্রিক ধ্বনিগুচ্ছ, যেমন পরার ও দীর্ঘত্রিপদী-জাতীয় জোড়মাত্রার ছন্দোবন্ধ; হুই, অ-পয়ারভিত্তিক অক্ষরহৃত, যার **ছন্দঃস্পন্দ** ধৈমাত্রিক লয়যুক্ত চতুর্মাত্রিক ধ্বনিগুচ্ছের উপর নির্ভর করে না, নির্ভর করে সম্মাত্রিক পর্ব-বিস্তাদের উপর: ছন্দ পর্বনির্ভর বলে পর্বাঘাত স্পষ্ট এবং দ্বৈমাজিক লয়-নির্ভর নয় বলে এই ছন্দে বিজোড-মাত্রার পর্ব বা পঙ্ ক্রিবিন্তাস সম্ভব।

». এই ছন্দোরীতির অক্তান্থ নাম: ধ্বনিপ্রধান, শুদ্ধ-প্রাকৃত-ইত্যাদি। 'মাত্রাবৃত্ত-নামটিও, 'অক্ষরবৃত্ত' 'শরবৃত্তে'র মড়োই প্রবোধচন্দ্র সেনের ছন্দ-প্রবন্ধের মধ্যবর্তিতার প্রচলিত হরেছে, এই রীতির অক্ষাক্ত নামগুলি 'মাত্রাবৃত্ত' নামের মতো এক জন-প্রচলিত হয় নি। এই নাম ছন্দোরীতির বর্ণার্থ পরিচন্দ্র দেয় না, তাই প্রবোধচন্দ্র সেন পরে এই ছন্দোরীতির নতুন নাম দিরেছেন 'কলাবৃত্ত' বা 'কলামাত্রিক' । ১০. লোচন দাসের ধামালি-র নিদর্শন:

আর শুক্তাছ আ লো সই গোরা ভাবের কথা। কোণের ভিতর কুলবধ্ কান্দ্যা আকুল তথা।

পরারভিত্তিক অক্সরবৃত্ত :

মহাভারতের কথা অমৃত সমান।
 কাশীরাম দাস করে শুনে পুণ্যবান॥

কাশীরাম দাস।

মহাজ্ঞানী মহাজন বে-পথে করে গমন
 হ্রেছেন চিরম্মরণীয়
 সেই পথ লক্ষ্য করে স্বীয় কীর্তিধ্বজা ধরে
 স্থামরাও হবো বরণীয়।

হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

অ-পয়ারভিত্তিক অক্ষরবৃত্ত:

১ কৈলাশ ভূধর অতি মনোহর কোটি শশী পরকাশ। গন্ধর্ব কিল্লর ফক্ষ বিভাধর অপ্সরাগণের বাস॥

ভারতচন্দ্র রায়।

পাপ আয়ানে ভনিলে কানে
গঙ্গনা বাণে বধিবে প্রাণে।…
বংশীর ধ্বনি যেন হে ফণী
আমি রমণী প্রমাদ গণি।

जेश्रद हरा श्रश्र।

প্রভুব্দ্ধ লাগি আমি ভিক্ষা মাগি,
 প্রগো পুরবাসী কে রয়েছ জাগি,
 অনাথ পিগুদ কহিলা অস্থদ নিনাদে।

রবীজনাথ ঠাকুর।

উদ্ধৃত উদাহরণগুলি তুলনা করলেই 'অক্ষরবৃত্ত'-রীতির ত্ব-ধরনের ছন্দের পার্থক্য ধরা পড়বে: পরারভিত্তিক অক্ষরবৃত্তে পর্বাঘাত নেই, যতি-পণ্ডিত বাক্যাংশগুলি চতুর্মাত্রিক (২+২=৪ বা ২+০০=৪; ০০=২ মাত্রা-পরিমাণ বিরতি) ধ্বনিগুছের স্পন্দনে তরজায়িত; ছন্দের লয় ধীর (steady) ও বৈমাত্রিক, তাই পর্বাঘাতজাত তালের অবকাশ প্রায় নেই।

লক্ষ্য করবার বিষয় যে 'যে-পথে ক'রে গমন' পর্বটিতে ছন্দ টাল থেয়েছে, কারণ 'করে-শব্দটিতে চতুর্মাত্রিক বাক্স্পন্দ ব্যাহত হয়েছে—চতুর্মাত্রিক বাক্স্পন্দ রক্ষা তে গেলে এখানে 'রে'-অক্ষরটির উপর বে-জোর বা 'ঝোঁক' দিতে হয় ভা স্বাভাবিক চারণ সমর্থন করে না। অ-পরারভিত্তিক অক্ষরবৃত্তের ছন্দঃম্পন্দ হৈমাত্রিক লয় থেকে ুঁ হয় না, হলে 'অনাথ পিণ্ডদ কহিলা অমৃদ নিনাদে' বাক্যটিতে ছন্দ ভেঙে পড়ত ংবা 'গঞ্জনা বাণে' জাতীয় পর্ববিক্তাস সম্ভব হত না। অ-পয়ারভিত্তিক অক্ষরবৃত্তে তি পর্বের মাত্রাসমতা পর্বাঘাতের সাহায্যে তালযুক্ত ছন্দঃস্পন্দের সৃষ্টি করে। প্রবন্ধের ্থম পরিচ্ছেদে যে-অক্ষরবৃত্তের আলোচনা করা হয়েছে তা প্যারভিত্তিক অক্ষরবৃত্ত। ্যক নতুন ^{দি} চারণরীতি প্রয়োগ করে অ-পয়ারভিত্তিক অক্ষরবৃত্ত থেকে রবীন্দ্রনাথ গড়ে লেছিলেন তাঁর 'মাত্রাবৃত্ত' ছন্দ। 'মাত্রাবৃত্ত' বলতে এখন আমরা যে ছন্দোরীতিকে ্ঝি তার স্রষ্টা ও রূপকার রবীন্দ্রনাথ। শব্দের প্রান্তিক রুদ্ধ-অক্ষরের দ্বৈমাত্রিক মূল্য তা অক্ষরবৃত্তে ছিলই, রবীন্দ্রনাথ শব্দের অ-প্রান্তিক রুদ্ধ-অক্ষরকেও সর্বদা দৈমাত্রিক ল্য দিয়ে পর্বগুলির মাজাদমতা অতিনিরূপিত করলেন, ফলে, অক্ষরবৃত্ত-রীতির তুলনায় বাঘাতগুলি আরো স্পষ্ট হল, বিলম্বিত লয়ের উচ্চারণ প্রতিটি পর্বের কালসমতাকে ারে। স্ক্রভাবে পরিমাপের সহায়ক হল। বস্তুত রবীন্দ্রনাথ এক নতুন ছন্দঃম্পন্দের .ক বাঙালি কবিদের পরিচিত ও অভ্যস্ত করলেন। আমরা এই ছন্দোরীতিতে এত ^{'ভান্ত} হয়ে গেছি যে অক্ষরবৃত্ত-রীতির মাত্রাবৃত্তকে আমরা 'মাত্রাবৃত্ত' বলে মনেই ্রির না, এমন কি ওই ব্রীতির কবিতা পাঠ করতে অনেকেরই অস্থবিধে হয়, তাঁরা ্রস্বন্তি বোধ করেন। শব্দের অ-প্রান্তিক রুদ্ধ অক্ষরের হৈমাত্রিক উচ্চারণ যে রবীক্র-পূর্ব গে অজ্ঞাত ছিল তা নয়, ছিল ব্যতিক্রম, একমাত্র সংস্কৃত বৃত্ত-ছন্দের ও প্রাকৃত মাত্রা-ন্দের অমুসরণে লিথিত কবিতাগুলিতেই এই উচ্চারণরীতি অনেকটা অমুসত, যদিও ্নির্দিষ্টভাবে নয়। রবীক্সনাথের মাত্রা-ছন্দে এই উচ্চারণরীতি স্থনির্দিষ্ট, ব্যতিক্রমহীন। বীক্রযুগে মাত্রাব্যন্তর এই নতুন রীতি একটি বিশিপ্ত ছন্দোরীতিতে পরিণত হয়েছে বং এখন 'মাত্রাবৃত্ত' বললে এই ছলোরীতিকেই বোঝায়। রবী<u>ক্র</u>যুগের কবিদের কাছে মাত্রাবৃত্ত' একটি অতি-প্রিয় ছন্দোরীতি। এ-ছন্দে চার-মাত্রা, পাঁচ-মাত্রা, ছ-মাত্রা, সাত্ত-্রাত্র'-র পর্ববিস্থাস সম্ভব ; কৌশলে চার-মাত্রার পর্ব-যতি লোপ করে এই ছন্দে আট-াজার পর্ববিস্থাসও সম্ভব। তবে, এই ছন্দে ছ-মাত্রার পর্ব মনে হয় বেশি প্রচলিত। ছ-্ৰাত্ৰার ছন্দকে, রবীন্দ্রনাথের অন্থসরণে, অনেক ছান্দসিক^{১১} তিন-মাত্রার ছন্দ ব'লে গ**ণ্য** রেন। ছ-মাত্রার ছনে ৩+৩ পর্বান্ধ বিন্যাস বেশি ব্যবহৃত হলেও ৪+২,২+৪, +২+২ প্ৰান্ধ বিভাগে কোনো বাধা নেই; যেহেতু ৪+২,২+৪, ২+২+২ **্র্রিক্সমন্বিত পর্বে তিন-মাত্রার পর যতির অবকাশ নেই, এই ছন্দের ভিত্তি প্রকৃতপক্ষে**

[ু]বুদ্ধদেৰ বস্থ, মোহিতলাল মন্ত্ৰদার; সম্প্ৰতি প্ৰৰোধচন্ত্ৰ সেন।

পূরো ছ-মাত্রার পর্ববিষ্ঠান। ওই ধরনের পরে তিন-মাত্রার পরে যতি-লোপ পেয়েছে ধরা যেত যদি যতি লোপের প্রত্যাঘাত (reflex) ছন্দঃম্পন্দে ধরা পড়ত:

তোমার সন্ধ্যা ছিল প্রদীপহীনা,
 তারার ছয়ারে তব বাজান্থ বীণা।
 তারার আলোক মাঝে মিলি মোর চিত্ত
 বাংক্কত তারে তারে করেছিল নৃত্য,
 তোমার হৃদয় নিস্পন্দ ছিল।

উপরের উদাহরণের নিমুরেথ শব্দগুলিতে চতুর্মাত্রিক যতি লোপের প্রত্যাঘাত বা প্রতিক্রিয়া অমুভব করা যায়—ওই সব শব্দে পৌচে চন্দ হলে ওঠে।

- হ্বদয় আমার পেয়ার য়াত্রী বৈতরণীর পার
 কাণ্ডারীহীন বালুকা বেলায় দৃষ্টি ঘুরিছে দ্রে।
 হ্বদয় আমার ছাপিয়ে উঠেছে বাতাদের, হাহাকারে।
- পৌষপ্রথর শীতে জয়য় ঝিলীমুখর রাতি,
 নিপ্রিত পুরী নির্জন ঘর নির্বাণ দীপবাতি।

উপরের উদাহরণত্টিতে নিম্নরেথ শব্দগুলির কোথাও ত্রৈমাত্রিক বতি-লোপ ঘটেনি, তার
ক্ষবকাশও নেই, যতি-লোপ ঘটলে ভার প্রত্যাঘাত বা প্রতিক্রিয়া থাকত—ছন্দ হলে
উঠত; স্থতরাং এই ছন্দের প্রতিটি পবের কালপরিমাণ তিন-মাত্রার পরিবর্তে ছ-মাত্রা
গণ্য করাই সমীচীন।

রবীক্রনাথের সমকালের এবং পরবর্তী কালের কবির। মাজার্ত্তে প্রচুর কবিতা লিখেছেন। সত্যেন্ত্রনাথ দত্তের কতকগুলি কবিতা তে। মাজার্ত্ত ও শ্বরুত্ত উভয় রীতিতেই পাঠ করা যায় (যেমন, 'মহৎ ভয়ের মূরত সাগর বরণ তোমার তমঃশ্রামল / মহেশবের প্রলম্বপিণাক শোনাও তুমি শোনাও কেবল ॥')-ইত্যাদি। রবীক্রনাথ সংস্কৃত উচ্চারণ-রীতিকে অন্থসরণ করেও অনেক কবিতা (লিখিত হয়েছে, মনে হয়, গানের জন্তু) মাজার্ত্তে রচনা করেছেন (য়েমন, 'দেশ দেশ নন্দিত করি মক্রিত তব ভেরী / আসিল যত বীররুন্দ আসন তব ঘেরি॥')-ইত্যাদি। রবীক্রনাথের পরবর্তী কবিরা কিন্তু এই যত রীতির মাজার্ত্ত তাদের কবিতায় বিশেষ ব্যবহার করেন নি, অবশ্র স্থীক্রনাথ দত্তের 'অর্কেন্ট্রন' কাব্যে এই রীতির স্থার প্রহাগ আছে (য়েমন, 'আগত আগত উদার সবিতা প্রাচী রঞ্জিত রাগে'-ইত্যাদি পঙ্ ক্রিগুলি)। রবীক্র-পরবর্তী কবিদের মধ্যে বৃদ্ধদেব বন্থ ও বিষ্ণু দে মাজার্ত্তের সম্ভাবনাকে বিশেষ ভাবে কাক্সে লাগিয়েছেন। এদের প্রবহ্মান মাজার্ত্তের রচিত কবিতা (বৃদ্ধদেবের 'কয়াবতী', বিষ্ণু দে-র 'চোরাবালি'র

'মন-দেওয়া-নেওয়া' কবিতা) এথনো আদর্শ হয়ে আছে। প্রবহমান মাত্রাবৃত্তের আদর্শ অবশ্য রবীন্দ্রনাথেও আছে, 'সেঁজুতি' কাব্যে এই কবিতার একটা লক্ষণীয় বিষয় হল, প্রথম স্থবকেই ছ-মাত্রার পর্বযতি থেকে ভাবযতিকে বিযুক্ত রাথা হয়েছে:

যাক এ জীবন,
যাক নিমে যাহা টুটে যায়, যাহা
ধূলি হয়ে লোটে ধূলি-'পরে, চোরা
মৃত্যুই যার অস্তরে, যাহা
রেখে যায় গুধু ফাঁক।

'যাবার মুখে'।

মাজাবৃত্তের একটা বড অস্থবিধে হল ভাবযতি এই ছন্দে স্বভাবত পর্বযতির অন্থ্যামী, ব্যক্তিজ্ঞম হলে হোঁচট থাবার সন্তাবনা, অথচ ভাবযতিকে দর্বদা পর্বযতির অন্থ্যামী হতে হলে প্রবহমানতায় স্বাচ্ছন্দ্য থাকে না। আধুনিক কবিতায় মাজাবৃত্তে পর্বযতি থেকে ভাবযতিকে বিযুক্ত রাখার প্রয়াদ চোথে পড়ে; কিন্তু এ-ধরনের প্রয়াদের দার্থকতা নিয়ে তকেঁর অবকাশ আছে। বৃদ্ধদেব বস্থু তার 'বাংলা ছন্দ' প্রবদ্ধে (দ্রু° 'সাহিত্যচর্চা') মণীক্র রায়ের কবিতা থেকে উদাহরণ তুলে অভিযোগ করেছেন যে এতে ছন্দের 'অপ্যাত' ঘটেছে।

বিষ্ণু দে তাঁর শব্দ-ব্যবহার ও পর্ব-বিভাদের বৈচিত্রে মাত্রাকৃত্ত ছন্দে বিশেষ ভাবে নিজের ব্যক্তিত্ব আরোপ করেছেন যা নাকি তাঁর পরবর্তী অনেক কবিকে প্রভাবিত করেছে। 'মাত্রাকৃত্ত' নিয়ে পরীক্ষার নিদর্শন হিসেবে বৃদ্ধদেব বহুর ছটি কবিভার নাম উল্লেখ করতেই হয়: 'আমন্ত্রণ—রমাকে' এবং 'জোনাকি' (দ্রু° বৃদ্ধদেব বহুর শ্রেষ্ঠ কবিতা)—প্রথমটি আট-মাত্রার (৪+৪) ছন্দ, এতে অতি-পর্ব আর অপূর্ণ-পর্ব ব্যবহারের কৌশল লক্ষ্য করবার মতো; বিতীয়টিতে ছ-মাত্রার ছন্দকে অন্তরালে রেথে শক্ষবিভাসকে প্রাধান্ত দিয়ে ছন্দংম্পন্দে বৈচিত্র্য আনা হয়েছে।

মাত্রাবৃত্ত ছলে এই সে দিন পর্যন্ত কবির। প্রচুর কবিতা লিখলেও, অতি সাম্প্রতিক কালে দেখতে পাছি যে এই ছলে কবিতা বিশেষ লেখা হছে না। এর একটা কারণ হয়তো এই যে মাত্রাবৃত্তে কবির স্বাধীনতা পয়ারভিত্তিক অক্ষরবৃত্তের তুলনায় অনেক কম—কবিকে সচেতনভাবে ছলকে অমুসরণ করতে হয়, তা ছাডা, পর্ব, অপূর্ণ-পর্ব, অতি-পর্বের বিভিন্ন ছলোবন্ধ বা প্যাটার্নের মধ্য দিয়ে কবিরা এই ছলে য়ে-বৈচিত্রা এনেছিলেন সে ছলোবন্ধ বা প্যাটার্নগুলিও ব্যবহারে ব্যবহারে মলিন, নতুন সন্ভাবনাও হয়তো কবিরা খুঁজে পাছেন না। নতুন সন্ভাবনা যে একেবারেই কেউ খুঁজে পাছেন না তাই বা কী করে বলি ? যেমন,

দশটি ছবির ভিতরে একটি ছবি
তোমার জন্মে এনেছিলুম। ...
কত সহজের পরিবর্তন। তোমার সফেন
চূলের উপর একটি তমসা। এক মুহূর্ত
চূলের উপর বিতীয় তমসা। আমি
দীর্ঘ জীবন তোমার নিকট স্বতঃস্কৃত্ত
প্রস্তুত আহবান।

'অবিরাম', আলোক সরকার।

এথানে দেখতে পাচ্ছি যে ছ-মাত্রার মাত্রাবৃত্তকে গভের বাক্ভঙ্গির ছকে কেলে নতুন ভাবে বাজাবার চেষ্টা করা হয়েছে।

8

অতি সাম্প্রতিক কালের কবিরা পয়ারভিত্তিক অক্ষরতৃত্ত আর গল্য-ছন্দে বেশি ব্দুদ্দ, পত্রপত্রিকায় প্রকাশিত কবিতাগুলি দেখলে অন্তত সেই রকম ধারণা হওয়াই স্বাভাবিক। রবীন্দ্রনাথ গল্গ-ছন্দের যে-মাদর্শ নির্মাণ করেছেন তার নিদর্শন শুধু কবিতায় নয়, গল্পরচনাতেও রেথে গেছেন। বুদ্ধদেব বস্থা, সম্পতভাবেই লক্ষ্য করেছেন 'পুনক' 'খামলী' 'শেষ সপ্তক' কাব্যের কবিতার গছের সঙ্গে 'শেষের কবিতা', 'কালের যাত্রা', 'বিশ্বপরিচয়'এর গতের মিল। 'রবীন্দ্রনাথের গতা-কবিতার ছন্দের লক্ষ্য ছিল 'পত্য-ছন্দের মৌতাত' কাটিয়ে ওঠা (দ্র° বুদ্ধদেব বস্থর 'বাংলা ছন্দ')। গত্যের ছন্দ বাক্প্রবাহের স্বাভাবিক ছেদ-নির্ভর; যতি-নির্ভর নয় বলে গভ-ছন্দ 'প্রক্ষ্ট' নয়, 'অস্ফুট';—ছেদ-নির্ভর বাক্যাংশগুলির নিরূপিত বিস্থাদই গল্গ-ছন্দের উৎস। বাক্যবিস্<mark>থাদে</mark> 'প্রকৃট' ছন্দের অতিনিরূপিত বন্ধন নেই তাই গল-ছন্দ আপাত দৃষ্টিতে সহন্দ, কিন্তু এতে সিদ্ধিলাভ কঠিন; সম্ভবত এই কারণে স্থাীন্দ্রনাথ দত্ত গত্য-চন্দে বাঙালী কবিদের 'সর্বনাশের স্ত্রপাত' আশঙ্কা করেছিলেন। তৎকালীন ও সাম্প্রতিক কালের কিছু কিছু গত কবিতা প্রমাণ করে যে তাঁর আশকা নিতান্ত অমৃলক ছিল না, তরু त्रवीखनारथत्र **পরবর্তী কবিদের অনেকেই** যে গছ-ছন্দে বিশেষ সিদ্ধি লাভ করেছেন তাতে সন্দেহ নেই। সমর সেন গভ-ছন্দকেই তাঁর কাব্যের বাহন করেছিলেন। **্রবীন্দ্রনাথ নিজেই বলেছেন যে সমর সেনের কবিতায় 'গণ্ডের রুঢ়তার ভিতর দিরে** কাব্যের লাবণ্য প্রকাশ পেরেছে যত দূর ধারণা।' অরুণ মিত্রও প্রধানত গল্ম-ছন্দেই ्रांचन । कीवनानम नान्छ भण-इन्मरक निरम्ब छावाव छेभरवाती करव निरम्बिलन ;

শ্বারভিত্তিক অক্ষরত্ত আর স্বর্ত্তের মতোই গছ-বৃত্তেও তাঁর কবিচরিত্র প্রতিকলিত। বৃদ্ধদেব বস্থর গছ-ছন্দের আদর্শ মূলত রবীদ্র-অমুসারী হলেও তাঁর 'শীতরাত্রির প্রার্থনা' হবিতায় নির্মাপিত ছেদ যুক্ত দীর্ঘপঙ্ক্তি ও মিল ব্যবহার করে গছ-ছন্দকে প্রায় দছ-ছন্দের প্রতিষ্কী করে তুলেছেন। অমিয় চক্রবর্তী বিভিন্ন প্রস্ফুট ছন্দের আভাসমুক্ত বাক্যাংশের সাহায্যে গছ-ছন্দকে পছ-ছন্দের সঙ্গে মিলিয়ে দিয়েছেন তাঁর কবিতায়:

স্পাষ্ট বেস্থরে একা বসে গান গাই

স্কৃত্ত তানসেনী তানে তা-না-না-না
কেননা প্রত্যক্ষ দেখতে পাই

(তোমরাও দেখো, নয়তো চক্ষ্ কানা)
গানের বক্তব্য প্রধানত আজ

চতুর্দিকের সঙ্গে বিদ্রোহ;
পুরনো সাম্রাজ্যের বরকলাজ

যথন নতুন মন্ত্রীর সমারোহ
স্বাধীন দেশের বৃকে গুলি চালিয়ে

বাদামী ধনিকের তন্ত্রে রাথে বজায়,
একট্ট্ স'রে এসে (দ্রে পালিয়ে)

খানিকক্ষণ অস্তত থাকি মজায়;
প্রাসিদ্ধ ঘরানা এখনো আছে জানা
তাই দিয়ে গাই তা-না, না-না ॥

'পাগলা জগাইরেব গান', অমিয় চক্রবর্তী। উদ্ধৃত অংশটিকে মিশ্র-ছন্দের (vers libre?) নিদর্শন বলেও কেউ কেট মনে করতে পারেন। বৃদ্ধদেব বস্থ ও শঙ্খ ঘোষ ফরাসী vers librেকেই মিশ্র-ছন্দ বা মৃক্ত-ছন্দের আদর্শ বলে গ্রহণ করেছেন (দ্র° বৃদ্ধদেব বস্থর 'বাংলা ছন্দ' প্রবন্ধ ও শঙ্খ ঘোষের 'ছন্দের বারান্দা' গ্রন্থ)। মিশ্র-ছন্দের প্রতি আধুনিক কবিদের আগ্রহ কচিৎ চোথে পড়ে। এর প্রথম কারণ সম্ভবত এই ষে রবীন্দ্রনাথের মতো কোনো ব্যক্তিত্ব যথার্থ মিশ্র-ছন্দের আদর্শ পরবর্তী কবিদের জন্ম রেথে যান নি; ঘিতীয় কারণ, সম্ভবত প্রকৃতি ছন্দে 'মাত্রাসমতার' প্রতি কবিদের আন্তগত্য। বরং মনে হয়, গছন্দের প্রতিই সাম্প্রতিক কবিদের আগ্রহ বেশি। গছা স্পন্দকে তাঁরা বিভিন্ন ভাবে স্বষ্টি করছেন:

রান্তার ওপাশে ওটা কি গাছ আমি জানি না। বাগানে ফুটে আছে ওটা কি ফুল 'আমি জানি না।...
আমার মনে প্তছিল
এক নিক্ষল জীবনের কথা।
নিজের দেশ, নিজের কালের কথা।
আমার মন কেমন করছিল।

'মরুভূমির হাওয়ায়', স্থভাষ মুখোপাধ্যায়।

- ২ অলীক উদ্ভাগ লুপ্ত পটভূমি প্রতিষ্ঠিত সম্ভাবণ সময়হীনতা সংস্কারহীনতা বাসনাহীনতা আজ অমলিন পূর্ণায়ত উপস্থিতি প্রতিটি শব্দের সহযোগিতায প্রতিটি বল্করে অনির্ভরতার স্বচ্চ উদ্ভাসন প্রাকৃত মৌলিক। অবিমিশ্রতা অনির্ভর রীতি। 'অনির্ভর', আলোক সরকার।
- সকালে যতটা দভি ধরে ওঠে।
 ততটাই নেমে যাও সন্ধ্যায়।…
 প্রত্যেক দিনের চেহারা এক রকম—
 দেবীসক্ত বা কিং লীয়রের পয়্তি চিবিয়ে যদি শুরু,
 শেষ তবে স্থনীলমাধবের বর্গবিভ্রমে
 কিংবা এসপেরাস্থোব একতায়।

'নভি ধবে ওঠো', বিজ্ঞা মুখোপাধ্যায়।
প্রথম উদ্ধৃতিতে, গছকে স্পান্দিত করা হয়েছে সমধর্মী অগচ স্বাভাবিক বাক্যাংশের
পৌনঃপুনিক ল্যবহারে। দিতীয় উদ্ধৃতিতে, মিল্রিত শব্দ ও মিল ব্যবহার করে
স্বাভাবিক চেদ-যুক্ত থণ্ডিত বাক্যাংশগুলির ধ্বনিস্পানন জোরালো করা হয়েছে, ফলে
গত্তে প্রায় প্রশ্নুট চন্দের আভাদ এসেছে। তৃতীয় উদ্ধৃতিতে, পঙ্কিপ্রান্তিক অর্ধব্বর
(semi-vowel)-যুক্ত মিল গল-চন্দকে রেশযুক্ত করছে।

প্রবন্ধের প্রারম্ভে রবীক্রনাথকে বাঙলা চন্দের প্রাক্-আধ্নিক যুগের প্রধানতম এবং শেষতম পুরুষ বলা হয়েছে। রবীক্রনাথের পরে, রবীক্রনাথের মতো একক প্রয়াসে বাঙলা ছন্দের নতুন কোনো আদর্শ পড়ে ওঠে নি। আধুনিক পর্বে, সাম্প্রতিক কাল পর্বন্ধ, বাঙলা ছন্দের যে-বিকাশ ও বৈচিত্রাময় উদ্গতি ঘটেছে তা এক অর্থে রবীক্রনাথের কবিতার ছন্দেরই অক্স্সতি। রবীক্র-পরবর্তী কবিরা বাঙলা ছন্দকে সমুদ্ধ করেছেন—নানা দিক দিয়ে তার শক্তি ও সন্ভাবনা বিভ্ততর হয়েছে ঠিকই, কিছ গলোজী সেই স্ববীক্রনাথ। রবীক্রনাথ আধুনিক বাঙলা ছন্দের দ্ধপকার।

মনুষঙ্গ

मूर्यः ॥व

প্রথম বিশ্বযুদ্ধোত্তর কাব্য-পাঠক

স্নীলকুমার মুখোপাধ্যায়

'আ মি সাধারণ ত যে সাহিত্য নি য়ে কার বার করি পাঠকের মনোরঞ্জনের উপর তার সফলতা নির্ভর করে। পাঠকের অভ্যাসকে পীডন করলে তার মন বিগডিয়ে দেওয়া হয়, সেটা রসগ্রহণের পক্ষে অন্তর্কুল অবস্থা নয়।'—রবীন্দ্রনাথ ঠাকুর।

'জনসাধারণের ফচির প্রতি আমার অশ্রদ্ধা এত গভীর যে তাদের নিন্দাপ্রশংসায় আমি উদাসীন···যারা কবিতাকে ছুটির সাথী বলে ভাবে, কবিতার প্রতি চ্ত্র পড়ে হুংকপ্পন অন্তুত্তব করতে চায় তাদের কবিতা না-পড়াই উচিত।'—স্থণীক্রনাথ দত্ত।

পতাবলী, 'দেশ' সাহিত্য সংখ্যা ১৩৭৯।

উপর্ক তৃটি উদ্ধৃতি থেকে বোঝা যায় কবি, কবিতা ও পাঠকের পারম্পরিক সহজ্ব সম্পর্কটিও সময়বিশেষে একটি সমস্থার রূপে দেখা দিতে পারে। বস্তুতপক্ষে প্রথম বিশ্বন্থের কালে কবি ও পাঠকের এই সহজিবা সম্পর্কটিতে ফাটল দেখা দিয়েছিল, কবিতা ও তার পাঠকের মিলনভূমি ভেঙে গিয়েছিল খান্থান্ হয়ে। পাঠক জানালেন নালিশ ষে, 'আজ আর তিনি বিষয় নন কবিতার, তাই কবিতা থেকে ফিরে আদে তাঁর মন'।' এই যুদ্ধান্তর নবীন শিল্পে প্রতিপক্ষ বা পাঠকের ভূমিকাটি সঠিক কী তার আলোচনার প্রয়োজন আছে বলে মনে হয়। অবশু পাঠকের ভূমিকার প্রশ্ন ওঠে তথ্নই যথন মেনে নেওয়া হয় যে শিল্পকর্ম কবিমানসের এমনই একটি প্রকাশ যাকে পাঠকের অন্তরে পৌছেনা দেওয়া পর্যন্ত তার তৃষ্ঠি নেই: 'an act of communication presupposes an audience'—বলেছেন জনৈক বিদেশী এবং জনৈক বাঙালি কবি বলেছেন: 'কাব্য স্থোধন, সম্বোধনে শ্রোতার সম্বন্ধ গ্রাহ্ণ।' কিন্তু এই যুদ্ধান্তর কালে ওই মেনে নেওয়ার ব্যাপারটি অত সহজে ঘটে ওঠে নি।

অত সহজে ঘটে ওঠে নি তার কারণ পাশ্চান্ত্যে প্রথম বিশ্বযুদ্ধ থেকে যে নতুন বিপ্রবাত্মক একটি আধুনিক যুগ সাহিত্যের সমালোচক ও ইতিহাসকারগণ চিহ্নিত করে থাকেন সে যুগ মহাযুদ্ধের দামামা বাজিয়ে অবতীর্ণ হওয়ার পূর্বেই শুরু হয়ে গিয়েছিল এবং কাব্য ও কাব্যপাঠকের মধ্যে সহজ, ইন্দ্রিয়বেদী, অমুভূতিনির্ভর গীতলভার সামবায়িক মিলনস্থলটির বদলে একটা বড় রকমের 'চৈনিক দেয়াল' তৈরি হয়ে

षा. क. ३६

> শহ্ম বোষ: 'কবি আর তাঁর পাঠক', নিংশম্বের তর্জনী পৃ ৪৪

২ বিকু দে: 'ৰাঙলা সাহিত্যে প্ৰস্তি', সাহিত্যের ভবিরুৎ পূ ১০

গিয়েছিল সম্ভবত তার আগেই, এবং তার 6 আগে থেকে, অনেকঃদিন থেকেই রাষ্ট্র সমাজ ও তার অর্থনৈতিক ভিত্তি অতি ফতে পরিবতিত হয়ে চলে ছিল। এক দিকে যেমন পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান, ঘনোবিজ্ঞান, তুলনামূলক নৃতত্ত্বের ক্ষেত্রে বছ বৈপ্লবিক চিন্তাধারার আবিভাব ঘটল, অন্ত দিকে পাশ্চাত্ত্যের, সমাজদেহে দ্র্বাদ্দীণ প্চনশীলতার পরিণাম হল জ্বান্থিত , আবার এই মুহুর্তেই] প্রয়োগবিভার জ্যাধারণ প্রসার ঘটল; যুরোপ-ভূষত্তে কোগাও কোগাও বাষ্ট্রপ্লিপ্রের পদধ্বনি শোনা গেল। ১৯১৪ থেকে ১৯৪৭ খুয়াব্দ ব্যাপী সমগ্র পৃথিবীতে যে প্রচণ্ড ভাঙাগড়৷ চলেছিল তার ব্ড ব্ড কারণ ও বৃহং ঘটনাসমূহ আজ সকলেব কাছেই স্পৃষ্ট। অতি জত সামাজিক পরিবর্তন কাব্যে, চিত্রে, ভাস্কয়ে ও অন্তান্ত স্ফনশিল্পে নিয়ে এন সমধর্মী বিপুর পরিবর্তন; পুরাতন মৃল্যমান, ভাবন। ও রীতিকে সম্পূর্ণ অক্ষীকাব করে নতুন প্রীক্ষানিরীকা শুরু হল। কবিতাব পালাবদল হল কিন্তু চিড থেবে গেল,কবি ও শ্রোতার অস্তরঙ্গ সম্পর্কটি; মূডাযন্ত্রের ষড্যন্তে যা শুরু হ্যেছিল, সমাজযুদ্ধে বিকলনে তা হল সম্পূর্ণ। কবি পাঠককুল থেকে বিচ্ছিন্ন হযে পছলেন। মুরোপ-ভূগণ্ডেব এই আলোডন বাঙলা কাব্যে ও বাঙালীর শিল্পকর্মেও প্রভাব বিস্তাব করল। এধানেও ক্বিক্লতির মধ্যে দেখা দিল বিপ্লবাত্মক পরিবর্তন —কবি ও পাঠকের সম্পর্কটি থাবার নতুন ভাবে প্রতিষ্ঠার প্রযোজন অমুভূত হল।

এইখানে একটি সতর্কতার প্রযোজন গ্রাচে। শিরাট ভূগতের সর্বপ্রাসী যুদ্ধের অনলে ভারতবর্ষ তো ততগানি প্রত্যক্ষতায় নিদ্ধা হয় নি, কাজেই এই ভাগ্র-গভার প্রভাব নিয়ে দেই যুগে কিঞ্চিং বিতর্কেব অবতাবণ। হলেছিল। শিলাল জনপদবাসী ভারতের মন্থর কিন্তু প্রললিত ফলাকান্ত। ছলে যে জীবনের অবিচ্ছিন্ন ধারা প্রবহমান ছিল তার তলায় তলায় যে ধ্বংসেব ধ্বনি বাজতে শুক কবেছিল তা প্রথমেই বিশেষ গোচরীভূত হয় নি। ইয়েট্স্ রবীন্দ্রনাথের 'গাতাঞ্জলি' পড়বার কালে এই একক মানসিক গভনের প্রশংসায় নিজের দেশের বিক্ষিপ্ততার সম্বন্ধে সংগণ উক্তি করেছিলেন। কিন্তু বিদেশী লালনপুষ্ট আত্মপরিচয়হীন বহুধাবিভক্ত ভারতীয় সমাজের পূর্ণ পরিচয় হয়তো তিনি জ্ঞানেন নি। ভারতের মধ্যেও যে সব ঘটনা একটাব পর একটা ঘটে চলেছিল তার সঙ্গে যুরোপীয় চিন্তাধারা মিলিত হয়েই মূল্যবোধের পরিবর্তন এল এবং তাকে প্রকাশ করবার জন্মই নতুন আন্নিক, নব-প্রকরণের প্রতিশ্রুতি নিয়ে বাঙলা কাব্যে বাঁর। অবতীর্ণ হলেন তাদের শক্ষবাবহারের খাধীনতা, তাদের চিত্রকপ্লের বাঁকানো ভঙ্গি, তাদের ছন্দের স্বাধীনতা, বাগ্ন দিব্দাস স্ববন্ধের বাহুলাক বিচলিত করল। রবীক্রনাথ একে 'দেশের সাহিত্যে,ধার করা নকল নির্জ্জতা' লাম দিলেন এবং শ্রী অতুলচক্র প্রধ্

৩ রবীক্রনাথ ঠাকুর: সাহিত্যের পথে পৃ 🌬

একই সঙ্গে প্রশ্ন করলেন:

Conscript armyতে ভতি হয়ে তাদের [ইউরোপীয় লেখকদের] অনেককেই সে যুদ্ধের হত্যাকাণ্ডে অংশ নিতে হয়েছে। বাঙলা আধুনিক সমাজে কোথায় সে অভিজ্ঞতা। এক বাঙালী হিন্দুর চাকরীর সংখ্যা ও বেতন কম ছাডা অন্ত কোন্ সামাজিক উপবিপ্লবের মধ্য দিয়ে তাঁরা গিয়েছেন ১৪

—বাঙলা কাব্যের পটপরিবর্তনের বিচারের এই পরিপ্রেক্ষিত।

ভারতবর্ধের মাটিতেও অনেকগুলি বড বড ঘটনা ঘটে গিয়েছিল যার অভিঘাত অনিবার্যভাবেই শিক্ষিত মনে আলোডন স্বাষ্ট করেছিল। স্বাধীনতার আন্দোলন, মন্টেগু-চেম্পটের বার্থ সংস্কার-পবিকল্পনা, জালিখানওখালাবাগের নরমের যক্ত, রাউলাট মাইনের জন্দের নীতির প্রযোগ, অসহযোগ আন্দোলন, ভারতে প্রথম ক্মানিষ্ট পার্টির পত্তন, ১৯১৯-৩০এর সার্বিক অর্থ নৈতিক বিপর্গ্য-ইত্যাদি সকলেবই জানিত কয়েকটি ঘটনাব উল্লেখ করলাম, এই কাবণে যে ববীক্স-পরবর্তী আধুনিক কবিদের কৈশোর ও সৌবন এই যন্ত্রণাজটিল ও উত্তেজনাম্য বংস্বগুলির মধ্যে কেটেছে—প্ররাং 'সকালের বোদ আজ বিকালের চায়ায় মলিন।'

সাবধানে যেয়ো স্থা, চোপে তব মোহ নামে পাছে, পাছে তার মুচকঠে শোনে তুমি অবণোন গান…

٥

প্রবাদেশ পরি প্রবাদেশ থেব যে উদ্ধৃতিটি ছাছে সেটব অন্তরের কথাটি এই প্রসঞ্চে অন্ধানন করা থেতে পানে। বর্ত্তনাথ তার আর তার পাঠকের মধ্যে যে সংপর্কের উল্লেখ করেছেন তাকে তলিখে দেখলেই বোঝা বাবে যে উভ্যের মধ্যে যে সামঞ্জশ ছিল সেটও কতকণ্ডলি প্রত্যার বিশাসের উপর প্রতিষ্ঠিত। যে স্গো সমাজের অধিকাংশ মাজ্যের প্রত্যাহ ও বিশাসের সঙ্গে শিল্পীর উপলন্ধির একটি প্রশান্ত কিব অন্তচারিত এক্য থাকে, বাক্যটি সে-যুগের কাব্যক্তির পক্ষে সত্যে। সম্ভবত আমরা নাকে ক্লাসিকাল যুগ বলি সে যুগে কবি ও পাঠকের অয়নচক্র অব্যাহত থাকে, কেন না কতণ্ডলি স্প্রতিষ্ঠিত ভাব ও অন্তেহ এই ময়নচক্রকে কার্যকরী রাথে। হিংসা, ক্রোপ, বৈরাগ্য, আসক্রি, ব্যুদ্ধ, উন্যাদনা, উচ্চুদ্ধলতা, প্রকৃতি-প্রেম, ধ্র্য, আত্মরতি, দুশ্যান অভিজ্ঞতার জগং-

- দীপ্তি ত্রিপাঠী: আধুনিক বাংলা কাব্য পরিচয় পৃ ৬৬
- 'জিজাসা', অজিত দত্ত।
- 'যেথানে রুপালি', ঐ।

ইত্যাদি উপাদানগুলি শিল্পী আর তাঁর পাঠককে একটি অচ্ছেছ, অঘোষিত নিবিড বন্ধনে বেঁধে রাখে। কিন্তু যথনই সেই বন্ধগুলিই মনননির্ভর আবেগে ধ্বনিত হয়ে ওঠে, ব্যক্তিস্বাভন্ত্র্য দেখানে প্রথম হয়ে ওঠে; আবার যখন আন্তর্জাতিকতার অভিঘাতে সেই ব্যক্তিমানস উদ্দীপিত হয়ে ওঠে, পাঠক অসহায় বোধ করেন। কবি তাঁর অধীত জ্ঞানসন্ভারের সাহায্যে, যা নিথিলবিশ্বব্যাপ্ত, কবিতার নতুন দেহশয়া ও অন্তর্বাস নির্মাণ করেন, পাঠকের পথ কবির পথ থেকে বেঁকে যায়। তথনই পাঠকের কণ্ঠে শোনা যায় যে আজ আর 'সে কবিতার বিষয় নয়'। আর সেই মূহুর্তেই পাঠকের দিকে অঙ্গুলি নির্মোণ করে কবি জানান: 'ভিডের হৃদয় পরিবর্তিত হওয়া দরকার।'শ প্রবন্ধ স্কার্য স্থীক্রনাথের উদ্ধৃতিটি ওই বাঁকা পথের প্রথম নিশানা। এই অবস্থার জক্ষ দায়ী কে—পাঠক, না কবি ?

9

আসলে কবি ও কাব্যপাঠকের প্রচলিত সম্পর্কটি পরস্পর-নির্ভরশীল: 'একাকী গায়কের নহে তে। গান / গাহিতে হবে তুইজনে'। সমাজ যে ভাবে পালটে চলেছিল. বিজ্ঞান যে হারে এগিয়ে চলেছিল তার সঙ্গে সঙ্গতি রক্ষা করা সাধারণ মামুষের পক্ষে ক্রমশই তুঃসাধ্য হয়ে উঠছিল। যুদ্ধ-পূর্ব ভারতে, নিরবচ্ছিন্ন শাস্তির মধ্যে বাঙলার কাব্যপাঠক একটি তরলিত রোম্যান্টিকতা, পেলব স্বপ্নবিলাদ, মৃগ্ধ আত্মরতি, ক্ববিনিভর পল্লীকেন্দ্রিক জীবনের পরম শান্তি, ধর্মে দার্বিক সমর্পণ, রোম্যান্টিক আদর্শায়িত প্রেমের মহানতায় আস্থা, পদাবলী-আশ্রিত নারীহ্বদয়ের কবোষ্ণ আবেগ ও গার্হস্থাঞ্জীবন-বন্দনাতে অভ্যন্ত হয়ে কবিক্বতি সম্পর্কে তাদের যে নিশ্চিত ধারণা তৈরি হয়ে গিয়েছিল, সেই ধারণার মূলে হঠাৎ কুঠারাঘাত হল। ক্রমবর্ধমান বাণিঞ্জ্যিক বিভীষিকা, নগরসভ্যতার নতুন ক্রীতদাস কলকারথানার শ্রমিক, ধর্মে আস্থাহীনতা, চিন্তাজগতে নৈরাজ্য ও জগৎ-ছোডা অনিশ্চয়তা আমদানি করল একটি নয়া বাস্তবজীবনমুখিতা, বলিষ্ঠতা ও সত্যভাষিতা, যার অত্যুজ্জল আলোকে সাধারণের চোথ গেল ধাঁধিয়ে। রোম্যান্টিক প্রকৃতি-ধ্যানে এল সংশয়, স্ষ্টের মূলে দেহের হল পুনঃপ্রতিষ্ঠা, অকুষ্ঠ আত্মবিশ্লেষণকে পাঠকের মনে হল কপট আত্মগানি। সভ্যতার কেন্দ্র গ্রাম থেকে এল শহরে, শহরের স্থাপত্য ও ভাস্কর্য কাব্যদেহে নতুন প্রসাধন ও নতুন শব্দসন্তারের স্বাষ্ট করল, তারই সদে এল বিশ্বীক্ষা ও বৈদেশিকতা, নিথিল ইতিহাসচৈতন্তের মধ্যে কাল ও দেশের।

৭ শব্ম খোৰ: 'কবি আর তার পাঠক', নি:শব্দের তর্জনী পৃ ৪৪

৮ बीवनामम शान: कविछात,कथा ११ >७

দীমায় বিশ্বত ভারতীয় ঐতিহের নতুন মৃল্যায়ন হল। পরিচিত জগৎ ও জীবন বেন পাঠকের কাছে হারিয়ে গেল, কবির হাত ধরে দে যে সংস্কারমুক্ত জীবনের প্রভাতস্থাকে বরণ করবে তারও উপায় আর রইল না, কেন না কাব্যজগতে তার পরিচিত অস্থ্যক্ত একটি একটি করে নিবতে শুক্ত করল। ছন্দে এল মৃক্তি, কথ্যভাষা আর কাব্যের ভাষায় ব্যবধান হল দ্বীভৃত। কাব্যে এসে আশ্লিষ্ট হল মনগুল্ব, তার বাক্-বন্ধনে দেখা দিল নতুন semantic disturbance। কবির স্কেনবাসন। এবং পাঠকের রসপিণাদা—এই ছুয়ের মিলনবিন্টি যেন ক্রমশই পিছিয়ে যেতে থাকদ। জীবননীতি ও শিল্পনীতি যেন পরস্পেরবিচ্ছিল্ল হযে গেল। অভিজ্ঞতার জগতে এমন একটুকরো জমিও থাকল না বেখানে সহজে কবি আর তাঁর পাঠক মিলতে পারেন।

এ তো গেল পাঠকের বিভ্রান্তির সার কথা। কিন্তু এই অবস্থায় কবিরা কি করলেন ? कविश थूंव-এकটा विष्ठ विष्ठ श्लाम वर्ल मान इल मा। जिमि वलालम, ख সাহিত্য গতাত্মগতিকতার সহজিয়া রদে পুষ্ট, আমরা দে রদের রদিক নই। আমাদের বুঝতে হলে তোমাদের এগিয়ে আদতে হবে, মন:সমীক্ষণের বক্ষম্নে 'আধুনিকতা'র বিপর্ষয় ও সম্ভটের স্বরূপটিকে বুঝতে হবে, তোমাদের কালের কবিতাও নেই, কাব্যরীতিও নেই, কবিতার সংজ্ঞার্থ ই তো বদলে গেছে। স্থতরাং 'কাব্যের তরফ থেকে আমি পাঠকের কাছে সেই নিবিষ্ট অমুণীলন ভিক্ষা করি, যেটা দাধারণত অপিত হয় অন্তান্ত আর্টের প্রতি'। " তার। কাব্যের আধুনিক চারিত্রের কথা তুলে আরো বললেন কবিতা এখন আর স্বভাবকবির সহজ অধিকার নয়, নগরসভ্যতা থেমন বৈদধ্যের বহিল্মণ, তেমনি কবিতারও—কবিতাও সেই একই বৈণগ্যের সচেতন শিল্পকৃতি। काष्ट्रहे भूदि कित (य ज्ञा किविष्ठ) निथर्जन, এथन जात मिट्टे कांत्रगिन सिटे। সনাতনী পাঠককুলের চৈতত্তে আমূল নাডা দিয়ে প্রাচীন মূল্যমানগুলির গোধুলিলয়ে আবিভূত হয়ে কবি এলিয়ট বললেন, 'The Poet must become more and more comprehensive, more allusive, more indirect, in order to force, to disolate if necessary, language into hismeaning'... Poetry is an escape, not from life, but from emotion. এই বাক্যের সার বস্ত্ প্রতিধ্বনিত হল বাঙলা কাব্যেও। অর্থাং কবিরা তুরুহতার তুর্গেই নিশ্চিত আশ্রয় খুঁজলেন। কবিতা চাইল কবির ব্যক্তিগত অমুভূতি থেকে মুক্তি, হতে চাইল আত্মদচেতন কিন্তু নৈর্ব্যক্তিক বৃগমানসের প্রতিবিশ্ব।

কবি সন্ধান করলেন তাঁর কবিতার মধ্য থেকে নিজেকে বার করে আনবার চাবি-কাঠি এবং পাঠকের দিকে তাকিয়ে বললেন তোমরাও তোমাদের নিঃস্থত সন্তাকেই

 ^{&#}x27;প্রারলী'। দেশ সাহিত্য সংখ্যা ১৩৭৯

পাবে আমার কবিভায়। ³ ° এক দিকে ইয়ুংএর collective unconscious, অন্ত দিকে বাক্রীতি ও স্পান্দলের নবায়ন—act of communication হয়ে উঠন প্রভাক্ত সামীপ্য: confrontation, মাঝখানে সাধারণ পাঠক দাঁডিয়ে থাকলেন কম্পিত হাদরে, কাজর চোখে, হতাশ মনে:

ষুগের হাওয়া বদলে গেল, নিভিয়ে দিল ঝড বঙ্গমাভার আঁচল আডের দীপটি মনোহর… ১১

8

এখানে একটি সঙ্গত জিজ্ঞাসা: কাব্যের সাধারণ পাঠক বলতে আমরা কী বুঝি ? একটি অথও সার্বভৌম পাঠকের অন্তিত্বের ধারণা নিছক আরামপ্রদ কল্পনা মাত্র। আমাদের আলংকারিকগণ ওরুতেই সতর্ক করে দিয়েছেন, কাব্যরস হচ্ছে 'সহ্রবয়ন্ত্রদ্ব-সংবাদী'। সে রসের আস্বাদন একমাত্র দরদী লোকের মনই অফুভব করতে পারে। কবি যে ভাবকে, যে অভিজ্ঞতাকে রসমৃতি দিতে চান পাঠকের মন ও অভিজ্ঞতা বদি সে ভাবের অন্তর্গ না হয তবে সেই কাব্য সেই পাঠকের কাছে ব্যর্থ। 'কবির কাঞ্চ পাঠকের চিত্তে রসের উদ্বোধন। কাব্য কোনো পাঠকবিশেষের মনে রসের উত্তেক করবে কি না তা কেবল কাব্যের উপর নির্ভর করে না, পাঠকের মনের উপরেও নির্ভর করে'। ১২ অর্থাৎ পাঠকেরও করণীয় আছে কাব্যআস্বাদনের ব্যাপারে। স্থতরাং শীতল ছাপার অক্ষরে যে কবিতার কন্ধান পৃত্তকের শুষ্ক পত্রে বিরাজমান পাঠক তাকে নিজের অফুড়তি, নিজের অভিজ্ঞতার মধ্যে প্রাণবস্থ করে তুলবেন—তা যদি তিনি না পারেন তবে কাব্যপাঠের উপযুক্ততা তার নেই এ কথা নির্ভয়ে বলা যেতে পারে। কাব্যে প্রীতি আছে বহু লোকের কিন্তু কাব্যের রস আস্বাদনের ক্ষমতা তত লোকের নেই, এই কথাটা ঈষৎ ক্লঢ় শোনালেও সত্য। কবির মনের রস ও অভিজ্ঞতা তো যান্ত্রিক নিয়মে প্লায়ুতম্বের মাধ্যমে পাঠকের কাছে পৌছায না, 'শব্দ ও অর্থের, বাচক ও বাচ্যের উপায়কে আশ্রম করেই কবি এই উদ্দেশ্য সাধন করেন।''° স্থতরা দেখা যাচ্ছে একে তো কাব্য-পাঠক সীমায়িত, তত্নপরি আঙ্গিক ও প্রকরণ, অন্মূভব ও অভিজ্ঞতাব ক্ষেত্রে যে বিবর্তন এল তাতে পাঠকের পরিধি গেল আরো কমে। রবীক্রকাব্যের প্রভাবে থেকে মৃক্ত

১ • শভা ঘোষ: নিঃশন্বের তর্জনী পৃ ৪৫

১১ कानिमान तात्र।

১২ অতুলারে গুণ্ড:কাব্যজিজানা পৃ ৪৭

১৩ ঐ পূ ৪৭

হৰার আকাক্ষাম, স্বতম্ব হবে উঠবার প্রেরণার, কাব্যের যে 'মুক্তি' ঘটল তারই আর একটি দিক হচ্ছে সাধারণ কাব্যপাঠকের রসবোধের প্রতি এই 'বিজ্ঞাহী' কবিদের অনাস্থা—শুধু অনাস্থাই বা বলি কেন, যেন একটা বৈরা মনোভাব কবিকে নিয়ত ঠেলে দিচ্ছে আবো গোপন গুহাহিত সন্ধ্যাবলয়ে।

তা ছাড়া পাঠকও পরস্পরবিদ্ধির। প্রত্যেকেই বাস্তব পরিবেশের আঘাতে, সমস্তা-কটকিত প্রত্যহের প্রয়োজনে, জৈবিক জীবনধারণের তাডনার আপন আপন কুত্র কুন্ত বৃত্তে টুক্রো হরে গেল। যে জাতিগত ঐক্যবোধে, সমজাতীয় মনোবৃত্তিতে, মানবিক দায়িত্বোধে, পরস্পর পরস্পরের নিকটে আদে তার আর বিশেষ কিছুই বাকি থাক**ল** না। বৃহৎজীবনের ঝণাতলা, যেখান থেকে শিল্পী ও সাধারণ গৃহস্থ মহৎ অমুভূতিগুলি সঞ্চয় করেন, তাও হল ওজ; জীবনের মন্দাকিনী—যার একই কূলে সাধারণ মাত্র্যের ও শিল্পীর সহ-অবস্থান তার স্রোত হয়ে এল শীর্ণ। শুধু ঘৃটি যুদ্ধই তো নয়, মহামারী, বস্তা, দেশবিভাগ এবং আরো নানা প্রত্যক্ষ কারণে সাধারণ মায়ুবের মন থেকে বহু কল্যাণকর অন্নভৃতি নষ্ট হরেছে। ১৯২০ ও ১৯৩০ নানা ভাবে নাডিয়ে দিয়েছিল বৃদ্ধিজীবী ও অমুভৃতিপ্রবণ মনগুলিকে। আধুনিক বাঙলা কবিতার পশ্চাতে রয়েছে প্রথম থেকে বিতীয় মহাযুদ্ধ পর্যন্ত বিস্তারিত বিশ্বপটভূমি। কিন্তু তারপর ? তারপরও কি অবস্থার উন্নতি হয়েছে ? সে আলোচন। আমার বিষয়বহির্ভূত। 'নিধিল নাজিতে' পীভিত কবিমন তার শিল্পের মধ্যে এই জীবনের বন্ধহীন শূন্যতার, আত্মবিরোধের ও অনিকেত মনোভাবের বাঙ্ময় রূপ দিয়েছে। কিন্তু এই খণ্ডিত জীবন থেকে একাত্মতার ভূমিতে পৌছে দেবার দায়িত্বও শিল্পীকেট নিতে হয়। দে দায়িত্ব কতথানি পালিত হয়েছে তা এই প্রসঙ্গে বিবেচ্য।

কিন্তু শিল্পী তো তাঁর শিল্পপ্রকরণের পথেই পাঠকের গুটিয়ে-নেওয় হাডটি ধরবেন।
কাচ্ছেই আবার প্রকরণের কথাটাই অনিবার্য ভাবে এনে পড়ে। টেক্নিকের পরিবর্তন
তো শুধু ভাব থেকে রূপের পরিবর্তন নয়; সভ্যতার বিশেষ শুরে, মানসিকতার বিশেষ
মূহুর্তে, শিল্পরীতির পরিবর্তন আপন নিয়মেই দেখা দেয়। কাজেই শিল্পীর দাবি:
'আজকের মাছুষের কাছে আজকের ভাষায় কথা বলতে হবে।'১৪ 'আজকের' শক্ষটি
লক্ষণীয়। কিন্তু এই 'আজ'-স্চক ভাবসন্তাটি তো এনেতে অনতিসরল ইতিহাসের পথেই।
কবির সময়্টেতভা ও পাঠকের সময়-ধাবণা এক নব। কবি আজকের কালে সমন্ত
কালকে প্রত্যক্ষ করেন, তাঁর মানসপটে বিগত, বর্তমান ও অনাগতে, প্রত্যহকে কেন্দ্র
করে উপস্থিত হয়। তাঁর বোধের অণুপ্রমাণুতে সামগ্রিক ইতিহাস্টেতভা ছডিয়ে আছে,
তাঁর ঐতিহ্যুস্টেতনতায় এদেশ ও বিদেশ, একাল ও দেকাল একটি স্থির কেন্দ্রবিন্দুতে

১৪ आलाकतक्षम मान्छछ: 'वृक्ष, य्नप्रहूर्ङ ७ आधवा', निर्तिष यङाव १) १२

মিলতে পারে। ভাষার তো নিজম্ব কোনো স্বরংসম্পূর্ণ পৌরব নেই, সে ভো ভাবেরই বাহন। স্বতরাং আধুনিক কালের জটিল ভাবনা ও চিস্তার সঙ্গে পাঠকের বোঝাপডা না করে উপায় নেই—পাঠকের আধুনিকভার সারাৎসার আত্মন্থ করবার প্রস্তৃতি আবিশ্রিক।

a

'আব্দকের ভাষা' কথাটিও জটিল। কলকাতার শিক্ষিত যুবকের ভাষা, গ্রামের সরল ভাষা সমসময়ে থেকেও তো এক নয়। কাল্কেই ভাষাকেও আধুনিকেরা ব্যবহার করেছেন সেই ভাবে যেমন করে বিজ্ঞানী তাঁর ল্যাবরেটরিতে বল্পর মৌলসভাকে বিশেষ প্রয়োগপদ্ধতির দ্বারা বিচ্ছিন্ন করেন। শেলি যাকে 'language at its source' বলেছেন ভাকেই প্রয়োগ করেছেন স্থীন্দ্রনাথ; বিষ্ণু দে বিশেষ বৈদন্ধ্যের রসায়নে মিশ্রিত করেছেন বাক্রীতি ও কাব্যরীতি; আর জীবনানন্দের কাব্যের একটি সহজ বৈশিষ্ট্য হল গভাগদ্ধী শব্দের ব্যবহার। কবিদের কাব্যরীতি ও প্রকরণপদ্ধতির বিচার আমার উদ্দেশ নয়, বক্তব্য শুধু এই যে এই সব কবিদের প্রত্যেকের স্বাভন্ত্য ও স্বকীয় বৈশিষ্ট্য মিলেমিশে পাঠকের কাছে নিশ্ছিদ্র জটিলতারই স্থাষ্ট্র করেছে। এই জটিলভার গ্রন্থিয়োচনে কবিরা তেমন করে কেউ এগিয়ে আসেন নি যেমন করে এলিয়ট এসেছিলেন। তাঁর 'The Waste Land' ছাপা হয়েছিল তাঁর নিজেরই করা টীকাটিপ্রনীসহ। ওইগুলো পাঠকের পরম সহায়। কালিদাসের টীকা করেছিলেন মিল্লনাথ; আমাদের দুব্ধহ কবিদের স্ববোদ্য করার জন্ত কোনে। মিল্লনাথের আবির্ভাব হয় নি।

ৈ ইতিমধ্যে শিক্ষার ব্যাপ্তি ঘটেছে, মহাবিত্যালয়ের শিক্ষকেরাই কয়েকজন অবতীর্ণ হয়েছেন কবি রূপে এবং পাঠকও বিভক্ত হয়ে পছেছেন বিভিন্ন ভরে। পাঠকের এই ভরবিভেদ কাব্যের আস্বাদনকে আরো যেন গোষ্ঠীশায়ী করে তুলল। কবি একাধারে হলেন শিক্ষক, সমালোচক ও ভায়াকার। বলা হল, কাব্য-নামক জটিল বস্তুকে কর্ণ ও স্বদয়ের মাধ্যমে আস্বাদন না করে ক্রেধার বৃদ্ধি ও তীক্ষ্ণ বিশ্লেষণশক্তির ছারা আয়ভ করতে হবে। 'যে ত্রহতার জন্ম গাঠকের আলম্যে, তার জন্ম কবির উপরে দোষারোশ অন্থায়'।' অর্থাৎ শিক্ষিত-সমাজে ও ছাত্র-সমাজে কাব্যের আদর যে পরিমাণে বেডে গেল সাধারণের কাব্য ভোগের আশা দেই পরিমাণে এল কমে।

কাব্যসজোগের আরো শক্র দেখা দিল; দিনেমা, রেডিও, অর্থাৎ মাস্ মিডিয়া'—
আর সায়েন্স-ফিক্শন। যুদ্ধের ফলশ্রুতি হিসেবে যে সার্বিক নেডিবাদ দেখা দিয়েছিল
ভাতে সন্থা ও চটুল আনন্দের দিকে ঝুঁকে পডাই স্বাভাবিক। কাব্য—কাঁচির তুটি
ফলার মতো এক দিকে প্রয়োগবিজ্ঞানের প্রসার ও অন্ত দিকে নয়া সমালোচকক্লের

১৫ স্থীক্রনাথ দত্ত : 'কাব্যের মুক্তি', স্বপত পৃ ৩৭

নবোদ্ভাবিত কাব্য-আস্বাদনবিধির মধ্যে পড়ে অতিমান্ত্রায় আত্মসচেতন, উদ্ধৃত, অসহিষ্ণু হয়ে নিজের অস্তবের মধ্যেই আশ্রয় খুঁজে পেতে চাইল; আর এর ফলে তার মধ্যে বহিম্পিতা ও অস্তম্পিতার ভারসাম্য বিনষ্ট হল। আত্মরক্ষা ও আপন মূল্যমান-প্রতিরক্ষার তাডনায় সাধারণের বাহবাকে বিষবৎ ত্যাগ করলেন কবিরা। জনপ্রিয়তা, অর্থ, আচ্ছন্য-সমস্ত বিসর্জন দিয়েও তারা আত্মণীপ হয়ে উঠতে চাইলেন দ

এই অবস্থায় কবি ও পাঠক পাশাপাশি না দাঁডিযে মুখোমুখি ছন্দে অবতীর্ণ হবার আয়োজন সম্পূর্ণ করলেন। মধ্যস্থতা করার জন্ম এগিয়ে এলেন কিছু দরদী সমালোচক, শিল্পীসমাজ থেকেই বেরোল কিছু কবিতাপত্রিকা ও কবিতাদংকলন, যাদের দান পাঠক তৈরির ক্ষেত্রে অসামান্ত। এঁরা নানাবিধ রচনার মধ্য দিয়ে কবির নিজম্ব মেজাজ. অভিজ্ঞতা, চিত্রকল্প, ব্যক্তিপ্রযুক্তি, ছন্দের অভিনবত্ব-ইত্যাদি বিষয়ে পাঠকের জ্ঞান ও অভিজ্ঞতার ক্ষেত্রকে প্রস্তুত করলেন। সাধারণ জীবন ও শিল্পার অভিজ্ঞতাকে পুনরায় একই স্ত্রে গ্রন্থিবদ্ধ করার জন্ম একটা নতুন চেষ্টার শুভ ইন্দিত দেখা দিল। সাহিত্যের ঐতিহাসিকগণ স্বীকাব করবেন যে যথনই কাব্যের পালাবদল হয়েছে, তথনই পাঠকের প্রতিক্রিয়ার প্রতিচ্ছবি প্রায় সর্বত্রই সমধর্মী। এই প্রতিক্রিয়ার উত্তেজন। মিলিয়ে গিয়ে চিনাকাশ নির্মেষ হতে সমধের প্রযোজন হয়। যা কঠিন তা কঠিন বলেই তার প্রতি একটা স্বাভাবিক আকর্ষণও থাকে, ইয়েট্স্ যাকে বলেছেন 'fascination for what is difficult.' অতএৰ এই নতুন শিল্প আসাদন করার জন্ম যাঁরা এগিয়ে এলেন তাঁরাও নবীন—সংখ্যায় নগণ্য, কিন্দু স্থপরিশীলিত। সাধা**রণ** পাঠকের ভীতি ও উদাপীন্ত কাটিষে উঠতে সময় লাগে। এই প্রসঙ্গে কবি ছইটম্যানের একটি পংক্তি স্মরণীয়: To have great Poets there must be great audiences too. এই 'great audience' তৈরির কাজ অবশ্য 'কলোল'-'কালিকলমে'র কাল থেকে শুক্ল হলেও, ১৯০৫এ 'কবিতা'র প্রকাশ পাঠক তৈরির কাজে একটি বলিষ্ঠ পদক্ষেপ। শিল্পসাহিত্যতত্ত্ব বা রাজনীতি কোনে৷ বিষয়েই এই পত্রিকাব কোনো গোঁডামি ছিল না। 'সমকালীন সংকাব্যের সমগ্র ধারাটিকে আমরা এর মধ্যে সংহত করতে চেয়েছিলাম' বলে বুদ্ধদেব যে আকাজ্ঞা প্রকাশ করেছিলেন তা সম্পূর্ণ ফলপ্রস্থ হয়েছে। এই 'কবিতা'-গোষ্ঠীরই উছোগে ১৯৪০এ 'আধুনিক বাংলা কবিতা'র মূল্যবান সংক্রনটি প্রকাশিত হয়। ওই পুস্তকে আবু দয়ীদ আইযুব ও হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের **তুটি** ্যভূমিকা সাধারণ পাঠককে আধুনিক কবির কাছে পৌছে দেওয়ার সহদর প্রচেষ্টা হিসাবে উল্লেখ্য। গছসাহিত্যের ক্ষেত্রে একদা 'সবুঞ্চপত্রে'র যে ভূমিকা ছিল, আধুনিক বাঙলা কবিতার ক্ষেত্রে 'কবিতা' দেই ভূমিকাই পালন করেছে। এই 'কবিতা' পত্রিকার পাঠকের কাছে পরিচিত হলেন জীবনানন, স্থীজনাথ, বিষ্ণু দে, অমিছ চক্রবর্তী, সমন্ব সেন এবং আরো নবীনতার কবিক্ল। ১৯৫০ দালে ব্ছবেব বন্ধ অবং 'আধুনিক বাংলা কবিতা'র সংকলন প্রকাশ করেন। বিতীর মহাযুদ্ধ পর্যন্ত 'কবিতা'র প্রতিষ্ণী ছিল না। তারপর বহু পঞ্জপত্রিকা প্রকাশিত হয়েছে, বাদের পাঠক-প্রস্তুতির কালে গৌণ ভূমিকা রয়েছে। 'নিক্লস্ত', 'একক', 'শতভিবা', 'কৃত্তিবাস', 'পূর্বমেম', 'কবিপত্র', 'সীমান্ত'-ইত্যাদি পত্রিকাগুলির সম্পাদকরাও কবি এবং তার পাঠকও মূলত কবিরাই। ইংরেজিতে বাকে 'climate of confidence' বলে সেই 'বিশ্বাসের বাতাবরণ'-স্টির কালে বৃদ্ধদেবের গভারচনা, বিষ্ণু দে ও স্থবীক্রনাথের সমালোচনা, ক্রীবনানন্দের 'কবিতার কথা'র ভূমিকা অনস্বীকার্য। এ'দের সমালোচনার মূল্যায়ন এই প্রবন্ধের উদ্দেশ নয়, শুর্ মোটের উপর কথাটা এই যে, এই কবিরাই তাঁদের গভ ও পছের মধ্য দিয়ে, সেই সময়ের সংশয়্ব ক্লান্তি বিল্লান্থ ও জটল আবর্তকে পাঠকের কাছে পৌছে দিতে চেয়েছেন এবং একটি পরিশীলিত অন্থরাগী পাঠক-চক্র স্টে করেছেন। আমার কথার অর্থ কিন্তু এই নয় যে বৃদ্ধদেবের 'দাহিত্যচর্চা' পডে তাঁর কবিতাকে বোঝা যাবে অথবা স্থবীক্রনাথের 'কূলায় ও কালপুক্রম' পডলে তাঁর নিজম্ব কবিতার অর্থোদ্ঘাটন হবে। তাঁরা কেউ নিজের কবিতার টীকা করেন নি। কিন্তু তাঁদের গভরচনায় সামগ্রিক ভাবে রবীক্রোন্তর আধুনিক কাব্যের পরিচ্য পাওয়া যাবে।

৬

ইতিমধ্যে আধুনিকতারও বপান্তর ঘটেছে। আধুনিকতা একটি বোধ, বিশেষ মননভিক্তি, গতিশীল দৃষ্টিভিন্ধির ফলশ্রুতি। আবার সমাজের আভ্যন্তর অবস্থার, বিধাবন্দের মানসপ্রকৃতিকেই কাব্যে ধ্বনিব্দপ দান করে শিল্পকর্ম। স্থতরাং কবির মন যেমন এক দিকে বিশ্বনীক্ষা থেকে উপাদান সংগ্রহ করে, অন্ত দিকে দেশ ও কালের ঐতিহ্যের নির্মাণ তার স্বাষ্টপ্রবণ ধমনীতে রক্তকণিকার মতো সঞ্চারিত থাকে, তাই সে সামাজিকের শক্তেফ অংশও বটে। এই সামাজিকেরই ইতিমধ্যে বিবর্তন ঘটে গিয়েছে। পাঠকের দৃষ্টিকোণ থেকে আজকের ভামতে শ্রুডিয়ে রবীক্রম্ভূর্তের দিকে, আধুনিক কবিতার প্রস্তুতি-পর্বের দিকে ভাকালে প্রথমেই যে কথাটি মনে আসে সেটি হল নবকার্যান্ত্রকানন্দার প্রাবনের যে প্রতিশ্রুতি ছিল তা সফল হয় নি। চতুর্থ দশকের কবিকৃল যে-বেদনার যে-রিয়ালিটির যে-রূপের কলাকার হয়েছিলেন, ষঠ দশকে তা অফুপন্থিত। এই বিবর্তনের সঙ্গে পাঠকের সম্পর্কটি কোনো অবিচ্ছিদ্ ঘটনা নয়। এই বিবর্তনের শুফ রবীক্রনাথেই। নিরলস প্রচেটার রবীক্রনাথ শিক্তম্ব একটি পাঠকসমাত্র প্রস্তুত করেছিলেন। তাঁর রচনার শেষ পর্বেই কিন্তু কবি-পাঠকের হার্দ্য সন্থান্ধ রক্তের স্প্রি

হরেছিল। 'পুরবী'-পর্বন্ত নিধিল পাঠকচিত্ত যে রসের আস্বাদন পেরেছিল 'পরিশেষ'ঞ এসে সেটিতে ভাঙন ধরল। 'পরিশেষে'র 'আগন্তক' কবিতায় রবীক্রনাথ লিখলেন,

কালের নৈবেতে লাগে যে-সকল আধুনিক ফুল আমার বাগানে ফোটে না সে।

কন্ধ সে ফুল ভিনি নিজেই কোটালেন 'পুনশ্চ' কাব্যে (১৯৩২)। ওধু বে গভ-ছন্দের জন্ম কবিরা বিশেষ ভাবে ওই কাব্যকে স্বাগত জানিযেছিলেন তাই নয়, তৎকালীন আধুনিক কবিদের কাছে ভিনি প্রথম 'আধুনিক' হয়ে উঠেছিলেন ওই কাব্যের স্ত্রে। কিন্তু পাঠক সমাজের প্রভিক্রিয়া ?

গগু-কবিতা বাস্তবভার অতি কাছাকাছি—এই কথাটি যদি সত্য বলে ধরে নেওয়া হয় তবে গছে উপস্থাস-গল্প পভায় অভ্যন্ত পাঠকের কাছে সে-কবিতা অতি আদরণীয় হয়ে উঠবে এটাই আশা করা যায়। কিন্ত তা হয় নি। যে সময়ে গগছনদ ও কথ্যপ্রকরণ কাব্যরীতির অঙ্গ হল, সে সময় থেকেই দেখা যায় কবিতা তার জনপ্রিয়ত। হারাল। কবিরা গগছনদকে যুগ-ছন্দ বলে আবাহন জানালেন কিন্ত কবিতার পাঠক বিসর্জিত হল গোষ্ঠীশিল্প। সাধারণ সামাজিক তার আপন দেহের অভ্যন্তর থেকে এক করে নিখিল বিশে যে খাভাবিক ছন্দঃস্পন্দনের ব্যাপ্তি দেখতে পায়, বোধ হয় তাকেই দেখতে চার কাব্যে। কথাটা খুবই পুরাতন, কিন্তু একজন এ যুগের কবিই বলছেন:

সম্প্রতিকালে গভছন্দের চর্চা কমে এসে পভছন্দের চর্চা বেড়ে গেছে, এমন কি ঐতিহাসমত প্যারেরই নানান রূপে অধিকাংশ কবিতা লেখা হচ্ছে।

কিছুক্লণ পাঠক স্থিতি পেলেন যতীন্দ্রনাথের ছঃথবাদে, সত্যেন্দ্রনাথের সমসাময়িক-তার, নজরুলের প্রগল্ভ যৌবনের উদ্দামতায়, মোহিতলালের দেহচর্ঘায়। 'কল্লোল'-পর্বে এঁদের অভিঘাত স্থাপাই। তারপরেই বুদ্ধদেব, জীবনানন্দ, স্থীন্দ্রনাথ, বিষ্ণু দে-র কাল। এর কিছু পরে সমর সেন ও স্থাভাষ ম্থোপাধ্যায় আধুনিকতাব ভটিল যন্ত্রণাকে তুলে ধরলেন। এক লহমায় এতথানি রাস্তা পার হরে আ্রার অর্থ এই যে রবীন্দ্রনাথে যে-আধুনিকতা শুক হয়েছিল এবং যা পরবর্তী চার-পাচ্ছন কবিব বচনায় পরিষ্টুট," পক্ষম দশকে এসে দেই আধুনিকতাই কবিরা ব্যবহার করেছেল। নজরুল-তটে ভিড জমেছিল, বাণভীক্ষ ব্যঙ্গের প্রসাদে এবং মধ্যবিত্তস্থলভ মানবিকতাব মধ্য দিয়ে সাধারণ জীবনের শরিকের। নিশ্চিন্ত আশ্রয় পেয়েছিলেন যতীন্দ্রনাথে। মোহিতলাল আকর্ষণ করেছিলেন সেই কালের কবিকে—'কল্লোল যুগে'ব ইতিহাসে তার সাক্ষ্য আছে। রবীন্দ্রনাথের রোম্যান্টিকতার বিক্লজে সোচ্চার হয়েও রোম্যান্টিকতাব 'enchanted' circle' (মোহিনী চক্রবৃহ) এঁরা ভেদ করতে পারেন নি। কাজেই পাঠকের রক্তেও রোম্যান্টিকতারই সংস্কার কাল্প করে চলেছিল। কিন্তু ভারণর পাঠক পেল

ষ্মসূত্র কাব্য। তথন ক্ষার 'নিধিল প্রিকচিত্ত' বলে কোনো বস্তুর করনা করা অসম্ভব।

আধুনিক যুগের মক্ত্মির মধ্যে অন্তর্মন্তর মাহ্ব আর কবিতার প্রণতির সঙ্গে তাল রাথতে পারছেন না। কিন্তু এরই মধ্যে কবি যথন পাঠকসাধারণকে তাঁর অভিজ্ঞতার অংশীদার করে নিয়েছেন—বেমন নিয়েছিলেন কিছু বামপন্থী কবি, দেখা গেছে পাঠক তাঁকে ঘিবে আসে, তাঁর চারিদিকে গোল হযে দাঁভার। কিন্তু বামপন্থী কবিতা বলতে যা বোঝায় তা আজ খুবই নিশ্রভ হয়ে গেছে। কিন্তু কবিতার এই সম্প্রা, কিংবা পাঠক ও কবির এই সম্পর্কের সমস্থা কিছু নতুন নয়। কবিতার এই সমস্থা যুগে-যুগেই আছে, কেন না কবিতার সমস্থা তো যুগেরই সমস্থা। রবীজ্ঞনাথের সময় থেকে জীবনানন্দের সময় যেমন সরে এসেছে, তেমনি বিষ্ণু দে-সমর সেনের কাল থেকে স্থভায় মুখোপাধ্যায় ও স্থকান্ত ভট্টাচার্যও ততথানিই সরে এসেছেন—এক মানসিকতার স্বর থেকে সম্পূর্ণ অন্তত্ব মানসিকতায়; মানসিকতা ও সময়ের এই ভিন্নতা পাঠককেই বোঝবার ক্ষমতা অর্জন করতে হয় বারে বারে।

কালের যাত্রার শেষ নেই। ১৯৪৭ সালের পর ১৯৪৮-৫০এর মধ্যে এল আর-একটা নতুন উত্তেজনার যুগ, রাজনৈতিক উত্তপ্ত আবহাওয়া কবিতাকে রাজনীতির দিকে ঠেলে নিয়ে গেল। কিন্তু পঞ্চম দশকের সঙ্গে ষষ্ঠ দশকের কত না তফাত। উত্তেজনার পর প্রান্তি, আলোডনের পর হতাশা, কিন্তু তারপর? হতাশা, ব্যর্থতা, রাজনৈতিক সংকট, অর্থ নৈতিক সর্বনাশ সবই কবিতার অঙ্গে আপ্প্লিপ্ত হয়েছে, কিন্তু কবিতার জগৎ হয়ে এসেছে ক্ষুদ্র। স্থান্তিরনাথ-বিষ্ণু দে-র কাব্যে যে বিশাল বিশ্বের ছবি ফুটে উঠত, সেই চৈতন্তের আন্তর্জাতিকতা আজ প্রায় লুপ্ত। ব্যক্তিগত চিত্তকল্প এসে কবিতাকে তীব্র করেছে, কিন্তু বিস্তৃত করে নি। অর্থাৎ কবিতা যে পরিমাণে সামাজিক হয়ে উঠল সেই পরিমাণে কাব্য হল না। মনে রাথতে হবে সন্ধান মিক তা, বা তাৎ ক্ষণিক তা ক বি তা ন য়, ক বি তার বি ষ্ব য্ব স্থা। ক্লিশে-জর্জারিত, স্লোগান-অধ্যুষিত, শাবীররতি-সর্বন্থ কবিতাও কাব্য হয়ে উঠতে পারে শিল্পগ্রণে, অতুলচন্দ্র গুপ্ত লিথেছিলেন,

স্ষ্টি কেন মান্তবের মনোমতো নয় এ অভিযোগ আঞ্চ নিদারুণ পরিহাস। স্থাটি বা আছে তাই। কেন এ রকম প্রশ্নের অর্থ নেই। এর সবই যে নিষ্ঠুর ও বীভংস নয় সে আমাদের সোভাগ্য। কন্ধালকে ঘিরেও যে থাকে শরীরের স্থ্যমা, কামের পাকেও যে প্রেমের পদ্ম ফোটে, ক্বতজ্ঞ মনে তাই শ্বরণ করতে হবে•••

অতিআধুনিকদের কাছে উল্লেখটি অতিমাত্রার বাবীজ্রিক মনে হতে পারে। কিছ বাক্টাটর অন্তরে যে সত্য আছে, সে সত্য শুধু জীবনের নয়, কাব্যেরও।

শৰু, পুৱাণ, মুখচ্চুদ

অলোকরঞ্জন দাশগুপ্ত

7 4

ক বি তার শব্দ যে দিন থে কে ব হি র দ সং গীতের আশ্রয় হারাল, সঞ্চারিত হতে পারার দর্পে কোথার যেন ঘা পডল। কেন না সংগীত মানবন্ধায়ের সার্বজনিক ভাষা। সংগীতকে আশ্রয় করলে মানবচেতনার সন্নিহিত এবং প্রত্যন্ত প্রদেশগুলি স্পর্শ করা যায়।' রবীশ্রনাথ জানতেন। তাই শেষ মুহূর্ত পর্যন্ত কবিতাকে। গান এবং গানকে কবিতা করে তুলছিলেন তিনি।

ফলত তাঁর শেষের দিকের কবিতায় আমরা ত্-রকম শব্দ ব্যবহার লক্ষ্য করি—
গীতিধর্মী এবং প্রত্যহধর্মী। যে সমন্ত শব্দ কোনো অদৃশ্য রাগিণীকে ভর করেছে, সেই
গীতিধর্মী এবং যে সব শব্দ প্রতিদিনের বেঁচে-থাকার ক্ষিপ্র আবর্তে ঘূরতে-ঘূরতে ব্যবহৃত
হর, সেই প্রত্যহধর্মী—তু-রকমেব নমুনা একই সমযের পরিবেশে রচিত কবিতা থেকে
শ্বঁজে পাওয়া সম্ভব:

াবে কথাটি নিশীথ তিমিরে
 তারায় তারায় কাঁপে অধীর মির্মিরে…

'কাকলি', মছয়া।

চোরাই করে এনেছো মোরে তুমি
 বিচিত্রা, হে বিচিত্রা...

'বিচিত্রা', পরিশেষ ৮

> সংস্কৃত কবিতার সঙ্গে গানের প্রকাণ প্রভেগ মূছে দেবার আগ্রহে তথাকথিত অ-সংস্কৃত কবিরা গীতিকপ্রময় মাতৃভাবার শরণ নিমেছিলেন। আবৃত্তিসাপেক সংস্কৃত ভাষা তার ধর্ণগুগে মননের নির্দিষ্ট বছতার দিকে বুঁকেছিল। পক্ষাস্তরে, অভিমানী উত্তরপ্রিদের লক্ষ্য ছিল অনির্দেশ্য, সর্বায়ত আবেগ-ভাবনার অভিবান্ধি। উৎকৃষ্ট গভের আর্নিড-নির্দেশিত গুণগুলি প্রপান সংস্কৃত কবিতার পরিকৃষ্ট। অর্থাৎ সংস্কৃত কবিতা উত্তীর্ণ গভের মতোই নিয়মামুগ, হসমঞ্জম, পরিচ্ছের এবং ভারসাম্যে স্থিত। অপ্রশেক কবিতা কিন্তু এই গভ্রেতিম কবিতার প্রতিক্রিয়ার প্রাণবন্ত প্রতিবোগীর স্কর্টাম ভঙ্গিতে একটি সচেতন কার্বক্রম গ্রহণ করল। এই কার্বক্রমর প্রধান অক হল সংগীত। গান- সৃত্যবৃক্ত গান এবং বাদ্যসংগীতের কাছে সাহাব্য নিয়ে বাজনা কবিতা শক্ষক ও ছন্মপ্রকলনার ক্ষেত্রে বে-উত্তরাধিকার রেখে গেল, হালার বছরের বেনি কান্ধ করে অবশেবে গত শতাবীতে অবসর হরে 'গাঠ্য-কবিতা'ও 'গাঁত-কবিতা'র মধ্যে-পূর্বার একটি বিক্রেদ্বের বান্ধ করে ত্রপা। আবৃনিক কবিতার সংগীতজ্ঞাসার এই প্রক্রী স্মরণবোগ্য।>

শেষোক্ত উদাহরণে তুই ধরনের শব্দসমীক্ষা মিশে গিয়েছে। নিভান্ত চল্তি এবং অত্যন্ত পুষ্পাল শব্দকে অভিন্ন আধারে ধারণ করার এই প্রবণতাকেই রবীক্রনাথ শেষ পর্যন্ত মেনে চলেছিলেন বলে গছাকবিতা ছেডে টিলেটালা মৃক্তক-বদ্ধে তাঁকে প্রত্যাবর্তন করতে হয়েছিল।

রবীক্রোন্তর আধুনিক কবিরা নি:সন্দেহে আরো এক স্থর বিবর্ভিত। এই বিবর্জনের জন্ম তাঁরা অবশ্রই মান্তল দিয়েছিলেন। বৃহৎ জনসভা প্রথমে তাঁদের 'ত্র্বোধ' বলে যে ঠাউরে নিয়েছিল তার একটি কারণ, আধুনিক কবিরা শব্দকে তার স্বয়ংস্বতন্ত্র মর্যাদায় প্রতিষ্ঠিত করে তার আপন স্বরূপে ফিরিয়ে দিতে চেয়েছিলেন। তাঁরা প্রমাণ করতে চাইলেন, সমার্থক শব্দ বলে কিছু নেই, আছে বোধিজ্ঞমে বরদ শব্দকত্ম। অথবা এক-একটি শব্দ, আজকের সময়ের বিশ্লিষ্ট মান্তবের মতোই, এক-একটি ব্যঞ্জনাসক্ত্রল দ্বীপ। অর্থাৎ একটি কবিত। একটি দ্বীপপুঞ্জ যেথানে এক-একটি শব্দের অনাশ্রম্বিতা শেষ অব্ধি মুছে গিয়ে পরম আশ্রয়ের মতো হয়ে ওঠে।

কিন্তু একদিনেই শব্দের এই ক্রমমুক্তি ঘটে নি। শব্দকে এ যুগের কবিরা ক্রমশই যত ইন্ধিতবন্ধিম করে তুলেচেন, তার বাচ্যার্থের দিকটি উপেক্ষা করা অসম্ভব হয়েছে। প্রথম পর্যায়ে যথন প্রতিপাত্য ভাববস্থাই আধুনিকতা বলে গৃহীত হয়েছিল, নজকল-মোহিতলালের উদাত্ত উত্তেজনা আমাদের প্রবণে এসে পৌচেছিল, কোনো অর্থনিরপেক্ষ বাক্প্রপঞ্চ আমর। শুনি নি। এবং শ্বিতীয় পবের কবিরা এক বিল্যোহের বিরুদ্ধে আরেক স্থম বিল্যোহ যথন ঘোষণা করলেন, তথনো। কিন্তু শ্বিতীয়োক্ত সম্প্রদায়ের অধিকাংশের ক্ষম বিল্যাহ যথন ঘোষণা করলেন, তথনো। কিন্তু শ্বিতীয়োক্ত সম্প্রদায়ের অধিকাংশের ক্ষম ছিল বাচ্যার্থ ও মৃহ নাকে সমান্তে করা। তিনজন বক্তব্যধর্মী কবির রচনা থেকে দৃষ্টান্ত:

২ আধুনিক কৰিব কাছে শব্দের এই স্থনিকেত মহিমা গটফ্রীড বেনএর 'একটি শব্দ' (Ein Wort) কবিতাটিতে ব্যক্ত হয়েছে

> একটি শব্দ, একটি বাকাবন্ধ: শৃষ্টের মধা থেকে উঠে আসে অমুভূত জীবন, আকস্মিক চেতনা, তুম নিশ্চন, স্তর হৃত্ত, কেবল সব কিছু এগিয়ে আসছে একটি শব্দের কেল্রে।

একটি শব্দ—আলোর এক ঝলকানি—পাথা মেলা এক উৎক্রান্তি এক আগুন আগুনের এক ঘোরানো শিথা, ছিটকে-বেরিয়ে-আসা একটি নক্ষত্র— এবং অন্ধকার আবার, বিশাল আর দানবিক, পৃথিবীর আর আমার চারপাশের শৃষ্ণ প্রাপ্তর।

অমুবাদ: মানবেজ বন্যোগাখাল

জানি সবই, তবু পরিবর্তনে তোমার অস্থর্ব পেরেছে ছাডা, এমন কি নিত্য বিধাতার জ্যোতির্ময় সিংহাসনখানি ভ্রেছে নান্তির গর্ভে, সে-কথাও মানি।

'সর্বনাশ', স্থীজনাথ দত্ত।

অনন্দ অস্থলোকে
 অর্গল লাগাবে নাকো ছারে।

'क्नांहेभी', विकृतन।

বডো প্রীতি করেছিলে এই পল্লীটকে

 মৃথ্বশ্রোতা আব্দো বয় নদী নিরঞ্জনা—

 কী চোথে এদের তুমি দেখেছিলে তাই ভাবি।

'বোধগয়া', অমিয় চক্রবর্তী।

তিনটি উদাহরণেই (বিষ্ণু দে-র কোনো-কোনো চমকপ্রদ, স্বতশ্চালিত ভাবপ্রবাহছোঁ বা শব্দলীলা স্বরণে এনেই বলছি) শব্দার্থ এবং শব্দমূর্ছনা তুল্যমূল্যায়িত হয়েছে। এই কবিরা, বৃহৎ পাঠকদংসারের দক্ষে নিজেদের আগ্রীয়তা অব্যক্ত রাখেন নি। একই কারণে ইংরেজি ভলিভণিতির নমনীয় প্রত্যক্ষতা ও সংস্কৃত ভাষার অন্তর্গনি পৌরুষের এবর্থকে মেলানোর প্রচেষ্টা যে তাঁদেব কামস্টাব অন্তর্গত হয়েছিল তার স্বীকৃতি আছে বৃদ্ধদেব বস্থর স্থাচিন্থিত মন্তব্য:

ইংরেজি যেমন আমাদের পক্ষে বিশ্বচেতনাব মান্তপ্রণালী, আমাদের ভাষাজ্ঞানের ভিত্তি তেমনি সংস্কৃত; এ ত্য়ের বাজযোটক ঘটাতে পারলে, তবেই সম্ভব আধুনিক বঙ্গভাষায় নির্বস্থক ভাবের যথোচিত অভিব্যক্তি।

'সমালোচনার পবিভাষা'। কবিতা, তাখিন ১৩৫৫। সচ্চোদ্ধত তিনজন কবিই যে আরো পরবর্তী কালে নির্বস্তুক ভাবকে ধারণ করতে পেরেছেন, তার তিনটি প্রমাণ:

> কথন ওঠে, পাতাল ভেদ ক'রে অসম্ভূত অমা: বাযুর বেগ সহসা যায় ম'রে দ্রাঘিমা দেয় ক্ষমা।

> > 'नहे नौए', ऋधीक्षनाव।

২ প্রতির আক্ষেপস্পন্দে কবিভার ছন্দের মতন।

'कन मास', विकू त्मा

আধুনিক কবিতার ইতিহাস

কানে কানেই ঝরে বাঁশি
 কেউ নেই।
 মধুকোরকে মুক্ল রাশি
 কমল দল নেই॥

'দিখি', অমিয় চক্রবর্তী।

ইতিমধ্যে সমর-হুভাষের ধরোষ্ঠা অথবা লোকায়ত সাংবাদিকতার পর্বাঙ্গ শেষ হয়েছে। স্বভাষ ম্খোপাধ্যায়ের কবিতার শব্দনির্বাচনে এসেছে লজ্জাবতী বধুর ছায়াচ্ছন্নতা এবং সর্বতোভত্ত ঋজুতার সমন্বয়। এবং পঞ্চম দশকের কবিদের প্রায় স্বাই দেই একই অপরপ দোটানায় নানা ভাবে স্পৃষ্ট। কিন্তু প্রধানত কার পৌরোহিত্যে এর মধ্যে কী-সেই কল্লান্ত ঘটল যার ফলে 'অ্যাবন্টান্ট' বা নির্বস্তুক শব্দ অধ্যক্ষতা গ্রহণ করল ? তুই যুদ্দের অন্তর্বর্তী-অধিত্যকা এবং সম্ভাব্য অথবা অসম্ভব তৃতীয় আসন্ধ যুদ্ধের সামুদেশে শব্দের ঘনশ্রাম অমুষঙ্গের মহাদেশ রচনা করলেন একজন কবি, জীবনানন। তাঁর ক্বতিত্ব হয়তো একক নয়, যুগযুক্তিবশত সমবায়ী হয়তো-বা। তবু তিনিই পরিপূর্ণ ভাবে আধুনিক মাহুষের নিঃসঙ্গতার দায়িত্ব তুলে নিয়েছিলেন বলে শব্দের সমস্তাকে মৌলিকতম প্রেক্ষিতে দেখা তার পক্ষে দম্ভব হয়েছিল। তার সতীর্থেরা আর স্বাই বেখানে সামাজিক, তিনি অ-সামাজিক (ব্লেক, অথবা ছেল্ডারলীনের মতো) হয়ে সমস্ত অভিত্যের মুখোমুখি দাঁডিয়েছিলেন। একদা ইয়েট্সু একটি ভীষণ গোপন প্রশ্ন উত্থাপন করেছিলেন: 'Why should we honor those who die on the field of battle? A man may show as reckless a courage in entering into the abyss of himself.' জীবনানন্দও নিজের (অর্থাৎ সর্বমানবের) অক্তিত্বের দারুল সেই বিবরে প্রবেশ করেছিলেন যেথানে যেতে গার্গীকে বারণ করেছিলেন ভারতবর্ষের মহর্ষি যাজ্ঞবন্ধ্য। আবার, সেইথান থেকে উত্তর বয়ে নিয়ে এদে তিনি বহিঃস্ত যুদ্ধক্ষেত্রেও বেরিয়ে এদেছিলেন সাতটি তারার তিমির থেকে প্রভাতসংগীতে, মুক্ত-त्रभाकत देवजानित्कत भन्न अनित्रिहित्नन: 'अत्र अख्यूर्य कत्र अन्थ अक्रुश्नाम्य, अत्र ।' वश्वरु, এই निक्षम रय मर्वथा मार्थक रुखिल रम कथा वला गारव ना । अहेकू वला मुख्य. জীবনানন্দ প্রমাণ করে গিয়েছেন আমরা বে-পরিমাণে একা হয়ে উঠি ভত্তধানিট

৩ 'নির্বস্তক' বলতে এথানে কোনো চিত্ররেথাপৃষ্ঠ অনুভূতি অথবা বিবিক্ত অপষ্টতা বোঝাছে না।
চিত্র দেশপরিবেশের আধার এবং কবিভা কালচেতনার নাথায—লেসিং-রচিত এই প্রাচীর ঘূচে গিরে আর্ম্ব
আধুনিক কবিভার বে নির্বস্তকতা উরুত হরেছে তা চিত্রার্শিত। ইমেল বা চিত্রকর ন্যুনতম শব্দের
অরশিতে বে বছিবলর জেলে ধরে তার নিহিত ব্যাব্য, অমোধ শাইতা অন্তর্মুখী। এই অর্থে আরকেরঃ
ব্যার্থ বির্বস্তক শব্দ শ্রুত্র।

বিশ্বজনীন হবে ওঠে আমাদের ভাষা, শব্দের বিবেকণ্ড ততই আত্মদীপ থেকে জলে উঠে লক্ষ দীপের সব্দে অকারণে জলতে থাকে।

এই বিরোধাভাদের ক্ষচিরা তাঁর অজ্ঞ উচ্চারণে পরিকীর্ণ। 'বলাকা'র 'চমকিছে অন্ধন্ধর আলোর ক্রেন্সনে' থেকে 'দাতটি তারার তিমিরে'র 'ইহারা উঠিবে খেগে অফুরস্ত রৌদ্রের তিমিরে' আপাতবিরোধের গভীরে আরো এগিয়েছে, দন্দেহ নেই । আধুনিক পাঠককে চকিত করে জীবনানন্দ যথন বলে ওঠেন, 'তোমার নিশিত নারিম্থে, জান কি অন্তর্ধামী!' অথবা 'গিয়েছিলে অনেক দূরে স্থির বিষয়ের দিকে', দন্দেহ থাকে না পাঠককে তিনি আমন্ত্রণ করছেন তাঁর আভিপ্রায়িক শক্ত্মিতে যেথানে আমাদের বিভিন্নমূখী উত্মম, প্রশ্ন ও অভীপাগুলি মিলিত হয়, একাগ্র বিশেষের অনন্যতার দমগ্র স্বষ্টি অন্তর্ভুক্ত হয়: 'এ জীবনে আমি ঢের শালিথ দেখেছি / তবু সেই তিনজন শালিথ কোথায়।' এবং বিশেষণও হয়ে ওঠে অমূর্ত বিশেষ : 'অকুল স্থপ্রিবন স্থির জলে ছায়া ফেলে এক মাইল শান্তিকল্যাণ হয়ে আছে।'

ভাষা এবং শব্দ এক নয়। ভাষার মধ্যে ধবনি আছে অনেকথানি জারগা জ্ডে। তা না হলে অর্থহীন বৈদিক স্থোভধবনি ওই মর্যাদা পেত না, ব্রজ্বলির মতো আবেগ-নিরন্তিত, ব্যাকরণবিশ্বত ভাষা পেতাম না আমরা। আধুনিক কবিতার শব্দই সমগ্র ভাষাকে কোণার্ককিন্নরীর চিবুকে ক্লোদিত করে তুলে ধরেছে। অনন্ত শ্যের দিক্ষে মালার্মে শাদা কাগজ মেলে রেখেছিলেন, ভাষার ভাষা পরম শব্দকে অভ্যর্থনা করে নেবেন বলে। বাঙলা কবিতার এই মুহুর্তের শব্দৈখণা বিশ্লেষণ করলে দেখব মালার্মের নিরন্ধন সেই শব্দকানে এসে মিলেছে জীবনানন্দের শব্দব্যক্তিত্ব। রাগ-রাগিণীর শিরোভ্রা সমকালীন কবিতার নেই। কিন্তু শব্দকে সাহায্য করবার উদ্দেশে ছন্দের অক্লান্ত সন্ধান চলেছে। রবীশ্রসংগীত এবং অবনীক্রভাষার বৈত মন্ত্রণা এসে কবিতার শব্দক্লকে ভবিয়তে আরো জটিল ফ্লার করবে, আলোক সরকারের এই ভাবিকথন, ইতিমধ্যেই, তাঁর নিজ্বে এবং আরো ক্ষেকজনের মধ্যে আভাসিত হয়ে উঠছে।

পুরাণের প্রোগ

পৃথিবীতে একদিন স্বাভাবিক স্থান্য অতীত শেষ হয়ে গেল। চারণকবিরা অগোচরে অপসত হয়ে গেলেন। অতীতের এই অবকাশ উপলক্ষ্যে হার্ডার বলেছেন, শিল্প এসে নিসর্গকে নির্বাশিত করে দিল যেন; কবিতা লেখা ঠিকই চলতে লাগল, কিন্তু রইল না ভার অভিঘাতের অমোঘতা, যেন ইন্ধুলের ছেলের পরিশোধিত অন্ত্রীকানী হরে দাঁড়াল। কিন্তু সভ্যিই কি অতীত কর্ণনো শেষ হয়ে বাব ? আমরা এই মুকুর্চে বৈ কথা উচ্চারণ করেছি তা এইমাত্র অতীতে পরিণ্ড হল, কিন্তু পর্ববিস্ত হয়ে গেল কি ? প্রকৃতপক্ষে পুরাণের জন্ম পুরাঘটিত এবং বর্তমান মূহুর্তের অবিচ্ছেছ্ছ হছ্যভার। 'পূরণ' কথাটি থেকে 'পুরাণ' কাথাটার মৌল হত্তে মিলবে: যা ঘটে গিয়েছে বা ঘটে গেল ভার সঙ্গে এই মূহুর্তের দূরত্ব মনে মনে পূরণ করতে হবে। স্মৃতির শরীরটিকে নতুনতর ব্যঞ্জনা ও উপকরণে ঋদ্ধ এবং সম্প্রামারিত করে ভোলাই পুরাণের কাজ।

দূরতম যে-বৈজয়ন্তীয়ম ইয়েট্স্ এবং জীবনানন্দের হাতে মান্থবের পুনর্গব ধৌবরাজ্যে পরিণত হয়েছে, তারও একদিন সমস্তা ছিল কিভাবে বিগতকে বর্তমানের সঙ্গে যুক্ত করবে। বাইজেন্টিয়ামে বিরচিত 'দিগেনেস আক্রিতাস'-নামক এপিকে প্রাচীন প্রীক মিলেছিল সঞ্জীব সাম্প্রতিকের সঙ্গে সেমেটিক ও খৃষ্টীয় জীবনভাবনার মেলবন্ধনের অভিমুখিতার।

প্রাগাধুনিক বাঙলা কাব্যে প্রথামন্তর পুচ্ছান্ত্রাহিতা সন্ধেও, মঙ্গলকাব্য ও অন্দিত মহাকাব্যগুলিতে পুরাণের জন্ম স্বাস্থ্যময়তা বিশ্বয়কর। এবং সতেরো-আঠারো শতকের অবন্দয়িষ্ণু পদাবলীতেও ভারতপুরাণের নম্য অন্তুস্ক্র এবং তাস্তব বিস্থাস চোধে পডে।

কিন্তু মিশনারী মনীধীবর্গের আন্তরিক অথবা বাণিজ্যিক প্রাচীপুরাণ-প্রীতি সত্ত্বেও উনিশ শতকের প্রথম মুহূর্তে বাঙলাদেশ স্মৃতিহীন হয়ে গিয়েছিল। এর মর্মান্তিক নজির দাশর্থি রায়ের পাঁচালির আসরে। কোনো নির্দিষ্ট পোরাণিক বিষয়ের অবতারণা করতে গিয়েও মাঝে-মাঝে দাশরথি রায় অক্তমনস্ক শ্রোতৃমণ্ডলীর সম্ভুষ্টি বিধানের জন্ত 'রসপ্রসঙ্গ' বলে একটি কৌতুকী-বিরতিকল্পের উদ্ভাবন করতেন। প্রদক্ষান্তরে চলে যাওয়াটাই ছিল রসপ্রসন্ধ। নানান্ লঘু প্রসন্ধে বিহার করে অবশেষে মূল প্রসন্ধে ফিরে আসার এই বিষয় উত্তম কত টুকু সমর্থনযোগ্য তা নিয়ে মতছৈ ধ হতে পারে। কিন্তু সন্দেহ নেই, সে দিন মূল প্রসন্ধ অর্থাৎ ভারতপুরাণের ঐতিহ্যসন্মানিত প্রতিষ্ঠানটি নির্জীব হয়ে এসেছে। কবিওয়ালারা তাকে নেচেকুঁদে প্রাণময় বলে ঘোষণা করলেও তাতে ভারত-পুরাণের বহি:শরীর অথবা কবিওয়ালার কোনো প্রাণিক ভূমিকা প্রমাণিত হয় নি। মাঝখান থেকে বৈদেশিকভায় ঈষংস্পৃষ্ট অথচ ঐতিহ্যকাভর কবিদের মধ্যেও একটা ঐতিহাসিক বিভ্রান্তির স্পষ্ট হল। প্রথমতম উদাহরণ রক্লাল-সরকারি পরিচয়পত্তে বার বিষয়ে এ রকম লিখিত ছিল যে ওঁর মুখের একদিকে পোড়া দাগ বয়েছে, ছেলেবেলায় কবিওয়ালাদের গান ভনতে গিয়ে প্রদীপের উপর পড়ে গিয়ে পুড়ে গিয়েছিল। বছত, ওই পোড়া দাগ ৰখলাল থেকে শুরু করে অগণ্য কবির কবিতার অসচেতন প্রত্নচর্যার অনপনের চিহ্ন রূপে মুক্তিত ছিল।

মধুস্থান অবশ্রই দেশজ ভাষা-পথ খনন করে পুরার্ত্তকে অমর্বালার প্রতিষ্ঠিত

করলেন। এবং তাঁর নব্য-পুরাণে প্রাচী-প্রতীচীর বৈপ্রবিক সামগ্রন্থ ঘটেছিল। সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্ধর এবং বংশায়চরিত—পুরাণের তথাকথিত এই পঞ্চলক্ষণ তিনিই বোধ হয় সর্বাগ্রে পরিত্যাগ করবার সাহস পেলেন। গাছটাকে বাঁচাতে হলে ভার ভালপালা বারবার ছেঁটে দিতে হবে, এটা মধুস্থদন জানতেন। পুরাণের অদল-বদল তিনি চূডান্থই করেছিলেন বলেই তাঁরই বাধা উত্তরস্বি এ রক্ম বলতে পেরেছিলেন:

পরিশেষে নিবেদন এই যে, সকল বিষয়ে কিংবা সকল স্থানে পৌরাণিক বৃত্তান্তরে অবিকল অনুসরণ করি নাই। দৃষ্টান্তম্বরূপ এ স্থলে কৈলাসের উল্লেখ করিতেছি। পৌরাণিক বৃত্তান্ত অনুসারে কৈলাসের অবস্থিতি হিমালয়ের পর্বতের উপর না করিয়া অন্তর্জ কল্পনা করিয়াছি। ইহার দোষগুণ পাঠকেরা বিবেচনা করিবেন।

দ্বিধাদর্শিত এই বহ্বারম্ভের ফল লঘু ক্রিয়া হলেও এর প্রয়োজন ছিল। কেন না এ কথা ভূললে সত্যের অপলাপ হবে, রবীন্দ্রনাথেরও বিশ্বব সময় লেগেছিল। তাঁর আগেকার 'রাজা'ও অস্ত্য-পর্বের 'রক্তকরবী'র মধ্যে তুলনা করলে দেখা যাবে প্রথমোক্তিতে হিন্দ্বৌদ্ধ পুরাণের প্রয়োগ কী পর্যাপ্ত পরিমাণে অন্থগত এবং বিবেচিত, যেটুকু বলল ঘটিয়েছেন তা-ও স্থশোভন হওয়ার প্রয়োজনে। কিন্ত 'রক্তকরবী'তে রামায়ণের কাহিনীটি প্রতিসরণে বিচ্ছুরিত বলেই এত ইঙ্গিতসঞ্চারী! অথবা আদি-পর্যায়ের 'পরিশোধ'এর সঙ্গে অন্তিমের 'গ্রামা তুলনায়নে যে এত দ্বিমেকবিষম, তারও একটি কারণ পুরাণে পরিবর্তন প্রথমেন সাহদ সংগ্রহের অপেক্ষাকৃত বিলম্বিত লয়। 'বীরাঙ্গনা'-কাব্যের কৈকেয়ীর পাশে আবেদনরত গান্ধারী শুধু বাচংযত নন, নৈর্বাক্তিক নিরপেক্ষতার প্রাক্ত দেবের স্বেশনের সঙ্গে রবীন্দ্রনাথের চরিতমানগের কীর্তিত পার্থকা মেনে নিয়েও শেষোক্ত জনের পুরাণ বিষয়ে আতান্তিক বৈধতা নিথে পাঠকের মনে প্রশ্ন থেকে যায়।

তৎসত্ত্বেও, অস্ত্যপর্ষায়ী কবিতায় পুরারন্তকে তির্ঘক সাবলীলতায় সাচীক্ষত করে রবীন্দ্রনাথ যে মিশ্র রদ এনেছেন তার ছটি উদাহরণ:

 কুহেলি গেল, আকাশে আলো দিল যে পরকাশি ধুর্জটির মুখের পানে পার্বতীর হাসি।

'সাগরিকা', ম**হয়া।**

২ আমি আৰু কোথা আছি, প্ৰবাদে অতিথিশালা মাঝে তব নীল লাবণ্যের বংশীধ্বনি দৃষ্য শৃন্তে বাজে।

'নীলমণিলতা', বনবাণী।

প্রথম চিত্রলেখটি প্রেমের অভিজ্ঞতার মধ্যে চিরায়ত পৌরাণিক একটি অসুষদকে ব্যক্তিআশ্রমী ভবিতে অন্তর্গত করে নিয়েছে। কিন্তু বিতীয়টি নিঃসন্দেহে উত্তার্পতর শুধু
coenesthesia বা দৃশাক ও শ্রুতিকল্লের সামগ্রিক যোগফলই নয়, পুরাণের মৃক্তি

হিসেবেও ওই নিদর্শনটি আধুনিক কার্ব্যের একটি দিক্টিক হয়তো। আত্মপুরাণে কৃষ্ণকাহিনীর ব্যবহার জয়দেবে অষ্ঠ স্টনা পেয়েছিল। তার সমাধা রবীন্দ্রনাথের প্রেম প্রকৃতি এবং মাথুরের দ্রান্থক এই মিতালেখ্যে।

অতঃপর প্রাণকে আত্মপ্রদকে সঙ্কৃচিত বা প্রদারিত করার ক্ষেত্রে কোনো অন্তরায় রইল না। প্রাণ রইল না কাহিনীকখনের পাত্র হয়ে—স্থসান কে ল্যান্সারের ভাষায়—
হয়ে উঠল thematic shift, বা বিষয়বন্ধর থাত-পরিবর্তনের স্ত্র। কিংবা, শ্রীমতী হ্যারিসনের ভাষায় এ রকম বলা যায়, প্রাণ-জন্মিত্রী প্রবণতা (the myth-making instinct) কবিকে স্বাধিকারপ্রমত্ত করে তুলতে সাহায্য করল।

ফলত কবিদের স্বভাব নিজ-নিজ বৈশিষ্ট্য অংশত অতিক্রমণ্ড করেছে। ছটি দৃষ্টাস্ত:

স্থুচে যায় ভয়;
জানি, জানি বিধাতা নির্দয়
কোনও দিন পারিবে না অর্গলিতে সে স্থৃতির ছার;
ইস্তুত্বের প্রব অধিকার
তোমার প্রেমের স্থৃতি রচিয়াছে মোর লাগি যেথা
অয় মহাস্থেতা ॥

'মহাখেতা', অর্কেন্দ্রা। স্থণীন্দ্রনাথ দত্ত।

২ পশ্চাতে ধার মরণ চাঁদের আলো দিগন্ত-ফণা, তুহিন, পাণ্ড্, কালো। বিশ্বরণীর বালুতীর যায় দেখা ? হে বীর অতন্ত্র, নাচিকেত ধন্তু টানো, দেহ-তুর্গের রক্ষায় মোরে আনো— তোমার প্রাক্কত বাহুতে, মহাশ্বেতা॥

'মহাখেত।', চোরাবালি। বিষ্ণুদে।
দেহবিঘোষক স্থাীক্রনাথ দেবীপুরাণের সংস্পর্শে যেথানে দিব্য একটি জ্যোতির্বলয় রচনা
করেছেন, বিষ্ণু দে সেথানে মহাখেতাকে মৃন্নয়ী মুর্তিতে গডেছেন। যেন পুরাণের
জন্ধকারে ত্-জনে কিছুক্ষণের জন্ত চারিত্র-বিনিময় করে নিয়েছেন।

আবার চারিত্রের অভিক্ষেপ ঘটিয়ে ষথেচ্ছ পুরাণ ব্যবহারও এরা করেছেন:

ব্যাধভয়াহত, তাই তো পাহাডে আডাল থোঁজা, প্রদার্পিনার মৃঠিতেও তাই প্রণয়রতি পিতৃসারস ষ্বাতি-শিরার প্রবল গানে।

'ব্যাতি', চোরাবালি।

উপরস্ক, দেববানী-শর্মিষ্ঠার কলহকলাপে
 আমার অবৈতিসিদ্ধি পণ্ড হয়ে থাক বা না থাক,
 অকাল জরায় আমি অবরুদ্ধ নই শুক্রশাপে।

'गगाডি', সংবর্ড।

বিষ্ণু দে-র অপ্রতিরোধ্য আশাবাদে যেখানে পাতালকন্তা প্রদার্পিনা (পের্দিফোনে) এবং জ্বাবিষেধী যযাতির রূপক একই নিশ্বাদে বিশ্বত, স্থণীন্দ্রনাথের আত্মন্থ নির্বেদ সেখানে যযাতি-রূপকটিকে ধারণ করেছে। সম্ভবত 'জেসন' কবিতাটিতে স্থণীন্দ্রনাথের ওই স্থান্থির অথচ অন্থতেঞ্জিত আত্মঅভিক্ষেপ নব্য-পৌরাণিক কবিতার জ্বাকেতন শ্রেভ তুলে ধরেছে।

অবশ্য জীবনানন্দই পুরাণ প্রযোগের ত্রিকালজ্ঞ জাতিমার। তাঁর সেমেটিক এবং ইয়েট্সীয় বিশ্বভৌম সংস্কার (anıma mundi) থেকে আরম্ভ করে আত্মজীবনী-পুরাণের মানবী নাথিকাদের (বনলত। স্থরঞ্জনা-স্বচেতন। স্থদর্শনা-শন্থ্যালা) প্রাক্রপিণী প্রতিমারতের দেবায়নের মধ্য দিয়ে শেষ পর্যন্ত কঠোপনিষৎ সমীক্ষণে এসে পৌছনো একটি বিশ্বপুরাণ পরিক্রমার সংবক্ত দৃষ্টান্ত। 'সংরক্ত' শব্দটি এথানে তীত্র, ও গভীর ভাবে যাপিত জীবনের কেন্দ্র থেকে উৎসারিত মূর্ত অভিজ্ঞানের বিশেষণরূপে ব্যবহৃত হয়েছে। বুদ্ধদেব বস্থর পুরাণ-স্মাক্ষার সঙ্গে তুলনা করলে জীবনানন্দ সম্বন্ধে ওই অভিধার ধাথার্থ্য ব্যক্ত হতে পারে। বুদ্ধদেব স্থরক্ষমা-চিত্রাঙ্গদা-পাঞ্চালীর চরিত্রায়ণে পুরাণকে ব্যক্তিগত করে তুলবার পক্ষপাতী, কিন্তু 'অসম্ভব জৌপদীর অস্তহীন শাডি' বুনে যথন ভিনি দর্শককে মৃগ্ধ করেন, অবচেতনের চক্ষর চাহিদা মেটে ন।। জীবনানন্দ লোকান্তরে সেই অবচেতনাকে আশ্রয় করেন যার সামগ্রিক দাবিতে যৌথ শ্বতি কথনো-কথনো একাস্ত নিজ্য অপ্প্রথাণের তাদনায আলোডিত, দ্রবীভূত ও নতুন ভাবে আকারিত হতে থাকে। নিহিতার্থপ্রয়াশী চিত্রকর ডালি-র ভাষায় এই প্রবণতাকে mythomania বা ষ্দনৃত স্মৃতিবিহার বলা সম্ভব। জীবনানন্দের ক্বতিত্ব, তিনি স্মৃতির সমবেত উত্তরা-ধিকারটিকে বিপর্যন্ত, বিবিক্ত ব্যক্তির মানসিকতায় বিশ্বিত করে আবার এই অনিকেত শতকের মাত্রুষকে চৈতত্তার দার্বজনিক সেই তীর্থের কথা বললেন, দেখানে 'মান্তুষের পটভূমি হয়তো বা শাশ্বত যাত্রীর।'

কিন্তু নিখিলব্যাপী পুরাণ-চেতনার গোপনতম কেন্দ্রে বাংলাদেশের অন্তরন্ধ শামল
শ পুরাবৃত্তই সর্বাধিক সক্রিয় হয়েছে। যথন প্রতীচী থেকে কোনো স্রোত আসে নি,
তথন বাঙলাদেশ ভারতপুরাণকে স্বকীয় অভিকৃতি অমুযায়ী ব্যবহার কলেছিল। মালাধর
ব্যস্ত, বিজ্ঞ মাধব, মুকুন্দরাম প্রভৃতি বিদয় কবি বারংবার ভারতবর্ষ ঘুরে বাঙলা দেশের
আঞ্চলিক প্রস্কেই আপন সীমা পেরেছেন, বলে উঠেছেন: 'প্রামের দেবতা বন্দি

আসর ভিতর' (মৃক্লরাম)। মধুস্দানের 'চতুর্দণপদী কবিতাবলী'তে সেই প্রবশভার নব পর্যায় স্পচিত হয়েছে এবং বিবভিত হয়ে জীবনানন্দের 'রূপদী বাংলা'য় একটি প্রিশ্ব পরিণতি পেয়েছে। আধুনিক কবির চেতনায় সমস্ত ভ্বনপ্রদক্ষিণ একটি সাহ্বেজক প্রতিশ্রুতি: জননী হুগার চারিদিক ঘূরে এসেই গজানন বিনায়কের চরিতার্থ বিশ্ববীক্ষণের মতো। এবং এই দেশের মাতা অথবা মাটিতেই বিশ্বমীর প্রসারিক্ত আঁচল দেখতে অভ্যন্ত কবিরা ক্রমশ ব্যক্তিগত ও আন্তর্জাগতিক পুরাণকে অনায়াসেই নিস্কার্থমী দেশাত্মবোধে রূপান্তরিত করলেন। এই প্রক্রিয়াটি অনিঃশেব বৈচিত্রের গতিশীল। তাই অবক্ষয়ে পাণ্ড্র প্রেমিকের সান্থনা হয়ে যথন রৃষ্টি নেমে আসে— 'রাধার চোথে নামে কিশোর ক্রফ' (অফণক্মার সরকার), সবত্যাগী বৈরাগীর কাছেও এক মৃত্তুর্তে চোথে পডে যায় মানবিক আকর্ষণে মায়াবী মনোহর সংসার, আর, 'হই নয়নের একটি ক্রফ, অন্তটি তার রাধা' (অরবিন্দ গুহু)। আবার পরিণতির পিপাসার নিজের এবং জগতের শৈশবস্থতির ঐশ্র্য সংহবণ কবে নিয়ে প্রেমিকার কাছে ত্বগত প্রেমিক উচ্চারণ করেন: 'আমার সমস্ত ধেয় প্রথম দিনেব মার কাছে ফিরিয়ে দিয়েছি' (আলোক সরকার)।

Mask বা মু খ চছ দ

আধুনিক কবি যে-ম্থছ্ছদ ব্যবহার করেন তার পিছনে বর্ণায় ও জটিল অতীত রযেছে। প্রাকৃপ্রস্তুর গুহামানব একদিন মুখোশ পবে প্রতিদ্বনী জন্তুকে ভয় দেখিয়েছিল। একটি গুহায় দেখা যায পাখির মুখোশ এটে বাইসনকে বর্ণা দিয়ে ছিন্নভিন্ন করেছে, সেই আলেখ্য। কোমলে-কঠিনে মেলানো বিচিত্র এই ভয় দেখানোর পদ্ধতি বিচিত্রতর হল পৃথিবীতে যথন কৃষিযুগ এল, পশুপালনের ছন্দ মাছ্যের করায়ত্ত হল। কিন্তু তথনো অবিজিত নিয়তির সঙ্গে অনেক বোঝাপভা বাকি। কথন বৃষ্টি হবে, শশুক্দে সন্ধর করেবে, কেউ জানে না। তাই দে শুক্দ করে দিল এক্রজালিক আয়োজন, সালীতিক নৃত্যনাট্য। সেই নৃত্যনাট্যও অত্যন্ত জক্দরি হয়ে পভল মুখোশ। এবং আশুর্ব, অধিকাংশ ক্ষেত্রেই সে দিন সরল কৃষক অভিনেতা ব্যবহার করেছিল মৃত পুক্ষধের প্রভাতার প্রতিকৃতি অথবা জন্তুর মুখোশ।

অতংপর কিন্তু মুখোশের উপযোগিতা, অস্তত সাময়িক ভাবে, প্রাহসনিক রূপকল্পের অন্তর্গত হয়ে সভ্য মান্থবের চিত্তবিনোদনে প্রমাণিত হয়েছে। এ দিক থেকে দেখকে mask-শক্টির পূর্বসূত্র:

Maskharat (Arebi:)—maschera (Italian)—masque (maske, रा mask) ।

আর্থ্য উৎসে প্রায় বিদ্যুক, অথবা রকাভিনেতার দৃহ্যব্যঞ্জনা প্রকট হলেও বোড়শ শতকের ইটালিতে তার অর্থ দাঁড়াল মৃথের আব্দ। এরই মধ্যে ঐ কোতৃকী পরিবেশ-রচনার সন্দে-সন্দে ছদ্মবেশের ভাৎপর্যটি যে ইংরেজিতে চলে এসেছিল, লিডগেটের 'mummings by way of disguisings'-প্রভৃতি বিনোদ-ক্থিকার নামেই তার প্রমাণ। এমনি করেই আরব্য 'মস্থরাহ্' একদিন মিন্টনের 'Comus'এ এলে সম্ভ্রাস্থ, শুদ্ধ একটি ভলিতে আশ্রিত হল। যা ছিল হসন্তিকা, হয়ে উঠল শিল্পবীতি।

গবেষণার বিষয়, আধুনিক কবিতায় এই বিমিশ্র উত্তরাধিকার কিভাবে কাজ করেছে। নথাপ্র পর্যন্ত তীব্র সচেতন আধুনিক কবিও মুখোশের পক্ষপাতী। ইয়েচ্নু কি জাপানি নো-নাটক থেকে মুখোশের রহস্ত শিথেছিলেন? নো-নাটকে প্রধানত নায়ক এবং তার সহাত্যগামীদের মধ্যেই মুখোশের ব্যবহার সীমাবদ্ধ। তা থেকে একটা সিদ্ধান্তে আসা কঠিন নয়। মুখোশ-ব্যবহারের সঙ্গে কোথাও একটা ব্যক্তিস্বাতন্ত্রের বোধ রয়ে গেছে। এই স্বাতন্ত্র এক হিসেবে প্রাধান্ত স্কচন। আদিম যুগের মান্ত্র যত অজন্র রকমের মুখোশ ধারণ করেছিল সেগুলি ওই স্বাতন্ত্র্যের প্রাধান্তে উজ্জ্ব। কখনে। প্রতিপক্ষকে বিপর্যন্ত করবার জন্ত রঙচঙে মুখোশ, কখনো-বা নিহত প্রতিপক্ষের চিত্রিত করোটি—হুয়েরই চল ছিল। বিজয়ী এবং বিজিত, পরাক্রান্ত এবং পরাভূত—ফুটি ভূমিকাই মৃত্যুর মুল্যে অসামান্ত, এবং প্রাত্যহিকের গৌণতা থেকে অনেক বড মানের।

আধুনিক কবি বিজয়ী এবং বিজিত, ছটি ভ্মিকাই গ্রহণ করেছেন। স্থনির্বাসিত, প্রবাদী তিনি, পরিপার্শ্বের উপরে তাঁর কোনো দাবিদাওয়া নেই। নিঃশর্ত হয়ে প্রকৃতি অথবা প্রতিপক্ষের মতো পরিপার্শকে যদি তিনি দেখেন—যা আজকের পরিছেম, একাকী নাগরিকের পক্ষে একান্ত স্বাভাবিক—তাঁকে দোষ দেওয়া যায় না। কিছে সমস্রাটি আরো গভীরে গিয়েছে। ইয়েট্পের ভাষায় বলতে গেলে, আধুনিক শিল্পীন্মাত্রকেই মুখছেদ ব্যবহার করতে হবে। কেন না, তিনি সর্বাদীণ এবং ছরহ একটি সত্যবস্থকে খুঁজছেন। এবং সেই সত্যকে পাওয়া যাবে মায়্রবের প্রোথিত চেতনা বা ময়িটেতন্তের গৃঢ়তলচারিতায় নয়, অথবা তার উল্টো অর্থাৎ প্রকাশ্ব ম্থোশেও নয়— দ্রের সংগ্রামে। তাই প্রত্যেক শিল্পীকেই এমন এক-ধরনের মুখোশ পরতে হবে যা তাঁর প্রবণতার আমেক্ষ বিপরীতধর্মী। আত্মলীন শিল্পী এঁটে নেবেন কর্মী-পুরুবের মুখছেদ, আর তা হলেই স্বভাবী আত্মমন্বতাও অভিনীত বহিম্পিতার নাটকীয় টানা-শোড়েনের মধ্য দিয়ে সত্যসন্ধানের প্রক্রিয়াটি জীবস্ত ও বিচিত্রিত হয়ে উঠবে।

প্রাচীন বাঙলা কবিভায় শিল্পীর একটি অপরূপ চ্নাবেশ দেখতে পাওয়া যায়।

সাহিত্যের ইভিহাসে প্রীক নাটকের কাল খেকেই হয়তো মুখোল ব্যবহারের প্রশার কথা বর্ণিত হবে।
 কিন্তু এখালে কবির মুখ্দেল ব্যবহারের নিহিত অনুষক অসুমিত হয়েছে।

বিশেষত বৈষ্ণব পদাবলীতে। কবি তাঁর আক্ষাক্ষারক্তিম অন্মিতাকে যৌথ রূপকে রূপান্তরিত করেছেন। মনে হতে পারে কবি ও পাঠক একই বাসনার অংশীদার। তলিয়ে দেখলে অবশ্র চোথে পডবে, আত্মপ্রকাশে নানা ভাবে নির্দ্ধিত, অথচ সন্তাপ্রবণ কবি সমবায়ী হয়েও অভিজ্ঞাত। অভিজ্ঞাত, কেন না, অ-সনাক্ত।

কিন্ত উনিশ শতকের প্রথমার্ধের কীর্তিমান্ কবিরা সবাই নিজেদের সনাক্ত হতে দিয়েছিলেন এই মনে করে যে তা হলে পরিবেশকে শুধরে নেওয়া যাবে। শিল্পী-সংস্কারক হওয়ার প্রলোভনে তাঁদের শিল্পকাজ ধর্ব ও ক্ল্প হয়েছিল, কিন্তু লোভ সংবরণ অসাধ্য ছিল। বিদ্ধমচন্দ্রে এসে স্বাপ্লিক সংস্কারকের এই আম্পৃহ। অবশ্রমান্ত নিয়তি হয়ে দীডাল। বিশ্বম তাঁর বন্ধুকে লেখা একটি পত্রে এই ট্যাজেডি আশ্চর্ষ ভাবে বর্ণনা করেছেন:

Malicious fortune has made me a sort of Jack of all trades and I can turn up any kind of work, from transcendental metaphysics to verse-making...

অতীন্দ্রিয় পরাতত্ত থেকে আরম্ভ করে কবিতা লেখা পর্যন্ত ব্যাপ্ত সঞ্চারপথে সামাজিক সন্দর্ভও তাঁকে প্রচুর লিখতে হয়েছিল। মধুস্থদন 'বীরান্ধনা' রচনা করে শতাব্দীর কাছে তাঁর দায়িত্ব পালন করেছিলেন। কিন্তু আবেগময় হৃদয়ের উপরে যে-বর্ম তিনি পরেছিলেন, সেটি সমাজচেতনার নয়, গুপদী শিল্পচেতনার। কিন্তু বিহারীলাল ? আবেগসর্বস্থ দিবেয়ানাদ বিহারীলালকেও সহামুভ্তির সারার্থবাধিনী লিখতে হয়েছিল: 'বঙ্গস্থনারী'। বরং তাঁর কাছে শিক্ষার্থী, বৃদ্ধিমান্ অক্ষয়কুমার বডাল যাবতীয় মাত্রাতিরেক সত্তেও—একটি স্রদক্ষ নৈঃসঙ্গের অহমিকাব্যুহ গডে নিয়েছিলেন বলেই লিখতে পেরেছিলেন:

অবস্থার শিখরে উঠিয়া, অবস্থার গহবরে লুটিয়া, বুঝিয়াছি আমি যাহা, তকে কি বুঝাব ভাগ

প্রকৃতির জড়পিণ্ড তুমি—
বুঝাইব কেমনে তোমারে ?
জীবন নহে তো সমভূমি—
দেখিয়া লইবে একেবারে।

অক্ষয়কুমারের সেদিনকার সভীর্থ রবীক্রনাথ তথনো হাদরের উচ্চারণে কিছুটা বেপরোরা ছিলেন। অবশেষে শীলিত আবেগ নিয়ে যথন কবিকর্মে ব্যাপৃত হলেন, তিনি কি এক রক্ষের mask থোঁকেন নি ? কবি ও কর্মীর বিরোধাভাস তিনি অনানাসেই মানিয়ে নিমেছিলেন, অংশত বিগত শতকের ধারারক্ষী হিসেবে, অংশত নৈর্যান্তিক সৌকল্পময়তায়। তাঁর এই বৈতসত্তা প্রায়শই আত্মসাম্যে বিশ্বত হয়েছে। কিন্তু (ছবিতে তাঁর অপারত উৎকাক্ষার কথা না তুলেও বলা যায়), সেই আত্মসাম্য বিচলিতও হয়েছে অনেক বার। শেব মৃহুর্তে যথন বললেন তিনি শুধু কবি, আর-কিছু নন, নিঃসঙ্কোচ একম্থিতা অভিব্যক্ত হল। কিন্তু পুরোপুরি mask ব্যবহার তাঁর পক্ষে কি কথনো সম্ভব ছিল ? শেষের দিকে আতিথেয় শেলিকে সয়য়য় রেখে সংক্ষম কীট্সকেই তিনি গ্রহণ করেছিলেন। নাটকের মুখ্য অভিনেতা হিসেবে সেই মৃহুর্তে নিজেকে কল্পনাও করেছেন। যে কারণে কীট্স্ শেলিকে সহযোগ দিয়েছিলেন সেই রকম শেষ পর্যন্ত শুধুমাত্র মহামানবভাবোধের সম্প্রচারক ঠাউরে রবীন্দ্রনাথের কাছ থেকে ইয়েট্স্ মনে-মনে ইতিপ্রেই বছদ্রে সরে গিয়েছিলেন। কিন্তু শেষ-পর্যায়ের কবিতা দেখলে তাঁর কী ধারণা হত জানি না। শুধু এটুক্ বলা সম্ভব, রবীন্দ্রনাথ বি-মৃহুর্তে নিপুণ মৃথচ্ছদ ব্যবহার করতে শুক্ত করেছিলেন, মৃত্যু তাঁকে ছিনিয়ে নিয়ে গেল।

ববীন্দ্রনাথের কাছে শিক্ষার্থী আধুনিক কবিরা কর্মযোগী রবীন্দ্রনাথকে অগ্রাহ্থ করেছিলেন। কিন্তু তাঁদের বিজ্ঞাপিত সেই অসন্তোষের তরঙ্গ থিতিয়ে এলে দেখা গেল এঁরা অনেকেই কর্মযোগের দর্শনে তাঁদের ভরসা স্থাপন করেছেন। অমিষ্ব চক্রবর্তীর গান্ধীবাদ, স্থধীন্দ্রনাথের চ্ছান্তপন্থী মানবভাবাদ, বিষ্ণু দে বা সমর সেনের কর্মিত মার্ক্ স্বাদ, প্রেমেন্দ্র মিত্রের হুইট্ম্যান-নজকলস্পৃষ্ট মহাযানী গণচর্যা—নিছক থিয়োরির থাতিরে এ সব নিষ্পন্ন হ্যেছিল, এ কথা বলব না। তবু এঁদের কারো ভরকেন্দ্রই ওই রাজনৈতিক-সামাজিক দর্শনপদ্ধতিগুলিতেই, এ কথাও বিশাস্থা নয়। অমিয় চক্রবর্তী মহাত্মা গান্ধী থেকে খ্যালবার্ট শোযাইৎজাব পর্যন্ত পরিক্রমা করেও প্রতীকশোভন আত্মগোপনতায় অভ্যন্ত। স্থীন্দ্রনাথের কবিতার অন্তঃপরীরে তাঁর

ৰ নক্ষনতন্ত্ৰিং আবু সন্থীদ আইযুব মাক্স্বাদের কাব্যিক গ্রোগ নিম্নে প্রশ্ন ভূগেছিলেন: Can a contemporary poet with all the sophistication and scepticism that is not only in his brain but has gone deep into his blood, adopt a detai'ed all-embracing—far too all-embracing—system of thought like Marxism, and make great poetry out of it, as Dante did out of Thomist philosophy? 'Tendencies In Modern Bengali Poetry', Longman's Miscellany 1943. সমস্তাটিকে Mask এর সমস্তার দিক খেকে খেখলে প্রশ্নপ্রকাল নিশ্চর একটা সমাধান পেতেন। 'প্রাকৃত' (naive) কবি ও 'ব্যক্তিপ্রকৃতির' (sentimental) কবির মধ্যে ভকাৎ বোঝাতে গিয়ে শিলার দেখিয়েছেন প্রাকৃত কবি প্রকৃতিসর্বর, ব্যক্তিপ্রকৃতির কবি প্রকৃতিকে ব্যবহার করেন। উপস্থিত প্রসঙ্গে কলা যায়, প্রাচীন কবি যেখানে ধর্ম বা স্থান্ধলিতির আগ্রম নিয়েছেন, আধুনিক কবি উদ্দীপন-বিভাব হিসেবে ব্যবহার করেছেন। এ দিক দিয়ে

অনিকেত বৈরবৃত্ততা অপ্রকট নর। বিষ্ণু দৈ-র মার্ক্সীর মনন এবং একাকিছের বোধ আৰুও কি মকণ বৈরথের শুর ছাড়িরে কবিতাব অবচেতনে স্থানঞ্জন হরেছে? সপ্রতিজ নাগরিকতাই কি সমর সেনের সর্বস্থ নয ? এবং প্রেমেন্দ্র মিত্রের লোকারত জীবনবাদ কি তার রোম্যাণিকতারই ছদ্মবেশী কপডেদ নয ?

প্রকৃত প্রস্তাবের সহজাত রোম্যান্টিকতাকে লুকিয়ে রাখাই একদা আধুনিকতা বলে গৃহীত হয়েছিল। প্রমথ চৌধুরী সেই মক্শো-করা আধুনিকতার রীতিচতুর ধারক ছিলেন। কিন্তু তাঁর আধুনিকতা তথা অ-রোম্যান্টিকতা যে বছলাংশে প্রদর্শিত সে কথা পুনর্বিচারে আজ স্বচ্ছ। তাঁর কবিতাবলীর সচেতন পাঠক আজ লক্ষ্য করবেন যে 'বিশ্লিপ্ত বোধ'এর (dissociation of sensibility) তাগিদে তিনি অগ্রেসর হলেও শেষ পর্যন্ত তাঁর কবিতায় স্বপ্ন ও সত্যেব ম্গলমিলন সংঘটিত। তাঁর অনেকগুলি সনেটে নিকন্দ দীর্ঘশাদ এবং একাধিক ট্রিভলেটে রোম্যান্টিক উৎকণ্ঠা অত্যন্ত স্পষ্ট। তাঁর একটি ট্রিভলেটে একটুখানি প্রার্থনা শ্লেষশ্ব্য:

কত রঙে কত ৰূপ ধরে ছবি যেন কবিকল্পনা। বুক মোর আছে মেঘে ভরে তাহে সথি দাও আল্পনা।

তা হলে কি এমন অন্ন্যান করা সম্ভব হবে, প্রমথ চৌধুরী সংস্কারকের ম্থেশি পরেছিলেন? সে কথা বললে নিশ্চয় অতিকথন হবে। তবু এটা বললে কি অন্তায় হবে, হলয় এবং বৃদ্ধি, ব্যক্তিগত আবেগ এবং ব্যক্তিছের মধ্যে অন্তত দৃশ্তত একটি প্রাচীর তুলে তিনি পরবর্তী কবিদের ছদ্মবেশ পরতে সাহায়্য করেছিলেন? যতীক্রনাথ সেনগুপ্ত কি প্রমথ চৌধুরীরই সাক্ষাৎ অন্ত্রতী নন? এবং বীববলকে যে-পরবর্তীরা অনেক দ্র ছাডিয়ে এসেছিলেন তাঁদের স্বভাবও কি অন্তাত আধারে লুকোনো নয়? বিশ্বসাহিত্যে প্রত্যক্ষ অথবা পরোক্ষ জাতীয়তাবোধের মাধ্যমে ইতিমধ্যে শিল্পীর আত্মগোপনতা ও আত্মপ্রকাশের পথ অবারিত হয়ে গিয়েছিল। ইতিহাসের বিধানে অনতিব্যবধানে পৃথিবীর প্রাচীন একায়বর্তিতা ঘুচে গেলে এক-একটি দেশ নিক্ষতা অর্জনে ব্যস্ত হয়ে পডল। এবং ঐতিহাসিক লক্ষ্য করলেন, দেশপ্রেমিক অথবা স্বদেশবিশ্বত শিল্পীরা আত্মারে কিংবা অন্তাতসারে, স্বদেশীর পুরাণ এবং বিষয়বন্ত অবলম্বন করে এসেছেন, নরওমের ইবসেন, স্ইডিশ ক্ষিণ্ডবর্গ, জর্মন গ্যেটে, রাশিয়ার টলন্টয় কি ট্যুর্গেনিভ—এঁয়া প্রত্যেকই তীর ব্যক্তিশ্বাডয়্রাকে বজার রেথেও শ্বাদেশিকতার গরীয়ান্ পোশাক প্রেছেন। স্বাদেশিকতা ও প্রাভিত্বিকতাকে একসকে অথবা একটির আবর্গকে আবর্গকেটিকে, রক্ষা করার প্রবণ্ণতা পূর্বাক্ষ শিল্পীর পাল্পীর করি

ও কথাশিল্পীদের মধ্যে দেখা গিয়েছিল। এর এপিক প্রমাণ গোক্লচন্দ্র নাগের 'পথিক'। এই উপস্থানে অবচ্ছিন্ন ব্যক্তির কাছে খনেশ-ভাবনা বারংবার এসেছে যা চরিত্রেক্ষ ঐক্যান্তর হয়ে উঠেছে। কিন্তু ব্যক্তি ও খনেশ, কবি ও কর্মীর কোনো অন্তর্লীন বোগন্থত কি কলোলীয় লেখকদের সম্পাত্য ছিল ?

জীবনানন্দেই সেই যোগস্ত স্থাপিত হল। মৃথচ্ছদের ব্যবহারে তিনি কবিকর্মের ভিতর থেকে মনীষান্থিত কর্মযোগের একটি ঈপ্সিত আরতন রচনা করতে পেরেছেন দ জীবনানন্দ ক্রমশই সত্যের কেন্দ্রে ধাবমান হয়েছেন এবং সভ্যতার ভরত্বর সন্ধিক্ষণকে কবিভার অন্তর্ভুক্ত করে নিয়ে একক ও সামাজিক মান্ত্রের ভবিশ্বস্থর্গের ভাবিকথনে আশ্বন্ত হয়েছেন:

সে অনেক শতাব্দীর মনীষীর কাজ, এ বাতাস কি পরম স্থ্করোজ্জন, প্রায় ততোদূর ভালো মানবসমাজ।

সংস্কারকের মুখোশ জীবনানন্দের মুখে চেপে বসে নি। কিন্তু ব্যক্তির ঐশর্যশালী শ্রেদয় থেকে নব্য-পুরাণ রচনা করে তিনি মহাজাতিক একটি সত্যের চেতনায় উপনীত হতে পেরেছিলেন। ঐশ্রজালিকের ক্ষমতাকে বিক্বত না করে তাকে সংস্কারকের ক্ষমতার পরিণত করতে চাওয়া তাঁর অভীপা ছিল। ইয়েট্স বলেছিলেন:

I, that my native scenery might find imaginary inhabitants, halfplanned a new method and a new culture.

বিশ শতকের বাঙলাদেশের শ্রীহীন মুখাবয়বে জীবনানন্দও একটি অপূর্ব মুখচ্ছদ আরোপ করেছেন। সে জন্ম আত্মপুরাণকে নির্মাডাবে সঙ্কুচিত করতে হয় নি তাঁকে। জীবনানন্দ একাকিত্ব এবং ঐতিহ্নকে যে ভাবে মিলিয়ে দিয়েছিলেন, ভারতীয় শ্রেয়োভাবনায় সিঞ্চিত হয়ে তা নিশ্চয় সর্বায়ত একটি ঐক্যময়তা পেয়েছিল। তাঁর কবিতায় ব্যক্তি ও ত্বদেশ একই সঙ্কে মুখচ্ছদ পরে মৃত্যু নামক প্রতিপক্ষের বিরুদ্ধে যুদ্ধ করে বিজয়ীর ভূমিকালিয়েছে।

সাহিত্য পরিভাষা

-রঞ্জিত সিংহ

কোনো বিশেষ জ্ঞান বা বিজ্ঞানের বিষয়কে স্ঞারক্ষম করে তুলবার অভিপ্রামে পরিভাষা সৃষ্টি আবিশ্রিক ঠেকে। 'পরিভাষা'র আভিধানিক অর্থ: বিশেষ অর্থবাধক শব্দ,—যে সব শব্দের সন্ধান সাধারণ অভিধানে নাও মিলতে পারে। যেমন, রসায়ন শাস্ত্রের পরিভাষা 'ক্ষারলবণ ('basic salt'-অর্থে) অভিধানের সারবন্দি শব্দমালার মধ্যে না পাওয়া গেলে বিশ্বিত হ্বার কিছু নেই। কারণ সাধারণজ্ঞানের পরিধিতে ওই শব্দের প্রয়োজনীয়তা থ্ব জক্ষরি নয়। ওই শব্দের আবিশ্রিকার মূল্য বোঝেন একমাত্র রসায়নশাস্ত্রপ্ত। কিছু অধিকারীর কাছে ওই শাস্ত্রের কোনো বিশেষ প্রসন্ধ পৌছে দেবার দায়িত্বেই শাস্ত্রপ্ত ওই জাতীয় শব্দের সহায়তা মেনে নেবেন। অপর পক্ষে পরিভাষার প্রয়োজনে সাধারণ অর্থপ্রধান শব্দও অনেক সময় বিশিষ্ট অর্থেশীনিদিট হয়ে যায়। যেমন, দার্শনিক পরিভাষার 'সামান্ত' ('General'-অর্থে) শব্দ সাধারণ অর্থ স্বল্পতাবোধক। এইখানে বিপত্তির ও স্থি হয়। প্রায়োগিক ('technical'— আর্থে) শাস্ত্রের ত্রহতার অন্তত্ম কারণও এই। এই সব বিপত্তির অবকাশ সত্ত্বেও রাজশেশ্বর বস্তর মতো একজন বছদশী বলেছিলেন, 'মাতৃভাষায় প্রয়োগের উপযুক্ত পারভাষা যতদিন প্রতিষ্ঠালাভ না করবে তত্তদিন বাহন পঙ্গু থাকবে। অতএব বাঙলা পরিভাষার প্রতিষ্ঠা অত্যাবশ্চক।'

দাহিত্যপাঠের অধিকারীভেদ সম্পর্কে সব দেশেই বছ পরস্পরবিরোধী মন্তব্য জ্বমা হয়ে উঠেছে। তব্ 'রসিক' ও 'রসজ্ঞ'—এই ত্ই শব্দব্যের নিহিত স্ক্র প্রভেদ সম্পর্কে আজ হয়তো অনেকেই অবহিত। প্রথমজনের রসাঝাদন যেখানে নির্বাচন-নিরপেক্ষ, বিতীয়জনের রসগ্রহণে নির্বাচনই একমাত্র পদ্বা। ফলে সাহিত্যের স্কারসমস্তাকে '('communication problem'-অর্থে) কেন্দ্র করে সাহিত্যের মূল শাখাপ্রশাখার পাশাপাশি উপধারার ('sub-section'-অর্থে) মতো সমালোচনা সাহিত্য জন্ম নিয়েছে আারিস্টটলের আমল থেকে। বাঙলা সমালোচনার বয়সকালও ব্যব্ধ নয়—ঈশ্বরগুপ্তের রচনায় তার আদিরূপ পাওয়া যায়। এই বিষয়ের বিনি অধিকারী এবং এই বিষয় উপলব্ধির জন্ম খার মানসিক ক্ষেত্র প্রজ্ঞত বা যিনি প্রস্তুত্ত করতে আগ্রহী তাঁদের ত্রশানের মধ্যে ভাবনা আদানপ্রদানের সহায়ক হিসেবেই এই উপসাহিত্যের উৎপত্তি। যদিও সাহিত্যের রসাঝাদ শুধুমাত্র উপলব্ধিযোগেই গ্রহণীয়, তর্ সেই সাহিত্যাংকর্ষেধ

উপলব্ধিকে পৌছে দিয়ে অপরের কচিকে আরো শিক্ষিত করে তুলবার দায়দায়িত্ব কোনো ব্যক্তির উপর বর্তালে তাঁকে যুক্তিগ্রাহ্ম, বিশ্লেষণধর্মী ভাষায় বিষয়টির উপস্থাপনা করতে হয়। এ কাজে সেই বিশেষ অর্থবাধক শব্দের বিশেষ প্রয়োজন। অর্থাৎ পরিভাষা।

উদাহরণের সাহায্যে কথাটি বিশদ করা যেতে পারে---

"When lovely woman stoops to folly and Paces about her room again, alone, She smoothes her hair with automatic hand And puts a record on the gramophone."

'The Wast Land'-কাব্যমালার উদ্ধৃত অংশের পর্বালোচনা স্ত্রে সমালোচক হ্রতো এই ভাবে বিশ্লেষণ করতে পারেন: এথানে যে চরিত্রের উপস্থাপনা ক্রা হয়েছে এবং তার ঘারা যে ঘটনাটি সংঘটিত হল, 'The Waste Land'-কাব্যমালার আছস্তে সে চরিত্র বা ঘটনার উৎস ও পরিণতির পারম্পর্য ক্ষিত হয় নি। এই পংক্তি-চতুইয়ের আগে ও পরে যে সব ঘটনার উল্লেখ আছে তা বিচ্ছিন্ন হয়েও যে কারণে অথও রসসত্তা ('organic whole'-অর্থে), তার মূলে রয়েছে কবির অহুভূতিপুঞ্জের ঐক্যবোধ যায় পারবশ্যে বিচ্ছিন্ন বিষয় পরম্পরসম্বন্ধমুক্ত হয়ে যায়। এই জাতীয় বিশ্লেষণের কাঞ্চে সমালোচক যে ত্রহতার আশ্রম নেন তা ওই পরিভাষা ব্যবহারের কারণেই। ইংরেজিতে যে যে কাব্যলক্ষণকে এলিয়টী পরিভাষায় 'dissociation of sensibility', 'unified sensibility', 'objective correlative', বা 'speech rhythm' বলা হয়, বাঙলা ভাষাভাষীর কাছে সেই সেই ধারণাগুলি যথাক্রমে 'বিভক্ত বোধ', 'অহুভূতিপুঞ্জের ঐক্যবোধ', 'পরস্পরসম্বন্ধমুক্ত বিষয়াশ্রম', 'কথাছন্দ' বা ওই জাতীয় কোনো নতুন শক্ষে পরিভাষিত করতে লক্ষ্য করা গেছে।

ক্ষণীন্দ্রনাথ দত্ত ও বৃদ্ধদেব বহুর আগে বাঙলা সাহিত্য-সমালোচনা ঠিক বিশেষ জ্ঞান বা বিজ্ঞান অর্থে সম্ভবত গৃহীত হয় নি। রবীন্দ্রনাথ ও প্রমথ চৌধুরীর কথা মনে রেথেও এ মন্তব্য করা চলে। পক্ষান্তরে আলোচ্য মন্তব্যের অন্থলিদ্ধান্ত ('corollary'-অর্থে) হিসেবেই বলা যায়, 'আধুনিক কাব্য' ('সাহিত্যের পথে' প্রবন্ধগ্রের অন্তর্ভূত)-প্রবন্ধটিতে রবীন্দ্রনাথ রসবিশ্লেষণের দায়িত্ব নিয়েছিলেন বলেই তাঁর 'বিহারীলাল' বা 'মেঘদ্ত'-বিষয়ক প্রবন্ধাদি থেকে মর্জি ও রীতিগত ('style'-অর্থে) ভাবে তা সম্পূর্ণ পৃথক্। এখানে রবীন্দ্রনাথ অনেক বেশি যুক্তিনিষ্ঠ। ফলে এ রচনার ভাষাতেও পারিভাষিকতার স্পর্শ লেগেছে। রসবিশ্লেষণের দায়িত্বেই রবীন্দ্রনাথকে এই সময় বছ শব্দ তৈরি করতে হয়েছে। সেমন, 'impersonal'-অর্থে নৈর্যাক্তিক, 'aesthetics'-অর্থে নন্দ্রভন্ধ, 'freeverse'-অর্থে মৃক্তাক্ষণ, 'prose rhythm'-অর্থে গন্ধ-চন্দ, 'abstract'-অর্থে নির্বন্ধক,

'active'-অর্থে সকারী, 'passive'-অর্থে অকারী', 'anarchy'-অর্থে, নৈরাজ্য, 'compulsory'-অর্থে আবশ্রিক। এর সব করটি শব্দ উপরে উল্লেখিভ প্রবন্ধভক্ত নর। তবে মোটামটি ওই সময় থেকেই সাহিত্যের আদর্শ ও পদ্ধতি সম্পর্কে বলতে গিয়ে উপমা-উৎপ্রেক্ষার কাব্যময় গভ ছেডে, যুক্তিপ্রধান গভের আশ্রয় নিতে হর তাঁকে। এমন কি 'artificer' শব্দের বাঙলা পরিভাষা 'কপকার' আঞ্চকাল বছব্যবহৃত বটে, কিন্তু এই শব্দটিও যে ববীক্র-ক্বত সে কথা আমরা করজন জানি ? তানপ্রধান ছন্দের লক্ষণ বোঝাতে গিয়ে, ডাঃ অমুল্যধন মুখোপাধ্যায় যখন তানপ্রধানের 'স্থিতিস্থাপকতা' গুণের দিকে আমাদের শ্রুতিকে আকর্ষণ করেন, তথন হযতো ওই বিশেষ পরিভাষার আবিষ্কৃতা রবীন্দ্রনাথকে, 'elasticity'-আর্থ যিনি শব্দটি প্রথম ব্যবহার করেছিলেন তাঁকে মনে রাথি ন।। যাই হোক এ কথা স্বীকার্য, বিশেষ জ্ঞানের সংক্ষেপার্থ-শব্দ ভাবতে গিয়ে আন্তরিক কারণে নয়, পরশৈপদী ভাবনায় লেখক অনেক সময় তুরুহ হয়ে ওঠেন। রসজ্ঞান রস্পিপাত্মর মনে সঞ্চারের দায়িত্ব আছে বলেই শব্দ তৈরি ছাডা সমালোচকের গত্যম্বর নেই। রস্বিশ্লেষণধর্মী সাহিত্যের নিকটতম পরিভাষার ব্যবহারই স্থাীস্ত্রনাথ-লিখিত সমালোচনা ত্রহ মনে হওয়ার অন্তম কারণ। ফলে 'art for art's sake'-অর্থে স্থান্তনাথ যথন 'কলাকৈবলাবাদ' শক্টি ব্যবহার করেন বা হর্বট রীড -কথিত 'personality' বা 'character' এই শব্দ্বহকে যথন যথাক্রমে 'ব্যক্তিম্বরূপ' ও 'বাক্তিস্বাতস্ত্রা—এই চুই শব্দে অমুবাদ করার চেষ্টা করেন—তথন অনভ্যন্ত পাঠক নিশ্চয়ই দ্বিধাকম্পিত। অথবা স্থীন্দ্রনাথ যথন বলেন 'গ্রুপদী চঙ বর্তমান কাব্যের ছুলবেশমাত্র', তথন তা ভুধু পরিভাষার ব্যবহারের ফলেই অন্ধিকারী বা অনভ্যন্ত পাঠকের কাচে তুরুহ। 'Classical'-অর্থে গ্রুপদী শব্দের প্রযোগ জানা থাকলে এই পংক্তির সেই তুরুহতাটুকুও কেটে যায়। রসবিশ্লেষণের থাতিরেই 'ımage' শব্দের পরিভাষা নিয়ে স্থধীক্রনাথকে ভাবিত হতে হয়েছিল। এই ভাবনার যিনি সহোদর, স্থীন্দ্রনাথ-ব্যবহৃত 'চিত্রকল্ল' শব্দেব নিহিত অর্থ তার মনে নিশ্চমই এসে পৌছবে। চিত্রকর চিত্র নয়। উপমা বা উৎপ্রেক্ষার মতো তুলনীয় বিষয়-বিষয়ীর ভেদরেখা সেখানে অমুপস্থিত। ভধুমাত্র 'বাক্প্রতিমা' বলগে শব্দনির্মিত চিত্র বা মূর্তি—এই ধারণা মনে আসে। কিন্তু 'চিত্রকল্ল' শব্দের বাঞ্চনা চিত্রের বাইরে এবং চিত্রের গভীরে। বিভিন্ন অমুপুঝ্লনমেত সংহত কল্পনা বা ভাবনাবলয় যথন চিত্রমূথে দেখা দেয়, চিত্রকল্পের জন্মলগ্ন তথনই। এই দব কারণে স্থীজনাথ যথন বলেন, ' স্থপ্রান্ত প্রতীকের মন্ডোই, উৎক্ট কবিতার চিত্রকল্প হল্বসমাদের প্রত্যক্ষ সাক্ষ্য'—তথন এই শব্দটির প্রয়োগগত বিশেষ উপযুক্ততা ধরা পড়ে। ফলে যখন 'symbolic' শব্দের বাঙলা পরিভাষার , প্রয়োজন ঘটল তথন বাঙলা শফকোষে ইতিপূর্বে গৃহীত 'প্রতীক' শব্দটকে একটু বেঁকিয়ে-

চরিয়ে স্থীজনাথ বললেন—'ফরাদী প্রতীকীরা য়েটস-এর থেকে পৃথক।' কীটুস্ক্থিত 'negative capability'র বাঙলা পরিভাষা স্থীক্রনাথ দন্তই প্রথম উদ্ভাবন করেন— 'নৈরাত্মাসিদ্ধি'। অবশ্য একমন সাম্প্রতিক সমালোচককে ওই শক্ষটি 'অনির্দেশী বিভৃতি —এই গ্রহণযোগ্য পরিভাষায় ব্যক্ত করতে দেখেছি। অমুরূপ স্বত:দিদ্ধ বাক্য 'poetry is written with words' বাঙলা ভাষায় 'কাব্য শব্দোপায়ী'-এই শব্দবন্ধে পরিভাষিত করেছিলেন বুরুদেব বহু। বুরুদেব-ব্যবহৃত 'vision'-আর্থ প্রাদৃষ্টি েএকজন সাম্প্রতিক সমালোচক 'vision'-অর্থে 'বীক্ষা' এই উল্লেখ্য পরিভাষাটি ব্যবহার করেছেন), 'temporary suspension of disbelief'-অর্থে তংকালীন নান্তিক্যলোপ, 'interpretation'-অর্থে অন্তরাখ্যান, 'jargon'-অর্থে সন্ধা ভাষা, 'versification'-অর্থে প্রত্তীকরণ, 'technique'-অর্থ প্রকরণ, 'lyricism'-অর্থে গীতলতা, 'confused'-অর্থে 'বিপ্রকাপিড'—নিশ্চয়ই স্থীন্দ্রনাথ-ব্যবহৃত 'catharsis'-অর্থে চিত্তত্তব্ধি, 'content'-অর্থে 'আধের', 'conventional'-অর্থে প্রথাসিদ্ধ, 'elemental'-অর্থে তন্মাত্রিক, শন্ধাবলির মতোই অমোঘ অথচ তুরুহ। 'Imagination' শন্ধের বাঙলা পরিভাষা 'কল্পনা' আমাদের শব্দকোষে গৃহীত শব্দ বটে কিন্তু বুদ্ধদেব-কৃত 'আকল্পনা' শব্দের পূর্বে 'fancy' এই পরিভাষাকে বাঙলায রূপ দেওয়া হয় নি। এই শাম্বের বিজ্ঞানীর কাছে যে কারণে এই শন্ধাবলি অমোঘ, একই কারণে এই শাম্বের বহির্ভূত জনসমুদ্রের কাছে এই দব শব্দ তুরহ। তাই 'inscape'-অর্থে অন্তঃস্থমা, 'instress'-অর্থে অন্তঃস্পন্দ, 'counter rhythm'-অর্থে প্রতিম্পালন (হপ কিসাক্ত এই তিনটি শব্দ সমালোচনার জগতে স্বীকৃত ও গৃহীত), 'assonance'-অর্থে স্বরদংগতি বা স্বরাম্প্রাস, 'dissonance' জর্থে স্বরবিরোধ, 'auditory imagination'-অর্থে শ্রুতিকল্পনা বা 'visual imagination'-অর্থে চিত্তকল্পনা, 'objective poet'-অর্থ নৈরাব্যাপন্থী কবি, 'dramatic poetry'-অর্থে নাট্যগুণ্ধর্মী কবিতা, 'dynamic classicism'-অর্থে গতিম্ম নৈরাস্মাতা-ইজ্যাদি পরিভাষা যদি আজকের রসসন্ধানী ব্যবহার করেন তবে তাঁর ত্বছভা বাঙলায় বসবিশ্লেষণের উপায়ামুদ্রানেরই ফল। এই প্রয়াসকে নিরুৎসাহ করলে হয়তো এই বিজ্ঞানের সম্ভাব্যতাকে ('probability'-অর্থে বুদ্ধদেব কর্তৃক ব্যবহৃত) অঙ্কুরে বিনষ্ট -করা হবে।

বাঙলা সমালোচনায় ইতিপূর্বে প্রন্থাবিত বা গৃহীত পরিভাষার একটি ছোট তালিক।
'লেওয়া গেল, যে শব্দগুলি সমালোচকের নিত্য ও অবশু প্রয়োজনীয় মনে হতে পারে ।
'র্ছিথা, 'Abnormal'-অর্থে অস্বভাবী, 'Abnormality'-অর্থে অস্বভাবিতা, 'Absolute'
প্রম, 'The Absolute'-অর্থে কৈবল্য বা নিরপেন্দ, 'Academic' প্রাভিগনিক,
'Accessory' আয়ুব্দিক বা সংযোগী, 'Accident' আপতন, 'Accidental' আশতিক,

'Accuracy' वाथायथा वा वाषाज्या, 'Achievement' व्यवमान, 'Acquirement' বাংপতি, 'Actual' প্রাকৃত, 'Adequate' মুণাযোগ্য বা মুখোচিত, 'Aesthetic' নান্দনিক, 'Allegory' রূপক, 'Allegorical' রূপকী, 'Ambiguous' ছার্থক, 'Ambition' অভীপ্দা, 'Appraisal' মৃল্যায়ন, 'Artistic treatment' শিল্প স্থপায়ন, 'Assimilation' আত্তীকরণ, 'Association' ভাবামুৰক, 'Authority' প্রামাণ্য, 'Autobiographical' আত্মজৈবনিক, 'Average' গডপড়তা, 'Axiom' স্বতঃসিদ্ধ, 'Balance' ভারদাম্য, 'Catastrophe' দর্বনাশী দ্যাপ্তি, 'Certitude' প্রমিতি, 'Chiaroscuro' আলো-আধারি, 'Chorus'-অর্থে বৈতালিক, 'Clarity' প্রাঞ্জনতা, 'Cliche' ধরতাই বুলি, 'Climax' পরমলক্ষা বা শিধরদন্ধি, 'Combination' সন্নিপাত, 'Complex' বছলাল, 'Conflict' সংঘর্ষ বা সংঘট্ট, 'Stream of Consciousness' চেতনাম্রোত, 'Construction' নিমিতি বা বাক্যবন্ধ, 'Self-contradictory' মতোবিরোধী, 'Canviction' নিশ্চিতি বা প্রতীতি, Co-ordination সমিবেশন, 'Coterie' দল বা গোষ্ঠা, 'Criticism of life' জীবনভায়, 'Criterion' নিক্ৰ. 'Cultivation' প্রকর্ষণ, 'Cynic' শুভনান্তিক, 'Cynicism' শুভনান্তিকা, 'Decadence' অবক্ষয়, 'Degree' মাত্রা, 'Denouement' গ্রন্থিমোচন, 'Destructive' বৈনাশিক, 'Detachment' নিলিপ্তি, 'Dimension' আগতন, 'Divine Discontent' ঐশী অতৃপ্তি, 'Emotion recollected in tranquillity' নিম্ভাপ স্মৃতির অত্র রোমস্থন, 'Erotic' কামোদ, 'Esoteric' গোষ্ঠীগত, 'Essence' দারাৎদার, 'Extreme' প্রান্তিক, 'Extrovert' বহিম্'খ, 'Introvert' অন্তম্'খ, 'Fallacy' হেখাভাপ, 'Flexibility' নমনায়তা, 'Genre' জাতি, 'Harmony' স্বরসঙ্গতি, 'Hypothesis' অমুমিতি বা উপপত্তি, 'Illusion প্রতিভাস, 'Immediate অব্যবহিত, 'Incidental' প্রাসন্ধিক, 'Incompatible' বিদংবাদী, 'Incongruous' বিদংগত, 'Inconsistent' শ্ববিবাদী, 'Individuality' প্রাতিশ্বিকতা, 'Insular' দ্বৈপায়ন', 'Integrity' অবৈকল্য, 'Integrated' অবিকল, 'Intellect' মনীয়া, 'Interesting' ঔংস্কাকর 'Introspection' অমুব্যবসায়, 'Introspective' অমুব্যবসায়ী, 'Legitimate' বৈশু, 'Folk-literature' লোকদাহিত্য, 'Court Literature' সভা বা দরবারি দাহিত্য, 'Local colour' স্থানবৰ্ণিমা, 'Mannerism' বা মুজাদোৰ, 'Mature' রস্থন, 'Maturity' রসঘনতা, 'Inherent Meaning' শ্বদার্থ, 'Adherent Meaning' कार्यार्थ, 'Mediocrity' याधायिकजा, 'Medium' अभागी वा वाहन वा याधाय, 'Melodrama' অভিনাট্য, 'Mentality' চিত্তবৃত্তি, 'Mixed Metaphor' উপমা-সংকর, 'Immoral' ছুর্নিভিক, 'Amoral' অনৈভিক, 'Mystic' মরমী, 'Narrative

Poem' কাহিনী-কবিতা, 'Naive' গ্রাম্যবরল, 'Norm' মূলরূপ, 'Observation নিরীকা, 'Passion' সংবাগ, 'Passionate' সংবক্ত, 'Pathetic fallacy' জীবজড-ভেদ, 'Pattern' দ্বপকল, 'Thought Pattern' চিম্বাকল, 'Pedantic' বিপণ্ডিতী বা নকল পণ্ডিতী, 'Pictorial Quality' চিত্রলতা, 'Pioneer' প্রবর্তক বা নিয়ামক. 'Plagiarism' কৃত্তিলকতা, 'The Plastic Art' ন্ম্যকলা, 'Platitude' চবিতচৰ্বণ, 'Platonic' প্লাতনিক, 'Poetic' কাব্যাস্থা, 'Poetic diction' প্লাম্থ্য, 'Posterity' মহাকাল, 'Practical' কাবিধিত্রী, 'Theoretical ভাবিধিত্রী, 'Precision' যাথার্থ্য, 'Prophet ভাবিকথক বা প্রবক্তা, Proportion' সমাত্রপাত, 'Proportionate' সমান্ত্রপাতিক, 'Well-proportioned' হ্রষ্ম, 'Sense of Proportion' মাত্রাজ্ঞান, 'Punctuation' বিরামচিক, 'Realism' বস্তুতম বা বস্তুবাদ, 'Objective' তন্ময়, 'Subjective' মন্মৰ, 'Reflection' প্রতিবিম্বন, 'Religious' পাবত্তিক, Retrospection' অমুচিন্তা, 'Sensual' ইন্দ্রিয়পবায়ণতা, 'Sensuous' ইন্দ্রিয়ামুগত, 'Serious Writer' তন্ত্ৰিষ্ঠ লেখক, 'High Seriousness' পৱানিষ্ঠা, 'Sequence' পারম্পার, 'Significance' ব্যঞ্জনা, 'Sketchy' ঈষদ্ধিত, 'Skill' নৈপুণ্য, 'Slang' অপভাষা, 'Standard' প্রাদর্শ, 'Still life' জড্চিত্র, 'Style' ব্লীতি, 'Substitute' প্রতিকল্প, 'Sur-realist' অতিবান্তব্যাদী, 'Sympathetic' অন্তকপানী, 'Synonymous', সমার্থক, 'Tendency' বৌক বা উন্মুখতা, 'Tradition' ঐতিহ্য 'Transcendental' অতিগ বা লোকোত্তর, 'Texture' বিজ্ঞান বা ব্যনকাক, 'Tautology' অমুলাপ. 'Dramatic Monologue' নাটকীয মনোকথন, 'Monodrama' মনোনাট্য।

বাঙলা সমালোচনার পবিভাষাব পরিমণ্ডল স্পাষ্টিতে ববীন্দ্রনাথ পথিকতের সম্মান পেলেও এ কাজে প্রধান অংশ গ্রহণ করেন স্থীন্দ্রনাথ দত্ত ও বৃদ্ধদেব বস্ত । রবীন্দ্র ও রবীন্দ্র-পূর্ববর্তীদের সংশ্লেষণী ('Synthesis'-অর্থে) সমালোচনা থেকে হুধীন্দ্রনাথ ও বৃদ্ধদেব বস্থর বিশ্লেষণী ('analysis'-অর্থে) সমালোচনা নিছক রসাম্বাদ থেকে বিশেষজ্ঞানের দিকে যাত্রা, জ্ঞান থেকে বিজ্ঞানেব অধিক্ষেত্রে প্রবেশ। এই বিজ্ঞানের পরিপৃষ্টির জন্মই বিশিষ্ট শব্দাবণির প্রবেশন্তর এবং এর শ্রীর্দ্ধিকক্ষেই এই বিশিষ্ট সংক্ষোর্থ-শব্দ বা পরিভাষা আঞ্চ ক্রমণবর্ধিষ্ট্ শব্দভাণ্ডারে রপাস্তর লাভ করেছে। এর মধ্যে যভটুকু ত্রহতা তা এই শব্দাবলির সঙ্গে ওধু পাঠকের পরিচয়্মেছ্যার শ্রমেই ধীরে ধীরে কেটে যাবে। কিন্তু এই আবিক্ষিয়ার অমোঘতার অবস্থান পাঠকের ক্ষমেণ্ডান্তির গভীর পরাদৃষ্টির মধ্যে।

षाधूनिक वाख्ला कविञा : षञ्चवामहरूनी

অরুপকুমার ঘোষ

মার্কিন কবি শিরোম ণির বার্ট ফ্রন্ট কবি তার সংজ্ঞার্থ দিতে গিয়ে জানিমে-ছিলেন: কবিতা হচ্ছে, 'হোয়াট গেট্ল লেফ্ট আউট্ ইন্ ট্রান্সেন্ন'। এই নেতিভাবক বিরতি থেকে জানিবার্য ভাবেই নিশ্পাদিত হয় এই জয়ধাবন য়ে, কবিতার জয়বাদ অসম্ভব। বস্তুত ছটি ভিন্দেশী ভাষার মধ্যে, সাধারণত সামাজিক-সাংস্কৃতিক ভিত্তিগত ও ভাষার নিজস্ম রূপগত—এ ছ প্রকারের বৈষম্য এক ভাষা থেকে আর এক ভাষায় অয়বাদের ক্ষেত্রে, এক ছর্লজ্যা সমস্ভার প্রাচীর খাডা করে। কিন্তু তবু কবিতার জয়বাদ হয়েই চলে, প্রায়শই একই কবিতার বিভিন্ন অয়বাদ একই ভাষায়, এবং অয়বাদ বিনীত ভাবে প্রচুর সময়, শ্রম, অভিনিবেশ নিয়োগ করেন কত স্বষ্টিশীল ধ্যানী কবি, বিদয়্ব সাহিত্যপ্রেমী। ফলত কাব্যায়বাদের বিক্লমে ধারালো সব যুক্তি উপস্থিত করা গেলেও শেষ পর্যন্ত তার তাৎপর্য ও উপযোগিতা স্বীকার করে নিতেই হয়। একটি ভাষার কবিতার নই স্বাস্থ্য প্রক্ষমার বা রক্তায়তা দ্রীকরণে বিশেষ ভাবেই কার্যকর হতে পারে ওই ভাষায় ভিন্ন ভাষার কবিতা-অয়বাদের প্রচেষ্টা। এর ফলে তাতে সংযোজিত হতে পারে ভাব ও ভাবনার নতুন পদ্ধতি, বৃদ্ধি পেতে পারে তার কপকল্লের ঐশ্বয ও উপস্থাপনের সামর্থ্য। আর অয়্বাদক নিজে কবি হলে তার কবিতার-প্রসন্ত ও প্রকরণ-সম্পর্কিত অভিজ্ঞতা ও বোধের ঋদিসাধনেও ওই প্রয়াস বিশেষ সহায়ক হতে পারে।

অম্বাদকের কাছ থেকে এটাই প্রত্যাশিত যে, স্প্টের স্বাধীনতা ও মূলের প্রতি বিশ্বস্তা, এই আপাত-বিপ্রতীপ দাযকে তিনি একই বিদ্যুতে মেলাতে চেটা করবেন। এ ব্যাপারে কোনো একটির প্রতি অভিশ্বিত উন্মুখতা তাঁর থাকবে না। স্বাবীনতার যথেচ্ছ অপব্যবহারে যেমন তিনি একেবারে বিক্বত করবেন না মূলকে, তেমনি আক্ষরিক অমুবাদ নামক আলেয়ার বিভ্রমেও পথ হারিয়ে ফেলবেন না তিনি। বস্তুত আক্ষরিক অমুবাদ মূল কবিতার সামগ্রিক তাৎপর্যকে কথনোই ছুঁতে পারে না। বোদলেয়ারের Tableaux parisiens-এর অমুবাদের পরিচায়নস্ত্রে অমুবাদকের কর্তব্য সম্পর্কে বলতে গিয়ে একটি বিদ্যুৎ-চকিত সগর্ভ উক্তি করেছিলেন ওয়াল্টার বেঞ্জামিন : 'সমস্ত মহৎ রচনাই তাদের পঙ্কিগুলির ফাঁকে ফাঁকে তাদের সম্ভাবা অমুবাদকে কিছুটা ধরে স্বাধে।'

>. नि छान्द अरु नि द्वान्द्राष्ट्रत, हेन्सितननन्त ।

কিছ, মূল কবিতার ভাববন্ধ ও রূপশিরের অনন্ত আত্মাদ ও কবির বিশিষ্ট মেগালটি আভাসিত করে তুলে, অহুবাছ সৃষ্টির প্রতি যথাসম্ভব আহুগত্য রক্ষা এবং অহুবাদের শ্বডন্ত্র কাব্যগৌরব সম্পর্কে সচেতনভা—অত্মবাদকের অম্বিষ্ট হিসেবে এই বিমুখী প্রবণভার সমপ্রাধান্তকে তত্ত্বে ক্ষেত্রে না হয় স্বীকার করে নেওয়া গেল, এমন কি এ কথাও কবুল করা গেল যে জ্ঞানত, অমুবাদের সততা এবং কবিতা হিসেবে তার উপভোগ্যতা তথা শিল্পসাফল্য, এ হয়ের কোনোটিকেই ছাডতে চাইবেন না অমুবাদক, যেহেতু এ ছ দিককে মেলানোর অসাধ্যসাধনের রোমাঞ্চ তাঁকে প্রবলভাবে টানে অমুবাদের কাঙ্গে. কার্যক্ষেত্রে এ হু দিক সমান ভাবে বাঁচিয়ে সত্যিই কি চলতে পারেন তিনি ? অমুবাদটি প্ততে গিয়ে সঞ্জাগ পাঠকের অনিবার্যভাবে কি মনে হবে না যে অমুবাদকের অভিনিবেশ বা দক্ষতার পাল্লা এক দিকে অস্তত একটুও ঝুঁকে পডেছে ? এ কথাও কি ্বলা যায় না যে, অন্তবাদক নিজে কবি হলে অন্তবাদে তাঁর স্বতন্ত্র কবিবাক্তিত্ব প্রকাশ পাবেই এবং দেই স্ত্ত্তেই দেখা দেবে তাঁর অম্বাদটিকে স্বতম্ব কবিতারূপে চরিতার্থ ক'রে তোলার দিকে অধিক নিবিষ্টতা ? আর কাব্যাস্থবাদে স্বচেয়ে সার্থকভাবে ব্রতী তো একজন কবিই হতে পারেন। 'এনকাউণ্টার' পত্তে তিনজন দাহিত্যপদ্ধিৎস্থর র'্যাবোর কাব্যামুবাদসম্বদ্ধীয় চিঠির উত্তর দিতে গিয়ে, প্রবল আত্মবিশ্বাদ নিয়ে জানিয়েছিলেন রবার্ট লোয়েল: 'কেউ নিজে কবি না হলে তাঁর পক্ষে অপর ভাষার কবিতাকে নিজের ভাষায় কবিতা করে ভোলা সম্ভব নয়।' কাব্যাম্ববাদে সিদ্ধিলাভ করতে হলে, প্রধোজন বিনীত ধৈৰ্য ও শ্ৰমনালতা, তন্নিষ্ঠ অভিনিবেশ, স্থিরলক্ষ্য স্থনিদিষ্ট অভিপ্রায়, এক কণায়, মগ্লতা। আবার মহৎ কাব্যান্থবাদে তো বটেই, যথার্থ দার্থক কাব্যান্থবাদেও অন্থবাদকের শুধু ভাষাজ্ঞান, শ্রমশীলতা, অভিনিবেশ থাকলেই চলে না, একটি স্প্তিক্ষম মনেরও অধিকারী হতে হয় তাঁকে, যেহেতু দেখানে চাই বোধ ও বৃদ্ধির ফলদ দপ্য, বিশ্লেষণী মনন ও সৃষ্টিদীপ্ত কল্পনার নিরন্তর সহযোগ। আর এইথানেই অপ্রতিরোধ্য হয়ে ওঠে কাব্যামুবাদক হিসেবে কবির সর্বাধিক যোগ্যতার দাবি।

বাঙলা কাব্যাহ্নবাদচর্চার ক্ষেত্রে ইংরেজি ও অন্তান্ত পাশ্চান্ত্য ভাষার কবিতার অহ্নবাদের পাশাপাশি সংস্কৃত ও অন্তান্ত প্রাচ্যভাষার কবিতার অহ্নবাদের আর একটা ধারাও বয়ে এসেছে। তবে বাঙলা কবিতায় মৌলিক স্বষ্টির মূলে ফলদ প্রবর্তনা ও শক্তি সঞ্চারে, সংস্কৃত ও অন্তান্ত প্রাচ্য ভাষার কবিতার অহ্নবাদ-প্রয়াসের তুলনায় ইংরেজি ও অন্তান্ত ভাষার কবিতার অহ্নবাদ-প্রয়াসের ভূমিকা অনেক বেশি ক্ষেক্তপূর্ণ,বা অভিনিবেশযোগ্য। তাই প্রধানত সেদিকে দৃষ্টি রেথেই বাঙলা কাব্যাহ্র-বাদপ্রয়াসের ভাৎপর্য ও চরিভার্মতা বিচারে এগোতে হয়।

রবীক্সনাথ স্থামাদের স্বিকীয় কবিশিল্পী, সনেকেরই কাছে তিনি প্রথম 'স্থাধুনিক'ও;

কিন্ধ তাঁর কাব্যান্থবাদ-প্রয়াসে কোনো একাগ্র জডিনিবেশের পরিচয় উন্মোচিত হয়ে ওঠে নি। তথনও 'মানসী'র কবিতাধারা উৎসারিত হয় নি, কবির সঙ্গে একজন শিল্পী এদে যোগ দেয় নি, দেই শেষকৈশোর ও নবযৌবনে 'প্রভাতসংগীত' ও কভি ও কোমল'-এর যুগে, রবীন্দ্রনাথ-ভিক্তর হুগো, শেলি, শ্রীমতী ব্রাউনীং, ক্রিষ্টিনা রুসেটি, স্থইনবার্ন, আর্নেষ্ট মায়ার্স, অগন্তা ওয়েব দ্বার, প্রভৃতি কবির করেকটি কবিতা অমুবাদ করেছিলেন। পরবর্তীকালে তিনি যে দব ইংরেজি ও চীনা কবিতা অমুবাদ করেছেন তা হয় জন্মের অমুবাদের পরিমার্জনস্থত্তে, নয় কোনো প্রবন্ধের বক্তব্য প্রতিপাদনেরপ্রয়োজনে। 'পরিচয' প্রথম বর্ষ দ্বিতীয় সংখ্যায় শেলিব 'ওয়ানু ওয়ার্ড ইজ্ টুউ অফ্ন প্রোফেন্ড'-শীর্ক কবিতার নীরেন্দ্রনাথ রায়-কৃত অমুবাদের সঙ্গে ওই অমুবাদের রবীন্দ্রনাথ-কৃত সংশোধন ও রবীন্দ্রনাথের চিঠি ছাপা হয়েছিল। ১০৩৯এ রবীন্দ্রনাথ 'তীর্থমাত্রী' নামে এলিঅটের 'দি জানি অফ দি মেজাই'এর যে অমুবাদ করেন, তার উপলক্ষ্য ছিল ওই কবিতারই বিষ্ণু দে-ক্বত অন্থবাদকে শোধন করার বা তৎকালীন রাবীন্দ্রিক গছছেন্দে পুনর্লিখনের অন্থরোধ বক্ষা। 'সাহিত্যের পথে' গ্রন্থে সংকলিত বিশ্রুত 'আধুনিক কাব্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ. এমি লোয়েল, এলিঅট ও এডউইন আর্লিংটন রবিনসনের কবিতা ও কবিতাংশ অমুবাদ করেন। অনিশ্চিত স্থৃতির উপর নিভরতায এবং বন্ধমূল বিরাগের দৌরাত্ম্যে রবীন্দ্রনাথের ওই অমুবাদ স্বভাবতই কিছুটা লক্ষ্যভ্ৰষ্ট হযেছে। আধুনিক পশ্চিমা কাব্যের তুলনায় হাজার বছরেরও বেশি আগে লেখা লি-পোর চীনা কবিতাব শ্রেষ্ঠত্ব ও প্রকৃত আধুনিকত্ব পরিক্ষুট করতে ওই প্রবন্ধেই রবীক্সনাথ লি-পোর চারটি কাব্যাংশেরও অমুবাদ করে দেন। অম্বত্ত 'চন্দ'-সম্পর্কিত তান্ত্রিক আলোচনাস্থতে, 'চন্দোগার'-পর্যায়ে 'গভছন্দ'এর নমুনা দাখিল করতে গিয়ে, তিনি একটি চৈনিক কবিতার অহুবাদ ('সকল প্রাণীর মধ্যে মামুষকেই মনে হত সকলের দেবা') উপস্থিত করেন এবং গছছনের বৈশিষ্ট্য প্রতিপাদন করার জন্ম ওয়ালট হুইটম্যানের 'আই শ ইন লুইদিয়ানা এ লাইভ-ওক্ গ্রোঘিং' কবিতাটির এবং চৈনিক কবি মুযান চেনের একটি কবিতার আর্থার ওযালি-ক্কত 'দি পিচার' শীর্ষক ইংরেজি অফুবাদের বাঙলা অফুবাদ করেন। ছইটম্যানের ওই কাব্যাফুবাদ-সংশ্লিষ্ট মন্তব্যে দেখা যায় যে, হুইটম্যানের ওই কবিতায় রবীক্রনাথ খুঁজে পেয়েছিলেন 'প্রছন্ন আবেগের ব্যঞ্জনা' যা 'কাব্য' এবং 'ভাব-বিস্থাসের শিল্প', যাকে তিনি বলতে চেয়েছেন 'ভাবের ছন্দ'। মনে হয়, কাব্যাম্বাদের উপধোগিতা ও দার্থকতা সম্বন্ধ রবীজ্ঞনাথ তেমন স্থনিশ্চিত ও সচেতন ছিলেন না। তাই তাঁর অম্বাদপ্রচেষ্টা, বিশেষ করে উত্তরকালে, নেহাতই উপলক্ষ্যাটিত, অর্ধমনম্ব প্রয়াসমাত্রে পর্বসেত থেকে গেছে। পূৰ্বোক্ত শেলির কবিড়ার নীরেক্সনাথ বায়-ক্বত অন্নবাদের সংশোধনের সঙ্গে 'भविष्य'-मञ्जानक ऋषीत्रमाथ रखरक छिनि व ष्रिक्रै निव्यक्तिमन जारज-'मूरनक

ভাবটাকে বাঙ্গায় বর্ণাসাধ্য বোধগম্য করতে গেলে একেবারে ঠিক তার মাণসই করে আঁট করা চলে না। তাই প্রতিরূপ না হয়ে কতকটা অহুরূপ হয়েছে।'—এমন অহুধাবনে তিনি কাব্যাহ্বাদের স্বরূপ সম্পর্কে স্বছ বোধেরই পরিচয় দিয়েছেন; অথচ ভক্তর মূহম্মদ শহীছ্লাহ্-র পতে হাফেজের কবিতা অহুবাদ-চেষ্টা অহুমোদন করতে না পারার কারণ দর্শাতে গিয়ে তাঁকে তিনি একটি চিঠিতে যে লিখেছিলেন: 'বিদেশী ভাষার উচ্চশ্রেণীর কাব্যগুলিকে পত্নে অহুবাদ করার চেষ্টা বজনীয় বলে আমি মনে করি। কবিতার এক দিকে ভাবার্থ, আব এক দিকে ধ্বনির ইন্দ্রভাল। ভাবার্থকে ভাষান্তরিত করা চলে কিন্তু ধ্বনির মোহকে এক ভাষা থেকে আর এক ভাষায় কোনোমতেই চালান করা যায় না। চেষ্টা করতে গেলে ভাবার্থেব প্রতিও জুলুম করতে হয়।'' —তাতে, ডক্টর শহাহ্লাহ্-র কাব্যাহ্যবাদক হিসেবে বার্থভার প্রধান কারণ যে তাঁর কবিস্থাক্তি তথা স্পষ্টিক্ষমতাব অভাব, এই মূল সত্যটি এভিয়ে গিয়ে, মহৎ বিদেশী কবিতার পত্নে অহ্বাদ প্রযাসমাত্রকেই তিনি নির্থক বলে মনে করেছেন।

'তীর্থসলিল' (১৯০৮), 'তীর্থবেণু' (১৯১০) ও 'মণি-মঞ্ছ্য।' (১৯১৫)—এই তিনধানি গ্রন্থে সত্যেন্দ্রনাথ দত্তের মোট ৫৪১টি কাব্যাস্থবাদ চায়িত হয়েছে। রবীন্দ্রনাথ সত্যেন্দ্রনাথ দত্তের কাব্যাস্থবাদের স্থকীয় রসসৌন্দর্য ও স্পষ্টেগুণে মুগ্ধ হয়েছিলেন; কিছে নির্মোহ বিচারে এই সিদ্ধান্তে আসতেই হয় যে, পরিমাণে যতথানি তা বিপুল, সার্থকতার মোটেই ততথানি উজ্জ্বল নয়। সবচেন্দ্রে চোথে পড়ে তাঁর মধ্যে মগ্ধতা, স্থিরলক্ষ্য অভিপ্রায় ও স্কন্থির ক্ষচির অভাব। 'তীর্থরেণ্'র পরিচিতি হিসেবে সন্ধিবিষ্ট প্রারম্ভিক কবিতাটিতে সত্যেন্দ্রনাথ নিজের অভান্থেই তাঁর এলোমেলো নির্বিচার নির্বাচনে উদ্যাটিত চিন্থাবিরহিত অপরিণত বিস্মাধ্বোধের কথা স্বীকার করে গেছেন:

'খুঁজি না, বাছি না, বুঝি না, কেবল চেয়ে থাকি অনিমেষে।'

তাই 'তীর্থসলিল'এ ব্লেক, স্থইনবার্ন, টেনিসন, ভিক্তর হুগো, পোমর, বাল্মীকি, ভাজিল, শেলি, গ্যেটে, শেক্ষপীয়ার, কালিদাস, সাফো, ভবভূতি, স্থইটম্যান, ব্রাউনিং, হাফেল, সাজিনে, কাচনা, নিত্র নিত্র ব্যার্থ, বায়রণ, ওয়ার্ডসওয়ার্থ প্রভৃতি কবির কাব্যান্থবাদের পাশেই স্থান পেয়েছে মাউরি জাতির 'ঘুম-পাডানি', জাপানী 'ঘুম-পাডানি', হাবসী নারীর গান, বেলুচির গান, মুমুর্ ভাতার দিপাহীর গান, নেপালী স্লোক ইভ্যাদির অন্থবাদ। 'তীর্থরেণু তে সংকলিত হয়েছে তক্ষ দত্ত, লেকং অ লিল, পল্ ভ্যার্লেন, ভূ-ফু, বোদলেয়ার, পাউগু, লি-পো, ল্যাগুর, দে ম্যুসে, ক্রিষ্টিনা রসেটি, শিলার প্রভৃত্তির কাব্যান্থবাদের সঙ্গেই তেলেগু ও তামিল ছভা, কলাক্ ঘুমপাডানী গান, মুগুরি কবিতা,

২. 'আনিহজামান রব জনাধের করে কটি অ একাশিত পত্র' দেশ সাহিত্য সংখ্যা ১৩৮৬।

মেন্ধিকোর নৃত্য-গীতিকা, বাছই গান, আইনলাণ্ডের রণচগুরি গান, নিশানের মর্যাদা (নান্সান্ যুদ্ধের পর একজন মৃত জাপানী দৈনিকের পাগ দীর মধ্যে প্রাপ্ত) ইত্যাদির অন্থবাদ। লেকঁৎ অ-লিলের কবিতার অন্থবাদ 'গ্রীম্ম-মধ্যান্ডে', পল ভ্যার্লেনের 'শিশিরের গান', ভিক্তর হুগোর 'জিন্', বোদলেয়ারের 'সদ্ধ্যার স্থর', স্থামী বিবেকানন্দের 'মৃত্যুরপা মাতা', তরু দত্তের 'যোগাডা'-ইত্যাদি কয়েকটি অন্থবাদে সত্যেন্দ্রনাথ মৃল কবিতার মেন্দাজ, ভাববন্ধ, ধ্বনিস্পন্দন এবং অন্থান্ত রূপকল্লের আভাস কোটানোয় কমবেশি চরিতার্থতা অর্জন করেছেন বটে, কিন্তু তার অধিকাংশ অন্থবাদ-প্রথাদই চিন্তাহীন ছরিত ভাষান্তরকর্মের ফলে এক নির্জীব, যান্ত্রিক চরিত্রহীনতার মিশে গেছে।

স্বেজনাথ মৈত্রের রাউনিংএর কাব্যাস্থবাদের উচ্ছৃপিত প্রশংসা করেছিলেন রবীজনাথ। অসুবাদগুলিতে 'নগজনের নৃতন শ্রী' প্রকাশ পাওয়ার কথা বলেছিলেন তিনি, বলেছিলেন অসুবাদকেব 'তৃঃসাহসী নাণিকর্জিতে' অসাধারণ ক্রতিষের কথা। স্বেজ্রনাথ মৈত্র রাউনিং ছাড়া শেলিরও অনেকগুলি কবিতার অসুবাদ করেছিলেন। 'রাউনিঙ-পঞ্চাশিকা'ও 'শেলি-সংগ্রহ'থ গ্রন্থিত হই রাউনিং ও শেলির কাব্যাস্থবাদগুলিতে তিনি মাঝে-মাঝেই একটু বেশি স্বাধীনতা নিহেছেন, কিন্তু হই ঘটি অসুবাদকর্মে তাঁর নিজস্ব স্বরভিন ও ভাষাশিল্পের কোনো পরিচয় যেমন আমরা পাই না, তেমনি রাউনিং ও শেলির মানসতা, ভাব ও উপস্থাপনের বৈশিষ্ট্যকে তিনি তীক্ষ নৈপুণ্যের সঙ্গে ধরে দিতেও পারেন নি।

মোহিতলাল মজুমদার তাঁর 'হেমন্ত-গোধূলি' কাব্যের প্রারম্ভিক নিবেদনে জানিয়েছিলেন যে তাঁর অমুবাদ 'বেমন মূলের ঘনিষ্ঠ অমুবাদ নয়, তেমনই ভাষাব ও ভাবে তাহা একেবাবে ভিন্ন পদার্থও নয়।' অর্থের চেয়ে হা কে প্রাধান্ত দিলেও তিনি মূলের বাণীচ্ছন্দকে যভদূর সন্তব বাঙলায় ধরবার চেটা করেছেন। পাঠকদের তিনি শুধূলকা করতে বলেছেন, তাঁর অমুবাদগুলি বাঙলা এবং কবিতা হয়েছে কিনা; তা যদি না হয়ে থাকে, তবে এদের কোনো মূল্য নেই। এগানে লক্ষ্য করার বিষয়, মূল কবিতার ভাব ও বাণীচ্ছন্দের প্রতি মনোযোগী হয়েও মোহিতলাল বাঙলা কবিতা হিলেবে তাঁর অমুবাদের আম্বাতের প্রতি মনোযোগী হয়েও মোহিতলাল বাঙলা কবিতা হিলেবে তাঁর অমুবাদের আম্বাত্ত সম্পর্কেই যেন বেশি ওৎস্কর্য প্রকাশ করেছেন। তাঁর অমুবাদ-সন্তারের মধ্যে সংখ্যাব সর্বাধিক হাইনের কবিতার অমুবাদ। মূলের অমুসরণে সত্তা এবং স্বতন্ত কাব্যমূল্য, এ ছদিকের বিচারে অবশ্ব তাকে উত্তীর্ণ বলা চলে না, বেমন উত্তীর্ণ বলা চলে না তাঁর মালার্মের Angoisse কবিতার ('উৎকর্চা' নামে যার অমুবাদ করেছেন স্থীক্রনাথ দত্ত) অমুবাদ 'অস্তর-দাহ'কে। বন্ধত হাইনের এবং মালার্মের কবিতার এই অমুবাদে মোহিতলালের অভ্যন্ত ভাষাভন্দির নিপ্রাণ সারিধ্যে আমরা হঠাৎ অমুভব করি যে তাঁর একঢ়া-ভাস্বর ভাষাবিন্তান ও বাণীভলিমা কেমন সমন্ত-ম্পৃষ্ট

বলে যেন এখন মনে হয়। বোলগোরের Harmonie du soir কবিভার মোহিতলাল-রুত অহবাদ 'সন্ধ্যার হার' মোটাম্টি আস্বাছ। এই একই কবিভার অহবাদ তাঁর আগে করেছিলেন সত্যেন্দ্রনাথ দত্ত, পরে করেছেন বৃদ্ধদেব বহু। মোহিতলাল সবচেয়ে সাফল্য অর্জন করেছেন ক্রিষ্টনা রসেটির ('গান', 'জন্মদিন', 'হুর্গম'), জর্জ সিলভেষ্টার ভিয়েরাকের ('নাগার্জ্জ্ন', 'প্রেতপুরী'), ওবাল্টার ডে লা মেয়ারের ('নিদালি') ও এডওয়ার্ড ডাউডেনের ('বন্ধু') কবিতার অহ্বাদে। এই সব ক্লেজ্ঞে মোহিতলাল উদ্দিপ্ত কবি ও কবিতার সঙ্গে মানস্বতা ও উপদ্বাপনের ক্লেজে আভ্যন্তর সংযোগ উপলব্ধি করেছিলেন বলেই তাঁর অহ্বাদে কমবেশি মৌলিক কবিতার স্বাক্তন্যে ও স্বিপ্তিগ স্কারিত হয়েছে।

অমুবাদকের কাচে পরম প্রত্যাশিত ধ্যান, মগ্নতা, অভিপ্রায়ের একাগ্রতা, বাঙলা কাব্যাহ্বাদের ইতিহাদে প্রথম উদ্ভাসিত হ্যে উঠল একালের প্রধান চারজন কবির রপাস্তরকর্মে। স্থধীক্রনাথ দত্ত, বৃদ্ধদেব বস্থ, বিষ্ণু দে— ত্রিশের দশকের এই অস্তম তিন প্রধান কবির সঙ্গে অবশুই যুক্ত করতে হয় অঞ্চণ মিত্রের নাম, ত্রিশের দশকের শেষে বা চল্লিশের দশকের একেবারে প্রথমে, দে যেথানেই তাঁকে স্থাপন করি না কেন।

স্বধীন্দ্রনাথ দত্ত তাঁর অম্বাদ-কবিতার সংগ্রহ 'প্রতিধ্বনি'র 'ভূমিকা'র আরম্ভেই যদিচ স্বীকার করেছেন: 'আমার মতে কাব্য যেহেতু উক্তি ও উপলব্ধির অধৈত, তাই আমি এও মানতে বাধ্য যে তার রূপান্তর গ্রমন্তব', তবু প্রায় পরক্ষণেই জানিয়েছেন বে বাংলা ভাষার 'ব্যঞ্জনা বাডানোর অক্সতম উপার অমুবাদ।' বস্তুত কাব্যামুবাদের গুরুত্ব সম্পর্কে তার মনে যে কোনো ধিধা ছিল না, তিনি যে এর মধ্যে খুঁলে পেয়েছিলেন মৌলিক স্ষ্টিদাধনার পরিপুরক অফুশীলনের প্রকৃত অবকাশ, তার খুব স্পষ্ট প্রমাণই আমরা পেরে যাই 'প্রতিধ্বনি'র ওই ভূমিকায়। এমন কি ওইথানে তাঁর মূথে আমরা এমন কথাও তুনি: 'অন্ততপক্ষে আমাকে অমুবাদ পরীক্ষা-নিরীক্ষার যে-মুযোগ দিয়েছে, নিজের বক্তব্যে তার অর্ধেকও মেলে নি;'। অমুবাদের আদর্শ সম্বন্ধে হুধীন্দ্রনাথের নিজন্ম ধারণার কিছু উদভাদও ৬ই ভূমিকায় লভ্য। তার মতে বিদেশী কবিতার আক্ষরিক তর্জমা বা ছন্দের দিক থেকে যথাযথ অমুকরণের চেটা 'আদলে অনর্থের বিভম্বনা' এবং অপরীক্ষিত আতাবিখাদের প্রথম যুগেই তিনি বুঝেছিলেন 'যে বঙ্গাছবাদ যথন বাঙালীদেরই পাঠ্য, তথন তার বিচারে বন্ধীয় আদর্শের বিধিনিষেধ অকাট্য। ...এবং চিত্রকল্পের বেলাতেও মাছি-মারা কেগানী রদাভাদ ঘটাব, অভীপ্ত আবেগ জাগিবে, দর্শকের সাধুবাদ পার না।' অবশ্র এ ব্যাপারেও আতিশয্য পরিহার্য, তাই 'যীত্তর জীবনী লিখতে এখন যেমন অনুদিত বাইবেলের আক্ষরিক রীতি অনাবখক, তেমনই অনাবশুক জীস্মাসের পরিবর্তে জন্মাইমীর ব্যবহার; এবং তার পরে এমন একটা সাধারণ নিষম হয়তো গ্রাহ্ম বে ভাবচ্ছবির তারতম্যেও অভিপ্রায় বেখানে বদলার না, সেখানেই পরিচিত, বা সার্বড়োম প্রতীক প্রয়োজ্য, অন্তর্জ নয়।' 'প্রতিধ্বনি'র এই ভূমিকাতেই স্বধীক্রনাথ জানিয়েছেন: 'বে-পুত্তক-তিনখানায় হিউ মেনাই, সীগ্ক্রিভ্সস্ন ও হান্স্ কারোদা-র লেখা-কটি প্রথম দেখেছিলুম, দেগুলি বেহেতু দ্বিতীয় বার হাতে আদেনি, তাই উপস্থিত সংস্করণে মূলের চিহ্নমাত্র আছে কি না সন্দেহ।' কিন্তু যেখানে মূল তাঁর হাতের কাছে, চোথের সামনেই ছিল, বেমন উইলিয়ম্ শেক্স্পীয়র, হাইন্রিথ্ হাইনে, ষ্টেম্বান্ মালার্মে, পোল ভালেরি, ডি-এইচ লরেন্স-এর কাব্যাহ্বাদে, সেখানেও তিনি বথেষ্ট স্বাধীনতা নিয়েছেন এবং মূল থেকে কমবেশি সরে গিয়ে নিজম্ব মানসতা ও স্বরভবির উদ্ভাদ ঘটিয়েছেন। তাঁর রূপান্তরে প্রায়শই দেখি ভিন্দেশী অহুষদ ও প্রতিমার বন্ধীয়করণ। এ ক্ষেত্রে উল্লেখ্য তার হাইনের কবিতা-অনুবাদ—'তত্ত্বথা', ⁴মহাকাব্য', বিশেষ করে 'পরিবাদ'। স্থবীন্দ্রনাথের স্বাধীন অমুবাদপ্রয়াস সর্বত্ত সমফলপ্রস্থ হয় নি। হাইনে, শেক্সপীযর, ভালেরি, মালার্মে, লরেন্স-কাব্যাহ্নবাদ-প্রয়াসে তার দার্থকতা থেকে অদার্থকতার এই ভাবে এক ক্রম-অংধামুখী রৈথিক নক্শা এঁকে তোলা যায। মূল কবিতার কবির সঙ্গে মানসতায় তুরতিক্রম্য ব্যবধান থাকলে কুশলী কবি-অমুবাদকের অন্তবাদপ্রহাসও যে কেমন নিক্ষল হয়ে যায় তার একটি উজ্জ্বল দুষ্টাস্ক লরেন্সের 'অন দি ব্যালকনি'র স্থদীন্দ্রনাথ-ক্বত অমুবাদ 'কালতরী'। স্থদীন্দ্রনাথের গম্ভীর তৎসম শব্দের শোভাযাত্রায় এখানে লরেন্সের সহজ, প্রায়-কথ্য স্বাচ্ছন্য বিপর্যন্ত হয়ে গেছে। মূল কবিতার কবির সঙ্গে কবিধর্মে ত্বন্তর পার্থক্য স্থদীন্দ্রনাথের মালার্মের কাব্যামবাদকেও লক্ষ্যভাষ্ট করেছে। 'সংবর্ত' কাব্যের নতুন সংস্করণের 'মুখবন্ধ'এ তিনি জানিয়েছিলেন: '…মালার্মে-প্রবৃতিত কাব্যাদর্শ ই আমার অরিষ্ট: আমিও মানি যে কবিতার মুখ্য উপাদান শব্দ ; এবং উপস্থিত রচনাসমূহ শব্দপ্রযোগের পরীক্ষারপেই বিবেচ্য।' অথচ কবিতার প্রদন্ধ ও প্রকরণ তু দিক দিয়েই তাঁর ও মালার্মের কবিতা সম্পূর্ণ পৃথক্ থাতে বয়েছে। বস্তুত 'অর্কেন্ট্রা'র নতুন সংস্করণের 'ভূমিকা'ব স্থণীন্দ্রনাথের উক্তি 'শিল্প সচেতন ৰূপকাবের অভূতপূর্ব সৃষ্টি' এবং ফ্র'সোয়া কোপে-কে লেখা চিঠিতে মালার্মের উক্তি: 'Le hasard n'entame pas un vers, c'est la grande chose' অৰ্থাৎ 'কবিতার একটি পঙ্ ক্তিকেও দৈব স্পর্শ করে না, এটাই একটা বিরাট ব্যাপার', পাশাপাশি রাখলে তবেই আমরা দৈব পরিহারের সংকল্পে মালার্মে ও স্থবীন্দ্রনাথের কবিমানসভার একমাত্র সংযোগবিন্দুটির সন্ধান পাই। নইলে, মালার্মের সাধনা ছিল শব্দশিলের শুদ্ধতার, কোনও বক্তব্য পরিবেষণ তাঁর অভীষ্ট ছিল না। অথচ স্থধীক্রনাথের কবিতা বক্তব্যপ্রধান। রবীন্দ্রনাথকে একটি চিঠিতে তিনি লিথেছিলেন: 'আমার মনে হয় কাব্যের প্রধান অব lyricism নয়, intellectualism এবং এতেই বিভিন্ন

মনের আত্মকীয়তার প্রকাশ। কাব্যে intellectualism আনতে হলে প্রাধান্ত দিতে হবে চিস্তাকে।' ('দেশ' সাহিত্যসংখ্যা ১৩০৯) মালার্মে প্রচলিত সাধারণ শব্দকেই ভদ্ধভার ব্যঞ্জনায় তুলে নিতে চেয়েছিলেন, অথচ স্থীন্দ্রনাথের কবিতায় দেখি গন্তীর ভংসম শব্দের সমারোহ এবং অনেক সময়ই তিনি অপ্রচলিত আভিধানিক শব্দও ব্যবহার করেছেন। রবীন্দ্রনাথকে লেখা তার পূর্বোক্ত চিঠিতেই রয়েছে: '—অসাধারণ চিন্তার অভিব্যক্তিতে অপ্রচলিত শব্দের ব্যবহার প্রশন্ত: কেননা এই ধরনের শব্দ মানব মনের অলদগমনের প্রতিবন্ধক।' কাব্যভাসনায় এই ভাবে মালার্মের প্রায়-বিপ্রতীপ বিন্তুতে অবস্থান করার জন্ম স্থধীন্দ্রনাথ স্বভাবতই তাঁর অ**ত্নবাদে মালার্মের** মূল কবিভার প্রতি স্থবিচার করতে পারেন নি। এই স্তত্তে বিশেষ করে মালার্মের 'L'Azur' কবিতার স্থান্দ্রনাথ-কৃত অমুবাদ 'নালিমা'র কথা স্মর্তব্য। পোল ভালেরির 'E'bauche d'un Serpent'-এর অন্থবাদ 'আদিনাগ'এ মূল থেকে কিছুটা সরে গিয়েও স্থীক্রনাথ মোটামূটি দার্থকতা অর্জন করেছেন। শেক্নপীয়রের সনেট-অম্বাদেও তিনি স্বাধীনতা নিয়েছেন, তবু মূলের আবহ, প্রদন্ধ ও প্রকরণ তার ওই অমুবাদে যেমন আভাসিত তেমনি তাঁর অমুবাদ স্বতম্ভ কবিতা হিসেবেও শিল্পসাফল্য লাভ করেছে। শেষোক্ত ক্ষেত্রে সবচেয়ে বিম্ময়কর সিদ্ধি তিনি অজন করেছেন হাইনের কবিতা-অফুবাদে। 'আত্মপরিচয়', 'বর্ষশেষ', 'স্মৃতিবিষ'—এই সব অফুবাদ স্বতন্ত্র শিল্প-সার্থকতার বাঙলা কবিতার চিরন্তন সম্পদ হয়ে রইল।

প্রথম দিকে বৃদ্ধদেব বস্থর অন্থবাদ-প্রথাদে দেই একান্ত-কাজ্জিত ধ্যান, মগ্নতা, একাগ্র অভিনিবেশ লক্ষ্যগোচর হয়ে ওঠে নি। তাঁর তথনকার অন্থবাদ-প্রথাদের নিদর্শন হিদেকে একরা পাউও, ই. ই. কামিংদ, ওয়ালেদ দীভেন্দ, ডি. এইচ. লরেন্দের কাব্যান্থবাদ-শুনিকে আমরা অন্থবান করতে পারি। তথন বোদলেগারের কবিতার অন্থবাদও তিনি করেছিলেন কিন্তু পরবর্তী কালে দে অন্থবাদ অতিক্রান্ত হয়। উত্তরজীবনে বোদলেগার, হেল্ডালিন, রিল্কে—প্রতীচ্যের এই তিন মহৎ কবির কবিতার ও কালিদাদের 'মেঘদ্ত' এর যে অন্থবাদ বৃদ্ধদেব করলেন, তাতে প্রোজ্জল হয়ে উঠল তাঁর স্থনিদিন্ত অভিপ্রায়, একাগ্র অভিনিবেশ, বিনীত দশ্রদ্ধ শ্রম, সর্বোপরি ধ্যান, মগ্নতার পরিচয়। এই নিবিষ্ট অন্থবাদ-প্রয়াদের ফলেই তিনি উপলব্ধি করলেন: 'যতক্ষণ আমরা কানে-কানে ধন্তক্ষে ছিলা না-টানছি ততক্ষণ আমরা আমাদের ক্ষমতার দীমা জানতে পারি না—লেথকের জীবনে ধৈর্ঘ ও পরিশ্রমই দব।"

কালিদানের 'মেঘদ্ত'এর মৃগ ভাষা বৃদ্ধদেবের আয়ত্ত ছিল, কিন্তু বোদলেয়ারের কবিতার মৃগ ফরাসী, রিল্কে ও ছেন্ডার্লিনের কবিতার মৃগ ফরাসী, প্রায় অপরিচিতই

 ^{&#}x27;क्विजा ७ जामात्र स्रोधन चाच्चसीयनोत छत्राः", 'क्विजात मक ७ मिक' १ ७३।

ছিল তাঁর। এই তিন কবির কেত্রে তাঁর অন্থবাদ-প্রক্রিয়া মোটাম্টি একই রকম। অম্বাদকর্মে তাঁর অবলম্বন ছিল কবিতাগুলির মূল লেখন, অনেকগুলি ভিন্ন ভিন্ন ইংরেঞ্চি षश्चाम এবং ফরাসি-ইংরেঞ্জি বা জর্মান-ইংরেঞ্জি অভিধান। মূল কবিতার অভিপ্রায়, শন্ধ ও চিত্রকল্পের প্রয়োগ তিনি বুঝে নেবার চেষ্টা করেছেন, একই কবিতার ভিন্ন-ভিন্ন ইংরেজি অহ্বাদ তুলনা করে, অভিধান ও ভাষাবিদ্ বন্ধুদের সাহায্য নিয়ে, কখন ও বা ममार्लाहरूद त्राथाद चादच हरा। मृन कित्रात পঙ্ক্তি-मःथा, छतक ও অমুছেদের গঠন বা বিস্তাস যাতে অক্ষুণ্ণ থাকে, চিত্রকল্পগুলি যাতে থাকে অনাহত, সারবস্তু থাকে অবিকৃত, দে সম্পর্কে সাধ্যমতো যেমন সঞ্চাগ থেকেছেন তিনি, তেমনি স্বতম কবিতা হিসেবে তাঁর অমুবাদের আস্বান্থতা ও শিল্পমূল্য সম্পর্কেও তিনি গভীর ভাবে সচেতন থেকেছেন। বরং এ অমুধাবন মোটেই অসঙ্গত হবে না যে একজন সৃষ্টিশীল কবি হিসেবে থুব স্বাভাবিক ভাবে অমুবাদের স্বতন্ত্র কাব্যমূল্যের প্রতিই তার তীক্ষতর অভিনিবেশ পডেছিল। 'হেল্ডার্লিন-এর কবিতা'র প্রারম্ভে 'অমুবাদকের বক্তব্য'এ তিনি লিখেছিলেন: 'অন্ত একটি বিষয়েও আমি নিরস্তর মনোষোগী ছিলাম—যাতে বাংলা ভাষার কবিতা হিশেবে অনুবাদগুলি পাঠযোগ্য হয়, কেননা আ মা র বি শা দ ষে কবি ভার অহুবাদের পক্ষে কবি ভা হয়ে ও ঠাই সবচে য়ে জ দ রি मदकाता' (१२-)

'যে-আঁধার আলোর অধিক'-এর কবিতাগুলি রচনার সময় থেকে প্রায় ধারাবাহিক ভাবে বুদ্দেবে কাবাাহ্যবাদ-প্রয়াদে নিবিষ্ট হয়ে থেকেছেন। 'যে-আঁধার আলোর অধিক' এর কবিতাগুলির রচনাকাল: ১৯৫৪-১৯৫৮। ১৯৫৫র 'কবিতা'-পত্রে হুধীন্দ্রনাথ দত্তের অহ্যবাদ-কবিতার সংকলন 'প্রতিধ্বনি'র তয়িষ্ঠ বিশ্লেষণস্ত্রে, বুদ্দেব, কাব্যাহ্যবাদের স্বরূপ, তাৎপর্য, উপযোগিত', লক্ষ্য, অহ্যবাদের দক্রে অহ্যবাদকের দম্পর্ক, মোলিক কবিতাস্ষ্টিতে অহ্যবাদকরির উপকারী সহযোগ-ইত্যাদি সম্পর্কে তাঁর গভীর, অনতিসংক্ষিপ্ত ভাবনা লিপিবদ্ধ করেছিলেন। 'কবিতার শক্র ও মিত্র' গ্রন্থে আহত 'কবিতা ও আমার জীবন আত্মজীবনীর ভগ্নাংশ'-নীর্যক পূর্বোদ্ধত ত্যতিমান রচনায় বেশ ম্পন্ত প্রত্যয়দৃপ্ত কর্প্তেই বুন্দেব আমাদের জানিয়েছেন: 'গামি অন্তত্ত অহ্যবাদকে হধের বদলে ঘোল ব'লে ভাবতে পারি না; আমার মনে হয় সেটাও একটা স্প্রক্রির্ম; তারও জন্তু চাই প্রেরণা, যার উৎপত্তিহুল মূল কবির প্রতি প্রেম আর কথনো বা তাঁর সঙ্গে একাত্মবোধ; তাতেও আছে সেই আনন্দ যা সত্যিকার নিজন্ম কিছু লেখার সময় প্রাপ্ত হই আমরা; আর দ্রেটাও বিস্তর বাটিয়ে নেয় আমাদের, ব্যবহার করে আমাদের সব বুদ্ধিয়ৃত্তি ও অভিনিবেশ।' (পু ৬৩-৬৪) এবং 'আজকের দিনে রচনাকর্মকে আমি ষে-ভাবে দেখি এবং চিষ্টা করি, যে-সব সম্ব্র্যাতা উপস্থিত করে এবং ধে-ভাবে তার সমাধানের প্র

খুঁলে পাই; ষে-ভাবে, ধরা যাক, আমার সাম্প্রতিক কবিতা ও গছ-কবিতা ও কাব্যনাট্য, এমন কি কোনো-কোনো গছরচনা আমি লিখেছিলাম, তার মধ্যে কতথানি আমার অন্থবাদকর্মের অবদান আছে, তা আমি মনে মনে ভালোই জানি।' (পূ ৬৪-৬৫) কবিতার অন্থবাদও যে এক ধরনের স্ষ্টেক্ম এবং অন্থবাদকের মৌলিক কবিতাস্টির ভাবনা ও প্রচেষ্টাকে তা যে ব্যাপক-ও অনিবার্থ.ভাবে প্রভাবিত করে, তারই ঘ্যর্থহীন স্বীকৃতি উপ্যুক্তি তৃটি অংশে আমরা আধারিত দেখতে পাই।

ডেনিস লেভার্ট ভ এক সাক্ষাংকারে (The Craft of Poetry—Interviews fro.n The New York Quarterly, William Packard, Editor) 374 'In Praise of Krishna'-র মতো মূল ভাষায় মজ্ঞতাজনিত পরোক্ষ অন্থবাদের সঙ্গে তাঁর অন্সান্ত মূল ভাষা থেকে দ্রাদ্রি অন্থ্রাদের পার্থক্য নির্দেশ করতে গিয়ে জানান যে প্রথমোক্ত ধননের পরোক্ষ অমূবাদ-প্রথাসে মূল ভাষার ধ্বনি সম্পর্কে অমুবাদকের প্রকৃত কোন ধারণাই থাকে না। এরই প্রেক্ষিতে 'শার্ল বোদলেয়ার: তাঁর কবিতা'র 'অহবাদের বক্তন্য'এ বৃদ্ধদেবের এই আত্মতেপ্ত মন্তব্য: 'অন্ততপক্ষে এ-বিষয়ে আমার দলেহ নেই ষে ইংরেঞ্জি ভাষায় আমি যতটা অভ্যন্ত ফরাণিতে ঠিক ততটা হলেও আমার এই অহুবাদগুচ্ছ যা হয়েছে তা থেকে ভিন্ন কিছু হ'তো না'…যেন হঠোক্তি বলেই বোধ হয়। তবু বুদ্ধদেবের এই বোদলেয়ারের কাব্যান্থবাদ নানা চবলতা ও বিচ্যুতি সত্তেও বিশেষ তাৎপর্যময় ও সংক্রামক হয়ে উঠেচে, প্রধানত ইংরেজি ভাষার মধ্য দিয়েই মূল কবির সঙ্গে অমুবাদক-কবির গভীর আত্মিক সহযোগে। বোদলেয়ারীয় মে**জাজ** ও আবহু তাঁর ঐ অফুবাদে তিনি প্রায়শই ফুটিয়ে তুলতে পেরেছেন; রচনা করে তুলতে পেরেছেন বেশ কিছু শিল্পসার্থক স্বাহ্ন সঞ্জীব বাংলা কবিতা। আর তার নিজের পরবর্তী কাব্যধারায় তো বটেই, অন্তত কিছুকালের জন্ম তরুণ বাহালি কবিদের অনেকেরই কবিতায় ওই অমুবাদ অনখীকার্য ছায়া বিস্তার করেছে।

বৃদ্ধদেবের সবচেয়ে তাৎপর্যপূর্ণ কাব্যগ্রান্থ 'যে-আধার আলোর অধিক'; তা তাঁর নিজ্ঞের ই ভাষায় তাঁর 'জীবনের এক সদ্ধিলয়ে দাঁচিয়ে আছে।' এই কাব্যগ্রন্থের ভাববন্ধতে বোদলেরার ও রিল্কে এবং রূপকরে বোদলেরার চায়া ফেলে গেছেন। 'তর্ব যদি মনে হয় ভূলী' নাতিমার নিজেরে মিলাও, / মুছে যাক ব্যবহার্থ নাম, / হাওয়ার আনন্দে ব'য়ে যাও / তারার রূপালি অন্ধকংরে'; ('চল্লিশের পরে', 'নাতির প্রার্থনিনি'।' বিসন্তের উত্তর') আর 'প্রান্তরে কিছুই নেই; জানালায় পদা টেনে দে। / ওরা তোকেকেবল ডোলাতে চায়—ঘাস, মাটি, পুকুর, আকাশ / ফেলে দে পুত্ল, ফুল, পোষা পাঝি, শৌবিন ক্যাকটাস; / ডুবে যা নির্ভিমান, একতাল, বিশ্বন্থ নির্বেদে (আটচল্লিশের ক্রেক্তর জন্তঃ ২', 'বে-আধার আলোর অধিক')—এই ভাবে বৃদ্ধদেবের আগে-পরের.

কাব্যোচ্চারণ পাশাপাশি রেথে আমরা বুঝৈ নিতে পারি 'বে-আঁধার আলাের অধিক' এর ভাববন্ধতে বােদলেয়ারের অমােঘ সংক্রাম। পল দেমনিকে লেখা বিশ্রুত 'দ্রন্তার চিঠি'তে 'প্রথম প্রন্তা, কবিদের রাজা, সভ্যিকারের এক দেবভা' বলে বােদলেয়ারকে আবিষ্ট অভিবাদন জানিয়েও আতুর্র র্টাবাে দেই সঙ্গে বােদলেয়ার সম্পর্কে বলতে ভালেন নি: 'তবু ভিনি বভা পরিশীলিত আবেন্তনে জীবন কাটিয়েছেন, এবং তাঁর অভি-প্রশংসিত প্রকরণ অকিঞ্জিংকর; অজানার আবিষ্কার নতুন প্রকরণ দাবি করে।' বােদলেয়ারের এই কাব্যপ্রকরণ সম্পর্কেও বুদ্ধদেব কিন্তু সশ্রুদ্ধ। 'শার্ল বােদলেয়ার: তাঁর কবিতা'-গ্রন্থের ভূমিকায় তাই ভিনি বােদলেয়ারের 'ছলােবদ্ধের দার্ঢ্য, মিলের বিশ্বয় ও পর্যাপ্তি, নিয়মনিষ্ঠ সনেটের প্রতি অমর আসক্রি'—এই সব 'নিভূল ভাবে ক্রাসিক লক্ষণ'এর কথা বেশ জাের দিয়েই উল্লেখ করেছেন। 'যে-আঁধার আলাের অধিক'এ সনেট বা সনেটকল্ল কবিতাই বেশি। এদের সংক্ষিপ্ত, পরিমিত গঠন, আঁটো বাাধুনি, ঘনসংহত শঙ্কবিস্তাদের পেছনে বুজদেবের বিবর্তিত কবিস্বভাবের স্বাভাবিক উন্মুখতা, ধৈর্ঘনীল প্রয়াদ, স্থীন্দ্রনাথের উদ্দীপক সান্নিগ্য ছাডাও বােদলেয়ারের কবিতার রূপকল্লের প্রতি বুদ্ধদেবের সশ্রুদ্ধ আকর্ষণও প্রেরক শক্তি হিসেবে কান্ত করেছে।

'হে বিদেশী ফুল', 'এলিঅটের কবিতা' ও 'মাও ৎসে তুং-এর কবিতা'—এই তিনটি গ্রন্থেই প্রধানত বিষ্ণু দে-র ব্যাপক ও নিবিষ্ট কাব্যাম্থবাদপ্রয়াদের পরিচয় আধারিত। নানা দেশের নানা ভাষার অনেক কবির কবিতাই তিনি অমুবাদ করেছেন, किन्न जात्र अने अस्वामध्यामरक अलारियामा रथयांनी भर्यतेन यत्न सर्व इय ना। 'হে বিদেশী ফুল'এর প্রারম্ভিক নিবেদনে বিষ্ণু দে লিখেছিলেন: 'ষ্থাসম্ভব চেষ্টা করেছি মূল কবিতার বিভাগ, ছন্দ বা নিদেনপক্ষে মেজাজ অফুবাদের আভাগে ¹ বহন করতে। এথানে ঘুটি ব্যাপার লক্ষ্য করার মতো। প্রথমত বিষ্ণু দে তার অমুবাদপ্রচেষ্টার লক্ষ্যের কথা বলতে গিয়ে মূল কবিতার বার্ডা বা বিষয় বা ভাবেব কথা উল্লেখ করেন নি। আর 'নিদেনপক্ষে মেজাজ' কথাটাই বুঝিয়ে দিছে যে একজন কবি ও তাঁর কবিতার বিশিষ্টতাকে বুঝে নেবার পক্ষে তাঁর কাছে সবচেয়ে জঞ্জরি মনে হয়েছে কবিতার মেজাজকে, যাকে অন্তত কাব্যাসুবাদে ফুটিয়ে তুলতে না পারলে অমুবাদ-চেন্তারই যেন আর কোনো তাৎপর্য থাকে না। দ্বিতীয়ত 'অমুবাদের অ . . । पा पानपान राहको ; जातन कशासे अशु मिटा ষার উৎপুত্তিস্থল মূল কশ্বিষ্ট্র দি-র এমনতরে। প্রত্যাতই যেন অভিব্যক্ত হয়ে উঠেছে যে, কবিতার অমুবাদ কথনও মূলের অবিকল প্রতিরূপ হয়ে উঠতে পারে না, তা মূল কবিতাকে শুধু আভাদিতই করতে পারে। শেক্দ্পীয়রের একই সনেটের স্থীজনাথ দত ও বিষ্ণু দে-কৃত অমুবাদ পাশাপাশি রাখলে তুলনার মূলের প্রতি বিষ্ণু দে-কেই অবশ্র অধিকতর বিশ্বন্ধ বলে মনে হবে। তবে অহ্নবাদের শ্বতন্ত্র আসায়তা ও সঞ্জীবতা তথা কাব্যগুণ সম্পর্কেও মোটেই তিনি অনবহিত নন। মৃত কবিতার কবির সঙ্গে দীর্ঘ ও নৈষ্টিক সহযোগে গভীর মর্মগত সম্পর্কের উপলব্ধি এবং অহ্মবাদচর্চা থেকে নিজের মৌলিক্দৃষ্টির পৃষ্টিসংগ্রহ কাব্যাহ্মবাদক বিষ্ণু দে-র ক্ষেত্রেও প্রতিপাদিত হয়েছে। এলিঅট প্রথমাবধিই তাঁর প্রিয় এবং নমস্ত কবি। এলিঅটের কবিতায় এ কালের সমাজের বিজিয়তা, থও তৈতন্ত, প্রশ্নাক্লতা, বিধাকে বিশ্বিত হতে দেখেছেন তিনি। আত্মনচেতনতার এই মহাকবির কাছ থেকে আত্মসচেতনতার সমস্তা, নৈর্ব্যক্তিক দৃষ্টির গুরুত্ব এবং ঐতিহ্যের বোধ ও জিজ্ঞাসা সম্পর্কে তিনি পাঠ নিতে চেয়েছেন। পরবর্তী কালে এল্যুয়ারের কবিতার ব্যক্তির প্রেমাবিষ্টতা ও সমষ্টির সংগ্রামী মৃক্তিকামনার সমীকরণ এবং লোর্কার কবিতার স্বদেশীয় লোকগাণা ও লোকস্বভাব থেকে প্রণোদনা সংগ্রহের নজির এই ঘুই কবির সঙ্গে তাঁকে আস্তরিক সহম্মিতায় লগ্ন করেছে।

এলিঅটের কবিতার অম্বাদ করতে দিয়ে বিয়্ দে যে ভাবে বিদেশী নাম, পরিমণ্ডল বা আবহ, উল্লেখ ইত্যাদির বদ্দীয়করণ করেছেন, তার প্রয়োজ্য তা সম্পর্কে অনেক ক্ষেত্রেই আমাদের মনে কিন্তু সংশয় জেগে ওঠে। এলিঅটের 'Girontion' কবিতার অম্বাদ 'জরায়ণ'এ বিষ্ণু দে মুলের নিসগ-পরিমণ্ডলকে একেবারে উল্টিয়ে দেন, 'in a, dry month'কে 'ভিজে ভাতরে বাদলে'তে, 'waiting for rain'কে 'গৌজের আশায়'তে, 'in the warm rain'কে 'পশ্চিমা রোজে'তে, এবং 'dry brain in a dry season'কে 'ভরা বাদরে ভিজা মাথাব'তে রূপান্থবিত করে। এলি মটের কবিতাপর্যায় 'Ash-Wednesday'কে বিষ্ণু দে কণান্তরিত করেছেন 'চদকেন গান'এ। উপনাস ও অম্তাপের জন্ম নির্ধারিত Lent-নামে সভিহ্নিত প্রীষ্ঠার পর্বের প্রথম দিনটিকে, বর্গচক্র মুরে বর্গদেষ ও নবর্বগারন্তের রূপকস্বকণ চৈত্রসংক্রান্থিতে অন্তর্গেয় ইণ্ড কেনবিশেষে এই রূপান্তর—ভাবাবহ, অভিপ্রায় ও ভাৎপর্যের দিক দিয়ে স্পষ্টতেই উচিতানিরোধী বলে বোধ হয়। আবার এলিঅটের ওই কবিতাপর্যায়, মূলে, Virgin ও Mary বেখানে খুব সহজ স্বাভাবিকতাতেই চলে আদেন, সেগানে অন্থবাদে বিষ্ণু দে তাঁদের যথাক্রমে দেবকীমাতা ও শ্রীরাধায় রূপান্থবিত করে শৈব উৎসব-নির্দেশক শিরোনামের' ভলায় বৈষ্ণব অম্বন্ধ এনে ফেলেন।

ন্টিফেন স্পেণ্ডারের কবিতার অন্থবাদ 'এক্সপ্রেস ট্রেন'এর মতে। উচ্ছল রূপান্তর-কর্মের নিদর্শন সত্ত্বও ত্রিশের দশকের অন্ততম প্রধান কবি অমিয় চক্রবর্তী অন্থবাদে প্রত্যাশিত অভিনিবেশ দেখান নি । বরং তাঁর সমকালীন কবি প্রেমেন্দ্র মিত্র নানা কবির কবিতা-অন্থবাদে নিয়োজিত থেকেছেন । এর মধ্যে 'হুইটম্যানের কবিতা'-গ্রন্থ ভাষকরনা ও অরভন্ধির ক্ষেত্রে মার্কিনি অগ্রপথিক কবির সঙ্গে তাঁর নিবিভ নৈকট্যেন বিশেষ ভাবেই পণ্য ও আত্মান্ত হয়ে ওঠে।

অম্বাদে মূল কবির স্বভাবধর্ম ও মান্দভার প্রতি বিস্তৃতা, মূল কবিতার ভাববস্ত প্র রূপকল্পের বৈশিষ্টা রক্ষায় সততা এবং স্বতন্ত্র কবিতা হিসেবে অফুবাদের শিল্পসার্থকতা ---এই তুই দিকের মধ্যে ভারদাম্য রক্ষায় অঞ্জণ মিত্রের ক্বতিত্ব যে কতথানি উচ্ছল. তা থব সহজেই স্পষ্ট হয়ে উঠবে যদি আমরা তাঁর সম্প্রতি-প্রকাশিত অমুবাদ-কবিতার বছ প্রতীক্ষিত সংকলন 'অন্ত স্বর'এর নিবিপ্ত প্র্যালোচনে নিযুক্ত হই। মূলের প্রতি ষ্ণাসম্ভব আহুগত্য বক্ষায় তাঁকে স্বচেয়ে বেশি শক্তি যুগিংছে মূল কবিভার ভাষায় তাঁর অসামান্ত বাংপতি। পাণ্ডিতা ও রসবোধের বিরল সমন্বয়ে প্রকৃতই দীপ্ত তাঁর ফরাসি ভাষায় অধিকার । আবার স্ষ্টেশীল কবির ব্যক্তিত্ব-সংশ্লেষে তাঁর অমুবাদে স্ষ্টিগুণের উদ্ভাদন, স্বতম্ব কবিতা হিসেবে তার আস্বাঘ্যতা ও উত্তরণ সম্পর্কেও তিনি গভীর ভাবেই সচেতন। 'গান্ধেয় পত্র' পঞ্চম সংক্লন শ্রাবণ ১৩৮৪ অগান্ত ১৯৭৭এ পুষর দাশগুপ্তের দঙ্গে 'কবিতা বিষয়ক আলোচনা'-স্ত্ত্তে এমনতরো উদ্ধে দেওয়া মন্তব্য করতে দেখি তাঁকে: 'অমুবাদ প্রভাবিত করে, না প্রভাবিত হয় সেটাই এক প্রশ্ন। অমুবাদের কাজে নিজের ব্যক্তিত্বকে ঠেকিয়ে রাখা খুব কঠিন।' মরিদ সেভ, পিরের দ রঁসার, ঝোয়াশাঁ তা বেলে-এইসব পুরোনো কবির কবিতা যেমন তিনি অমুবাদ करत्राह्म, एउमिन अञ्चराम करत्राह्म (यामरामधात, भन एडर्लिन, बँगार्या, भन क्लाराम, মাক্স ঝাকব, গীওম আপোলিনের, ঝাল স্থাপেরভিয়েল, সাা-ঝন-পের্স, পিয়ের রাভেরদি, পল এল্যুয়ার, অঁরি মিশো, ঝাক প্রেভের, রানে শার—এই সব আধুনিক কবির কবিতা। এর মধ্যে বোদলেয়ারের একটিমাত্র কবিতার ('লে ফ্রার ত্যু মাল'-এর মুখবন্ধরূপে দল্লিবিষ্ট 'পাঠকের প্রতি') তিনি যে অমুবাদ করেছেন, মূলের মেজাজ ও রূপকল্পের যথাসম্ভব বিশ্বস্ত আভাদে তা একই কবিতার বুদ্ধদেব-কৃত অন্তবাদকে নিশ্রভ করে দেয়। আবার প্রেভেরের কবিতার 'কথার ফটোগ্রাফ' দিয়ে বর্ণনা এবং নাটকীয়তা-তীত্র গল্প বলার ধরন, বাঙলা কবিতায় অবার্থ ভাবে তুলে আনতে পারেন তিনি। সর্বোপরি মূল কবিতার কবির দক্ষে আত্মিক দহযোগের গাঢ়তায় বঁটাবো, পের্স ও এল্টুয়ারের কবিতার তর্জমা তাঁর হাতে এক অমোঘতায় জলে ওঠে।

'এখন বজ্জাতগুলোকে টিট করা দরকার / চাই খুব জ্বরদ্প্ত এক / বন্দুক সরকার, /
মন্ত্রী হোন জ্ঞাদ / তারপর দেখা যাক জমির আস্বাদ / ভোলে কি ভোলে না /
অবাধ্য স্বাধীন ছোটলোক তেলেকানা।' ('রাম রাম')—হভাষ মুখোপাধ্যায়ের 'অগ্লিকোণ'এর একেবারে শেষ কবিতার এই প্রচার-চীংকৃত সাংবাদিক বিবৃতি, আর একই কবির—'অন্ধকারের চোথ জলে, / চোথে আগুন। ('মা, তুমি কাঁদো') এবং 'ফ্ল ফুটুক না ফুটুক / আল বসন্ত ('ফুল ফুটুক না ফুটুক') / — এমন স্পন্দিত উচ্চারণের মাঝখানে এক তাৎপর্ষমের বিভালনরেখার মতো দাঁডিয়ে তাঁর 'নাজিম হিকমন্তের কবিতা'র অহ্বাদগুলো। এই সমন্ত অহ্বাদই বে শুভন্ধ কাব্যমহিমার জামাদের সমান ভাবে স্পর্শ করে তা নয়। 'তুমি আমি' ও 'তুমি আমার দেশ' এর মতো জহ্বাদ তো শুল বিবৃতিসর্বশ্বতার পীডাদারকই লাগে। তবু এদের মধ্যে আছে এক সংগ্রামী হৃদয়ের আন্তরিক উত্তেজনা, স্বপ্ন, আশা, প্রেম, সংকল্প, যা প্রধানত ইংরেজি ও কিছুটা ফরাসি অহ্বাদের মধ্য দিয়ে স্কভাষ মুখোপাধ্যায়কে প্রচণ্ড ভাবে নাভিয়ে তাঁর স্বাষ্টপ্রেরণার নিভন্ত চূলীকে তীত্র ভাবে উস্কে দিতে পেরেছিল। এবই ফলে স্কভাষ মুখোপাধ্যায় আবার সভ্যিকারের নতুন কবিতা লিখতে পারলেন, যা সংগ্রামের স্বপ্ন ও সংকল্প, মাহুষের প্রতি বৃক্ভরা ভালোবাদার প্রভারদাপ্ত উচ্চাবদে যেমন প্রাণ্ময়, তেমনি কবিতা হিসেবেও রূপসিন্ধ। স্থভাষ মুখোপাধ্যায় আবও ক্ষেক্তন কবির কবিতা অহ্বাদ করেছেন। তার মধ্যে পাব্লো নেরুলার কবিতাব অহ্বাদ শুধু সংখ্যার দিক দিয়ে নয়, কাব্যভাবনা বা কাব্যাদর্শের গভীরতর সাযুজাতেতু সঞ্জীবতা ও আম্বাছাতার বিশিষ্ট।

মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়ের পাবলো নেকদার কবি হার অন্থবাদ গ্রন্থবদ্ধ হয়ে বেরিয়েছে।
এ ছাডাও তিনি লোরকার কবিতার অন্থবাদ করেছেন , অন্থবাদ করেছেন পুশকিন্,
লেরমন্তফ্, রুক্, আথ্মাতোফা, মায়াকভস্কি, এদেনিন্-প্রভৃতি রুশ কবির কবিতা।
কবিমানসভা ও কাব্যভাবনার গভীবতর সায়ুলোব জন্মই মঙ্গলাচরণের কাব্যান্থবাদের
মধ্যে নেরুদা, রুক্, মাথাকভ্স্কি, এদেনিনের মভো কবির কবিতার অন্থবাদে, একই সঙ্গে
মুল কবিতাব মেজাজ ও রূপকল্লকে যথাসন্তব তাভাদি হ করা ও স্বভাষার স্বতন্ত্র একটি
কবিত' হিসেবেও অন্থবাদকে উত্তীর্ণ করে দেওথা— মন্থবাদকের এই বিমুণী দাব সম্পর্কে
সচেতনতা প্রোজ্জল হয়ে ফুটেছে। কাব্যভাবনা ও কবিমানসতার নৈকটোর জন্ম
কোনো কবির প্রতি আকর্ষণ বোধ করে, তার কবিতাব দার্গ নৈষ্ঠিক পঠনে তাঁর কবিস্বভাবের সঙ্গে আত্মিক যোগ স্থাপন ও তার কবিতাব মর্মলোকে প্রবেশেব নিবিষ্ট প্রয়াদ
সিদ্ধেরর সেনের মায়াকভ্স্কিব কাব্যান্থবাদেও দেখা যায়।

অম্বান্ত কবিতার মূল ফরাসি ভাষার সপে নাঘ ঘনিষ্ঠ পরিচর, ওই ভাষার ন্যাপক অধিকার, অম্বাদক হিসেবে লোকনাথ ভট্টাচার্যকেও প্রভারদায় বিশিষ্টতা দিয়েছে। তাঁর 'অন্ততম প্রিয়তম কবি' রাঁাবোর প্রতি আছরিক অম্বরাগ ও রাঁাবোর কবিমানসভা ও কাব্যস্থভাবের সঙ্গে মর্মগত সম্পর্ক স্থাপনই তাঁর র্যাবোর কাব্যাম্বাদকে সঙ্গীব ও স্থানীপ্ত করেছে। অন্থবাদে মূল কবিতার স্বাদ সঞ্চার ও কবির মেজাজের আভাস প্রদান এবং বাঙলা কবিতা হিসেবে ওই অম্বাদের স্বাহত। ও রুগোত্তীর্গতা নিস্পাদন, এ ছুরের মধ্যেও তিনিও ষ্থাসম্ভব সামঞ্জ্য রেখে চলতে চেয়েছেন। র্ত্তাবাের 'Une Saison En Enfer' নামক কাব্যগ্রন্থের মূল ফরাসী থেকে তাঁর 'নরকে এক ঋতু' নামে

ষার মধ্যে উল্লেখযোগ্য 'Le Bateau Ivre' এর অন্থবাদ 'মাতাল তর্নী' ও 'Voyelles এর অন্থবাদ 'ঘরবর্ণ'। লোকনাথ আরও করেকজন ফরাসি কবির অন্থবাদ করেছেন. বাদের মধ্যে রয়েছেন, অরি মিশো, ব্যনে শার।

চল্লিশের দশকের অন্থানপ্রয়াসের মধ্যে দীপ্তিকল্যাণ চৌধুরীর 'লুই আরাগঁর কবিতা' ও সতীন্দ্রনাথ মৈত্রের 'মায়াকভ্ষির কবিতা' অন্থল্লিখিত থাকা উচিত নয়। আর ওই দশকেরই কবি জগলাথ চক্রবর্তীর নানা অন্থ্যাদকর্মের মধ্যে সম্প্রতিকালে প্রকাশিত প্রাচনি রুশ মহাকাব্যের অন্থ্যাদ 'ইগর গাথা', গ্রুপদী সাহিত্যে আধুনিক মননদীপ্ত অভিনিবেশ ও মূল রুশ ভাষা থেকে স্পন্দিত বেগবান গত্যে বিচক্ষণ ভাষান্তরের সমবাবে বিশিপ্ত হয়ে ওঠে।

পঞ্চাশের দশকের বাংলা কাব্যায়বাদপ্রযাদের মধ্যে যেন বিচ্ছিন্ন ত্রটো ধারার দেখা মেলে। একটি ধারায় প্রকাশিত, কাব্যায়বাদের তাংপর্য ও উপযোগিতা সম্পর্কে যথোচিত গুরুত্ববাধ, অরুবাদে তরিষ্ঠ অভিনিবেশ, মগ্নতা; আর একটি ধারায় দেখি কাব্যায়বাদ সম্পর্কে যেন একটা অবজ্ঞা ও অরুকম্পার ভাব, কিছুটা অভিনত্বের চমক আনতে ত্বরিত, অর্ধমনস্ক অরুবাদপ্রয়াদ। অলোকরঞ্জন দাশগুপ্ত, শঙ্খ ঘোষ, দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, আলোক সরকার ও শবৎকুমার ম্থোপাধ্যায়ের অরুবাদ-প্রচেষ্টায—দায়িত্ববাধ, নিবিষ্টত। এবং অরুবাদে মূল কবিতার প্রতি বিশ্বস্তত। রক্ষা ও বাঙলা ভাষার কবিতা হিসেবে স্বতন্ত্ব আস্বাত্তা সঞ্চার—এই তুই লক্ষ্যকে মেলানোর মৃধ্য সমস্যা সম্পর্কে সচেতনতার কমবেশি পরিচয় পাই।

প্রথম দিকে অলোকরঞ্জন দাশগুপ্ত, আলোক সরকারের সঙ্গে যুগ্মভাবে কিছু ফরাসি কবিতার অন্থবাদ 'ভিন্দেশী ত্বল' নামে একটি পৃষ্টিকার নিবদ্ধ করেন। এ ছাডাইংরেজি, ইতালীয় ও হিস্পানি কবিতার অন্থবাদও তথন তিনি করেন। অলোকরঞ্জনের ওই সময়কার রূপান্তরপ্রচেষ্টার মধ্যে সবচেযে উচ্চাভিলায়ী কোলরিজের বিশ্রুত দীর্ঘ কবিতা 'দি রাইম্ অফ্ দি এন্সিয়েণ্ট ম্যারিনার'এর অন্থবাদ 'বুডো নাবিকের উপকথা' ('সপ্তসিন্ধু দশদিগন্ত')। পরবর্তীকালে জর্মান ভাষায় ব্যাপক অধিকার অর্জন অলোকরঞ্জনের জর্মান কাব্যান্থবাদকে এক বিশেষ আয়তন দিয়েছে। বিশ্লেষণী পাতিত্য ও রসগ্রাহী আযাদনশক্তির উচ্ছল সমন্বয় দেখিতার মধ্যে। তাঁর হেলুবারলিনের কয়েকটি কবিতার অন্থবাদ 'ঈথারত্হিতা' নামে এক অত্যন্ধপ্রচারিত ক্ষীণ পৃত্তিকায় আধারিত হয়েছে। এই নৈটিক সংবেদী অন্থবাদ হেলুবারলিনের উন্ধর্মণ শীতক আক্তিকে যেমন সহক্ষেই চিনিয়ে দেয়, তেমনি বাঙলা ভাষার মৌলিক কাব্যান্থাদকেও প্রোক্তন্তাবে উপন্থিত করে। কিছুকাল আগে অলোকরঞ্জন-কত 'এই বিশ্বান্তর্পর স্বাহের প্রাস্থিক কবি' রোল্ক বীয়ারমানের কবিভার এবং 'শ্লেণ্টের কবিটা

এর অক্ষান একাকারে বেরিরেছে। তাঁর ব্রেশ্ট-অক্ষান মূল কবিতার কবিত্ব সংক্রোধিত কাজিক সহকোগের অভাবেই হয়তো বা তেমন প্রভার-উবোধক (convincing) তথা অক্ষাও অভ্যান কবির কাব্যাহ্বাদের মধ্যে অধিকতর উল্লেখ্য: হাইনে, বিলুকে, ওন্টার আইশ ও পাউল সেলানের কবিতার অক্ষাদ।

'গাৰের পত্র' প্রথম সংকলন আখিন ১৩৮২, অক্টোবর ১৯৭৫এ প্রকাশিত 'অমুবাদের नाव' निवस्क मच्य त्याय वरणिहरमन, जारभर्थभूनं, চরিতার্থ, অছবাদে, প্রয়োজনবোধ, মগ্নতা ও ভাষাজ্ঞানের মিলনের কথা। ওই লেখাটিতেই তাঁর ও অলোকরঞ্জনের যুক্ সম্পাদনাম নিম্পন্ন 'সপ্ত সিদ্ধু দশ দিগন্ত' সংকলনের তুর্বলতার কথা যে রকম তীব্র ভাষায় তিনি কব্ল করেছেন, পরিতাপ করেছেন ওই কাজে উপযুক্ত মগ্নতার অভাবের জন্তা, তা -অন্ত্বাদ**কর্ম সম্বন্ধে** বথোচিত গুরুত্ববোধ ও দায়িত্বচেতনাকেই ধরিয়ে দেয়। তাঁর কাব্যাম্থবাদ পরিমাণে তেমন বেশি নয়, কিন্তু তাব মধ্যেই অমুবাদক হিসেবে তাঁর নিবিষ্টতা ও নৈপুণ্যের পরিচয় যথেষ্ট আলোকিত হয়েছে। অবশ্র এর মধ্যে এলিঅটের দীর্ঘ কবিতা 'ড্রাই স্থালহেবজেন'এর অন্থবাদ, প্রয়ান হিনেবে অভিনিবেশযোগ্য হলেও মূল কবিতার কবির মানসতাব সঙ্গে যথাযোগ্য সাযুদ্ধ্যের অন্থপস্থিতিভেই বোধ হয় তেমন অভিযাতী হয়ে উঠতে পাবে নি। আবার ওই বাঞ্চিত সাযুজ্যেব নিবিডতাই তাব ত্রেশ্ট ও হিমেনেথের কবিতার, বিশেষ করে নিকোলাস গ্রিয়েনের কবিতার অমুবাদকে অনস্বীকার্য আসাহাতায় ঋদ্ধ করেছে। 'চিডিয়াধানা ও সভান্ত কবিতা' (দেশবিদেশের কবিতা: ৪) নামে গ্রন্থিত গ্যিয়েনের কবিতা-অছবাদে মূল কবিতার ।তির্বন্ধ ব্যঙ্গ, প্রতিবাদ-প্রতিবোধ, ক্ষোভ ও অন্তর্বেদনার যুক্ত প্রবাহকে অব্যাহত রেখেই তিনি তাঁর অমুবাদকে শুভন্ধ কাব্যমহিমায় গবীয়ান কবে তুলতে পেরেছেন।

নানাদেশের নানাভাষার বেশ করেকজন কবির কবিতারই অছবাদ করেছেন দেবীপ্রকাদ করেগোপাধ্যার। তার মধ্যে সর্বাত্তে উল্লেখ্য দিবোায়াদ ইংল্লেজ কবি ব্লেক, আর হিম্পানি তুই কবি—লোকসভাষী, ইন্তিয়বর্ণিল লোর্কা আর নয় কথিবের সভাষী হিমেনেথের কবিতার অন্থবাদ। একমাত্র প্রকাশিত কাব্যাছ্বাদগ্রহ, হিমেনেথের কবিতা-অন্থবাদের সংকলন 'শিকড়ের ভানা'র প্রারম্ভিক নিবেদনে দেবীপ্রসাদ জানিরেছেন: 'বীকার করতে হর অন্থবাদও এক ভাবে কবিতাটির ভায়।'—এই সগর্ভ বাব্যটি সক্ষত-ভাবেই 'আক্ষরিক অন্থবাদ' কথাটির মধ্যে বে আক্সপ্রভারণার বিষ্কান্তি করেছে ভাকে ইন্লাটিত করে দের। অন্থবাদকে ক্ষত্র কাব্যস্থার ক্ষত্র করার হিবে প্রধানত নকর মেন্তে, প্রাক্তে ব্ল কবিতার অন্থবাদুকু বলাকজন স্বকার মাধ্যতে নেলীপ্রসাদ বে সামেই থেক্তেন্ত্রন, লে করা তিনি কই নিকেনেই ক্ষেণ্ড করেছেন্ত: 'প্রবিহ্নিত অভিন্ত আক্রান্ত্রন, বে. '১৮ আমার হুঃসাগ্ধ্য জেনে গোড়া থেকেই আমি ওধু চেটা করেছি অস্তুত কবিভার বিমিনয়ে একটি কবিতা যদি পাওয়া যার। তার মধ্যে, ব্যাসন্তব, অন্তব্যক্তিক অন্তত বাতে না হারায়। যাতে তা একটু পাঠযোগ্যও হয়ে উঠতে পারে আমার ভাষায়।' লোর্কা ('লোর্কা: প্রথম পর্বায়ের কবিতা' মাসিক বাঙলা দেশ অন্তবাদ-সংখ্যা বর্ব ৬ সংখ্যা ৩-৪ আগস্ট-সেপ্টেম্বর ১৯৭৭) ও ব্লেকের কবিতার অন্তবাদে ('অগরিজ্ অব ইনোসেজ' পরমা সংকলন: ৩ বর্ষা ১৩৭৭), মৃল কবিতার ভাব, আবহ, রূপকল্প ও কবির মের্জাজের আন্তাস বেমন দেবীপ্রসাদ ফুটিয়ে তুলতে চেয়েছেন, তেমনি বিশেষ অভিনিবিষ্ট থেকেছেন তাঁর অন্তবাদকে বাঙলা ভাষার কবিতারপে চরিতার্থ ক'রে ভোলার প্রয়াসে। তবে স্বাভাবিক ভাবেই ব্লেকের কবিতা-অন্তবাদের ক্ষেত্রে মূল ভাষা তাঁর আয়তে থাকার জন্ম কাব্যাম্থবাদের প্রোক্ত হুই দিকের মধ্যে প্রাথিত ভারসাম্য তিনি রাথতে পেরেছেন, কিন্তু হিমেনেথ ও লোর্কার কবিতা অন্তবাদ করতে গিয়ে মূলের প্রতি বিশ্বভার চেয়ে অন্তবাদকে স্বডন্ত্র কবিতা হিসেবে বসগোঁরব দেওয়ার দিকেই তাঁর স্কল্পন্ত ঝোঁক পড়েছে।

র্টাবো ও ভের্লেনের কবিতার মনোযোগী ও অচ্ছন অমুবাদ করেছেন শরৎকুমার মুখোপাধ্যায়। আর স্থনীল গলোপাধ্যায় ও শক্তি চট্টোপাধ্যায়, ওই একই দশকের অর্থাৎ পঞ্চাশের জনসমাদৃত হুজন কবিই, প্রচুর অমুবাদ করেছেন। স্থনীলের অবশ্র কাব্যামুবাদের বই এখনও পর্যন্ত একটাই বেরিয়েছে; শক্তির কিন্তু একক ও যুগ্ম কাব্যান্থবাদের বই একের পর এক প্রকাশিত হয়েছে। তাঁদের ত্জনেরই অন্থবাদ-প্রয়াদে অমুবাদকের দায়িত্ব তেমন ভাবে স্বীকৃত নয়। স্থনীল গলোপাধ্যায় কেমন দায়হীন অবজ্ঞার দৃষ্টিতে যে কাব্যাহ্নবাদকে দেখেছেন, তা তাঁর 'অন্ত দেশের কবিতা'-র ভূমিকা 'অন্ত দেশের কবিতা: বিংশ শতাব্দী'তে স্পষ্ট। সেখানে তিনি লিখেছেন: 'প্রথমেই জানিয়ে রাখতে চাই যে, এই বইতে যাঁরা বিশুদ্ধ কবিতার রস খুঁজতে যাবেন. তাঁদের নিরাশ হবার সম্ভাবনাই খুব বেশি। এ বইতে কবিতা নেই, আছে অম্প্রাদ কবিতা। অহবাদ কবিতা একটা আলাদা ঝাত, ভূল প্রত্যাশা নিয়ে এর সমুখীন হওয়া বিপজ্জনক। অন্তবাদ কবিতা সম্পর্কে নানা স্তত্তির নানা মত আছে, আমি এতগুলি কবিতার অনুবাদক, তবু আমার ব্যক্তিগত দৃঢ় বিশ্বাস, অনুবাদ কবিতার পক্ষে কিছুতেই বিশুদ্ধ কবিতা হওয়া সম্ভব নয়, কখনো হয় নি।' ওই লেখাতেই স্থনীক জানিয়েছেন যে, একজন প্রদ্ধেয় ব্যক্তির অনুরোধেই তিনি এ কাজে হাত দেন, কোনো অনিবার্থ আভ্যন্তর তাগিদে নয়, এরকম কোনো পরিকল্পনাই তার ছিল না। তবু তিনি যে এ দায়িত্ব নিতে গরাত্মধ হন নি তার কারণ এ-কাজটাকে ভিনি খুব গুৰুতৰ মনে করেন না। 'এখানে বিশেষ কোনও প্রতিভা বা মেধার প্রশ্ন নেই, বায়োজন তথু পরিশ্রম।' নানা দেশের নানান্ ভাষার অনেক কবির কবিতাই স্থনীল একের পর এক অহ্বাদ করে গেছেন তাঁর 'অন্ত দেশের কবিতা'য়। এক-একজন কবির বিশিষ্ট মেজাজ, তাঁর কবিতার হৃত্য ভাবাবহ ও উপস্থাপনভিল বুঝে নিজে অহ্বাদকের যে বিনীত থৈব, নৈষ্কিক প্রযন্থ ও ঐকান্তিক নিবিষ্টতার প্রয়োজন, তার বিশেষ কিছু পরিচয়ই তাঁর এই অহ্বাদ-প্রয়াদে মেলে না। তবে তার বেশ কিছু কাব্যা-হ্বাদই মূল-সম্পর্কে অনবহিত থেকে একরকম স্ক্রন্দে পড়ে যাওয়া যায়। কিছু শক্তি চট্টোপাধ্যায়, মূল কবিতার প্রতি আহ্গত্যের ব্যাপারে বেপরোয়া ভাবে অসতর্ক থেকেও, ত্বরিত দায়হীনতায় একের পর এক, ওমর থৈয়াম, কালিদাস, হাইনে, রিল্কে, লোর্কা, নেরুদা—এই ধরনের ভিন্ন স্থভাবী কবিদের কবিতা, যে ভাবে অহ্বাদ করে গেছেন, তাতে প্রায়শই এটুকু স্থন্ধিও আবার মেলে না।

শতর কবিকৃতিতে তেমন চিহ্নিত না হলেও মানবেক্স বন্দ্যোপাধ্যাথ তন্ত্রিষ্ঠ শ্রভিনিবেশ ও সচেতন একাগ্রতা নিয়ে বেশ কিছুকাল ধরেই অহ্ববাদ-প্রয়াদে নিয়োজিত রয়েছেন। 'দেশ বিদেশের কবিতা' পর্যায়ে তাঁর চারগানি কাধ্যাহ্ববাদ গ্রন্থ: জ্বিগ্নিয়েভ হেরবেটের ভাবুক্বাবৃ', পেটার হান্ট্কের 'অর্থহানতা আব হুণ,' হান্দ মাগ্র্দ্প এনংদেন্দ্বারগারের 'ফেনা: কবিতা যার। পড়ে না তাদের জন্ম কবিতা' ও 'ইয়েশি 'হারাসিমোভিচের কবিতা' এবং বিভিন্ন প্রপত্রিকায় প্রকাশিত মগ্রন্থিত ও ছোলুবের কবিতা-অহ্বাদ অবশ্রুই শ্বতম্ব মনোযোগের দাবি রাথে।

পুষ্কর দাশগুপ্ত—বাটের দশকে এই একজন মাত্র কণি-অন্থবাদকের মধ্যেই, বথাযোগ্য প্রস্তুতি ও মানসতা, গৈয়নীল অন্থবানন, বিনাত প্রয়ন্ত, তরিষ্ঠ অভিনিশেশ খুঁজে পাই। মূল কবিতার ভাবনস্তু ও কপকরের যথাসপ্তল আভাস প্রদান ও শুজন্ত বাঙলা কবিতা হিসেবে অন্থবাদের শিল্পমার্থকতা সম্পাদন—কাব্যান্থবাদের এই তুই দিকের মধ্যে সামঞ্জন্ত বন্দার পুন্দব বিশেষ সচেতনতার পরিচ্ব দিয়েছেন। লোর্কা, হিমেনেও, আলবেতি—এই তিন প্রধান ছিম্পানি কবির বেশ করেকটি কবিতা অন্থবাদ করেছেন তিনি। এর মধ্যে বিশেষ ভাবে উল্লেখ্য লোর্কার দীর্ঘ কবিতার অন্থবাদ : 'সানচেথ মেহিয়াদের জন্ত শোকগাথা' ('সারস্বত' বা 'সারস্বত প্রকাশ' ১ম বর্ব ১ম সংখ্যা)। 'বিশ শতকের ফ্রাসি কবিত। আটজন কবি'-নামক অন্থবাদ-কবিতার এক অতীব উল্লেথযোগ্য সংকলনের সংপাদক পুন্ধর, এখন সমগ্রত ফ্রাসি কবিতার অন্থবাদেই নিবিষ্ট। পুরোনো ফ্রাসি কবিদের কবিতা যেমন তিনি অন্থবাদ করেছেন, তেমনি অন্থবাদ করেছেন আলোয়াই জিয়ুল বের্ল্ল নামে শ্বন্ধ-পার্রিছত কিন্তু তাৎপর্যবান্ ফ্রাসি কবির কবিতা (Le 24/২৪ তৃতীয় সংকলন) এবং মান্ধ জাকব সীবোম আপলিনের, ব্লেজ সীলার, সাঁয় বন্ পার্সার, জাঁর মিশো, ক্ল'সিস

পৌজ, জাক্ প্রেভের, রনে শার প্রভৃতি কীর্তিমান আধুনিকদের সঙ্গে কানিবেল বিপার মতো নতুন ফরাসি কবির কবিতাও (Le 24 / ২৪ পঞ্চম সংকলন)। তার সাম্প্রাক্তিক অন্থবাদকর্মের মধ্যে বিশেষভাবে উল্লেখ্য ব্লেজ স্ত্রাবের 'Prose du Transsibe rien et de la petite Jeanne de France' শীর্ষক দীর্ঘ কবিতার অন্থবাদ, 'ট্রান্সাইবেরিয়ান আর ক্রান্সের ছোট্ট জানের গত্য' এবং জাক্ প্রেভেরের 'Lanterne Magique De Picasso'-শীর্ষক দীর্ঘ কবিতার অন্থবাদ 'পিকাগোর ম্যাজিক লগ্ডন' ('বিশ শতকের ফরাসি কবিতা আটজন কবি)। এই তটি কবিতাব ত্রুক রূপান্তরকর্ম পুদ্ধর ধৈর্মশীল নিষ্ঠায় ও সাহসিক নৈপুণ্যে সমাধা করেছেন।

সম্প্রতি কালে বাঙলা কাব্যামবাদের ধারা যে বেশ কিছুটা শীর্ণ ও মন্বর হয়ে পডেছে, তা একটু অন্থাবন কবলেই বোঝা যায়। এর মধ্যে যা কিছু শ্লাঘনীয় রূপান্তরপ্রয়াদ দেখতে পাই, তা সবই প্রায় বয়ংপ্রাপ্ত কবিদের ক্বতি। তঙ্গণতর ও তঙ্গণতম কবিদের মধ্যে এ ব্যাপারে হয় সার্বিক অনীহা ও ওদাদীন্ত, নয় দায়িত্বজ্ঞানবিবহিত নিষ্ঠাহীন বিচ্ছিন্ন ত্রিত প্রযাদের দেখা মেলে। এর প্রধান কাবণ তাৎপর্যপূর্ণ কাব্যামুবাদপ্রয়াদে নিয়োজিত হতে গেলে যে বিনীত ধৈর্য, নৈষ্ঠিক প্রযন্ত, একাগ্র অভিনিবেশ, মগ্নতা, স্থান্থির পঠন ও অমুধ্যান প্রযোজন, এখনকার বাঙলার সাহিত্যিক পরিমণ্ডলে তার সাক্ষাৎ মেলা ভার। স্থলভ চাতুরা ও চমকের প্রলোভন, বহিঃক পারিপাট্যের উজ্জল্যে ভাবের দীনতা ও ভাবনার অগভীরতা গোপন করার প্রতারক প্রবণতা, এখন বাঙলা কবিতায় ভদ্ধতার সন্ধান ও শিল্পসিদ্ধির আকৃতিকে প্রায়শই বিপর্যন্ত করে দেয়। কবির যে মানসিক প্রস্তুতি অর্জন করা চাই, তাঁর যে থাকা উচিত নিরস্তুর পঠন-অভ্যাদে দেশবিদেশের কবিদের কাছ থেকে সচেতন সন্ধিংস্থ মন নিয়ে শিক্ষাগ্রহণের আগ্রহ, এই প্রোজ্জল সত্যটিই বেশ কিছু কাল আগে থেকে, এ দেশে আডাল হরে গিয়েছে। এর ফলে তরুণ কবিদের অধিকাংশের মধ্যে অন্তত লোপ পেয়েছে বিদেশী কবিতার নানা তাৎপর্যপূর্ণ পরীক্ষানিরীকা সম্পর্কে থোঁজখবর রাথার তাগিন, আর এই মনোভাব বিশেষ করেই কাব্যাস্থবাদের সিদ্ধির পথে প্রাচীর তুলে দিয়েছে। কারণ মৌলিক কবিজা-স্ষ্টির ক্ষেত্রে অশিক্ষিতপট্ত যদি বা কাউকে কথনো-সখনো উতরিরে দিতে পারে. নৈষ্টিক প্রয়ত্ম ও সচেতন মননের সাহচর্বহীন নিছক স্থাইকল্পনা কাব্যাস্থ্রাদের ক্লেজে কিছ শক্তিহীন, অসহায়।

দামগ্রিক ভাবে আধুনিক বাঙলা কাব্যাস্থাদচর্চার আর-একটা অভাবের কথাও মনে হয়। বিদেশী কবিতার অস্থাদে প্রবৃত্ত হয়ে এ কালের বাঙালি অস্থাদক প্রতীচ্যের দল-দামন্ত্রিক কবিদের প্রায় উপেক্ষা করে প্রোনো কবিদের দিকেই দৃষ্টি দেন। বোদলেয়ার বা বিন্দুকের কবিতা ডাই এবনো আরাদের কাছে আধুনিক কাব্যকলার পরস্কার

চিহ্নিত। এই অবস্থার একাধিক হেতুই অন্নমান করা সম্ভব। প্রথমত, সাহিত্যের ক্ষেত্রে আমরা অন্তের ছাডা-পোশাক পরতেই বেশি আগ্রহী। তাই পাশ্চান্তা দেশে যে সাহিত্য-আন্দোলন, সাহিত্যিক ভাবনাপদ্ধতি ও প্রকাশরীতি পরিত্যক্ত হয়, আমরা তার দিকেই অবধারিত ভাবে ঝুঁকি। দ্বিতীয়ত, পরীক্ষানিরীকামূলক নতুন সাহিত্যের वाइक वित्नमी वहें ७ পত्रभिद्धिका এ (मृत्य जामा क्रममहें करम याष्ट्र । यहा ওই নতুন বিদেশী দাহিত্যের যথায়থ পরিচয় আমাদের কাছে পৌছোচ্ছে না। আর তাই ওই সাহিত্যের প্রতি আন্তরিক আকর্ষণ বা মৃগ্ধতা বোধ করে কোনো অমুবাদক যে তার রূপান্তরে প্রয়াদী হবেন, তার সম্ভাবনা খুবই হ্রাদ পাচ্ছে। তৃতীয়ত, এ ক্ষেত্রে আর একটা বড সমস্তাও রয়েছে। সামস্ততান্ত্রিক সংস্কার, গ্রামীণ মনোভাব, অবৈজ্ঞানিক ধ্যানধারণা দ্বারা অধিকৃত আমাদের সামাজিক ও সাংস্কৃতিক জীবন-পরিবেশের সঙ্গে সপ্পূক্ত বাঙলা কবিতার ভাষা, জত ধাবমান পাশ্চাত্য সভ্যতার বাহক, শিল্প-বিজ্ঞানে উন্নত দেশগুলির জীবনযাপন ও মানসতার প্রকাশক সমকালীন মুরোপীয় ক্বিতার ভাববস্তু ও উপস্থাপনকে যথায়থ আভাসিত করতে যে সক্ষম নয়, প্রায় গল্প-উপস্থাদ-সর্বন্ধ বাঙলা ভাষার শব্দের পুঁজি যে আজকের পশ্চিমা কবিতার ভাব ও ভাবনার নানাবিত্যামুখী বিস্তার ও বৈচিত্যের তুলনায় দীন--এ উপলব্ধির পচেতনতাও হয়তো বা সমকালীন প্রতীচ্য কাব্যধারার অমুবাদ-প্রয়াদে বাঙলা ভাষার অমুবাদকদের নিকংসাহ, নিক্তম করে থাকবে।

কাব্যনাট্য ও তার ভাষা

অশ্রুকুমার সিকদার

যে নৈ রা আ দি কি বা বা জি ছে র বি না শের কথা এলিয়টের নামের সঙ্গে বিশোষ ভাবে যুক্ত, সেই কথাই অন্থা ভাবে একদিন কীট্দ্ একটি বিখ্যাত চিঠিতে বলেছিলেন—'একটা ঘরের মধ্যে যখন লোকজনের সঙ্গে আমি থাকি—তথন ঘরের সকলের সত্তা আমার উপর যেন মুদ্রিত হযে যেতে থাকে এবং I am in a very little time annihilated—আমার আমিঅ অল্প সময়ের মধ্যেই বিনপ্ত হয়ে যায়।' কীট্দ্র যে Otho the Great লিথেছিলেন ভাকে কেউ সার্থক কাব্যনাট্য বলবেন না, কিছ ভার চিঠিপত্র থেকে বোঝা যায় কাব্যনাট্যরচনার মৌলিক শর্ত কীট্দের জানা ছিল। সেই মৌলিক শর্ত কীট্স-কথিত নিগেটিভ ক্যাপাবিলিটি, নৈরাআদিদ্ধির অন্থা নাম। 'It has as much delight in conceiving an Iago as an Imogen. What shocks the virtuous philosopher delights the chameleon poet.' এই নৈরাআদিদ্ধি তার ছিত্রীয় প্রকৃতি ছিল বলেই শেক্স্পীয়ের একজন শ্রেষ্ঠ নাট্যকার, শ্রেষ্ঠ কাব্যনাট্যকার।

কবিস্বভাবের এই বৈশিষ্ট্য শুধু কাব্যনাট্যের বিষয়বিস্তাসে বা চরিত্রকল্পনায় বে সাহায্য কবে তাই নয়, এই বৈশিষ্ট্য বাতিরেকে কাব্যনাট্যের ভাষা সমস্তার সমাধান অসম্ভব। কাব্যনাট্যকাবের এই নেতিশক্তি যে বিচিত্র স্বষ্ট চরিজ্রের আভালে প্রপ্রাক্ত গোপন রাথবে তাহ নয়, ব য়য় ভাবে বলতে গোলে, বিচিত্র চরিজ্রের মধ্য দিয়েই যে কবিকে প্রকাশ করবে তাই নয়, সে চরিত্রের মূথে পরিস্থিতি অন্থযায়ী সঙ্গত ভাষা যোগাবে—চরিত্র সঙ্গত ভাষাব মধ্য দিয়ে নিজন্ম সত্য পাবে। স্বরচিত 'Countess Cathlean' সম্পর্কে মন্তব্য করতে গিয়ে ইয়েট্স্ এই ধলনের কথাই বলেছিলেন। তার মতে, নাট্যকারের নিজন্ম কোনো দর্শন নেই; যদি কোনো দর্শন থাকে তবে তা পাত্রপাত্রীর মূখ দিয়ে গুধু নয়, ক্শীলবের অবস্থা সমস্তা ও ক্রিয়াকর্মের মধ্য দিয়ে প্রচ্ছন্নভাবে অথচ স্বাভাবিক ও স্বতঃক্তিভাবে প্রকাশ পায়। নাট্যকার যথন বহুরূপী, ভার যথন তিনি কবি, তথনই তিনি কাব্যনাট্যকার হতে পারেন।

আর একটা কথা জেনে নেওয়া দরকার, গীতিকবিতার স্বতঃ স্কৃত সাবলীলতায় এবং আপাতপ্রয়সহীনতায় কাব্যনাট্যরচনা সম্ভব নয়। আকারে-ছোট গীতিকবিতাই একমাত্র কবিতা—কবি গ্রেভ্স্বা সমালোচক আইভর্উইন্টার্সের এই দাবি মেনে নিলে

অবশু, কাব্যনাট্যকে কাব্য বলে মেনে নেওয়া কঠিন হবে। কিন্তু গীতিকবিতার মানে পৃথিবীর সব রক্ষের কাব্যকে যাচাই করতে গেলে এমন সব মহা এবং মহৎ কাব্য অপ্রস্তুত হবে, যাদের কাব্যত্বের দাবি অস্বীকার সভ্যতার পক্ষে অসম্ভব। ভেবে দেখা দরকার, কোনো ভাত্তিক শুদ্ধতার দায়ে আমরা কার্যত পরশুরামের কুঠার ব্যবহার করতে রাজি আছি কি না। এ কথা সত্য যে, গীতিকবিতার সর্বাঙ্গে যে অফুপ্রাণিত অগ্নিকণিকা থাকে মহাকাব্যে ব। কাব্যনাটো তা সর্বত্র থাকে না—মধ্যবর্তী অন্ত জরুত্তি অংশগুলিকে পরিকল্পিভভাবে পদ্ধতি ও প্রকরণের বৃদ্ধিমান কৌশলে পার করে নিম্নে ষেতে হয়; ডিয়নিদীয় মততায় তাদের পংক্তিগুলো জন্ম নেয় না, পরিকল্পনা, বুদ্ধির খাদ, গল্পের কাঠামো ধরে তার আবির্ভাব। এবং আজকাল কে না জানে যে গীতিকবিতাও বেশির ভাগ সময় ডিয়নিসীয় মন্ততায় আবিষ্ট করে জন্ম নেয়না। কাব্যনাট্যে সর্বত্র গাঁতিকবিতার সমূলত শিথর প্রত্যাশ্য করা যাবে না, বিনিময়ে অথচ জীবন সম্বন্ধে সেথানে এমন এক সার্বভৌম উপলব্ধি অর্জন করা যায়, গীতিকবিতা তার সমগ্র স্থামা দত্তেও যা দিতে কদাচ দক্ষম। তাই যে কবি গীতিকাব্যকেই কাব্যের পরাকাষ্ঠা বলে বিবেচনা করেন, অন্ত্রেরণাবাদের উত্তেজনায় বুদ্ধিকে নির্বাদন দিতে চান, তাঁর পক্ষে কাব্যনাট্য রচনা অসম্ভব কর্ম। গীতিকবিতা প্রথম স্বরের কাব্য, কাব্যনাট্য ততীয় স্বরের কাব্য-এদের পার্থক্য মৌলিক। কাব্যনাট্যে নানা বিষদ্ধ দাবিসমূহের মধ্যে রচয়িতাকে যে সামঞ্জ ও বোঝাপড়া করতে হয়, তা হয় গীতিক্**বির** অভাববিরুদ্ধ, অথবা তা তিনি করতে অনিজ্ক। কাব্যনাট্যকারকে অথচ বুদ্ধির গাদ 👁 চিন্তার কাঠামোর সঙ্গে ক্ষণাক্ষিণ্যমণী প্রেরণার বারবার বোঝাপড়া করতে হয়।

তার নামই জানিয়ে দিছে তাকে নাটক ও কাবা হিসাবে সার্থক হতে হয়। এ কথার অর্থ এই নয় যে রচনাটিতে সমগ্র ভাবে নাট্যলক্ষণ মোটের উপর বর্তমান থাকরে; তার অর্থ এই যে, তার প্রত্যেকটি বাক্য ও চরণকে নাটকীয় সপ্পতির কষ্টিপাথরে যাচাই করতে হবে। আবার রচনাটির কোনো কোনো চরণ বা কোনো কোনো অংশ কাব্যম্বের ধারা জাক্রান্থ হলেই চলবে না, উপরস্ক সমগ্র নাটকটিকে হয়ে উঠতে হবে একটি অথও কাব্য। এখানে নাটকীয়তার মধ্যে কাব্যম্ব এবং কাব্যম্বের মধ্যেই নাটকীয়তা নিহিত। এই জৈব ব্যাপার থেকে কাব্যম্ব ও নাটকীয়তাকে বিচ্ছিন্ন ভাবে বিচার করার অর্থ শবব্যবছেদ করা অথক তাতে প্রাণের রহস্থ অজানা থেকে যায়। কাব্যনাট্যকে নাটক হওয়ার পরেও কাব্য হতে হবে। ঘটনা গতি উৎকণ্ঠা বিশ্বম্ন এই সব নাটকীয় গুণ যেমন থাকবে, তেমনি ঘটনা চরিত্র ভাষাকে কেন্দ্র করে তারই মধ্য দিয়ে একটি কেন্দ্রীয় তাৎপর্যও পুষ্পিত হবে কাব্যের মতো। কাব্যনাট্যে বস্তুমরীচিকার ভিতর দিয়ে বেরিয়ে আগবে কবির দিব্যদৃষ্টি, কবির ধ্যান। কাব্যনাট্যকে ঘই হিসেবে সত্য ও

বিশাস্থাস্য হয়ে উঠতে হয়—একদিকে জীবনের নাটকীয় সংঘাতের চিত্র হিসাবে, অন্ত দিকে কবির দিব্যকল্পনার প্রতীক হিসাবে। ত্ই স্তরে একই সঙ্গে কাব্যনাট্যকে সফল হতে হবে—বাস্তবতা ও প্রতীকের স্তরে। আমাদের পরিচিত 'অধঃপতিত স্থপ্রের' জ্পাৎ, বিশাস্ভকের ভূবন, তার এক ধন্ত বস্তমনীচিকা নাটকে ধরতে হয়; তারই মধ্যে আবার বিশ্বিত করতে হয় উপল্পির নির্যাসকে, প্রতীকী সত্যকে। মান্তবের জগৎকে বর্জন করে নাটক রচিত হতে পারে না, কেননা 'It is the anthropomorphic form par excellence'। মান্তবের সঙ্গেই এসে যায় মান্তবের সংঘাত পরিশ্রম স্থেদের লবণ। কিন্তু কাব্যনাট্য সেই দিনাম্বদিনের স্তরে থাকে না, তাকে উঠতে হয় ধ্যানময় সত্যের স্তরে, স্থামী উপল্পির অভিমর্ত্য জগতে।

কাব্যনাট্যের চরিজেরও তাই তুই স্তরের সাফল্য চাই—বাস্থবতার স্থরে এবং ব্যঞ্জনার ভারে। দঙ্গে দঙ্গে অবশ্য মনে রাখা দরকার কাব্যনাটোর চরিত্রের এই তুই ভর আদলে অবিভাজ্য। এক দিকে সমাজে স্বভাবে অভিজ্ঞতায় যে ধরনের মামুষ দেখি সচরাচর চরিত্রটি তাদের প্রতিনিধি হবে। প্রতিনিধি হবে, কিন্তু তাই বলে লুপ্ত হবে না তার প্রাতিষিকত!। এই পর্যন্ত গেল বাত্তবতার স্তর। কিন্তু আরো এক স্তর আছে যেখানে চরিত্র মান্তবের প্রতিচ্ছবি নয়, সত্যের ব্যঞ্জনা, উপলব্ধির প্রতিমা। আবার কখনো কাব্যনাট্যকারের নিজম্ব সন্তার, এমন কি অজ্ঞাত সম্ভাবনার উপলব্ধি ও প্রকাশের মাধ্যম—যে ভরে অন্ধ রাজা অয়দিপাউদ দোফোক্লিদের সতার অস্তরতম কোনো সম্ভাবনাকে ভাষাগত প্রকাশের আলোয় আনে। এলিগটের শহীদ বেকেটের মধ্যেও মনে হয় অন্তার অজ্ঞাতে অন্তার সভার নানা উপকরণ—অহমিকা, প্রলোভন, আত্মসমর্পণ-সব প্রকাশ পেঃছে। এই ব্যাপার হয় বলেই, যদিও চরিত্রের মুখে পারিপার্থিক অমুযায়ী দঙ্গত ভাষা যোগানো কাব্যনাট্যকারের কাজ, যদিও সমস্ত চরিত্রের মধ্যে অপক্ষপাত ভ্রষ্টার মতো বিরাজ করা তাঁর কর্তব্য, তবুও কোনো কোনো সময় যে চরিত্র কাব্য-াট্যকারের সন্তার অন্তর্নিহিত সম্ভাবনাকে আলোয় টেনে বের করে, সেই সমস্ত চরিত্রের মুখের কথার সঙ্গে কাব্যনাট্যকারের নিজের কথা যেন হৈতকঠে উচ্চারিত হতে থাকে। কারণ কাব্যনাট্যকার ভধু বছরূপী স্রষ্টা নন, তিনি কবি, তিনি দ্রষ্টা। পরিস্থিতি-পরিবেশ অন্ন্যায়ী, চরিত্রসঙ্গতি বজায় রেথে সংলাপের ৰাক্যপুঞ্জের একটা প্রাথমিক অর্থ থাকে, অন্ত দিকে কাব্যনাট্যকারের নিজের তরফ থেকে সেই একই বাকাপুঞ্জের মধ্যে প্রচ্ছন্ন ভাবে তিনি সঞ্চারিত করে দেন কোনো স্বতম্ব মহত্তর ব্যঞ্জনা। The Elder Statesmanএ লও ক্লাভারটনের মুখের এই কথা ক্যটি কি শুধু বুদ্ধ নায়কের কথা ? মনে হয়, বার্ধক্যের দরজায় এসব এলিংটেরও কথা:

I hope this benignant sunshine

And warmth will last for a few days more. But this early summer, that's hardly seasonable, Is so often a harbinger of frost on the fruit trees.

সমন্ত কাব্যনাটক যে কারণে সামগ্রিক বিচারে একটা অথণ্ড কাবা, সেই কারণে এই ধরনের নাটকে চরিত্রগুলি হয়, উইলসন নাইটোর ভাষায়, 'symbol of a poetic vision'। সহযোগী ও প্রভিবাদী ইমেজের মধ্য দিয়ে যেমন একটি কবিতার অগ্রগতি ও বিকাশ হয়, তেমনি সহযোগী ও বিক্লপ্রাদী চরিত্রের মধ্য দিয়ে গোবানাটকের অগ্রগতি হয়, তার মধ্যে ধর। পড়ে কাব্যের মহিমা।

বুঝে নিতে হবে, কাব্যনাট্যের কথা বলতে গেলে কেন বারেবারেই ভাষার কথা এনে যায়। কক্তো 'poetry of the theatre' এবং 'poetry in the theatre' এই তুইয়ের মধ্যে যে পাথকা নির্দেশ করেছেন হার মধ্যে 'poetry in the theatre'ই কাব্যনাট্য এবং সেইটিই আমাদের বিবেচনার বিষয়। আগের আলোচনায় স্পষ্ট করেছি এই কবিতা স্বয়ংসম্পূর্ণ নয়, নাটকের সঙ্গে সম্পূক্ত। আবার এই কবিতা ক্রান্তিনর 'theatrical poetry' বা 'hidden poetry's নয়। ঘটনাপরপরার অহুপুদ্ধের মধ্যে যে কবিতা নিহিত গাকে, যে কবিতা প্রছন্ত্র থাকে ভাষার আডালে সেই কবিতা কাব্যনাট্যের কবিতা নয়। কাব্যনাট্যে মেনে নিতে হবে ভাষার প্রাথমিকতা। ফার্ডাসনের মতে মঞ্চের এই কবিতা 'based upon the histrionic sensibility and the art of acting; it can only be seen in performance or by imagining a performance'। অভিনয়ের বাইরে বা নিচ্ দরের অভিনয়ে এই অদৃগ্র কবিতা হারিয়ে যায়। কিন্তু কাব্যনাট্যের কবিতা অভিনেতার স্বরক্ষেপ বা অঙ্গসঞ্চালনের উপর নির্ভরশীল নয়। নাটকের নিরুচ্চার মৃহুর্তে এই যে 'non-verbal' কবিতার দেখা মেলে দেই কবিতা কাব্যনাট্যের কবিতা নয়। কাব্যনাট্যের কবিতা ভাষায় আখিত—অভিনেতা-নির্দেশকের যোগ্যতা- এযোগা ভার পরপারে তার স্থান ।

২

ৰান্তবভার শর্জ পালনের জন্যে নাটকেব ভাষার ক্ষেত্রে পণ্ডের জায়গায় গাছের দাবিকে প্রবল ভাবে সমর্থন করেছিলেন অটাদশ শতাব্দীর যুক্তিপদ্বীর।। গছাই যেহেডু চলতি জীবনের বিনিময়-মাধ্যম সেই কারণে যুক্তিপদ্বীরা মনে করেছিলেন একমাত্র গাছের সাহায্যে জীবনের বান্তব রূপটিকে সঙ্গত ও সভ্যভাবে রূপায়িত করা সন্তব। প্রভাবের বোহকারী শক্তিকে তাঁরা নিদান্ধণ সন্দেহের চোথে দেখতেন। নাটকে গভা ব্যবহার ষধন একছেত্ত হয়ে উঠল তথন আমরা সোফোক্লিস বা শেক্স্পীয়র বা রাসিন্কে পেলাম না বটে, কিন্তু চেথফ ইব্সেন সীঞ্জ শ-প্রভৃতিকৈ পেলাম এবং তাঁদেরই অন্ততম ইব্সেন একটি চিঠিতে আত্মপ্রত্যের সঙ্গে ঘোষণা করলেন, 'Verse has been most injurious to dramatic art'। কিন্তু যুক্তিবাদের প্রতাপে নাটকের মাধ্যম একমাক্ত সন্তাই হয়ে ওঠার নাটকের মান নেমে এলো—নাটক ষেন আর আগের মতো উচ্চাণী বইল না।

বাস্তবতার তাগিদে প্রকৃতির মুখে আয়না ফেলার ভ্রান্ত উৎদাহে কিছুদিন পরেই ভাঁটা পড়ল। নাট্যকারেরা আর 'desert of exact likeness to reality'র বন্ধাত্তে তথ্য হতে পারলেন না। যে এক স্বতম্ব ভবন সন্ত ব। মাতালের চোধে ধরা পড়ে, ধরা পড়ে দিব্য অপাঙ্গে, সেই অতিমত্য সত্যের জগৎকে ধরার জরুরি দরকার অল্প দিন পরেই নাট্যকারেব। অক্রভব করতে শুরু করলেন। বুঝলেন তারা, পরিবর্ত-মান বান্তব জগতের বস্তমরীচিকা গ্রানাটকে সহজেই ধরা যায় বটে, কিন্ত ধরা যায় না নিহিত সত্যকে, মানবনিয়তির প্রগাচতম উপলব্ধিগুলিকে। নাটকের: বাহন হিসেবে গছের এই হুর্বলতা বুঝতে পেবে কেউ-কেউ গছের সীমানা বাদাতে চাইলেন, চাইলেন গ্লের মধ্যে কবিত্ব আনতে। এই চেটার প্রমাণ আছে চেথকে ইব সেনে, দ্বিওবার্গে, রবাজনাথে। কিন্তু সম্প্রতি শব্দ ঘোষ যেমন চমৎকার ভাবে দেখিয়েছেন, গল্পের কবিতা আর গল্পকবিতা এক নয়, তেমনি কবিছ থাকা আর কবিতা হয়ে উঠা এক ব্যাপার নয়। ইংরেঞ্জি অমুবাদের উপর নির্ভর করে কিছু ভোর করে বলা উচিত নয়, তবু ওয়াকিবহাল দাক্ষীদের সমালোচনা থেকে মনে इष्ठ, इत्राम वा हिशरकत्र नांग्रेटक कथरना-कशरना कविष এरम यात्र वरहे, किन्क ' তাদের গছনাটক কবিতা হয়ে ওঠে নি। এলিয়টের মতে চেথফ্ ও ইব্দেন অসামান্ত প্রতিভাধর ২৩বা সত্তেও গতের থারাই তারা বিশ্বিত। ফার্গুনন বলেন ইব্সেন্ও (চথফের দাফল্য 'represents a triumph over the limitation of the modern realistic theatre.'। তাঁরা নাটকে কবিত্ব সঞ্চার করেছেন, কিন্ধ আমাদের আলোচ্য নাটকের কবিত্ব নয়, কাব্যনাট্য-এমন নাটক যা আবার কবিতাও। বোধ হয় একমাত্র রবান্দ্রনাথ 'ডাকঘর'এ এমন গভানাটক লিখতে পেরেছিলেন যে নাটক হযে উঠেছে কাব্যনাট্য। 'ডাকঘর'—যাকে রবীন্দ্রনাথ 'বলেছিলেন 'গভালিরিক'—তার শব্দকে মথাস্থান থেকে না স্থিয়েও তাকে যে গছ-১ কবিতার ফর্মে দাজানো যায় দেটা আমি অন্ত জায়গায় প্রমাণ করেছি। 'ডাকঘর'এ যা আছে তা গ ছে র ক বি তা ন য়, গ ছ ক বি তা—তাই এই গছনাটক হরে উঠেছে কাব্যনাট্য। 'অন্তমুখী বিষ্মকেও গত ধরতে চার তার বাইরের দিকে উদযাটন

করে। কবিভায় আছে এর উল্টো চলন। কবিভা বাইরের বিশকেও আয়ন্ত করতে চার ভিতরের দিকে ঘ্রিরে নিয়ে।' সেই দিক থেকেও 'ভাকঘর' কবিভা, ভাই কাব্যনাট্য। আর একটা গল্পনাটককে বোধ হয় এই মর্ঘাদা দেওয়া যায়— 'বেকেটের Waiting for Godot ষেখানে একটি 'totally unique experience' কবিভার ভাষার স্বছভায প্রকাশিত। লোরকার The House of Bernarda Alba বা ভাইলান টমানের Under Milk Wood নাটকের গল্পে কবিত্ব থাকলেও ভাদের কাব্যনাটক বলা যায় না, কারণ এই ছুই নাটক বাইরের দিক উদ্ঘাটন করে, আমাদের ভিতরের দিকে ঘ্রিয়ে নেয় না। তাই অনেক গল্পনাটকে কবিত্বের ছোঁয়া লাগলো বটে, বাছব-স্বন্ধ্বরণের বাইরে গল্পের দীমা প্রশারিত হল বটে, কিন্ধু বিরল ব্যত্তিক্রম বাদ দিলে, গল্পনাটক কাব্যনাট্য হলো না।

গত্যের দীমার মধ্যেই বান্তবের অতিরিক্ত সত্যকে ধরার চেষ্টায় কেউ-কেউ প্রতীক ব্যবহার করলেন। ভুধু মেটারলিক নয়, যে ইবসেন একদিন 'ছল্স হাউদ' রচনা ক্রেছিলেন, তিনি স্বভাবপন্থার দাবি একদিন পরিত্যাগ করে প্রতীকের আশ্রয় নিলেন। তিনি লিখলেন, The Wild Duck, The Lady from the Sea-ইত্যাদি। প্রচলিত পরিচিত জগতের অন্তরালে অন্তর্গ চ সভ্যকেধরতে গিয়ে সচেতন ভাবে প্রতীকের আশ্রয় নিলেন, যেমন ইব্দেন তেমনি চেথফ। ইব্দেনের বন্ত মরাল, ঠাণ্ডা উত্তর সমুদ্র যেমন প্রতীক, তেমনি প্রতীক চেথফের সমুদ্রসারস। সনাতন কাল থেকেই অবশু নাটকে প্রতীক ব্যবহৃত হয়ে আসছে, কিন্তু সেই সব নাটকে প্রতীকের বিশেষ স্বতন্ত্র সচেতন গুরুত্ব ছিল না। **আধুনিক নাটকে সতে**রে ব্যঞ্জনা ধরার জন্ম প্রতীকের ব্যবহার হয় সচেতন ভাবে —তার মধ্যে সঞ্চারিত করা হয় অতিরিক্ত তাৎপর্য; নাটাকেন্দ্রও সরে যায় সেথানে, যেমন 'মুক্তধারা'র বাঁধে, 'রক্তকরবাঁ'র জালাবরণে। সে যাই হোক, প্রকৃত প্রতিভাবান খভাবপন্থী নাট্যকার, যিনি খেছায় গছকে নাট্যবাহনরূপে নির্বাচন করেছেন, তাঁকে কী ধরনের অস্থবিধায় প্ততে হয়ে Seagull তার চমংকার নিদর্শন। গল দিয়ে কাব্যের তাৎপর্য ধারণের চেষ্টায় যে অবশুজাবী অম্ববিধা তার থেকে মুক্তিপণ হিসেবে ব্যবহার করতে হয়েছে শেষ পর্যন্ত ঐ সমুদ্রদারসের প্রতীককে। গলে স্বেচ্ছাবন্দী না হলে অথচ এই তাৎপর্বের গ্যোতনা কাব্যনাট্যের স্পন্দিত ভাষায় প্রকাশ করা যেত, সম্ভবত কোনো প্রতীকের ব্যবহার ব্যাতিরেকেই।

এলিয়ট তাঁর নাটকের বাহন হিসেবে পশু ব্যবহার করে বাশুবের পরিচিত ভূবন এবং তারই দলে সম্প্রক সত্যের প্রতীকী ভূবনের মধ্যে সংযোগ রচনা করলেন, এথানেই এলিয়টের কাব্যনাট্যের ঐতিহাসিক মূল্য। তাঁর রচনার সাহিত্যমূল্য সম্বন্ধে মত--পার্থক্যের অবকাপ আছে, কিন্তু কাব্যনাট্যের ছন্দ্রপ্রকরণ নির্বাচনে তাঁর তথ্ ও ব্যবহারেশ্ব গুৰুত্ব মানতেই হবে। অটাদশ-উনবিংশ শতাকীর কাব্যনাট্যে কাব্যের প্লাবনে নাটকের ভুৰুভুৰু অবস্থা। মেটারলিঙ্ক প্রমুখ প্রভীকী নাট্যকারের প্রভাবে কাব্যিকনাট্য নামে ষে সংকর পদার্থের জন্ম হয়েছিল তাও 'urgencies of actuality' বর্জন করে ধামধেয়ালি কাল্পনিকতা, কুটছ ও রূপকথার জগতে যেন প্রস্থান করেছিল। কোনো কোনো বিষয় নিজে-নিজেই কাব্যময় এই ভ্রাম্ভ ধারণা ওই সব নাট্যকারকে ওই কর্মে আরো বেশি প্রবোচিত করেছিল। তারই জন্মে মনে করা হত, যা বাস্তবজীবন থেকে, সাময়িক কালের তপ্ত সমস্যা থেকে একেবারে বিচ্ছিন্ন—রপকথা বা পুরাণ বা অতীত ইতিহাসের বিশ্বত জগৎ—তাই বুঝি কাব্যনাট্যের একান্ত বিষয়। এক ধরনের গছনাটক ষেমন বাস্তবের তাগিদে আপতিক-সাময়িকের বাইরে মুখ বাডালো না, তেমনি এই দিতীয় ধরনের প্রতীকী বা কাব্যিক গছনাট্য বা ভুল আদর্শের কাব্যনাট্য সম্পূর্ণ জীবন-বিচ্ছিন্ন হয়ে নিজস্থ নির্মিত এক শূক্ততায় বিলম্বিত হয়ে থাকল। ইবদেন ও চেথফ্ ্যেধানে গছের গণ্ডির মধ্যে দাঁডিয়ে কাব্যের প্রতীকী জগৎকে ধরতে চেমেছিলেন, দেখানে এলিয়ট উল্টো দিক থেকে এসে প্রোর মাধ্যমে সমসাময়িক জগতের ধ্মনীর কম্পনটি ধরতে চাইলেন। দুট জগৎকে পুরোপুরি মেলাতে পারেন নি ইব্দেন-চেথফ; ছই জগতের মধ্যে মিলন ঘটানোর কৌশলটি শেখালেন এলিয়ট। সভ্যকে আপতিকের সঙ্গে আপতিককে সত্যের সঙ্গে মিলিয়ে দিতে শেখালেন তিনি কাব্যভাষার সাহায্যে। এলিয়টের ধাত্রাক্রম ইব্দেনের বিপরীত দিকে—প্রথম নাটকের ধর্ম ও রাষ্ট্রের জ্বদংক্ল, ধর্মীয় শহীদের ঐতিহাসিক পরিবেশ ও ক্যাথিড্রালের মধ্যযুগীয় পরিমণ্ডল পরিত্যাগ করে তিনি দ্বিতীয় নাটকে স্বভাবপদ্বার অতিপরিচিত ডুইংরুমে ফিরে এলেন। কোনো কোনো বিষয় নিজে-নিজেই কাব্যময় এই ধারণার অবসান ইতিমধ্যে ঘটায় এলিয়টের পক্তে এই প্রত্যাবর্তন বেশি সহজ হয়েছিল। আর এই বিষয়ের অন্তরোধে তিনি কাব্যনাট্যকে চেনা পৃথিবীর কাছে ফিরিয়ে আনলেন বটে, কিন্তু তাঁকে সত্যের প্রতীকী জ্গৎকে উপেক্ষা করতে হল না—কেন না আপতিকের গহনে প্রচ্ছন্ন সভ্যোপলব্ধিকে অমরত ষে দিতে পারে সেই চলঃস্পল্ময় ভাষাই তাঁর বাহন। সাময়িকতার দাবিতে তাঁর কাব্যনাট্যের ভাষা মুখের কথার স্পন্দনের নিকটবর্তী, স্থায়ী সত্যের দাবিতে অথচ ত। নিঃদন্দেহে কাব্য হয়ে উঠতে চায়।

কাব্যনাট্যের ভাষা 'হীন স্বপ্ন' ও 'সম্নত স্বপ্নের' আপাত-বিধাবিভক্ত জগতের মধ্যে সাবলীল স্বাচ্ছন্দ্যে যাভায়াত করবে। বস্তুসতা ও তদতিবিক্ত সত্যকে এই ভাষা একই সলে স্পর্ন করে নাটকীয়তা ও কাব্যত্তের মুগ্ম সার্থকতার। নাটকে প্রকৃতির অনুকরণপ্রবণতা, মাইমেসিস বা 'naturalist fallacy'র বিক্লকে কিলোহে ইনেট্ন্ও

এই গভিবছভাকে অভিক্রম করে গেলেম, কিন্তু ইয়েট্স্ অভাবপন্থার সঙ্গে ততটুকুওবোঝাপভা করতে তৈরি ছিলেন না। আইরিশ রূপকথা লোককাহিনী থেকে নাটকের
কাহিনী নির্মাচনে তিনি সংকোচ বোধ করলেন না, যদিও সঙ্গত কারণেই সেই সব
উপাখ্যামকে তিনি আধুনিক জীবনের সঙ্গে সম্পূক্ত করে তুললেন। অন্ত দিকে 'dry
as dust' আধুনিক মান্থবেব ব্যবহৃত সংকর গছা তিনি অগ্রাহ্ম করলেন মহৎ ভাবপ্রকাশের অন্তপ্রকু বিবেচনায়। ইয়েট্স্ তাব নাটকে সন্ত ও মাতালেব চোখে যে সভ্য
কথনো কথনো ধরা পঢ়ে তাকে স্থায়িত্ব দেবাব জ্বন্তে ছম্পোবন্ধ বাণীকে নির্বাচন
কবেছিলেন—বল্পঃ গংকে শিল্লময় শৃদ্ধালা দেবাব প্রধাজনে 'ancient sovereignty
of language' প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। কাব্যনাট্যে ভাষার এই প্রাধান্ত মেনে
নিতে হবে। গীতিকাব্যের জায়গায় কাব্যনাট্যের সাধনা ইয়েট্স্-এর মতে পৌরুষেব
সাধনা—কিন্তু এই পৌরুষের সাধনায সিন্ধি, তার মতে, একমাত্র কাব্যের ছন্দোবন্ধ
বাণীব টংকারই দিতে পারে।

শ্বভাবপশ্বার বিরুকে প্রতিবাদ কবে জাপানি নোহ্ নাটকেব প্রভাবে ইয়েট্দ্এর নাটকের পরবর্তী বিবর্তন হল নৃত্য ও নাটকের ভেদবেখা লোপের দিকে। শব্দের বাৎপত্তি আমাদের বলে যে একদিন নৃত্য ও নাট্য একই বীজ থেকে জন্ম নিয়েছিল, কিন্তু সে অনেক প্রাচীন কালের কথা। তাবপর দীর্ঘ সময়ের বিবর্তনে এই ছই শিল্প পৃথক ধর্ম ও স্বতন্ত্র ঐতিহা অর্জন কবেছে। আজ তাদেব মধ্যে ভেদরেখা লুপ্ত করে দিলে সেই ততীয় শিল্প নাটকও থাকবে না, নৃত্যও থাকবে না—হযে উঠবে অন্য এক শিল্প. ধার নাম ববীন্দ্রনাথ দিখেছেন নৃত্যনাট্য, ইয়েট্প্এর অফুকরণে ভাব অগ্ন নাম ্রহতে পারে 'plays for dancers'। শিল্পমাধ্যমের সংমিশ্রণে আপত্তির প্রশ্ন নয়. প্রশ্ন ্ষতন্ত্র শিক্স হিসাবে চিহ্নিত করার। আর এই সংমিশ্রণের আর এক অর্থ দাঁডার. ্রভাষার বে প্রাচীন সার্বভৌমত্ব ইয়েট্স্ নাটকে প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন, শেষ প্রয়ন্ত 🖟 সেই ভাষার উপর আফাহীনতা, বাক্যের স্পটর উপর সংশয়। পছানাট্যকারের। ্র এথকদিন যেমন নিরুপায় হযে প্রতাকের আশ্রয় নিয়েছিলেন, ইয়েট্স্ও তেমনি নুড্যেক সহযোগ চাইলেন। এই চাওয়া এক দিক থেকে ব্যর্থতার স্বীকৃতি। রবীশ্রনাথের ্বীনভানাট্যকে যদি এই সদে কাব্যনাট্য হিসেবে বিচার কন্মি, তা হলে দেখি তুলনায় ্ববীজ্ঞনাথের নৃত্যনাট্যে ভাষার মহিমা অনেক বেশি—কারণ এথানে স্থর ও নৃত্যের ें छित्रमा, छाबाब निवक छाववश्वत अङ्गामी। ইয়েট্স্এর 'At the Hawk's Well' ুণ্ডুছুজি নাটকে নৃত্য, আবহসংগীত, বান্ধপাথির চীৎকার, প্রতীকী ভঙ্গিষা, ভাষাক ৰক্ষেই সমান মৃল্যবান। কিছ সভ্যকার কাব্যনাট্যে এরা বড়ো জোর পকাৎপটের মূল্য পাছ-তাৰ অনুনট্য ও বহিনাট্যের বধার্থ প্রতিষ্ঠা ভাষার ক্ষমর বিস্তাদের মধ্যে। তাই কাব্যনাট্য ব্যাপারে ইরেট্স্এর পরবর্তী পরীক্ষানিরীক্ষা আমাদের এক কানাগলিতে উত্তীর্ণ করে, সেখান থেকে অগ্রগতির পথ অবক্ষম। কাব্যনাট্যের আদর্শ এতই ছুরধিগম্য যে এলিয়টও একবার হতাশ হয়ে ভেবেছিলেন ব্যালেই হতে পারে যথার্থ কাব্যনাট্য—যেখানে বিশুদ্ধ সংগীতকে আশ্রয় করে অভিব্যক্ত হয় নৃত্যের বিশুদ্ধ ভলিমা। তবু এই কবি তত্তের দিক থেকে অন্তত্ত কাব্যনাট্যের অনেক প্রশ্লের মীমাংসা করেছেন; তাঁর সেই মীমাংসাগুলে। আমাদের জেনে নেওয়া দরকাব।

9

কাব্যনাট্য বান্তবকে আশ্রয করে, কিন্তু শুধু বান্তবের মধ্যে নিবদ্ধ-গ্রথিত থাকতে পারে ন।।
বান্তবতার দাবিতে এলিয়ট পরবর্তী নাটকসমূহে সমসামরিক পরিমণ্ডল গ্রহণ করেছেন
এবং সঙ্গে-সঙ্গে এমন ছন্দোবদ্ধ বাণী নির্বাচন করেছেন যা বান্তবজীবনের কথ্যপ্রকরণের
সঙ্গে আত্মীযতা রেখেও গণ্ডের ও শুকনো বান্তবতার আত্মাহীন গণ্ডিকে উত্তীর্গ হয়ে
যেতে পারে। এলিয়টের কৌশল হচ্ছে, সাধারণ মান্ত্যের মুথের কথা বাক্তবিমার
স্পাননে ছলিয়ে দিয়ে, তাকে গভীবতর তাৎপর্য বহুনের যোগ্য করে তোলা। এবং
এইয়ভাবে তই জগতের মধ্যে সেতু নির্মাণ করা। The Confidential Clerk নাটকে
সার রুজ্বলেছে—

I want a world where form is the reality
Of which the substantial is only a shadow.

গভানাটক যাকে আয়ন্ত করে সে কুলবন্ধ বা 'substantial', জানে না যা ধরা পতে সে জাসলে ছাবা, সভ্যের মবীচিকা। কাব্যনাট্য 'form'এর মধ্য নিয়ে 'reality'কে ধরতে পাবে, কেন না রূপ ও বন্ধব মধ্যে সেখানে কোনো ভেদ নেই। প্রকৃতপক্ষে সেক্যুলার ও স্পিরিচ্যল এই তুই ভুবনের মধ্যে, 'form' ও 'realityর মধ্যে ঐক্য প্রতিষ্ঠা করাই আটের প্রধান সমস্যা।

জীবনের কেন্দ্রটি যদি কাব্যের বছধাবিচিত্র ভাষায় বিধ্নত হয়, তা হলে সত্যোপলন্ধিব সংস্পর্শে বছ্কজগং পুল্পিত হয়ে উঠবে; সমস্ত বিশৃদ্ধল উন্মার্গগামী তাৎপযরহিত বহিজগং শিরের দিব। স্থংমায় স্থশুদ্ধল, অমব ও সত্য হয়ে উঠবে। বিশৃদ্ধল শ্বভিজ্ঞতাব জগতে শিরের শৃদ্ধলা প্রতিষ্ঠার প্রবোজনে এলিষট ভাষার উপর, নাটকীয় ছন্দোবদ্ধ ভাষার উপর, তাঁর স্থগভীর আহা ভাপন করেছেন। ছন্দের শাভ্যন্তরীণ স্থনিয়মিত সংগঠনই কাব্যকে গছা থেকে পৃথক্ করে দেয়। ভিতরে এই সংগঠন থাকে বলেই বিশৃদ্ধল অভিজ্ঞতার জগতে শৃদ্ধলা হাপন করার তার সামর্থ্য

এতে বেশি। আর ছন্দোবদ্ধ সার্থক কাব্যের পরিলামেই যেহেতুশম, নিঃশব্দ ও 'একক অরিশিথা'র বিরল রাজ্যে প্রবেশ করা যায়—, সই কারণেও ছন্দোবদ্ধ ভাষার সামর্থ্য বেশি। ছন্দোবদ্ধ ভাষা, — কিন্তু কোন্ ছন্দ? অমিত্রাক্ষর ? কিন্তু অমিত্রাক্ষর বড় বেশি নিয়মিত, এবং সমকালের জীবন থেকে সম্পর্কবিহান। এলিয়টও তাই নিয়মিত ব্লাংকু ভার্স ব্যবহার করেন নি। না কি গছ্তহন্দ? অথচ গছ্তহন্দে চলতিকালের বস্তুমরীচিকাকে যত সহজে ধরা যায়, তত সহজে ধরা যায় না অন্তর্গুট সত্যকে। মনে হয় আধুনিক কাব্যনাট্যের পক্ষে মৃক্তচ্ছেন্দই সব চেয়ে উপযোগী—যে ছন্দে স্থাধীনতা ও নিঃমের স্মিলন—স্বাধীনতা দিয়ে সে ধবে সাময়িককে, নিয়ম দিয়ে সে ধরে সত্যের স্থ্যমাকে। এই ছন্দেব স্পন্দন অক্ষত্ব করা যায় রবীন্দ্রনাথের নৃত্যনাট্যগুলো পভার সময়, তাদের স্বরহীনতার অপরিহার্ষ 'শ্রীহীন বৈধব্য' সত্তেও। 'কালসন্ধ্যা'-ইতাদি কাব্যনাট্যে বুদ্ধদেব বস্থবন্ত প্রধান বাহন সেই ছন্দ।

ভাষার উপরে এলিয়ট-ধরনে এতথানি ভরদা বাথার বিরুদ্ধে প্রতিবাদ করে অনেক সমালোচক বলেন, যারা কবি হিসেবে সার্থক হবাব পর নাটক রচনায় হাত দেন তাঁরা আদলে পূর্বের অভ্যাদেব বশে স্বাভাবিক ভাবে ভাষাকে মূল্য দেন বেশি—তাবা বুঝতে চান না, নাটকেব পক্ষে ভাষা যথে। এ কথা ঠিক যে কাব্য-ময় ভাষা যথেষ্ট নয়, নাটকে থাকতে হবে নাটকাধত।। কিন্তু নাটকাধতা বলতে যাই বুঝি না কেন, তারো সত্যকার অবলম্বন ভাষা। তাই কাবানাট্যকার যদি ভাষাকেই প্রাথমিক বলে মনে করেন ত। হলে তাকে দোষ দেওয়া যায় না। ভা ছাডা আগেই বলেছি, সর্বোচ্চ বিচারে মহৎ কাব্যনাত্য একটি অথণ্ড কান্যও টে। একদিকের বিচারে নাটক জাখনের প্রতিচ্ছবি, চরিত্রগুলি দেখানে জীবন-অমস্যার মুখোমুখি হয়ে কথা বলে, কাজ কবে, আবাব এন দিকের বিচারে সমস্ত বিত্রের ঐকতানের মধা দিয়ে নাট্যকার একাই ক্থা বলেন, 'making a play s author's poem.'। শন্ধবিভাগ, সহযোগা-প্রভিযোগা ইমেজেব অত্যন্ত নিপুণ 🖣 শ্লেষণের মধ্য দিয়ে নাইট্স্ তাঁর 'শ্রীযুক্তা ম্যাকবেথের কয় সন্তান ছিল ?'-প্রবন্ধে হাঁ বিয়েছেন ঘটনা বিরোধ সমস্ত কিছু ছাপিয়ে শেকুসপীয়রের নাটকটিকে একটি দীর্ঘ কবিতা 🎎 ইিসেবে দেখা যায় এবং দেখলে ওই রচনা আরো বেশি আম্বাগ্য হয়ে ওঠে। এ কথাও 🏿 মনে করতে পারি, নাটকে অ্যারিস্টটলের মত অনুযাত্নী ঘটনাগতির প্রাথমিকতার বদ,ল কোলরিজ ভাষার প্রাথমিকতা প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। অবশ্র মানতেই ি ছবে, কোলরিঞ্চের এই তত্ত অনেকটাই রোন্যান্টিক বিভ্রমের ফসল। আসলে নাটকে ঘটনাগতি ও ভাষার মধ্যে কে প্রথম তাই নিয়ে কোনো বিরোধ নেই। নাটকে তো ভাষা অকারণে জায়গা জোডে না, শুন্তে বিলম্বিতও নয়, ঘটনাগতিই সন্দে সম্পৃত্ত হরেই তার স্থান; আবার ভাষাই ঘটনার অপ্রসতি ও উন্মোচন কটার

—কেখানে ক্রিয়া ব্যতীত তাবা নেই, ভাষা ব্যতীত ক্রিয়া নেই। এই প্রসদে

Feeling and Form গ্রন্থে স্থান্ ল্যান্থার বে প্রভাব দিয়েছেন তাই বীকার্থ মনে

হয়—মাট্যকার ভাষার শব্দবিস্থাসের ঘারা নাটকের ঘটনাত্তরে পরিণামী স্কুত্তির

দীর্ঘ পর্বায়কে বহু দূর পর্বন্ত নিয়ন্ত্রিত করেন। ল্যান্থারের এই মত আ্যারিইটল্ ও
কোলরিজের মধ্যে যথার্থ সমন্বর ঘটিথেছে।

8

বে সব নাটক বান্ধবের যথাযথ অফুকরণ করেছে বলে দাবি করে সেই সব নাটকও শিল্পের প্রয়োজনে স্বভাবের বিকার না ঘটিয়ে পারে না। মানবটৈতভের প্রয়োজনে অভিজ্ঞতার জগৎকে রূপদানই শিল্প, স্বতরাং টৈতভের ছোয়ায় এবং রূপদানের প্রয়োজনে স্থূল অভিজ্ঞতার পরিবর্তন না ঘটালে চলে না। তিনটে দেয়াল-ওয়ালা ঘর বান্ধব জগতে কোথায়ও নেই। নাটকের বান্ধবতার দাবির বিক্রমে এই অভিযোগ খুর পুরোনো; অভিনয়কালীন ছ-তিন ঘণ্টার মধ্যে ঘটনাবর্তের যে ঘনত যে তীব্রতা, স্থূল বান্ধববাদের বিচারে তাও অবান্ধব; এমন কি পদ্ধ-পাত্রীর মূথে নাটকে যে গল্থ বসানো হয়, কি প্রতীকী কি স্বভাবপদ্মী নাটকে, দে গল্পও আমাদের পরিচিভ জগতের গল্প নয়। আসলে অন্থ সমন্ত শিল্পের মতো নাটকেও, সমন্ত নাটকেই stylization থাকে এবং বস্তুজগতের সত্তাকে শিল্পে প্রকাশ করতে গেলে stylization-ব্যুত্তাত গতি নেই। ছন্দও তো ভাষাবিস্থাদের stylization; তা হলে ছন্দোবন্ধ ভাষাকে নাটকে নাটকে বাহন রূপে ব্যবহার করায় আপত্তি করা চলে না।

বস্থমনীচিকাকে ধরতেই যেখানে গণ্ডের পটুতা, দ্বিতীয় ভূবনকে, বস্তুর নিহিত্ত সন্তাকে ধরতে ছলাংস্পালনময় ভাষার ব্যবহার কেন কলরি মনে হয় ? হয়তো ছলেন তাল লয় স্পালনের মধ্যে সেই গুল্থ কারণ নিহিত। নিয়মিত স্তালে অরভরক নিকেশ এবং নৃত্য মান্ত্রের আদিতম শিল্প-ভার কালকর্ম আনন্দরেদনার গলে প্রথম দিন থেকে মুক্ত। এই নৃত্যের সঙ্গে নাটকের যোগ ওগু শঙ্গের ব্যুৎপত্তিগত নয়—প্রকৃত পক্ষেন্ত্রের মাধ্যম বেখন লাবণ্যময় রেখায়িত পেশল মাল্লেরের দেহ, তেমনি নাটকেও অনেক পরিমারণ অভিনেতা-অভিনেত্রীর দেহ মাধ্যমের কাল করে। নির্বাহ্ শ্বির আলোক্ষিত্রে অভিনেতার দেহের জন্মর ভলিমা দেখে আমরা অভিত্ত হরে উটিআনেক সমন্ধ, ককটি আল্ডব ফ্লিক্টার কথেয় জীবন্ধসংকটের জাটলতা বিকাশন ভাষে প্রিকিতা বিকাশন ভাষে

ষ্টতে পেরেছে তার মৃল কারণ বোধ হয় ছাই শিক্ষের উৎস একই। নাটকের সংশ নৃত্যের মাধ্যমগত যোগ আছে। নৃত্যের প্রধান বৈশিষ্ট্য নর্তকের শুদিমা ও তার পদনিক্ষেপের তাল। নাটকের মধ্যে ভিন্নমা যোগায় অভিনয়কালে হাশিক্ষিত হুপরি-চালিত অভিনেতা, আর সেই শুদিমাকে সংলাপের সঙ্গে সম্পাক্ত করতে পারে কাব্যনাট্য-রচমিতার ছন্দোময় কাব্যভাষা। দেহস্পদনের ভিন্তি হিসাবে সেই ভাষা-সম্পদের নক্শা রচনা করতে গভনাটক অক্ষম। দিতীয়ত, ছন্দের সঙ্গে কণ্ঠস্বরের যোগ আমাদের দেহপ্রকৃতির মূল পর্যন্ত প্রধারিত এবং কণ্ঠস্বরের সঙ্গে দেহপ্রকৃতির প্রতিটি ভন্ত থেকে জাত বিচিত্র অহুভূতিপুঞ্জের যোগ নিবিড় ও মৌলিক। অভিনীত নাটকে সংলাপ মৃদ্রিত অবস্থায় থাকে না, কণ্ঠস্বরে উচ্চারণের মাধ্যমে জীবন্ত হয়। অথচ গভ মান্তবের কণ্ঠস্বরের বিচিত্র প্রকাশের অপরিমিত সন্তাবনাকে প্রোপুরি সন্থাবহার করতে পারে না। নাটকের সংলাপে ছন্দোমন্ধ ভাষা তাই শুরু আমাদের মনন ও মনীবার জগতে প্রতিক্রির। স্তৃষ্টি করে না, স্বর্যন্তের পরিপূর্ণ ব্যবহারের মধ্য দিয়ে সে সাভা জাগায় আমাদের শারীরন্তরের মধ্যেও।

গভভাষা মূলত অর্থের গণ্ডিতে বাঁধা বলে, সেই ভাষা আমাদের দৈনন্দিন জীবনের ব্যবহারিক ভরের সলে সংশ্লিষ্ট বলে, ভাতে প্রকাশ করা যায় মোটের উপর এই স্থুল বস্তুজগৎকেই। সংগীতের মাত্রা যুক্ত হলে তবেই ভাষা উঠতে পারে মহন্তর ভরে, প্রবেশ করতে পারে গভীরে। কাব্যনাট্যের ছন্দোবন্ধ ভাষার মধ্যেই আছে সংগীতের সেই অতিরিক্ত মাত্রা—তাই কাব্যনাট্য হিদিধরতে যায় অন্তর্গু দৃসন্ত্যকে, বন্ধর নিহিত সন্তাকে, বিদি আমাদের দৃষ্টিকে নিরে বেতে বায় সত্যোপলন্ধির মহন্তর ভরে, তবে কাব্যনাট্যের ভাষা সংগীতময় তথা ছন্দোময় হতে বাধ্য। শরেক্ত আরু ও ধরনির যৌথ বাজনার মধ্য দিয়ে যে কাব্যসংগীত জন্ম নেয়, সেই সংগীতই নিরে বেতে পারে আমাদের বাজব রন্তের বাইবে, সত্যের কাহাকাছি। বন্ধর জগৎ আরু নিহিত সত্যের পৃথিবী—এই ছই আপাতপৃথক জগতের মধ্যে টংকত ছন্দোময় ভাষা সার্কারেক্ত টান-টান তারের মতো সংযোগ রচনা করে। কাব্যোপলন্ধি অবলীলার সার্কার-নিটার মতো ছই জগতের মধ্যে পারাপার করতে পারে। তার মহন্তর উদ্দেশ্ধ দিন্ধির জন্তে কাব্যসংগীত চাই, তাই কাব্যনাট্যের ভাষা হবে ছন্দোময় ভানিত। মহন্তর উদ্দেশ্ধ টিনির জন্তে কাব্যসংগীত চাই, তাই কাব্যনাট্যের ভাষা হবে ছন্দোময় ভানিত। মহন্তর কাব্যসংগীত চাই, তাই কাব্যনাট্যের ভাষা হবে ছন্দোময় ভানিত। মহন্তর উদ্দেশ্ধ

When I see it as a means of contact with the world More real than I've ever lived in.

সংশীত সেই অতিবাছৰ জগতের ছোতনা বচনা করতে পারে। ভাই সংশীতের, আ. ক. ১৯ লক্ষণাক্রান্ত কাব্যনাট্যের ছব্দোমর ভাষার ধরা পড়ে বাস্তবের চেয়ে বড় সভ্যের জ্বাং

এই সব কারণে, বে নাটক আপতিক-সাময়িক ও তুল্ছ তথ্যের পুঞ্জ খুলি হতে চায় না, যে নাটক ধরতে চায় উচ্চতম উপলব্ধি স্থিরতম ভাষায়, তাকে ছন্দের মুখাপেক্ষী না হয়ে উপায় নেই। আরো ছ-একটা কারণের ইশারা দেওরা চলে। নাটক গল্পে লেখা হলে তার ভাষাপরিধি সংকৃচিত হতে বাধ্য—উপমারপক এই সব অলক্ষার তাতে বেমানান লাগে, অনেক শক্ষই গতারীতির সঞ্চে থাপ থায় না। ছন্দোময় ভাষা কিছ কথ্যবাক্তিরিমার ম্পেলনে ম্পানিত হয়েও আত্মসাং করে নিতে পারে সব রকম অলহার, সব রকমের শক্ষ। ছন্দোময় সংলাপ তার মাধ্যম বলেই কাব্যনাট্যের ভাষাব্যবহারের দিগন্ত অনেক প্রসারিত। তা ছাতা ছন্দের এমন কোনো রহস্ত আছে, যাতে ছন্দোময় উক্তি আমাদের মনে প্রত্যম্ব জনায়। যে কথা গল্পে বললে বিশ্বাস্থোগ্য মনে হয় না, অবান্তর বাক্বিছার বলে উপেক্ষণীয় মনে হয়, সেই কথাকেই ছন্দের ম্পাননে ছলিয়ে দিলে তা সত্য ও বিশ্বাস্থোগ্য হয়ে ওঠে। এই প্রত্যয় জন্মানোর গভীর রহস্তামর ক্ষমতার কাব্যনাট্য অংশী হয়ে উঠতে পারে তথনই, যথন কাব্যনাট্য রচিত হয় ছন্দোবন্ধ ভাষায়।

¢

মহাকাব্য ছন্দে লেখা, গীতিকবিতাও চন্দে লেখা, কাব্যনাট্যও তাই। কিন্তু কাব্যনাট্যের ছন্দোবদ্ধ ভাষার দলে অন্ত শ্রেণীর কাব্যের ছন্দোবদ্ধ ভাষার মোলিক পার্থক্য কোথায়? একটা বড় পার্থক্য কালের। মহাকাব্যের কাল চির-অতীত, গীতিকবিতার কাল চির-বর্তমান। কিন্তু কাব্যনাট্যের কাল অন্ত জাতের বর্তমান, যে বর্তমান ছটমান, প্রতি পলে ভবিন্ততের দিকে এগিয়ে চলেছে। গীতিকবিতা-মহাকাব্যের দলে কাব্যনাট্যের ভাষাগত পার্থক্যের কারণ শব্দবাক্যবিন্তাদ-ইত্যাদিতে নেই, আছে কালগত এই স্বাতম্যে। এলভার ভল্গন্ দেখিয়েছেন ভাষার ব্যবহার হুই রকম—'speech as meaning' এবং 'speech as action'। কাব্যনাট্যের ভাষা হবে দ্বিভীয় ধরনের। অন্ত শ্রেণীভৃক্ত কাব্যের ভাষার দলে কাব্যনাট্যের ভাষার এই দ্বিভীয় পার্থক্য—এই ভাষা হবে ক্রিন্তার ভাষার বাহন, কর্মিষ্ঠ, গতিশীল। নাটকের ক্রিগ্নাবান্ ভাষা স্বার অভিনেতার সক্ত ভঙ্গিমা ঘুইরে মিলে সেই সক্রিয়তা পূর্ণতা পাবে।

কাব্যনাট্যে ব্যবস্থাত ছন্দোবদ্ধ ভাষা তথনই সব চেয়ে নাটকীয় যথন নাটকেঃ জাভ্যস্তরীণ সংগঠনের সকে সে একাল্ম, নাটকীয় প্রয়োজন থেকে যথন তার উৎপত্তি। াক স্কল গীতিকবিরা বর্ধন কাব্যনাট্য লেখার হাত দেন তথন ভাষার ধর্মের এই পার্থক্যের কথা দব সময় থেয়ালে রাথেন না। ভূলে যান, নাটকের অনিবার্ধ তাগিদের বাহিরে যা কিছু, তা যতই কবিত্বময় হোক না কেন, নাটকে তার জারগা নেই। নিজেদের স্বভাব বিদর্জন দেওয়া সহজ নয় বলেই গীতিকবিরা নাটকীয় উপযোগিতার শর্ত পালন করতে ভূলে যান। কাব্যময়তার দিকে সমন্ত মনোযোগ গিয়ে পডে বলে. তাঁদের রচিত কাব্যনাট্য নাটকীয়তার অভাবে থাটি কবিত্ব থেকেও বঞ্চিত হয়। কেন না কাব্যনাট্যে নাটকীয়তার মধ্যেই কবিত্ব। গীতিকবির এই ব্যর্থতার প্রমাণ শেলির The Cenci। এই সব গীতিকবিরা ভূলে যান কবিতাকে সংলাপের মধ্য দিয়ে নাটকাকারে সাজিয়ে দিলেই তা কাব্যনাট্য হয়ে যায় না—তার মধ্যে থাকা দরকার অক্ত্রিম বহিন্ট্যি বা অন্তর্নাট্য। কাবানাট্যের কাবাত্ব তার নাট্কীয়ভার সঙ্গে একাত্ম তাদের কোনো বিচ্ছিন্ন সন্ত। নেই। কাব্যনাট্যের প্রতিটি বাক্যের উপযোগিতা র্বিচারের জন্তে একটি আইনের প্রস্তাব করেছেন এলিয়ট, 'dramatic relevance'এর মাইন। একই ঐতিহাসিক ঘটনা নিয়ে লেখা ছটো নাটক—টেনিসনের Becket আর এলিয়টের Murder in the Cathedral—প্রথমটিতে মানা হয় নি নাটকীয় প্রাদন্ধিকতার এই জরুরি শর্ত। দ্বিতীয়টিতে মানা হয়েছে বলেই দ্বিতীয়টি সার্থক কাব্যনাট্য। নাটকীয় প্রাদিকিতার কষ্টিপাথরে যে পংক্তি উত্তীর্ণ হবে না. বিচ্ছিন্ন কবিতা হিসেবে তা যতই ফুলর হোক না কেন, বিষুব অঞ্চলের অতিবৃষ্টিরোক্তলীবিত অরণোর মতে তা নাটকীয় ঘটনাপ্রবাহের গতিকে বাধা দিয়ে নাট্যবল্পকে শিথিল করে দেয়। সেই সব পদাবলী কবিতা হিসেবে চমৎকার হয়তো, কিন্তু দেই পদাবলী নিজের দিকেই দর্শক-শ্রোতার মনোযোগ আকর্ষণ করে সমস্ত নাট্যপরিনামকে লক্ষ্যচ্যত করে দেয়।

আসলে কাব্যনাট্যের কবিতা আর্ত্তির কবিতা নয়, সেথানে কবিতাই ম্থের কথা।
অভিনয়কালে আবৃত্তির মতো করে পংক্তিগুলি উচ্চারণ করা হবে না, নাটকীয় পরিস্থিতি
অন্থায়ী ম্থের কথার মতোই বলা হবে । এই প্রসঙ্গে The Cocktail Party নাটকে
এলিয়ট নিজের সঙ্গে নিজে যে গোপন রিসক্তাটি করেছেন তার কথা মনে পছে।
রীলি এক জায়গায় বলেছে,—'Do you mind if I quote poetry, Mrs.
Chamberlayne?' উত্তরে জ্লিয়া বলে, 'Oh no, I should love to hear
you speaking poetry'. এই 'quoting poetry' এবং 'speaking poetry'র
মধ্যে যে প্রভেদ গীতিকবিতা-কাব্যনাট্যের ভাষার মধ্যেও সেই প্রভেদ। The
Cocktail Partyতে সিলিয়ার নিয়োক্কত উল্টি—

For what happened is remembered like a dream

In which one is exalted by intensity of loving
In the spirit, a vibration of delight
Without desire, for desire is fulfilled
In the delight of loving. A state one does not know
When awake, But what or whom I loved
Or what in me was loving, I do not know.

প্রকৃত কাব্যনাট্যের ভাষার একটি উল্লেখযোগ্য নিদর্শন। উল্লেখযোগ্য নিদর্শন—তার অন্তর্নিহিত কাব্যময়তার দক্ষণ, কথ্যভাষার দক্ষে তার প্রকরণগত সহম্মিতার ফলে, এবং দিলিয়ার প্রেমের ব্যর্থতা, হতাশা, শৃশুতা, ও আত্মোৎসর্গের নাটকীয় দিছান্তের সঙ্গে এই সংলাপটি নৈতিক ভাবে যুক্ত বলে। এই সংলাপ নাটকীয়, কারণ বক্তার জীবন ও পরিস্থিতির সঙ্গে উক্তিটি সম্পুক্ত বলে, শুধু কথার কথা নয় বলে।

এই সব কথা থেকে আর একটা জরুরি কথা বেরিয়ে আসে। মুদ্রিত পৃষ্ঠায় সাহিত্যিক সাফল্য ছাডা আরো এক সাফল্য কাব্যনাট্যকে অর্জন করতে হয়। মঞ্চে অভিনয় ও প্রয়োজনাগত সাফল্য। অন্তান্ত শ্রেণীভূক্ত কবিতার সঙ্গে কাব্যনাট্যের এই এক বড় পার্থক্য। প্রয়োজকের হাতে কাব্যনাট্য হয় অভিনয়ের ব্লু-প্রিণ্ট। ইমারতের ব্লু-প্রিণ্ট যেমন ইস্পাতে-কংক্রিটে বাস্তব হয়ে ওঠে, তেমনি কাব্যনাট্যও রলমঞ্চে অভিনয়ের মধ্য দিয়ে মুর্ত হয়ে ওঠে। বেশির ভাগ ক্ষেত্রে দেখা যায় কাব্যনাট্যের সাহিত্যিক উৎকর্ব সন্ত্রেও তা রলমঞ্চে সফল হতে পারে না। কাব্যনাট্যকারের পক্ষে এই বাধা অতিক্রম করা সহজ হয় যদি তিনি মঞ্চের ঐতিহ্য ও পদ্ধতির সঙ্গে পরিচিত হন এবং নাট্যপরিচালকের সহযোগিতায় কাজ করার হ্রযোগ পান। থিয়েটারের অভিজ্ঞতা না থাকলে নাট্য ভেসে যেতে পারে কাব্যের স্রোগ্রুত ব্রুবি কিনি হলে মঞ্চের প্রয়োগপদ্ধতি যথন কাব্যনাট্যকারের থিতীয় প্রকৃতিতে পরিণত হয় তখন তিনি নাটকের মধ্যে নাট্যরস বজায় রেথে কাব্যছকে অবাধ ব্যবহার করতে পারেন—কথ্যরীতির সীমার মধ্যে কাব্য ও নাটকের নিবিভৃত্যম বিবাহ ঘটাতে পারেন। শেক্স্পীয়র The Tempest-প্রভৃতি শেষ পর্বায়ের নাটকেত তার প্রমাণ দিয়েরেন।

গীতিকবিতার সংশিপ্তভাষণ, তির্বক্তাষণের প্রয়োজনে, অন্তর্গু দ দীপ্তির দাবিতে যে কৃটত্ব সৃষ্টি হয় তার বিরুদ্ধে আপত্তি করা চলে না। কারণ গীতিকবিতার উপভোগ হয় ব্যক্তিগত নিভৃতিতে—মুক্তিত পৃষ্ঠা থেকে একটা চরণ বা অবক্ষকে আমরা বারবার কিরে দিরে পড়তে পারি। কিন্তু নাটক সামাজিক শিল্প, আর রঙ্গমঞ্চে একটি কথা একবারই মাত্র আমরা শোনার স্থয়োগ পাই। সেই কারণে জটিগতেম উপলব্ধিও কাব্যনাট্যে

ব্যক্ষনাগুশের ক্ষতি না করে, যথাসম্ভব স্পষ্ট করে বলা দরকার, যাতে মনোযোগী দর্শক-শ্রোতার মনে তা সকত প্রতিক্রিরা জাগাতে পারে। আর, একটি কবিতা তার পাঠকের জ্বন্থে শতবর্ষকাল অপেক্ষা করতে পারে, কাব্যনাট্য পারে না; বর্তমান যুগের মাধ্যমের সামনে অভিনয়ের মধ্য দিয়ে তার সার্থকতা বিচার হয়। সমকালীন মাধ্যম —আর সেই মাধ্যমের মনে শিক্ষাদীক্ষার কত তারতম্য থাকে। কিন্তু শেক্স্পীয়রও মাটিতে-আসীন দর্শক্ষগুলীকে তো উপেক্ষা করেন নি। নানা শ্রেণীর দর্শকে পরিপূর্ণ প্রেক্ষাগারে জ্মাট নাটকের মধ্য দিয়েই কাব্যনাট্য শ্রোতা-দর্শকের অক্সাতসারে তুলে ধরে জীবনের এক জটিল মহং স্পন্নময় চিত্র।

৬

মধুত্বনে পূর্বপ্রস্তুতির প্রমাণ আছে। 'বীরান্ধনা' পডলে মনে হয় তিনিই হতে পারতেন প্রথম কাব্যনাট্যকার। কিন্তু রবীন্দ্রনাথের 'প্রকৃতির প্রতিশোধ'ই বোধ হয় বাৰ্ডলায় প্ৰথম খাঁটি কাব্যনাট্য। ভাষা ও অন্তঃপ্ৰকৃতি চুই দিক থেকেই। এই নাটকে বস্তুজগতের দর্পণ রচিত হয় নি, এগানে নাট্যকার ধরতে চেষ্টা করেছেন একটি সত্যের অরপকে। মানতেই হবে, নাট্যভাষার সন্ধানে এথানে রবীক্রনাথ সার্থক হন নি পুরোপুরি। তবু প্রকৃতিপন্থী নাটক থেকে তিনি সরে গিয়েছিলেন প্রকৃতির প্রতিশোধ' নাটকেই। পরে তিনি লিথলেন শেক্ষপীয়রীয় প্রথাফুকরণে 'রাজা ও রানী' এবং 'বিসর্জন'। এই ছটি নাটক যে পছানাটক ভাতে সন্দেহ নেই, কিন্তু কাব্যনাট্য ভাদের বলা চলে কি না এই নিয়ে বিতর্কের স্থবোগ আছে। যদিও তাদের মধ্যে বহির্ঘটনার প্রবলতা আছে, বহুশাখায়িত বৈচিত্রো অনেক সময় ঘূর্লক্ষা হয় নিহিত সভাটি, তব বল্পর অমুকরণকে অভিক্রম করে হুটি নাটকেরই নির্দেশ ভিতরের দিকে। পরে তিনি ঘটনার চাপ ও চরিত্রের বছলতা কমিয়ে এনে সত্যোপলন্ধিকে দিতে চেরেছিলেন কেজ্বন্থ মহিমা, বেমন 'মালিনী'র মতো প্রতনাটো ও 'শারদোৎদব' 'মৃক্তধারা'-ইত্যাদি গভানাটো। সত্যের সন্ধানে বিশেষ করে তিনি গভানাটোই বেশি আহাশীল এই সময়। নাট্যাদর্শ তিনি নিলেন দেশীয় ঐতিহ্ন থেকে. সেই ঐতিহ্নকে রবীক্রনাথ করে তুললেন আধুনিক। পেয়ে গেলাম বিবেকের মতো ঠাকুরদাকে, উঠে এল বাউনবৈরাগী স্রাম্যমান্ গায়কের দল, পথিকেরা চলে এল বাঙলাদেশের পথপ্রাস্তর द्रशर्द, मक हरा अन जामगाविवज्ञन, প্রতীকী এবং পট হীন, আর পথ হল পটস্থমি। কোনো কোনো সময় এই সব নাটকের গভা 'ভাকবর'এর মতে৷ গভা-লিরিকের স্বরে উন্নীত হল বটে, কিন্তু বেণির ভাগ সময় তার মধ্যে পেলাম গ্রন্তের কবিতা, বাকে ঠিক গছকবিতা বলা চলে না। তাই 'ডাকঘর'কে ্বাদ দিলে এই সব গছনাটককে ঠিক কাব্যনাটক বলা উচিত হবে না। কেউ-কেউ বলতে চান রবীক্রনাথের স্থরবিবর্ষিত নৃত্যনাট্যের কথাব**ন্তু**কে মুক্তহুনে লেখা কাব্যনাট্য বলে বিবেচনা করা চলে।

ববীন্দ্রনাথের সমকালে গিরিশচন্দ্র ঘোষ গৈরিশ ছন্দে পৌরাণিক নাটক লিখেছিলেন অনেক। ছিজেন্দ্রলাল রায় প্রবহমান পরারে লিখেছিলেন 'সীভা' আর অমিত্রাক্ষরে লিখেছিলেন 'পাষাণী' আর 'তারাবাদ্ধ'। সন্দেহ কি এই সব নাটক পজনাটক। কিন্তু কাব্যনাট্য তাদের বলা চলে না—কারণ ঘটনাপ্রবাহের মধ্যে ধরা পড়ে নি সেই প্রতীকী ব্যঞ্জনা, বহির্ঘটনার চাপকে ঘ্রিয়ে দেওয়া হয় নি ভিতরের দিকে। তাই আধুনিক কাব্যনাট্য রচনার যে প্রস্তুতি ও পরীক্ষা রবীন্দ্রনাথে দেখি, দেখি কাব্যনাট্যের সমস্তঃ সম্বন্ধে যে গভীর সচেতনতা, তা গিরিশচন্দ্র বা ছিজেন্দ্রলালে নেই। রবীন্দ্রনাথের পরে অনেক দিন আমাদের অপেক্ষা করতে হয়েছে। অপেক্ষার পরেও এই বিষয়ে যে পরীক্ষানিরীক্ষার নিদর্শন আমরা পেলাম সেগুলি হয়তো রবীন্দ্রনাথের ঘারা তত অক্সপ্রাণিত নয়, যত বিদেশী পয়গয়রদের ঘারা অক্সপ্রাণিত। মনে পড়ছে নীরেন্দ্রনাথ চক্রবর্তীর 'প্রথম নায়ক'এর কথা, মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়ের 'একলব্য' এবং রাম বস্থর বিভিন্ন চেগ্রায় কথা। একেবারে ইদানীং মোহিত চট্টোপাধ্যার যে সব কিমিতিবাদী নাটক লিখেছেন সেগুলিকে ধরা যায় কাব্যনাট্য রচনার খণ্ডিত চেগ্রা হিসাবে। কিন্তু নীরেন্দ্রনাথ ও রাম বস্তুর রচনা বেশি কাব্যিক, নাটকের গুণে অনেকটা বঞ্চিত, অন্ত দিকে মোহিত চট্টোপাধ্যায়ের রচনার নাটকের গুণ অনেক বেশি হলেও, কাব্যের গুণ তাতে কম।

সম্প্রতি কালে বাঙলার কাব্যনাট্যের সব চেয়ে উল্লেখযোগ্য ও সফল পরীক্ষা করেছেন বৃদ্ধদেব বস্থ। তাঁর রচনা তরিষ্ঠভাবে বিবেচনা করলে স্পষ্ট হয়ে ওঠে তিনি প্রতীচ্যের কাব্যনাট্যের পরীক্ষা বিষয়ে যেমন ওয়াকিবহাল ছিলেন, তেমনি সচেতন ছিলেন এই বিষয়ে রবীক্রনাথের উভাগে সম্বদ্ধে। 'বাবু ও বিবি'র খণ্ডিত চেটার ব্যতিক্রম, হিসেবে না নিলে, অবশ্য বলতেই হবে বৃদ্ধদেব বস্থ কাব্যনাট্য তথনই লিখতে পেরেছেন যথন তাঁর প্রসম্বটি পৌরাণিক। সে দিক থেকে তাঁর সফল উত্যম Murder in the Cathedral-ভরেই রয়ে গেল। সমকালীন জীবন যেখানে এনেছেন, যেমন 'কলকাতার ইলেকট্রা'য়, সেখানে নাটক শুধু গত্যে লেখা নয়, একেবারেই গত্যনাটক। কিছ্ক 'তপন্থী ও তরন্ধিণী'র গানগুলো বাদ দিলে, যদিও সেই নাটকের সংলাপ গত্যেই লেখা তরু সেই স্পান্দমান গত্য কবিতা হয়ে উঠেছে— গত্যের কবিতা নয়, একেবারেই গত্যকবিতা। বে কোনো অংশ বিশ্লেষণ করে দেখানো যেতে পারে এই গত্য ছলোময় এবং স্পান্দিত। তা ছাডা আগেই বলেছি কাব্যনাট্য ভাষানির্ভর, তার কবিতা ভাষার মধ্যে, 'non-verbal' কবিতা কাব্যনাট্যের কবিতা নয়। বৃদ্ধদেব বস্থ নিজেও লিখেছেন 'তপন্থী ও

তর্বিণী' বিষয়ে, 'এই নাটক বিশেষ ভাবে ভাষানির্ভর।' আর নাট্যকার যদিও বিশেছন, 'লোকেরা যাকে কাম নাম দিয়ে নিন্দে করে থাকে তারই প্রভাবে হক্তন মার্থ পুণাের পথে নিক্রান্ত হল—নাটকটির মূল বিষয় হল এই…' তবু মনে হয় এই নাটক ঋষ্যপৃত্ধ ও তরিদিণী ছজনেরই আত্মান্তসন্ধানের নাটক। ছজনেই শুঁজছে সেই হারিয়ে ফেলা ম্থ, য়ে ম্থ তাদের স্বরূপ। এই ব্যাখ্যা যদি নির্ভূল হয় তা হলে এই নাটকও বহির্ঘটনার নাটক নয়, সভাম্যন্ধানের নাটক—আর তাই য়থার্থ কাব্যনাট্য। ব্দ্ধদেব বস্তর 'কালসন্ধ্যা'র সংলাপ একেবারেই পছছন্দে লেখা—বিচিত্র ভাবান্ত্যায়ী ছন্দে, বেশির ভাগই ম্ক্রছন্দে। এই নাটকও সমন্ত বহির্ঘটনার ভিতরে আসলে অন্তর্শনের আত্মপরিচয় লাভের নাটক। আর এই নাটকও ভাষানির্ভর—'একমাত্র আক্ষরেই নির্ধারিত এদের উদ্ধার।'

কবিতার সাময়িকী ও আধুনিকতা

স্বীর রায়চৌধুরী

এ ভ দি ন পর্য স্থ ং ার ণা ছি ল র বী জ্ঞানা থ - ন জ ফ ল প্রমুখ করেকজনকে বাদ দিলে সাময়িক পত্রে কবিতা ও পত্যের প্রয়োজন প্রধানত পাদপ্রণের জন্তা। সম্পাদকেরা মোটামুটি এ বিষয়ে একমত ছিলেন মে, পত্রিকায় গল্প-উপন্তাস বা প্রবন্ধের চাছিদা আছে, কিন্তু কবিতা নেহাংই অলংকরণের জন্তা। ১৯৩৫ খ্রীস্টাব্দে 'কবিতা'র প্রকাশ এই 'বিষর্ক্ষের মূলে কুঠারাঘাত' করল। এটাই 'কবিতা'র একমাত্র কৃতিত্ব এমন কথা বল, আমার উদ্দেশ্য নয়। তবে সাময়িকপত্রের পাঠকেরা এই প্রথম সবিস্থয়ে লক্ষ্য করলেন যে, আ্যোপান্ত কবিতায় ভতি কাগজ ছাপা হতে পারে।

আমি ভূলি নি ইতিপূর্বে তরুণদের প্রকাশিত 'কল্লোল', 'কালি-কলম' এবং 'পরিচয়'পত্রিকায় কবিতা বিশেষ মর্যাদার সঙ্গে ছাপা হত। এবং উক্ত পত্রিকায় কবিগণই
পরবর্তী কালে 'কবিতা' প্রকাশ ও সাধারণ ভাবে আধুনিক কবিতা আন্দোলনে অগ্রনী
ছিলেন। কিন্তু তা সন্ত্বেও 'কবিতা'র ঐতিহাসিক মর্যাদার সঙ্গে উক্ত পত্রিকাসমূহের
তুলনা হতে পারে না। কেন না এর আগেও হয়তো বিভিন্ন পত্র-পত্রিকায় অনেক ভালো
কবিতা ছাপা হয়েছে, বছ নতুন কবির আবির্ভাব হয়েছে, কিন্তু কবিতার পাঠক তৈরির
কাঙ্গে এরা সবাই অল্প-বিস্তর বয়র্থ। কবিতা যে রোমাঞ্চকর গল্প উপস্থাসের মতো এক
নিশ্বাসে গলাধঃকরণের জন্ত নয়, কবিতাপাঠের জন্ত যে উপয়ুক্ত প্রয়াদ ওপ্রস্তুতি দরকার,
এই চেতনা আগে ছিল না। 'কবিতা'-পত্রিকা যদি প্রকাশিত না হত তবে বাঙলা
সাহিত্যের পাঠকসমাজ প্রেমেন্দ্র মিত্র-বৃদ্ধদেব বস্থকে চিনতেন, কেন না তাঁরা গল্পউপস্থাসও লিখেছেন, কিন্তু জীবনানন্দ,' স্থবীন্দ্রনাথ, সমর সেন, বিষ্ণু দে, অমিয় চক্রবর্তীপ্রমুধ ধাঁরা গল্প-উপস্থাস লেখেন নি, তাঁরা এই প্রতিষ্ঠা পেতেন কি না সন্দেহ। কেন না
তথ্য পত্র লিখে (তা-ও দেশপ্রেমের নয়, অথবা হাধুনিক গানও নয়) সাধারণের মনে
স্থানী প্রভাব চিস্তা করা কিঞ্চিৎ ছ্রহ।

প্রধানত এই উদ্দেশ্য নিয়ে ১৯০৫ খ্রীস্টাব্দে 'কবিতা,' প্রথম প্রকাশিত হয়। এ জাতীয় পত্রিকা বাঙলায় প্রথম। স্থতরাং কবি ও কবিতার অফুরাগীরা সঙ্গে-সঙ্গে একে তি জীবনানন্দের মৃত্যুর পর তাঁর একটি উপজ্ঞাস কোনো এক ত্রৈমাসিক পত্রে প্রকাশিত হয়। 'উপজ্ঞাসের উপক্রমণিকা' নামে স্থীক্রনাথের একটি থসড়া 'বৈশাধী'তে বেরিয়েছিল। বলা বাহল্য এই স্থর্থনক্ষ রচনার ভিত্তিতে তাঁদের উপজ্ঞাসিক বলা চলে না। কেন না উপজ্ঞাসকে তাঁরা কোনোদিনই ভাবপ্রকাশের মাধ্যম করেন নি।

অভ্যৰ্থনা জানিবেছিলেন। আধুনিক কবিতার পাঠক তৈরির ব্যাপারে এই পজিকার কৃতিত্ব অনেকথানি। বুজনেব বহুর বীরবলী ভাষায়, 'এটি কথনো মন জোগাতে চার নি, মনকে জাগাতে চেয়েছিল।'

কিন্তু আন্দোলন বলতে যা বোঝায় অর্থাং কোনো বিশেষ আদর্শের প্রচার বাং প্রতিষ্ঠার জন্ম গোষ্ঠীবন্ধ ভাবে প্রচার, দে রকম কোনো লক্ষ্য 'কবিতা'র ছিল না। আদর্শ অর্থে শুধু রাজনৈতিক নয়, শিল্প-সাহিত্যতত্ত্ব বিষয়ক যে কোনো মতবাদে এর কোনো গোঁড়ামি নেই। মোটামুটি ভাবে দে যুগে যারা সমসাময়িক ছিলেন তাঁরাই আধুনিক রূপে 'কবিতা'র অন্তার্থিত হয়েছিলেন। নিশিকান্ত থেকে বিষ্ণু দে, স্বধীক্রনাথ থেকে জীবনানন্দ, সমর সেন থেকে অজিত দত্ত প্রভৃতি নানা বিচিত্র ব্যক্তিশ্বের সমাহার ঘটেছিল কবিতায়। পরবর্তী কালে সাম্যবাদী কবি নামে খ্যাত, এ রকম একাধিক কবি 'কবিতা'র নিয়মিত লেখক ছিলেন, উক্ত পত্রিকায় সম্পাদকের আত্যন্তিক সাম্যবাদ-বিয়োধিতা সত্ত্বেও। 'কবিতা'র পরবর্তী যুগের ঐতিহাসিক মর্যানা তথন সম্পাদক বা কবিগণ কেউ ভাবতেও পারেন নি। এই প্রসঙ্গে বুদ্ধদেব বস্থর ঘূটি প্রবন্ধ থেকে অংশবিশেষ উদ্ধৃত করব:

শ্রন্ধার সঙ্গে কবিতা ছাপা হবে—নামছাদা বা অনামজাদা যার লেখাই হোক না
—প্রসাধনেও বৈশিষ্ট্য থাকবে—এই পত্রিকাপ্রকাশের মৃল উদ্দেশ্য এইটুকুর বেশি
আমার ছিল না। কিন্তু রচনাকালীন উপহাসের মতো, 'কবিতা' সেই প্রাথমিক
পরিকল্পনা অতিক্রম ক'রে নিজে-নিজেই বেডে উঠলো। আজ পর্যন্ত তার প্রায়
ত্ই দশকের ক্রিয়া-কলাপ কেউ কেউ অবগত আছেন। কবিতা—বিশেষত বাংলা
ভাষার আধুনিক কবিতা—এই বিষয়টার একটি একান্ত রঙ্গমঞ্চ গড়ে উঠলো বেন—
রচনায়, আলোচনায়, কোনো-এক সময়ে সংলগ্ন 'এক পয়সায় একটি'-গ্রন্থমালার।
সাহিত্যের অন্তান্ত অন্ধ থেকে বিচ্ছিল্ল ক'রে শুধুমাক্র কবিতার উপর এই জ্যোর
দেবার প্রয়োজন ছিলো, নহতো সেই উচু জায়গাটি পাওয়া যেতো না, যেখান থেকে
উপেক্ষিত কাব্যকলা লোক-চক্ষের গোচর হ'তে পারে। 'কবিতা' যথন থাজা
করেছিলো, সেই সময়কার সঙ্গে আজকের দিনের তুলনা করলে এ-কথা মানতেই
হয় যে কবিতা নামক একটা পদার্থের অন্তিত ভালকের দিনে কল্পনাক অনেক বেশি
সচেতন হয়েছেন, সম্পাদকেরাও একটু বেশি অবহিত—এমন কি সে এভোদ্ব
জাতে উঠেছে যে কবিতা লিথে অর্থপ্রাপ্তিও আজকের দিনে কল্পনার অতীত
হয়ে নেই।

'সাহিত্যপত্ৰ'।

কবিতার জন্ত পরিচ্ছন্ন আর নিভূত একটু স্থান ক'বে দেবো, যাতে তাকে রুমপ্রকাশ

উপস্থাসের পদপ্রান্তে বদতে না হর, কৃষ্টিত হ'রে থাকতে না হর রঙ-বেরঙের পদরার মধ্যে, অনেক বেশি গলার-জ্যোর-ওলা অস্তান্ত বিষয়ের মধ্যে—যাতে তারই অস্ত নির্দিষ্ট লেখার দধর্মীর দলে দদশ্যানে পৌছতে পারে অল্পদংখ্যক স্থনির্বাচিত পাঠকের কাছে—এইটুক্ মাত্র ইচ্ছে করেছিলাম। 'দদশ্যানে' এবং 'স্থনির্বাচিত', এই বিশেষণ ছটি লন্ধণীয়: আমারা কবিতা নামক বিষয়টাকে জক্ষরি ব'লে মনে করি; মনে করি, ওতে দমগ্রভাবে মানবসভ্যতার অত্যন্ত কিছু এসে বায়—বিদিও দেটা কেমন ক'রে ঘ'টে থাকে, 'পুনশ্চ' 'ধূদর পাণ্ড্লিপি' বা 'চোরাবালি' নামক কাব্যগ্রন্থ লেখা না-হলে—যাকে আমারা 'দেশ' ব'লে থাকি সেই দৈনিকপত্র-পরিবেশিত জনগণের কোথায় কোন ক্ষতি হতো, সেটা বৃঝিয়ে দেবার স্পর্ধী আমরা রাখি না। কিন্তু যেমন আমাদের স্বান্থ্যক্ষার জন্ম আমানের দেহের অভ্যন্তরে অনেক যন্ত্র, অনেক গ্রন্থি নিরন্তর কাজ ক'রে যাচ্ছে, আমরা তা কথনো জানতে পারি না, কিন্তু কোথাও কোনো প্রক্রিয়া ক্ষুন্ন হলেই পীড়িত হ'য়ে পডি—সভান্থার উপর কবিতার বা শিল্প-কলার প্রভাবও সেই রকম।

স্তরাং কবিতার থাত্রা শুরু হয়েছিল আর-পাচটি লিট্ল্ ম্যাগাজিনের আদর্শে।
কিন্তু সম্পাদকের ব্যক্তিত্বে ও প্রতিভায় ক্রমে ক্রমে একে কেন্দ্র করে বিরাট কবিগোষ্ঠা গড়ে
৬ঠে। ছই দশকেরও বেশি রাজত্ব করবার পর 'কবিতা'র এমনই প্রভাব এবং প্রতিপত্তি
তৈরি হয়েছিল যে এই পত্রিকায় স্থান না পেলে কবি হিসেবে প্রতিষ্ঠা প্রায় অসম্ভব
ছিল। তিরিশের কোনো উল্লেখযোগ্য কবির নাম সহসা মনে করতে পারি না মিনি
অন্তত একবার 'কবিতা'য় লেখেন নি। সমর সেন-প্রমুখ তো 'কবিতা'রই আবিদ্ধার।
চল্লিশের কবিদের মধ্যে শুধু একজনের নাম করা যায়, খায় কবি-প্রতিষ্ঠা 'কবিতানিরপেন্দ। কিন্তু তিনিও অন্ত নামে একবার 'কবিতা'য় লিখেছিলেন। মোটের ওপর
চল্লিশের কবিদেরও প্রধান আশ্রম ছিল 'কবিতা'—মিনি এই পত্রিকায় লেখার
সোভাগ্য অর্জন করেছেন তাঁর কবিকর্ম স্বীকৃত, তিনি প্রতিষ্ঠিত। মুন্দের গোড়াতে
'কবিতা' শুধু পত্রিকাতে সীমাবদ্ধ রইল না, তার কার্যন্দেত্র আরো বিস্তৃত হল।
'কবিতা'-গোষ্ঠারই উত্তোগে 'আধুনিক বাংলা কবিতা'র একটি সংকলন প্রকাশিত
হয়। সম্পাদক ছিলেন আরু সন্ধীদ আইয়্ব এবং হীরেক্তনাথ মুখোপাধ্যায়—ক্ষচি এবং

আদর্শের দিক দিয়ে থাদের ব্যবধান মেক্রপ্রমাণ। তর্মু এক জায়গায় তাঁদের মিল ছিল, উভয়েই কবিতার অহ্বাগী, যদিও সব সময় এক জাতের কবিতার নয়। তাঁরা উক্ত সংকলনে হটো আলাদা ভ্যিকায় স্ব স্ব দৃষ্টিভিদির সমর্থনে নানা যুক্তির অবতারণা করেছেন। তাঁদের মতামতের বিস্তৃত আলোচনার ক্ষেত্র এটা নয়, তবে তাঁরা এক বিষয়ে নিশ্চয়ই একমত ছিলেন য়ে, রবীক্রনাথ আধুনিকদের মধ্যে প্রধান। এটা 'কবিতা'র সম্পাদকেরও ধারণা। এককালে রবীক্র-বিরোধীদের পুরোধা বলে বৃদ্ধদেব বহু নিশিত ছিলেন, কিন্তু 'কবিতা'-পত্রিকার ইতিহাসে এ জাতীয় বিরোধিতার কোনো নজির নেই। রবীক্রনাথ-সম্পাদিত কাব্যসংকলনের তিনি কঠোর সমালোচনা করেছিলেন, কিন্তু সে তো প্রধানত কবি-নির্বাচন প্রসঙ্গে, তাতে রবীক্রনাথের কাব্য বা সাহিত্যতম্ব বিষয়ে কোনো অনাস্থা ছিল না। অন্তদিকে 'আধুনিক বাংলা কবিতা' সম্পাদনের ভার সম্পূর্ণ ভিন্ন মতাদর্শের হুইজনের ওপর হান্ত হওয়তে সমগ্র ভাবে 'কবিতা'র আদর্শই প্রতিফলিত হয়েছে।

অবশু এটা ঠিকই এই ঔদার্যের আহ্বান সত্তেও বিচ্ছেদ ঘটেছে। শুক্তে থারা ছিলেন, শেষ পর্যন্ত অনেকেই দ্বে সরে গেছেন। এমন অনেক কবি আছেন 'কবিতা'র আদিযুগে নিয়মিত লেখক ছিলেন, এখনও কবিতা লিখছেন, কিন্ত ইদানীংকালের 'কবিতা'য় অহুপন্থিত। অবশু যে কোনো পত্রিকার ক্ষেত্রে এ-জাতীয় ত্-একটি ঘটনা অপরিহার্য, ভার ছারা মনের সজীবতাই প্রকাশ পায়। মোটের ওপর গছসাহিত্যের ক্ষেত্রে 'বঙ্গদর্শন' বা 'সব্জপত্রে'র মতো আধুনিক বাঙলা কবিতার ক্ষেত্রে 'কবিতা'র অবদান গুরুত্বপূর্ব।

'কবিতা'র আবির্ভাবের পর এক দশক পর্যন্ত এই পত্রিকায় অধিনায়ক্ত শবিসংবাদিত ছিল। জ্যেষ্ঠ কবিরা তো বটেই ওফণ কবিরাও এই নেতৃত্ব মেনে নিয়েছিলেন। ইতিমধ্যে 'চতুরক', 'পূর্বাশা'-প্রভৃতি নতুন অথচ অভিজাত পাঁচমিশোলি পত্রিকাগুলিতেও কবিতা বিশেষ মর্যাদার দলে ছাপা হতে লাগল। এটা লক্ষ্য করবার মতো উক্ত পত্রিকাগুলির সম্পাদকেরা স্বাই কবি।

দিতীয় মহাযুদ্ধ পূর্বস্ত 'কবিতা' অদিতীয় ছিল। কিন্তু তারপর থেকে তরুণ কবি
সম্পাদিত ত্-একটি কবিতাপত্রিকার আবির্ভাব ঘটে। এর মধ্যে শুদ্ধসন্থ বস্তর 'একক'
এবং মণীক্র রায় ও মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়-সম্পাদিত 'সীমান্তে'র নাম এই প্রসন্ধে উল্লেখযোগ্য। শুদ্ধসন্থ বস্থ নিষ্ঠার সঙ্গে কথনো নিয়মিত, কথনো অনিয়মিত ভাবে 'একক'পত্রিকা দীর্ঘকাল ধরে প্রকাশ করেছিলেন, যদিও পত্রিকাটির অপরিহার্যতা কোনোদিনই
পাঠক-সাধারণের কাছে ম্পাই হয়নি। সম্পাদনার বে স্বাতন্ত্র্য পত্রিকাকে মর্যাদা দেয়
'এককে'র তা ছিল না। নতুন কবি আবিকারেও সে অপ্রয়াসী। 'কবিতা'র

অনগ ভূমিকার কথা আমরা বনি ভূপেও যাই তর্ ভূপতে পারব না 'কবিতা'র অজ্ঞের সলে সমর সেনের কবি হিসেবে উপস্থিতি অভি.ত. 'কবিতা'র প্রেরণা না থাকলে অন্ধাশকরের ছড়াগুলো হয়তো আনৌ সিবিত হত না। আধুনিক বাঙলা কবিতার অবিকাংশ আহুষ্ঠানিক কবিতাগুলিই যে 'কবিতা'-পত্রিকায় প্রকাশিত হয়েছিল, এটা কোনো আকস্মিক ঘটনা নয়। এটা 'কবিতা'-সম্পাদনায় সাফল্যের প্রধান নিদর্শন। নিরপেক 'এককে'র তুপনায় 'সীমান্তে'র প্রচেষ্টা অনেক সংহত হলেও এটিও স্থায়ী হয় নি।

ষিতীয় মহাযুদ্ধের পর থেকে এ পর্যন্ত প্রকাশিত কবিতা-পত্রিকার সংখ্যা অস্কৃত কুতি। অধিকাংশ পত্রিকাগুলিই অতি ক্ষণস্থায়ী, বিশেষত্বহীন এবং হাত-পাকানো কাঁচা লেখায় ভর্তি। এদের মধ্যে কয়েকটি সামান্ত লক্ষণ আছে, বেমন, এর সম্পাদকেরা স্বাই কাব্যচর্চা করে থাকেন; বিতীয়ত, এগুলি অতি স্বল্লায়ু। কিন্তু এই ওষবি পত্রিকগুলিরও একটা প্রভাব আছে। এর ফলে কবিদের আবির্ভাব একান্ত ভাবেই সাময়িকপত্র-নির্ভব হযে উঠেছে। সাময়িকপত্রিকাকে আশ্রয় না করলে কবি হিসেবে শ্রতিষ্ঠা লাভ অতি কঠিন কাল। এর আপাত্র ভাবে হুটো কারণ নির্দেশ করা যায়। শ্রথমত, এখনও প্রস্তু কবিতার প্রধান পাঠক কবিরা। দ্বিতীয়ত, অধিকাংশ কাব্যশ্রম্থ কবিদের নিজ ব্যয়ে প্রকাশিত হয়। স্বতরাং এই মুদ্রণকার্য থেকে বিজ্ঞাপনের যাবতীয় দায়িত্ব নির্বাহের জন্য একটি সংগঠনের প্রয়োজন। 'কবিতা'র 'এক পয়সায় একটি'- দিবিজ ছাডাও পঞ্চাশেব কবিতা-পত্রিকাগুলির প্রায় স্বারই নিজস্ব প্রকাশভ্রবন রয়েছে, ধ্রেমন, শতভিষা, ক্ত্রিবাদ, পূর্বমেঘ, কবিপত্র-ইত্যাদি।

আধুনিক কবিতা আন্দোলনে সাময়িকপত্তের ভূমিকা হল এই। আপনি সাম্যবাদী কবিতাই লিখুন অথবা ফিউচারিস্ট কবিতা লিখুন, একই পত্তিকায় সাশাপাশি ছাপা হতে বাধা নেই। 'ক্সন্তিবাদ'-পত্তিকার কর্ণধারদের কারো-কারো বীটবংশের প্রতি আত্যন্তিক আত্রহ সন্তেও তাঁরা একই সঙ্গে সম্পূর্ণ বিপরীতধর্মী শঙ্খ ঘোষ-প্রমূধের কবিতাও প্রকাশ করেন। উক্ত পত্তিকার একদা অন্ততম সম্পাদক এবং অধুনা ঘনিষ্ঠ ভাবে যুক্ত শক্তি চট্টোপাধ্যায়ের 'ক্স্থকাতর আন্দোলন'এর প্রভাবও 'ক্সন্তিবাদ'কে সর্বাংশে উত্তেজিত করতে পারে নি।

প্রতি বছরই কিছু কিছু নতুন পত্রিক। বেরোয়, কিন্তু তাদের নতুনত খুব কম। ১৩৬৭ সাল থেকে ফ্রনীল রায়ের সম্পাদনার 'প্রপদী' প্রকাশিত হচ্ছে। এই পত্রিকাশিরিকল্পনার কিছুটা স্বাভদ্ধ চোথে পড়ে। প্রথমত, এটি মাসিক পত্রিকা। কবিতার মাসিক পত্রিকা প্রকাশ খ্বই হু:সাহসিক ব্যাপার। বিতীয়ত, এর সম্পাদক উদার দৃষ্টিভঙ্গি পোষণ করেন বলে বলতে পেরেছেন, 'এই শিল্পকাশে বারা নিজেদের নিযুক্ত করেছেন—মবীন

প্রবীণ বা তরুণ—তাঁদের সকলের রচনা এই পত্রিকায় মৃদ্রিত হবে।' প্রধানত উল্লেখ করা বেতে পারে যে, বিজেজনাথ ঠাকুরের 'মেঘদ্ত'এর অমুবাদ 'গ্রুপদী'তে পুনমৃদ্রিত হয়েছে। এই ভাবে সাময়িকীয় ভিতর চিরায়ত প্রতিবিধিত হলেই সাময়িকতা যথার্থ আধুনিকতায় আত্মহ হয়।

এই কবিতাপত্রিকাগুলি বাদ দিয়ে বিচ্ছিন্ন ভাবে ছুএকজনের কাব্য পড়ে আধুনিক কবিতা বিষয়ে কোনো ধারণা হওয়া মুশকিল। সে জন্ত এই সাময়িকপত্রগুলির পাঠক-ক্রেতা যতই নগণ্য হোক, গুরুত্ব অনেকথানি। জনৈক বৈষয়িক-অর্থে বিচক্ষণ ব্যক্তির মতে, নিজের ধরচে কবিতার বই বার করবার তবু একটা সার্থকতা আছে। কেন না কবিতার বই উপহার দেওয়াও একটা ফ্যাশন, তা ছাডা অন্ত ক্ষেত্রে কৃতী হরে কবি-পরিচয় আরো গৌরব বাড়ায়, কিন্তু কবিতা-পত্রিকা প্রকাশ করা পঙ্রশ্রম মাত্র। হয়তো কথাটা অনেকেরই মনের কথা, তবে সারা দেশটা প্রোপুরি উপদেশবাদীতে ছেয়ে যায় নি বলে এখনও কিছু-কিছু বিশুদ্ধ কাব্যচর্চা সম্ভব হচ্ছে। সে কালের মতে যে রকম দৈববাণীর মর্যাদা পেতে চলেছে ভাতে সন্দেহ হয় ছন্দ-মেলাবার বাতিকক্ষে শেষ পর্যন্ত বিশেষ বয়েদের ব্যাধি নিদান দিয়ে সায়বিক চিকিৎসার পরামর্শ দেয়া হবে। কিন্তু 'সে দিন বিলম্বিত হউক।'

সংকলন অনুবাদ পর্যালোচনা কবিতাপত্র : নির্বাচিত পঞ্জী

নচিকেতা ভরদ্বাজ

বি তি গত কা ব্য গ্রন্থ মৃহ্ র বি ব র ণ না না গ্রন্থে বছল ভাবে সংকলিও হয়েছে এই বিবেচনায় বর্তমান পঞ্জী থেকে পরিহার করা হল। আধুনিক বাঙলা কবিতার সঞ্চয়নী বা সংকলন, আধুনিক কালের কবিতান্থবাদকর্ম এবং আধুনিক কালের কবি ও কবিতাসম্বন্ধীয় আলোচনাগ্রন্থাদির যে তালিকা প্রকাশ করা হল তাও নিঃশেষ তালিকা নয়, অবিশেষজ্ঞ পাঠক সাধারণভাবে ব্যবহার করে সাহায্য পেতে পারেন সেই ভাবে মাত্র সম্পোদন করা হয়েছে। আধুনিক কবিতা বিষয়ক বিভারিত একটি পঞ্জী স্বতম্ব ও স্বর্হৎ গ্রন্থের বিষয়। আধুনিক কবিতাপত্রিকার একটি পঞ্জীও ষথাসাধ্য তথাগ্রহ করে পরিশেষে সংস্থান করা হয়েছে। স°।]